স্কন্ধেও ন্যস্ত করা যায়—যথা, তোমার এই বিতর্ক কোন্ বিষয় লইয়া? বিতর্ক যাহাতে আছে, না—যাহাতে একেবারেই বিতর্ক নাই, এইরূপ বিষয় লইয়া?" যাহাতে বিতর্ক আছে, সে বিষয়ের বিতর্ক বলিলে, "যাহাতে বিতর্ক আছে" এই বাক্যস্থ বিতর্ক শব্দ ও "সে বিষয়ের বিতর্ক' এই বাক্যস্থ বিতর্ক শব্দ এক বিতর্ককে বুঝাইলে, আত্মাশ্রয় হয়, এক বিতর্কই আশ্রয় এবং আশ্রিত উভয়কোটিতে প্রবিষ্ট হয়। যদি ভিন্ন ভিন্ন বিতর্ককে বুঝায়, তাহা হইলে যাহাতে বিতর্ক আছে, এই বাক্যস্থ বিতর্কশব্দের অর্থ যে বিতর্ক, তাহা কোন বিষয় লইয়া হয়—বিতর্ক যাহাতে আছে, না—যাহাতে একেবারেই বিতর্ক নাই এমন বিষয় লইয়া হয়?—এইরূপ বিতর্ক উঠিতে পারে। তার পর সেই "বিতর্ক" শব্দের কিরূপ অর্থ?—এই প্রকারে অনবস্থা অর্থাৎ ধারাবাহিক আপত্তি হইতে পারে। আর যাহাতে বিতর্ক নাই, এমন বিষয়ে বিতর্ক ত একেবারেই অসম্ভব। ৫০

## তাৎপর্য্য।

গুণ, গুণসম্পন্ন বস্তুতে থাকে বা নির্গুণ বস্তুতে থাকে? 'গুণসম্পন্ন বস্তুতে থাকে" বলিলে, "গুণসম্পন্ন" এই বাক্যস্থ গুণ শব্দের এবং সর্ব্ব

সমস্তেন স্বরূপস্য সর্ব্বমেতদিতীষ্যতাম্ ॥ ৫১ ॥
বিকল্পতদভাবাভ্যামসংস্পৃষ্টাত্মবস্তুনি।
বিকল্পিতত্বলক্ষ্যত্বসম্বন্ধাদ্যাস্তু কল্পিতাঃ ॥ ৫২ ॥

---

ক্রিয়াপি ক্রিয়ারহিতে বর্ত্ততে ক্রিয়াবতি বা? আদ্যে ব্যাঘাতঃ অন্ত্যে আত্মাশ্রয়াদয় ইতি; সর্ব্বত্র চৈবমূহ্যম্। নবিদমনুত্তরং চেৎ কিং সদুত্তরমিত্যাশঙ্ক্যাহ তেনেতি। তেন এবং বিধবিকল্পাসহত্বেন এতদ্গুণাদিকং সর্ব্বং স্বরূপস্যেতীষ্যতাম্; গুণাদয়ঃ সর্ব্বে বস্তুস্বরূপে বর্ত্তন্তে ইত্যভিপ্রায়ঃ ॥ ৫১ ॥

তদ্বদেবমত্র প্রকৃতে কিমায়াতমিত্যত আহ,—বিকল্পতদভাবাভ্যামিতি। বিকল্পতদভাবাভ্যাং বিকল্পেন নির্বিকল্পাভাবেন চাসংস্পৃষ্টাত্মবস্তুনি সংস্পর্শরহিতে পরমাত্মবস্তুনি বিকল্পিতত্বলক্ষ্যত্বসম্বন্ধাদ্যাঃ, তত্র বিকল্পিতত্বং নাম সবিকল্পস্য বা নির্ব্বিকল্পস্য বা ইতি পূর্ব্বোক্তেন বিষয়ীকৃতত্বম্, লক্ষ্যত্বং লক্ষণাবৃত্ত্যা জ্ঞাপ্যত্বম্, সম্বন্ধঃ সংযোগাদিঃ, আদিশব্দেন দ্রব্যাদয়ো গৃহ্যন্তে, তু শব্দোঽবধারণে, তত্র দ্রব্যং নাম গুণাশ্রয়ো দ্রব্যং সমবায়িকারণমিতি বা তার্কিকৈর্লক্ষিতম্, কর্ম্মব্যতিরিক্তত্বে সতি জাতিমাত্রাশ্রয়ো গুণঃ, নিত্যমেকমনেকবৃত্তিসামান্যমিতি লক্ষিতা জাতিঃ, সংযোগ-বিভাগয়োরসমবায়িকারণজাতীয়ং কর্ম্মেতি লক্ষিতা ক্রিয়া, এতে সর্ব্বে স্বরূপে কল্পিতা এবেত্যর্থঃ ॥ ৫২ ॥

---

বস্তুর পক্ষেই সমান; অতএব বস্তুস্বরূপ একটি নিশ্চয় করিয়া তাহারই লক্ষ্যত্ব, বিতর্ক, গুণ, ক্রিয়া প্রভৃতি সমস্তই স্বীকার কর। ৫১

ব্রহ্মবস্তু বিকল্প ও বিকল্পাভাবের অসংস্পৃষ্ট; তাঁহাতে যে বিতর্কিতত্ব, লক্ষ্যত্ব এবং সংযোগাদি সম্বন্ধ, তৎ সমস্তই কল্পিত। ৫২

---

প্রথমোক্ত গুণ শব্দের অর্থ একই গুণ কিনা? এক প্রকার গুণ হইলে, আত্মাশ্রয়, অন্য প্রকার গুণ হইলে পূর্ব্ববৎ অনবস্থা দোষ হয়। অতএব ঐরূপ আপত্তি করিবে না, গুণ যে বস্তুতে থাকে, সেই বস্তুটী বুঝিবে, গুণ তাহার ধর্ম্ম এইরূপ বুঝিবে; গুণবানের ধর্ম্ম গুণ, এইরূপভাবে বুঝিবে না। ক্রিয়া জাতি প্রভৃতির পক্ষেও এই রীতি অনুসরণ করিবে। ৫১

যেমন বস্তুস্বরূপ গুণপ্রভৃতির সত্তা তর্ক-শাস্ত্রে কথিত হইয়াছে, ব্রহ্মবস্তুতে যে বিকল্পিতত্ব লক্ষ্যত্ব প্রভৃতির বর্ত্তমানতা, তাহা বাস্তবিক নহে, কাল্পনিক মাত্র; দ্রব্য, গুণ, কর্ম্ম সমস্তই ব্রহ্ম বস্তুতে কল্পিত। কল্পনা লইয়াই দ্বৈত বোধ, কল্পনা লইয়াই মহাবাক্যার্থবোধ। ইহাই বেদান্তশাস্ত্রের সিদ্ধান্ত। ৫২

ইত্থং বাক্যৈস্তদর্থানুসন্ধানং শ্রবণং ভবেৎ।
যুক্ত্যা সম্ভাবিতত্বানুসন্ধানং মননন্তু তৎ ॥ ৫৩ ॥
তাভ্যাং নির্ব্বিচিকিৎসেঽর্থে চেতসঃ স্থাপিতস্য যৎ।
একতানত্বমেতদ্ধি নিদিধ্যাসনমুচ্যতে ॥ ৫৪ ॥
ধাতৃধ্যানে পরিত্যজ্য ক্রমাদ্ধ্যেয়ৈকগোচরম্।

---

এতাবতা গ্রন্থসন্দর্ভেণ কিমুক্তং ভবতীত্যাকাঙ্ক্ষায়াং ফলিতমাহ,—ইত্থং বাক্যৈরিতি। ইত্থং জগতো যদুপাদানম্ ইত্যাদিগ্রন্থজাতোক্তপ্রকারেণ বাক্যৈস্তত্ত্বমস্যাদিবাক্যৈস্তদর্থানুসন্ধানং তেষাং বাক্যানামর্থস্য জীবব্রহ্মণোরেকত্বলক্ষণস্যানুসন্ধানং শ্রবণং ভবেৎ। যুক্ত্যা শব্দস্পর্শাদয়ো বেদ্যা ইত্যাদিনা পরাপরাত্মনোরেবং যুক্ত্যা সম্ভাবিতৈকতা ইত্যন্তেন গ্রন্থসন্দর্ভেণোক্তপ্রকারয়া যুক্ত্যা সম্ভাবিতত্বানুসন্ধানং শ্রুতস্যার্থস্য উপপদ্যমানত্বজ্ঞানং যদস্তি তত্ মননমুচ্যতে ॥ ৫৩ ॥

ইদানীং নিদিধ্যাসনমাহ,—তাভ্যামিতি। তাভ্যাং শ্রবণমননাভ্যাং নির্ব্বিচিকিৎসে নির্গতা বিচিকিৎসা সংশয়ো যস্মাদসৌ নির্ব্বিচিকিৎসঃ তস্মিন্নর্থে বিষয়ে স্থাপিতস্য ধারণাবতশ্চেতসঃ দেশবন্ধশ্চিত্তস্য ধারণেতি পতঞ্জলিনোক্তত্বাৎ, যদেকতানত্বম্ একাকারবৃত্তিপ্রবাহত্বম্ এতন্নিদিধ্যাসনমুচ্যতে হি প্রসিদ্ধম্। যোগশাস্ত্রে—তৎপ্রত্যয়ৈকতানতা ধ্যানমিতি ॥ ৫৪ ॥

তস্যৈব নিদিধ্যাসনস্য পরিপাকদশারূপং সমাধিমাহ,—ধ্যাতৃধ্যানে ইতি। নিদিধ্যাসনে তাবদ্ধ্যাতা ধ্যানং ধ্যেয়ঞ্চ ইতি ত্রিতয়ং ভাসতে তত্র যদা চিত্তমভ্যাসবশেন ধ্যাতৃধ্যানে ধ্যাতারং

---

এই প্রকারে 'তত্ত্বমসি' প্রভৃতি বাক্যের সাহায্যে জীবব্রহ্মের অভেদরূপ তদীয় অর্থের অনুসন্ধানই শ্রবণ-পদবাচ্য। জীবব্রহ্মের অভেদরূপ অর্থের যে যুক্তিদ্বারা নিজ হৃদয়ে সমর্থন, তাহাই মনন। ৫৩

শ্রবণ ও মনন দ্বারা জীব-ব্রহ্মের অভেদ অবধারিত হইলে, তাহাতে স্থিরীকৃত চিত্তের যে একাকার বৃত্তিপ্রবাহ, তাহার নাম নিদিধ্যাসন। ৫৪

(ধ্যাতা ধ্যান এবং ধ্যেয়ের মধ্যে) ধ্যাতা এবং ধ্যানকে ক্রমে

---

তাৎপর্য্য।

৪৬—৪৮ শ্লোকে প্রদর্শিত 'তৎ'পদার্থ বিচার ও 'ত্বং' পদার্থ বিচারপূর্ব্বক 'তত্ত্বমসি' প্রভৃতি বাক্যার্থ জ্ঞান করিবে, ইহাই শ্রবণ। ৩—১০ শ্লোকে প্রদর্শিত যুক্তি অনুসারে উক্ত বাক্যার্থের সমর্থন ও যুক্তিযুক্ত জ্ঞান করিবে, ইহাই মনন। ৫৩

নির্ব্বাতদীপবচ্চিত্তং সমাধিরভিধীয়তে ॥ ৫৫ ॥
বৃত্তয়স্তু তদানীমজ্ঞাতা অপ্যাত্মগোচরাঃ।
স্মরণাদনুমীয়ন্তে ব্যুত্থিতস্য সমুত্থিতাৎ ॥ ৫৬ ॥
বৃত্তীনামনুবৃত্তিস্তু প্রযত্নাৎ প্রথমাদপি।
অদৃষ্টাসকৃদভ্যাস-সংস্কারসচিবাদ্ভবেৎ ॥ ৫৭ ॥

---

ধ্যানঞ্চ ক্রমাৎ পরিত্যজ্য ধ্যেয়ৈকগোচরং ধ্যেয়মেকমেব গোচরো বিষয়ো যস্য তত্তথাবিধং ভবতি যদা সমাধিরিত্যুচ্যতে, তত্র দৃষ্টান্তঃ—নির্ব্বাতদীপবদিতি ; বায়ুরহিতে প্রদেশে বর্ত্তমানো দীপো যথা নিশ্চলো ভবতি তদ্বদিত্যর্থঃ ॥ ৫৫ ॥

ননু সমাধৌ বৃত্তীনামনুপলব্ধৌ ধ্যেয়ৈকগোচরত্বমপি নিশ্চেতুং ন শক্যত ইত্যাশঙ্ক্য স্মৃতিরূপাৎ কার্য্যাৎ অনুমানসদ্ভাবান্নৈবমিত্যাহ,—বৃত্তয়স্ত্বিতি। আত্মগোচরাঃ আত্মা গোচরো বিষয়ো যাসাং তা বৃত্তয়স্তু তদানীং সমাধিকালে অজ্ঞাতাঃ অপি ব্যুত্থিতস্য সমাধেরুত্থিতস্য সমুত্থিতাদুৎপন্নাৎ স্মরণাদেতাবন্তং কালং সমাহিতোঽভূবমিত্যেবংরূপাদনুমীয়ন্তে ; যদ্যৎ স্মর্য্যতে তত্তদনুভূতমিতি ব্যাপ্তের্লোকসিদ্ধত্বাদিত্যর্থঃ ॥ ৫৬ ॥

ননু তদানীং বৃত্ত্যুৎপাদকপ্রযত্নাভাবাৎ কথং বৃত্ত্যনুবৃত্তিরিত্যাশঙ্ক্য তাৎকালিকপ্রযত্নাভাবেঽপি প্রাথমিকাদেব প্রযত্নাৎ অদৃষ্টাদিসহকারিসহিতাৎ ভবতীত্যাহ,—বৃত্তীনামনুবৃত্তিস্ত্বিতি। ধ্যেয়ৈকগোচরাণাং বৃত্তীনাম্ অনুবৃত্তিস্তু প্রবাহরূপেণানুগতিস্তু প্রথমাদপি প্রযত্নাৎ সমাধিপূর্ব্বকালীনাদপি অদৃষ্টম্ অশুক্লাকৃষ্ণকর্ম্মাখ্যো যঃ পুণ্যবিশেষঃ কর্ম্মাশুক্লাকৃষ্ণং যোগিনস্ত্রিবিধমিতরেষামিতি পতঞ্জলিনা সূত্রিতত্বাৎ, অসকৃদভ্যাসসংস্কারঃ পুনঃপুনঃ সমাধ্যভ্যাসেন জনিতো ভাবনাখ্যঃ সংস্কারবিশেষঃ তাভ্যাং সহকারিকারণাভ্যাং সহ বর্ত্তমানাৎ ভবতি ॥ ৫৭ ॥

---

পরিত্যাগ করিয়া ধ্যেয় মাত্রে স্থিরীকৃত নির্ব্বাত নিষ্কম্প প্রদীপবৎ চিত্তের অবস্থাকেই সমাধি বলা যায়। ৫৫

সমাধিকালে আত্মবিষয়িণী চিত্তবৃত্তি অজ্ঞাত থাকিলেও, সমাধিভঙ্গের পরে সমুদ্ভূত স্মরণ হইতে সেই সকল চিত্তবৃত্তির অনুমান হয়। ৫৬

(সমাধিকালে চিত্তবৃত্তির উৎপাদক প্রযত্ন না থাকিলেও) অদৃষ্ট, সতত অভ্যাসজনিত সংস্কার এবং পূর্ব্বকৃত প্রযত্ন হইতে চিত্তবৃত্তিসমূহের অনুবৃত্তি হইয়া থাকে। ৫৭

---

তাৎপর্য্য।

সমাধিভঙ্গের পর 'আমি সমাধিস্থ ছিলাম' এই যে স্মরণ হয়, তাহা অনুভবমূলক, সেই অনুভবরূপ চিত্তবৃত্তি সমাধিকালে অজ্ঞাত থাকিলেও তাহার সদ্ভাব, স্মরণ-রূপকার্য্য দ্বারা অনুমেয়। ৫৬

যথা দীপো নিবাতস্থ ইত্যাদিভিরনেকধা।
ভগবানিদমেবার্থমর্জ্জুনায় স্বরূপয়ৎ ॥ ৫৮ ॥
অনাদাবিহ সংসারে সঞ্চিতাঃ কর্ম্মকোটয়ঃ।
অনেন বিলয়ং যান্তি শুদ্ধো ধর্ম্মো বিবর্দ্ধতে ॥ ৫৯ ॥
ধর্ম্মমেঘমিমং প্রাহুঃ সমাধিং যোগবিত্তমাঃ।
বর্ষত্যেষ যতো ধর্ম্মামৃতধারাঃ সহস্রশঃ ॥ ৬০ ॥

---

নম্বয়ং সমাধিঃ পূর্ব্বাচার্য্যৈর্নিরূপিতো দৃষ্ট ইত্যাশঙ্ক্য সর্ব্বগুরুণা পুরুষোত্তমেন নিরূপিতত্বাৎ নৈবমিত্যাহ,—যথা দীপো নিবাতস্থ ইতি। যথা দীপো নিবাতস্থো নেঙ্গত ইত্যাদিশ্লোকৈরনেকধা নানাপ্রকারেণ ভগবান্ জ্ঞানৈশ্বর্য্যাদিসম্পন্ন ইমমেব নির্ব্বিকল্পকসমাধিরূপমর্থমর্জ্জুনায় শিষ্যায় স্বরূপয়ৎ নিরূপিতবান্ ॥ ৫৮ ॥

অস্য সমাধেরবান্তরফলমাহ অনাদাবিহ সংসারে ইতি। অনাদৌ স্পষ্টম্, ইহ অস্মিন্ সংসারে সঞ্চিতাঃ সম্পাদিতাঃ কর্ম্মকোটয়ঃ কর্ম্মণাং পুণ্যাপুণ্যলক্ষণানাং কোটয় ইত্যুপলক্ষণম্ অপরিমিতানি কর্ম্মাণীত্যর্থঃ। অনেন সমাধিনা বিলয়ং যান্তি বিনশ্যন্তি "ক্ষীয়ন্তে চাস্য কর্ম্মাণি, তস্মিন্ দৃষ্টে পরাবরে" ইতি শ্রুতেঃ, "জ্ঞানাগ্নিঃ সর্ব্বকর্ম্মাণী"ত্যাদি স্মৃতেশ্চ, শুদ্ধো ধর্ম্মঃ সবিলাসাবিদ্যানিবর্ত্তকতত্ত্বসাক্ষাৎকারসাধনভূতো ধর্ম্মো বিবর্দ্ধতে স্পষ্টম্ ॥ ৫৯ ॥

অত্র কিং প্রমাণমিত্যাহ,—ধর্ম্মমেঘমিমমিতি। যোগবিত্তমাঃ অতিশয়েন যোগজ্ঞাঃ ব্রহ্মসাক্ষাৎকারবন্ত ইত্যর্থঃ। ইমং নির্ব্বিকল্পকসমাধিং ধর্ম্মমেঘং প্রাহুঃ স্পষ্টম্। তত্রোপপাদয়তি বর্ষত্যেষ ইতি। যতঃ কারণাৎ এষ সমাধির্দ্ধর্ম্মামৃতধারাঃ ধর্ম্মলক্ষণাঃ অমৃতধারাঃ সহস্রশো বর্ষতি ক্ষণমেকং ক্রতুশতস্যাপীতি শ্রুতেঃ অতো ধর্ম্মমেঘং প্রাহুরিতি পূর্ব্বেণান্বয়ঃ ॥ ৬০ ॥

---

ভগবান্ শ্রীকৃষ্ণ "যথা দীপো নিবাতস্থঃ" (শ্রীমদ্ভগবদ্গীতা ৬ষ্ঠ অঃ ১৯ শ্লোক) ইত্যাদি বচনসমূহ দ্বারা নানাপ্রকারে অর্জ্জুনকে এই সমাধির বিষয় উপদেশ করিয়াছেন। ৫৮

এই অনাদি সংসারে সঞ্চিত বহু কোটি অদৃষ্ট, এই নির্ব্বিকল্প সমাধি-প্রভাবে বিলীন হয় এবং শুদ্ধ ধর্ম্ম অর্থাৎ তত্ত্বসাক্ষাৎকার-হেতুভূত পবিত্র ধর্ম্ম বৃদ্ধি প্রাপ্ত হয়। ৫৯

প্রধান যোগাচার্য্যগণ এই নির্ব্বিকল্পক সমাধিকে 'ধর্ম্মমেঘ' আখ্যা প্রদান করিয়াছেন। যেহেতু এই সমাধি সহস্র প্রকারে ধর্ম্মামৃতধারা বর্ষণ করেন। ৬০

অমুনা বাসনাজালে নিঃশেষং প্রবিলাপিতে।
সমূলোন্মূলিতে পুণ্য-পাপাখ্যে কর্ম্মসঞ্চয়ে ॥ ৬১ ॥
বাক্যমপ্রতিবদ্ধং সৎ প্রাক্ পরোক্ষাবভাসিতে।
করামলকবদ্বোধমপরোক্ষং প্রসূয়তে ॥ ৬২ ॥
পরোক্ষং ব্রহ্মবিজ্ঞানং শাব্দং দেশিকপূর্ব্বকম্।
বুদ্ধিপূর্ব্বকৃতং পাপং কৃৎস্নং দহতি বহ্নিবৎ ॥ ৬৩ ॥
অপরোক্ষাত্মবিজ্ঞানং শাব্দং দেশিকপূর্ব্বকম্।

২০,671

ইদানীং সমাধেঃ পরমপ্রয়োজনমাহ,—অমুনেতি। অমুনা সমাধিনা বাসনাজালে অহংকারমমকারকর্তৃত্বাদ্যভিমানহেতুভূতে জ্ঞানবিরুদ্ধে সংস্কারসমূহে নিঃশেষং যথা ভবতি তথা প্রবিলাপিতে বিনাশিতে পুণ্যপাপাখ্যে কর্ম্মসঞ্চয়ে সমূলোন্মূলিতে সমূলং যথা ভবতি তথোন্মূলিতে উদ্ধৃতে বিনাশিত ইতি যাবৎ। ফলিতমাহ—বাক্যমপ্রতিবদ্ধমিতি। বাক্যং তত্ত্বমস্যাদিবাক্যম্ অপ্রতিবদ্ধং সৎ কর্ম্মবাসনাভ্যাং প্রতিবন্ধরহিতং সৎ প্রাক্পরোক্ষাবভাসিতে পূর্ব্বং পরোক্ষতয়া প্রকাশিতে তত্ত্বে করামলকবৎ করস্থিতামলকগোচরমিব অপরোক্ষম্ অপরোক্ষতয়া তত্ত্বাবভাসনসমর্থং বোধং জ্ঞানং প্রসূয়তে জনয়তি ॥ ৬১। ৬২ ॥

ইদানীং পরোক্ষজ্ঞানস্য ফলমাহ,—পরোক্ষং ব্রহ্মবিজ্ঞানমিতি। দেশিকপূর্ব্বকং গুরুমুখালব্ধং শাব্দং তত্ত্বমস্যাদ্যাগমজন্যং পরোক্ষং ব্রহ্মবিজ্ঞানং বুদ্ধিপূর্ব্বকৃতং জ্ঞানপূর্ব্বকৃতং কৃৎস্নং সমস্তং পাপং বহ্নির্দহতি ॥ ৬৩ ॥

অপরোক্ষজ্ঞানফলমাহ,—অপরোক্ষাত্মবিজ্ঞানমিতি। শাব্দং দেশিকপূর্ব্বকং ব্যাখ্যাতম্, অপরোক্ষাত্মবিজ্ঞানম্ অপরোক্ষাত্মনো বিজ্ঞানং সংশয়বিপর্য্যয়রহিতং যজ্জ্ঞানং তৎ সংসার-

এই সমাধি বাসনাসমূহকে নিঃশেষরূপে বিলীন করিলে, ধর্ম্মাধর্ম্মরূপ কর্ম্মসমূহকে সমূলে উন্মূলিত করিলে, 'তত্ত্বমসি' প্রভৃতি বাক্য প্রথমে পরোক্ষরূপে প্রকাশিত আত্মতত্ত্ব বিষয়ে করতল-স্থিত আমলক ফলের ন্যায় অপরোক্ষ জ্ঞান অবাধে উৎপন্ন করিয়া থাকে। ৬১।৬২

গুরূপদেশলব্ধ ব্রহ্মবিষয়ক পরোক্ষ শাব্দজ্ঞান, জ্ঞানকৃত সমগ্র পাপকে অগ্নির ন্যায় দগ্ধ করিয়া থাকে। ৬৩

গুরূপদেশ ক্রমে উৎপন্ন শাব্দ অপরোক্ষ আত্মবিজ্ঞান অর্থাৎ

তাৎপর্য্য।

নিজ করতলে আমলক ফল থাকিলে তদ্বিষয়ে যেমন স্পষ্ট সাক্ষাৎকার হয়, তদ্রূপ আত্মতত্ত্ব বিষয়েও স্পষ্ট সাক্ষাৎকার হইয়া থাকে। ৬১।৬২

সংসারকারণাজ্ঞানতমসশ্চণ্ডভাস্করঃ ॥ ৬৪ ॥

ইত্থং তত্ত্ববিবেকং বিধায় বিধিবন্মনঃ সমাধায় ।

বিগলিতসংসৃতিবন্ধঃ প্রাপ্নোতি পরং পদং নরো নচিরাৎ ॥৬৫

ইতি তত্ত্ববিবেকঃ সমাপ্তঃ ॥

---

কারণং যদজ্ঞানমস্তি তদেব তমস্তস্য চণ্ডভাস্করো মধ্যাহ্নকালীনঃ সূর্যঃ গাঢ়তমসশ্চণ্ডভাস্কর ইবাজ্ঞানতমসো নিবর্তক ইত্যর্থঃ ॥ ৬৪ ॥

গ্রন্থাভ্যাসফলমাহ,—ইত্থং তত্ত্ববিবেকমিতি। নরঃ ইত্থমুক্তেন প্রকারেণ তত্ত্ববিবেকং তত্ত্বস্য ব্রহ্মাত্মৈকত্বলক্ষণস্য বিবেকং কোষপঞ্চকাদ্বিবেচনং বিধায় কৃত্বা অস্মিংস্তত্ত্বে বিধিবৎ শাস্ত্রোক্তপ্রকারেণ মনঃ সমাধায় স্থিরীকৃত্য বিগলিতসংসৃতিবন্ধঃ অপরোক্ষজ্ঞানেন বিনিবৃত্ত-সংসারবন্ধঃ সন্ পরং পদং নিরতিশয়ানন্দরূপং মোক্ষং নচিরাদবিলম্বেন প্রাপ্নোতি সত্য-জ্ঞানানন্দলক্ষণং ব্রহ্মৈব ভবতীত্যর্থঃ ॥ ৬৫ ॥

ইতি তত্ত্ববিবেকব্যাখ্যা সমাপ্তা ॥ ১ ॥

---

আত্মসাক্ষাৎকার সংসারের মূলীভূত অজ্ঞানান্ধকারের পক্ষে প্রচণ্ড ভাস্কর-স্বরূপ। ৬৪

মানব এইরূপে আত্মাকে পঞ্চকোষ হইতে পৃথক্ বিবেচনা করিয়া সেই আত্মতত্ত্বে যথাবিধি মনঃসমাধান করিলে সংসারবন্ধন হইতে মুক্ত হইয়া অচিরে পরমপদ লাভ করে। ৬৫

তত্ত্ববিবেক নামক প্রথম পরিচ্ছেদ সমাপ্ত।

# দ্বিতীয়ঃ পরিচ্ছেদঃ।

## ভূত-বিবেকঃ।

সদদ্বৈতং শ্রুতং যৎ তৎ পঞ্চভূতবিবেকতঃ।
বোদ্ধুং শক্যং ততো ভূত-পঞ্চকং প্রবিবিচ্যতে ॥ ১ ॥
শব্দস্পর্শৌ রূপরসৌ গন্ধো ভূতগুণা ইমে।
একদ্বিত্রিচতুঃপঞ্চগুণা ব্যোমাদিষু ক্রমাৎ ॥ ২ ॥
প্রতিধ্বনির্বিয়চ্ছব্দো বায়ৌ বীসীতি শব্দনম্।
অনুষ্ণাশীতসংস্পর্শো বহ্নৌ ভুগুভুগুধ্বনিঃ ॥ ৩ ॥

---

নত্বা শ্রীভারতীতীর্থবিদ্যারণ্যমুনীশ্বরৌ। পঞ্চভূতবিবেকস্য ব্যাখ্যানং ক্রিয়তে ময়া ॥

'সদেব' সৌম্যেদমগ্র আসীদেকমেবাদ্বিতীয়মিতি শ্রুত্যা জগদুৎপত্তেঃ পূর্ব্বং যজ্জগৎকারণং সদ্রূপমদ্বিতীয়ং ব্রহ্ম শ্রুতং তস্যাবাঙ্মনসগোচরত্বেন সত্যোহবগন্তুমশক্যত্বাৎ তৎকার্য্যত্বেন তদুপাধিভূতস্য ভূতপঞ্চকস্য বিবেকদ্বারা তদববোধনায় উপোদ্ঘাতত্বেন ভূতপঞ্চকবিবেকং প্রতিজানীতে সদদ্বৈতমিতি ॥ ১ ॥

তত্র তাবদাকাশাদীনাং পঞ্চানাং ভূতানাং গুণতো ভেদজ্ঞানায় তদ্গুণানাহ শব্দস্পর্শৌ রূপরসাবিতি। নন্বেতে গুণাঃ কিং সর্ব্বেষামুত একৈকস্য একৈকো গুণ ইতি বিমর্ষয়োরুভয়থাপি কিন্তু প্রকারান্তরমস্তীত্যভিপ্রায়েণাহ,—একদ্বিত্রিচতুরিতি ॥ ২ ॥

তদেব প্রকারান্তরং দর্শয়তি,—প্রতিধ্বনিরিতি। আকাশে তাবৎ শব্দ এক এব গুণঃ ন তু

---

ব্রহ্ম যে সৎস্বরূপ এবং অদ্বিতীয়, ইহা শ্রুতিপ্রতিপাদিত তত্ত্ব, পঞ্চভূত-বিবেক অর্থাৎ পঞ্চভূতের স্বরূপাবধারণ করিলে, তবে সেই তত্ত্ব অবগত হওয়া যায়, অতএব পঞ্চভূতের স্বরূপ বিচার করা যাইতেছে। ১

শব্দ, স্পর্শ, রূপ, রস এবং গন্ধ এ কয়টী পঞ্চভূতের গুণ। আকাশ প্রভৃতি পঞ্চভূতে যথাক্রমে এক, দুই, তিন, চারি এবং পাঁচটী গুণই থাকে। ২

প্রতিধ্বনি আকাশের শব্দগুণ, বীসী (সোঁসোঁ) শব্দ এবং অনুষ্ণ অশীত

---

## তাৎপর্য্য।

আকাশে শব্দ; বায়ুতে শব্দ, স্পর্শ; তেজে শব্দ, স্পর্শ, রূপ; জলে শব্দ, স্পর্শ, রূপ, রস এবং পৃথিবীতে শব্দ, স্পর্শ, রূপ, রস ও গন্ধ থাকে। ২

উষ্ণস্পর্শঃ প্রভারূপং জলে চুলুচুলুধ্বনিঃ।
শীতস্পর্শঃ শুক্লরূপং রসো মাধুর্য্যমীরিতম্ ॥ ৪ ॥
ভূমৌ কড়কড়াশব্দঃ কাঠিন্যং স্পর্শ ইষ্যতে।
নীলাদিকং চিত্ররূপং মধুরাম্লাদিকো রসঃ ॥ ৫ ॥
সুরভীতরগন্ধৌ দ্বৌ গুণাঃ সম্যগ্ বিবেচিতাঃ।
শ্রোত্রং ত্বক্‌চক্ষুষী জিহ্বা ঘ্রাণঞ্চেন্দ্রিয়পঞ্চকম্ ॥ ৬ ॥
কর্ণাদিগোলকস্থং তচ্ছব্দাদিগ্রাহকং ক্রমাৎ।
সৌক্ষ্ম্যাৎ কার্য্যানুমেয়ং তৎ প্রায়ো ধাবেদ্ বহির্ম্মুখম্ ॥৭॥

---

প্রতিধ্বনিরূপঃ। বায়ৌ শব্দস্পর্শৌ। তত্র বায়ৌ শব্দমনুকারেণ দর্শয়তি বীসীতি শব্দমিতি। এবমুত্তরত্রাপ্যনুকারেণ শব্দনং দ্রষ্টব্যম্। তস্য স্পর্শমাহ,—অনুষ্ণাশীতসংস্পর্শ ইতি। বহ্নৌ শব্দস্পর্শরূপাণীতি ত্রয়ো গুণাঃ তে ক্রমেণাভিধীয়ন্তে বহ্নৌ ভুগুভুগুধ্বনিঃ ॥ ৩ ॥

উষ্ণস্পর্শঃ প্রভারূপমিতি। জলে শব্দাদয়ো রসান্তাশ্চত্বারো গুণাস্তানাহ,—জলে চুলুচুলু-ধ্বনির্ম্মিতি। শীতঃ স্পর্শঃ শুক্লং রূপং রসো মাধুর্য্যমিতি ॥ ৪ ॥

ভূমৌ শব্দাদিগন্ধান্তাঃ পঞ্চগুণাস্তানুদাহরতি ভূমৌ কড়কড়াশব্দ ইত্যাদিনা সুরভীতরগন্ধৌ দ্বাবিত্যন্তেন। উক্তমর্থমুপসংহরতি,—গুণাঃ সম্যগ্বিবেচিতা ইতি ॥ ৫ ॥

এবং গুণতো ভেদমভিধায় কার্য্যতো ভেদজ্ঞানায় তৎকার্য্যাণি জ্ঞানেন্দ্রিয়াণি তাবদাহ,—শ্রোত্রমিতি ॥ ৬ ॥

তেষাং স্থানানি ব্যাপারাংশ্চ দর্শয়তি,—কর্ণাদিগোলকস্থমিতি। ইন্দ্রিয়সদ্ভাবে কিং প্রমাণ-মিত্যাকাঙ্ক্ষায়াং কার্য্যলিঙ্গকানুমানমিত্যাহ সৌক্ষ্ম্যাৎ কার্য্যানুমেয়ং তৎ ইতি। তচ্চ রূপোপলব্ধিঃ করণজন্যা ক্রিয়াত্বাৎ ছিদিক্রিয়াবদিতি দ্রষ্টব্যম্, সৌক্ষ্ম্যাদপঞ্চীকৃতভূতকার্য্যত্বেন স্থূলত্বাভাবাদিত্যর্থঃ। তেষাং স্বভাবমাহ প্রায়ো ধাবেদ্বহির্ম্মুখমিতি, পরাঞ্চি খানি ব্যতৃণৎ স্বয়ম্ভুরিতি শ্রুতেরিত্যর্থঃ ॥ ৭ ॥

---

স্পর্শ বায়ুতে, ভুকভুক্ শব্দ উষ্ণস্পর্শ, এবং প্রভারূপ অগ্নিতে (তেজে), 'চুলুচুলু' (কুলুকুলু) ধ্বনি, শীতলস্পর্শ শুক্লরূপ ও মধুররস জলে এবং কড়কড়া (কড়কড় ইত্যাদি) শব্দ, কঠিন স্পর্শ, নীল শ্বেত প্রভৃতি নানা রূপ, মধুর অম্ল প্রভৃতি নানা রস এবং সৌরভ অসৌরভ দ্বিবিধ গন্ধও পৃথিবীতে থাকে। এই গুণবিচার সম্যক্ পরিসমাপ্ত হইল। শ্রোত্র, ত্বক, চক্ষুঃ, জিহ্বা এবং ঘ্রাণ (নাসিকা) এই পঞ্চ ইন্দ্রিয়, কর্ণ প্রভৃতি স্থূল দেহাবয়বে অধিষ্ঠিত হইয়া যথা-ক্রমে শব্দ, স্পর্শ, রূপ, রস এবং গন্ধ গ্রহণ করিয়া থাকে। এই সকল ইন্দ্রিয়

কদাচিৎ পিহিতে কর্ণে শ্রূয়তে শব্দ অন্তরঃ।
প্রাণবায়ৌ জাঠরাগ্নৌ জলপানেঽন্নভক্ষণে ॥ ৮ ॥
ব্যজ্যন্তে হ্যান্তরস্পর্শা মীলনে চান্তরং তমঃ।
উদ্গারে রসগন্ধৌ চেত্যক্ষাণামান্তরগ্রহঃ ॥ ৯ ॥
পঞ্চোক্ত্যাদানগমনবিসর্গানন্দকাঃ ক্রিয়াঃ।
কৃষিবাণিজ্যসেবাদ্যাঃ পঞ্চস্বন্তর্ভবন্তি হি ॥ ১০ ॥
বাক্পাণিপাদপায়ূপস্থৈরক্ষৈস্তৎক্রিয়াজনিঃ।
মুখাদিগোলকেষ্বাস্তে তৎ কর্ম্মেন্দ্রিয়পঞ্চকম্ ॥ ১১ ॥

---

প্রায়ঃশব্দেন সূচিতং ক্বচিৎ করণানাম্ আন্তরবিষয়গ্রাহকত্বং দর্শয়তি;—কদাচিদিতি সার্দ্ধেন। কদাচিৎ কর্ণস্য পিধানে কৃতে সতি প্রাণবায়ৌ জঠরাগ্নৌ চ বিদ্যমান আন্তরঃ শব্দঃ শ্রূয়তে ॥৮॥

জলপানেঽন্নভক্ষণে চ আন্তরস্পর্শা অভিব্যজ্যন্তে অভিব্যক্তা ভবন্তি, নেত্রনিমীলনে কৃতে আন্তরন্তম উপলভ্যতে, উদ্গারে জাতে রসগন্ধৌ যৌ গৃহ্যেতে, ইত্যনেন প্রকারেণাক্ষাণামান্তর-গ্রহঃ, অক্ষাণামিতি কর্ত্তরি ষষ্ঠী। আন্তরস্য বিষয়স্য গ্রহো গ্রহণম্, ইন্দ্রিয়-কর্ত্তৃকমান্তরবিষয়-গ্রহণং ভবতীত্যর্থঃ ॥ ৯ ॥

এবং জ্ঞানেন্দ্রিয়ব্যাপারানভিধায় কর্ম্মেন্দ্রিয়াসত্ত্ববাদিনং প্রতি তৎসত্তাবসমর্থনায় তত্-লিঙ্গভূতাংস্তত্তৎব্যাপারানাহ,—পঞ্চোক্ত্যাদানেতি। উক্তিশ্চাদানঞ্চ গমনঞ্চ বিসর্গশ্চ আনন্দশ্চেতি দ্বন্দ্বঃ, উক্ত্যাদানগমনবিসর্গানন্দাখ্যাঃ পঞ্চ ক্রিয়াঃ প্রসিদ্ধা ইতি শেষঃ। ননু কৃষ্যাদীনাং ক্রিয়ান্ত-রাণামপি সত্ত্বাৎ কথং পঞ্চৈবোক্তমিত্যাশঙ্ক্যাহ কৃষিবাণিজ্যসেবাদ্যা ইতি ॥ ১০ ॥

কানি কানি ক্রিয়াজনকানি ইন্দ্রিয়াণীত্যত আহ,—বাক্পাণীতি। বাগাদিভিরক্ষৈস্তৎ-ক্রিয়াজনিস্তাসাং ক্রিয়াণামুৎপত্তির্ভবতীতি শেষঃ। অত্রাপ্যুক্তিঃ করণপূর্ব্বিকা ক্রিয়াত্বাৎ ইত্যাদি-

---

অতিসূক্ষ্ম (এজন্য প্রত্যক্ষ করা যায় না) সুতরাং কার্য্যদ্বারা অনুমেয়। ইহারা প্রায়ই বাহ্য বিষয়ে ধাবিত হয়। ৩—৭

তবে কখন কর্ণ (অঙ্গুলিদ্বারা) রুদ্ধ করিলে, আভ্যন্তরিক প্রাণবায়ু ও জঠরানলের শব্দও শ্রুত হয়, জলপান এবং অন্নভক্ষণ-কালে আভ্যন্তরিক স্পর্শ অনুভূত হয়, চক্ষুঃ নিমীলিত করিলে, অভ্যন্তরের অন্ধকার এবং উদ্গার উঠিলে অভ্যন্তরের রস ও গন্ধ অনুভূত হয়, ইন্দ্রিয়গণের আভ্যন্তরিক গুণ-গ্রহণ এইরূপে হয়। ৮। ৯

কর্ম্ম পাঁচটী—কথন, গ্রহণ, গমন, মলোৎসর্গ এবং আনন্দবিশেষ। কৃষি, বাণিজ্য, সেবা ইত্যাদি, পঞ্চ কর্ম্মেরই অন্তর্গত। বাক্, হস্ত, পদ, গুহ্যদেশ

মনো দশেন্দ্রিয়াধ্যক্ষং হৃৎপদ্মগোলকে স্থিতম্।
তচ্চান্তঃকরণং বাহ্যেষস্বাতন্ত্র্যাদ্‌বিনেন্দ্রিয়ৈঃ ॥ ১২ ॥
অক্ষেষ্বর্থার্পিতেষ্বেতদ্‌গুণদোষবিচারকম্।
সত্ত্বং রজস্তমশ্চাস্য গুণা বিক্রিয়তে হি তৈঃ ॥ ১৩ ॥
বৈরাগ্যং ক্ষান্তিরৌদার্য্যমিত্যাদ্যাঃ সত্ত্বসম্ভবাঃ।
কামক্রোধৌ লোভযত্নাবিত্যাদ্যা রজসোত্থিতাঃ ॥ ১৪ ॥

---

কার্য্যলিঙ্গকমনুমানং দ্রষ্টব্যম্। তস্য কর্ম্মেন্দ্রিয়পঞ্চকস্য স্থানান্যাহ,—মুখাদীতি। আদিশব্দেন করচরণৌ গুদশিশ্নচ্ছিদ্রে চ গৃহ্যেতে ॥ ১১ ॥

ইদানীমুক্তদশেন্দ্রিয়প্রেরকত্বেন প্রস্তুতস্য মনসঃ কৃত্যং স্থানঞ্চ দর্শয়তি,—মনো দশেন্দ্রিয়াধ্যক্ষমিতি। তস্যান্তরিন্দ্রিয়ত্বং সনিমিত্তকমাহ,—তচ্চান্তঃকরণমিতি ॥ ১২ ॥

দশেন্দ্রিয়াধ্যক্ষত্বমেব বিশদয়তি,—অক্ষেষ্বর্থার্পিতেষ্বিতি। অক্ষেষু ইন্দ্রিয়েষু বিষয়েষু স্থাপিতেষু সংসু এতন্মনো গুণদোষবিচারকং সমীচীনমিদমসমীচীনমিদমিত্যাদিবিচারকারীত্যর্থঃ। অয়ং ভাবঃ—আত্মানঃ প্রমাতৃত্বেন সর্ব্বজ্ঞানসাধারণ্যাৎ চক্ষুরাদীনাঞ্চ রূপাদিজ্ঞানজননমাত্রেণ চরিতার্থত্বাৎ গুণদোষবিচারস্য উপলভ্যমানস্যান্যথানুপপত্ত্যা তৎকারণত্বেন মনোঽভ্যুপগন্তব্যমিতি। মনসো বৈরাগ্যকামাদ্যনেকবিধবৃত্তিমত্ত্বদর্শনায় সত্ত্বাদিগুণবত্ত্বং দর্শয়তি সত্ত্বং রজস্তমশ্চেতি। তেষাং তদ্‌গুণত্বে কারণমাহ—বিক্রিয়ত ইতি। হি যতস্তৈর্গুণৈর্বিক্রিয়তে বিকারং প্রাপ্নোতীত্যর্থঃ ॥ ১৩ ॥

তদ্গুণৈস্তস্য বিক্রিয়মাণত্বমেব প্রপঞ্চয়তি—বৈরাগ্যমিত্যাদিতমসোত্থিতা ইত্যন্তেন। স্পষ্টত্বাৎ ন ব্যাখ্যায়তে ॥ ১৪ ॥

---

এবং উপস্থ—এই পঞ্চ ইন্দ্রিয় দ্বারা (যথাক্রমে) উক্ত পঞ্চ কর্ম্ম নির্ব্বাহ হয়। স্থূলদেহের মুখপ্রভৃতি অবয়বে পঞ্চ কর্ম্মেন্দ্রিয় বর্ত্তমান। ১০। ১১

মন উক্ত দশবিধ ইন্দ্রিয়ের অধ্যক্ষ, মনের স্থান হৃৎপদ্মমণ্ডল, উক্ত দশবিধ ইন্দ্রিয়ের সাহায্য ব্যতীত বাহ্য বস্তু গ্রহণে মনের ক্ষমতা নাই বলিয়া তাহাকে অন্তঃকরণ বলা যায়। ১২

ইন্দ্রিয়গণ বিষয়সম্বন্ধ প্রাপ্ত হইলে, অন্তঃকরণ দ্বারাই বিষয়ের গুণ-দোষবিচার হয়। অন্তঃকরণের তিন গুণ,—সত্ত্ব, রজঃ এবং তমঃ ; এই ত্রিগুণ দ্বারাই অন্তঃকরণ বৈরাগ্য প্রভৃতি বিবিধ বিকার বা অবস্থা প্রাপ্ত হইয়া থাকে। ১৩

বৈরাগ্য, ক্ষমা এবং ঔদার্য্য প্রভৃতি বিকার, অবস্থা বা ধর্ম্ম, অন্তঃকরণের সত্ত্বগুণ হইতে উৎপন্ন ; কাম, ক্রোধ, লোভ, যত্ন ইত্যাদি ধর্ম্ম রজোগুণ হইতে

আলস্যভ্রান্তিতন্দ্রাদ্যা বিকারাস্তমসোত্থিতাঃ।
সাত্ত্বিকৈঃ পুণ্যনিষ্পত্তিঃ পাপোৎপত্তিশ্চ রাজসৈঃ ॥ ১৫ ॥
তামসৈর্নোভয়ং কিন্তু বৃথায়ুঃক্ষপণং ভবেৎ।
অত্রাহম্প্রত্যয়ী কর্ত্তেত্যেবং লোকব্যবস্থিতিঃ ॥ ১৬ ॥
স্পষ্টশব্দাদিযুক্তেষু ভৌতিকত্বমতিস্ফুটম্।
অক্ষাদাবপি তচ্ছাস্ত্রযুক্তিভ্যামববার্য্যতাম্ ॥ ১৭ ॥
একাদশেন্দ্রিয়ৈর্যুক্ত্যা শাস্ত্রেণাপ্যবগম্যতে।

---

বৈরাগ্যাদীনাং কার্য্যাণি বিভজ্য দর্শয়তি,—সাত্ত্বিকৈরিতি। তামসৈর্নোভয়ম্। এতেষাং বুদ্ধিরূপাণাং অন্তঃকরণাদীনাং সর্ব্বেষাং স্বামিনমাহ—অত্রাহমিতি। অহমিতি প্রত্যয়বান্ কর্ত্তা প্রভুরিত্যর্থঃ। লোকেঽপি কার্য্যকারী প্রভুরিত্যেবমুপদিশ্যতে ॥ ১৫। ১৬ ॥

এবং জগতঃ স্থিতিমভিধায় ইদানীং তস্য ভৌতিকত্বজ্ঞানোপায়মাহ,—স্পষ্টশব্দাদীতি। স্পষ্টশব্দাদিযুক্তেষু স্পষ্টৈঃ শব্দস্পর্শাদিগুণৈঃ সহিতেষু ঘটাদিষু বস্তুষু ভূতকার্য্যত্বং স্পষ্টমেবাবগম্যতে। নহু ইন্দ্রিয়াদিষু কথং ভূতকার্য্যত্বনিশ্চয় ইত্যাশঙ্ক্যাগমানুমানাভ্যামিত্যাহ অক্ষাদাবপি ইতি। "অন্নময়ং হি সৌম্য মন আপোময়ঃ প্রাণস্তেজোময়ী বাগি",ত্যাদিশাস্ত্রম্ অনুমানঞ্চ বিমতানি শ্রোত্রাদীনি ভূতকার্য্যাণি ভবিতুমর্হন্তি ভূতান্বয়ব্যতিরেকানুবিধায়িত্বাৎ যদ্যদন্বয়ব্যতিরেকানুবিধায়ি তত্তৎকার্য্যং দৃষ্টং যথা মৃদন্বয়ব্যতিরেকানুবিধায়ী ঘটো মৃৎকার্য্যো দৃষ্টঃ তথা চ ইমানি তস্মাত্তথেতি তদন্বয়ব্যতিরেকানুবিধায়িত্বঞ্চ ষোড়শকলঃ সৌম্য পুরুষ ইত্যাদিনা ছান্দোগ্যশ্রুতৌ মনসঃ শ্রুতং তদ্বদন্যত্রাপি দ্রষ্টব্যম্ ॥ ১৭ ॥

এবং ভূতানি ভৌতিকানি চ বিবিচ্য দর্শয়িত্বা প্রকৃতাং 'সদেব সৌম্যেদমগ্র আসী-

---

উত্থিত; আলস্য, ভ্রান্তি এবং তন্দ্রা প্রভৃতি ধর্ম্ম বা বিকার তমোগুণ হইতে উদ্ভূত; সাত্ত্বিক বিকার বা অবস্থা হইতে পুণ্য-অর্জ্জন হয়, রাজস অবস্থা হইতে পাপ-সঞ্চয় হয়; তামস অবস্থা হইতে পাপ বা পুণ্য কিছুই হয় না, বৃথা আয়ুঃক্ষয় হয়। এই সমস্তের মধ্যে 'অহং' ( আমি ) এইরূপ জ্ঞান যাঁহার প্রতি হয়, তিনিই কর্ত্তা। এইরূপ লোকে ব্যবহার আছে। ১৪—১৬

স্পষ্ট শব্দ-স্পর্শাদি যে যে পদার্থে আছে, তৎসমুদয় যে ভূতোৎপন্ন, তাহা প্রত্যক্ষসিদ্ধ। ইন্দ্রিয় ও অন্তঃকরণ যে ভূত হইতে উৎপন্ন, তাহা শাস্ত্র ও যুক্তিদ্বারা অবধারণ করিবে। ১৭

যে সমস্ত পদার্থ—পঞ্চ কর্ম্মেন্দ্রিয়ের অধিকৃত, ( যথা—কথন ও বাক্য, গ্রহণ ও গ্রাহ্য ইত্যাদি ) পঞ্চ জ্ঞানেন্দ্রিয়, মন, যুক্তি অথবা শাস্ত্রদ্বারা জ্ঞাত হয়

যাবৎ কিঞ্চিদ্ ভবেদেতদিদংশব্দোদিতং জগৎ ॥ ১৮ ॥
ইদং সর্ব্বং পুরা সৃষ্টেরেকমেবাদ্বিতীয়কম্।
সদেবাসীন্নামরূপে নাস্তামিত্যারুণের্বচঃ ॥ ১৯ ॥
বৃক্ষস্য স্বগতো ভেদঃ পত্রপুষ্পফলাদিভিঃ।
বৃক্ষান্তরাৎ সজাতীয়ো বিজাতীয়ঃ শিলাদিতঃ ॥ ২০ ॥

---

দিত্যাদাদ্বিতীয়ব্রহ্মপ্রতিপাদিকাং শ্রুতিং ব্যাচক্ষাণস্তদ্বাক্যস্থেদম্পদস্যার্থমাহ একাদশেন্দ্রিয়ৈরিতি। প্রত্যক্ষাদিভিঃ সর্ব্বৈঃ প্রমাণৈরপিশব্দাদর্থাপত্ত্যাদিপ্রমাণজ্ঞানৈশ্চ যাবৎকিঞ্চিজ্জগদবগম্যতে তৎ সর্ব্বং সদেব ইত্যাদিবাক্যস্থেন ইদম্পদেনাভিহিতমিত্যর্থঃ ॥ ১৮ ॥

এবম্ ইদংশব্দস্যার্থমভিধায় ইদানীং তাং শ্রুতিং স্বয়মর্থতঃ পঠতি ইদং সর্ব্বমিতি। অরুণস্যাপত্যমারুণিরুদ্দালকস্তস্য বচনমিত্যর্থঃ ॥ ১৯ ॥

একমেবাদ্বিতীয়মিতি পদত্রয়েণ সম্বস্তুনি স্বগতাদিভেদত্রয়ং প্রসক্তং নিবারয়িতুং লোকে স্বগতাদিভেদত্রয়ং তাবদ্দর্শয়তি বৃক্ষস্য স্বগতো ভেদ ইতি। এবমনাত্মনি ভেদত্রয়ং প্রদর্শ্য

---

অর্থাৎ চাক্ষুষ প্রভৃতি ছয় প্রকার প্রত্যক্ষ, অনুমান প্রভৃতি যুক্তি বা শাব্দবোধ প্রভৃতির বিষয়ীভূত হয়, সেই পদার্থসমষ্টিরূপ জগৎই (সদেব সৌম্যেদমগ্র আসীৎ এই শ্রুতিবাক্যস্থ) ইদংপদের অর্থ। ১৮

সৃষ্টির পূর্ব্বে সমস্ত জগৎ একমাত্র অদ্বিতীয়, সৎস্বরূপেই অবস্থিত ছিল, নাম-রূপ ছিল না, ইহাই (শ্রুতিস্থ) উদ্দালক-বাক্য। ১৯

বৃক্ষে পত্র পুষ্প ফল ইত্যাদি অঙ্গপ্রত্যঙ্গ হইতে যে ভেদ অর্থাৎ অংশ হইতে যে অবয়বীর ভেদ, তাহাকে বৃক্ষের স্বগতভেদ বলা যায়, সেই বৃক্ষে অন্যবৃক্ষ হইতে যে ভেদ, তাহাই সজাতীয় ভেদ এবং প্রস্তরাদি হইতে যে ভেদ, তাহাই বিজাতীয় ভেদ। ২০

---

## তাৎপর্য্য।

যে যে পদার্থ লইয়া জগৎ, তন্মধ্যে কর্ম্মেন্দ্রিয়ের অধিকৃত পদার্থ সর্ব্বাপেক্ষা স্পষ্ট হইলেও অল্প; পঞ্চ জ্ঞানেন্দ্রিয়ের অধিকৃত পদার্থ তদপেক্ষা অধিক; মানস প্রত্যক্ষের অধিকৃত পদার্থ আরও অধিক, অনুমানগম্য পদার্থ অধিকতর, অনুমানের অগম্য পদার্থ শাস্ত্রদ্বারা বুঝিতে হয়—এইরূপ স্থূল, সূক্ষ্ম, নানাবিধ পদার্থসমূহই জগৎ—জগৎই 'ইদং' পদের অর্থ। ১৮

তথা সদ্বস্তুনো ভেদ-ত্রয়ং প্রাপ্তং, নিবার্য্যতে।
ঐক্যাবধারণদ্বৈত-প্রতিষেধৈস্ত্রিভিঃ ক্রমাৎ ॥ ২১ ॥
সতো নাবয়বাঃ শঙ্ক্যাস্তদংশস্যানিরূপণাৎ।
নামরূপে ন তস্যাংশৌ তয়োরদ্যাপ্যনুদ্ভবাৎ ॥ ২২ ॥
নামরূপোদ্ভবস্যৈব সৃষ্টিত্বাৎ সৃষ্টিতঃ পুরা।
ন তয়োরুদ্ভবস্তস্মাৎ সন্নিরংশং যথা বিয়ৎ ॥ ২৩ ॥

---

সদ্বস্তুন্যপি প্রসক্তং তদ্ভেদত্রয়ং শ্রুতিপদত্রয়েণ নিবারয়তীত্যাহ তথা সদ্বস্তুন ইতি। বস্তু-সামান্যাদনান্তরীয সদ্রূপাত্মন্যপি প্রসক্তং স্বগতাদিভেদত্রয়মৈক্যাবধারণদ্বৈতপ্রতিষেধাব-য়বৈরেকমেবাদ্বিতীয়মিতি ত্রিভিঃ পদৈঃ ক্রমেণ নিবার্য্যত ইত্যর্থঃ ॥ ২০। ২১ ॥

সদ্বস্তুনস্তাবৎ ন স্বগতভেদঃ শঙ্কিতুং শক্যতে অস্য নিরবয়বত্বাৎ ইত্যাহ সতো নাব-য়বা ইতি। নামরূপয়োঃ সদবয়বত্বং কিং ন স্যাদিত্যাশঙ্ক্য সৃষ্টেঃ পুরা তয়োরভাবান্ন সদংশত্বমিত্যাহ নামরূপে ইতি। কুতো নামরূপয়োরভাবঃ ইত্যাশঙ্ক্যাহ নামরূপোদ্ভব-

---

এইরূপ সদ্বস্তুতেও উক্ত তিনপ্রকার ভেদ থাকিতে পারে, (একমেবা-দ্বিতীয়ং এই শ্রুতিবাক্যে) একত্ব অবধারণ এবং দ্বৈত-নিষেধদ্বারা উক্ত তিন প্রকার ভেদও যথাক্রমে নিরাকৃত হইয়াছে। ২১

(সদ্বস্তুতে ত্রিবিধ ভেদ নাই কেন, তাহা বলিতেছেন,) সদ্বস্তুর অবয়ব নাই, যেহেতু সদ্বস্তুর অংশই নিরূপিত হয় নাই; অর্থাৎ সদ্বস্তু অখণ্ড; নাম বা রূপও সদ্বস্তুর অংশ নহে,—তখন নামরূপ উৎপন্নই হয় নাই। কেন না—নামরূপের উৎপত্তিই সৃষ্টি, সৃষ্টির পূর্ব্বে নাম-রূপের উৎপত্তি অস-ম্ভব, অতএব আকাশের ন্যায় সদ্বস্তুও নিরবয়ব। ২২। ২৩

---

তাৎপর্য্য।

দৃশ্যমান সকল পদার্থেরই তিন প্রকার ভেদ আছে;—সুতরাং সদ্বস্তুতেও তিন প্রকার ভেদ থাকিতে পারে, এই আশঙ্কা নিবৃত্তির জন্য 'একমেবাদ্বিতীয়ং' এই শ্রুতিতে 'একম্'এব' এবং 'অদ্বিতীয়ম্' তিনটী কথা আছে। ভেদ তিন প্রকার—তাহার নিষেধক শব্দও তিনটী। ২০। ২১

যাহার উদ্ভব-অনুদ্ভব আছে, তাহা সদ্বস্তুর অংশ হইতে পারে না; সুতরাং নাম-রূপ সদ্বস্তুর অংশ নহে। ২২।২৩

সদন্তরং সজাতীয়ং ন বৈলক্ষণ্যবিবর্জনাৎ।
নামরূপোপাধিভেদং বিনা নৈব সতো ভিদা ॥ ২৪ ॥

---

ষৈস্তবেতি। ন তয়োরন্তরঃ। ফলিতমাহ তস্মাদিতি। অত্রায়ং প্রয়োগঃ—সৎস্বগত-ভেদশূন্যং ভবিতুমর্হতি নিরবয়বত্বাৎ গগনবদিতি ॥ ২৩ ॥

মা ভূৎ স্বগতভেদঃ সজাতীয়ভেদঃ কিং ন স্যাদিত্যাশঙ্ক্য তৎসজাতীয়ং সদন্তরমিতি বক্তব্যং তন্নিরূপয়িতুং ন শক্যতে সতো বৈলক্ষণ্যাভাবাদিত্যাহ সদন্তরমিতি। ননু ঘটসত্তা পটসত্তেতি সতো ভেদঃ প্রতিভাসত ইত্যাশঙ্ক্য ঘটাকাশমহাকাশবদৌপাধিকো ভেদো ন স্বতো ভাতীত্যাহ নামরূপোপাধিভেদমিতি। অত্রায়ং প্রয়োগঃ—সৎস্ব সজাতীয়ভেদরহিতং ভবিতুমর্হতি উপাধিপরামর্শমন্তরেণাবিভাব্যমানভেদত্বাৎ গগনবদিতি ॥ ২৪ ॥

---

যদি অন্য সদ্বস্তু থাকিত, তবেই তাহা সজাতীয় হইতে পারিত, কিন্তু তাহা নাই, যেহেতু সদ্বস্তুর বৈলক্ষণ্য নাই; নামরূপ-স্বরূপ কল্পিত-আশ্রয়ের বা উপাধির প্রভেদ ব্যতীত সদ্বস্তুর ভেদ (ব্যবহার) হয় না। ২৪

---

তাৎপর্য্য।

জাতি বা ধর্ম্ম এক, কিন্তু ব্যক্তি বিভিন্ন—এমন স্থলেই 'সজাতীয়' বলিয়া ব্যবহার হয়। দুটী ব্রাহ্মণ—একজাতি, কিন্তু একব্যক্তি নহে, এস্থলেই ক-ব্রাহ্মণকে খ-ব্রাহ্মণের 'সজাতীয়' বলিব। আকাশ আকাশের 'সজাতীয়' একথা বলা চলে না। কেন না, আকাশ দুইটী নহে, ব্যক্তির ভেদ নাই। ব্যক্তির ভেদ পরস্পর বৈলক্ষণ্য-সাপেক্ষ। ব্রাহ্মণদ্বয়ের জাতি এক হইলেও পরস্পরের বিভিন্নকালীন চেষ্টা ইত্যাদি ব্যক্তিগত বৈলক্ষণ্য যথেষ্ট বর্ত্তমান। সদ্বস্তুতে ব্যক্তিগত বৈলক্ষণ্য নাই। সুতরাং তাহা এক, জাতির ঐক্য ও ব্যক্তির ভেদ সদ্বস্তুতে নাই—সদ্বস্তুর সজাতীয় হইবে কিরূপে? তবে ঘট সৎ (অস্তি), পট সৎ (অস্তি) ইত্যাদি ব্যবহারে সদ্বস্তুর যে ভেদনির্ণয় করা যায় তাহা বাস্তবিক নহে, কাল্পনিক মাত্র; ঘটপটস্বরূপ কল্পিত আশ্রয়ের প্রভেদ প্রযুক্তই সেই সৎস্বরূপের ভেদ-ব্যবহার হয়। জলাশয়ভেদে সূর্য্যের প্রতিবিম্ব অনেক হইলেও সূর্য্যের প্রভেদ হয় না; সূর্য্য একই—থাকেন, সেইরূপ সদ্বস্তুর কল্পিত আশ্রয় ঘটপটাদির ভেদে সদ্বস্তুর ঔপাধিক ভেদ হইলেও বাস্তবিক ভেদ হয় না। ২৪

বিজাতীয়মসৎ তৎ তু ন খল্বস্তীতি গম্যতে।
নাস্যাতঃ প্রতিযোগিত্বং বিজাতীয়াদ্ ভিদা কুতঃ ॥ ২৫ ॥
একমেবাদ্বিতীয়ং সৎ সিদ্ধমত্র তু কেচন।
বিহ্বলা অসদেবেদং পুরাসীদিত্যবর্ণয়ন্ ॥ ২৬ ॥
মগ্নস্যাব্ধৌ যথাক্ষাণি বিহ্বলানি তথাস্য ধীঃ।
অখণ্ডৈকরসং শ্রুত্বা নিষ্প্রচারা বিভেত্যতঃ ॥ ২৭ ॥

---

ভবতু তর্হি বিজাতীয়াদ্ভেদ ইত্যাশঙ্ক্য সতো বিজাতীয়মসৎ তস্যাসত্ত্বেনৈব প্রতিযোগিত্বাসম্ভবেন তৎপ্রতিযোগিকোঽপি ভেদো নাস্তীত্যাহ বিজাতীয়মিতি ॥ ২৫ ॥

ফলিতমাহ একমেবেতি। ইদানীং স্থূণানিখননন্যায়েন সদদ্বৈতমেব দ্রঢ়য়িতুং পূর্ব্বপক্ষমাহ অত্র তু কেচন ইত্যাদি। বিহ্বলত্বে দৃষ্টান্তমাহ মগ্নস্যাব্ধাবিতি। দার্ষ্টান্তিকে যোজয়তি তথাস্য ধীরিতি। অস্যাসদ্বাদিনঃ, জাতাবেকবচনম্ ধীরন্তঃকরণম্ অখণ্ডৈকরসং বস্তু শ্রুত্বা নিষ্প্রচারা সাকারবস্তুনীবাখণ্ডৈকরসে বস্তুনি প্রচাররহিতা সতী অতোঽস্মাদ্বস্তুনো বিভেতি ॥ ২৬।২৭ ॥

---

যাহা সদ্বস্তুর বিজাতীয় অর্থাৎ বিপরীত ভাবাক্রান্ত, তাহা 'অসৎ' কদাপি 'অস্তি' বা 'আছে' এইরূপ ব্যবহারের যোগ্য নহে; অতএব তাহা 'প্রতিযোগী' হইতে পারে না, সুতরাং বিজাতীয় হইতে ভেদ একেবারেই অসম্ভব। ২৫

(এইরূপে) সদ্বস্তু 'একমেবাদ্বিতীয়ম্' ইহা সিদ্ধ হইল। কোন কোন প্রমত্তগণ (বৌদ্ধবিশেষ) বলেন, সৃষ্টির পূর্ব্বে 'জগৎ অসৎই ছিল' কিন্তু যেমন সমুদ্রমগ্ন ব্যক্তির ইন্দ্রিয়সকল স্ব স্ব কার্য্যকরী শক্তি হারাইয়া কোন বস্তুকেই অবলম্বন করিতে পারে না সেইরূপ অসদ্বাদীর অন্তঃকরণও অখণ্ড

---

তাৎপর্য্য।

ভেদ বা বৈলক্ষণ্যের দুইটী অবলম্বন—যাহা হইতে বৈলক্ষণ্য—সে একটী, উহারই নাম 'প্রতিযোগী' এবং সেই বৈলক্ষণ্য যাহাতে থাকে, সে আর একটী, তাহার নাম 'অনুযোগী' অসৎ বা সদ্বিজাতীয় হইতে সদ্বস্তুতে ভেদ আছে এমন একটী বাক্য প্রয়োগ করিলে বুঝিতে হয়—ঐ ভেদ বস্তু বৈলক্ষণ্যেরও দুইটী অবলম্বন, অসৎ ও সৎ; কিন্তু যাহা অসৎ বা অস্তিত্বশূন্য, তাহা ঐ প্রকার অবলম্বন হইতে পারে না। সুতরাং অসৎ হইতে ভেদ, এরূপ একটা কথাই উঠিতে পারে না। ২৫

গৌড়াচার্য্যা নির্ব্বিকল্পে সমাধাবন্যযোগিনাম্।
সাকারধ্যাননিষ্ঠানামত্যন্তং ভয়মূচিরে ॥ ২৮ ॥
অস্পর্শযোগো নামৈষ দুর্দ্দর্শঃ সর্ব্বযোগিভিঃ।
যোগিনো বিভ্যতি হ্যস্মাদভয়ে ভয়দর্শিনঃ ॥ ২৯ ॥
ভগবৎপূজ্যপাদাশ্চ শুষ্কতর্কপটূনমূন্।
আহুর্মাধ্যমিকান্ ভ্রান্তানচিন্ত্যেঽস্মিন্ সদাত্মনি ॥ ৩০ ॥
অনাদৃত্য শ্রুতিং মৌর্খ্যাদিমে বৌদ্ধাস্তপস্বিনঃ।
আপেদিরে নিরাত্মত্বমনুমানৈকচক্ষুষঃ ॥ ৩১ ॥

---

উক্তার্থে আচার্য্যসম্মতিং দর্শয়তি গৌড়াচার্য্যা ইতি। কেন বাক্যেন উক্তবন্ত ইত্যাকাঙ্ক্ষায়াং তদীয়ং বার্ত্তিকমেব পঠতি অস্পর্শযোগো নামেতি। যোঽয়মস্পর্শযোগাখ্যো নির্ব্বিকল্পকঃ সমাধিঃ এষ সর্ব্বযোগিভিঃ সাকারধ্যাননিষ্ঠৈর্দুর্দ্দর্শঃ দুঃখেন দ্রষ্টুং যোগ্যঃ দুষ্প্রাপ্য ইত্যর্থঃ। অত্রোপপত্তিমাহ যোগিনো বিভ্যতীতি। হি যস্মাৎ কারণাৎ যোগিনঃ পূর্ব্বোক্তা এতদর্শিনঃ অভয়ে ভয়শূন্যে সমাধৌ নির্জ্জনে দেশে বালা ইব ভয়দর্শিনো ভয়হেতুত্বং কল্পয়ন্তঃ অস্মাদস্পর্শযোগাৎ ভীতিং প্রাপ্নুবন্তি ॥ ২৮।২৯ ॥

শ্রীমদাচার্য্যৈরপ্যেবমভিহিতমিত্যাহ ভগবৎপূজ্যপাদাশ্চেতি ॥ ৩০ ।

---

একরস অর্থাৎ অখণ্ড অদ্বিতীয় আনন্দ ব্রহ্মবস্তু শ্রবণ করিয়া তাঁহাতে নিজ কার্য্যকরী শক্তির অভাব প্রযুক্ত তাঁহার ভয়ে ভীত হয় অর্থাৎ তাঁহার নিকটে ঘেঁসিতেই পারে না। ২৬।২৭

সাকার-ধ্যাননিষ্ঠ অপর যোগিগণ যে নির্ব্বিকল্পক সমাধিতে অত্যন্ত ভীত, তাহা গৌড়পাদ আচার্য্য বলিয়াছেন। ২৮

নির্ব্বিকল্পক সমাধি অস্পর্শযোগ নামে খ্যাত, সাকারধ্যাননিষ্ঠ সকল যোগীরই এই যোগ দুর্লভ; কেন না ঐ সকল যোগী, নির্ব্বিকল্পক সমাধিরূপ ভীতিশূন্য অবস্থাতেও ভয়ের হেতু কল্পনা করিয়া (নির্জ্জন স্থানে অবস্থিত বালকের ন্যায়) ভীতিগ্রস্ত হইয়া থাকে (ইহাই গৌড়পাদের উক্তি)। ২৯

পূজ্যপাদ ভগবান্ শ্রীশঙ্করাচার্য্যও শ্রুতিরসসম্পর্কশূন্য কুতর্কপটু এই সকল মাধ্যমিক সম্প্রদায়ভুক্ত সাকারধ্যাননিষ্ঠ বৌদ্ধগণকে অচিন্তনীয় সৎস্বরূপ পরমাত্মবিষয়ে ভ্রান্ত বলিয়া নির্দ্দেশ করিয়াছেন। ৩০

(তিনি বলেন, আহা!) এই তপস্বী (১) বৌদ্ধগণ মূর্খতাবশতঃ

শূন্যমাসীদিতি ব্রূষে সদ্‌যোগং বা সদাত্মতাম্।
শূন্যস্য ন তু তদ্‌যুক্তমুভয়ং ব্যাহতত্বতঃ ॥ ৩২ ॥
ন যুক্তস্তমসা সূর্য্যো নাপি চাসৌ তমোময়ঃ।
সচ্ছূন্যয়োর্বিরোধিত্বাৎ শূন্যমাসীৎ কথং বদ ॥ ৩৩ ॥

---

শ্রুতিঞ্চ পঠতি অনাদৃত্য শ্রুতিং বৌদ্ধাদিভিরিতি ॥ ৩১ ॥

ইদানীমসদ্বাদং বিকল্প্য দূষয়তি শূন্যমাসীদিত্যনেন বাক্যেন। শূন্যস্য সত্তাজাতিযোগং বা সদাত্মতাং বা ব্রূষে ইতি বিকল্পার্থঃ। তদুভয়ং সদাসদ্রূপত্বলক্ষণং শূন্যস্য ব্যাহতত্বাৎ ন যুক্তম্ ইত্যর্থঃ। ৩২ ॥

ব্যাহতত্বমেব দৃষ্টান্তপূর্ব্বকং দর্শয়তি ন যুক্তস্তমসেতি ॥ ৩৩ ॥

---

শ্রুতির প্রতি অনাদর ও কেবল অনুমানের প্রমাণত্বে নির্ভর করিয়া নিরাত্মত্ব (২) প্রাপ্ত হইয়াছে। ৩১

(হে শূন্যবাদিন্!) তোমার যে "শূন্যম্ আসীৎ" অর্থাৎ শূন্য ছিল, এই কথা, ইহার মধ্যে "ছিল" এই অংশদ্বারা শূন্যের অস্তিত্ব সম্বন্ধ বা সৎস্বরূপতা প্রকাশ করিয়া থাক; পরন্তু ব্যাঘাত প্রযুক্ত শূন্যের তদুভয়ই অসম্ভব। ৩২

সূর্য্য অন্ধকারযুক্ত হ'ন না, সূর্য্য অন্ধকার-স্বরূপও নহেন, কেন না প্রকাশ ও অপ্রকাশ অর্থাৎ তেজ ও অন্ধকার পরস্পরবিরোধী, যেহেতু শূন্য অর্থাৎ অসৎ এবং সৎও বিরোধী, অতএব 'শূন্যম্ আসীৎ' একথা কেমন করিয়া বল। ৩৩

---

তাৎপর্য্য।

বৌদ্ধমতে যাহা কিছুই নয়, তাহাই শূন্য; অথচ ছিল, আছে ইত্যাদি ক্রিয়ার কর্ত্তা যে হইবে, তাহা কোন না-কোন বস্তুর অর্থাৎ কিছুর অন্তর্গত; যাহা একেবারেই কিছু নয়, তাহা ছিল বা আছে এমন হয় না। সুতরাং শূন্য-আসীৎ বলিলে, যাহা কিছু নয় তাহাই ছিল বা যাহার অস্তিত্ব কোন কালেই নাই, তাহার অস্তিত্ব ছিল—অথবা যাহা একেবারে কিছু নয়, তাহাই কিছু এমনই একটা "চতুষ্কোণ গোলক" শব্দের ন্যায় ব্যাঘাতযুক্ত অর্থাৎ পরস্পর বিরোধযুক্ত ভাব আনিয়া দেয়; যে শব্দ ঐরূপ বিরুদ্ধভাব-প্রকাশক, তাহা বক্তার উন্মত্ততা মাত্র প্রকাশ করে, সম্পূর্ণ বাক্যার্থ-প্রতিপাদনে সমর্থ হয় না। ৩২

---

(২) নিরাত্মত্ব—আত্মা নাই এইরূপ জ্ঞান অর্থাৎ শূন্যতা এবং অনাত্মতা।

বিয়দাদের্নামরূপে মায়য়া সতি কল্পিতে।
শূন্যস্য নামরূপে চ তথা চেৎ জীব্যতাং চিরম্ ॥ ৩৪ ॥
সতোঽপি নামরূপে দ্বে কল্পিতে চেৎ তদা বদ।

---

ননু তথাপি বিয়দাদীনাং নির্বিকল্পে ব্রহ্মণি সত্বং ব্যাহতমিত্যাশঙ্ক্যাহ বিয়দাদেরিতি। তর্হি শূন্যস্যাপি নামরূপে সত্যেব কল্পিতে ইতি বদতো বৌদ্ধস্যাপসিদ্ধান্ত ইত্যভিপ্রায়েণাহ শূন্যস্য নামরূপে চেতি ॥ ৩৪ ॥

ননু তর্হি শূন্যস্যেব সদ্বস্তুনোঽপি নামরূপে যে কল্পিতে এবাঙ্গীকর্তব্যে, তথাচ তাভ্যাং ঘয়োর্নামরূপয়োরন্যবাদিতি শঙ্কতে সতোঽপীতি। বিকল্পাসহত্বাদয়ং পক্ষ এব অনুপ-

---

আকাশ প্রভৃতির নাম ও স্বরূপ, মায়াপ্রভাবে সৎস্বরূপ ব্রহ্মেই পরিকল্পিত হয়, শূন্যের নাম এবং স্বরূপও সেইরূপ সৎপদার্থেই কল্পিত, ইহা যদি হয় (তাহা হইলে, হে বৌদ্ধ!) তোমরা চিরজীবী হও। ৩৪

('হে বৌদ্ধ!) যদি বল, ব্রহ্মেরও সৎনাম ও সৎস্বরূপ মায়াকল্পিত, তাহা

---

তাৎপর্য্য ॥

আকাশ প্রভৃতি পদার্থ, বস্তুতঃ অসৎ হইলেও সতের সহিত তাহাদের একটা কল্পিত সম্বন্ধ আছে; সেইজন্যই আকাশ আছে, বায়ু আছে, এইরূপ ব্যবহার করা যায়। রজ্জু দেখিয়া যে সর্পভ্রম হয়—সেই ভ্রান্তি-সর্পের রজ্জুর সহিত যে সম্বন্ধ, সৎপদার্থের সহিত আকাশ প্রভৃতির সেইরূপ সম্বন্ধ। কোন অস্তিত্ব-বিশিষ্ট পদার্থের বা সৎ পদার্থের সহিত শূন্যেরও ঐরূপ সম্বন্ধ স্থাপন করিয়া যদি 'শূন্যম্ আসীৎ' বলিয়া থাক, তাহা হইলে, বেদান্তমতের মধ্যেই আসিতে হইল; কেন না সেই সৎই বেদান্তের ব্রহ্ম। ৩৪

বেদান্ত যাহাকে ব্রহ্ম বলেন, তাহা বস্তুতঃ সৎ নহে—শূন্যমাত্র; তবে তাহার সৎ নাম ও সৎ স্বরূপ কল্পিত; সুতরাং শূন্যই চরম; ইহাই বৌদ্ধ-পক্ষ-সিদ্ধান্ত। বেদান্তপক্ষ বলেন, শূন্যে ভ্রম হয় না, যাহা একেবারে কিছু নয়, তাহাকে অবলম্বন করিয়া ভ্রম হয় না; ভ্রমের মধ্যে আশ্রয়াংশ ঠিক থাকা চাই। রজ্জু আছে, তাহাকে সর্প বলিয়া মনে করিলে, এই মনে করাটাই ভ্রম, ইহার সর্পাংশ অসৎ; কিন্তু আশ্রয় বা আধার অসৎ নহে, রজ্জুর ত ব্যাবহারিক সত্তা আছে। আধার অসৎ—এমন ভ্রম একেবারেই অসম্ভব। অতএব আধারকে সৎ বলিতে হইবে, ব্রহ্ম বস্তুগত্যা সৎ হইলে, তাহার নাম-রূপকে

কুত্রেতি নিরধিষ্ঠানো ন ভ্রমঃ কচিদীক্ষ্যতে ॥ ৩৫ ॥
সদাসীদিতি শব্দার্থ-ভেদে বৈগুণ্যমাপতেৎ।
অভেদে পুনরুক্তিঃ স্যাৎ, মৈবং, লোকে তথেক্ষণাৎ ॥ ৩৬
কর্ত্তব্যং কুরুতে বাক্যং ব্রূতে ধার্য্যস্য ধারণম্

স্যাৎ ইত্যভিপ্রায়েণ পরিহরতি তদা বদ কুত্রেতীতি। অয়মভিপ্রায়ঃ—সত্তো নামরূপে কিং সতি কল্পিতে উতাসতি অথ বা জগতি। নাদ্যঃ, অত্যন্ত রজতাদের্নামরূপয়োরন্যত্র শুক্তিকা-দাবারোপিতত্বদর্শনাৎ সত্তো নামরূপয়োঃ সত্যেব কল্পনাযোগাৎ। ন দ্বিতীয়ঃ, অসতো নিরা-ত্মকত্বাদধিষ্ঠানত্বাযোগাৎ। ন তৃতীয়ঃ, সত উৎপন্নস্য জগতঃ সন্নামরূপকল্পনাধস্তাদনুপ-পত্তেরিতি। মা ভূদধিষ্ঠানম্, অনয়োঃ কল্পনা কিং ন স্যাদিত্যাশঙ্ক্যাহ নিরধিষ্ঠান ইতি ॥৩৫॥
নন্বসদেবেদমগ্র আসীদিত্যত্র যথা ব্যাঘাত উক্তস্তথা সদেব সৌম্যেদমগ্র আসীদিত্যত্রাপি দোষোঽস্তীতি শঙ্কতে সদাসীদিতীতি। তথাহি সদাসীদিতি শব্দভেদয়োরর্থভেদোঽস্তি ন বা? অস্তি চেদদ্বৈতহানিঃ, নাস্তি চেৎ পুনরুক্তিঃ স্যাৎ, অতঃ সদাসীদিত্যনুপপন্নমিতি।

হইলে বল দেখি, সে কল্পনা কোথায় হইবে, আধারশূন্য ভ্রম কোথাও দেখা যায় না। ৩৫

(পূর্ব্বপক্ষ) 'সৎ আসীৎ' অর্থাৎ সৎ ছিলেন, এই বেদান্তবাক্যে সৎ শব্দ হইতে যে অস্তিত্ব বোধ হয় এবং ছিলেন শব্দ হইতে যে অস্তিত্ব বোধ হয়, তদুভয়ের পরস্পর ভেদ থাকিলে, দ্বিগুণ অস্তিত্বের আপত্তি, অর্থাৎ পারমার্থিক সত্তা দুই প্রকার হওয়ায় অদ্বৈতবাদ থাকে না; উক্ত দুই শব্দের প্রতিপাদ্য অস্তিত্ব এক হইলে, 'সৎ আসীৎ' এই বাক্যে পুনরুক্তি দোষ ঘটে। (উত্তর) এরূপ বলিও না; অর্থাৎ এতাদৃশ পুনরুক্তি দোষাবহ নহে, এতাদৃশ

কল্পিত বলিবে কিরূপে? (যাহা যেরূপ নহে, তাহাকে সেইরূপে গ্রহণ করার নামই কল্পনা) সৎকে সৎরূপে গ্রহণকে কল্পনা বলা যায় না। ব্রহ্ম অসৎ অর্থাৎ কিছু নয় এমন হইলে, তাঁহাতে ভ্রম হইতেই পারে না, আধারশূন্য ভ্রম অসম্ভব; ব্রহ্মের নাম-রূপ কল্পনা ঈশ্বরসৃষ্ট কোন পদার্থ অবলম্বন করিয়াও হইতে পারে না; কেন না সেই কাল্পনিক পদার্থকে অবলম্বন করিয়াই জগতের সৃষ্টি; সুতরাং জগতের পূর্ব্বে ব্রহ্মের নাম-রূপ কল্পনা বলিতে হয়; এমত অবস্থায়

ইত্যাদিবাসনাবিষ্টং প্রত্যাসীৎ সদিতীরণম্ ॥ ৩৭ ॥
কালাভাবে পরেত্যুক্তিঃ কালবাসনয়া যুতম্।
শিষ্যং প্রত্যেব তেনাত্র দ্বিতীয়ং ন হি শঙ্ক্যতে ॥ ৩৮ ॥
চোদ্যং বা পরিহারো বা ক্রিয়তাং দ্বৈতভাষয়া।

---

দ্বিতীয়ং পক্ষমাদায় পরিহরতি মৈবমিতি। পুনরুক্তিদোষস্য কঃ পরিহার ইত্যাশঙ্ক্যাহ লোক ইতি। লোকে এবংবিধেষু প্রয়োগেষু পুনরুক্ত্যভাবঃ কুত্র দৃষ্ট ইত্যাশঙ্ক্যাহ কর্ত্তব্যমিতি। ভবত্বেবং লোকে, শ্রুতৌ কিমায়াতমিত্যত আহ ইত্যাদীতি ॥ ৩৬।৩৭ ॥

নম্বদ্বিতীয়ে বস্তুনি ভূতকালাভাবাৎ অগ্র আসীদিত্যুক্তিরনুপপন্নেত্যাশঙ্ক্যাহ কালাভাবে পুরেত্যুক্তিরিতি। নন্বু জগদুৎপত্তেঃ পুরা জগদভাবেন সদ্বিতীয়ত্বং ব্রহ্মণঃ ইত্যাশঙ্ক্য শ্রুতিপ্রবৃত্তের্দ্বৈতবাসনাবিশিষ্টশ্রোতৃপ্রবোধনার্থত্বাৎ নাতিশঙ্কনীয়ম্ ইত্যাহ তেনেতি ॥ ৩৮ ॥

---

পুনরুক্তি লোকে প্রচলিত দেখা যায় ( যথা ) 'কর্ম্ম করিতেছে' 'বাক্যে বলিতেছে' 'ধারণীয় স্তব্র ধারণ' ইত্যাদিরূপ পুনরুক্তি-শব্দোচ্চারণ-বাসনাগ্রস্ত শিষ্য উদ্দেশেই 'সৎ আসীৎ' এই বাক্য প্রযুক্ত হইয়াছে। ৩৬।৩৭

কাল না থাকিলেও অদ্বৈতভাববোধক শ্রুতির মধ্যে পূর্ব্বকালবোধক শব্দের ব্যবহার, কালের অস্তিত্বাভিমানী শিষ্যকে লক্ষ্য করিয়াই হইয়াছে; অতএব দ্বিতীয় বস্তুর অস্তিত্ব-শঙ্কা নাই। ৩৮

---

তাৎপর্য্য।

যেমন 'শূন্যমাসীৎ' বলা যায় না, সেইরূপ 'সৎআসীৎও' বলা যায় না; কেন যে বলা যায় না, তাহা অনুবাদে কথিত হইয়াছে। তাহার উপর এই লোকসমাজে কতিপয় পুনরুক্ত শব্দ ব্যবহৃত আছে, তদনুসারে শ্রুতিতেও পুনরুক্ত শব্দের প্রয়োগ হইয়াছে; প্রচলিত পুনরুক্তি দোষাবহ নহে। ৩৬।৩৭

একমাত্র ব্রহ্মই সৎ, আর সমস্তই অসৎ; কালও অসৎ; ইহাই বেদান্তের উপদেশ; কিন্তু উপদেশক বেদান্তের মধ্যেও "সদেব—অগ্র আসীৎ" 'অগ্রে' এই পূর্ব্বকালবাচক শব্দ এবং আসীৎ এই পূর্ব্বকালবোধক বিভক্তি দ্বারা সৃষ্টির পূর্ব্বে কালের সত্তা সূচিত হইতেছে; সুতরাং অদ্বৈতভাব থাকিল না। এই পূর্ব্বপক্ষের উত্তরের জন্যই এই শ্লোকের অবতারণা। ৩৮

অদ্বৈতভাষয়া চোদ্যং নাস্তি নাপি তদুত্তরম্ ॥ ৩৯ ॥
তদা স্তিমিতগম্ভীরং ন তেজো ন তমস্ততম্।
অনাখ্যমনভিব্যক্তং সৎ কিঞ্চিদবশিষ্যতে ॥ ৪০ ॥
নন্বু ভূম্যাদিকং মা ভূৎ পরমাণ্বন্তনাশতঃ।
কথন্তে বিয়তোঽসত্বং বুদ্ধিমারোহতীতি চেৎ ॥ ৪১ ॥
অত্যন্তং নির্জ্জগদ্ব্যোম যথা তে বুদ্ধিমাশ্রিতম্।
তথৈব সন্নিরাকাশং কুতো নাশ্রয়তে মতিম্ ॥ ৪২ ॥

ইদানীং সিদ্ধান্তরহস্যমাহ চোদ্যং বেতি। ব্যবহারদশায়াং চোদ্যাদি কর্ত্তব্যং পরমার্থতস্ত্বদ্বৈতমেব তত্ত্বমিত্যর্থঃ ॥ ৩৯ ॥

পরমার্থতো দ্বৈতাভাবে শ্রুতিং প্রমাণয়তি তদা স্তিমিতেতি। স্তিমিতং নিশ্চলং গম্ভীরং দুরবগাহং মনসা বিষয়ীকর্ত্তুমশক্যং ন তেজস্তেজস্থানধিকরণং ন তমস্তমসো বিলক্ষণমনাবরণস্বভাবং ততং ব্যাপ্তম্ অনাখ্যমাখ্যাতুমশক্যম্ অনভিব্যক্তং চক্ষুরাদিভিরপ্যবিষয়ীকৃতং সৎ শূন্যবিলক্ষণম্ অতএব কিঞ্চিদিদন্তয়া নির্দ্দেষ্টুমশক্যম্ অবশিষ্যতে দ্বৈতনিষেধাবধিত্বেনাবতিষ্ঠত ইত্যর্থঃ ॥ ৪০ ॥

নন্বনিয়মেনানিত্যস্য ভূম্যাদেরসত্বমস্তু নিত্যস্যাকাশস্যাসত্বং কথমঙ্গীক্রিয়তে ইত্যাশঙ্কতে নন্বু ভূম্যাদিকমিতি ॥ ৪১ ॥

দৃষ্টান্তাবষ্টম্ভেন পরিহরতি অত্যন্তং নির্জ্জগদ্ব্যোমেতি। অত্যন্তং নির্জ্জগজ্জগদাকাররহিতমিত্যর্থঃ ॥ ৪২ ॥

ব্যবহারকালে দ্বৈতপক্ষে পূর্ব্বপক্ষ বা তাহার সিদ্ধান্ত যাহা কিছু বলা যায়, সকলই সম্ভব হয়; কিন্তু পরমার্থভাবে অদ্বৈতপক্ষে দ্বৈত ব্যবহারের অভাব হেতু পূর্ব্বপক্ষ বা তাহার সিদ্ধান্ত কিছুই সম্ভব হয় না। ৩৯

এই জগৎ উৎপত্তির পূর্ব্বে অচল, নিস্তব্ধ, গম্ভীর, বাক্য-মনের অগোচর, সর্ব্বব্যাপী, এবং সর্ব্বদা সমান এক সৎ মাত্র ছিলেন। তিনি তেজঃ নহেন এবং তমঃ নহেন। ৪০

(পূর্ব্বপক্ষ।) পৃথিবী প্রভৃতি ভূতচতুষ্টয় না থাকিলেও আকাশের তাৎকালিক অসত্তা, বুদ্ধির বিষয় হয় কিরূপে? ইহা বল।

(তাহার উত্তর যথা—) একেবারেই পৃথিব্যাদি বস্তুর অভাব হইলে জগৎ-শূন্য আকাশকে তুমি যে প্রকারে বুদ্ধিতে ধারণ কর, তদ্রূপ আকাশেরও নাশ হইলে আকাশ হীন বা আকাশভিন্ন কেবল নিত্য সৎমাত্র ব্রহ্মবস্তু বুদ্ধির

নির্জ্জগদ্ব্যোম দৃষ্টঞ্চেৎ প্রকাশতমসী বিনা।
ক্ব দৃষ্টং কিঞ্চ তে পক্ষে ন প্রত্যক্ষং বিয়ৎ খলু॥ ৪৩॥
সদ্বস্তু শুদ্ধন্ত্বস্মাভির্নিশ্চিতৈরনুভূয়তে।
তূষ্ণীং স্থিতৌ ন শূন্যত্বং শূন্যবুদ্ধেস্তু বর্জ্জনাৎ॥ ৪৪॥
সদ্বুদ্ধিরপি চেন্নাস্তি মাস্ত্বস্য স্বপ্রভত্বতঃ।
নির্ম্মনস্কত্বসাক্ষিত্বাৎ সন্মাত্রং সুগমং নৃণাম্॥ ৪৫॥

---

ন হি দৃষ্টেঽনুপপন্নমিতি ন্যায়মাশ্রিত্যাচোত্তরতি নির্জ্জগদ্ব্যোমেতি। দর্শনমেবাসিদ্ধমিতি পরিহরতি প্রকাশতমসী বিনা ক্ব দৃষ্টমিতি। অপসিদ্ধান্তোঽপি ইত্যাহ কিঞ্চেতি॥ ৪৩॥

ননু দর্শনাভাবঃ সদ্বস্তুন্যপি সমান ইত্যাশঙ্ক্য সতঃ সর্ব্বানুভবসিদ্ধত্বাৎ মৈবমিত্যাহ সদ্বস্তু শুদ্ধমিতি। ননু তূষ্ণীম্ভাবে শূন্যমেব ইতরস্য কস্যাপি প্রতীত্যভাবাৎ ইত্যাশঙ্ক্য শূন্যস্যাপি প্রতীত্যভাবাৎ শূন্যমপি ন সম্ভবতীত্যাহ ন শূন্যত্বমিতি। ননু তর্হি সদ্বুদ্ধ্যভাবাৎ সত্বমপি ন ঘটত ইতি শঙ্ক্যতে সদ্বুদ্ধিরপীতি। তস্য স্বপ্রকাশত্বাৎ ন তদ্বুদ্ধ্যভাবোঽনিষ্ট ইতি পরিহরতি মাস্ত্বস্যেতি। ননু মনোগোচরবুদ্ধ্যভাবে কথং সদ্বস্তু অবগন্তুং শক্যত ইত্যত আহ নির্ম্মনস্ক ইতি॥ ৪৪।৪৫

---

বিষয় না হইবে কেন? (অন্য বস্তু সৎ হইলেই আকাশের অসত্তা বুঝিতে পারা যায়।) ৪১।৪২

যদি বল, জগৎশূন্য আকাশকে প্রত্যক্ষ দেখা যায়,—অতএব প্রত্যক্ষদৃষ্ট বিষয়ে অনুপপত্তি নাই, তবে বল দেখি প্রকাশ বা অন্ধকার ভিন্ন স্বতন্ত্র আকাশ কোথায় তুমি দেখিয়াছ, পরন্তু তোমার মতে আকাশ প্রত্যক্ষ পদার্থও নহে। ৪৩

আমরা তূষ্ণীভূত হইয়া নিশ্চয়প্রবণ হইলে শুদ্ধ সদ্বস্তু অনুভব করিতে পারি, শূন্যত্ব অনুভূত হয় না, কেন না শূন্যের প্রতীতি অসম্ভব। যদি বল, সদ্বস্তুর প্রতীতিও হয় না; (কেন না সদ্বস্তু ও তাহার প্রতীতি দুইটী বস্তু থাকিলে অদ্বৈতভাব থাকে না) তাহার উত্তর এই যে, না হয় না হউক, সদ্বস্তু

---

তাৎপর্য্য।

শূন্যাকার আকাশ ত প্রত্যক্ষীভূত হইয়া থাকে, তাহার সহিত পৃথিবী প্রভৃতির প্রত্যক্ষ হয় না; এই কথার উত্তর এই যে, অন্ধকার বা আলোকেরই প্রত্যক্ষ হয়, আকাশের প্রত্যক্ষ হয় না। ৪৩

মনোজৃম্ভণরাহিত্যে যথা সাক্ষী নিরাকুলঃ।
মায়াজৃম্ভণতঃ পূর্ব্বং সৎ তথৈব নিরাকুলম্ ॥ ৪৬ ॥
নিস্তত্ত্বা কার্য্যগম্যাস্য শক্তির্মায়াগ্নিশক্তিবৎ।
ন হি শক্তিঃ ক্বচিৎ কৈশ্চিৎ বুধ্যতে কার্য্যতঃ পুরা ॥ ৪৭ ॥
ন সদ্বস্তু সতঃ শক্তির্ন হি বহ্নেঃ স্বশক্তিতা।
সদ্বিলক্ষণতায়াস্তু শক্তেঃ কিং তত্ত্বমুচ্যতাম্ ॥ ৪৮ ॥
শূন্যত্বমিতি চেৎ শূন্যং মায়াকার্য্যমিতীরিতম্।

---

এবং নিষ্প্রপঞ্চস্য সাক্ষিণস্তূষ্ণীং স্থিতৌ ভানং প্রদর্শ্য এতদ্দৃষ্টান্তবলেন সৃষ্টেঃ পুরাপি সদ্বস্তু তথাবগন্তুং শক্যত ইত্যাহ মনোজৃম্ভণরাহিত্যে ইতি ॥ ৪৬ ॥

মায়ায়াঃ কিং লক্ষণমিত্যত আহ নিস্তত্ত্বেতি। নিস্তত্ত্বা জগৎকারণভূতাৎ সদ্বস্তুনঃ পৃথক্সত্ত্বরহিতা কার্য্যগম্যা বিয়দাদিকার্য্যলিঙ্গগম্যা অস্য সদ্বস্তুনঃ শক্তির্বিয়দাদিকার্য্যজননসামর্থ্যং মায়েত্যুচ্যতে। বস্তুস্বরূপাতিরিক্তশক্তিসদ্ভাবে দৃষ্টান্তমাহ অগ্নিশক্তিবদিতি। যথা অগ্ন্যাদিস্বরূপাতিরিক্তং স্ফোটাদিকার্য্যলিঙ্গগম্যবহ্ন্যাদিনিষ্ঠং সামর্থ্যমস্তি তদ্বদিত্যর্থঃ। শক্তেঃ কার্য্যলিঙ্গগম্যত্বং ব্যতিরেকমুখেন দ্রঢ়য়তি ন হি শক্তিরিতি ॥ ৪৭ ॥

এবং শক্তেঃ কার্য্যলিঙ্গগম্যত্বমুপপাদ্য নিস্তত্ত্বরূপতামুপপাদয়তি ন সদ্বস্তু সতঃ শক্তিরিতি। অয়মভিপ্রায়ঃ—সদ্বস্তুনঃ শক্তিঃ কিং সতী উতাসতী, ন তাবৎ সতী তথাত্বে সতোঽভিন্নত্বেন তচ্ছক্তিত্বাযোগাৎ। উক্তার্থে দৃষ্টান্তমাহ ন হি বহ্নেঃ স্বশক্তিতেতি। দ্বিতীয়েঽপি কিং

---

স্বপ্রকাশ, নিশ্চিন্ত-অবস্থায় সাক্ষিস্বরূপে কেবল সৎস্বরূপ, সকলেরই পক্ষে তিনি অনায়াসে প্রকাশ প্রাপ্ত হন। ৪৪।৪৫

মনের সঙ্কল্পাদির অভাবে অর্থাৎ তুষ্ণীম্ভাবে স্থিতিকালে যেমন সাক্ষী আত্মা অব্যাকুলভাবে অবস্থিত হন, তদ্রূপ মায়াব্যাপারের পূর্ব্বে অর্থাৎ জগৎ-উৎপত্তির পূর্ব্বে ব্রহ্ম অবিক্ষিপ্ত ভাবে থাকেন। ৪৬

এই সদ্বস্তুর শক্তি মায়া; মায়ার পৃথক্ সত্তা নাই, সৃষ্টি প্রভৃতি কার্য্য দেখিয়া মায়াশক্তির অনুমান করিতে হয়, যথা অগ্নির (দাহিকা) শক্তি। কার্য্য জন্মিবার পূর্ব্বে কেহ কখন শক্তিকে জানিতে পারে না। ৪৭

পরমা শক্তি মায়াকে পরব্রহ্মের স্বরূপ বলা যায় না, যেহেতু আপনিই আপনার শক্তি ইহা বলা অসঙ্গত হয়; যেমন অগ্নির দাহিকা শক্তিকে অগ্নির স্বরূপ বলা যায় না। আর যদি শক্তিকে পরমাত্মা হইতে অতিরিক্ত বস্তু বলিয়া

ন শূন্যং নাপি সদ্‌যাদৃক্ তাদৃক্ তত্ত্বমিহেষ্যতাম্ ॥ ৪৯ ॥
নাসদাসীন্নো সদাসীৎ তদানীং কিন্ত্বভূৎ তমঃ।
সদ্‌যোগাৎ তমসঃ সত্ত্বং ন স্বতস্তন্নিষেধনাৎ ॥ ৫০ ॥
অতএব দ্বিতীয়ত্বং শূন্যবন্ন হি গণ্যতে।
ন লোকে চৈত্রতচ্ছক্ত্যোর্জীবিতং গণ্যতে পৃথক্ ॥ ৫১ ॥
শক্ত্যাধিক্যে জীবিতঞ্চেদ্ বর্দ্ধতে তত্র বৃদ্ধিকৃৎ।
ন শক্তিঃ কিন্তু তৎকার্য্যং যুদ্ধকৃষ্যাদিকন্তথা ॥ ৫২ ॥

---

নরবিষাণতুল্যা উত সদ্বিলক্ষণেতি বিকল্পাভিপ্রায়েণ পৃচ্ছতি সদ্বিলক্ষণতায়াস্থিতি। তত্রাদ্যং পক্ষমনূদ্য দূষয়তি শূন্যত্বমিতি। শূন্যস্য নামরূপে চ তথা চেজ্জীব্যতাং চিন্নমিত্যস্যেত্যর্থঃ তস্মাৎ দ্বিতীয়ঃ পক্ষঃ পরিশিষ্যত ইত্যাহ ন শূন্যমিতি। মায়ারূপং সত্ত্বাসত্ত্বাভ্যাং নির্ব্বাচনানর্হমিত্যভিপ্রায়ঃ ॥ ৪৮ ৪৯ ॥

অস্মিন্নর্থে শ্রুতিং প্রমাণয়তি নাসদাসীদিতি। তম আসীত্তমসা গূঢ়মিত্যাদিশ্রুতিঃ প্রমাণমিত্যর্থঃ। তর্হি তম আসীদিতি কথং সত্ত্বমুচ্যত ইত্যত আহ সদ্‌যোগাদিতি। কুত ইত্যত আহ তন্নিষেধনাদিতি। ফলিতমাহ অতএবেতি, যতঃ স্বতঃ সত্ত্বং মায়ায়া নাস্তি অতএব শূন্যস্যেব মায়ায়া অপি দ্বিতীয়ত্বং ন হি গণ্যতে নৈবাঙ্গীক্রিয়ত ইত্যর্থঃ। অনৃতস্য দ্বিতীয়ত্বানঙ্গীকারে দৃষ্টান্তমাহ ন লোক ইতি ॥ ৫০।৫১ ॥

ননু শক্ত্যাধিক্যে জীবিতাধিক্যং দৃশ্যতে অতঃ শক্তেরপি পৃথক্ জীবিতমস্তীতি

---

স্বীকার করা যায়, তবে তাহার যথার্থ স্বরূপ কি তাহা বলিতে হয়; শূন্য তাহার স্বরূপ ইহা বলিতে পারা যায় না, যেহেতু শূন্যকে (অর্থাৎ আকাশকে) মায়ার কার্য্যরূপে স্বীকার করা গিয়াছে, অতএব মায়ার সৎ হইতে অতিরিক্ত ও শূন্য হইতে বিভিন্ন এই অনির্ব্বচনীয় স্বরূপ স্বীকার করিতে হয়। ৪৮।৪৯

এই জগৎ উৎপত্তির পূর্ব্বে অসৎ ছিল না এবং পৃথক্ সত্তাবিশিষ্টও ছিল না কিন্তু তৎকালে তমঃশব্দবাচ্য পরমাত্মশক্তি স্বরূপ মায়ারূপে ছিল, মায়ারও সত্তা পৃথক্ নহে, যেহেতু বেদে দ্বিতীয় বস্তুর সত্তা প্রতিষিদ্ধ হইয়াছে। সুতরাং পরব্রহ্মের সত্তাসম্বন্ধেই তাহার সত্তা। অতএব শূন্যের ন্যায় মায়ারও দ্বিতীয়ত্ব নাই। (আরো দেখ) বস্তু এবং তাহার শক্তি এতদুভয়ের পৃথক্ জীবন গণনা লোকপ্রচলিতও নহে। ৫০।৫১

যদি বল, শক্তির আধিক্য হইলে পরমায়ুর বৃদ্ধি হয়, অতএব শক্তির পৃথক্

সর্ব্বথা শক্তিমাত্রস্য ন পৃথক্ গণনা ক্বচিৎ।
শক্তিকার্য্যন্তু নৈবাস্তি দ্বিতীয়ং শঙ্ক্যতে কথম্ ॥ ৫৩ ॥
ন কৃৎস্নব্রহ্মবৃত্তিঃ সা শক্তিঃ কিন্ত্বেকদেশভাক্।
ঘটশক্তির্যথা ভূমৌ স্নিগ্ধমৃদ্যেব বর্ত্ততে ॥ ৫৪ ॥
পাদোঽস্য বিশ্বা ভূতানি ত্রিপাদস্তি স্বয়ং প্রভুঃ।
ইত্যেকদেশবৃত্তিত্বং মায়ায়া বদতি শ্রুতিঃ ॥ ৫৫ ॥
বিষ্টভ্যাহমিদং কৃৎস্নমেকাংশেন স্থিতো জগৎ।
ইতি কৃষ্ণোঽর্জ্জুনায়াহ জগতস্ত্বেকদেশতাম্ ॥ ৫৬ ॥

---

মন্বতে শক্ত্যাধিক্য ইতি। ন শক্তির্জীবিতবর্দ্ধনে কারণম্ অপি তু তৎকার্য্যং যুদ্ধকৃষ্যাদীতি পরিহরতি অত্র বৃদ্ধিরুদিতি। দার্ষ্টান্তিকে যোজয়তি তথা সর্ব্বথেতি। মা ভূৎ শক্ত্যাঃ সদ্বিতীয়ত্বং সতঃ অপি তু তৎকার্য্যেণ তৎ প্রভবত্বোবেত্যাশঙ্ক্য তস্য তদানীমসত্ত্বাৎ তেনাপি ন সদ্বিতীয়ত্বমিত্যাহ শক্তিকার্য্যমিতি ॥ ৫২। ৫৩ ॥

ননু শক্তিঃ সতি ব্রহ্মণি সর্বত্র বর্ত্ততে উতৈকদেশে? নাদ্যঃ, মুক্তেঃ প্রাপ্যব্রহ্মাভাবপ্রসঙ্গাৎ। ন দ্বিতীয়ঃ, নিরংশত্বেন বিরোধিত্বাদিত্যাশঙ্ক্যাদ্যানঙ্গীকারেণ দ্বিতীয়ে পরিহারো বক্ষ্যতে ইত্যভিপ্রায়েণাহ ন কৃৎস্নেতি। একদেশবৃত্তৌ দৃষ্টান্তমাহ ঘটশক্তিরিতি। শক্তেরেকদেশবৃত্তিত্বে প্রমাণমাহ পাদোঽস্যেতি। ন কেবলং শ্রুতিরেব স্মৃতিরপ্যস্তীত্যাহ বিষ্টভ্যাহমিতি ॥ ৫৪—৫৬ ॥

---

সত্তা স্বীকার করি, তাহাতে সিদ্ধান্ত এই, শক্তি কারণ নহে; কিন্তু শক্তির কার্য্য যুদ্ধ কৃষ্যাদি কর্ম্মই তাহার কারণ, অতএব শক্তির যে পৃথক্ সত্তা নাই, ইহা সর্ব্বপ্রকারে সিদ্ধ হইল। সৃষ্টির পূর্ব্বকালে ত শক্তিকার্য্য ছিল না, সুতরাং দ্বিতীয়ত্বের শঙ্কা কিরূপে হইবে? ৫২।৫৩

সেই পূর্ব্বোক্ত শক্তি সম্পূর্ণ ব্রহ্মব্যাপী নহে,কিন্তু একদেশব্যাপী; যেমন ঘট-শরাবাদিজননশক্তি পৃথিবীর সর্ব্বাবয়বে নাই, কেবল আর্দ্রমৃত্তিকাতেই তৎশক্তি অবস্থিত। এই পরমাত্মার একপাদ সর্ব্বভূতে ব্যাপ্ত এবং তিনপাদ নিত্য শুদ্ধ মুক্ত স্বয়ম্প্রকাশস্বরূপ। মায়া যে ব্রহ্মের একদেশবৃত্তি, তাহা শ্রুতি প্রকাশ করিয়াছেন, এবং জগৎ যে ব্রহ্মের একদেশে অবস্থিত, তাহা ভগবান্ শ্রীকৃষ্ণ অর্জ্জুনকে উপদেশ করিয়াছেন; যথা—আমি কিয়দংশ দ্বারা এই সমুদায় জগৎকে ব্যাপিয়া অবস্থিতি করিতেছি। ৫৪—৫৬।

স ভূমিং সর্ব্বতো বৃত্বা অত্যতিষ্ঠদ্দশাঙ্গুলম্‌।
বিকারাবর্ত্তি চাত্রাস্তি শ্রুতিসূত্রকৃতোর্ব্বচঃ ॥ ৫৭ ॥
নিরংশেঽপ্যংশমারোপ্য কৃৎস্নেঽংশে বেতি পৃচ্ছতঃ।
তদ্ভাষয়োত্তরং ব্রূতে শ্রুতিঃ শ্রোতুর্হিতৈষিণী ॥ ৫৮ ॥
সত্তত্ত্বমাশ্রিতা শক্তিঃ কল্পয়েৎ সতি বিক্রিয়াঃ।
বর্ণা ভিত্তিগতা ভিত্তৌ চিত্রং নানাবিধং যথা ॥ ৫৯ ॥

ইদানীং নির্ম্মায়স্বরূপসদ্ভাবে প্রমাণমাহ স ভূমিমিতি। বিকারাবর্ত্তি চ তথা হি স্থিতিমাহেতি সূত্রকারবচনমিত্যর্থঃ ॥ ৫৭ ॥

তর্হি নিরংশত্ববিরোধ ইত্যস্য কঃ পরিহার ইত্যাশঙ্ক্য বাস্তবনিরংশত্বাভ্যুপগমান্ন বিরোধ-ইত্যভিপ্রায়েণোদাহৃতশ্রুত্যভিপ্রায়মাহ নিরংশেঽপ্যংশমিতি ॥ ৫৮ ॥

যদর্থং ব্রহ্মণি মায়া সমন্বিতা তদিদানীমাহ 'সত্তত্ত্বমিতি। বিক্রিয়াঃ বিবিধত্বেন ক্রিয়ন্তে

'তিনি" (পুরুষ) ব্রহ্মাণ্ডকে সর্ব্বতোভাবে আবৃত করিয়া ব্রহ্মাণ্ড বহির্ভাগেও অবস্থিতি করেন, (ব্রহ্মাণ্ডবহির্ভাগেই তিনি শুদ্ধ-বুদ্ধ-মুক্তরূপ) এই শ্রুতি আছে, সূত্রকারও বলিয়াছেন,—পরমেশ্বরস্বরূপ বিকার দ্বারা আবৃত নহে, অনাবৃত অংশও আছে। ৫৭।

শ্রোতা প্রশ্ন করিয়াছেন, শক্তি সম্পূর্ণ ব্রহ্মব্যাপিনী, না ব্রহ্মের একদেশ-ব্যাপিনী? শ্রুতি, সেই প্রশ্নকারী শ্রোতার হিতাভিলাষে নিরংশ (অখণ্ড) ব্রহ্মের অংশ আরোপ করিয়া তদীয় ভাষাবলম্বনেই ঐরূপ উত্তর দিয়াছেন ।৫৮

যেমন রং ভিত্তিকে (দেয়াল) আশ্রয় করিয়া তাহাতে বিবিধ চিত্রের সৃষ্টি

তাৎপর্য্য।

বস্তুতঃ ব্রহ্ম পূর্ণ, নিরবয়ব; সুতরাং তাঁহার অংশ নাই, একদেশ নাই, সুতরাং মায়াকে ব্রহ্মের একদেশব্যাপিনী বলা নিতান্ত অসঙ্গত। এই পূর্ব্ব-পক্ষের উত্তর এই যে, নিরংশ ব্রহ্মের অংশ আরোপ করিয়াই ঐরূপ কথা বলা হইয়াছে। ৫৮।

রজ্জুতে সর্পভ্রম হইলে, সর্পের যে অস্তিত্ব জ্ঞান হয় তাহা রজ্জুর অস্তিত্ব-মূলক। রজ্জুর অস্তিত্ব বা সত্তা ব্যতীত সর্পের অস্তিত্ব বা সত্তা স্বতন্ত্র নহে, এখানে রজ্জু অধিষ্ঠান, সর্প আরোপিত। সেইরূপ ব্রহ্মেই মায়াসৃষ্ট আকাশ-ভ্রম কল্পিত, ব্রহ্ম অধিষ্ঠান, আকাশ আরোপিত; আকাশের অস্তিত্বজ্ঞান

আদ্যো বিকার আকাশঃ সোঽবকাশস্বভাববান্।
আকাশোঽস্তীতি সত্ত্বমাকাশেঽপ্যনুগচ্ছতি ॥ ৬০ ॥
একস্বভাবং সত্তত্ত্বমাকাশো দ্বিস্বভাবকঃ।
নাবকাশঃ সতি ব্যোম্নি স চৈষোঽপি দ্বয়ং স্থিতম্ ॥ ৬১ ॥
যদ্বা প্রতিধ্বনির্ব্যোম্নো গুণো নাসৌ সতীক্ষ্যতে।
ব্যোম্নি দ্বৌ সদ্‌ধ্বনী তেন সদেকং দ্বিগুণং বিয়ৎ ॥ ৬২ ॥

---

ইতি বিক্রিয়াঃ কার্য্যবিশেষা ইত্যর্থঃ। তত্র দৃষ্টান্তমাহ বর্ণা ভিত্তিগতা ইতি। বর্ণা রক্তপীতাদয়ো ধাতুবিশেষাঃ ॥ ৫৯ ॥

তত্র প্রথমং কার্য্যবিশেষং দর্শয়তি আদ্যো বিকার ইতি। তৎস্বরূপমাহ সোঽবকাশস্বভাববানিতি। আকাশস্য ব্রহ্মকার্য্যত্বে হেতুমাহ আকাশোঽস্তীতি সত্ত্বমাকাশেঽপ্যনুগচ্ছতীতি ॥ ৬০ ॥

ততঃ কিমিত্যত আহ একস্বভাবমিতি। উক্তমর্থং বিশদয়তি নাবকাশ ইতি। সতি সত্তত্ত্বেঽবকাশো নাস্তি কিন্তু সৎস্বভাব এক এব, আকাশে তু স চ সৎস্বভাবশ্চ এষোঽপ্যবকাশস্বভাবোঽপীতি দ্বয়ং স্থিতং বিদ্যত ইত্যর্থঃ ॥ ৬১ ॥

সদাকাশয়োরেকদ্বিস্বভাবত্বং প্রকারান্তরেণ ব্যুৎপাদয়তি যদ্বা ইতি। প্রতিধ্বনির্ব্যোম্নো গুণঃ ইত্যুপপাদিতমধস্তাৎ। অসৌ প্রতিধ্বনিঃ সদ্বস্তুনি নেক্ষ্যতে নোপলভ্যতে ব্যোম্নি

---

করিয়া থাকে, তদ্রূপ মায়াশক্তি, সদ্‌বস্তু ব্রহ্মকে আশ্রয় করিয়া তাঁহাতেই নানাবিধ বিকার ( কার্য্য-পরম্পরা ) সৃষ্টি করিয়া থাকেন। ৫৯।

( মায়াশক্তি পরব্রহ্মে যে সকল বিকার সৃষ্টি করেন, তন্মধ্যে ) প্রথম বিকার ( কার্য্য ) আকাশ, আকাশের স্বরূপ অবকাশ—স্থান, আর আকাশের অস্তিত্ব ব্যবহার হইতে বুঝা যায় সদ্‌বস্তু পরব্রহ্মের সম্বন্ধও তাহাতে আছে। ৬০।

সৎ বস্তু ( ব্রহ্ম ) একস্বভাব অর্থাৎ সত্তামাত্রই তাঁহার স্বরূপ, আকাশের দুই রূপ; ব্রহ্মের অবকাশস্বরূপ নাই, আকাশে অবকাশ ও সত্তা এই দুই রূপ অবস্থিত। ৬১।

অথবা আকাশের গুণ প্রতিধ্বনি, এই প্রতিধ্বনিরূপ শব্দ ব্রহ্মে নাই,

---

তাৎপর্য্য।

সদ্‌বস্তুব্রহ্মসম্বন্ধ হইতেই উৎপন্ন, ব্রহ্মের একমাত্র সত্তা ব্যতীত, পৃথক্ সত্তা—আকাশে নাই। ৫৯।

যা শক্তিঃ কল্পয়েদ্ ব্যোম সা সদ্ব্যোম্নোরভিন্নতাম্।
আপাদ্য ধর্ম্মধর্ম্মিত্বং ব্যত্যয়েনাবকল্পয়েৎ ॥ ৬৩ ॥
সতো ব্যোমত্বমাপন্নং ব্যোম্নঃ সত্তান্তু লৌকিকাঃ।
তার্কিকাশ্চাবগচ্ছন্তি মায়ায়া উচিতং হি তৎ ॥ ৬৪ ॥

তু সদ্‌ধ্বনী সচ্ছব্দৌ উভাবপ্যুপলভ্যোতে তেন কারণেন সদেকম্ একস্বভাবং, বিয়ৎ দ্বিগুণ দ্বিস্বভাবকমিত্যর্থঃ ॥ ৬২ ॥

নন্ আকাশস্য সদ্‌ব্রহ্মকার্য্যত্বে আকাশস্য সত্বেতি সত আকাশধর্ম্মতা কুতঃ প্রতিভাতী-ত্যাশঙ্ক্যাহ যা শক্তিরিতি। যা মায়া সদ্বস্তুনি আকাশং কল্পয়তি সা প্রথমতঃ সদ্ব্যোম্নো-রভেদং কল্পয়তি পশ্চাৎ উক্তধর্ম্মধর্ম্মিভাবঞ্চ বৈপরীত্যেন কল্পয়তি অত আকাশস্য সত্বেতি ভানমুপপদ্যত ইত্যর্থঃ ॥ ৬৩ ॥

মায়য়া বৈপরীত্যং কথং কৃতম্ ইত্যাশঙ্ক্যাহ সতো ব্যোমত্বমিতি। বস্তুতত্ত্ববিচারে ক্রিয়মাণে মৃদো ঘটরূপত্বমিব সতো ব্যোমত্বমাপন্নং সদ্বস্তুন আকাশরূপত্বং প্রাপ্তং লৌকিকাঃ প্রাণিনঃ শাস্ত্রীয়েষু মধ্যে তার্কিকাশ্চ তদ্বৈপরীত্যেন ব্যোম্নো গগনস্য ধর্ম্মিণঃ সত্তাং সদ্রূপ-

( ব্রহ্মের কেবল সৎস্বরূপতা ) আকাশের অস্তিত্ব বা সত্তা এবং শব্দ এই দুই ধর্ম্ম উপলব্ধ হয়, অতএব সদ্‌বস্তু একস্বরূপ এবং আকাশ দ্বিস্বরূপ। ৬২।

যে মায়া শক্তি আকাশের কল্পনা ( সৃষ্টি ) করিয়াছেন, তিনিই সদ্বস্তু ও আকাশের অভিন্নতা কল্পনা করিয়া তদুভয়ের ধর্ম্মধর্ম্মিভাব বিপরীতক্রমে কল্পিত করিয়াছেন। ৬৩।

( যেমন মৃত্তিকার ঘটস্বরূপত্ব অথবা রজ্জুর সর্পস্বরূপত্ব সেইরূপ ) একমাত্র সৎ অর্থাৎ সত্য পরম ব্রহ্মের আকাশস্বরূপত্ব হইয়া থাকে, পরন্তু সাধারণ

তাৎপর্য্য।

যেমন অজ্ঞান বশতঃ রজ্জুতে সর্প কল্পিত হইলে সেই অজ্ঞান বশতঃ রজ্জু-রূপ ব্যাবহারিক সদ্বস্তুর সহিত সর্পের অভেদ কল্পিত হয় এবং সর্পের আশ্রয় রজ্জুর সত্তা সর্পে কল্পিত হইয়া থাকে, সুতরাং 'এই সর্প রহিয়াছে,' এইরূপ ভ্রম প্রতীতি হয়, সেইরূপ মায়ানামক অজ্ঞানের প্রভাবে ব্রহ্মেই আকাশ কল্পিত হয়, তাহার পর সেই ব্রহ্মরূপী সদ্বস্তুর সহিত আকাশের অভেদ কল্পিত হয়, অনন্তর আকাশের আশ্রয় ব্রহ্মের যে স্বরূপ ধর্ম্ম সত্তা, তাহা ব্রহ্মাশ্রিত আকাশে পরিকল্পিত হয়, এই জন্যই 'এই আকাশ আছে' এইরূপ ব্যবহার হইয়া থাকে। ৬৩।

যদ্ যথা বর্ত্ততে তস্য তথাত্বং ভাতি মানতঃ।
অন্যথাত্বং ভ্রমেণেতি ন্যায়োঽয়ং সার্ব্বলৌকিকঃ ॥ ৬৫ ॥
এবং শ্রুতিবিচারাৎ প্রাক্ যদ্ যথা বস্তু ভাসতে।
বিচারেণ বিপর্য্যেতি ততস্তচ্চিন্ত্যতাং বিয়ৎ ॥ ৬৬ ॥

---

সর্ব্বজাতিঞ্চ অবগচ্ছন্তি জানন্তি। ননু অন্যস্যান্যথা প্রতীতিরনুপপন্নেত্যাশঙ্ক্যাহ মায়ায়া উচিতং হি তৎ ইতি, তদ্বিপরীতদর্শনহেতুত্বং মায়ায়া যুক্তমিত্যর্থঃ ॥ ৬৪ ॥

মায়ায়া বিপরীতপ্রতীতিহেতুত্বং লৌকিকন্যায়প্রদর্শনেন স্পষ্টীকরোতি যদ্যথেতি। যচ্ছুক্ত্যাদি যথা যেন শুক্তিকাদিরূপেণ বর্ত্ততে তস্য তথাত্বম্ শুক্ত্যাদিরূপত্বং প্রমাণতঃ ভাতি স্ফুরতি অন্যথাত্বং রজতাদিরূপত্বং তদ্ভ্রমেণ ভ্রান্ত্যা প্রতিভাতীত্যয়ং ন্যায়ঃ সার্ব্বলৌকিকঃ সর্ব্বলোকপ্রসিদ্ধ ইত্যর্থঃ ॥ ৬৫ ॥

এবং ভ্রান্ত্যা বিপরীতপ্রতিভানং দর্শয়িত্বা তন্নিবৃত্ত্যুপায়মাহ এবং শ্রুতিবিচারাদিতি। এবমুক্তেন প্রকারেণ শ্রুতিবিচারাৎ প্রাক্ শ্রুত্যর্থবিচারাৎ পূর্ব্বং যদ্বস্তু যৎ সদ্রূপং ব্রহ্ম ভ্রান্ত্যা যেন গগনাদিরূপেণ বর্ত্ততে তৎ শ্রুত্যর্থপর্য্যালোচনেন বিপর্য্যেতি গগনাদিভাবং পরিত্যজ্য সদ্রূপং ব্রহ্মৈব ভবতি ততঃ শ্রুতিবিচারেণ বস্তুযাথাত্ম্যদর্শনসম্ভবাৎ তদ্বিয়চ্চিন্ত্যতাং বিচার্য্যতামিত্যর্থঃ ॥ ৬৬ ॥

---

লোকে এমন কি তর্কশাস্ত্রপরায়ণ পণ্ডিতেরাও আকাশের সৎস্বরূপত্ব জ্ঞান করেন, ইহাই ত মায়ার উপযুক্ত কার্য্য। ৬৪।

যে বস্তু যেরূপে অবস্থিত, প্রমাণসাহায্যে সেই বস্তু সেইরূপেই পরিজ্ঞাত হইয়া থাকে, অন্যরূপে পরিজ্ঞানই ভ্রম, এই যে ন্যায়, ইহা সর্ব্বলোকে প্রসিদ্ধ। ৬৫।

বেদবিচারের পূর্ব্বে যে বস্তু যেরূপেই প্রতিভাত হউক না, বেদবিচারের পরে তাহার বৈপরীত্য ঘটে ; অতএব এক্ষণে আকাশের স্বরূপ চিন্তা কর।৬৬

---

তাৎপর্য্য।

বেদের মর্ম্ম যে পর্য্যন্ত উপলব্ধ না হয়, সেই পর্য্যন্ত ব্রহ্মকেই আকাশ বায়ু ইত্যাদিরূপে গ্রহণ করা হয়, বেদের মর্ম্ম উপলব্ধি হইলে, ব্রহ্ম, স্বরূপেই প্রতিভাত হ'ন, আকাশ বায়ু ইত্যাদিরূপে ব্রহ্মকে গ্রহণ করিতে হয় না। অতএব আকাশাদি অসত্য. ব্রহ্মই সত্য। ৬৬।

ভিন্নে বিয়ৎসতী শব্দ-ভেদাদ্ বুদ্ধেশ্চ ভেদতঃ।
বায়্বাদিষ্বনুবৃত্তং সৎ ন তু ব্যোমেতি ভেদধীঃ ॥ ৬৭ ॥
সদ্বস্ত্বধিকবৃত্তিত্বাৎ ধর্ম্মি ব্যোমস্তু ধর্ম্মতা।
ধিয়া সতঃ পৃথক্কারে ব্রূহি ব্যোম কিমাত্মকম্ ॥ ৬৮ ॥
অবকাশাত্মকং তচ্চেদসৎ তদিতি চিন্ত্যতাম্।

---

বিচারস্বরূপমেব দর্শয়তি ভিন্নে ইতি। ভিন্নে ইতি প্রতিজ্ঞার্থে হেতুমাহ শব্দ-ভেদাদিতি। বিয়ৎসচ্ছব্দয়োরপর্য্যায়ত্বাদিত্যর্থঃ। হেত্বন্তরমাহ বুদ্ধেশ্চ ভেদত ইতি। তমেব হেতুং বিশদয়তি বায়্বাদিষ্বিতি। সত্ত্বাদিষু ভূতেষু সন্ বায়ুঃ সন্তেজ ইত্যেবং প্রকারেণানুবৃত্তং ভাসতে ব্যোম তু নৈবং ভাসতে ইতি যজ্জ্ঞানং সা ভেদধীর্ভেদ-বুদ্ধিরিত্যর্থঃ ॥ ৬৭ ॥

এবং সদাকাশয়োর্ভেদং প্রসাধ্য ব্যোম্নঃ সত্ত্বেতি ভ্রান্ত্যা প্রতীতস্য ধর্ম্মিধর্ম্মভাবস্য বিচারেণ ব্যত্যয়ং দর্শয়তি সদ্বস্ত্বধিকবৃত্তিত্বাদিতি। রূপরসাদিষ্বনুবৃত্তস্য দ্রব্যস্যেবাকাশ-বায়্বাদিষ্বনুবৃত্তস্য সতো ধর্ম্মিত্বং রসাদিভ্যো ব্যাবৃত্তস্য রূপস্যেব বায়্বাদিভ্যো ব্যাবৃত্তস্য নভসো ধর্ম্মিত্বমিত্যর্থঃ। ননু তর্হি ঘটাভিন্নস্য রূপস্য যথা বাস্তবত্বং তথা সতো ভিন্নস্য নভসোঽপি স্যাদিত্যাশঙ্ক্য সদ্ব্যতিরিক্তস্য নভসো দুর্নিরূপত্বাৎ নৈবমিত্যাহ ধিয়া সত ইতি ॥ ৬৮ ॥

দুর্নিরূপত্বমসিদ্ধমিতি শঙ্কতে অবকাশাত্মকমিতি। তর্হি সতো বিলক্ষণত্বাদসদেব

---

আকাশ পদার্থ ও সৎ পদার্থ পরস্পর ভিন্ন; কেননা আকাশবাচক শব্দ ও সদ্বাচক শব্দ এক নহে, তদুভয়ের প্রতীতিও এক নহে। বায়ু প্রভৃতিতেও সৎস্বরূপের সমাবেশ বা অনুবৃত্তি আছে; কিন্তু আকাশের সমাবেশ বা অনুবৃত্তি তাহাতে নাই। (সৎ ও আকাশ এক বস্তু হইলে, যেমন 'বায়ুঃ অস্তি' ব্যবহার হয়, সেইরূপ 'বায়ুঃ আকাশম্' এইরূপ ব্যবহার হইত) অত-এব তদুভয়ের ভেদপ্রতীতি হইয়া থাকে। ৬৭।

যাহা যদপেক্ষা অধিক দেশে থাকে, তাহা তাহার ধর্ম্ম হইতে পারে না, কিন্তু ধর্ম্মী—আশ্রয় হইতে পারে, ব্রহ্মস্বরূপ সদ্বস্তু অধিক দেশে থাকেন বলিয়া, তিনিই ধর্ম্মী—এবং আকাশ ধর্ম্ম। (এখন) সদ্বস্তুকে পৃথক্ জ্ঞান করিলে, আকাশের স্বরূপ কি থাকে, তাহা বল অর্থাৎ কিছুই থাকে না। ৬৮।

যদি বল, আকাশের অবকাশস্বরূপ থাকে, তাহা হইলেও মনে কর, তাহা অসৎ। কেননা, যাহা সৎ নহে তাহাকে অসৎও নহে বলিলে তোমার পক্ষে

ভিন্নং সতোঽসচ্চ নেতি বক্ষি চেদ্ ব্যাহতিস্তব ॥ ৬৯ ॥
ভাতীতি চেদ্ভাতু নাম ভূষণং মায়িকস্য তৎ।
যদসদ্ভাসমানন্তন্মিথ্যা স্বপ্নগজাদিবৎ ॥ ৭০ ॥
জাতিব্যক্তী দেহিদেহৌ গুণদ্রব্যে যথা পৃথক্।
বিয়ৎসতোস্তথৈবাস্তু পার্থক্যং কোঽত্র বিস্ময়ঃ ॥ ৭১ ॥
বুদ্ধোঽপি ভেদো নো চিত্তে নিরূঢ়িং যাতি চেত্তদা।
অনৈকাগ্র্যাৎ সংশয়াদ্বা রূঢ্যভাবোঽস্য তে বদ ॥ ৭২ ॥

---

স্যাদিতি পরিহরতি অসদিতি। সতো বিলক্ষণস্যাসত্বং নাস্তীতি বদতো দোষমাহ ভিন্নমিতি ॥ ৬৯ ॥

অসত্ত্বে ভানং ন স্যাদিত্যাশঙ্ক্য তুচ্ছবিলক্ষণত্বাদ্ভানং ন বিরুধ্যতে ইত্যাহ ভাতীতি চেদিতি। অবিরোধং দর্শয়িতুং মিথ্যাবস্তুনো লক্ষণং সদৃষ্টান্তমাহ যদসদ্ভাসমানমিতি। যদ্বস্তু স্বরূপেণাবিদ্যমানমপি ভাসতে তৎ স্বপ্নগজাদিবন্মিথ্যা ইত্যর্থঃ ॥ ৭০ ॥

ননু নিয়মেন সহোপলভ্যমানয়োর্ভেদো ন দৃষ্টচর ইত্যাশঙ্ক্যাহ জাতিব্যক্তী ইতি ॥ ৭১ ॥

ভেদো যদ্যপি বুধ্যতে তথাপি নিশ্চিতো ন ভবতীতি শঙ্কতে বুদ্ধোঽপীতি। তৎপরিহারং বক্তুং নিশ্চয়াভাবে কারণং পৃচ্ছতি অনৈকাগ্র্যাদিতি ॥ ৭২ ॥

---

ব্যাঘাত দোষ হয়, অর্থাৎ ন সৎ অসৎ, যাহা সৎনহে, তাহাই অসৎ, সৎও নহে অসৎও নহে এমন বস্তুই তোমার মতে থাকিতে পারে না। ৬৯।

যদি বল, আকাশের উপলব্ধি হয়, (সুতরাং আকাশকে অসৎ বলা যাইবে কিরূপে?) তাহা হউক, মায়া-কল্পিত পদার্থের উহাই উপযুক্ত লক্ষণ। যাহা অসৎ হইয়াও উপলব্ধির বিষয় হইয়া থাকে, তাহাই স্বপ্নদৃষ্ট হস্তি-প্রভৃতির ন্যায় মিথ্যা। ৭০।

জাতি ও ব্যক্তি, জীব ও দেহ, গুণও দ্রব্য, ইহারা যে প্রকার পরস্পর পৃথক্, তদ্রূপ আকাশ ও সদ্বস্তুর পরস্পর বিভিন্নতা হইবে, ইহাতে আর আশ্চর্য্য কি আছে? ৭১।

সৎ ও আকাশের প্রভেদ বোধগম্য হইলেও তাহা দৃঢ়ভাবে মনে লাগিতেছে না—ইহা যদি বল, তাহা হইলে বল দেখি, তোমার এই মনে না লাগার হেতু একাগ্রতার অভাব, অথবা সংশয়? ৭২।

অপ্রমত্তো ভব ধ্যানাদাদ্যেঽন্যস্মিন্ বিবেচনম্।
কুরু প্রমাণযুক্তিভ্যাং ততো রূঢ়তমো ভবেৎ ॥ ৭৩ ॥
ধ্যানান্মানাদ্ যুক্তিতোঽপি রূঢ়ে ভেদে বিয়ৎসতোঃ।
ন কদাচিৎ বিয়ৎ সত্যং সদ্বস্তু চ্ছিদ্রবন্ন চ ॥ ৭৪ ॥
জ্ঞস্য ভাতি সদা ব্যোম নিস্তত্ত্বোল্লেখপূর্ব্বকম্।
সদ্বস্ত্বপি বিভাত্যস্য নিশ্ছিদ্রত্বপুরঃসরম্ ॥ ৭৫ ॥
বাসনায়াং বিবৃদ্ধায়াং বিয়ৎসত্যত্ববাদিনম্।
সন্মাত্রাবোধযুক্তঞ্চ দৃষ্ট্বা বিস্ময়তে বুধঃ ॥ ৭৬ ॥

---

আদ্যে পরিহারমাহ অপ্রমত্তো ভব ধ্যানাদিতি। আদ্যে প্রথমে বিকল্পে ধ্যানাৎ তত্র প্রত্যয়ৈকতানতা ধ্যানমিত্যুক্তলক্ষণাদপ্রমত্তো ভব সাবধানমনা ভবেত্তি যাবৎ। দ্বিতীয়ে পরিহারমাহান্যস্মিন্ বিবেচনং কুর্ব্বিতি। ততঃ কিম্ ইত্যত আহ ততো রূঢ়তমো ভবেদিতি ॥ ৭৩ ॥

ততোঽপি কিম্ ইত্যত আহ ধ্যানাদিতি। ধ্যানং পূর্ব্বোক্তলক্ষণং মানং ভিন্নে বিয়ৎসতী শব্দভেদাৎ বুদ্ধেশ্চ ভেদতঃ ইত্যুক্তম্, যুক্তিস্ত সবস্থানকপ্রতিভাদিত্যাদাবুক্তা, এতৈর্ধ্যানাদিভির্ব্বিয়ৎসতোর্ভেদে চিত্তে নিরূঢ়ং যাতে সতি বিয়ৎ কদাচিৎ ন সত্যং কিন্তু সর্ব্বদা মিথ্যৈব ভাসতে সদ্বস্ত্বপি ছিদ্রবদাকাশবন্ন চ নৈব ভবতীত্যর্থঃ ॥ ৭৪ ॥

বিয়ৎসতোর্ব্বিবেচনফলমাহ জ্ঞস্য ভাতীতি ॥ ৭৫ ॥

বিয়ন্মিথ্যাত্বং সতো বস্তুত্বঞ্চ সদা চিন্তয়তঃ কিং ভবতীত্যত আহ বাসনায়ামিতি।

---

যদি প্রথম হেতু হয় অর্থাৎ একাগ্রতার অভাব হয়, তাহা হইলে সাবধানে ধ্যান কর। যদি অন্য হেতু হয় অর্থাৎ সংশয় হয়, প্রমাণ ও যুক্তির অনুসরণ করিয়া বিশেষ বিবেচনা কর, তাহা হইলেই দৃঢ় ভাবে মনে লাগিবে। ৭৩।

ধ্যান দ্বারা ও শাস্ত্রপ্রমাণ দ্বারা এবং যুক্তিদ্বারা বিবেচনাপূর্ব্বক সৎ ও আকাশের প্রভেদ দৃঢ়তররূপে অবগত হইলে আকাশের সত্যত্ব জ্ঞান বা সৎ বস্তুর আকাশধর্ম্মত্ব জ্ঞান আর কদাপি হয় না। ৭৪

প্রাজ্ঞ ব্যক্তির নিকটে আকাশ সর্ব্বদা অসত্যরূপে প্রতিভাত হয়, এবং সৎ বস্তু তাঁহার নিকটে সর্ব্বদা আকাশ-ধর্ম্ম-পরিবর্জ্জিত হইয়া প্রকাশ পাইয়া থাকে। ৭৫।

বিষয়বাসনাপ্রভাবে আকাশের সত্যত্ববাদী ও পরমাত্মজ্ঞান-শূন্য যে অজ্ঞানী তাহাকে দেখিয়া জ্ঞানী ব্যক্তির আশ্চর্য্য বোধ হয়। ৭৬।

এবমাকাশমিথ্যাত্বে সৎসত্যত্বে চ বাসিতে।
ন্যায়েনানেন বায়্বাদেঃ সদ্বস্তু প্রবিবিচ্যতাম্ ॥ ৭৭ ॥
সদ্বস্তুন্যেকদেশস্থা মায়া তত্রৈকদেশগম্।
বিয়ত্তত্রাপ্যেকদেশ-গতো বায়ুঃ প্রকল্পিতঃ ॥ ৭৮ ॥
শোষস্পর্শৌ গতিবেগৌ বায়ুধর্ম্মা ইমে মতাঃ।
ত্রয়ঃ স্বভাবাঃ সন্মায়াব্যোম্নাং যে তেঽপি বায়ুগাঃ ॥ ৭৯ ॥
বায়ুরস্তীতি সদ্ভাবঃ সতো বায়ৌ পৃথক্ কৃতে।

---

বুধো বিয়ৎসতোস্তত্ত্ববেত্তা গগনস্য সত্যত্বং ব্রুবাণং নিরবকাশসদ্বস্তুবোধরহিতং দৃষ্ট্বা বিস্ময়ং প্রাপ্নোতীত্যর্থঃ ॥ ৭৬ ॥

উক্তন্যায়মন্যত্রাপ্যতিদিশতি এবমাকাশমিথ্যাত্বে ইতি ॥ ৭৭ ॥

নন্বাকাশকার্য্যস্য বায়োরকারণভূতেন সদ্বস্তুনা তাদাত্ম্যপ্রতীত্যযোগাৎ সতো বিবেচনমপ্রয়োজকমিত্যাশঙ্ক্য সাক্ষাৎ সম্বন্ধাভাবেঽপি পরম্পরয়া সম্বন্ধোঽস্তীত্যাহ সদ্বস্তুন্যেকদেশেতি ॥ ৭৮ ॥

এবং সদ্বায়োঃ সম্বন্ধং প্রদর্শ্য তয়োর্ধর্ম্মতো ভেদজ্ঞানায় বায়ৌ প্রতীয়মানান্ ধর্ম্মানাহ শোষস্পর্শৌ গতিরিতি। এবং প্রাতিস্বিকান্ ধর্ম্মানভিধায় কারণতঃ প্রাপ্তান্ তানাহ ত্রয়ঃ স্বভাবা ইতি। সন্মায়াব্যোম্নাং যে ত্রয়ঃ স্বভাবাঃ শীলবিশেষা ধর্ম্মাস্তেঽপি বায়ুগাঃ বায়ৌ বিদ্যন্ত ইত্যর্থঃ। কে তে ধর্ম্মা ইত্যত আহ বায়ুরস্তীতি সদ্ভাব ইতি। বায়ুরস্তীতি ব্যবহার-

---

পূর্ব্বোক্তপ্রকার শাস্ত্র ও যুক্তিদ্বারা আকাশের মিথ্যাত্ব এবং সৎ বস্তুর সত্যত্ব সাধিত হইলে ঐ প্রকার শাস্ত্রযুক্তি-অনুসারেই বায়ু প্রভৃতি হইতে সদ্বস্তুকে পৃথক্ ভাবে নিশ্চয় করিবে। ৭৭।

(যদি বল, বায়ু প্রভৃতি, আকাশ প্রভৃতির কার্য্য, সদ্বস্তু বায়ু প্রভৃতির কারণ নহে, সুতরাং সদ্বস্তুর সহিত অভেদপ্রতীতি বায়ু প্রভৃতিতে অসম্ভব, তাহা হইলে তাহার উত্তর এই যে) মায়া সদ্বস্তুর একদেশে অবস্থিত, আকাশ মায়ার একদেশবর্ত্তী, বায়ু আকাশের একদেশে অবস্থিত, এইরূপে—(পরম্পরাক্রমে) বায়ুও সদ্বস্তুতেই কল্পিত হইয়াছে। অর্থাৎ সদ্বস্তু, বায়ুর সাক্ষাৎ কারণ না হইলেও পরম্পরায় কারণ, এইজন্যই অভেদপ্রতীতি হইতে পারে। ৭৮।

শোষণ, স্পর্শ, গতি, এবং বেগ, এই কয়টী বায়ুর স্বাভাবিক ধর্ম্ম; আর সদ্বস্তু, মায়া এবং আকাশ ইহাদিগের যে তিন গুণ তাহাও বায়ুতে আছে,

নিস্তত্ত্বরূপতা মায়া-স্বভাবো ব্যোমগো ধ্বনিঃ ॥ ৮০ ॥
সতোঽনুবৃত্তিঃ সর্ব্বত্র ব্যোম্নো নেতি পুরোদিতম্। *
ব্যোমানুবৃত্তিরধুনা কথং ন ব্যাহতং বচঃ ॥ ৮১ ॥
ছিদ্রানুবৃত্তির্নেতীতি পূর্ব্বোক্তিরধুনা ত্বিয়ম্।
শব্দানুবৃত্তিরেবোক্তা বচসো ব্যাহতিঃ কুতঃ ॥ ৮২ ॥
নন্বু সদ্বস্তুপার্থক্যাদসত্ত্বঞ্চেৎ তদা কথম্।
অব্যক্তমায়াবৈষম্যাদমায়াময়তাপি নো ॥ ৮৩ ॥

---

হেতু সদ্রূপত্বং সদ্বস্তুনো ধর্ম্ম একঃ, বায়ৌ সদ্বস্তুনো বিবেচিতে সতি যন্নিস্তত্ত্বরূপত্বম্ মায়াধর্ম্মো দ্বিতীয়ঃ, শব্দঃ ব্যোম্নঃ সকাশাদাগতস্তৃতীয় ইত্যর্থঃ ॥ ৭৯। ৮০ ॥

নন্বু ব্যোমবিবেচনপ্রস্তাবে বায্বাদিষনুবৃত্তং সৎ ন তু ব্যোমেতি ভেদধীরিত্যত্র বায্বাদাবাকাশানুবৃত্তির্নিবারিতা, ইদানীং ব্যোমানুবৃত্তিরভিধীয়তে, অতঃ পূর্ব্বোত্তরবিরোধ ইতি শঙ্কতে সতোঽনুবৃত্তিঃ সর্ব্বত্রেতি। ব্যোমানুবৃত্তিরধুনোচ্যতে ইতি শেষঃ। পূর্ব্বমবকাশলক্ষণানুবৃত্তির্নিবারিতা ইদানীং ধর্ম্মানুবৃত্তিরেবাভিধীয়তে ন তু স্বরূপানুবৃত্তিরতো ন ব্যাহতিরিতি পরিহরতি ছিদ্রানুবৃত্তিরিতি ॥ ৮১। ৮২ ॥

নন্বু বায়োঃ সদ্ব্রহ্মবিলক্ষণত্বাদসত্ত্বলক্ষণং মায়াময়ত্বং যদুচ্যতে তর্হ্যব্যক্তস্বরূপমায়াবৈলক্ষণ্যাদমায়াময়ত্বমপি কিং ন স্যাদিতি চোদয়তি নন্বু সদ্বস্তুপার্থক্যাদিতি। নাব্যক্তত্বং

---

যথা—বায়ুতে অস্তিত্বরূপ যে সত্তা, তাহা সৎ বস্তুর গুণ, ও সৎ হইতে বায়ুকে পৃথক্ করিলে তাহার যে অসত্যতারূপ, তাহা মায়ার গুণ, এবং বায়ুতে যে শব্দগুণ উপলব্ধ হয়, তাহা আকাশের গুণ। ৭৯।৮০।

(পূর্ব্বপক্ষ,) পূর্ব্বে (৬৭ শ্লোকে) উক্ত হইয়াছে যে, বায়ু প্রভৃতি সকল কার্য্যে সৎ অনুবৃত্ত হয়; কিন্তু আকাশ অনুবৃত্ত হয় না, আর এইক্ষণে উক্ত হইল যে, আকাশের গুণ শব্দ বায়ুতে অনুবৃত্ত হয়, ইহাতে পূর্ব্বাপর-বচনবিরোধরূপ দোষ না হইবে কেন? ৮১।

(ইহার উত্তর,) পূর্ব্বে উক্ত হইয়াছে, আকাশের অবকাশ স্বরূপ বায়ু প্রভৃতি কার্য্যে অনুবৃত্ত হয় না, আর এইক্ষণে উক্ত হইল যে, আকাশের শব্দ-গুণ বায়ুতে অনুবৃত্ত হয়, তাহাতে পূর্ব্বাপর-বচনবিরোধ কিরূপে হইল? ৮২।

(পূর্ব্বপক্ষ,) যদি সদ্বস্তু পরব্রহ্ম হইতে পৃথক্ বলিয়া বায়ুর অসত্ত্বরূপ

---

* পুরোদিতমিতি মুদ্রান্তরীয়মুদ্রিতপুস্তকপাঠঃ।

নিস্তত্ত্বরূপতৈবাত্র মায়াত্বস্য প্রয়োজিকা।
সা শক্তিকার্য্যয়োস্তুল্যা ব্যক্তাব্যক্তত্বভেদিনোঃ ॥ ৮৪ ॥
সদসদ্বিবেকস্য প্রস্তুতত্বাৎ স চিন্ত্যতাম্।
অসতোঽবান্তরো ভেদ আস্তাং তচ্চিন্তয়াত্র কিম্ ॥ ৮৫ ॥
সদ্বস্তু ব্রহ্ম শিষ্টোঽংশো বায়ুর্ম্মিথ্যা যথা বিয়ৎ।
বাসয়িত্বা চিরং বায়োর্মিথ্যাত্বং মরুতং ত্যজেৎ ॥ ৮৬ ॥

---

মায়াময়ত্বে প্রয়োজকং কিন্তু নিস্তত্ত্বরূপত্বং তত্তমায়ায় মিব বায়ুাদাবপ্যস্তীতি ন মায়াময়ত্বানিয়িতি পরিহরতি নিস্তত্ত্বেতি ॥ ৮৩ । ৮৪ ॥

ননু শক্তিকার্য্যয়োরুভয়োরপি নিস্তত্ত্বরূপতায়ামবিশিষ্টায়াং ব্যক্তাব্যক্তত্বলক্ষণো ভেদঃ কুত ইত্যাশঙ্ক্য তদ্বিচারঃ প্রকৃতানুপযুক্ত ইতি পরিহরতি সদসত্ত্ববিবেকস্যেতি। অসতো মায়াতৎকার্য্যরূপস্যাবান্তরভেদো ব্যক্তত্বরূপ ইত্যর্থঃ ॥ ৮৫ ॥

ফলিতমাহ সদ্বস্থিতি। বায়ৌ যঃ সদংশস্তদ্ব্রহ্মরূপং শিষ্টোঽংশো নিস্তত্ত্বরূপাদির্বায়োঃ স্বরূপং ন চ বায়ুর্নিস্তত্ত্বরূপত্বাদেবাকাশবন্মিথ্যা, ইত্থং বায়োর্মিথ্যাত্বং চিরং বাসয়িত্বা মরুতং ত্যজেৎ মরুৎ সত্য ইতি বুদ্ধিং ত্যজেৎ ইত্যর্থঃ ॥ ৮৬ ॥

---

মায়িকত্ব হয়, তবে শক্তিরূপ অব্যক্ত মায়া হইতে পৃথক্ বলিয়া বায়ুর অমায়িকত্ব না হয় কেন? ৮৩।

(ইহার উত্তর,) অব্যক্ত ও ব্যক্তরূপে শক্তি ও কার্য্যের ভেদ হয় মাত্র—ইহারা মায়িকত্ব বা মায়াত্বের হেতু নহে, মায়িকত্বের হেতু কেবল মিথ্যা স্বরূপ, সেই মিথ্যা স্বরূপ, কি শক্তিরূপ অব্যক্ত, কি কার্য্যরূপ ব্যক্ত, উভয়েতেই সমান। ৮৪।

এস্থলে কোন্ বস্তু সৎ এবং কোন্ বস্তু অসৎ এইরূপ বিচারপ্রস্তাবে সৎ ও অসতের বিবেচনা আবশ্যক, আর অসৎ বস্তুর যে কত প্রকার অবান্তর প্রভেদ আছে, তাহা বিচার করিবার কোন প্রয়োজন নাই। ৮৫।

বায়ুতে সৎস্বরূপ পরব্রহ্মের যে সৎ অংশ তাহাকে পৃথক্ করিলে, যাহা অবশিষ্ট থাকে, তাহা অসৎরূপ মায়িক অংশ, তাহা মিথ্যা। যেমন পূর্ব্বোক্ত যুক্তিদ্বারা আকাশের অসত্যতা স্থিরীকৃত হইয়াছে, তদ্রূপ যুক্তি দ্বারা বায়ুর অসত্যত্ব নির্ণয় করিয়া তাহাতে সত্যত্ব জ্ঞান পরিত্যাগ করিবে। ৮৬।

চিন্তয়েদ্বহ্নিমপ্যেবং মরুতো ন্যূনবর্ত্তিনম্।
ব্রহ্মাণ্ডাবরণেষ্বেষা ন্যূনাধিকবিচারণা ॥ ৮৭ ॥
বায়োর্দ্দশাংশতো ন্যূনো বহ্নির্বায়ৌ প্রকল্পিতঃ।
পুরাণোক্তং তারতম্যং দশাংশৈর্ভূতপঞ্চকে ॥ ৮৮ ॥
বহ্নিরুষ্ণপ্রকাশাত্মা পূর্ব্বানুগতিরত্র চ।
অস্তি বহ্নিঃ সনিস্তত্ত্বঃ শব্দবান্ স্পর্শবানপি ॥ ৮৯ ॥
সম্মায়াব্যোমবায়্বংশৈর্যুক্তস্যাগ্নের্নিজো গুণঃ।

---

বায়াবুক্তবিচারং তেজস্যতিদিশতি চিন্তয়েদ্বহ্নিমিতি। ননু সদ্বস্ত্বেকদেশস্থা মায়া তত্রৈত্যাদিনা বিয়দাদীনাং ন্যূনাধিকভাব উক্তঃ স লোকে ন ক্বাপি দৃষ্ট ইত্যাশঙ্ক্যাহ ব্রহ্মাণ্ডেতি ॥ ৮৭ ॥

বায়োঃ কিয়তাংশেন ন্যূনো বহ্নিরিত্যত আহ বায়োর্দ্দশাংশতো ন্যূন ইতি। তত্র বায়ুবহ্নকবাং বাযয়তি বায়াবিতি। নম্বয়ং ন্যূনাধিকভাবঃ স্বকপোলকল্পিত ইত্যাশঙ্ক্যাহ পুরাণোক্তমিতি ॥ ৮৮ ॥

বহ্নেঃ স্বরূপমাহ বহ্নিরুষ্ণ ইতি। অত্রাপি বায়োরিব কারণধর্ম্মা অনুগতা ইত্যাহ পূর্ব্বানুগতিরিতি। কে তে ধর্ম্মা ইত্যাকাঙ্ক্ষায়ামাহ অস্তি বহ্নিরিতি। এবমগ্নৌ কারণধর্ম্মানুগত্যনুবাদপূর্ব্বকং স্বকীয়ধর্ম্মং দর্শয়তি সম্মায়েতি। ইত্থং সবিশেষণঃ

---

বায়ু হইতে অল্পস্থানব্যাপী অগ্নিরও অসত্যত্ব উক্ত যুক্তিদ্বারা স্থির করিবে, ব্রহ্মাণ্ডে উপর্য্যুপরি আবরণরূপে বর্ত্তমান পঞ্চভূতের ন্যূনতা ও আধিক্যের বিচার আছে। ৮৭।

(যথা) বায়ুর দশাংশের একাংশপরিমিতি অগ্নি বায়ুতে কল্পিত হয়, অর্থাৎ বায়ুর এক দেশকে অগ্নি বলিয়া জানা যায়, এই প্রকার সকল ভূতেরই দশাংশরূপ তারতম্য পুরাণে উক্ত হইয়াছে। ৮৮।

অগ্নি উষ্ণ এবং প্রকাশস্বভাব সম্পন্ন; বায়ুতে যাহার অনুবৃত্তি সম্বন্ধ পূর্ব্বে উক্ত হইয়াছে, তত্তৎপদার্থের অনুবৃত্তি অগ্নিতেও আছে। অগ্নি অস্তিত্ব বিশিষ্ট (ইহা সদ্বস্তুর অনুবৃত্তি), অগ্নি অসত্য অর্থাৎ সদ্বস্তুর সত্তা ব্যতীত সত্তা অগ্নিতে নাই (ইহা মায়ার অনুবৃত্তি), অগ্নি শব্দবিশিষ্ট (ইহা আকাশের অনুবৃত্তি), অগ্নি স্বীয় সাক্ষাৎকারণ বায়ু হইতে স্পর্শগুণ প্রাপ্ত হওয়ায় প্রথমেই উষ্ণ বলিয়া উল্লিখিত হইয়াছে (উষ্ণ অর্থে উষ্ণস্পর্শ বিশিষ্ট)। ৮৯।

এইরূপ সদ্বস্তু মায়া আকাশ এবং বায়ুর অংশযুক্ত অগ্নির নিজগুণ রূপমাত্র,

রূপং তত্র সতঃ সর্ব্বমন্যদ্ বুদ্ধ্যা বিবিচ্যতাম্ ॥ ৯০ ॥
সতো বিবেচিতে বহ্নৌ মিথ্যাত্বে সতি বাসিতে।
আপো দশাংশতো ন্যূনাঃ কল্পিতা ইতি চিন্তয়েৎ ॥ ৯১ ॥
সন্ত্যাপোঽমূঃ শূন্যতত্ত্বাঃ সশব্দস্পর্শসংযুতাঃ।
রূপবত্যোঽন্যধর্ম্মানুবৃত্ত্যা স্বীয়ো রসো গুণঃ ॥ ৯২ ॥
সতো বিবেচিতাস্বপ্সু তন্মিথ্যাত্বে চ বাসিতে।
ভূমির্দ্দশাংশতো ন্যূনা কল্পিতাপ্স্বিতি চিন্তয়েৎ ॥ ৯৩ ॥
অস্তি ভূস্তত্ত্বশূন্যা স্যাৎ শব্দস্পর্শৌ স্বরূপকৌ।

---

বহ্নিস্বরূপং ব্যুৎপাদ্য ইদানীং সদ্বস্তুনো বহ্নিং বিবিনক্তি তত্র সত ইতি। তত্র তেষু মধ্যে সতঃ সদ্বস্তুনোঽন্যৎ সর্ব্বং ধর্ম্মজাতং মিথ্যেতি বুদ্ধ্যা বিবিচ্যতাং পৃথক্ ক্রিয়তামিত্যর্থঃ ॥ ৮৯ ॥ ৯০ ॥

এবং বহ্নের্মিথ্যাত্বনিশ্চয়ানন্তরমপাং মিথ্যাত্বং চিন্তয়েদিত্যাহ সতো বিবেচিতে বহ্নাবিতি ॥ ৯১ ॥

অপ্স্বপি কারণধর্ম্মান্ স্বধর্ম্মাংশ্চ বিভজ্য দর্শয়তি সন্ত্যাপ ইতি। শব্দেন সহ বর্ত্তমানঃ সশব্দঃ সশব্দশ্চাসৌ স্পর্শশ্চেতি সশব্দস্পর্শস্তেন যুক্তা ইত্যর্থঃ ॥ ৯২ ॥

বিবেকধ্যানাভ্যাম্ অপাং মিথ্যাত্বং নিশ্চিত্যানন্তরং ভূমের্মিথ্যাত্বং চিন্তনীয়মিত্যাহ সতো বিবেচিতাস্বিতি ॥ ৯৩ ॥

---

তন্মধ্যে সদ্বস্তুর অতিরিক্ত অর্থাৎ অস্তিত্ব ভিন্ন আর সমগ্র ধর্ম্মই মিথ্যা, এইরূপ নিশ্চয় করিবে। ৯০।

অগ্নি সদ্বস্তু হইতে বিবেচিত অর্থাৎ পৃথক্‌রূপে নিশ্চিত হইলে, এবং অগ্নির অসত্যত্ব হৃদয়ে বদ্ধমূল হইলে জল যে অগ্নি হইতে দশাংশ ন্যূন এবং অগ্নিতে কল্পিত ইহা চিন্তা করিবে। ৯১।

অপরের অর্থাৎ সদ্বস্তু হইতে অগ্নি পর্য্যন্তের অনুবৃত্তি সম্বন্ধ হেতু জলের অস্তিত্ব, অসত্যত্ব, শব্দ, স্পর্শ এবং রূপ আছে, তাহার নিজগুণ রসমাত্র। ৯২

জল সদ্বস্তু হইতে বিবেচিত এবং জলের মিথ্যাত্ব হৃদয়ে বদ্ধমূল হইলে, জল হইতে দশাংশ ন্যূন পৃথিবী, জলেতেই কল্পিত,এইরূপ চিন্তা করিবে।৯৩

পরকীয় সম্বন্ধে অর্থাৎ সদ্বস্তু হইতে জল পর্য্যন্ত পদার্থের সম্পর্কে পৃথি-

রসশ্চ পরতো নৈজো গন্ধঃ সত্তা বিবিচ্যতাম্ ॥ ৯৪ ॥
পৃথক্কৃতায়াং সত্তায়াং ভূমির্মিথ্যাবশিষ্যতে।
ভূমের্দ্দশাংশতো ন্যূনং ব্রহ্মাণ্ডং ভূমিমধ্যগম্ ॥ ৯৫ ॥
ব্রহ্মাণ্ডমধ্যে তিষ্ঠন্তি ভুবনানি চতুর্দ্দশ।
ভুবনেষু বসন্ত্যেষু প্রাণিদেহা যথাযথম্ ॥ ৯৬ ॥
ব্রহ্মাণ্ডলোকদেহেষু সদ্বস্তুনি পৃথক্ কৃতে।
অসন্তোহণ্ডাদয়ো ভান্তু তদ্ভানেহপীহ কা ক্ষতিঃ ॥ ৯৭ ॥
ভূতভৌতিকমায়ানামসত্ত্বেহত্যন্তবাসিতে।
সদ্বস্ত্বদ্বৈতমিত্যেষা ধীর্বিপর্য্যেতি ন ক্বচিৎ ॥ ৯৮ ॥

---

তস্যা মিথ্যাত্বচিন্তনায় তদ্ধর্ম্মানপি বিভজতে অস্তি ভূত্বত্বশূন্যেতি। তেভ্যঃ সত্তামাত্রং পৃথক্ কর্ত্তব্যমিত্যাহ সত্তা বিবিচ্যতামিতি ॥ ৯৪ ॥

সত্তাপৃথক্করণে ফলমাহ পৃথক্কৃতায়ামিতি। ইদানীং ভৌতিকেভ্যো ব্রহ্মাণ্ডাদিভ্যঃ সতো বিবেচনায় তদবস্থানপ্রকারং দর্শয়তি ভূমের্দশাংশতো ন্যূনমিতি সার্দ্ধেন ॥ ৯৫ ॥ ৯৬ ॥

তেষু সদ্বিবেচনে ফলমাহ ব্রহ্মাণ্ডলোকদেহেষ্বিতি ॥ ৯৭ ॥

তদ্ভানে কা ক্ষতিরিত্যুক্তমেবার্থং স্পষ্টীকরোতি ভূতভৌতিকমায়ানামিতি। ভূতানামাকাশাদীনাং ভৌতিকানাং ব্রহ্মাণ্ডাদীনাং মায়ায়াশ্চ তৎকারণভূতায়া মিথ্যাত্বে বিবেকধ্যানাভ্যাং চিত্তে দৃঢ়ং বাসিতে সতি সদ্বস্তুনোঽদ্বৈতত্ববুদ্ধিঃ কদাচিন্ন বিহন্যত ইত্যর্থঃ ॥ ৯৮ ॥

---

বায়ুর অস্তিত্ব, অসত্যতা শব্দ, স্পর্শ, রূপ এবং রস, পরন্তু গন্ধই তাহার নিজগুণ। অতএব সত্তা বা সদ্বস্তু যে পৃথিবী হইতে ভিন্ন ইহা নিশ্চয় করিবে। ৯৪।

সত্তা পৃথক্ নিশ্চিত হইলে, ভূমি যে মিথ্যা ইহাই পর্য্যবসন্ন হয়। পূর্ব্বোক্ত অসত্য ভূমি হইতে দশাংশ ন্যূন ও তন্মধ্যগত ব্রহ্মাণ্ড ভূমিতে কল্পিত হয়। ৯৫

সেই ব্রহ্মাণ্ডমধ্যে ভূরাদি চতুর্দ্দশ ভুবন, সেই চতুর্দ্দশ ভুবনেতে যথাযোগ্য প্রাণিদেহ অবস্থিত। ৯৬।

ব্রহ্মাণ্ড, চতুর্দ্দশ ভুবন এবং প্রাণিদেহে সৎবস্তুকে পৃথক্ করিলে অসৎস্বরূপে বিবেচিত সেই ব্রহ্মাণ্ডাদি প্রতিভাত হইলেও কোন হানি নাই। ৯৭।

ভূত সকল ও ভৌতিক পদার্থ সকল এবং মায়া, ইহাদিগের অসত্তা বিশেষরূপে হৃদয়ঙ্গম হইলে সদ্বস্তু বিষয়ে অদ্বৈত জ্ঞানের আর কখন বিপর্য্যয় হয় না। ৯৮।

সদদ্বৈতাৎ পৃথগ্‌ভূতে দ্বৈতে ভূম্যাদিরূপিণি।
তত্তদর্থক্রিয়া লোকে যথা দৃষ্টা তথৈব সা॥ ৯৯॥
সাঙ্খ্যকাণাদবৌদ্ধাদ্যৈর্জগদ্ভেদো যথা যথা।
উৎপ্রেক্ষতেঽনেকযুক্ত্যা ভবত্বেষ তথা তথা॥ ১০০॥
অবজ্ঞাতং সদদ্বৈতং নিঃশঙ্কৈরন্যবাদিভিঃ।
এবং কা ক্ষতিরস্মাকং তদ্দ্বৈতমবজানতাম্‌॥ ১০১॥

---

নম্ন ভূম্যাদীনাম্ অসত্ত্বে বিদুষাং ব্যবহারলোপঃ প্রসজ্যেত ইত্যাশঙ্ক্য বিবেকেন মিথ্যাত্ব-নিশ্চয়েঽপি ভূম্যাদেঃ স্বরূপোপমর্দ্দনাভাবান্ন ব্যবহারো লুপ্যেতেত্যাহ সদদ্বৈতাদিতি॥ ৯৯॥

নম্ন সত্তত্ত্বস্যাদ্বৈতরূপত্বে সাংখ্যাদিভিরভিধীয়মানস্য ভেদস্য কুতো ন নিরাসঃ ক্রিয়ত ইত্যাশঙ্ক্য ব্যাবহারিকভেদস্য অস্মাভিরভ্যুপগতত্বান্ন তন্নিরাসায় প্রযত্যত ইত্যাহ সাংখ্য-কাণাদবৌদ্ধাদ্যৈরিতি॥ ১০০॥

নম্ন প্রমাণসিদ্ধস্য সত্তত্ত্বেদস্যাবজ্ঞানুপপন্না ইত্যাশঙ্ক্যাহাবজ্ঞাতমিতি। যথা অন্ত-

---

ভূমি প্রভৃতি বিবিধ পদার্থ অদ্বিতীয় সদ্বস্তু হইতে পৃথক্ হইলেও তত্তৎ ব্যবহার কার্য্য, লোকে যেমন দেখা যায়, সেইরূপই হইয়া থাকে অর্থাৎ ব্যাবহারিক সত্তা তাহাদের আছে। ৯৯।

সাংখ্য, বৈশেষিক এবং বৌদ্ধ প্রভৃতি মতান্তরে অনেক যুক্তির সাহায্যে জগৎসত্তার ভেদ অর্থাৎ দ্বৈত ভাব যেমন যেমন প্রদর্শিত হইয়াছে, তাহা সেই সেইরূপই হউক, অর্থাৎ ব্যবহার-ক্ষেত্রে সেই যুক্তিই অনুসরণীয়, তাহার খণ্ডনে প্রয়াস করিবে না। ১০০।

( সাংখ্য, কাণাদ, বৌদ্ধ প্রভৃতি ) অন্যান্য বাদীরা যদি শঙ্কারহিত হইয়া শ্রুতি-সিদ্ধ অদ্বৈত সৎবস্তু প্রতিপাদন বিষয়ে অনাদর করে তাহাতে আমা-

---

তাৎপর্য্য।

টীকাকার বলেন, যে তত্ত্বজ্ঞানী পৃথিব্যাদির অসত্তা ও অদ্বিতীয় সদ্বস্তু নিশ্চয় করিয়াছেন তাঁহারও ব্যবহার লোপ হয় না, কেন না পৃথিবী অসত্য হইলেও তাহার স্বরূপ একেবারে বিনষ্ট হয় না। ইহার ভাব এই যে, এক-পুরুষের অজ্ঞান-নিবৃত্তি হইলেই ত আর জগৎ নিবৃত্তি হয় না যে, ব্যবহার বিলুপ্ত হইবে। ৯৯।

দ্বৈতাবজ্ঞা সুস্থিতা চেদদ্বৈতা ধীঃ স্থিরা ভবেৎ।
স্থৈর্য্যে তস্যাঃ পুমানেষ জীবন্মুক্ত ইতীর্য্যতে॥ ১০২॥
এষা ব্রাহ্মী স্থিতিঃ পার্থ নৈনাং প্রাপ্য বিমুহ্যতি।
স্থিত্বাস্যামন্তকালেঽপি ব্রহ্ম নির্ব্বাণমৃচ্ছতি॥ ১০৩॥
সদদ্বৈতেঽনৃতদ্বৈতে যদন্যোন্যৈক্যবীক্ষণম্।
তস্যান্তকালস্তদ্ভেদবুদ্ধিরেব ন চেতরঃ॥ ১০৪॥

---

বাদিভিঃ সাংখ্যাদিভির্নিঃশঙ্কৈঃ শ্রুত্যাদিসিদ্ধস্যাপি সদদ্বৈতস্যাবজ্ঞা ক্রিয়তে তথা শ্রুতি-যুক্ত্যনুভবাবষ্টম্ভেনাস্মাকং * তদীয়দ্বৈতানাদরণে কিং হীয়ত ইত্যর্থঃ॥ ১০১॥

নন্ু নিষ্প্রয়োজনেয়ং দ্বৈতাবজ্ঞেত্যাশঙ্ক্য জীবন্মুক্তিলক্ষণপ্রয়োজনসদ্ভাবান্নৈবমিত্যাহ দ্বৈতাবজ্ঞেতি॥ ১০২॥

ন কেবলং জীবন্মুক্তিরেব প্রয়োজনম্ অপি তু বিদেহমুক্তিরপীত্যভিপ্রায়েণ শ্রীকৃষ্ণবাক্য-মুদাহরতি এষা ব্রাহ্মী স্থিতিঃ পার্থেতি॥ ১০৩॥

অন্তকালশব্দেন বর্ত্তমানদেহপাতোঽভিধীয়তে ইত্যাশঙ্কাং বারয়িতুং বিবক্ষিতমর্থমাহ সদদ্বৈতে ইতি। সদ্রূপেঽদ্বৈতে অনৃতরূপে দ্বৈতে চ যদন্যোন্যাধ্যাসলক্ষণমৈক্যজ্ঞানমস্তি তস্যৈক্যভ্রমস্যান্তকালো নাম তয়োরদ্বৈতদ্বৈতয়োঃ সত্যানৃতরূপেণ ভেদবুদ্ধিরেব নাপরো বর্ত্তমানদেহপাত ইত্যর্থঃ॥ ১০৪॥

---

দিগের কোন হানি নাই, আমরাও শ্রুতি, যুক্তি এবং অনুভব দ্বারা তাহা-দিগের দ্বৈতপ্রতিপাদনে অবজ্ঞা করি। ১০১।

দ্বৈত বিষয়ে অবজ্ঞা দৃঢ়তর হইলে অদ্বৈত জ্ঞান ক্রমশঃ বিশেষরূপে স্থিরীকৃত হয়। যে ব্যক্তির অদ্বৈত জ্ঞান স্থিরতর হইয়াছে, তাহাকেই জীবন্মুক্ত বলা যায়। ১০২।

ভগবান্ শ্রীকৃষ্ণ অর্জ্জুনকে বলিয়াছেন, হে পার্থ! ইহাই ব্রাহ্মস্থিতি, ইহা প্রাপ্ত হইলে আর মুগ্ধ হইতে হয় না। এতন্নিষ্ঠ পুরুষ অন্তকালেও নির্ব্বাণ-মুক্তিরূপ ব্রহ্মানন্দ লাভ করেন। ১০৩।

অদ্বিতীয় সদ্বস্তু এবং নানাত্মক অসৎপদার্থের যে ঐক্য বুদ্ধি, তাহার বিনাশ সময়ে সৎ ও অসতের যে ভেদবুদ্ধি-অবস্থা, তাহাই পূর্ব্বশ্লোকে অন্ত-কাল শব্দের অর্থ, অন্য কিছু নহে। ১০৪।

---

* অস্মাভিরিতি মুদ্রায়ীমুদ্রিতপুস্তকপাঠঃ।

যদ্বান্তকালঃ প্রাণস্য বিয়োগেঽস্তু প্রসিদ্ধিতঃ।
তস্মিন্ কালেঽপি ন ভ্রান্তের্গতায়াঃ পুনরাগমঃ ॥ ১০৫ ॥
নীরোগ উপবিষ্টো বা রুগ্নো বা বিলুঠন্ ভুবি।
মূর্চ্ছিতো বা ত্যজত্বেষ * প্রাণান্ ভ্রান্তির্ন সর্ব্বথা ॥১০৬॥
দিনে দিনে স্বপ্নসুপ্ত্যোরধীতে বিস্মৃতেঽপ্যয়ম্।
পরেদ্যুর্নানধীতঃ স্যাৎ তত্ত্ববিদ্যা ন নশ্যতি ॥ ১০৭ ॥
প্রমাণোৎপাদিতা বিদ্যা প্রমাণং প্রবলং বিনা।
ন নশ্যতি ন বেদান্তাৎ প্রবলং মানমীক্ষ্যতে ॥ ১০৮ ॥

---

ইদানীং লোকপ্রসিদ্ধার্থস্বীকারেঽপি ন দোষ ইত্যভিপ্রায়েণাহ যদ্বান্তকাল ইতি ॥ ১০৫ ॥

উক্তমেবার্থং প্রপঞ্চয়তি নীরোগ ইতি ॥ ১০৬ ॥

নন্বু প্রাণবিয়োগকালে মূর্চ্ছাদিনা জ্ঞাননাশে ভ্রান্তিঃ স্যাদেবেত্যাশঙ্ক্য জ্ঞাননাশাভাবে দৃষ্টান্তমাহ দিনে দিনে ইতি। যথা প্রত্যহমধীতে বেদে স্বপ্নসুষুপ্ত্যবস্থায়াং বিস্মৃতেঽপি পরেদ্যুরনধীতবেদত্বং নাস্তি তথা মৃতিকালে তত্ত্বানুসন্ধানাভাবেঽপি জ্ঞাননাশাভাব ইত্যর্থঃ ॥ ১০৭ ॥

---

অথবা প্রসিদ্ধ বলিয়া মৃত্যুকালই অন্তকাল-শব্দার্থ, সেই কালেও পূর্ব্বাপগত দ্বৈতভ্রান্তির পুনরাবির্ভাব হয় না। ১০৫।

জীবন্মুক্ত পুরুষ নীরোগাবস্থায় উপবিষ্ট থাকিয়া অথবা রুগ্নাবস্থায় ভূতলে বিলুণ্ঠিত বা মূর্চ্ছিত হইয়া প্রাণত্যাগ করিলেও তাহার ভ্রান্তি কোনক্রমেই উপস্থিত হয় না। ১০৬।

যেমন প্রাত্যহিক স্বপ্ন বা সুষুপ্তি কালে অধীত বিদ্যা বিস্মৃত হইলেও জাগ্রৎকালে তাহা আর বিস্মৃত থাকে না, তদ্রূপ প্রাণান্তকালে তত্ত্বজ্ঞানীর অদ্বৈত জ্ঞানের বিস্মৃতি হয় না। ১০৭।

কোন এক প্রমাণ দ্বারা নিশ্চিত কোন বস্তুবিষয়ক জ্ঞান, তাহা হইতে প্রবল প্রমাণ ব্যতিরেকে বিপর্য্যস্ত হয় না, অথচ বেদান্ত অপেক্ষা প্রবল প্রমাণ আর নাই। ১০৮।

---

* ত্যজত্বেষ ইত্যস্মদ্দেশীয়পুস্তকপাঠঃ।

তস্মাদ্ বেদান্তসংসিদ্ধং সদদ্বৈতং ন বাধ্যতে।
অন্তকালেঽপ্যতো ভূত-বিবেকান্নির্বৃতিঃ স্থিতা ॥ ১০৯ ॥

ইতি ভূতবিবেকঃ সমাপ্তঃ ॥

---

জ্ঞাননাশাভাবমেবোপপাদয়তি প্রমাণোৎপাদিতেতি। উপপাদিতমর্থমুপসংহরতি তস্মাৎ বেদান্তসংসিদ্ধমিতি ॥ ১০৮ ॥ ১০৯ ॥

ইতি ভূতবিবেকব্যাখ্যা সমাপ্তা ॥

---

অতএব বেদান্তসিদ্ধ অদ্বৈত জ্ঞান মৃত্যুকালেও বিপর্য্যস্ত হয় না, সুতরাং ভূতবিবেক—ব্রহ্মানন্দপ্রাপ্তির হেতু, ইহা সিদ্ধ হইল। ১০৯।

ভূতবিবেক নামক দ্বিতীয় পরিচ্ছেদ সমাপ্ত।

# তৃতীয়ঃ পরিচ্ছেদঃ।

## পঞ্চকোশবিবেকঃ।

গুহাহিতং ব্রহ্ম যৎ তৎ পঞ্চকোশবিবেকতঃ।
বোদ্ধুং শক্যং ততঃ কোশ-পঞ্চকং প্রবিবিচ্যতে॥ ১॥
দেহাদভ্যন্তরঃ প্রাণঃ প্রাণাদভ্যন্তরং মনঃ।
ততঃ কর্ত্তা ততো ভোক্তা গুহা সেয়ং পরম্পরা॥ ২॥
পিতৃভুক্তান্নজাদ্ বীর্য্যাজ্জাতোঽন্নেনৈব বর্দ্ধতে।

---

নত্বা শ্রীভারতীতীর্থবিদ্যারণ্যমুনীশ্বরৌ। পঞ্চকোশবিবেকস্য কুর্ব্বে ব্যাখ্যাং সমাসতঃ। তৈত্তিরীয়োপনিষত্তাৎপর্য্যব্যাখ্যানরূপং পঞ্চকোশবিবেকাখ্যং প্রকরণমারভমাণ আচার্য্যস্তত্র শ্রোতৃপ্রবৃত্তিসিদ্ধয়ে সপ্রয়োজনমভিধেয়ং সূচয়ন্ স্বচিকীর্ষিতং গ্রন্থং প্রতিজানীতে গুহাহিতমিতি। "যো বেদ নিহিতং গুহায়াং পরমে ব্যোম"ন্নিত্যাদিশ্রুত্যা গুহাহিতত্বেনাভিহিতং যদ্ব্রহ্মাস্তি তদ্গুহাশব্দবাচ্যান্নময়াদিকোশপঞ্চকবিবেকেন জ্ঞাতুং শক্যতে, ততস্তেষাং কোশানাং পঞ্চকং প্রকর্ষেণ প্রত্যগাত্মনঃ সকাশাদ্বিভজ্য প্রদর্শ্যত ইত্যর্থঃ॥ ১॥

নন্বু কেয়ং গুহা যস্যাং নিহিতং ব্রহ্ম কোশপঞ্চকবিবেকেনাববুধ্যত ইত্যাশঙ্ক্য শ্রুত্যা গুহাশব্দেন বিবক্ষিতমর্থমাহ দেহাদভ্যন্তরঃ প্রাণ ইতি। দেহাদন্নময়াৎ, প্রাণঃ প্রাণময় অভ্যন্তরঃ আন্তরঃ, প্রাণাৎ প্রাণময়াৎ মনঃ মনোময়ঃ অভ্যন্তরম্ আন্তরং, ততো মনোময়াৎ কর্ত্তা বিজ্ঞানময়ঃ আন্তরঃ, ইত্যনুষজ্যতে, ততো বিজ্ঞানময়াৎ ভোক্তা আনন্দময়ঃ, সোঽপি পূর্ব্ববদান্তর ইত্যর্থঃ। সেয়মন্নময়াদ্যানন্দময়ান্তানাং পরম্পরা গুহাশব্দেনোচ্যত ইত্যর্থঃ॥ ২॥

ইদানীমন্নময়স্য স্বরূপং তদনাত্মত্বঞ্চ দর্শয়তি পিতৃভুক্তান্নজাদিতি। পিতৃভুক্তান্নজাৎ

---

যে ব্রহ্ম গুহাহিত, অর্থাৎ শ্রুতিতে 'গুহাহিত' নামে কথিত হইয়াছেন, গুহা-শব্দবাচ্য পঞ্চকোশবিবেক দ্বারা তাঁহার স্বরূপ জানিতে সমর্থ হওয়া যায়, অতএব সেই পঞ্চকোশের বিষয় বিবেচনা করা যাইতেছে। ১।

স্থূলদেহ অন্নময় কোশ হইতে অভ্যন্তরে প্রাণময় কোশ, তাহা হইতে অভ্যন্তরে মনোময় কোশ, তদপেক্ষা অভ্যন্তরে বিজ্ঞানময় কোশ, তাহা হইতেও অভ্যন্তরে আনন্দময় কোশ,—পরম্পরাক্রমে বর্ত্তমান এই পঞ্চ কোশকে গুহা বলা যায়। ২।

যে দেহ মাতাপিতৃভুক্ত অন্নের পরিণামবিশেষ শুক্র-শোণিত হইতে

দেহঃ সোঽন্নময়ো নাত্মা প্রাক্ চোর্দ্ধং তদভাবতঃ ॥ ৩ ॥
পূর্ব্বজন্মন্যসন্নেতজ্জন্ম সম্পাদয়েৎ কথম্।
ভাবিজন্মন্যসন্ কর্ম্ম ন ভুঞ্জীতেহ সঞ্চিতম্ ॥ ৪ ॥
পূর্ণো দেহে বলং যচ্ছন্নক্ষাণাং যঃ প্রবর্ত্তকঃ।
বায়ুঃ প্রাণময়ো নাসাবাত্মা চৈতন্যবর্জ্জনাৎ ॥ ৫ ॥

---

মাতাপিতৃভ্যাং ভুক্তাদ্ব্রীহ্যাদিলক্ষণাদন্নাজ্জায়মানং যদ্বীর্য্যমস্তি তস্মাদ্বীর্য্যাদ্যো দেহঃ জাতঃ, যশ্চ জননানন্তরং ক্ষীরাদ্যন্নেনৈব বর্দ্ধতে স দেহোঽন্নময়োঽন্নস্য বিকারঃ স আত্মা ন ভবতি। কুতঃ ইত্যত আহ প্রাক্ চোর্দ্ধমিতি। জন্মনঃ প্রাক্ মরণাদূর্দ্ধঞ্চ তদভাবতস্তস্য দেহস্যাভাবাদিত্যর্থঃ। বিবাদাধ্যাসিতো দেহ আত্মা ন ভবতি কার্য্যত্বাৎ ঘটাদিবদিতি ভাবঃ ॥ ৩ ॥

হেতুরয়ং সাধ্যং মা ভূৎ বিপক্ষে বাধকাভাবাদপ্রয়োজকোঽয়ং হেতুরিত্যাশঙ্ক্যাকৃতাভ্যাগমকৃতবিপ্রণাশাখ্যবাধকসদ্ভাবান্নৈবমিতি পরিহরতি পূর্ব্বজন্মনীতি। এতদ্দেহরূপস্যাত্মনঃ পূর্ব্বস্মিন্ জন্মনি অসত্ত্বাৎ এতজ্জন্মহেতুদৃষ্টাসম্ভবেঽপি অস্য জন্মনোৎপত্ত্যঙ্গীকরণাদকৃতাভ্যাগমঃ প্রসজ্যেত তথা ভাবিজন্মন্যপি অস্য দেহরূপস্যাত্মনোঽসত্ত্বাভাবাদিহানুষ্ঠিতয়োঃ পুণ্যপাপয়োঃ ফলভোক্তৃত্বভাবেন ভোগমন্তরেণাপি কর্ম্মক্ষয়ঃ প্রসজ্যেতায়ং কৃতবিপ্রণাশঃ, এবমকৃতাভ্যাগমকৃতবিপ্রণাশরূপবাধকসদ্ভাবাদাত্মনঃ কার্য্যত্বমঙ্গীকর্ত্তব্যমিতি ভাবঃ ॥ ৪ ॥

এবমন্নময়কোশস্যানাত্মত্বং প্রদর্শ্য প্রাণময়কোশস্বরূপং তদনাত্মত্বঞ্চ দর্শয়তি পূর্ণো দেহে বলমিতি। যো বায়ুঃ দেহে পূর্ণঃ পাদাদিমস্তকপর্য্যন্তং ব্যাপ্তঃ সন্ বলং যচ্ছন্ ব্যানরূপেণ সামর্থ্যং প্রযচ্ছন্নক্ষাণাং চক্ষুরাদীনামিন্দ্রিয়াণাং প্রবর্ত্তকঃ প্রেরকো বর্ত্ততে স বায়ুঃ প্রাণময়

---

উৎপন্ন হইয়া অন্নরস দ্বারা প্রবর্দ্ধিত হয় তাহাকে অন্নময় কোশ বলা যায়, তাহাকে নিত্যসিদ্ধ অবিনাশী আত্মার স্বরূপ বলা যায় না, যেহেতু সেই স্থূলদেহ অনিত্য অর্থাৎ উৎপত্তির পূর্ব্বে ও মরণের পরে তাহার অভাব হয়। ৩।

পূর্ব্ব জন্মে অসৎ অনিত্য সেই স্থূলদেহ কি প্রকারে ইহজন্ম সম্পন্ন করিতে পারে, যেহেতু পূর্ব্বজন্মানুষ্ঠিত কর্ম্মানুরোধ ব্যতিরেকে ইহজন্ম সম্ভব হয় না। আর যে পদার্থ ভাবি-জন্মে অসৎ হইবে, তাহার ইহকালসঞ্চিত কর্ম্মভোগ করাও অসম্ভব হয়। ৪।

যে প্রাণময় বায়ু (প্রাণাদি পঞ্চ বায়ু) স্থূলদেহব্যাপী হইয়া ঐ দেহে বলাধান করত ইন্দ্রিয়গণকে স্ব স্ব বিষয়ে প্রবৃত্ত করে, তাহাকে প্রাণময় কোশ

অহন্তাং মমতাং দেহে গৃহাদৌ চ করোতি যঃ।
কামাদ্যবস্থয়া ভ্রান্তো নাসাবাত্মা মনোময়ঃ ॥ ৬ ॥
লীনা সুপ্তৌ বপুর্বোধে ব্যাপ্নুয়াদানখাগ্রগা।
চিচ্ছায়োপেতধীর্নাত্মা বিজ্ঞানময়শব্দভাক্ ॥ ৭ ॥
কর্ত্তৃত্বকরণত্বাভ্যাং বিক্রিয়েতান্তরিন্দ্রিয়ম্।

---

ইত্যুচ্যতে অসাবপ্যাত্মা ন ভবতি। তত্র হেতুমাহ চৈতন্যবর্জ্জনাদিতি। বিবাদাধ্যাসিতঃ প্রাণ আত্মা ন ভবতি জড়ত্বাৎ ঘটাদিবদিতি ভাবঃ ॥ ৫ ॥

ইদানীং মনোময়স্বরূপপ্রদর্শনপূর্ব্বকং তস্যাপ্যনাত্মত্বমাহ অহন্তাং মমতামিতি। দেহে অহন্তাম্ অহম্ভাবং গৃহাদৌ মমতাং মদীয়ত্বাভিমানং চ যঃ করোতি অসৌ মনোময় আত্মা ন ভবতি। কুত ইত্যত আহ কামাদ্যবস্থয়া ভ্রান্ত ইতি। হেতুগর্ভং বিশেষণং, কামক্রোধাদিবৃত্তিমত্ত্বেনানিয়তস্বভাবত্বাদিত্যর্থঃ। অথাচ মনোময় আত্মা ন ভবতি বিকারিত্বাদ্দেহবদিতি ভাবঃ ॥ ৬ ॥

অনন্তরং কর্ত্তৃশব্দবাচ্যস্য বিজ্ঞানময়স্য স্বরূপং প্রদর্শয়ন্ তদনাত্মত্বং দর্শয়তি লীনা সুপ্তাবিতি। যা চিচ্ছায়োপেতা ধীঃ চিদাভাসসহিতা বুদ্ধিঃ সুপ্তৌ সুষুপ্তিকালে লীনা বিলীনা সতী বোধে জাগরণকালে আনখাগ্রগা নখাগ্রপর্য্যন্তং বর্ত্তমানা সতী বপুঃ শরীরং ব্যাপ্নুয়াৎ সংব্যাপ্য বর্ত্ততে সা বিজ্ঞানময়শব্দভাক্ বিজ্ঞানময়শব্দেনোচ্যমানা অসাবপ্যাত্মা ন ভবতি বিলয়াদ্যবস্থাবত্ত্বাৎ ঘটাদিবদিত্যর্থঃ ॥ ৭ ॥

ননু মনোবুদ্ধ্যোরন্তঃকরণত্বাবিশেষাৎ মনোময়বিজ্ঞানময়রূপেণ কোশদ্বয়কল্পনানুপপন্না ইত্যাশঙ্ক্য কর্ত্তৃত্বকরণত্বাভ্যাং ভেদসদ্ভাবাদ্ ঘটত এব মনোময়ত্বাদিভেদ ইত্যাহ

---

বলা যায়, সেই প্রাণময় কোশকেও আত্মা বলা যাইতে পারে না, যে হেতু তাহা জড় পদার্থ। ৫।

অন্নময়াদিশরীরে অহঙ্কারের এবং গৃহ ধনাদিতে মদীয়ত্ব বুদ্ধির হেতু যে মন, তাহাকে মনোময় কোশ বলা যায়, সেই মনোময় কোশও আত্মা নহে, যেহেতু কাম ক্রোধাদি বৃত্তি দ্বারা তাহার বিকার জন্মে। ৬।

যে চৈতন্য-প্রতিবিম্ববিশিষ্ট বুদ্ধি সুষুপ্তিকালে অজ্ঞানে লীন হয় এবং জাগ্রৎ অবস্থায় আনখাগ্রপর্য্যন্ত সর্ব্ব শরীর ব্যাপিয়া অবস্থিতি করে, তাহাকে বিজ্ঞানময় কোশ বলা যায়, (উৎপত্তি বিনাশ বিশিষ্ট বলিয়া) তাহাও আত্মা নহে। ৭।

বুদ্ধি এবং মন উভয়ই অন্তঃকরণ হইলেও বুদ্ধি কর্ত্তৃরূপে এবং মন করণ-

বিজ্ঞানমনসী অন্তর্বহিশ্চৈতে পরস্পরম্ ॥ ৮ ॥
কাচিদন্তর্ম্মুখা বৃত্তিরানন্দপ্রতিবিম্বভাক্।
পুণ্যভোগে ভোগশান্তৌ নিদ্রারূপেণ লীয়তে ॥ ৯ ॥
কাদাচিৎকত্বতো নাত্মা স্যাদানন্দময়োঽপ্যয়ম্।
বিম্বভূতো য আনন্দ আত্মাসৌ সর্ব্বদাস্থিতেঃ ॥ ১০ ॥
নন্বু দেহমুপক্রম্য নিদ্রানন্দান্তবস্তুষু।

কর্তৃত্বকরণত্বাভ্যামিতি। অন্তরিন্দ্রিয়মন্তঃকরণং কর্তৃত্বকরণাভ্যাং কর্তৃরূপেণ করণরূপেণ চ বিক্রিয়েত পরিণমেত ইত্যর্থঃ। এতে কর্তৃকরণে বিজ্ঞানমনসী বিজ্ঞানমনঃশব্দবাচ্যে ভবতঃ। এতে চ পরস্পরমন্তর্বহির্ভাবেন বর্ত্তেতে অতঃ কোশদ্বয়মুপপন্নম্ ইত্যর্থঃ ॥ ৮ ॥

ইদানীং ভোক্তৃশব্দবাচ্যস্যানন্দময়স্যানাত্মত্বং দর্শয়িতুং তস্য স্বরূপমাহ কাচিদন্তর্ম্মুখা বৃত্তিরিতি। পুণ্যভোগে পুণ্যকর্ম্মফলানুভবকালে কাচিদ্বীবৃত্তিরন্তর্ম্মুখা সতী আনন্দপ্রতিবিম্বভাক্ আত্মস্বরূপস্য আনন্দস্য প্রতিবিম্বং ভজতে সৈব ভোগশান্তৌ পুণ্যকর্ম্মফলভোগোপরমে সতি নিদ্রারূপেণ লীয়তে বিলীনা ভবতি সা বৃত্তিরানন্দময় ইত্যভিপ্রায়ঃ ॥ ৯ ॥

তস্যানাত্মতামাহ কাদাচিৎকত্বত ইতি। অয়মানন্দময়োঽপি কাদাচিৎকত্বাৎ আত্মা ন স্যাদভ্রাদিপদার্থবৎ ইত্যর্থঃ। নন্বু বিদ্যমানানামানন্দময়াদীনাং সর্ব্বেষাম্ আত্মত্বনিরাসে নৈরাত্ম্যং প্রসজ্জেত ইত্যাশঙ্ক্যাহ বিম্বভূতো য ইতি। বুদ্ধ্যাদৌ প্রতিবিম্বত্বয়া অবস্থিতস্য প্রিয়াদিশব্দবাচ্যস্যানন্দময়স্য বিম্বভূতঃ কারণভূতো য আনন্দঃ অসাবেবাত্মা ভবতি। কুত ইত্যত আহ সর্ব্বদা স্থিতেরিতি। নিত্যত্বাদিত্যর্থঃ। বিবাদাধ্যাসিত আনন্দ আত্মা ভবিতুমর্হতি নিত্যত্বাৎ, য আত্মা ন ভবতি নাসৌ নিত্যো যথা দেহাদিঃ। গগনাদেরুৎপত্তিমত্ত্বেনানিত্যত্বাৎ নৈকান্তিকত্বেতি ভাবঃ ॥ ১০ ॥

রূপে পরিণত হওয়ায় বুদ্ধি বিজ্ঞানময় শব্দবাচ্য হয়, এবং মন মনোময় শব্দে উক্ত হয় এবং তদুভয় পরস্পর অন্তর্বাহ্য ভাবে অবস্থিত। ৮।

কোন অন্তর্ম্মুখী বুদ্ধিবৃত্তি, পুণ্যভোগকালে চিদানন্দপ্রতিবিম্ববিশিষ্ট এবং ভোগসমাপ্তিতে নিদ্রারূপে প্রকৃতিতে লীন হয়, (তাহাই আনন্দময় কোশ)। ৯

অস্থায়িত্ব হেতু সেই আনন্দময় কোশও আত্মা নহে; কিন্তু তদতিরিক্ত বিম্বভূত চিদানন্দই আত্মা, কেন না তাহাই সনাতন। ১০।

(পূর্ব্বপক্ষ,) স্থূলদেহ প্রভৃতি আনন্দময় কোশ পর্য্যন্ত বস্তু আত্মা না

মা ভূদাত্মত্বমন্যস্তু ন কশ্চিদনুভূয়তে ॥ ১১ ॥
বাঢ়ং নিদ্রাদয়ঃ সর্ব্বেঽনুভূয়ন্তে ন চেতরঃ।
তথাপ্যেতেঽনুভূয়ন্তে যেন তং কো নিবারয়েৎ ॥ ১২ ॥
স্বয়মেবানুভূতিত্বাৎ বিদ্যতে নানুভাব্যতা।
জ্ঞাতৃজ্ঞানান্তরাভাবাদজ্ঞেয়ো ন ত্বসত্তয়া ॥ ১৩ ॥

---

চোদয়তি নন্বিতি দেহমুপক্রম্যেতি। অন্নময়াদ্যানন্দময়ান্তানাং কোশানামুক্তহেতুভিরাত্মত্বং ন ঘটতে চেৎ মাপঘটিষ্ট। অন্যত্বাত্মাপলভ্যমানত্বাৎ নৈব সম্ভবতীত্যর্থঃ ॥ ১১ ॥

পরিহরতি বাঢ়ং নিদ্রাদয় ইতি। অত্র নিদ্রাশব্দেন নিদ্রানন্দো লক্ষ্যতে, নিদ্রাদয়ো দেহান্তা উপলভ্যন্তে অন্যো নানুভূয়তে ইতি যদুক্তং তৎ সত্যম্। কথং তর্হি তদতিরিক্তাত্মনোঽঙ্গীকার ইত্যত আহ তথাপ্যেতেঽনুভূয়ন্তে ইতি। অন্যস্যানুপলভ্যমানত্বেঽপি যদ্বলাদেতেষামানন্দময়াদীনামুপলভ্যমানতা ভবতি সোঽনুভবঃ কথং নাঙ্গীক্রিয়ত ইত্যর্থঃ ॥ ১২ ॥

ননূক্তেভ্যঃ কোশেভ্যোঽন্য আত্মা যদি বিদ্যতে তর্হি উপলভ্যেত নোপলভ্যতে ততো নাস্তীত্যাশঙ্ক্যাহ স্বয়মেবানুভূতিত্বাদিতি। আনন্দময়াদীনাং সাক্ষিণোঽনুভবস্বরূপত্বাদেবানুভাব্যত্বং নাস্তীতি। নন্বনুভবরূপত্বেঽপ্যনুভাব্যত্বং কুতো ন স্যাদিত্যাশঙ্ক্যাহ জ্ঞাতৃজ্ঞানান্তরাভাবাদিতি। জ্ঞাতা চ জ্ঞানঞ্চ জ্ঞাতৃজ্ঞানে অন্যে জ্ঞাতৃজ্ঞানে জ্ঞাতৃজ্ঞানান্তরে তয়োরভাবঃ তস্মাদজ্ঞেয়ঃ জ্ঞানবিষয়ো ন ভবতি ইতি। জ্ঞানাদ্যভাবাদ্ বা ন জ্ঞায়তে স্বস্যৈবাসত্ত্বাৎ বা কিমত্র বিনিগমনে কারণমিত্যত আহ নত্বসত্তয়েতি। নিদ্রানন্দাদিসাক্ষিত্বেনানুভবস্য পূর্ব্বমেব নিরাকৃতত্বাদিতি ভাবঃ ॥ ১৩ ॥

---

হউক, কিন্তু এতদতিরিক্ত আর কোন বস্তুও ত আত্মস্বরূপে অনুভূত হয় না। ১১।

(উত্তর,) সত্য বটে স্থূলদেহ প্রভৃতি আনন্দময় কোশ পর্য্যন্ত অনুভূত হয়, তদতিরিক্ত আর কোন বস্তু আত্মরূপে অনুভূত হয় না; কিন্তু যে চৈতন্যবলে ঐ স্থূল দেহাদির অনুভব হয়, তাহাকে কে নিবারণ করিবে? (অর্থাৎ সেই নিত্য চৈতন্যই আত্মা) ১২।

পরমাত্মা স্বয়ং জ্ঞানস্বরূপ, এই জন্যই তিনি জ্ঞেয়স্বরূপ নহেন, অপর জ্ঞাতার এবং জ্ঞানান্তরের অভাব হেতুই তিনি অজ্ঞেয়, নতুবা তাঁহার অসত্তা হেতু যে তিনি অজ্ঞেয়, তাহা নহে। ১৩।

মাধুর্য্যাদিস্বভাবানামন্যত্র স্বগুণার্পিণাম্।
স্বস্মিংস্তদর্পণাপেক্ষা নো ন চাপ্যন্যদর্পকম্ ॥ ১৪ ॥
অর্পকান্তররাহিত্যেঽপ্যেষাং তৎস্বভাবতা।
মা ভূৎ তথানুভাব্যত্বং বোধাত্মা তু ন হীয়তে ॥ ১৫ ॥
স্বয়ংজ্যোতির্ভবত্যেষ পুরোঽস্মাৎ ভাসতেঽখিলাৎ।
তমেব ভান্তমন্বেতি তদ্ভাসা ভাসতে জগৎ ॥ ১৬ ॥

---

অনুভবরূপস্যাত্মনোঽনুভাব্যত্বাভাবে দৃষ্টান্তমাহ মাধুর্য্যাদিস্বভাবানামিতি আদি-শব্দেনাম্লাদয়ো গৃহ্যন্তে; মাধুর্য্যাদয়ঃ স্বভাবাঃ সহজা ধর্ম্মবিশেষা যেষাং তে মাধুর্য্যাদিস্বভাবা গুড়াদয়ঃ তেষামন্যত্র স্বসংসৃষ্টপদার্থেষু চণকাদিষু স্বগুণার্পিণাং স্বগুণান্ মাধুর্য্যাদীন-র্পয়ন্তীতি স্বগুণার্পিণঃ তেষাং স্বস্মিন্ স্বস্বরূপে গুড়াদিলক্ষণে তদর্পণাপেক্ষা তেষাং মাধুর্য্যাদীনামর্পণে সম্পাদনে অপেক্ষা আকাঙ্ক্ষা মাধুর্য্যাদিকং কেনচিৎ সম্পাদনীয়-মিত্যেবংরূপা নো নৈব বিদ্যতে কিঞ্চান্যদর্পকং নাস্তি গুড়াদীনাং মাধুর্য্যাদিপ্রদং বস্তুন্তরং নাস্তি ইত্যর্থঃ ॥ ১৪ ॥

সদৃষ্টান্তং ফলিতমাহ,—অর্পকান্তররাহিত্যেঽপি ইতি। মাধুর্য্যাদিসমর্পকবস্তন্তরা-ভাবেঽপি এষাং গুড়াদীনাং মাধুর্য্যাদিস্বভাবতা যথা বিদ্যতে এবমাত্মনোঽপ্যনুভববিষয়ত্বং মা ভূৎ অনুভবরূপতা চ ভবত্যেব ইত্যর্থঃ ॥ ১৫ ॥

উক্তার্থে প্রমাণমাহ,—স্বয়ং জ্যোতিরিতি। "অত্রায়ং পুরুষঃ স্বয়ংজ্যোতির্ভবতি, অস্মাৎ সর্ব্বস্মাৎ পুরতঃ সুবিভাতি "তমেব ভান্তমনুভাতি সর্ব্বং তস্য ভাসা সর্ব্বমিদং বিভাতি' ইত্যাদ্যাঃ শ্রুতয়ঃ আত্মনঃ স্বপ্রকাশত্বং বোধয়ন্তীত্যর্থঃ ॥ ১৬ ॥

---

যেমন শর্করা প্রভৃতি মধুর বস্তু সকল স্বসংসৃষ্ট বস্তুতে স্বীয় মাধুর্য্যগুণ অর্পণ করে, আর আপনাকে তদ্গুণসম্পন্ন করিবার জন্য অন্য মাধুর্য্যাদি গুণ-সম্পন্ন বস্তুর অপেক্ষা করে না এবং তদ্গুণার্পক অন্য কোন বস্তুও নাই; তাহা হইলেও তাহাদিগের মাধুর্য্যাদিগুণ স্বাভাবিক; তদ্রূপ অপর জ্ঞাতা এবং জ্ঞানান্তরের অভাব হেতু আত্মা অজ্ঞেয় হইলেও তাঁহার স্বতঃসিদ্ধ নিত্যজ্ঞান-স্বরূপের কোন হানি হয় না। ১৪। ১৫।

এই আত্মা স্বয়ম্প্রকাশস্বরূপ, দৃশ্যমান অখিল জগৎ-উৎপত্তির পূর্ব্বেও তিনি বিদ্যমান,—সমুদায় জগৎ তাঁহার প্রকাশের অনুগামী, এবং তাঁহার প্রকাশ দ্বারা সমুদায় প্রকাশিত হয়। ১৬।

যেনেদং জানতে সর্ব্বং তৎ কেনান্যেন জানতাম্।
বিজ্ঞাতারং কেন বিদ্যাচ্ছক্তং বেদ্যে তু সাধনম্ ॥ ১৭ ॥
স বেত্তি বেদ্যং তৎ সর্ব্বং নান্যস্তস্যাস্তি বেদিতা।
বিদিতাবিদিতাভ্যাং তৎ পৃথক্ বোধস্বরূপকম্ ॥ ১৮ ॥
বোধেঽপ্যনুভবো যস্য ন কথঞ্চন জায়তে।

---

"যেনেদং সর্ব্বং বিজানাতি তং কেন বিজানীয়াৎ বিজ্ঞাতারমরে কেন বিজানীয়াৎ" ইতি বাক্যমর্থতঃ পঠতি,—যেনেদং জানতে সর্ব্বমিতি। যেন সাক্ষিচৈতন্যরূপেণাত্মনা ইদং সর্ব্বং দৃশ্যজাতং জানতে প্রাণিনস্তং সাক্ষিণমাত্মানেমন্যেন কেন সাক্ষ্যভূতেন জড়েন জানতামবগচ্ছেয়ুঃ পুমাংসঃ ইতি শেষঃ। অস্যৈব বাক্যস্য তাৎপর্য্যমাহ বিজ্ঞাতারমিতি, দৃশ্যজাতস্য বিজ্ঞাতারং কেন দৃশ্যভূতেন বিদ্যাৎ বিজানীয়াৎ ন কেনাপি জানাতীত্যর্থঃ। নন্থ মনসা জ্ঞাস্যতীত্যাশঙ্ক্যাহ শক্তং বেদ্যে তু সাধনমিতি। সাধনন্তু জ্ঞানসাধনন্তু মনোবেদ্যে জ্ঞাতব্যে বিষয়ে শক্তং সমর্থং ন তু জ্ঞাতর্য্যাত্মনি "নৈব বাচা ন মনসা প্রাপ্তুং শক্যো ন চক্ষুষা" ইত্যাদিশ্রুতেঃ স্বস্যাপি জ্ঞেয়ত্বে কর্ম্মকর্তৃত্ববিরোধাচ্চেতি ভাবঃ ॥ ১৭ ॥

আত্মনঃ স্বপ্রকাশত্বে এব "স বেত্তি বেদ্যং ন চ তস্যাস্তি বেত্তা" "অন্যদেব তদ্বিদিতাদথো অবিদিতাদধী"তি বাক্যদ্বয়মপি প্রমাণমিতি মত্বানন্তবাক্যদ্বয়মর্থতঃ পঠতি,—স বেত্তি বেদ্যমিতি। স আত্মা যদ্যদ্বেদ্যং তৎ তৎ সর্ব্বং বেত্তি তস্যাত্মনো বেদিতা জ্ঞাতা অন্যো নাস্তি তদ্বোধস্বরূপকং ব্রহ্ম বিদিতাবিদিতাভ্যাং বিদিতং জ্ঞাতং জ্ঞানেন বিষয়ীকৃতম্ অবিদিতং অজ্ঞাতমজ্ঞানেনাবৃতং তাভ্যাং পৃথগ্ বিলক্ষণং বোধস্বরূপত্বাদেবেত্যর্থঃ ॥ ১৮ ॥

নন্থ বিদিতাবিদিতাতিরিক্তো বোধো নানুভূয়ত ইত্যাশঙ্ক্য বিদিতবিশেষণস্য বেদনস্যৈব বোধরূপত্বাৎ তদনুভবাভাবে বিদিতস্যাপ্যনুভবাভাবপ্রসঙ্গাদ্ বোধানুভাবোঽবশ্যমঙ্গীকর্ত্তব্য ইতি সোপহাসমাহ—বোধেঽপ্যনুভবো যস্যেতি। যস্য মন্দস্য বোধেঽপি ঘটাদিস্ফুরণ-

---

যে সাক্ষিস্বরূপ নিত্য চৈতন্যের বলে এই পরিদৃশ্যমান সমস্ত জগৎ জানিতে হয়, তাঁহাকে অন্য কোন্ বস্তুদ্বারা জানা যাইতে পারে? অর্থাৎ কোন বস্তুদ্বারা জানা যায় না। জ্ঞানের সাধন যে মন, তাহা জ্ঞেয়-প্রকাশনেই সমর্থ, জ্ঞাতৃস্বরূপ আত্মার প্রকাশনে তাহা সমর্থ নহে। ১৭।

যে কিছু জ্ঞেয় পদার্থ জগতে আছে আত্মা তৎসমুদায়কেই জানেন, কিন্তু আত্মাকে কেহ জানিতে পারে না। তিনি বিদিত পদার্থ হইতে ভিন্ন এবং অবিদিত বস্তু হইতেও পৃথক্, তিনি (নিত্যসিদ্ধ) জ্ঞানস্বরূপ। ১৮।

তং কথং বোধয়েচ্ছাস্ত্রং লোস্টং নরসমাকৃতিম্ ॥ ১৯ ॥

জিহ্বা মেঽস্তি ন বেত্যুক্তির্লজ্জায়ৈ কেবলং যথা।
ন বুধ্যতে ময়া বোধো বোদ্ধব্য ইতি তাদৃশী ॥ ২০ ॥

যস্মিন্ যস্মিন্নস্তি লোকে বোধস্তত্তদুপেক্ষণে।
যদ্বোধমাত্রং তদ্ ব্রহ্মেত্যেবং ধীর্ব্রহ্মনিশ্চয়ঃ ॥ ২১ ॥

---

রূপেঽপ্যনুভবঃ সাক্ষাৎকারঃ যথা ন কথমপি ন জায়তে নোৎপদ্যতে তং নরসমাকৃতিং নরসমাকারং লোষ্টং লোষ্টবজ্জড়ং মনুষ্যং শাস্ত্রং কথং বোধয়েৎ ন কথমপি বোধয়েদিত্যর্থঃ ॥ ১৯ ॥

বোধো ন বুধ্যত ইতি উক্তিরেব ব্যাহতেতি সদৃষ্টান্তমাহ,—জিহ্বা মেঽস্তীতি। জিহ্বা মেঽস্তি ন বেত্যুক্তির্ভাষণং যথা লজ্জায়ৈ কেবলং লজ্জাজননায়ৈব ভবতি ন বুদ্ধিমত্ত্বজ্ঞাপনায় জিহ্বয়া বিনা ভাষণানুপপত্তেঃ। এবং ময়া বোধো ন বুধ্যতে ইতঃ পরং বোদ্ধব্য ইত্যুক্তিরপি তাদৃশী লজ্জাহেতুরেব বোধেন বিনা তদ্ব্যবহারাসিদ্ধেরিত্যর্থঃ ॥ ২০ ॥

ভবত্বেবংবিধঃ স বোধস্তথাপি প্রকৃতে ব্রহ্মাববোধে কিমায়াতমিত্যাশঙ্ক্যাহ,—যস্মিন্ যস্মিন্নস্তীতি। লোকে জগতি যস্মিন্ যস্মিন্ ঘটাদিলক্ষণে বিষয়ে বোধো জ্ঞানমস্তি তত্তদুপেক্ষণে তস্য তস্য ঘটাদিবিষয়স্যোপেক্ষণে অনাদরণে কৃতে সতি যদ্বোধমাত্রং ঘটাদিষু সর্ব্বত্রানুস্যূতং যৎ স্ফুরণমস্তি তদেব ব্রহ্মেত্যেবংরূপা ধীর্বুদ্ধিঃ ব্রহ্মনিশ্চয়ঃ ব্রহ্মাবগতিরিত্যর্থঃ ॥ ২১ ॥

---

যাহার বোধস্বরূপের অনুভব নাই, সে ব্যক্তি নরাকৃতি লোষ্ট অর্থাৎ জড়-পদার্থ, শাস্ত্র তাহাকে বুঝাইবেন কিরূপে ? । ১৯ ।

যেমন আমার জিহ্বা আছে কিনা ? এইরূপ উক্তি কেবল লজ্জাকর হয়, 'নিত্য জ্ঞানস্বরূপ আত্মাকে আমি জানি না, অতঃপর জানিব' এইরূপ উক্তিও তদ্রূপ। ২০ ।

যে যে বিষয়ে জ্ঞান হয়, সেই সকল বিষয়কে ত্যাগ করিলে যে জ্ঞানমাত্র অবশিষ্ট থাকে, তাহাই ব্রহ্ম, এইরূপ নিশ্চয়ই ব্রহ্মনিশ্চয়। ২১ ।

---

তাৎপর্য্য ।

অবিদিত অর্থাৎ বিদিত হইতে অতিরিক্ত, এইটী বুঝিতে হইলেই বেদন অর্থাৎ বোধ অগ্রে বুঝিতে হয়, বিদিত বুঝিবে অথচ বেদন বুঝিবে না এমনটী হইতে পারে না; সেই বেদনই আত্মা। ১৯ ।

যেমন জিহ্বা না থাকিলে বাক্য-উচ্চারণ অসম্ভব, সেইরূপ বোধ ব্যতীত ব্যবহারও অসম্ভব। ২০ ।

পঞ্চকোশপরিত্যাগে সাক্ষিবোধাবশেষতঃ।
স্বস্বরূপং স এব স্যাচ্ছূন্যত্বং তস্য দুর্ঘটম্ ॥ ২২ ॥
অস্তি তাবৎ স্বয়ং নাম বিবাদাবিষয়ত্বতঃ।
স্বস্মিন্নপি বিবাদশ্চেৎ প্রতিবাদাত্র কো ভবেৎ ॥ ২৩ ॥
স্বাসত্ত্বন্তু ন কস্মৈচিদ্রোচতে বিভ্রমং বিনা।
অতএব শ্রুতির্বাধং ব্রূতে চাসত্ত্ববাদিনঃ ॥ ২৪ ॥

---

নন্ু ঘটাদিবিষয়োপেক্ষয়া তদর্থানুভবরূপং ব্রহ্মাবগম্যতে চেৎ তর্হি কোশপঞ্চকবিবেকো নিষ্প্রয়োজনঃ স্যাদিত্যাশঙ্ক্য ব্রহ্মণঃ প্রত্যগ্রূপতাজ্ঞানেন বিনা সংসারানিবৃত্তেস্তথাত্বাববোধোপযোগিত্বাৎ ন তস্যাপি বৈয়র্থ্যমিত্যাহ,—পঞ্চকোশপরিত্যাগ ইতি। পঞ্চানাং কোশানাম্ অন্নময়াদীনাং পরিত্যাগে বুদ্ধ্যা অনাত্মত্বনিশ্চয়ে কৃতে তৎসাক্ষিরূপস্য বোধস্যাবশেষণাৎ স সাক্ষিরূপো বোধ এব স্বস্বরূপং নিজং রূপং ব্রহ্মৈব স্যাৎ। নন্ু অন্নময়াদীনাম্ অনুভব-সিদ্ধানাং ত্যাগে শূন্যপরিশেষঃ স্যাদিত্যাশঙ্ক্যাহ শূন্যত্বং তস্য দুর্ঘটমিতি। তস্য সাক্ষিবোধস্য শূন্যত্বং দুর্ঘটং দুঃসম্পাদ্যমিত্যর্থঃ ॥ ২২ ॥

দুর্ঘটত্বমেবোপপাদয়তি,—অস্তি তাবদিতি। স্বয়ংশব্দবাচ্যং স্বস্বরূপং লৌকিকানাং বৈদিকানাঞ্চ মতে তাবদস্ত্যেব, কুত ইত্যত আহ,—বিবাদাবিষয়ত্বত ইতি। স্বস্বরূপস্য বিপ্রতিপত্তিবিষয়ত্বাভাবাদিত্যর্থঃ। বিপক্ষে বাধকমাহ স্বস্মিন্নপি বিবাদশ্চেদিতি। স্বাত্মন্যপি বিপ্রতিপত্তৌ সত্যামত্রাস্যাং বিপ্রতিপত্তৌ কঃ প্রতিবাদী স্যাৎ ন কোঽপীত্যর্থঃ ॥ ২৩ ॥

নন্ু স্বাসত্ত্ববাদ্যেব প্রতিবাদী ভবিষ্যতীত্যাশঙ্ক্য তথাবিধঃ কোঽপি নাস্তীত্যাহ,—স্বাসত্ত্বন্ত্বিতি। ভ্রান্তিমেকাং বিহায়ান্যস্যাং দশায়াং স্বস্যাভাবঃ কেনাপি নাঙ্গীক্রিয়ত ইত্যর্থঃ।

---

পঞ্চকোশ পরিত্যাগ করিলে, অবশিষ্ট যে সাক্ষিস্বরূপ জ্ঞান, তাহাই আত্মার স্বরূপ, বা ব্রহ্মের স্বরূপ ( আত্মা ও ব্রহ্ম একই ), আত্মার শূন্যত্ব অসম্ভব। ২২।

( যে বিষয়ে বিবাদ নাই, তাহার অস্তিত্ব আছেই ) নিজের প্রতি কাহারও বিবাদ নাই বলিয়া অর্থাৎ আমি আছি অথবা নাই এইরূপ মতদ্বৈধ নাই বলিয়া নিজের অস্তিত্ব সিদ্ধ হয় ( শূন্যত্ব সিদ্ধ হয় না ), নিজের প্রতি যদি বিবাদ থাকে ত প্রতিবাদী কে হইবে, অর্থাৎ যাহার অস্তিত্ব নাই, সে কি বিবাদ বা প্রতিবাদ করিতে পারে ? । ২৩।

ভ্রম-প্রমাদের প্রাবল্য ব্যতিরেকে আপনার অসত্তা কেহ চাহে না, এই নিমিত্তেই পরম হিতৈষিণী শ্রুতি, অসদ্‌বাদীর ( শূন্যবাদীর, যাহারা আত্মার অস্তিত্ব মানে না, তাহাদিগের ) বাধ প্রকাশ করিয়াছেন। ২৪।

অসদ্ ব্রহ্মেতি চেদ্ বেদ স্বয়মেব ভবেদসন্।
অতোঽস্য মা ভূদ্বেদ্যত্বং স্বসত্ত্বন্ত্বভ্যুপেয়তাম্ ॥ ২৫ ॥
কীদৃক্ তর্হীতি চেৎ পৃচ্ছেরীদৃক্তা নাস্তি তত্র হি।
যদনীদৃগতাদৃক্ চ তৎস্বরূপং বিনিশ্চিনু ॥ ২৬ ॥
অক্ষাণাং বিষয়স্ত্বীদৃক্ পরোক্ষস্তাদৃগুচ্যতে।
বিষয়ী নাক্ষবিষয়ঃ স্বত্বান্নাস্য পরোক্ষতা ॥ ২৭ ॥

---

কৃত এবং নিশ্চীয়ত ইত্যাশঙ্ক্যাহ,—অতএবেতি। যতঃ কস্মৈচিন্ন রোচতে অতএব শ্রুতিরপ্যসত্ত্ববাদিনো বাধং ব্রূতে ॥ ২৪ ॥

কেয়ং শ্রুতিরিত্যাকাঙ্ক্ষায়াম্ অসন্নেবেত্যাদিকাং মন্ত্রমেনং ততো বিদুরিত্যন্তাং শ্রুতিমর্থতঃ পঠতি—অসদ্ ব্রহ্মেতি চেদিতি। যদি ব্রহ্মাসদিতি বেদ জানীয়াৎ তর্হি স্বয়মেব ব্রহ্মণোঽসত্ত্বজ্ঞানী অসন্ ভবেৎ স্বস্যৈব ব্রহ্মরূপত্বাদিত্যর্থঃ। ফলিতমাহ অতোঽস্যেতি ॥ ২৫ ॥

ইদানীমাত্মনঃ স্বপ্রকাশত্বং বক্তুকামস্তস্য বেদ্যত্বাভাবে কীদৃক্ স্বরূপমিতি প্রশ্নমুত্থাপয়তি কীদৃক্ তর্হীতি চেদিতি। অয়মভিপ্রায়ঃ,—আত্মন ঈদৃক্ত্বাদিনা কেনচিদ্রূপেণ বৈশিষ্ট্যাঙ্গীকারে তেনৈব রূপেণ বেদ্যত্বং স্যাৎ তদনঙ্গীকারে শূন্যত্বমিতি। সত্যমীদৃক্ত্বাদ্যঙ্গীকারে তথৈব বেদ্যত্বং তৎ তু নাঙ্গীক্রিয়ত ইত্যাহ ঈদৃক্তা নাস্তীতি। উপলক্ষণমেতৎ তাদৃক্ত্বস্যাপি। উভয়াভাবমেবাহ,—যদনীদৃগতাদৃক্ চেতি ॥ ২৬ ॥

ন হি প্রতিজ্ঞামাত্রেণার্থসিদ্ধিরিত্যাশঙ্ক্য ঈদৃক্তাদৃক্শব্দয়োরর্থমভিধানয়োরবাচ্যত্বমুপপাদয়তি—অক্ষাণামিতি। প্রত্যক্ষস্যৈব ঘটাদেরীদৃক্শব্দবাচ্যত্বং দৃষ্টং, পরোক্ষস্যৈব ধর্মা-

---

(সেই শ্রুতির ভাব এই যে) যিনি ব্রহ্মকে অসৎ বলিয়া জানেন তিনি স্বয়ং অসৎ হন, (যেহেতু নিজ চৈতন্যই পরব্রহ্মের স্বরূপ, সুতরাং নিজের অস্তিত্ব মানিলে, ব্রহ্মের অস্তিত্বও মানিতে হয়,) অতএব ব্রহ্ম বিজ্ঞেয় নহেন ইহা বলিতে পার, কিন্তু নিজের অস্তিত্বরূপ যে ব্রহ্মের অস্তিত্ব, তাহা মানিতেই হয়। ২৫।

ব্রহ্মের স্বরূপ কি প্রকার? এই প্রশ্নের উত্তর এই যে, ঈদৃশ বা তাদৃশরূপে তাঁহাকে নির্দ্দেশ করা যায় না, অতএব যাহা ঈদৃশ নহে এবং তাদৃশও নহে তাহাই তাঁহার স্বরূপ ইহা নিশ্চয় কর। ২৬।

ইন্দ্রিয়বিষয় যে সকল পদার্থ তাহাকে ঈদৃশ বলা যায় এবং অপ্রত্যক্ষ বস্তুকে তাদৃশ বলা যায়, কিন্তু ব্রহ্ম,—জ্ঞানস্বরূপ; সুতরাং ইন্দ্রিয়বিষয় নহেন এবং স্বস্বরূপ বলিয়া অপ্রত্যক্ষও নহেন। ২৭।

অবেদ্যোঽপ্যপরোক্ষোঽতঃ স্বপ্রকাশো ভবত্যয়ম্।
সত্যং জ্ঞানমনন্তঞ্চেত্যত্রেহ ব্রহ্মলক্ষণম্ ॥ ২৮ ॥
সত্যত্বং বাধরাহিত্যং জগদ্বাধৈকসাক্ষিণঃ।
বাধঃ কিংসাক্ষিকো ব্রূহি ন ত্বসাক্ষিক ইষ্যতে ॥ ২৯ ॥

---

ধর্ম্মাদেস্তাদৃক্‌শব্দবাচ্যত্বং দৃষ্টম্। দ্রষ্টুরাত্মনস্তু ইন্দ্রিয়জন্যজ্ঞানবিষয়ত্বাভাবাম্নেদৃক্ত্বং স্বস্যৈব পরোক্ষত্বাভাবাৎ ন তাদৃক্ত্বমিত্যর্থঃ ॥ ২৭ ॥

তর্হি শূন্যত্বমিতি দ্বিতীয়ং পক্ষং ফলপ্রদর্শনব্যাজেন পরিহরতি—অবেদ্যোঽপীতি। ইন্দ্রিয়জন্যজ্ঞানবিষয়ত্বাভাবেঽপ্যপরোক্ষত্বাৎ স্বপ্রকাশ ইত্যর্থঃ। অত্রায়ং প্রয়োগঃ—আত্মা স্বপ্রকাশঃ সংবিৎকর্ম্মত্বামন্তরেণাপরোক্ষত্বাৎ সংবেদনবদিতি। ন চ বিশেষণাসিদ্ধো হেতুঃ আত্মনঃ সংবিৎকর্ম্মত্বে কর্ম্মকর্ত্তৃভাববিরোধপ্রসঙ্গাৎ। স্বস্বরূপেণ কর্ত্তৃত্বং বিশিষ্টরূপেণ কর্ম্মত্বমিত্যবিরোধ ইতি চেন্ন, গমনক্রিয়ায়ামপ্যেকস্যৈব স্বরূপেণ কর্ত্তৃত্বং বিশিষ্টরূপেণ কর্ম্মত্বমিত্যতিপ্রসঙ্গাৎ। ন চ সাধনবিকলো দৃষ্টান্তঃ সংবেদনস্য সংবেদনান্তরাপেক্ষায়ামনবস্থানাদিতি * নন্বাত্মনঃ স্বপ্রকাশত্বসিদ্ধেঽপি ব্রহ্মণো লক্ষণাভাবান্ন ব্রহ্মত্বসিদ্ধিরিত্যাশঙ্ক্য তল্লক্ষণং তত্র যোজয়তি সত্যং জ্ঞানমিতি। সত্যং জ্ঞানমনন্তং ব্রহ্মেতি শ্রুত্যা যদ্ ব্রহ্মণো লক্ষণমুক্তং তদিহাত্মনি বিদ্যত ইত্যর্থঃ ॥ ২৮ ॥

আত্মনঃ সত্যত্বোপপাদনায় তাবৎ সত্যত্বস্য লক্ষণমাহ সত্যত্বং বাধরাহিত্যমিতি। বাধশূন্যত্বং সত্যত্বং, সত্যমবাধ্যং বাধ্যং মিথ্যা ইতি তদ্বিবেকস্য পূর্ব্বাচার্য্যৈরুক্তত্বাৎ। অস্তু প্রকৃতে কিমায়াতমিত্যত আহ জগদ্বাধৈকসাক্ষিণ ইতি। জগতঃ স্থূলসূক্ষ্মশরীরাদিলক্ষণস্য যো বাধঃ সুপ্তিমূর্চ্ছাসমাধিষু অবিদ্যমানতা তৎসাক্ষিত্বেনৈব বর্ত্তমানস্যাত্মনো বাধঃ। কিংসাক্ষিকঃ কঃ সাক্ষী যস্য বাধস্যাসৌ কিংসাক্ষিকঃ ন কোঽপি সাক্ষী বিদ্যতে ইত্যর্থঃ।

---

আত্মা অজ্ঞেয় হইয়াও প্রত্যক্ষস্বরূপ, অতএব তিনি স্বয়ম্প্রকাশস্বরূপ; আর শ্রুতিতে সত্য, জ্ঞান, অনন্তস্বরূপ পরব্রহ্মের যে লক্ষণ উক্ত হইয়াছে, তাহা আত্মাতে বর্ত্তমান। অর্থাৎ আত্মা ব্রহ্মস্বরূপই জানিবে। ২৮।

যাহার কখন স্বরূপ-ধ্বংস হয় না, তাহাকে সত্য বলা যায়, অতএব সর্ব্বজগৎ ধ্বংস হইলে অর্থাৎ সুষুপ্তি মূর্চ্ছাদির সময়ে একমাত্র সাক্ষিরূপে যিনি বর্ত্তমান, তিনি আত্মা, তাঁহার কখন নাশ হয় না। নাশ হইলে, বল, তদীয় নাশের সাক্ষী কে? সাক্ষিহীন নাশ স্বীকার করিবার যুক্তি নাই। ২৯।

---

* তর্কমতে ঘটো ঘটজ্ঞানেন ভাসতে ঘটজ্ঞানমনুব্যবসায়েনেতি সংবেদনবৎ স্বপ্রকাশে দৃষ্টান্তঃ সাধনবিকলঃ ইতি চেন্ন, জ্ঞানস্য জ্ঞানান্তরেণ ভাসনাভাবাৎ সাধনবিকলঃ। ইত্যধিকো মুম্বয়ীমুদ্রিতপুস্তকপাঠঃ।

অপনীতেষু মূর্ত্তেষু হ্যমূর্ত্তং শিষ্যতে বিয়ৎ।
শক্যেষু বাধিতেষ্বন্তে শিষ্যতে যৎ তদেব তৎ ॥ ৩০ ॥
সর্ব্ববাধে ন কিঞ্চিচ্চেদ্ যন্ন কিঞ্চিৎ তদেব তৎ।
ভাষা এবাত্র ভিদ্যন্তে নির্বাধং তাবদস্তি হি ॥ ৩১ ॥

---

অসাক্ষিকে কাহপ্যাত্মবাধঃ কিং ন স্যাদিত্যাশঙ্ক্যাহ ন ত্বসাক্ষিক ইতি। সাক্ষিরহিতো বাধো নাভ্যুপগন্তব্যোঽন্যথাতিপ্রসঙ্গাদিতি ভাবঃ ॥ ২৯ ॥

উক্তমর্থং দৃষ্টান্তেন স্পষ্টয়তি অপনীতেষ্বিতি। মূর্ত্তেষু গৃহাদিগতেষু ঘটাদিষপনীতেষু গৃহাদিভ্যো নিঃসারিতেষু সৎসু যথাপনেতুমশক্যং নভ এবাবশিষ্যতে এবং স্বব্যতিরিক্তেষু মূর্ত্তামূর্ত্তেষু দেহেন্দ্রিয়াদিষু নিরাকর্ত্তুং শক্যেষু 'নেতি নেতি' ইত্যাদিশ্রুত্যা নিরাকৃতেষু সৎসু অন্তেঽবসানে সর্ব্বনিরাকরণসাক্ষিত্বেন যো বোধোঽবশিষ্যতে স এব বাধরহিত আত্মেত্যর্থঃ ॥ ৩০ ॥

নন্থ প্রতীয়মানস্য সর্ব্বস্যাপি নিষেধে কিঞ্চিন্নাবশিষ্যতে অতঃ কথং শিষ্যতে যৎ তদেব তদিত্যবশিষ্টস্যাত্মত্বমুচ্যত ইতি শঙ্কতে—সর্ব্ববাধে ন কিঞ্চিচ্চেদিতি। ন কিঞ্চিদবশিষ্যত ইতি বদতাপি তথা প্রয়োগসিদ্ধয়ে সর্ব্বাভাববিষয়কং জ্ঞানমবশ্যমভ্যুপেতব্যমতস্তদেবাত্মাভিমতাত্মস্বরূপমিত্যভিপ্রায়েণ পরিহরতি—যন্ন কিঞ্চিদিতি। ন কিঞ্চিদিতি শব্দেন যচ্চৈতন্যমুচ্যতে তদেব তদ্ ব্রহ্ম ইত্যর্থঃ। নন্থ ন কিঞ্চিদিত্যভাববাচকেন ন কিঞ্চিচ্ছব্দেন কথং চৈতন্যমুচ্যত ইত্যাশঙ্ক্য বাধসাক্ষিণোঽবশ্যমভ্যুপেয়ত্বাৎ অভিধায়কশব্দেষেবং বিপ্রতিপত্তির্নাভিধেয় ইতি পরিহরতি ভাষা কিঞ্চিৎ ভিদ্যন্ত ইতি। অত্র বাধসাক্ষিণি প্রত্যাগাত্মনি ভাষা এব ন কিঞ্চিৎ সাক্ষীত্যাদিশব্দা এব ভিদ্যন্তে নির্ব্বাধং বাধরহিতং সাক্ষিচৈতন্যন্তু বিদ্যত এবেত্যর্থঃ ॥ ৩১ ॥

---

যেমন মূর্ত্তিমান্ পদার্থ সকল বিনষ্ট হইলে কেবল আকাশ মাত্র অবশিষ্ট থাকে, তদ্রূপ সমুদায় পদার্থ বিনষ্ট হইলে যাহা (যে জ্ঞানমাত্র) অবশিষ্ট থাকে, তাহাকেই আত্মা বা ব্রহ্ম বলা যায়। ৩০।

যাহা কিছু নহে অর্থাৎ কিছু নয় বলিতে হইলে যে জ্ঞানের অপেক্ষা করিতে হয়, তাহাই আত্মা। সুতরাং তোমার আমার ভাষামাত্র ভিন্ন; অতএব অবাধিত চৈতন্যের অস্তিত্ব সিদ্ধই হইতেছে। ৩১।

---

তাৎপর্য্য।

'যাহা কিছু নহে', এই শব্দ প্রয়োগ করিতে হইলে সকল পদার্থের অভাব-জ্ঞান আবশ্যক; এই জ্ঞানের বিষয়াংশ ত্যাগ করিয়া যাহা থাকিল, তাহাই আত্মা। ৩১।

অতএব শ্রুতির্ব্বাধ্যং বাধিত্বা শেষয়ত্যদঃ।
স এষ নেতি নেত্যাত্মেত্য তদ্ব্যাবৃত্তিরূপতঃ॥ ৩২॥
ইদংরূপন্তু যদ্ যাবৎ তৎ ত্যক্তুং শক্যতেঽখিলম্।
অশক্যো হ্যনিদংরূপঃ স আত্মা বাধবর্জ্জিতঃ॥ ৩৩॥
সিদ্ধং ব্রহ্মণি সত্যত্বং জ্ঞানত্বন্তু পুরোদিতম্।

---

উক্তমর্থং শ্রুত্যা রূঢ়ং করোতি অতএব শ্রুতির্ব্বাধ্যমিতি। যতঃ সাক্ষিচৈতন্যমবাধ্যম্ অতএব নেতি নেত্যাত্মেতি শ্রুতিরতদ্ব্যাবৃত্তিরূপতোঽনাত্মপদার্থনিরাকরণদ্বারেণ বাধ্যং নিরাকরণযোগ্যং সর্ব্বমনাত্মবস্তুজাতং বাধিত্বা নিরাত্মবাদো নিরাকর্ত্তুমশক্যং প্রত্যক্স্বরূপং শেষয়তি অবশেষয়তীত্যর্থঃ॥ ৩২॥

নেতি নেতি ইতি শ্রুতির্ব্বাধযোগ্যং বাধিত্বা বাধিতুমশক্যম্ অবশেষয়তীত্যুক্তং, তত্র কীদৃশমশক্যমিতি বিবক্ষায়াং তদ্দ্বয়ং বিভজ্য দর্শয়তি—ইদংরূপস্থিতি। ইদমিত্যেবংরূপং দৃশ্যত্বেনানুভূয়মানং স্বরূপং যস্য দেহাদেস্তদিদংরূপম্; তুশব্দোঽবধারণে; যদ্ যাবদিতি পদদ্বয়ং সর্ব্বদৃশ্যোপসংগ্রহার্থম্; এবঞ্চ সতি যদ্ দৃশ্যং তদখিলং বক্তুং শক্যতে এবেত্যর্থঃ। সম্পদ্যতে অনিদংরূপঃ প্রত্যক্ত্বেন ইদন্তয়াবগন্তুমযোগ্যঃ সাক্ষী অশক্যস্ত্যক্তুমিত্যর্থঃ। হীতি নিপাতেন প্রসিদ্ধিদ্যোতকেন ত্যক্তুঃ স্বরূপত্বেন ত্যাগাযোগ্যতাং সূচয়তি। ফলিতমাহ স আত্মা বাধবর্জ্জিত ইতি। যো বাধরহিতঃ সাক্ষী স এবাত্মা নাহঙ্কারাদিদৃশ্য ইত্যর্থঃ॥ ৩৩॥

ভবত্বাত্মনোঽবাধ্যত্বং প্রকৃতে কিমায়াতমিত্যত আহ সিদ্ধং ব্রহ্মণীতি। ব্রহ্মণি

---

যদি বল, সমুদায় পদার্থের নাশ হইলে আর কিছুই অবশিষ্ট থাকে না, (তাহার উত্তর এই) তুমি যাহাকে "কিছুই অবশিষ্ট থাকে না" বল সেই অলক্ষ্য অনির্দ্দেশ্য (জ্ঞানস্বরূপ) বস্তুকে আমি পরমাত্মা বলি, অতএব তোমার ও আমার কেবল ভাষা মাত্র ভিন্ন, নতুবা জগৎ নাশবিশিষ্ট; অনির্দ্দেশ্য অলক্ষ্য একমাত্র বস্তু উভয়েরই পক্ষে সমান। যেহেতু সেই সাক্ষিচৈতন্যের বাধ সম্ভব হয় না, অতএব 'স এষ নেতি নেত্যাত্মা' ইত্যাদি শ্রুতি, নাশ্য বস্তুসমুদায়ের বাধ কীর্ত্তনপূর্ব্বক 'তন্ন' 'তন্ন' করিয়া অবশিষ্টরূপে আত্মনিরূপণ করিয়াছেন। ৩২।

'ইদং'রূপে কথিত অর্থাৎ দৃশ্যমান অখিল ব্রহ্মাণ্ডই পরিত্যাগযোগ্য, যাহা ইদংরূপ নহে অর্থাৎ অজ্ঞেয় তিনি আত্মা, তিনি অবাধিত এবং অপরিত্যাজ্য। ৩৩।

ব্রহ্মলক্ষণে যে সত্যত্ব কথিত হইয়াছে, তাহা আত্মাতেও সিদ্ধ হইল, এবং

স্বয়মেবানুভূতিত্বাদিত্যাদিবচনৈঃ স্ফুটম্ ॥ ৩৪ ॥
ন ব্যাপিত্বাদ্ দেশতোঽন্তো নিত্যত্বান্নাপি কালতঃ।
ন বস্তুতোঽপি সার্ব্বাত্ম্যাদানন্ত্যং ব্রহ্মণি ত্রিধা ॥ ৩৫ ॥
দেশকালান্যবস্তূনাং কল্পিতত্বাচ্চ মায়য়া।
ন দেশাদিকৃতোঽন্তোঽস্তি ব্রহ্মানন্ত্যং স্ফুটং ততঃ ॥ ৩৬ ॥
সত্যং জ্ঞানমনন্তং যদ্ ব্রহ্ম তদ্ বস্তু তস্য তৎ।

---

ব্রহ্মলক্ষণে যৎ সত্যত্বমভিহিতং তদাত্মনি সিদ্ধম্। ভবতু সত্যত্বং কথমিত্যাশঙ্কায়াং তৎ পূর্ব্বমেব উপপাদিতমিত্যাহ জ্ঞানত্বস্তু পুবোদিতমিতি। স্বয়মেবানুভূতিত্বাৎ বিদ্যতে নানুভাব্যন্তেত্যাদিবচনৈঃ জ্ঞানরূপত্বং পূর্ব্বমেবাভিহিতমিত্যর্থঃ ॥ ৩৪ ॥

নন্ সত্যত্বজ্ঞানত্বয়োরাত্মনি সিদ্ধত্বেঽপ্যানন্ত্যং ন ঘটতে ব্রহ্মণ্যপি তস্যাসিদ্ধেঃ ইত্যাশঙ্ক্য ব্রহ্মণি তাবৎ তৎ সাধয়তি—ন ব্যাপিত্বাদিতি। "নিত্যং বিভুং সর্ব্বগতং সুসূক্ষ্মম্ আকাশবৎ সর্ব্বগতশ্চ নিত্যঃ, নিত্যোঽনিত্যানাং চেতনশ্চেতনানাম্, ইদং সর্ব্বং যদয়মাত্মা", "সর্ব্বং হ্যেতদ্-ব্রহ্ম, ব্রহ্মৈবেদং সর্ব্বম্," ইত্যাদিশ্রুতিষু ব্যাপিত্বনিত্যত্বসর্ব্বাত্মত্বপ্রতিপাদনাৎ ব্রহ্মণস্ত্রিবিধ-মপ্যানন্ত্যং দেশকালবস্তুকৃতপরিচ্ছেদরাহিত্যম্ অভ্যুপেতব্যমিত্যর্থঃ ॥ ৩৫ ॥

ন কেবলং শ্রুতিতঃ কিন্তু যুক্তিতোঽপীত্যাহ,—দেশকালান্যবস্তূনামিতি। পরিচ্ছেদহেতূনাং দেশকালান্যবস্তূনাং মায়য়া কল্পিতত্বাচ্চ। গন্ধর্ব্বনগরাদিভির্গগনস্যেব ন দেশাদিভিঃ কৃতঃ পারমার্থিকঃ পরিচ্ছেদো ব্রহ্মণি সম্ভবতি যতঃ অতো ব্রহ্মণ্যানন্ত্যং তাবদ্ ব্যক্তমেব। "তদেতৎ সত্যমাত্মা", ব্রহ্মৈব ব্রহ্মাত্মৈবাত্র হ্যেবং ন বিচিকিৎসমিতি ও সত্যম্ আত্মৈব নৃসিংহদেবো ব্রহ্ম ভবতি অয়মাত্মা ব্রহ্ম" ইত্যাদিভিরাত্মনো ব্রহ্মাভেদপ্রতিপাদনাৎ তস্যাপ্যানন্ত্যং সিদ্ধমিতি তাৎপর্য্যম্ ॥ ৩৬ ॥

ননু জড়স্য জগতো ব্রহ্মণ্যারোপিতত্বেন ব্রহ্মণঃ পরিচ্ছেদকত্বাভাবেঽপি চেতনয়ো-জীবেশ্বরয়োর্ভেদসম্ভবাৎ তৎকৃতপরিচ্ছেদবত্ত্বেনানন্ত্যং ব্রহ্মণো ন সঙ্গচ্ছেত ইত্যাশঙ্ক্য

---

'স্বয়মেবানুভূতিত্বাৎ' ইত্যাদি বচনদ্বারা পূর্ব্বেই আত্মার জ্ঞানস্বরূপত্ব স্পষ্টভাবে কথিত হইয়াছে। ৩৪।

ব্রহ্ম সর্ব্বব্যাপী বলিয়া দেশদ্বারা তাঁহার পরিচ্ছেদ সম্ভব হয় না, আর নিত্যত্ব হেতু কালদ্বারা তাঁহাকে পরিচ্ছিন্ন বলা যায় না, এবং সর্ব্বাত্মত্বপ্রযুক্ত কোন বস্তু দ্বারাও তাঁহার পরিচ্ছেদ নাই, এই ত্রিবিধ পরিচ্ছেদশূন্যতারূপ আনন্ত্য ব্রহ্মে আছে। ৩৫।

দেশ, কাল এবং অপর বস্তু সকল মায়া-কল্পিত বলিয়া ও দেশ-কালাদিকৃত বিভাগ ব্রহ্মের নাই এ জন্যও তাঁহার আনন্ত্য পরিস্ফুট। ৩৬।

ঈশ্বরত্বস্তু জীবত্বমুপাধিদ্বয়কল্পিতম্ ॥ ৩৭ ॥
শক্তিরস্ত্যৈশ্বরী কাচিৎ সর্ব্ববস্তুনিয়ামিকা।
আনন্দময়মারভ্য গূঢ়া সর্ব্বেষু বস্তুষু ॥ ৩৮ ॥
বস্তুধর্ম্মা নিয়ম্যেরন্ শক্ত্যা নৈব যদা তদা।
অন্যোন্যধর্ম্মসাঙ্কর্য্যাদ্ বিপ্লবেত জগৎ খলু ॥ ৩৯ ॥
চিচ্ছায়াবেশতঃ শক্তিশ্চেতনেব বিভাতি সা।

---

তয়োরপ্যৌপাধিকত্বপত্বেন পারমার্থিকত্বাভাবাৎ ন তয়োরপি বাস্তবপরিচ্ছেদহেতুত্বম্ ইত্যভিপ্রায়েণাহ সত্যং জ্ঞানমনন্তমিতি। যৎ সত্যাদিরূপং ব্রহ্ম তদ্ বস্তু তদেব পারমার্থিকং তস্য ব্রহ্মণো যল্লোকপ্রসিদ্ধমীশ্বরত্বং জীবত্বঞ্চ তদ্‌বক্ষ্যমাণোপাধিদ্বয়েন কল্পিতম্, অতঃ কল্পিতত্বাদেব জড়বৎ জীবেশ্বরয়োরপি তৎপরিচ্ছেদকত্বাভাব, ইতি ভাবঃ ॥ ৩৭ ॥

কিং তদুপাধিদ্বয়মিত্যাকাঙ্ক্ষায়াং তদুভয়ং ক্রমেণ দিদর্শয়িষুরাদাবীশ্বরোপাধিভূতাং শক্তিং নিরূপয়তি শক্তিরস্ত্যৈশ্বরী কাচিদিতি। ঐশ্বরী ঈশ্বরোপাধিতয়া ঈশ্বরসম্বন্ধিনী কাচিৎ সদসত্ত্বাদিভী রূপৈর্নির্ব্বক্তুমশক্যা সর্ব্ববস্তুনিয়ামিকা সর্ব্বেষামন্তর্য্যামিব্রহ্মণোক্তানাং পৃথিব্যাদীনাং নিয়ম্যবস্তুনাং নিয়মনকর্ত্রী শক্তিরস্তি। সা কুত্র তিষ্ঠতি কুত্র বা নোপলভ্যতে ইত্যাশঙ্ক্যাহ,—আনন্দময়মিতি। আনন্দময়াদিষু ব্রহ্মাণ্ডান্তেষু সর্ব্বেষু বস্তুষু গূঢ়া বর্ত্ততে অতো নোপলভ্যত ইত্যর্থঃ ॥ ৩৮ ॥

নিয়মেনানুপলভ্যমানায়াস্তস্যাঃ অসত্ত্বমেব কিং ন স্যাদিত্যাশঙ্ক্য জগন্নিয়মনান্যথানুপপত্ত্যা সাবশ্যমভ্যুপেয়া ইত্যাহ—বস্তুধর্ম্মা ইতি। বস্তুনাং পৃথিব্যাদীনাং ধর্ম্মাঃ কাঠিন্য-দ্রবত্বাদয়ো যদা শক্ত্যা ন ব্যবস্থাপ্যন্তে তদা তেষাং ধর্ম্মাণাং সাঙ্কর্য্যাৎ বিমিশ্রণেনৈকত্রাবস্থানাৎ জগদ্বিপ্লবেতানিয়তব্যবহারবিষয়তাং প্রাপ্নুয়াদিত্যর্থঃ। খল্বিতি প্রসিদ্ধিং দ্যোতয়তি ॥ ৩৯ ॥

নন্বু জড়ায়াঃ অস্যা জগন্নিয়ামকত্বং ন যুজ্যতে ইত্যাশঙ্ক্যাহ,—চিচ্ছায়াবেশত ইতি। সা

---

ব্রহ্ম—সত্য জ্ঞান ও অনন্তস্বরূপ, এইরূপই পারমার্থিক; ব্রহ্মের যে প্রসিদ্ধ ঈশ্বরত্ব ও জীবত্ব, তাহা উপাধিদ্বয়-সাহায্যে কল্পিত মাত্র। ৩৭।

(উপাধিদ্বয় কি তাহা বলা যাইতেছে;) ঈশ্বরের উপাধিরূপ সর্ব্ব-বস্তু-নিয়ামিকা কোন শক্তি আছে। তাহা আনন্দময় কোশ প্রভৃতি সমুদায় বস্তুতে নিগূঢ় আছে। ৩৮।

সেই শক্তিদ্বারা জগৎ যদি যথোপযুক্ত নিয়মবদ্ধ না হয়, তবে পরস্পর ধর্ম্মের সাঙ্কর্য্য হইয়া জগতের সুশৃঙ্খলা ভঙ্গ হয়। ৩৯।

নিত্য চৈতন্য পরব্রহ্মের সেই পূর্ব্বোক্ত শক্তি তাঁহারই অধিষ্ঠান বশতঃ

তচ্ছক্ত্যুপাধিসংযোগাদ্ ব্রহ্মৈবেশ্বরতাং ব্রজেৎ ॥ ৪০ ॥
কোশোপাধিবিবক্ষায়াং যাতি ব্রহ্মৈব জীবতাম্।
পিতা পিতামহশ্চৈকঃ পুত্রপৌত্রৌ যথা প্রতি ॥ ৪১ ॥
পুত্রাদেরবিবক্ষায়াং ন পিতা ন পিতামহঃ।
তদ্বন্নেশো নাপি জীবঃ শক্তিকোশাবিবক্ষণে ॥ ৪২ ॥

---

শক্তিশ্চিচ্ছায়াবেশতঃ চিদাভাসপ্রবেশাচ্চেতনেব চেতনত্বমাপন্নেব · বিভাতি প্রতীয়তে অতোঽস্যা নিয়ামকত্বং ঘটত ইতি ভাবঃ। অস্তু প্রকৃতে কিমায়াতমিত্যত আহ,—তচ্ছক্তীতি। সা চাসৌ শক্তিশ্চেতি কর্ম্মধারয়ঃ, সৈবোপাধিস্তেন সংযোগঃ সম্বন্ধঃ, তস্মাৎ ব্রহ্মৈব সত্যাদি-লক্ষণমীশ্বরতাং সর্ব্বজ্ঞত্বাদিধর্ম্মযোগিতাং ব্রজেৎ প্রাপ্নুয়াদিত্যর্থঃ ॥ ৪০ ॥

জীবত্বোপাধিভূতানাং কোশানাং প্রাগেবাভিহিতত্বাৎ তন্নিমিত্তকং জীবত্বমিদানীম্ আহ,—কোশোপাধীতি। কোশ এবোপাধিঃ কোশোপাধিঃ তদ্বিবক্ষায়াং পর্য্যালোচনায়াং ক্রিয়মাণায়াং ব্রহ্মৈব সত্যাদিলক্ষণমেব জীবতাং জীবব্যবহারবিষয়তাং গচ্ছতি। নমু একস্যৈব বিরুদ্ধধর্ম্মদ্বয়যোগিত্বং যুগপৎ ন ক্বাপি দৃষ্টমিত্যাশঙ্ক্যাহ পিতা পিতামহশ্চৈক ইতি। যথা এক এব দেবদত্তঃ একদৈব পুত্রং প্রতি পিতা ভবতি পৌত্রং প্রতি পিতামহ এবং ব্রহ্মাপি কোশোপাধিবিবক্ষায়াং জীবো ভবতি শক্ত্যুপাধিবিবক্ষায়াম্ ঈশ্বরশ্চ ভবতীত্যর্থঃ ॥ ৪১ ॥

বস্তুতস্তু জীবত্বমীশ্বরত্বং বা ব্রহ্মণো নাস্তীত্যেতৎ সদৃষ্টান্তমাহ পুত্রাদেরিতি ॥ ৪২ ॥

---

চেতনবৎ হন (অতএব সেই শক্তির জগৎশৃঙ্খলা-নিয়মকর্ত্তৃত্ব অসম্ভব নহে), সেই শক্তিরূপ উপাধিসংযোগ প্রযুক্ত স্বয়ং পরব্রহ্ম-চৈতন্যই ঈশ্বর হন অর্থাৎ নিরুপাধিক ব্রহ্মচৈতন্যই পরব্রহ্ম, এবং মায়াশক্তিরূপ উপাধিবিশিষ্ট ব্রহ্মই ঈশ্বর। ৪০।

আর পঞ্চকোশরূপ উপাধিসম্বন্ধ-বশে ব্রহ্মই জীবরূপে পরিচিত হন। যেমন লৌকিক সম্বন্ধব্যবহারে একব্যক্তি পুত্রকে অপেক্ষা করিয়া পিতা ও তিনিই পৌত্রকে অপেক্ষা করিয়া পিতামহ হন এবং পুত্র ও পৌত্রের অভাবে তিনি পিতা বা পিতামহ কিছুই নহেন, তদ্রূপ এক পরব্রহ্ম-চৈতন্য মায়া-শক্তি-উপাধিসাহায্যে ঈশ্বর এবং পঞ্চকোশ-উপাধি দ্বারা জীব, আর উপা-ধির অভাবে নিরুপাধি কেবল চৈতন্যমাত্র হন। ৪১। ৪২

য এবং ব্রহ্ম বেদৈষ ব্রহ্মৈব ভবতি স্বয়ম্।
ব্রহ্মণো নাস্তি জন্মাতঃ পুনরেষ ন জায়তে ॥ ৪৩ ॥

ইতি পঞ্চকোশবিবেকঃ সমাপ্তঃ ॥

---

ইদানীমুক্তস্য জ্ঞানস্য ফলমাহ য এবং ব্রহ্মেতি। যঃ সাধনসম্পন্ন এবমুক্তপ্রকারেণ পঞ্চকোশবিবেকপুরঃসরং ব্রহ্ম প্রত্যগভিন্নং সত্যাদিলক্ষণং বেদ সাক্ষাৎ করোতি এষঃ স্বয়ং ব্রহ্মৈব ভবতি, "স যো হ বৈতৎ পরমং ব্রহ্ম বেদ ব্রহ্মৈব ভবতি, ব্রহ্মবিদাপ্নোতি পরমি"ত্যাদিশ্রুতিভ্যঃ। ততোঽপি কিমিত্যত আহ,—ব্রহ্মণো নাস্তীতি। "ন জায়তে ম্রিয়তে বা বিপশ্চিদি"ত্যাদিশ্রুতেব্রহ্মণস্তাবজ্জন্ম নাস্তি অতএব বিদ্বানপি স্বাত্মনস্তদ্রূপত্বাবগমাৎ নৈব জায়তে, "ন স পুনরাবর্ত্ততে" ইতি শ্রুতেরিতি সিদ্ধম্ ॥ ৪৩।

ইতি পঞ্চকোশবিবেকব্যাখ্যা সমাপ্তা।

---

এই পূর্ব্বোক্ত প্রকার পঞ্চকোশবিবেক দ্বারা যে ব্যক্তি পরব্রহ্মকে জানেন, তিনি ব্রহ্মানন্দ লাভ করেন, ব্রহ্মের জন্মরাহিত্য হেতু ব্রহ্মভাব-প্রাপ্ত পুরুষেরও আর পুনর্জ্জন্ম হয় না। ৪৩।

পঞ্চকোশবিবেক নামক তৃতীয় পরিচ্ছেদ সমাপ্ত।

# চতুর্থঃ পরিচ্ছেদঃ।

## দ্বৈতবিবেকঃ।

ঈশ্বরেণাপি জীবেন স্বষ্টং দ্বৈতং বিবিচ্যতে।
বিবেকে সতি জীবেন হেয়ো বন্ধঃ স্ফুটীভবেৎ॥ ১॥
মায়ান্তু প্রকৃতিং বিদ্যাৎ মায়িনন্তু মহেশ্বরম্।
স মায়ী সৃজতীত্যাহুঃ শ্বেতাশ্বতরশাখিনঃ॥ ২॥

---

নত্বা শ্রীভারতীতীর্থবিদ্যারণ্যমুনীশ্বরৌ।
ময়া দ্বৈতবিবেকস্য ক্রিয়তে পদযোজনা॥

চিকীর্ষিতস্য গ্রন্থস্য নিষ্প্রত্যূহপরিপূরণায়াভিলষিতদেবতত্ত্বানুস্মরণলক্ষণং মঙ্গলমাচরন্ অস্য বেদান্তপ্রকরণত্বাৎ শাস্ত্রীয়মেবানুবন্ধচতুষ্টয়ং সিদ্ধবৎকৃত্য গ্রন্থারম্ভং প্রতিজানীতে ঈশ্বরেণাপীতি। ঈশ্বরেণ কারণোপাধিকেনান্তর্যামিণা জীবেনাপি কার্য্যোপাধিনাহম্প্রত্যয়িনা চ স্বষ্টমুৎপাদিতং দ্বৈতং জগৎ বিবিচ্যতে বিভজ্যতে বিভজ্য প্রদর্শ্যতে। অস্য দ্বৈতবিবেচনস্য কাকদন্তপরীক্ষাবৎ নিষ্প্রয়োজনত্বং বারয়তি বিবেকে সতীতি। বিবেকে জীবেশ্বরস্বষ্টয়োর্দ্বৈতয়োর্বিবেচনে কৃতে সতি জীবেন পূর্ব্বোক্তেন হেয়ঃ পরিত্যাজ্যো বন্ধো বন্ধহেতুঃ দ্বৈতং স্ফুটীভবেৎ স্পষ্টতাং গচ্ছেৎ, এতাবৎ জীবেন হেয়মিতি নিশ্চীয়ত ইত্যর্থঃ॥ ১॥

নমু অদৃষ্টদ্বারা জীবানামেব জগদ্ধেতুত্বং বাদিনো বর্ণয়ন্তি অতঃ কথমীশ্বরস্বষ্টত্বং জগত উচ্যতে ইত্যাশঙ্ক্য বহুশ্রুতিবিরোধান্নেদং চোদ্যমুত্থাপয়িতুমর্হতীত্যভিপ্রায়েণ শ্বেতাশ্বতরবাক্যন্তাবদর্থতঃ পঠতি মায়ান্ত্বিতি। মায়োপাধিকমীশ্বরং প্রকৃত্য অস্মান্মায়ী সৃজতে বিশ্বমেতদিতি তস্যৈবেশ্বরস্য জগৎস্রষ্টৃত্বং শ্বেতাশ্বতরশাখিনো বর্ণয়ন্তীত্যর্থঃ॥ ২॥

---

ঈশ্বর কর্তৃক সৃষ্ট ও জীব কর্তৃক কল্পিত জগৎ বিভাগ করিয়া প্রদর্শন করা যাইতেছে; কেন না সেই বিভাগজ্ঞান হইলে, জীবের পরিত্যাজ্য দ্বৈতভাব স্পষ্টরূপে প্রকাশিত হয়। ১।

শ্বেতাশ্বতরোপনিষদে ব্যক্ত আছে, মায়া শক্তিকে প্রকৃতি বলিয়া জানিবে এবং সেই মায়ারূপ উপাধিবিশিষ্ট চৈতন্যকে ঈশ্বর বলিয়া নিশ্চয় করিবে। সেই মায়া-উপাধিবিশিষ্ট ঈশ্বর এই সমুদয় জগৎ সৃষ্টি করিয়াছেন। ২।

আত্মা বা ইদমগ্রেঽভূৎ স ঈক্ষত সৃজা ইতি।
সঙ্কল্পেনাসৃজল্লোকান্ স এতানিতি বহ্বৃচাঃ ॥ ৩ ॥
খবায়্বগ্নিজলোর্ব্ব্যোষধ্যন্নদেহাঃ ক্রমাদমী।
সম্ভূতা ব্রহ্মণস্তস্মাদেতস্মাদাত্মনোঽখিলাঃ ॥ ৪ ॥
বহু স্যামহমেবাতঃ প্রজায়েয়েতিকামতঃ।
তপস্তপ্ত্বাসৃজৎ সর্ব্বং জগদিত্যাহ তিত্তিরিঃ ॥ ৫ ॥
ইদমগ্রে সদেবাসীৎ বহুত্বায় তদৈক্ষত।

---

ঐতরেয়োপনিষদ্বাক্যমর্থতোঽনুসংক্রামতি আত্মা বা ইতি। "আত্মা বা ইদমেক এবাগ্র আসীন্নান্যৎ কিঞ্চন মিষৎ স ঈক্ষত লোকান্নু সৃজা ইতি স ইমান্ লোকান-সৃজতে"ত্যনেন বাক্যেনাদ্বিতীয়স্য পরমাত্মন এব জগতঃ স্রষ্টৃত্বং বহ্বৃচা ঋকৃশাখাধ্যায়িন আহুঃ ॥ ৩ ॥

ঈশ্বরস্য জগৎকারণত্বে তৈত্তিরীয়শ্রুতিরপি প্রমাণম্ ইত্যভিপ্রেত্য তদ্বাক্যমর্থতঃ পঠতি খবিতি বহু স্যামিতি চ দ্বাভ্যাম্। নিত্যং জ্ঞানমনন্তং ব্রহ্ম ইত্যুপক্রম্য "তস্মাদ্ বা এতস্মা-দাত্মন আকাশঃ সম্ভূতঃ" ইত্যাদিনা "অন্নাৎ পুরুষ" ইত্যন্তেন বাক্যেন গুহাহিতত্বেন প্রত্যগভিন্নাৎ ব্রহ্মণঃ আকাশাদিদেহপর্য্যন্তং জগদুৎপন্নম্ ইত্যভিধায় উপরিষ্টাদপি "সো-ঽকাময়ত বহু স্যাং প্রজায়েয়েতি স তপোঽতপ্যত স তপস্তপ্ত্বা ইদং সর্ব্বমসৃজত যদিদং কিঞ্চনে"তি বাক্যেন তস্যৈব ব্রহ্মণো জগৎসর্জ্জনেচ্ছাপূর্ব্বকপর্য্যালোচনেন জগৎস্রষ্টৃত্বং তিত্তিরিরাহেত্যর্থঃ ॥ ৪। ৫ ॥

ছান্দোগ্যেঽপি জগৎস্রষ্টৃত্বং ব্রহ্মণ এব শ্রুতমিত্যাহ—ইদমগ্র ইতি। "সদেব সৌম্যেদ-মগ্র আসীদেকমেবাদ্বিতীয়মি"তি সদ্রূপমদ্বিতীয়ং ব্রহ্মোপক্রম্য "তদৈক্ষত বহু স্যাং প্রজায়ে-

---

ঋগ্বেদান্তর্গত ঐতরেয় উপনিষদে আছে, পরমাত্মা ঈশ্বরই জগৎসৃষ্টির পূর্ব্বে ছিলেন, তিনি সংকল্প করিয়াছিলেন যে, আমি জগৎসৃষ্টি করি, সেই সংকল্পমাত্রে এই সমস্ত লোক সৃষ্ট হইল। ৩।

তৈত্তিরীয় উপনিষদে আছে, এই আত্মা হইতে অভিন্ন সেই-ব্রহ্ম হইতে আকাশ, বায়ু, অগ্নি, জল, পৃথিবী, ওষধি, অন্ন এবং স্থূলদেহ এই নিখিল পদার্থ যথাক্রমে উৎপন্ন হইয়াছে। আমি প্রজাত হইয়া বহুরূপ ধারণ করি, এইরূপ কামনা দ্বারা (আত্মাই) জ্ঞানময় তপোবলে সকল জগৎ সৃষ্টি করিয়া-ছেন। ৪। ৫।

সামবেদীয় ছান্দোগ্য উপনিষদে স্পষ্টরূপে উক্ত হইয়াছে যে, এই জগৎ-

তেজোহবন্নাণ্ডজাদীনি সসর্জ্জেতি চ সামগাঃ ॥ ৬ ॥
বিস্ফুলিঙ্গা যথা বহ্নের্জায়ন্তেহক্ষরতস্তথা।
বিবিধাশ্চিজ্জড়া ভাবা ইত্যাথর্ব্বণিকা শ্রুতিঃ ॥ ৭ ॥
জগদব্যাকৃতং পূর্ব্বমাসীদ্ ব্যাক্রিয়তেহধুনা।
দৃশ্যাভ্যাং নামরূপাভ্যাং বিরাড়াদিষু তে স্ফুটে ॥ ৮ ॥
বিড়াণ্মনুর্নরা গাবঃ খরাশ্বাজাবয়স্তথা।
পিপীলিকাবধিদ্বন্দ্বমিতি বাজসনেয়িনঃ ॥ ৯ ॥

---

য়েতি তত্তেজোহসৃজত" ইত্যাদিনা তদৈক্ষবেক্ষণপূর্ব্বকং তেজোহবন্নস্রষ্টৃত্বম্ অভিধায় তেষাং খল্বেষাং ভূতানাং ত্রীণ্যেব বীজানি ভবন্ত্যণ্ডজং জীবজমুদ্ভিজ্জমিত্যাদিনা, অণ্ডজাদিশরীর-নির্ম্মাতৃত্বঞ্চ সামগা বর্ণয়ন্তীত্যর্থঃ ॥ ৬ ॥

মুণ্ডকোপনিষদ্যপি "তদেতৎ সত্যং যথা সুদীপ্তাৎ পাবকাৎ বিস্ফুলিঙ্গাঃ সহস্রশঃ প্রভবন্তে সরূপাস্তথাক্ষরাৎ বিবিধাঃ সৌম্য ভাবাঃ প্রজায়ন্তে তত্র চৈবাপি যন্তী"ত্যক্ষরশব্দবাচ্যাদ্ ব্রহ্মণো জগদুৎপত্তিঃ শ্রূয়ত ইত্যাহ—বিস্ফুলিঙ্গা যথেতি ॥ ৭ ॥

এবং বৃহদারণ্যকেহপ্যব্যাকৃতশব্দবাচ্যাৎ ব্রহ্মণো নামরূপাত্মকং জগদুৎপন্নমিতি শ্রুত-মিত্যাহ—জগদব্যাকৃতমিতি। "তদ্ধেদং তর্হ্যব্যাকৃতমাসীৎ তন্নামরূপাভ্যামেব ব্যাক্রিয়তাসৌ নামায়মিদংরূপ"ইতি বাক্যেন সৃষ্টেঃ পুরা অস্পষ্টনামরূপত্বেনাব্যাকৃতশব্দবাচ্যাৎ মায়োপাধি-কাৎ ব্রহ্মণো নামরূপস্পষ্টীকরণলক্ষণা সৃষ্টিরুক্তা, তয়োর্নামরূপয়োর্বিরাড়াদিষু স্থূলকার্য্যেষু স্পষ্টতা চ "তদিদমপ্যেতর্হি নামরূপাভ্যামেব ব্যাক্রিয়তেহসৌ নামায়মিদংরূপ" ইতি বাক্যেনাভিহিতা তে চ বিরাড়াদয়ঃ "আত্মৈবেদমগ্র আসীৎ পুরুষবিধ" ইত্যাদিনা এবমেব যদিদং কিঞ্চ মিথুনমা পিপীলিকাভ্যস্তৎ সর্ব্বমসৃজতেত্যন্তেন দর্শিতা ইত্যর্থঃ ॥ ৮। ৯ ॥

---

উৎপত্তির পূর্ব্বে সৎমাত্র ছিলেন, তিনি বহু হইবার জন্য পর্য্যালোচনা করিলেন। অনন্তর অগ্নি জল ও অণ্ডজাদি বিবিধ প্রকার জীবদেহ সকল উৎপন্ন হইল। ৬।

অথর্ব্ববেদীয় মুণ্ডকোপনিষদে প্রতিপাদিত হইয়াছে যে, যেমন অগ্নি হইতে স্ফুলিঙ্গ অর্থাৎ কণা সকল উদ্ভূত হয়, তদ্রূপ অক্ষর পরমেশ্বর হইতে বিবিধ প্রকার চেতন জীব ও নানাবিধ জড় পদার্থ সকল উৎপন্ন হইয়াছে। ৭।

বাজসনেয় বৃহদারণ্যক উপনিষদে উক্ত হইয়াছে যে, পূর্ব্বে এই জগৎ অব্যাকৃতরূপে অর্থাৎ ব্রহ্মরূপে ছিল, এক্ষণে বিরাট্ প্রভৃতির নাম ও রূপ দ্বারা

কৃত্বা রূপান্তরং জৈবং দেহে প্রাবিশদীশ্বরঃ।
ইতি তাঃ শ্রুতয়ঃ প্রাহুর্জীবত্বং প্রাণধারণাৎ ॥ ১০ ॥
চৈতন্যং যদধিষ্ঠানং লিঙ্গদেহশ্চ যঃ পুনঃ।
চিচ্ছায়া লিঙ্গদেহস্থা তৎসঙ্ঘো জীব উচ্যতে ॥ ১১ ॥
মাহেশ্বরী তু যা মায়া তস্যা নির্ম্মাণশক্তিবৎ।
বিদ্যতে মোহশক্তিশ্চ তং জীবং মোহয়ত্যসৌ ॥ ১২ ॥

---

উদাহৃতাভিঃ শ্রুতিভির্দ্বৈতস্ট্যভিধানানন্তরং ব্রহ্মণো জীবরূপেণ তত্র প্রবেশোহপ্যভিহিত ইত্যাহ,—কৃত্বা রূপান্তরম্ ইতি। জৈবং জীবসম্বন্ধি রূপান্তরমবিক্রিয়াদ্ ব্রহ্মণো বিলক্ষণং বিকারি রূপমিত্যর্থঃ, দেহে দেহজাতে। জীবত্বং কুত ইত্যত আহ জীবত্বমিতি। প্রাণাদীনাং স্বামিত্বেন প্রেরকত্বং প্রাণধারণং, তস্মাৎ জৈবং রূপং কৃত্বা প্রাবিশদিত্যুক্তম্ ॥ ১০ ॥

কিন্তদিত্যপেক্ষায়ামাহ—চৈতন্যং যদধিষ্ঠানমিতি। অধিষ্ঠানং লিঙ্গদেহকল্পনাধারভূতং যচ্চৈতন্যমস্তি যশ্চ তত্র কল্পিতো লিঙ্গদেহো যশ্চ তস্মিন্ লিঙ্গদেহে বিদ্যমানশ্চিদাভাসঃ তৎসঙ্ঘস্তেষাং ত্রয়াণাং সমূহো জীবশব্দেনোচ্যতে ইত্যর্থঃ ॥ ১১ ॥

নন্বীশ্বরস্যৈব জীবরূপেণ প্রবিষ্টত্বে তস্যাল্পত্বদুঃখিত্বাদিবিরুদ্ধধর্ম্মবত্ত্বং কুত ইত্যাশঙ্ক্যাহ—মাহেশ্বরী তু যা মায়েতি। মাহেশ্বরী "মায়িনন্তু মহেশ্বর"মিতি শ্রুত্যুক্তা মহেশ্বরসম্বন্ধিনী যা মায়াস্তি তস্যা নির্ম্মাণশক্তিবৎ জগৎসর্জ্জনসামর্থ্যবৎ মোহশক্তিশ্চ মোহনসামর্থ্যমস্তি "তদেতজ্জড়ং মোহাত্মক"মিতি শ্রুতেঃ। ততঃ কিমিত্যত আহ—তং জীবমিতি। অসৌ মোহনশক্তিঃ তং পূর্ব্বোক্তং জীবং মোহয়তি চিদানন্দাদিস্বরূপজ্ঞানরহিতং করোতি ॥ ১২ ॥

---

চেতনাচেতন নানা দৃশ্য পদার্থরূপে ব্যাকৃত হইয়াছে, অর্থাৎ বিরাট্, মনু, নর, গো, গর্দ্দভ, অশ্ব, অজ, মেষ এবং পিপীলিকাদি দ্বন্দ্বরূপে ব্যক্ত হইয়াছে।৮।৯।

পূর্ব্বোক্ত সমুদায় শ্রুতির এই তাৎপর্য্য যে, পরমেশ্বর জীবচৈতন্যরূপে সমুদায় প্রাণিদেহে প্রবিষ্ট হইয়াছেন, প্রাণ ধারণ হেতু তাঁহার জীব সংজ্ঞা।।১০

সর্ব্বাধিষ্ঠানভূত সর্ব্বব্যাপী পরব্রহ্ম-চৈতন্য ও পূর্ব্বোক্ত ইন্দ্রিয় প্রাণ মন বুদ্ধির সমষ্টিরূপ লিঙ্গশরীর, এবং সেই লিঙ্গ দেহে স্থিত চৈতন্য-প্রতিবিম্ব, এই সমুদয়ের সমষ্টি জীবশব্দে কথিত। ১১।

পরমেশ্বরীয় মায়াশক্তিরূপ উপাধির যেপ্রকার জগৎসৃজন-সামর্থ্য আছে, তদ্রূপ তাঁহার মোহন শক্তিও আছে, সেই শক্তি দ্বারা জীব মুগ্ধ

মোহাদনীশতাং প্রাপ্য মগ্নো বপুষি শোচতি।
ঈশসৃষ্টমিদং দ্বৈতং সর্ব্বমুক্তং সমাসতঃ ॥ ১৩ ॥
সপ্তান্নব্রাহ্মণে দ্বৈতং জীবসৃষ্টং প্রপঞ্চিতম্।
অন্নানি সপ্ত জ্ঞানেন কর্ম্মণাজনয়ৎ পিতা ॥ ১৪ ॥
মর্ত্ত্যান্নমেকং দেবান্নে দ্বে পশ্বন্নং চতুর্থকম্।
অন্নত্রিতয়মাত্মার্থমন্নানাং বিনিযোজনম্ ॥ ১৫ ॥
ব্রীহ্যাদিকং দর্শপূর্ণ-মাসৌ ক্ষীরং তথা মনঃ।
বাক্ প্রাণশ্চেতি সপ্তত্বমন্নানামবগম্যতাম্ ॥ ১৬ ॥

---

ততোঽপি কিমিত্যত আহ—মোহাদনীশতামিতি। মোহাৎ পূর্ব্বোক্তাৎ অনীশতামিষ্টা-নিষ্টপ্রাপ্তিপরিহারয়োরসামর্থ্যং প্রাপ্য বপুষি মগ্নঃ শরীরে তাদাত্ম্যাভিমানং গতঃ শোচতি দুঃখিত্বাদ্যভিমানং করোতি "সমানে বৃক্ষে পুরুষো নিমগ্নোঽনীশয়া শোচতি মুহ্যমান" ইতি শ্রুতেরিত্যর্থঃ। বক্ষ্যমাণসাঙ্কর্য্যপরিহারায় বৃত্তং নিগময়তি—ঈশসৃষ্টমিতি। সমাসতঃ সঙ্ক্ষেপেণেত্যর্থঃ ॥ ১৩ ॥

ননু জীবস্য দ্বৈতস্রষ্টৃত্বে কিং মানমিত্যাশঙ্ক্যাহ সপ্তান্নেতি। কথং তত্র প্রপঞ্চিত-মিত্যাশঙ্ক্য সপ্তান্নশব্দবাচ্যদ্বৈতসৃষ্টিপ্রতিপাদকং "যৎ সপ্তান্নানি মেধয়া তপসাজনয়ৎ পিতে"তি বাক্যমর্থতঃ সংগৃহ্ণাতি—অন্নানীতি। পিতা স্বাদৃষ্টদ্বারা জগদুৎপাদনেন সর্ব্বলোকপালকো জীব ইত্যর্থঃ ॥ ১৪ ॥

নন্বন্নসপ্তকসর্জ্জনং কিমর্থমিত্যাশঙ্ক্য তদ্বিনিয়োগোঽপি "একমস্য সাধারণং দ্বে দেবা-নাভাজয়ৎ ত্রীণ্যাত্মনেঽকুরুত পশুভ্য একং প্রায়চ্ছৎ" ইতি বাক্যেনোক্ত ইত্যাহ—মর্ত্ত্যান্নমেক-মিতি। বিনিযোজনমুক্তমিতি শেষঃ ॥ ১৫ ॥

তানি চ সপ্তান্নানি একমস্য সাধারণমিতীদমেবাস্য তৎ সাধারণমন্নং যদিদমদ্যতে

---

হইয়া সাংসারিক সুখ-দুঃখ প্রাপ্ত হয় এবং মোহ দ্বারা ঈশ্বরত্ব বিস্মৃত হইয়া সংসারে নিমগ্ন ও শোকাকুল হয়। এই সমস্ত—ঈশ্বরসৃষ্ট দ্বৈতপ্রপঞ্চ সংক্ষেপে কথিত হইল। ১২। ১৩।

সপ্তান্নব্রাহ্মণে জীব কর্তৃক সৃষ্ট দ্বৈতবস্তু সমুদায়ের বিবরণ প্রপঞ্চিত আছে। উৎপাদক অর্থাৎ জীব জ্ঞান ও কর্ম্মদ্বারা সাতপ্রকার অন্ন সৃষ্টি করিয়াছেন।১৪

মর্ত্ত্য জীবের নিমিত্তে এক অন্ন শস্যাদি সৃষ্ট হইয়াছে, দেবতাদিগের নিমিত্তে দুই প্রকার অন্ন অর্থাৎ দর্শ ও পৌর্ণমাস যজ্ঞ, পশুদিগের নিমিত্তে

ঈশেন যদ্যপ্যেতানি নির্ম্মিতানি স্বরূপতঃ।
তথাপি জ্ঞানকর্ম্মভ্যাং জীবোঽকার্ষীত্তদন্নতাম্ ॥ ১৭ ॥
ঈশকার্য্যং জীবভোগ্যং জগদ্দ্বাভ্যাং সমন্বিতম্।
পিতৃজন্যা ভর্তৃভোগ্যা যথা যোষিৎ তথেষ্যতাম্ ॥ ১৮ ॥
মায়াবৃত্ত্যাত্মকো হীশ-সঙ্কল্পঃ সাধনং জনৌ।
মনোবৃত্ত্যাত্মকো জীব-সঙ্কল্পো ভোগসাধনম্ ॥ ১৯ ॥

---

ইত্যাদিনা "অয়মাত্মা বাঙ্ময়ো মনোময়ঃ প্রাণময়ঃ" ইত্যন্তেন বাক্যসন্দর্ভেণ ঈষদূনকণ্ডিকা দ্বয়রূপেণ দর্শিতানীত্যাহ ব্রীহ্যাদিকমিতি ॥ ১৬ ॥

মনূক্তসপ্তান্নানাং জগদন্তঃপাতিত্বেনেশ্বরনির্ম্মিতত্বাৎ জীবনির্ম্মিতত্বাভিধানমযুক্তমিত্যাশঙ্ক্য তৎস্বরূপস্য ঈশ্বরনির্ম্মিতত্বেঽপি ভোগ্যত্বাকারস্য জীবনির্ম্মিতত্বাৎ মৈবমিত্যাহ—ঈশেন যদ্যপ্যেতানীতি। জ্ঞানকর্ম্মভ্যাং জ্ঞানং বিহিতং প্রতিষিদ্ধঞ্চ দেবতাপরযোষিদাদিবিষয়ধ্যানং কর্ম্ম চ বিহিতং যজ্ঞাদিরূপং প্রতিষিদ্ধং হিংসাদিরূপং তাভ্যামিত্যর্থঃ। তদন্নতাং তেষাং ব্রীহ্যাদিপ্রাণান্তানাং স্বভোগোপকরণত্বমিত্যর্থঃ ॥ ১৭ ॥

এতাবতা কিমুক্তং ভবতি তত্রাহ—ঈশকার্য্যমিতি। জগৎ সপ্তান্নত্বেনোক্তং ব্রীহ্যাদিরূপমীশকার্য্যত্বেন জীবভোগ্যত্বেন চ দ্বাভ্যাং সম্বন্ধমিত্যর্থঃ। একস্য উভয়সম্বন্ধে দৃষ্টান্তমাহ পিতৃজন্যেতি ॥ ১৮ ॥

ঈশজীবয়োর্জ্জগৎসর্জ্জনে কিং সাধনমিত্যত আহ—মায়াবৃত্ত্যাত্মকো হীতি ॥ ১৯ ॥

---

এক প্রকার অন্ন দুগ্ধ, এবং আত্মার নিমিত্তে তিন প্রকার অন্ন অর্থাৎ মন বাক্য ও প্রাণ, এই সাত প্রকার অন্ন জানিবে। ১৫। ১৬।

শস্য প্রভৃতি অন্নসমূহ যদিচ শস্যাদিরূপে ঈশ্বরেরই সৃষ্ট, তথাপি জীব জ্ঞান ও কর্ম্ম দ্বারা তৎসমুদয়ের অন্নত্ব অর্থাৎ ভোগ্যত্ব স্থাপন করিয়াছে। তৎ সমুদয়ের অন্নরূপে সৃষ্টি জীব-কৃত। যেমন রমণী পিতৃজন্যা এবং পতিভোগ্যা সেইরূপ এই জগৎ ঈশ্বরসৃষ্ট এবং, জীবভোগ্য এই দুই ভাবে অন্বিত। ১৭। ১৮।

মায়াবৃত্তিরূপ জগৎ-সৃষ্টিবিষয়ে ঈশ্বরের যে সংকল্প, তাহাই এস্থলে সৃষ্টি-হেতু, এবং মনোবৃত্তিরূপ ভোগবিষয়ক জীবের যে সঙ্কল্প, তাহাই ভোগ-সাধন। ১৯।

ঈশনির্ম্মিতমণ্যাদৌ বস্তুন্যেকবিধে স্থিতে।
ভোক্তৃধীবৃত্তিনানাত্বাৎ তদ্ভোগো বহুধেষ্যতে॥ ২০ ॥
হৃষ্যত্যেকো মণিং লব্ধ্বা ক্রুধ্যত্যন্যো হ্যলাভতঃ।
পশ্যত্যেব বিরক্তোঽত্র ন হৃষ্যতি ন কুপ্যতি॥ ২১ ॥
প্রিয়োঽপ্রিয় উপেক্ষ্যশ্চেত্যাকারা মণিগাস্ত্রয়ঃ।
সৃষ্টা জীবৈরীশসৃষ্টং রূপং সাধারণং ত্রিষু॥ ২২ ॥
ভার্য্যা স্নুষা ননান্দা চ যাতা মাতেত্যনেকধা।

---

ন ঈশ্বরসৃষ্টবস্তুস্বরূপাতিরিক্তো ভোগ্যাকার এব নাস্তি কো জীবেন সৃজ্যত ইত্যাশঙ্ক্যাহ—ঈশনির্ম্মিতেতি। একস্মিন্নেব বিষয়ে বহুবিধো ভোগ উপলভ্যমানস্তৎপ্রয়োজকং ভোগ্যাকারভেদং গময়তীত্যর্থঃ॥ ২০॥

নন্বু সতি ভোগভেদে ভোগ্যভেদঃ কল্প্যেত স এব নাস্তীত্যাশঙ্ক্য দৃশ্যমানত্বান্নৈবমিত্যাহ—হৃষ্যত্যেক ইতি। একো মণার্থী তং লব্ধ্বা হৃষ্যতি অন্যস্তথাবিধস্তদলাভাৎ ক্রুধ্যতি অত্র মণিবিষয়ে বিরক্তস্তু তং মণিং পশ্যত্যেব লাভালাভনিমিত্তকৌ হর্ষক্রোধৌ ন প্রাপ্নোতীত্যর্থঃ॥ ২১॥

কে তে ভোগভেদোপরক্তা জীবসৃষ্টা আকারভেদা ইত্যত আহ—প্রিয়োঽপ্রিয় ইতি। মণিনিষ্ঠাঃ প্রিয়ত্বাপ্রিয়ত্বোপেক্ষ্যত্বলক্ষণাঃ আকারভেদা জীবৈঃ সৃষ্টাঃ, ত্রিষ্বপি সাধারণমনুস্যূতং যন্মণিরূপং তদীশ্বরনির্ম্মিতমিত্যর্থঃ॥ ২২॥

উক্তং জীবসৃষ্টাকারভেদমুদাহরণান্তরেণ স্পষ্টয়তি—ভার্য্যা স্নুষেতি। ননান্দা ভর্তৃভগিনী,

---

যদিও ঈশ্বর কর্তৃক সৃষ্ট সমুদায় বস্তু স্বরূপতঃ পুনর্ব্বার জীব কর্তৃক সৃষ্ট হইতে পারে না, তথাপি (ঈশ্বর কর্তৃক সৃষ্ট) মণি প্রভৃতি বস্তু সকল রূপান্তর প্রাপ্ত না হইয়াও ভোক্তার নানা প্রকার বুদ্ধিপ্রযুক্ত সেই সকল বস্তুর ভোগ নানা প্রকারে হইয়া থাকে। ২০।

কেহ মণিলাভে হৃষ্ট হয়, কেহ অলাভ বশতঃ ক্রুদ্ধ হয়, অন্য বৈরাগ্যশালী পুরুষ সেই মণি দর্শন করেন মাত্র, তাঁহার হর্ষ বা ক্রোধ কিছুই হয় না। ২১।

মণির প্রিয় অপ্রিয় এবং উপেক্ষ্য এই তিন রূপ জীবসৃষ্ট, আর প্রিয় অপ্রিয় ও উপেক্ষ্য এই ভাবত্রয়-সাধারণ-মণিরূপ ঈশ্বরসৃষ্ট। ২২।

এক রমণীই সম্বন্ধযুক্ত নরনারীর ব্যবহারে ভার্য্যা, পুত্রবধূ, ননান্দা,

প্রতিযোগিধিয়া যোষিদ্ভিদ্যতে ন স্বরূপতঃ ॥ ২৩ ॥
নন্বু জ্ঞানানি ভিদ্যন্তামাকারস্তু ন ভিদ্যতে।
যোষিদ্বপুষ্যতিশয়ো ন দৃষ্টো জীবনির্ম্মিতঃ ॥ ২৪ ॥
মৈবং মাংসময়ী যোষিৎ কাচিদন্যা মনোময়ী।
মাংসময্যা অভেদেঽপি ভিদ্যতেঽত্র মনোময়ী ॥ ২৫ ॥
ভ্রান্তিস্বপ্নমনোরাজ্য-স্মৃতিস্বস্তু মনোময়ম্।
জাগ্রন্মানেন মেয়স্য ন মনোময়তেতি চেৎ ॥ ২৬ ॥

---

যাতা দেবরপত্নী, প্রতিযোগিধিয়া ভর্তৃশ্বশুরাদিলক্ষণপ্রতিযোগিগোচরয়া বুদ্ধ্যা তত্তদপেক্ষয়া ইত্যর্থঃ ॥ ২৩ ॥

নন্বু যোষিদ্বিষয়াণি ভার্য্যাস্নুষেত্যাদিজ্ঞানান্যেব ভিন্নানি উপলভ্যন্তে ন তু তদ্বিষয়ভূতায়া যোষিতঃ স্বরূপভেদো দৃশ্যতে, অতঃ প্রতিযোগিধিয়া যোষিদ্ভিদ্যত ইত্যুক্তমযুক্তমিতি শঙ্কতে—নন্বু জ্ঞানানি ভিদ্যন্তামিতি ॥ ২৪ ॥

জ্ঞানবৈলক্ষণ্যস্য জ্ঞেয়বৈলক্ষণ্যাবিনাভূতত্বাৎ জ্ঞেয়াকারভেদোঽঙ্গীকর্ত্তব্য এবেত্যাশয়েন সন্নিহরতি—মৈবং মাংসময়ী যোষিদিতি ॥ ২৫ ॥

নন্বু ভ্রান্ত্যাদিস্থলে বাহ্যবিষয়াভাবাৎ তত্রত্যং বস্তু মনোময়মস্তু প্রমিতিস্থলে তু তদনুপপন্নং বাহ্যবস্তুনঃ সত্ত্বাদিতি শঙ্কতে—ভ্রান্তিস্বপ্নেতি। মানেন প্রত্যক্ষাদিপ্রমাণেন মেয়স্য প্রমেয়স্যেত্যর্থঃ ॥ ২৬ ॥

---

যাতা এবং মাতা ইত্যাদি নানা প্রকারে বিভিন্ন আখ্যা প্রাপ্ত হয়, কিন্তু স্ত্রীমূর্ত্তির স্বরূপতঃ ভেদ হয় না। ২৩।

ভার্য্যা পুত্রবধূ ইত্যাদি জ্ঞান সকল ভিন্ন হউক, কিন্তু স্ত্রী-আকারের ত ভেদ হইতেছে না, স্ত্রীমূর্ত্তিতে জীবসৃষ্ট কিঞ্চিৎ বৈলক্ষণ্যও পরিদৃষ্ট হয় না (সুতরাং জীবসৃষ্ট ভোগ্য এ কথা সঙ্গত হয় কিরূপে?)। ২৪।

বাহ্যবস্তু দুই প্রকার;—বাহ্যদেশে পঞ্চভূতময় এবং অন্তঃকরণে মনোময়, তাহাতে যদিও বাহ্যদেশে দৃশ্যমান মাংসময়ী স্ত্রীর ভেদ না হউক, কিন্তু অন্তঃকরণবৃত্তিস্থ সেই মনোময়ী স্ত্রী, পত্নী বধূ প্রভৃতি নানা প্রকারে কল্পিত হয়। ২৫।

(যদি বল ভ্রান্তি, স্বপ্ন, মনোরাজ্য, এবং স্মৃতি ইহাতেই বাহ্য বস্তুর মনোময় স্বরূপের সম্ভব হউক, কিন্তু জাগ্রৎ অবস্থাতে বাহ্য বস্তুর মনোময়ত্ব কি প্রকারে সম্ভব হয়, তাহাতে সিদ্ধান্ত এই) বাহ্যে দৃশ্যমান বস্তুতে চক্ষুঃ প্রভৃতির

বাহ্যং মানে তু মেয়েন যোগাৎ স্যাদ্ বিষয়াকৃতিঃ।
ভাষ্যবার্ত্তিককারাভ্যাময়মর্থ উদাহৃতঃ *॥ ২৭॥
মূষাসিক্তং যথা তাম্রং তন্নিভং জায়তে তথা।
রূপাদীন্ ব্যাপ্নুবচ্চিত্তং তন্নিভং দৃশ্যতে ধ্রুবম্॥ ২৮॥
ব্যঞ্জকো বা যথা লোকো ব্যঙ্গ্যস্যাকারতামিয়াৎ।
সর্ব্বার্থব্যঞ্জকত্বাদ্ধীরর্থাকারা প্রদৃশ্যতে॥ ২৯॥

---

প্রমিতিস্থলে বাহ্যং বিষয়সত্ত্বমঙ্গীকরোতি—বাহ্যমিতি। কথং তর্হি তদ্বিষয়স্য মনোময়ত্ব-মুচ্যত ইত্যত আহ,—মানে স্থিতি। মানে বিষয়াকৃতিস্তু তস্য মেয়েন যোগাৎ সম্বন্ধাৎ স্যাৎ। নম্বিদং স্বকপোলকল্পিতমিত্যাশঙ্ক্যাহ—ভাষ্যবার্ত্তিককারাভ্যামিতি॥ ২৭॥

তত্র তাবৎ ভাষ্যকারবচনমুদাহরতি—মূষাসিক্তমিতি। যথা দ্রুতং তাম্রং মূষায়াং সিক্তং সত্তন্নিভং জায়তে তৎসমানাকারবদ্ভবতি তথা রূপাদীন্ বিষয়ান্ ব্যাপ্নুবৎ বিষয়ীকুর্ব্বৎ চিত্তং ধ্রুবমবশ্যং তন্নিভং দৃশ্যতে উপলভ্যত ইত্যর্থঃ॥ ২৮॥

নমু তাম্রাদেরগ্নিসম্পর্কাৎ দ্রুতস্য মূষানিষিক্তস্য কঠিনমূষাভিঘাতেন শৈত্যাপত্তৌ মূষাকারা-পত্তাবপি বুদ্ধেরমূর্ত্তায়াস্তাম্রাদিবিলক্ষণায়া বিষয়ব্যাপ্তাবপি কুতস্তদাকারাপত্তিরিত্যাশঙ্ক্য দৃষ্টান্তান্তরমাহ—ব্যঞ্জকো বেতি। যথা ব্যঞ্জকঃ প্রকাশকঃ আলোকঃ আতপাদিঃ ব্যঙ্গ্যস্য প্রকাশ্যস্য ঘটাদেরাকারতামাকারবত্তামিয়াৎ প্রাপ্নুয়াৎ এবং ধীরপি সর্ব্বার্থস্য ব্যঞ্জকত্বাৎ সকলপদার্থপ্রকাশকত্বাদর্থাকারার্থস্যাকার ইবাকারো যস্যাঃ সা তথা প্রদৃশ্যতে প্রকর্ষেণোপ-লভ্যতে ইত্যর্থঃ॥ ২৯॥

---

সংযোগ দ্বারা অন্তঃকরণ সংযুক্ত হইলে সেই বাহ্যবস্তুর যে প্রকার আকার, অন্তঃকরণও তদ্রূপ হয়, সুতরাং জাগ্রৎ অবস্থাতেও বাহ্য বস্তুর মনোময় হওয়া সম্ভব হয়, ইহা ভাষ্যকার ও বার্ত্তিককার বিশেষরূপে ব্যক্ত করিয়া-ছেন। ২৬। ২৭

অগ্নিসংযোগ দ্বারা দ্রবীভূত তাম্রাদি ধাতু মূষাতে "অর্থাৎ ছাঁচের মধ্যে" প্রদত্ত হইলে যেমন তদাকার প্রাপ্ত হয়, তদ্রূপ অন্তঃকরণও চক্ষুঃ প্রভৃতি ইন্দ্রিয় দ্বারা বাহ্য বস্তুকে প্রাপ্ত হইয়া তত্তদাকারে পরিণত হইয়া থাকে। ২৮।

অথবা যেমন সাধারণ বস্তুপ্রকাশক সূর্য্যাদির আলোক যখন যে বস্তুকে প্রকাশ করে, তখন সেই বস্তুর আকারবিশিষ্ট হয় নতুবা বস্তুর স্বরূপ প্রকাশ হয় না, তদ্রূপ সর্ব্ববস্তুপ্রকাশক অন্তঃকরণ যখন যে বস্তুকে অধিকার করে, তখন তদাকারে পরিণত হয়, তদ্ভিন্ন তত্তদ্বস্তুর জ্ঞান হয় না। ২৯।

---

* উদীরিত ইতি মুম্বয়ীমুদ্রিতপুস্তক পাঠঃ

মাতুর্ম্মানাভিনিষ্পত্তির্নিষ্পন্নং মেয়মেতি তৎ।
মেয়াভিসঙ্গতং তচ্চ মেয়াভত্বং প্রপদ্যতে ॥ ৩০ ॥
সত্যেবং বিষয়ৌ দ্বৌ স্তো ঘটৌ মৃন্ময়ধীময়ৌ।
মৃন্ময়ো মানমেয়ঃ স্যাৎ সাক্ষিভাষ্যস্তু ধীময়ঃ ॥ ৩১ ॥
অন্বয়ব্যতিরেকাভ্যাং ধীময়ো জীববন্ধকৃৎ।
সত্যস্মিন্ সুখদুঃখে স্তস্তস্মিন্নসতি ন দ্বয়ম্ ॥ ৩২ ॥

---

ইদানীং বার্ত্তিককারবচনমাহ—মাতুর্ম্মানাভিনিষ্পত্তিরিতি। মাতুঃ সাধিষ্ঠানবুদ্ধিস্থচিদাভাসরূপাৎ প্রমাতুর্মানাভিনিষ্পত্তির্মানস্য সাভাসান্তঃকরণবৃত্তিরূপস্যাভিনিষ্পত্তিরুৎপত্তির্ভবতীতি শেষঃ। নিষ্পন্নমুৎপন্নং তন্মানে মেয়ং প্রমেয়ং ঘটাদিরূপমেতি প্রাপ্নোতি কিঞ্চ তন্মানং মেয়াভিসঙ্গতং প্রমেয়েণ সম্বদ্ধং সন্মেয়াভত্বং মেয়স্যাভেবাভা যস্য তন্মেয়াভং তস্য ভাবস্তত্ত্বং মেয়সমানাকারতাং প্রপদ্যতে প্রাপ্নোতীত্যর্থঃ ॥ ৩০ ॥

ভবত্বেবং, প্রকৃতে কিমায়াতম্ ইত্যত আহ—সত্যেবমিতি। ননু মৃন্ময়ঘটস্যেব মনোময়ঘটস্য তেনৈব মনসা গ্রহীতুমশক্যত্বাৎ গ্রাহকান্তরাভাবাচ্চাসিদ্ধিরেবেত্যাশঙ্ক্য গ্রাহকান্তরাভাবোঽসিদ্ধ ইত্যাহ—মৃন্ময় ইতি। যথা মৃন্ময়ো মানমেয়ঃ সাভাসান্তঃকরণবৃত্তিভাষ্যস্তথা ধীময়ঃ সাক্ষিভাষ্য ইত্যর্থঃ ॥ ৩১ ॥

ভবত্বেবং দ্বিবিধং দ্বৈতমত্র কস্য হেয়ত্বং কস্য বা নেতি ন জ্ঞায়ত ইত্যাশঙ্ক্য জীবসৃষ্টস্যৈব হেয়ত্বমিত্যভিপ্রেত্য তস্য বন্ধহেতুত্বং দর্শয়তি—অন্বয়ব্যতিরেকাভ্যামিতি। অন্বয়ব্যতিরেকাবেব দর্শয়তি—সত্যস্মিন্নিতি। অস্মিন্ জীবসৃষ্টে মানসপ্রপঞ্চে সতি বিদ্যমানে সুখদুঃখে স্তঃ ভবতঃ অসতি তু তস্মিন্ ন দ্বয়ং সুখং দুঃখঞ্চ নাস্তীত্যর্থঃ ॥ ৩২ ॥

---

বাহ্য বস্তু সকল চক্ষুঃ প্রভৃতির নিকটস্থ হইলে বুদ্ধিস্থ প্রমাতৃ-চৈতন্য হইতে অন্তঃকরণবৃত্তি উৎপন্ন হইয়া সেই বস্তুকে অধিকার করত তদাকারে পরিণত হয়, সুতরাং যে বস্তু যেমন বাহ্যদেশে পাঞ্চভৌতিক, সেই বস্তু অন্তঃকরণে তদ্রূপ মনোময় হয়। ৩০।

পূর্ব্বোক্ত যুক্তি দ্বারা ঘটাদি বিষয় সকল দুই প্রকার নিরূপিত হইল অর্থাৎ ভৌতিক ও মনোময়, যেমন বাহ্য মৃন্ময় ঘট ঈশ্বরসৃষ্ট, তদ্রূপ অন্তঃকরণে মনোময় ঘট জীবসৃষ্ট। বাহ্য মৃন্ময় ঘট চক্ষুরাদি ইন্দ্রিয় দ্বারা জ্ঞেয়, আর অন্তঃকরণে মনোময় ঘট সাক্ষিচৈতন্য দ্বারা প্রকাশিত হয়। অন্বয় ও ব্যতিরেক দ্বারা অবগত হওয়া যাইতেছে যে, মনোময়বস্তু সকলই জীবের সংসারে বদ্ধ হইবার হেতু, মনোময় বস্তুর বিদ্যমানতাতে সুখ ও দুঃখ উৎপন্ন

অসত্যপি চ বাহ্যার্থে স্বপ্নাদৌ বধ্যতে নরঃ।
সমাধিসুপ্তিমূর্চ্ছাসু সত্যপ্যস্মিন্ ন বধ্যতে ॥ ৩৩ ॥
দূরদেশং গতে পুত্রে জীবত্যেবাত্র তৎপিতা।
বিপ্রলম্ভকবাক্যেন মৃতং মত্বা প্ররোদিতি ॥ ৩৪ ॥
মৃতেঽপি তস্মিন্ বার্ত্তায়ামশ্রুতায়াং ন রোদিতি।
অতঃ সর্ব্বস্য জীবস্য বন্ধকৃন্মানসং জগৎ ॥ ৩৫ ॥

---

ননূক্তাবন্বয়ব্যতিরেকৌ বাহ্যার্থবিষয়ৌ কিং ন স্যাতাম্ ইত্যত আহ—অসত্যপীতি নরো মনুষ্যঃ এতদুপলক্ষণমন্যেষামপি, স্বপ্নাদৌ স্বপ্নস্মৃত্যাদিকালে বাহ্যার্থেঽনুকূলে যোষিদাদৌ প্রতিকূলে ব্যাঘ্রাদৌ চ পারমার্থিকে বিষয়েঽসত্যপ্যবিদ্যমানেঽপি বধ্যতে সুখদুঃখাভ্যাং যুজ্যতে। সমাধ্যাদিষু তস্মিন্ বাহ্যার্থে সত্যপি ন বধ্যতে ন সুখদুঃখাদিভাগ্ ভবতি অতস্তদ্বিষয়াবন্বয়ব্যতিরেকৌ ন স্ত ইত্যর্থঃ ॥ ৩৩ ॥

মনোময়প্রপঞ্চস্য বন্ধকত্বেনান্বয়ব্যতিরেকাবুদাহরণেন স্পষ্টয়তি—দূরদেশং গত ইতি সার্দ্ধেন। দেশান্তরং প্রাপ্তে পুত্রে তত্র জীবত্যেব সতি অত্র স্বগৃহে স্থিতস্তস্য পিতা বিপ্রলম্ভকস্য মিথ্যাবচনৈঃ পরবঞ্চকস্য ত্বৎপুত্রো মৃত ইত্যেবংরূপেণ বাক্যেন স্বপুত্রং মৃতং কল্পয়িত্বা প্রকর্ষেণ রোদিতি ॥ ৩৪ ॥

তস্মিন্নেব পুত্রে তত্রৈব মৃতেঽপি তন্মৃতিবার্ত্তায়ামশ্রুতায়াং সত্যাং রোদনং ন করোতি ফলিতমাহাতঃ সর্ব্বস্যেতি ॥ ৩৫ ॥

---

হয়, আর তাহার অবিদ্যমানে সুখ বা দুঃখ কিছুই হয় না, উদাহরণ যথা—স্বপ্নাবস্থাতে বাহ্য বস্তুর জ্ঞানাভাব হইলেও মনোময় বস্তু দ্বারা জীব বদ্ধ হয় এবং সমাধি, সুষুপ্তি অথবা মূর্চ্ছা অবস্থাতে বাহ্য বস্তু সত্ত্বেও মনোময়ের অভাব জন্য বন্ধনহীন হয়। ৩১—৩৩।

পুত্র দূরদেশে অবস্থান করিতেছে এমন সময়ে কোন মিথ্যাবাদী আসিয়া তাহার পিতাকে বলিল যে, তোমার পুত্রের পরলোকপ্রাপ্তি হইয়াছে, তখন তিনি পুত্রের মৃত্যু নিশ্চয় করিয়া অবশ্য ক্রন্দন করেন। অথবা কোন ব্যক্তি তাঁহার দূরদেশাস্থিত পুত্রের যথার্থ মৃত্যু হইলেও তৎসংবাদ না পাওয়ায় জীবিত জ্ঞান করিয়া প্রফুল্লচিত্ত থাকেন। অতএব মনোময় জগৎ যে সর্ব্বজীবের সাংসারবন্ধনের কারণ ইহা সর্ব্বপ্রকারে সিদ্ধ হইল। ৩৪। ৩৫।

বিজ্ঞানবাদো বাহ্যার্থ-বৈয়র্থ্যাৎ স্যাদিহেতি চেৎ।
ন হৃদ্যাকারমাধাতুং বাহ্যস্যাপেক্ষিতত্বতঃ ॥ ৩৬ ॥
বৈয়র্থ্যমস্তু বা বাহ্যং ন বারয়িতুমীশ্মহে।
প্রয়োজনমপেক্ষন্তে ন মানানীতি হি স্থিতিঃ ॥ ৩৭ ॥
বন্ধশ্চেন্মানসং দ্বৈতং তন্নিরোধেন শাম্যতি।
অভ্যাসেদ্ যোগমেবাতো ব্রহ্মজ্ঞানেন কিং বদ ॥ ৩৮ ॥

---

ধীময়স্যৈব জগতো বন্ধহেতুত্বাঙ্গীকারে বাহ্যার্থাপলাপাদপসিদ্ধান্তাপত্তিঃ স্যাদিতি শঙ্কতে—বিজ্ঞানবাদ ইতি। পরিহরতি—ন হৃদ্যাকারমিতি। যদ্যপি মানসপ্রপঞ্চস্যৈব বন্ধহেতুত্বং তথাপি তদ্ধেতুত্বেন বাহ্যার্থস্যাপি স্বীকারাৎ ন বিজ্ঞানবাদপ্রসঙ্গ ইতি ভাবঃ ॥ ৩৬ ॥

নমু হৃদ্যাকারসমর্পণায় বাহ্যপদার্থো নাপেক্ষণীয়ঃ পূর্ব্বপূর্ব্বমানসপ্রপঞ্চসংস্কারস্যৈব উত্তরোত্তরমানসপ্রপঞ্চহেতুত্বোপপত্তেরিত্যাশঙ্ক্য প্রৌঢ়বাদেন তদঙ্গীকরোতি,—বৈয়র্থ্যমস্ত্বেতি। তর্হি বিজ্ঞানবাদাৎ কো ভেদ ইত্যত আহ—বাহ্যমিতি। বিজ্ঞানবাদিনো বাহ্যার্থমেবাপলপন্তি বয়ং ন তথেত্যয়মেব ভেদ ইত্যর্থঃ। প্রয়োজনশূন্যত্বাদভ্যুপগমোঽপ্যযুক্ত এবেত্যাশঙ্ক্যাহ—প্রয়োজনমিতি। মানাধীনা বস্তুসিদ্ধির্ন প্রয়োজনাধীনা মানসিদ্ধস্য প্রয়োজনশূন্যত্বমাত্রেণাসত্ত্বস্য লৌকিকৈর্বাদিভির্বানভ্যুপগমাদিতি ভাবঃ ॥ ৩৭ ॥

মানসদ্বৈতস্যৈব বন্ধহেতুত্বে তস্য মনোনিরোধাত্মকেন যোগেনৈব নিবৃত্তিসম্ভবাৎ ব্রহ্মজ্ঞানস্য বন্ধনিবর্ত্তকত্বাভ্যুপগমো বিরুধ্যেতেতি শঙ্কতে বন্ধশ্চেন্মানসং দ্বৈতমিতি ॥ ৩৮ ॥

---

বাহ্য জগতের অস্তিত্বের অবশ্য প্রয়োজন আছে, যেহেতু বাহ্য জগতের সত্তা ব্যতীত বন্ধনের কারণ অন্তঃকরণে তত্তদ্বস্তুর আকার-প্রতিভাস সম্ভাবিত হয় না। ৩৬।

বাহ্যজগৎব্যতিরেকে পূর্ব্ব পূর্ব্ব সংস্কার দ্বারা অন্তঃকরণে জগৎপ্রতিভাসরূপ মনোময় জগৎ সম্ভাবিত, ইহা বলিলে ঐরূপ বাহ্য জগতের প্রয়োজন না হউক, তৎপ্রতিপাদন নিরর্থক বলা যাইতে পারে না, যেহেতু বস্তুর সত্তাসিদ্ধি প্রমাণাধীন, তাহা কোন প্রয়োজনকে অপেক্ষা করে না, অতএব প্রত্যক্ষাদি প্রমাণসিদ্ধ জগৎ কোন প্রকারে মিথ্যা নহে। ৩৭।

মনোময় দ্বৈত জগৎ যদি সর্ব্ব জীবের সংসারবন্ধের কারণ হইল, তবে মনোনিরোধাত্মক কোন যোগাভ্যাস দ্বারা মনের নিরোধপূর্ব্বক সেই দ্বৈতের নিবৃত্তি করা যুক্তিসিদ্ধ হয়, তদ্বিষয়ে ব্রহ্মজ্ঞান আলোচনার কি প্রয়োজন? এই

তাৎকালিকদ্বৈতশান্তাবপ্যাগামিজনিক্ষয়ঃ।
ব্রহ্মজ্ঞানং বিনা ন স্যাদিতি বেদান্তডিণ্ডিমঃ॥ ৩৯॥
অনিবৃত্তেঽপীশসৃষ্টে দ্বৈতে তস্য মৃষাত্মতাম্।
বুদ্ধা ব্রহ্মাদ্বয়ং বোদ্ধুং শক্যং বস্ত্বৈক্যবাদিনা॥ ৪০
প্রলয়ে তন্নিবৃত্তৌ তু গুরুশাস্ত্রাদ্যভাবতঃ।
বিরোধিদ্বৈতাভাবেঽপি ন শক্যং বোদ্ধুমদ্বয়ম্॥ ৪১॥

---

যোগেন কিং দ্বৈতোপশমঃ তাৎকালিক উতাহো আত্যন্তিকো বেতি বিকল্প্যাদ্যমঙ্গীকৃত্য দ্বিতীয়ং দূষয়তি—তাৎকালিকদ্বৈতশান্তাবিতি। "জ্ঞাত্বা দেবং মুচ্যতে সর্ব্বপাশৈর্জ্ঞাত্বা শিবং শান্তিমত্যন্তমেতি" "যদা চর্ম্মবদাকাশং বেষ্টয়িষ্যন্তি মানবাঃ। তদা দেবমবিজ্ঞায় দুঃখস্যান্তো ভবিষ্যতী"ত্যাদিশ্রুতিম্বম্বয়ব্যতিরেকাভ্যাং ব্রহ্মজ্ঞানাদেব বন্ধনিবৃত্তিরভিধীয়ত ইতি ভাবঃ॥৩৯॥

নন্বু বাহ্যদ্বৈতনিবারণমন্তরেণাদ্বিতীয়ব্রহ্মজ্ঞানমেব নোদীয়াদিত্যাশঙ্ক্য তন্নিবারণাভাবেঽপি তস্য মিথ্যাত্বজ্ঞানাদেব পারমার্থিকমদ্বৈতং বোদ্ধুং শক্যত ইত্যাহ—অনিবৃত্তেঽপীতি॥ ৪০॥

ন দ্বৈতমৃষাত্বজ্ঞানম্ অদ্বৈতজ্ঞানপ্রযোজকমপি তু তন্নিবারণমেবেত্যভিনিবেশমানং প্রত্যাহ—প্রলয় ইতি। প্রলয়ে প্রলয়াবস্থায়াং তন্নিবৃত্তৌ তস্য দ্বৈতস্য নিবৃত্তৌ সত্যাম্ বিরোধিদ্বৈতাভাবেঽপ্যদ্বৈতজ্ঞানবিরোধিত্বেন ভবদভিমতস্য দ্বৈতস্য নিবারণে সত্যপি গুরুশাস্ত্রাদ্যভাবতো গুরুশাস্ত্রাদিরূপস্য জ্ঞানসাধনস্যাভাবাদ্ হেতোঃ অদ্বয়ং বস্তু বোদ্ধুং শক্যং ন ভবতি অতস্তন্নিবারণমপ্রয়োজকমিতি ভাবঃ॥ ৪১॥

---

প্রশ্নের উত্তর এই;—মনোনিরোধাত্মক যোগাভ্যাস দ্বারা তাৎকালিক দ্বৈত জ্ঞান-নিবৃত্তি হয় বটে, কিন্তু পুনঃপুনঃ জন্ম-মরণরূপ সংসারবন্ধন ব্রহ্মজ্ঞান ব্যতিরেকে কোন প্রকারে নিবৃত্ত হইবার নহে, ইহা বেদান্তে পুনঃপুনঃ উক্ত হইয়াছে। ৩৮। ৩৯।

ঈশ্বর কর্ত্তৃক সৃষ্ট বাহ্য দ্বৈত জগতের নিবৃত্তি না হইলেও তাহাতে মিথ্যা জ্ঞান হইলেই অভেদবাদীদিগের মতে অদ্বিতীয় পরব্রহ্ম জ্ঞান হয়। দ্বৈত জ্ঞান অদ্বৈত জ্ঞানের বিরোধী বলিয়া বাহ্য দ্বৈত জগতের অভাব হইলেই যে অদ্বিতীয় ব্রহ্মজ্ঞান হইবে, এ কথা বলা যায় না। কারণ প্রলয়কালে সমস্ত জগতের নাশ হইলে অদ্বৈতবিরোধী দ্বৈত বস্তুর অভাবেও গুরু বা শাস্ত্রাদির অভাব বশতঃ অদ্বিতীয় পরব্রহ্মজ্ঞান হইতে পারে না। ৪০। ৪১।

অবাধকং সাধকঞ্চ দ্বৈতমীশ্বরনির্ম্মিতম্।
অপনেতুমশক্যঞ্চেত্যাস্তাং তদ্ দ্বিষ্যতে কুতঃ॥ ৪২॥
জীবদ্বৈতন্তু শাস্ত্রীয়মশাস্ত্রীয়মিতি দ্বিধা।
উপাদদীত শাস্ত্রীয়মা তত্ত্বস্যাববোধনাৎ॥ ৪৩॥
আত্মব্রহ্মবিচারাখ্যং শাস্ত্রীয়ং মানসং জগৎ।
বুদ্ধে তত্ত্বে তস্য হেয়মিতি শ্রুত্যনুশাসনম্॥ ৪৪॥

তথাপি সতি দ্বৈতে কথমদ্বৈতজ্ঞানমিত্যাশঙ্ক্যাহ—অবাধকমিতি। ঈশ্বরনির্ম্মিতদ্বৈতমবাধকং তন্মৃষাত্বজ্ঞানেনৈবাদ্বৈতজ্ঞানোৎপত্তেরুক্তত্বাৎ সাধকঞ্চ গুরুশাস্ত্রাদিরূপস্য তস্য জ্ঞানসাধনত্বাৎ আকাশাদিরূপং দ্বৈতমস্মাভিরপনেতুমশক্যঞ্চেতি হেতোস্তদ্দ্বৈতমাস্তাং কুতঃ কারণাৎ দ্বিষ্যত ইত্যর্থঃ॥ ৪২॥

ইদানীং জীবসৃষ্টং দ্বৈতং বিভজতে জীবদ্বৈতন্ত্বিতি। কিং দ্বিবিধমপি সদা হেয়মেব? ন ইত্যাহ,—উপাদদীতেতি। আ তত্ত্বস্যাববোধনাৎ তত্ত্বস্যাববোধনপর্য্যন্তম্ ইতি যাবৎ॥৪৩॥

কিং তৎ শাস্ত্রীয়ং দ্বৈতমিত্যাকাঙ্ক্ষায়ামাহ,—আত্মব্রহ্মবিচারাখ্যমিতি। প্রত্যগ্রূপস্য ব্রহ্মণো বিচারাখ্যং যৎ শ্রবণাদিকং তৎ শাস্ত্রীয়ং মানসং জগদিত্যর্থঃ। নন্বা তত্ত্বস্যাববোধনাদিত্যুক্তমনুপপন্নম্ 'আ সুপ্তেরা মৃতেঃ কালং নয়েদ্ বেদান্তচিন্তয়া' * ইত্যুক্তত্বাৎ ইত্যাশঙ্ক্যাহ,—বুদ্ধে তত্ত্ব ইতি। তত্ত্বে ব্রহ্মাত্মৈক্যলক্ষণে সাক্ষাৎকৃতে সতীত্যর্থঃ। তর্হি

ঈশ্বর কর্ত্তৃক সৃষ্ট দ্বৈত বাহ্য প্রপঞ্চ অদ্বৈত তত্ত্বজ্ঞানের বিরোধী নহে, বরং তদ্দ্বারাই অদ্বৈত তত্ত্বজ্ঞান হয়, অর্থাৎ গুরু বা শাস্ত্রোপদেশ ব্যতীত কিম্বা দ্বৈত প্রপঞ্চে মিথ্যাজ্ঞান ব্যতিরেকে অদ্বৈত তত্ত্বজ্ঞান কখন হয় না; সুতরাং তাহাকে অপ্রয়োজনীয় বলা যায় না, অতএব অপর বাদীরা, কি নিমিত্ত তাহার প্রতি দ্বেষ প্রকাশ করে? ৪২।

জীব কর্ত্তৃক সৃষ্ট মনোময় দ্বৈতপ্রপঞ্চ দুই প্রকারে বিভক্ত;—শাস্ত্রীয় দ্বৈত এবং অশাস্ত্রীয় দ্বৈত। তাহার মধ্যে অশাস্ত্রীয় দ্বৈত সমুদায় পরিত্যাগ করিয়া, যতদিন অদ্বৈত তত্ত্বজ্ঞান না হয়, ততকাল পর্য্যন্ত শাস্ত্রীয় দ্বৈতের অনুষ্ঠান করিবে। ৪৩।

পরমাত্মার সহিত অভেদরূপ পরব্রহ্মবিষয়ক বিচারকে শাস্ত্রীয় মানস প্রপঞ্চ বলিয়া বেদান্তশাস্ত্রে উক্ত হইয়াছে; তত্ত্বজ্ঞান যতদিন না হয় ততদিন, তাহারই

* বার্ত্তিয়েত্যস্মদ্দেশীয়পুস্তকপাঠঃ।

শাস্ত্রাণ্যধীত্য মেধাবী অভ্যস্য চ পুনঃপুনঃ।
পরমং ব্রহ্ম বিজ্ঞায় উল্কাবত্তান্যথোৎসৃজেৎ ॥ ৪৫ ॥
গ্রন্থমভ্যস্য মেধাবী জ্ঞানবিজ্ঞানতৎপরঃ।
পলালমিব ধান্যার্থী ত্যজেদ্ গ্রন্থমশেষতঃ ॥ ৪৬ ॥
তমেব ধীরো বিজ্ঞায় প্রজ্ঞাং কুর্ব্বীত ব্রাহ্মণঃ।
নানুধ্যায়াদ্ বহূঞ্ছব্দান্ বাচো বিগ্লাপনং হি তৎ ॥ ৪৭ ॥
তমেবৈকং বিজানীত হ্যন্যা বাচো বিমুঞ্চথ।
যচ্ছেদ্ বাঙ্মনসী প্রাজ্ঞ ইত্যাদ্যাঃ শ্রুতয়ঃ স্ফুটাঃ ॥ ৪৮ ॥

---

আ সুপ্তেরিতি বাক্যস্য কা গতিরিতি চেৎ 'দদ্যাদ্নাবসরং কিঞ্চিৎ কামাদীনাং মনাগপী'ৎ পূর্ব্বার্দ্ধে কামাদ্যবসরপ্রদানস্য নিষিদ্ধত্বাৎ তৎপরত্বৈবেতি বদামঃ, অতো ন কাপ্যনুপপত্তিরিতি ভাবঃ ॥ ৪৪ ॥

তত্ত্ববোধোত্তরকালং তদ্ধেয়ত্বপ্রতিপাদনপরাঃ শ্রুতীরুদাহরতি শাস্ত্রাণ্যধীত্যেত্যাদি,— ইত্যাদ্যাঃ শ্রুতয়ঃ স্ফুটা ইত্যন্তমিতি। 'তমেবৈকং বিজানীত' 'ইত্যনেন তমেবৈকং জানথ আত্মানমন্যা বাচো বিমুঞ্চত অমৃতস্যৈষ সেতু'রিতি শ্রুতিরর্থতঃ পঠিতা ॥ ৪৫—৪৮ ॥

---

অনুশীলন করিবে, তত্ত্বজ্ঞানসম্পন্ন হইলে তাহাও পরিত্যাগ করিবে, ইহ সর্ব্ববেদান্তের উপদেশ। ৪৪।

সেইরূপ যথানিয়মে বেদ বেদান্ত শাস্ত্র অধ্যয়ন ও পুনঃপুনঃ অভ্যাস করত দ্বৈত জগতের মিথ্যাত্ব জ্ঞানপূর্ব্বক বিচার দ্বারা অদ্বৈত পরব্রহ্ম অবগত হইলে, চরমে শাস্ত্র ও বিচারাদি সকল পরিত্যক্ত হয়; যেমন পান্থ ব্যক্তি অন্ধকার রজনীতে পথ অবলোকন জন্য উল্কা গ্রহণ করে এবং স্বগৃহদ্বারে উপস্থিত হইয়া তাহা পরিত্যাগ করে, যেমন ধান্যার্থী কৃষকগণ ধান্যের নিমিত্তে পলাল আনয়ন করিয়া মর্দ্দন করে, পশ্চাৎ ধান্য প্রাপ্ত হইলে তাহা পরিত্যাগ করে, সেইরূপ বুদ্ধিমান্ ব্যক্তি বেদান্ত গ্রন্থ সকল অভ্যাস করত নিত্যানিত্য বিবেচনা সহকারে গ্রন্থার্থের আলোচনাপূর্ব্বক শাস্ত্রজ্ঞান ও অদ্বৈত পরমাত্ম-জ্ঞানে তৎপর হইলে পশ্চাৎ গ্রন্থ সকল পরিত্যাগ করেন। ব্রহ্মজিজ্ঞাসু ধীর ব্যক্তি সেই অদ্বৈত পর ব্রহ্মকে জানিয়া সেই জ্ঞান বিষয়েই তৎপর থাকেন, অধিক শব্দাড়ম্বরপূর্ব্বক শাস্ত্রালোচনা করেন না, যেহেতু শব্দাড়ম্বর কেবল বাক্যের গ্লানি মাত্র, তদ্দ্বারা কোন ফলোদয় হয় না। বাক্য এবং মন

অশাস্ত্রীয়মপি দ্বৈতং তীব্রং মন্দমিতি দ্বিধা।
কামক্রোধাদিকং তীব্রং মনোরাজ্যং তথেতরৎ ॥ ॥ ৪৯ ॥
উভয়ং তত্ত্ববোধাৎ প্রাক্ নিবার্য্যং বোধসিদ্ধয়ে।
শমঃ সমাহিতত্বঞ্চ সাধনেষু শ্রুতং যতঃ ॥ ৫০ ॥
বোধাদূর্দ্ধঞ্চ তদ্ধেয়ং জীবন্মুক্তিপ্রসিদ্ধয়ে।
কামাদিক্লেশবন্ধেন যুক্তস্য ন হি মুক্ততা ॥ ৫১ ॥
জীবন্মুক্তিরিয়ং মা ভূৎ জন্মাভাবে ত্বহং কৃতী।
তর্হি জন্মাপি তেহস্ত্বেব স্বর্গমাত্রাৎ কৃতী ভবান্ ॥ ৫২ ॥

অশাস্ত্রীয়স্যাপি দ্বৈতস্যাবান্তরভেদমাহ—অশাস্ত্রীয়মপি তদ্ দ্বিবিধমপি ক্রমেণোদাহরতি কামক্রোধাদিকমিতি। ইতরৎ মন্দমিত্যর্থঃ ॥ ৪৯ ॥

কিমনয়োঃ শাস্ত্রীয়দ্বৈতস্যেব তত্ত্ববোধোত্তরকালমেব হেয়ত্বং নেত্যাহ—উভয়মিতি। প্রাঙ্ নিবারণং কিমর্থমিত্যত আহ—বোধসিদ্ধয়ে ইতি। তত্র লিঙ্গমাহ—শম ইতি। যত তত্ত্ববোধাৎ প্রাক্ তয়োর্হেয়ত্বং তত এব নিত্যানিত্যবস্তুবিবেকাদিষু ব্রহ্মজ্ঞানসাধনেষু মধ্যে শান্তঃ সমাহিত ইতি পদাভ্যাং শান্তিসমাধী শ্রূয়েতে ইত্যর্থঃ ॥ ৫০ ॥

নন্থ 'তত্ত্ববোধাৎ প্রাক্ নিবার্য্য'মিত্যভিধানাৎ তদুত্তরকালমস্য স্বীকার্য্যতা স্যাদিত্যাশঙ্ক্যাহ—বোধাদূর্দ্ধঞ্চেতি। উক্তমর্থং ব্যতিরেকমুখেন দ্রঢ়য়তি—কামাদীতি। কামাদিরূপো যঃ ক্লেশঃ স এব বন্ধঃ তেন যুক্তস্য বদ্ধস্য মুক্ততা জীবন্মুক্তত্বং ন হি নাস্ত্যেবেত্যর্থঃ ॥ ৫১ ॥

নন্থ জন্মাদিসংসারাদুদ্বিগ্নস্যাত্যন্তিকপুরুষার্থরূপয়া বিদেহমুক্ত্যৈবালং, কিমনয়া আপাতিকয়া জীবন্মুক্ত্যেতি শঙ্কতে জীবন্মুক্তিরিয়মিতি। এহিকভোগনিবৃত্তিভয়াৎ জীবন্মুক্তিত্যাগে

সংযত করত সেই অদ্বিতীয় পরব্রহ্মকে জান, অন্য বাক্য পরিত্যাগ কর, শ্রুতিতে এই প্রকার স্পষ্টরূপ উপদেশ আছে। ৪৫—৪৮।

অশাস্ত্রীয় দ্বৈতও দুই প্রকারে বিভক্ত; তীব্র, এবং মন্দ। কাম ক্রোধাদি মনের দ্বৈতভাব সকলকে তীব্র বলা হয়, এবং তদ্ভিন্ন মনোরাজ্য সকলকে মন্দ বলে। ব্রহ্মজিজ্ঞাসু পুরুষের এতদুভয় নিবারণ করা উচিত; যেহেতু ব্রহ্মজ্ঞানসাধনে শান্তি এবং সমাধি এই উভয়ের অনুষ্ঠান শ্রুতিতে উক্ত হইয়াছে, কেবল অদ্বৈত জ্ঞানের পূর্ব্বকালেই যে কাম-ক্রোধাদি পরিত্যাগ করিবে এমত নহে, জীবন্মুক্তরূপে প্রসিদ্ধ হইবার জন্য জ্ঞানের উত্তর কালেও তাহা পরিত্যাগ করা কর্ত্তব্য, যেহেতু কাম-ক্রোধাদিরূপ সংসার বন্ধনে জড়ীভূত ব্যক্তির জীবন্মুক্তি হয় না, উক্ত প্রকার কাম ক্রোধাদি সত্ত্বে জীবন্মুক্তি না

ক্ষয়াতিশয়দোষেণ স্বর্গো হেয়ো যদা তদা।
স্বয়ং দোষতমাত্মায়ং কামাদিঃ কিং ন হীয়তে ॥ ৫৩ ॥
তত্ত্বং বুদ্ধাপি কামাদীন্ নিঃশেষং ন জহাসি চেৎ।
যথেষ্টাচরণং তে স্যাৎ কর্ম্মশাস্ত্রাতিলঙ্ঘিনঃ ॥ ৫৪ ॥
বুদ্ধাদ্বৈতসতত্ত্বস্য যথেষ্টাচরণং যদি।
শুনাং তত্ত্বদৃশাঞ্চৈব কো ভেদোঽশুচিভক্ষণে ॥ ৫৫ ॥

---

আমুষ্মিকভোগনিবৃত্তিভয়াৎ বিদেহমুক্তিরপি ত্যাজ্যা স্যাদিতি প্রতিবন্ধ্যা * পরিহরতি—তর্হি জন্মাপীতি ॥ ৫২ ॥

প্রতিবন্ধি † মোচনং শঙ্কতে—ক্ষয়াতিশয়দোষেণেতি। দোষযুক্তত্বেন স্বর্গাদেস্ত্যাজ্যত্বে সফলপুরুষার্থবিঘাতকত্বেনাতীবদোষরূপস্য কামাদেঃ সুতরাং ত্যাজ্যত্বমিত্যাহ,—তদা স্বয়ং দোষত্বমেতি ॥ ৫৩ ॥

নন্থ বৈরাগ্যাদিসম্পাদনেনাত্যন্তানর্থহেতোঃ কামাদেস্ত্যক্তত্বাৎ ঐহিকভোগমাত্রোপযোগি-কামাদ্যভ্যুপগমে কো দোষ ইত্যাশঙ্ক্যাহ—তত্ত্বং বুদ্ধাপীতি। তত্ত্ববিত্ত্বাভিমানেন বিধিনিষেধ-শাস্ত্রমতিক্রম্য কামাদ্যাধীনতয়া বর্ত্তমানস্য তব যথেষ্টাচরণং স্যাদিত্যর্থঃ ॥ ৫৪ ॥

অস্তু কো দোষ ইত্যাশঙ্ক্য তদনিষ্টপ্রতিপাদনপরং সুরেশ্বরাচার্য্যবচনমুদাহরতি,—বুদ্ধা-দ্বৈতসতত্ত্বস্যেতি। বুদ্ধমদ্বৈতসতত্ত্বমদ্বৈতস্বরূপং ব্রহ্ম যেন স বুদ্ধাদ্বৈতসতত্ত্বস্তত্ত্ববিৎ তস্য

---

হউক, কিন্তু জ্ঞান দ্বারা যে পুনর্জ্জন্ম নিবারিত হইবে, তাহাতেই আমার ইষ্টসিদ্ধি আছে, এমন যদি বিবেচনা কর, তবে তোমার পুনর্জ্জন্ম অবশ্যই হইবে, এবং তুমি স্বর্গাদি ভোগ মাত্র লাভ করিবে অর্থাৎ তুমি জ্ঞানী নহ, বিহিত কর্ম্মানুষ্ঠায়ী মাত্র। আর ক্ষয়াতিশয় দোষ বিবেচনা করিয়া স্বর্গভোগে যদি তোমার হেয় জ্ঞান হয়, তবে স্বয়ং দোষস্বরূপ কাম ক্রোধাদিকে হেয়জ্ঞান করিয়া কি নিমিত্ত পরিত্যাগ না কর? ৪৯—৫৩।

অদ্বৈত তত্ত্বজ্ঞানের পরেও যদি সমস্ত কাম ক্রোধাদিকে পরিত্যাগ না কর, তবে তোমার কর্ম্মপ্রতিপাদক শাস্ত্র উল্লঙ্ঘনপূর্ব্বক যথেষ্টাচরণ করা হইল। যদি অদ্বৈততত্ত্বজ্ঞানী হইয়াও যথেষ্টাচারী হইলে, তবে অশুচি ভক্ষণাদি বিষয়ে কুক্কুরাদি হইতে তত্ত্বজ্ঞানীর কি প্রভেদ থাকিল, এবং প্রাধান্যই বা কি হইল? ৫৪।৫৫।

---

* বন্ধ্যা ইতি মুমুক্ষুরীমুদ্রিতপুস্তকপাঠঃ।

† প্রতিবন্দী ইতি মুমুক্ষুরীমুদ্রিতপুস্তকপাঠঃ।

বোধাৎ পুরা মনোদোষমাত্রাৎ ক্লিষ্টোঽস্য * থাধুনা।
অশেষলোকনিন্দা চেত্যহো তে বোধবৈভবম্ ॥ ৫৬ ॥
বিড়্বরাহাদিতুল্যত্বং মা কাঙ্ক্ষীস্তত্ত্ববিদ্ ভবান্।
সর্ব্বধীদোষসন্ত্যাগাৎ লোকৈঃ পূজ্যস্ব দেববৎ ॥ ৫৭ ॥
কাম্যাদিদোষদৃষ্ট্যাদ্যাঃ কামাদিত্যাগহেতবঃ।
প্রসিদ্ধা মোক্ষশাস্ত্রেষু তানন্বিষ্য সুখী ভব ॥ ৫৮ ॥

---

যথেষ্টাচরণং যদি স্যাৎ তর্হি অশুচিভক্ষণাদিকমপি স্যাৎ, তথা সতি শুনাং তত্ত্বদৃশাঞ্চৈব ন কোঽপি বিশেষঃ স্যাদিত্যর্থঃ ॥ ৫৫ ॥

এতাবতা কিমনিষ্টমাপাদিতমিত্যাশঙ্ক্য সোপহাসমুত্তরমাহ—বোধাৎ পুরেতি। তত্ত্বজ্ঞানোদয়াৎ প্রাক্ কামক্রোধাদিচিত্তদোষৈস্তব ক্লেশোঽভূৎ ইদানীন্তু সর্ব্বলোকনিন্দামপি সহস্ব ইতি ক্লেশবৈগুণ্যমিতি ভাবঃ ॥ ৫৬ ॥

তর্হি কিং কর্ত্তব্যমিত্যত আহ—বিড়্বরাহাদিতুল্যত্বমিতি। সর্ব্বোৎকর্ষহেতুজ্ঞানবাংস্ত্বং কামাদিত্যাগাশক্তত্বেন সর্ব্বাধমবিড়্বরাহাদিসাম্যম্যং মা কাঙ্ক্ষীঃ কিন্তু কামাদিলক্ষণসকলমনোদোষহানেন সর্ব্বজনৈর্দেববৎ পূজ্যস্ব পূজ্যো ভবেত্যর্থঃ ॥ ৫৭ ॥

তত্ত্যাগোপায়মাহ—কাম্যাদীতি। কাম্যাঃ কামনাবিষয়াঃ স্রগাদয়ঃ আদয়ো যেষাং দ্বেষ্যাদীনাং তে কাম্যাদয়ঃ তেষাং যে দোষাঃ অনিত্যত্বসাতিশয়ত্বাদয়স্তেষাং দৃষ্টিরবলোকনমাদ্যং

---

তত্ত্বজ্ঞান হইলেও যদি তুমি যথেচ্ছাচারী হও, তবে তত্ত্বজ্ঞানের পূর্ব্বাবস্থাতে কেবল মনের কাম ক্রোধাদি দোষে ক্লেশ পাইতেছিলে, এই ক্ষণে তত্ত্বজ্ঞান হওয়ায় তোমার আরও কিঞ্চিৎ অধিক ক্লেশ লাভ হইল যে, অশেষ প্রকার লোকনিন্দাও সহ্য করিতে হইল, আহা! তোমার তত্ত্বজ্ঞানের কি মহিমা! অতএব অদ্বৈত তত্ত্বজ্ঞানী তুমি যথেচ্ছাচারী হইয়া শূকর বরাহাদির সাদৃশ্য প্রার্থনা করিও না, কাম ক্রোধাদি সমুদায় মনোদোষ পরিত্যাগপূর্ব্বক দেবতার ন্যায় সর্ব্বলোকে পূজ্য হও। ৫৬।৫৭।

কাম্য বস্তুতে অনিত্যত্বাদি দোষের অনুসন্ধান করাই কাম-ক্রোধাদির পরিত্যাগের অসাধারণ উপায় হইয়াছে, ইহা বেদান্তাদি মোক্ষপ্রতিপাদক শাস্ত্রে ভূয়োভূয়ঃ প্রতিপাদিত হইয়াছে। অতএব সেই সকল বিষয় অন্বেষণ করিয়া কাম-ক্রোধাদি পরিত্যাগপূর্ব্বক সুখে কাল যাপন কর। ৫৮।

---

* ক্লিষ্টাস্যথেতি মুন্ময়ীমুদ্রিতপুস্তকপাঠঃ।

ত্যাজ্যতামেষ কামাদির্মনোরাজ্যে তু কা ক্ষতিঃ।
অশেষদোষবীজত্বাৎ ক্ষতির্ভগবতেরিতা॥ ৫৯॥
ধ্যায়তো বিষয়ান্ পুংসঃ সঙ্গস্তেষূপজায়তে।
সঙ্গাৎ সঞ্জায়তে কামঃ কামাৎ ক্রোধোঽভিজায়তে॥ ৬০॥
ক্রোধাদ্ ভবতি সম্মোহঃ সম্মোহাৎ স্মৃতিবিভ্রমঃ।
স্মৃতিভ্রংশাদ্ বুদ্ধিনাশো বুদ্ধিনাশাৎ প্রণশ্যতি॥ ৬১॥
শক্যং জেতুং মনোরাজ্যং নির্বিকল্পসমাধিতঃ।
সুসম্পাদঃ ক্রমাৎ সোঽপি সবিকল্পসমাধিনা॥ ৬২॥

যেষাং কাম * স্বরূপবিচারাদীনাং তে তথোক্তাঃ তেষাং কামাদিত্যাগহেতুত্বে প্রমাণমাহ—প্রসিদ্ধা ইতি। ভবতু, ততঃ কিমায়াতমিত্যত আহ—তানধিৰ্যেতি॥ ৫৮॥

নতু কামাদীনাম্ অনর্থহেতুত্বাৎ ত্যাজ্যত্বমস্ত, মনোরাজ্যস্য তু অতথাত্বাৎ † তৎত্যাগো নাপেক্ষিত ইতি শঙ্কতে ত্যাজ্যতামেষ ইতি। সাক্ষাদনর্থহেতুত্বাভাবেঽপি পরম্পরয়া তদ্ধেতুত্বাৎ ত্যাজ্যত্বমেবেত্যভিপ্রেত্য পরিহরতি অশেষদোষবীজত্বাদিতি॥ ৫৯॥

পরম্পরয়া অনর্থহেতুত্বপ্রদর্শনপরং ভগবদ্বাক্যমুদাহরতি ধ্যায়তো বিষয়ানিত্যাদি॥ ৬০। ৬১॥

তর্হ্যস্য মনোরাজ্যস্য কঃ পরিহারোপায় ইত্যত আহ—শক্যং জেতুমিতি। সোঽপি কুতঃ সিধ্যতীত্যত আহ—সুসম্পাদঃ ক্রমাৎ সোঽপীতি॥ ৬২॥

কাম-ক্রোধাদি মনের দোষরূপ ও অনিষ্টজনক, সুতরাং উহা পরিত্যাগ করিতে পার, কিন্তু মনোরাজ্য কোন অনিষ্টজনক নহে, বরং তদ্দ্বারা সুখে কালক্ষেপণ হয়, অতএব তাহাতে ক্ষতি কি? এই প্রশ্নের সিদ্ধান্ত করিতেছেন।—অশেষ অনর্থের কারণ বলিয়া ভগবান শ্রীকৃষ্ণ ভগবদ্গীতায় পরম্পরারূপে তাহার দোষজনকত্ব নিরূপণ করিয়াছেন। ৫৯।

যে ব্যক্তি সর্ব্বদা বিষয়ানুধ্যান করে, পশ্চাৎ তাহার তাহাতেই আসক্তি জন্মে, পরে তদ্বিষয়ের কামনা হয়, পশ্চাৎ তাহার প্রাপ্ত্যভাবে ক্রোধ উপস্থিত হয়, পরে মোহ, স্মৃতিবিভ্রম, বুদ্ধিনাশ, অবশেষে প্রাণবিয়োগও হয়; অতএব ইহা অপেক্ষা অনিষ্টজনক আর কি হইতে পারে? ৬০।৬১।

নির্ব্বিকল্পক সমাধির অনুষ্ঠান দ্বারা মনোরাজ্য নিবারণ হইতে পারে। সেই

* কোণেতি মুম্বয়ীমুদ্রিতপুস্তকপাঠঃ। † তথাত্বাভাবাৎ ইত্যস্মদ্দেশীয়পুস্তকপাঠঃ।

বুদ্ধতত্ত্বেন ধীদোষ-শূন্যেনৈকান্তবাসিনা।
দীর্ঘং প্রণবমুচ্চার্য্য মনোরাজ্যং বিজীয়তে ॥ ৬৩ ॥
জিতে তস্মিন্ বৃত্তিশূন্যং মনস্তিষ্ঠতি মূকবৎ।
এতৎ পদং বশিষ্ঠেন রামায় বহুধেরিতম্ ॥ ৬৪ ॥
দৃশ্যং নাস্তীতি বোধেন মনসো দৃশ্যমার্জ্জনম্।
সম্পন্নঞ্চেৎ তদোৎপন্না পরা নির্ব্বাণনির্বৃতিঃ ॥ ৬৫ ॥
বিচারিতমলং শাস্ত্রং চিরমুদ্গ্রাহিতং মিথঃ।

নন্বষ্টাঙ্গযোগযুক্তস্য তথাস্তু তদ্রহিতস্য কা গতিরিত্যত আহ—বুদ্ধতত্ত্বেনেতি। বুদ্ধমবগতং তত্ত্বং ব্রহ্মাত্মৈক্যলক্ষণং যেন স বুদ্ধতত্ত্বস্তেন কামক্রোধাদিবুদ্ধিদোষরহিতেন একান্তবাসিনা বিজনদেশনিবাসশীলেন পুরুষেণ দীর্ঘং ষড্‌দ্বাদশাদিমাত্রোপেতং প্রণবমোঙ্কারমুচ্চার্য্য মনোরাজ্যং বিজীয়তে বিনিবার্য্যত ইত্যর্থঃ ॥ ৬৩ ॥

মনোরাজ্যবিজয়ে কিং ভবতীত্যত আহ—জিতে তস্মিন্নিতি। যথা মূকঃ সকলবাগ্ব্যাপাররহিতঃ তিষ্ঠতি এবং মনোঽপি সর্ব্বব্যাপাররহিতমবতিষ্ঠত ইত্যর্থঃ। অবৃত্তিকমনোঽবস্থানস্য পুরুষার্থত্বে প্রমাণমাহ—এতৎ পদমিতি। এতৎ পদমিদং স্থানমিত্যর্থঃ ॥ ৬৪ ॥

বশিষ্ঠশ্লোকদ্বয়বাক্যমুদাহরতি—দৃশ্যমিতি। 'নেহ নানাস্তি কিঞ্চন' ইত্যাদিশ্রুত্যা দ্বিতীয়ব্রহ্মাতিরিক্তজগদভাবজ্ঞানেন মনসঃ সকাশাৎ দৃশ্যনিবারণং সম্পন্নং যদি, তর্হি নিরতিশয়মোক্ষসুখং নিষ্পন্নমিতি জানীয়াদিত্যর্থঃ। কিঞ্চ অদ্বৈতশাস্ত্রমত্যর্থং বিচারিতং তথা মিথঃ পরস্পরং গুরুশিষ্যাদিসংবাদদ্বারা চিরকালং প্রত্যায়িতঞ্চ এবং কৃত্বা কিং নিশ্চিতং

---

নির্ব্বিকল্পক সমাধিও সবিকল্পক সমাধির অভ্যাস দ্বারা ক্রমশঃ সুন্দররূপে সাধিত হয়। আর পূর্ব্বোক্ত সমাধি অনুষ্ঠানে অসমর্থ, অথচ কাম ক্রোধাদি-শূন্য, তত্ত্বজিজ্ঞাসু ব্যক্তির বহুকাল একান্ত যত্নে প্রণব উচ্চারণ দ্বারা মনোরাজ্য নিবারিত হয়। ৬২।৬৩।

এই প্রকারে মনোরাজ্য পরাজিত হইলে, মন বৃত্তিশূন্য হইয়া মূকবৎ স্থিরভাবে অবস্থান করে। উক্ত মনোরাজ্য নিবারণবিষয়ে বশিষ্ঠ ঋষি শ্রীরামচন্দ্রের প্রতি বিবিধপ্রকার উপদেশ দিয়াছেন। যথা—অদ্বিতীয় ব্রহ্মবস্তু ব্যতিরিক্ত জগতে দৃশ্য পদার্থ আর কিছুমাত্র নাই, এই বিবেচনায় যখন মন হইতে দৃশ্য পদার্থ নিবারিত হয়, তখন পরম নির্ব্বাণ মুক্তির পথ পরিষ্কৃত হইতে থাকে। ৬৪।৬৫।

অধ্যাত্মশাস্ত্র সকল বিশেষরূপে বিচারপূর্ব্বক অন্যান্য লোকের সহিত

সম্যক্তবাসনান্মৌনাদৃতে নাস্ত্যুত্তমং পদম্ ॥ ৬৬ ॥
বিক্ষিপ্যতে কদাচিদ্ধীঃ কর্ম্মণা ভোগদায়িনা।
পুনঃ সমাহিতা সা স্যাৎ তদৈবাভ্যাসপাটবাৎ ॥ ৬৭ ॥
বিক্ষেপো যস্য নাস্ত্যস্য ব্রহ্মবিত্ত্বং ন মন্যতে।
ব্রহ্মৈবায়মিতি প্রাহুর্মুনয়ঃ পারদর্শিনঃ ॥ ৬৮ ॥
দর্শনাদর্শনে হিত্বা স্বয়ং কেবলরূপতঃ।
যস্তিষ্ঠতি স তু ব্রহ্মন্! ব্রহ্ম ন ব্রহ্মবিৎ স্বয়ম্ ॥ ৬৯ ॥

মিত্যত আহ—সম্যক্তবাসনাদিতি। সম্যক্ পরিত্যক্তকামাদিবাসনাত্মনস্তুষ্ণীম্ভাবাদৃতেঽধিকঃ পুরুষার্থো নাস্তীতি নিশ্চিতমিত্যর্থঃ ॥ ৬৫। ৬৬॥

এবং নিবৃত্তিকস্য চিত্তস্য প্রারব্ধকর্ম্মণা বিক্ষেপে সতি তৎপ্রতীকারোপায়ঃ ক ইত্যপেক্ষায়ামাহ—বিক্ষিপ্যত ইতি। ভোগপ্রদেন প্রারব্ধকর্ম্মণা বুদ্ধিঃ কদাচিদ্বিক্ষিপ্যতে চেৎ, তর্হি সা বুদ্ধিরভ্যাসপাটবাদভ্যাসদার্ঢ্যাৎ তদৈব পুনরপি সমাহিতা স্যাদিত্যর্থঃ। ৬৭ ॥

সদা চিত্তবিক্ষেপরহিতস্য ব্রহ্মবিত্ত্বমপি ঔপচারিকমিত্যাহ,—বিক্ষেপো যস্যেতি। পারদর্শিনঃ বেদান্তপারগা ইত্যর্থঃ ॥ ৬৮ ॥

অত্রাপি বশিষ্ঠবাক্যমুদাহরতি দর্শনাদর্শনে হিত্বা ইতি। যো "ব্রহ্ম জানামি ন জানামি" ইতি ব্যবহারদ্বয়ং পরিত্যজ্য স্বয়মদ্বিতীয়চৈতন্যমাত্ররূপেণাবতিষ্ঠতে স স্বয়ং ব্রহ্ম ন তু ব্রহ্মবিদিত্যর্থঃ ॥ ৬৯ ॥

---

পরস্পর আলোচনা করত বিষয়বাসনা পরিত্যাগপুরঃসর মৌনব্রত অবলম্বন অপেক্ষা উত্তম সাধন আর দ্বিতীয় নাই। ৬৬।

ভোগ ব্যতিরেকে প্রারব্ধ কর্ম্মের নাশ হয় না, এই কারণে প্রারব্ধ কর্ম্মের ভোগের জন্য যদি কোন সময়ে মনোরাজ্যে উপস্থিত হওয়াতে ব্রহ্মবিদ্ ব্যক্তির অন্তঃকরণ বিক্ষিপ্ত হয়, তাহা হইলে অভ্যাস-নৈপুণ্য দ্বারা পুনর্ব্বার তৎক্ষণাৎ সমাহিত হইয়া পরব্রহ্মে নিমগ্ন হয়। যে ব্রহ্মনিষ্ঠ ব্যক্তির অন্তঃকরণ কোন প্রকারে বিক্ষিপ্ত না হয়, তাঁহাকে ব্রহ্মজ্ঞ বলা অকর্ত্তব্য; কারণ তত্ত্বদর্শী মুনিরা তাঁহাকে স্বয়ং ব্রহ্মস্বরূপ বলিয়া বর্ণনা করেন। ৬৭।৬৮।

যে ব্রহ্মনিষ্ঠ ব্যক্তি শাস্ত্রবিহিত জ্ঞান ও বিষয়জ্ঞান উভয় জ্ঞান পরিত্যাগপূর্ব্বক অদ্বৈত পরব্রহ্মে নিমগ্নচিত্ত হইয়া কেবল ব্রহ্মস্বরূপে অবস্থান করেন, তিনি স্বয়ং ব্রহ্ম, তাঁহাকে ব্রহ্মবিৎ বলা যায় না; যেহেতু স্বয়ং ব্রহ্মকে ব্রহ্মবিৎ বলা যুক্তিসিদ্ধ নহে। ৬৯।

জীবন্মুক্তেঃ পরা কাষ্ঠা জীবদ্বৈতবিবর্জ্জনাৎ।
লভ্যতেঽসাবতোঽত্রেদমীশদ্বৈতাদ্বিবেচিতম্ ॥ ৭০ ॥

ইতি দ্বৈতবিবেকঃ সমাপ্তঃ ॥

---

সফলদ্বৈতবিবেচনমুপসংহরতি—জীবন্মুক্তেঃ পরা কাষ্ঠা ইতি, অসাবুক্তপ্রকারা জীবন্মুক্তেঃ পরা কাষ্ঠা নিরতিশয়পর্য্যবসানভূমিঃ জীবদ্বৈতস্য মনোময়প্রপঞ্চস্য বিবর্জ্জনাৎ পরিত্যাগাৎ লভ্যতে প্রাপ্যতে অতঃ কারণাদিদং জীবদ্বৈতমীশ্বরসৃষ্টাৎ দ্বৈতাৎ বিবেচিতং বিবিচ্য প্রদর্শিতমিত্যর্থঃ ॥ ৭০ ॥

ইতি দ্বৈতবিবেকব্যাখ্যা সমাপ্তা ॥

---

জীবসৃষ্ট মানসপ্রপঞ্চরূপ দ্বৈত জগৎ অন্তঃকরণ হইতে পরিত্যক্ত হইলে জীবন্মুক্তি হয়, সেই হেতু উক্তপ্রকার দ্বৈতপ্রপঞ্চ, ঈশ্বরনির্ম্মিত দ্বৈতপ্রপঞ্চ হইতে পৃথক্ করিয়া বিবেচিত হইল। ৭০।

দ্বৈতবিবেকনামক চতুর্থ পরিচ্ছেদ সমাপ্ত ॥

# পঞ্চমঃ পরিচ্ছেদঃ ।

## মহাবাক্যবিবেকঃ ।

যেনেক্ষতে শৃণোতীদং জিঘ্রতি ব্যাকরোতি চ ।
স্বাদ্বস্বাদু বিজানাতি তৎ প্রজ্ঞানমুদীরিতম্ ॥ ১ ॥
চতুর্ম্মুখেন্দ্রদেবেষু মনুষ্যাশ্বগবাদিষু ।
চৈতন্যমেকং ব্রহ্মাতঃ প্রজ্ঞানং ব্রহ্ম মষ্যপি ॥ ২ ॥

---

নত্বা শ্রীভারতীতীর্থবিদ্যারণ্যমুনীশ্বরৌ ।
মহাবাক্যবিবেকস্য কুর্ব্বে ব্যাখ্যাং সমাসতঃ ॥

মুমুক্ষোর্মোক্ষসাধনব্রহ্মাত্মৈক্যাবগতিসিদ্ধয়ে প্রসিদ্ধানাং চতুর্ণাং মহাবাক্যানামর্থং ক্রমেণ নিরূপয়ন্ পরমকৃপালুরাচার্য্য আদৌ তাবদৈতরেয়ারণ্যকগতে “প্রজ্ঞানং ব্রহ্ম” ইতি মহাবাক্যে প্রজ্ঞানশব্দস্যার্থমাহ—যেনেক্ষতে শৃণোতীতি। যেন চক্ষুর্দ্বারা নির্গতান্তঃকরণবৃত্ত্যুপহিতচৈতন্যেন ইদং দর্শনযোগ্যং রূপজাতম্ ঈক্ষতে পশ্যতি পুরুষঃ তথা শ্রোত্রদ্বারা নির্গতান্তঃকরণবৃত্ত্যুপাধিকেন যেন শব্দজাতং শৃণোতি তথৈব ঘ্রাণদ্বারা নির্গতান্তঃকরণবৃত্ত্যুপাধিকেন যেন গন্ধজাতং জিঘ্রতি যেন বাগিন্দ্রিয়াবচ্ছিন্নেন ব্যাকরোতি শব্দজাতং ব্যাহরতি যেন রসনেন্দ্রিয়দ্বারা নির্গতান্তঃকরণবৃত্ত্যুপাধিকেন স্বাদস্বাদু রসৌ বিজানাতি, অনুক্তসমুচ্চয়ার্থশ্চশব্দঃ; তথাচ উক্তানুক্তৈঃ সকলেন্দ্রিয়ৈরন্তঃকরণবৃত্তিভেদৈশ্চোপলক্ষিতং যচ্চৈতন্যমস্তি তদেবাত্র প্রজ্ঞানমিত্যুচ্যতে ইত্যর্থঃ। অনেন যেন বা রূপং পশ্যতীত্যাদেঃ, সর্ব্বাণ্যেবৈতানি প্রজ্ঞানস্য নামধেয়ানি ইত্যন্তস্যাবান্তরবাক্যসন্দর্ভস্যার্থঃ সংক্ষিপ্য প্রদর্শিতঃ ॥১॥

এবং প্রজ্ঞানশব্দস্যার্থমভিধায় ব্রহ্মশব্দস্যার্থমাহ—চতুর্ম্মুখেন্দ্রদেবেষ্বিতি। উত্তমেষু দেবাদিষু মধ্যমেষু মনুষ্যেষু অধমেষু গবাশ্বাদিষু দেহধারিষু আকাশাদিভূতেষু চ জগজ্জন্মাদিহেতুভূতং যদেকং চৈতন্যমস্তি তদ্ব্রহ্মেত্যর্থঃ। অনেন চ ‘এষ ব্রহ্মৈব ইন্দ্র’ ইত্যাদেঃ

---

যে চৈতন্যজ্যোতি দ্বারা দৃশ্য পদার্থ সকলের দর্শন হয়, এবং যাঁহা দ্বারা শব্দের শ্রবণ, গন্ধের আঘ্রাণ, বাক্য-কথন, এবং সুস্বাদু ও বিস্বাদু রস সকল আস্বাদন করা যায়, সেই বুদ্ধিস্থ জীবচৈতন্য প্রজ্ঞান শব্দের বাচ্য । ১ ।

কি ব্রহ্মা, কি ইন্দ্র প্রভৃতি দেবতা, কি মনুষ্য, অশ্ব, গো প্রভৃতি জন্তু, সর্ব্বত্রই একমাত্র সর্ব্বব্যাপী পরব্রহ্ম অন্তর্যামিরূপে অবস্থান করেন, সুতরাং আমাতেও তিনি অবস্থিতি করিতেছেন, অতএব একাধারস্থিত উভয় চৈতন্য

পরিপূর্ণঃ পরাত্মাস্মিন্ দেহে বিদ্যাধিকারিণি।
বুদ্ধেঃ সাক্ষিতয়া স্থিত্বা স্ফুরন্নহমিতীর্য্যতে ॥ ৩ ॥
স্বতঃ পূর্ণঃ পরাত্মাত্র ব্রহ্মশব্দেন বর্ণিতঃ।
অস্মীত্যৈক্যপরামর্শস্তেন ব্রহ্ম ভবাম্যহম্ ॥ ৪ ॥
একমেবাদ্বিতীয়ং সৎ নামরূপবিবর্জ্জিতম্।

---

'প্রজ্ঞা প্রতিষ্ঠে'ত্যন্তস্য অবান্তরবাক্যস্যার্থঃ সংক্ষিপ্য দর্শিতঃ। ইত্থং পদার্থমভিধায় বাক্যার্থমাহ—অতঃ প্রজ্ঞানং ব্রহ্ম মযাপীতি। যতঃ সর্ব্বত্রাবস্থিতং প্রজ্ঞানং ব্রহ্ম ততো মযাপি স্থিতং প্রজ্ঞানং ব্রহ্মৈব প্রজ্ঞানস্যাবিশেষাদিত্যর্থঃ ॥ ২ ॥

এবম্ ঋক্‌শাখাগতং মহাবাক্যার্থং নিরূপ্য যজুঃশাখাসু মধ্যে বৃহদারণ্যকোপনিষদ্গতস্য 'অহং ব্রহ্মাস্মী'তি মহাবাক্যস্যার্থাবিষ্করণায়াহং শব্দস্যার্থমাহ পরিপূর্ণ ইতি। পরিপূর্ণঃ স্বভাবতো দেশকালবস্তুভিরপরিচ্ছিন্নঃ পরমাত্মা অস্মিন্ মায়াকল্পিতে জগতি বিদ্যাধিকারিণি শমাদিসাধনসম্পন্নত্বেন বিদ্যাসম্পাদনযোগ্যেঽস্মিন্ শ্রবণাদ্যনুষ্ঠানবতি দেহে মনুষ্যাদিশরীরে বুদ্ধের্বুদ্ধ্যুপলক্ষিতস্য সূক্ষ্মশরীরস্য সাক্ষিতয়া বিকারিত্বেনাবভাসকতয়া স্থিত্বাবস্থায় স্ফুরন্ প্রকাশমানোঽহমিতীর্য্যতে লক্ষণয়া অহংপদেনোচ্যত ইত্যর্থঃ ॥ ৩ ॥

ব্রহ্মশব্দার্থমাহ—স্বতঃ পূর্ণ ইতি। স্বতঃ পরিপূর্ণঃ স্বভাবতো দেশকালাদ্যনবচ্ছিন্নঃ পূর্ব্বোক্তঃ পরমাত্মা অত্রাস্মিন্মহাবাক্যে ব্রহ্মশব্দেন ব্রহ্মেত্যনেন পদেন বর্ণিতঃ লক্ষণয়োক্ত ইত্যর্থঃ। এতদ্বাক্যগতেনাস্মীতিপদেন পদদ্বয়সামানাধিকরণ্যালভ্যা জীবব্রহ্মণোরৈক্যং পরামৃশ্যতে ইত্যাহ—অস্মীত্যৈক্যপরামর্শ ইতি। ফলিতমাহ তেন ব্রহ্ম ভবাম্যহমিতি ॥ ৪ ॥

ইদানীং ছান্দোগ্যশ্রুতিগতস্য 'তত্ত্বমসী'তিবাক্যস্যার্থপ্রদর্শনায় * তৎপদলক্ষ্যার্থমাহ—

---

অর্থাৎ প্রজ্ঞান ও ব্রহ্ম—এ উভয়ের ঐক্য প্রতিপাদিত হইয়াছে, সুতরাং প্রজ্ঞান চৈতন্যই ব্রহ্ম, ইহা সিদ্ধ হইল। ২।

পূর্ণজ্ঞানস্বরূপ পরমাত্মা মায়াশক্তি বশতঃ এই মায়িক সংসারমধ্যে শমদমাদি সাধন দ্বারা বিদ্যাসম্পাদনযোগ্য পাঞ্চভৌতিক শরীরে অন্তঃকরণের সাক্ষিরূপে প্রকাশমান হইয়া অবস্থিতি করত অহং শব্দের বাচ্য হন। ৩।

স্বতঃসিদ্ধ সর্ব্বব্যাপী পরমাত্মাই ব্রহ্মশব্দের বাচ্য এবং 'অস্মি' এই শব্দদ্বারা অহংশব্দবাচ্য চৈতন্য ও ব্রহ্মচৈতন্য এ উভয়ের ঐক্য প্রতিপাদিত হইয়াছে, অহংশব্দবাচ্য জীবচৈতন্য ও ব্রহ্মচৈতন্য এ উভয়ের ঐক্য নিশ্চিত হইলে, জীবন্মুক্ত পুরুষের 'আমিই ব্রহ্ম' এই ব্যবহার সিদ্ধ হইল। ৪।

পরিদৃশ্যমান নামরূপাত্মক জগতের উৎপত্তির পূর্ব্বে কেবল একমাত্র নাম-

---

* প্রকাশনায় ইতি মুদ্রয়ীমুদ্রিতপুস্তকপাঠঃ।

স্বষ্টেঃ পুরাধুনাপ্যস্য তাদৃক্ত্বং তদিতীর্য্যতে ॥ ৫ ॥
শ্রোতুর্দেহেন্দ্রিয়াতীতং বস্ত্বত্র ত্বম্পদেরিতম্।
একতা গৃহ্যতেঽসীতি তদৈক্যমনুভূয়তাম্ ॥ ৬ ॥
স্বপ্রকাশাপরোক্ষত্বময়মিত্যুক্তিতো মতম্।
অহঙ্কারাদিদেহান্তাৎ প্রত্যগাত্মেতি গীয়তে ॥ ৭ ॥

---

একমেবাদ্বিতীয়মিতি। "সদেব সোম্যেদমগ্র আসীৎ একমেবাদ্বিতীয়মি"তি বাক্যেন সৃষ্টেঃ পুরা স্বগতাদিভেদশূন্যং নামরূপরহিতং যৎ সদ্বস্তু প্রতিপাদিতম্ অস্তি অস্য সদ্বস্তুনোঽধুনাপি সৃষ্ট্যুত্তরকালেঽপি তাদৃক্ত্বং বিচারদৃষ্ট্যা তথাত্বং তদিতি পদেনের্য্যতে লক্ষ্যতে ইত্যর্থঃ ॥ ৫ ॥

ত্বম্পদলক্ষ্যার্থমাহ—শ্রোতুর্দেহেন্দ্রিয়াতীতং বস্ত্বত্রেতি। শ্রোতুঃ শ্রবণাদ্যনুষ্ঠানেন মহাবাক্যার্থপ্রতিপত্তুর্দেহেন্দ্রিয়াতীতং দেহেন্দ্রিয়োপলক্ষিতস্থূলাদিশরীরত্রয়নাক্ষিতয়া তদ্বিলক্ষণং বস্তু সদ্বস্ত্বেব ত্বম্পদেরিতং বাক্যগতেন ত্বমিতিপদেন লক্ষিতমিত্যর্থঃ। এতদ্বাক্যস্থেন অসীতিপদেন তত্ত্বম্পদসামানাধিকরণ্যলব্ধং জীবপরৈক্যং * শিষ্যং প্রতি প্রত্যায্যতে ইত্যাহ—একতা গৃহ্যতেঽসীতি। সিদ্ধমর্থমাহ—তদৈক্যমনুভূয়তামিতি। তয়োস্তত্ত্বম্পদার্থয়োরৈক্যং প্রমাণসিদ্ধমেকত্বমনুভূয়তাং মুমুক্ষুভিরিত্যর্থঃ ॥ ৬ ॥

ক্রমপ্রাপ্তস্যাথর্ব্বণবেদগতস্য "অয়মাত্মা ব্রহ্মে"তি বাক্যস্যার্থং ব্যাচিকীর্ষুরাদাবয়মাত্মেতিপদদ্বয়বিবক্ষিতমর্থং ক্রমেণ দর্শয়তি—স্বপ্রকাশাপরোক্ষত্বমিতি। অয়মিত্যুক্তিতোঽয়মিতি শব্দেন স্বপ্রকাশাপরোক্ষত্বং স্বয়ম্প্রকাশত্বেনাপরোক্ষত্বং মতমভিমতম্, অদৃষ্টাদিবন্নিত্যপরোক্ষত্বং ঘটাদিবৎ দৃশ্যত্বঞ্চ ব্যাবর্ত্তয়িতুং বিশেষণদ্বয়মিতি বোদ্ধব্যম্। দেহাদিষ্বপ্যাত্মশব্দপ্রয়োগদর্শনাৎ অত্রাত্মশব্দেন কিং বিবক্ষিতমিত্যাকাঙ্ক্ষায়ামাহ—অহঙ্কারাদীতি। অহঙ্কার আদির্যস্য প্রাণ-মন-

---

রূপ-বিবর্জ্জিত সর্ব্বব্যাপী অদ্বিতীয় সৎস্বরূপ পরব্রহ্ম ছিলেন, এবং সেই ব্রহ্ম এইক্ষণেও তদ্রূপে অবস্থিত আছেন, তিনিই তৎশব্দের বাচ্য ॥ ৫

প্রাণী-সকলের দেহ ও ইন্দ্রিয়াদি হইতে ভিন্ন যে অন্তঃকরণস্থিত চৈতন্য, তিনি 'ত্বং' পদের বাচ্য হন, ও 'অসি' এই পদদ্বারা পূর্ব্বশ্লোকস্থ 'তৎ' এবং এতৎশ্লোকস্থিত 'ত্বং' এ উভয়ের ঐক্য প্রতিপাদিত হইয়াছে, অতএব তদুভয়ের ঐক্য অনুভব করা কর্ত্তব্য ॥ ৬

স্বয়ম্প্রকাশ স্বরূপ অপরোক্ষ জীবচৈতন্য 'অহং' শব্দের বাচ্য হন, এবং অহঙ্কারাদি দেহ পর্য্যন্ত সমুদায়ের অভ্যন্তরে থাকেন বলিয়া তিনিই আত্মশব্দে কথিত হন, অতএব উক্ত উভয় শব্দেই জীবচৈতন্য উক্ত হইল ॥ ৭

---

* পদার্থয়োরৈক্যম্ ইতি মুম্বয়ীমুদ্রিতপুস্তকপাঠ।

দৃশ্যমানস্য সর্ব্বস্য জগতস্তত্ত্বমীর্য্যতে।
ব্রহ্মশব্দেন তদ্ ব্রহ্ম স্বপ্রকাশাত্মরূপকম্ ॥ ৮ ॥

ইতি মহাবাক্যবিবেকঃ সমাপ্তঃ ॥

---

ইন্দ্রিয়-দেহসঙ্ঘাতস্য সোঽহঙ্কারাদিঃ তথা দেহোঽন্তো যস্য উক্তসঙ্ঘাতস্য স দেহান্তঃ অহঙ্কারাদিশ্চাসৌ দেহান্তশ্চেতি তথা, তস্মাৎ প্রত্যগধিষ্ঠানতয়া সাক্ষিতয়া চ আন্তর আত্মেতি গীয়তে অস্মিন্ বাক্যে ইত্যর্থঃ ॥ ৭ ॥

ব্রাহ্মণত্বাদিষ্বপি ব্রহ্মশব্দস্য প্রয়োগদর্শনাৎ তদ্ব্যাবর্ত্তনায়াত্র বিবক্ষিতমর্থমাহ—দৃশ্যমানস্যেতি। দৃশ্যত্বেন মিথ্যাভূতস্য সর্ব্বস্যাকাশাদের্জ্জগতস্তত্ত্বমধিষ্ঠানতয়া তদ্বাধাবধিত্বেন চ পারমার্থিকং সচ্চিদানন্দলক্ষণং যদ্রূপমস্তি তৎ ব্রহ্মশব্দেনের্য্যতে কথ্যতে ইত্যর্থঃ। বাক্যার্থমাহ—তদ্ব্রহ্মেতি। যদুক্তলক্ষণং ব্রহ্ম স্বপ্রকাশাত্মা রূপং স্বরূপং যস্য তৎ স্বপ্রকাশাত্মরূপকং স এবেত্যর্থঃ ৮।

ইতি মহাবাক্যবিবেকব্যাখ্যা সমাপ্তা ॥

---

এই সমুদায় দৃশ্যমান জগতের মূলাধার এক কারণ স্বরূপ পরব্রহ্ম চৈতন্য ব্রহ্মশব্দে উক্ত হন, তিনি স্বয়ম্প্রকাশ স্বরূপ হন, অতএব পূর্ব্বোক্ত জীব ও ব্রহ্ম উভয়ের স্বরূপের অভিন্নতা হেতু ঐক্য প্রতিপাদিত হইল ॥ ৮

মহাবাক্যবিবেক নামক পঞ্চম পরিচ্ছেদ সমাপ্ত ॥

# ষষ্ঠপরিচ্ছেদঃ।

## চিত্রদীপঃ

যথা চিত্রপটে দৃষ্টমবস্থানাং চতুষ্টয়ম্।
পরমাত্মনি বিজ্ঞেয়ং তথাবস্থাচতুষ্টয়ম্ ॥ ১।
যথা ধৌতো ঘট্টিতশ্চ লাঞ্ছিতো রঞ্জিতঃ পটঃ।
চিদন্তর্যামী সূত্রাত্মা বিরাট্ চাত্মা তথেষ্যতে ॥ ২।
স্বতঃ শুভ্রোঽত্র ধৌতঃ স্যাৎ ঘট্টিতোঽন্নবিলেপনাৎ।
মস্যাকারৈর্লাঞ্ছিতঃ স্যাদ্ রঞ্জিতো বর্ণপূরণাৎ ॥ ৩॥

নত্বা শ্রীভারতীতীর্থ বিদ্যারণ্যমুনীশ্বরৌ।
ক্রিয়তে চিত্রদীপস্য ব্যাখ্যা তাৎপর্য্যবোধিনী ॥

চিকীর্ষিতস্য গ্রন্থস্য নিষ্প্রত্যূহপরিপূরণায় পরমাত্মনীতি পদেনেষ্টদেবতা তত্ত্বানুসন্ধানলক্ষণং মঙ্গলমাচরন্ অস্য গ্রন্থস্য বেদান্তপ্রকরণত্বাৎ তদীয়েরেব বিষয়াদিভিস্তদ্বত্তাসিদ্ধিং মনসি নিধায় 'অধ্যারোপাপবাদাভ্যাং নিষ্প্রপঞ্চং প্রপঞ্চ্যতে' ইতি ন্যায়মনুসৃত্য পরমাত্মন্যারোপিতস্য জগতঃ স্থিতিপ্রকারং সদৃষ্টান্তং প্রতিজানীতে—যথা চিত্রপটে দৃষ্টমিতি। চিত্রপটে যথা বক্ষ্যমাণানাম-বস্থানাং চতুষ্টয়ং তথৈব পরমাত্মন্যপি বক্ষ্যমাণমবস্থাচতুষ্টয়ং জ্ঞেয়মিতি। ১।

কিন্তদিত্যাকাঙ্ক্ষায়াং দৃষ্টান্তদার্ষ্টান্তিকয়োরুভয়োরপ্যবস্থাচতুষ্টয়ং ক্রমেণোদ্দিশতি—যথা ধৌত ইতি। ধৌতো ঘট্টিতো লাঞ্ছিতো রঞ্জিত ইত্যেবম্প্রকারাশ্চতস্রোঽবস্থাঃ যথা চিত্রপটে উপলভ্যন্তে তথা পরমাত্মন্যপি চিদন্তর্যামী সূত্রাত্মা বিরাট্ চ ইত্যবস্থাচতুষ্টয়ং বোদ্ধব্য-মিত্যর্থঃ ॥ ২ ॥

দৃষ্টান্তস্থিতানামবস্থানাং স্বরূপং ক্রমেণ ব্যুৎপাদয়তি—স্বতঃ শুভ্রম্ ইতি। অত্রাবস্থাসু মধ্যে স্বতো দ্রব্যান্তরসম্বন্ধং বিনা শুভ্রো ধৌত ইত্যুচ্যতে, অন্নেন লিপ্তো ঘট্টিতঃ,মসীময়ৈরাকা-রৈর্যুক্তো লাঞ্ছিতঃ, যথাযোগ্যং বর্ণৈঃ পূরিতো রঞ্জিতঃ স্যাৎ ॥ ৩।

যেমন চিত্রপটে যথাক্রমে চারিটি অবস্থা দৃষ্ট হয়, অর্থাৎ ধৌত, ঘট্টিত, লাঞ্ছিত, এবং রঞ্জিত, তদ্রূপ পরমাত্মাতেও চিৎ, অন্তর্যামী, সূত্রাত্মা, এবং বিরাট্, এই চারিটি অবস্থা বিবেচিত হয় ॥ ১॥

যেমন রজককর্ম্মদ্বারা পটের শুক্লবর্ণ করার নাম ধৌতাবস্থা, মণ্ডলেপন সহকারে প্রস্তরাদি দ্বারা সমবিস্তৃতি করণের নাম ঘট্টিতাবস্থা, রেখাপাত দ্বারা

স্বতশ্চিদন্তর্যামী তু মায়াবী সূক্ষ্মসৃষ্টিতঃ।
সূত্রাত্মা স্থূলসৃষ্টৈব্যব বিরাড়িত্যুচ্যতে পরঃ॥ ৪॥
ব্রহ্মাদ্যাঃ স্তম্বপর্য্যন্তাঃ প্রাণিনোঽত্র জড়া অপি।
উত্তমাধমভাবেন বর্ত্তন্তে পটচিত্রবৎ॥ ৫॥
চিত্রার্পিতমনুষ্যাণাং বস্ত্রাভাসাঃ পৃথক্ পৃথক্।
চিত্রাধারেণ বস্ত্রেণ সদৃশা ইব কল্পিতাঃ॥ ৬॥
পৃথক্ পৃথক্ চিদাভাসাশ্চৈতন্যাধ্যস্তদেহিনাম্।

---

দার্ষ্টান্তিকে তাঃ ব্যুৎপাদয়তি—স্বতশ্চিদন্তর্যামীতি। পরঃ পরমাত্মা স্বতঃ মায়া-তৎকার্য্যরহিতশ্চিদুচ্যতে, মায়াযোগাদন্তর্যামী, অপঞ্চীকৃতভূতকার্য্যসমষ্টিসূক্ষ্মশরীরযোগাৎ, সূত্রাত্মা পঞ্চীকৃতভূতকার্য্যসমষ্টিস্থূলশরীরোপাধিযোগাদ্বিরাড়িতি। ৪।

ননু পরমাত্মনঃ চিত্রপটস্থানীয়ত্বে তদাশ্রিতানি চিত্রাণি বক্তব্যানীত্যত আহ—ব্রহ্মাদ ইতি। অত্র পরমাত্মনি উত্তমাধমভাবেন বর্ত্তমানং ব্রহ্মাদিস্তম্বপর্য্যন্তং চেতনাত্মকং গিরি-নদ্যাদিজড়জাতঞ্চ চিত্রস্থানীয়মিত্যর্থঃ। ৫।

ব্রহ্মাদিজগতশ্চেতনস্থানীয়ত্বে কারণং বক্তুং দৃষ্টান্তমাহ—চিত্রার্পিতমনুষ্যাণামিতি। যথা চিত্রে লিখিতানাং মনুষ্যাদিশরীরাণামেব নানাবর্ণোপেত বস্ত্রবিশেষা লিখ্যন্তে তে চ শীতাদ্য নিবারকত্বাৎ বস্ত্রাভাসা এব। ৬

দার্ষ্টান্তিকমাহ—পৃথক্ পৃথগিতি। এবং পরমাত্মন্যারোপিতানাং দেবাদীনাং শরীরিণামেব জীবনামানশ্চিদাভাসাঃ প্রত্যেকং কল্প্যন্তে ন পরমাত্মনাম্। তেষাং তৎকল্পনে কারণমাহ—

---

আকৃতিবিশেষ অঙ্কিত করাকে লাঞ্ছিতাবস্থা এবং রঙ্গপূরণ দ্বারা সর্ব্বাবয়ব-সম্পন্ন করাকে রঞ্জিতাবস্থা, বলা যায়, তদ্রূপ স্বয়ং অনুপহিত পরব্রহ্ম-চৈতন্য—চিৎ অবস্থা মায়োপহিত ঈশ্বরচৈতন্য,—অন্তর্যামী অবস্থা, সূক্ষ্ম সৃষ্টিহেতু হিরণ্যগর্ভ,—সূত্রাত্মা অবস্থা, এবং স্থূল সৃষ্টিহেতু সমুদয় ব্রহ্মাণ্ড,—বিরাট্ অবস্থারূপে বিবেচিত হন॥ ৩।৪॥

যেমন পটে উত্তমাধম ভাবে চিত্রিত পুত্তলিকাদি অবস্থিত হয়, তদ্রূপ আব্রহ্ম স্তম্ব পর্য্যন্ত প্রাণিসকল এবং গিরি নদী মৃত্তিকাদি জড়বস্তু সমুদায় যথা-ক্রমে উত্তমাধম ভাবে পরব্রহ্ম-চৈতন্যরূপ অধিষ্ঠানে অবস্থিত আছে॥ ৫

যেমন চিত্রিত মনুষ্যদিগের পরিধেয় পৃথক্ পৃথক্ বস্ত্র সকল অপ্রকৃত হইলেও চিত্রাধার প্রকৃত বস্ত্রের সদৃশরূপে কল্পিত হয়, তদ্রূপ প্রাণিমাত্রের

কল্পান্তে জীবনামানো বহুধা সংসরন্ত্যমী ॥ ৭ ॥

বস্ত্রাভাসস্থিতান্ বর্ণান্ যদ্বদাধারবস্ত্রগান্।
বদন্ত্যজ্ঞাস্তথা জীব-সংসারং চিদ্গতং বিদুঃ ॥ ৮ ॥

চিত্রস্থপর্ব্বতাদীনাং বস্ত্রাভাসো ন লিখ্যতে।
সৃষ্টিস্থমৃত্তিকাদীনাং চিদাভাসাস্তথা ন হি ॥ ৯ ॥

সংসারঃ পরমার্থোঽয়ং সংলগ্নঃ স্বাত্মবস্তুনি।
ইতি ভ্রান্তিরবিদ্যা স্যাৎ বিদ্যয়ৈষা নিবর্ত্ততে ॥ ১০ ॥

আত্মাভাসস্য জীবস্য সংসারো নাত্মবস্তুনঃ।
ইতি বোধো ভবেদ্বিদ্যা লভ্যতেঽসৌ বিচারণাৎ ॥ ১১ ॥

---

বহুধেতি। অমী জীবাঃ দেবতির্য্যঙ্মনুষ্যাদিশরীরপ্রাপ্ত্যা বহুধা সংসরন্তি, ন পরমাত্মা তস্য নির্ব্বিকারত্বাদিত্যভিপ্রায়ঃ ॥ ৭ ॥

নন্বু সর্ব্বে বাদিনো লৌকিকাশ্চাত্মন এব সংসার ইতি বদন্তি তত্র কিং কারণমিত্যাশঙ্ক্যাজ্ঞানমেব কারণমিতি সদৃষ্টান্তমাহ—বস্ত্রাভাসস্থিতানিতি। স্পষ্টম্ ॥ ৮ ॥

গিরিনদ্যাদীনান্তু চিদাভাসকল্পনাভাবং দৃষ্টান্তপুরঃসরমাহ—চিত্রস্থপর্ব্বতাদীনামিতি। প্রয়োজনাভাবাদিতি ভাবঃ ॥ ৯ ॥

এবমাত্মন্যারোপিতস্য সংসারস্য জ্ঞাননিবর্ত্ত্যত্বসিদ্ধয়ে তন্মূলভূতামবিদ্যামাহ—সংসার ইতি ॥ ১০ ॥

কেয়ং বিদ্যা তল্লাভোপায়শ্চ ক ইত্যাকাঙ্ক্ষায়াং বিদ্যাস্বরূপং তল্লাভোপায়ঞ্চ দর্শয়তি—আত্মাভাসস্যেতি, চিদাভাসস্যেত্যর্থঃ ॥ ১১ ॥

---

পৃথক্ পৃথক্ জীবচৈতন্য সকল সর্ব্বাধার পরব্রহ্ম-চৈতন্যের সমানরূপে কল্পিত হয়। সেই জীব সকল নানাবিধ সংসারপথে ভ্রমণ করে। ৬।৭

যেমন স্থূলবুদ্ধি ব্যক্তিরা চিত্রিত বস্ত্রের বর্ণ সকলকে আধার বস্ত্রের বর্ণরূপে জ্ঞান করে, তদ্রূপ অজ্ঞানী লোকেরা জীবদিগের সংসারগতি সকলকে পরব্রহ্মের সাংসারিক-গতিরূপে বিবেচনা করে। আর যেমন চিত্রিত পর্ব্বতাদির পরিধেয় বস্ত্র নাই, তদ্রূপ সৃষ্টিস্থ মৃত্তিকাদিরও জীবচৈতন্যে প্রয়োজন নাই ॥৮।৯

এই সংসারই পরম পদার্থ এবং পরমাত্মার সহিত ইহার বাস্তব সম্বন্ধ আছে, এই প্রকার বিবেচনারূপ যে ভ্রান্তি, তাহার নাম অবিদ্যা, জ্ঞান দ্বারা তাহার নিবৃত্তি হয় ॥ ১০

পরমাত্মার আভাসস্বরূপ জীব সকলেরই এই সংসার, পরমাত্মার সহিত

সদা বিচারয়েত্তস্মাজ্জগজ্জীবপরাত্মনঃ।
জীবভাবজগদ্ভাব-বাধে স্বাত্মৈব শিষ্যতে ॥ ১২ ॥
নাপ্রতীতিস্তয়োর্বাধঃ কিন্তু মিথ্যাত্বনিশ্চয়ঃ।
নো চেৎ সুষুপ্তিমূর্চ্ছাদৌ মুচ্যেতাযত্নতো জনঃ ॥ ১২ ॥
পরমাত্মাবশেষোঽপি তৎসত্যত্ববিনিশ্চয়ঃ।
স জগদ্বিস্মৃতির্নো চেজ্জীবন্মুক্তির্ন সম্ভবেৎ ॥ ১৪ ॥

---

বিচারাল্লভ্যতে বিদ্যা ইত্যুক্তং,কস্য বিচারাদিত্যাশঙ্ক্যাহ—সদা বিচারয়েদিতি। নন্বু পরমাত্মা বিচার্য্যতাং মোক্ষাবস্থায়াং ফলরূপেণাবস্থানাং, জীবজগতোর্বিচারঃ নোপযুজ্যতে ইত্যাশঙ্ক্য তয়োরপবাদেন পরমাত্মাবশেষণে উপযুজ্যত ইত্যাহ—জীবভাবেতি ॥ ১২ ॥

নন্বু বিচারেণ জীবভাবজগদ্ভাববাধে স্বাত্মৈব শিষ্যতে ইত্যুক্তাবিচারেণ জীবজগতোর্বাধে তদপ্রতীত্যা ব্যবহারলোপঃ প্রসজ্জেত ইত্যাশঙ্ক্য বাধশব্দস্য বিবক্ষিতমর্থং বিপক্ষে দণ্ডঞ্চাহ,—নাপ্রতীতিস্তয়োর্বাধ ইতি। সুষুপ্তিমূর্চ্ছাদৌ স্বত এব দ্বৈতপ্রতীত্যভাবাৎ তত্ত্বজ্ঞানং বিনাপি মুক্তিঃ স্যাদিত্যর্থঃ ॥ ১৩ ॥

স্বাত্মৈব শিষ্যত ইত্যনেনাপি পরমাত্মনঃ সত্যত্বজ্ঞানং বিবক্ষ্যতে ন তদতিরিক্তজগদ্বিস্মৃতিঃ জীবন্মুক্ত্যভাবপ্রসঙ্গাৎ ইত্যাহ—পরমাত্মাবশেষোঽপীতি। ১৪।

---

ইহার কোনও সম্বন্ধ নাই, যদি পরমাত্মার সহিত সম্বন্ধ থাকিত, তবে ইহা নিত্যবস্তু হইত, এই প্রকার বিবেচনাকেই জ্ঞান বলা যায়, বিচার দ্বারাই তাহা লব্ধ হয় ॥ ১১

পূর্ব্বোক্ত শ্লোকে উক্ত হইয়াছে যে, বিচারদ্বারা অবিদ্যার নাশক জ্ঞান লাভ করা যায়, অতএব সর্ব্বদা জগৎ, জীব, এবং পরমাত্মার স্বরূপ বিচার করা কর্ত্তব্য, কেননা জীবের ও জগতের নশ্বর স্বভাব বিশেষরূপে বোধগম্য হইলে তৎস্বরূপ বাধা প্রাপ্ত হয় এবং অবশিষ্ট নিত্য শুদ্ধ পরব্রহ্মের জ্ঞান প্রকাশিত হয়, সুতরাং অবিদ্যাও নিবারিত হয় ॥ ১২

পূর্ব্ব শ্লোকে উক্ত হইল যে, নশ্বর বোধ দ্বারা জীব ও জগতের স্বরূপ বাধিত হইলে পরমাত্ম-জ্ঞান হয়, এবং সেই জ্ঞান দ্বারা মুক্তি হয়, কিন্তু এস্থলে বাধিত শব্দের অর্থ প্রতীতির অভাব নহে, কেবল তত্ত্ববিষয়ে মিথ্যাত্ব-নিশ্চয়-মাত্র। যদি অপ্রতীতিকেই বাধ বল, তবে সুষুপ্তি বা মূর্চ্ছা অবস্থাতে যখন কোন বস্তুর প্রতীতি থাকেনা, তখন লোক অনায়াসে মুক্ত হইত। পরমাত্ম-বিষয়ে দৃঢ়রূপে সত্যজ্ঞান হইলে জগতে যে মিথ্যা জ্ঞান হয়, তাহাকেই তাহার

পরোক্ষা চাপরোক্ষেতি বিদ্যা দ্বেধা বিচারজা।
তত্রাপরোক্ষবিদ্যাপ্তৌ বিচারোঽয়ং সমাপ্যতে॥ ১৫॥
অস্তি ব্রহ্মেতি চেদ্ বেদ পরোক্ষজ্ঞানমেব তৎ।
অহং ব্রহ্মেতি চেদ্বেদ সাক্ষাৎকারঃ স উচ্যতে॥ ১৬॥
তৎসাক্ষাৎকারসিদ্ধ্যর্থমাত্মতত্ত্বং বিবিচ্যতে।
যেনায়ং সর্ব্বসংসারাৎ সদ্য এব বিমুচ্যতে॥ ১৭॥

---

সদা বিচারয়েদিত্যুক্ত্যা দেহপাতপর্য্যন্তং বিচারপ্রসক্তৌ সত্যাং তস্যাবধিমাহ—পরোক্ষা চেতি॥ ১৫॥

বিচারজন্যা বিদ্যা পরোক্ষত্বাপরোক্ষত্বভেদেন দ্বিবিধেত্যুক্তম্ তয়োরুভয়োঃ স্বরূপং ক্রমেণ দর্শয়তি—অস্তীতি॥ ১৬॥

এবংবিধাত্মসাক্ষাৎকারাসাধারণকারণমাত্মতত্ত্ববিবেচনং প্রতিজানীতে—তৎসাক্ষাৎকারেতি। যেন সাক্ষাৎকারেণ পুমান্ সদ্য এব বিমুচ্যতে তৎসাক্ষাৎকারসিদ্ধ্যর্থমিতি পূর্ব্বেণান্বয়ঃ॥ ১৭॥

---

বাধ বলা যায়, নতুবা জগৎবিস্মৃতির নাম বাধ নহে, তাহা হইলে জীবন্মুক্তি সম্ভব হয় না॥ ১৩।১৪

(জগৎ, জীব, ও পরমাত্মার স্বরূপ বিচার কোন কাল পর্য্যন্ত করিতে হইবে তাহা নির্ণয় করিবার অভিপ্রায়ে প্রথমতঃ জ্ঞানের স্বরূপ বর্ণন করিতেছেন—) পূর্ব্বোক্ত প্রকার বিচার দ্বারা পরমাত্মবিষয়ক দুই প্রকার জ্ঞান উৎপন্ন হয় অর্থাৎ পরোক্ষ জ্ঞান, ও অপরোক্ষ জ্ঞান, তাহার মধ্যে পরোক্ষ জ্ঞান হইলেও যতদিন পর্য্যন্ত অপরোক্ষ জ্ঞান না হইবে, ততকাল পর্য্যন্ত বিচার করিবে, পরে অপরোক্ষ জ্ঞান হইলে বিচারের সমাপ্তি হইবে॥ ১৫

(সর্ব্বকারণ, জ্ঞান-স্বরূপ, এবং একমাত্র) পরব্রহ্ম আছেন, এইরূপ যে জ্ঞান, তাহাকে পরোক্ষ জ্ঞান বলা যায়, আর আমিই নিত্য শুদ্ধ মুক্তস্বরূপ পরব্রহ্ম, এই প্রকার যে জ্ঞান, তাহাকে অপরোক্ষ জ্ঞান বলা যায়॥ ১৬

(উক্ত প্রকার আত্মসাক্ষাৎকারের অসাধারণ কারণ যে আত্মতত্ত্ববিচার, তাহার অবশ্যকর্ত্তব্যত্ব বিধান করিতেছেন—) পূর্ব্বোক্তরূপ অপরোক্ষ জ্ঞান অর্থাৎ আত্মসাক্ষাৎকার সিদ্ধির নিমিত্ত অবশ্য আত্মতত্ত্ব বিচার করা কর্ত্তব্য, কারণ, জীব উক্ত বিচার দ্বারা নিখিল সংসারবন্ধন হইতে মুক্ত হইয়া ত্বরায় কৈবল্যানন্দ উপভোগ করত চিন্মাত্র স্বরূপে অবস্থিত হয়॥ ১৭

কূটস্থো ব্রহ্ম জীবেশাবিত্যেবং চিচ্চতুর্ব্বিধা।
ঘটাকাশমহাকাশৌ জলাকাশাভ্রখে যথা ॥ ১৮ ॥
ঘটাবচ্ছিন্নখে নীরং যত্তত্র প্রতিবিম্বিতঃ।
সাভ্রনক্ষত্র আকাশো জলাকাশ উদীর্যতে ॥ ১৯ ॥
মহাকাশস্য মধ্যে যন্মেঘমণ্ডলমীক্ষ্যতে।
প্রতিবিম্বতয়া তত্র মেঘাকাশো জলে স্থিতঃ ॥ ২০ ॥
মেঘাংশরূপমুদকং তুষারাকারসংস্থিতম্।
তত্র খপ্রতিবিম্বোঽয়ং নীরত্বাদনুমীয়তে ॥ ২১ ॥

চিদাত্মনঃ পারমার্থিকমেকত্বং নিশ্চেতুং ব্যবহারদশায়াং প্রতীয়মানং চৈতন্যভেদমুপদিশতি—কূটস্থ ইতি। একস্যাশ্চিতেশ্চাতুর্ব্বিধ্যে দৃষ্টান্তমাহ—ঘটাকাশেতি ১৮

ঘটাবচ্ছিন্নস্য ঘটাকাশস্য তদনবচ্ছিন্নস্য মহাকাশস্য চ প্রসিদ্ধত্বাৎ তৌ বিহায় অপ্রসিদ্ধং জলাকাশং ব্যুৎপাদয়তি,—ঘটাবচ্ছিন্নেতি। ঘটাবচ্ছিন্নে আকাশে যদুদকমস্তি তত্র জলে প্রতিবিম্বিতোঽভ্রনক্ষত্রসহিত আকাশো জলাকাশ ইত্যুচ্যতে। ১৯।

অভ্রাকাশং ব্যুৎপাদয়তি - মহাকাশস্যেতি। তত্র মেঘমণ্ডলে যজ্জলং তস্মিন্নিত্যর্থঃ ॥ ২০

নন্বত্র মেঘে জলস্যাপ্রতীয়মানত্বাৎ নভসস্তত্র কথং প্রতিবিম্বিতত্বজ্ঞানমিত্যাশঙ্ক্যাহ—মেঘাংশরূপমিতি। মেঘস্থস্য জলস্য প্রত্যক্ষেণানুপলম্ভেঽপি বৃষ্টিলক্ষণকার্য্যেণ মেঘে তদুপাদানমুদকং সূক্ষ্মাবয়বরূপমস্তীতি অনুমীয়তে, উদকত্বেনৈব লিঙ্গেন প্রতিবিম্ববত্ত্বমপি বিমতং জলম্ আকাশপ্রতিবিম্ববৎ ভবিতুমর্হতি জলত্বাৎ ঘটগতজলবদিত্যনুমানেন মেঘাংশরূপে জলেঽপ্যাকাশপ্রতিবিম্বসদ্ভাবোঽবগম্যতে ইত্যর্থঃ ॥ ২১।

---

চৈতন্য চারি প্রকার;—কূটস্থ-চৈতন্য, ব্রহ্ম-চৈতন্য, জীব-চৈতন্য, এবং ঈশ্বর-চৈতন্য; যেমন এক আকাশ উপাধিভেদে ঘটাকাশ, মহাকাশ, জলাকাশ, এবং মেঘাকাশ নামে প্রসিদ্ধ, তদ্রূপ এক চৈতন্যই চারিপ্রকার ॥ ১৮

ঘটমধ্যস্থিত পরিচ্ছিন্ন আকাশের নাম ঘটাকাশ এবং অপরিচ্ছিন্ন সর্ব্বব্যাপী আকাশের নাম মহাকাশ, ইহা সর্ব্বলোকে প্রসিদ্ধ। আর ঘট-শরাব-প্রভৃতিস্থিত জলে মেঘ-নক্ষত্রাদি সহিত প্রতিবিম্বিত যে আকাশ, তাহাকে জলাকাশ বলা যায়, এবং উপরে মহাকাশ-মধ্যে বাষ্পরূপে অবস্থিত যে মেঘমণ্ডল দৃষ্ট হয়, তাহা জলের পরিণামবিশেষ, অতএব তাহাতেও আকাশের প্রতিবিম্ব অনুমান করা যায়, সেই প্রতিবিম্বিত আকাশের নাম মেঘাকাশ। ১৯—২১

অধিষ্ঠানতয়া দেহ-দ্বয়াবচ্ছিন্নচেতনঃ।
কূটবন্নির্বিকারেণ স্থিতঃ কূটস্থ উচ্যতে ॥ ২২ ॥
কূটস্থে কল্পিতা বুদ্ধিস্তত্র চিৎপ্রতিবিম্বকঃ।
প্রাণানাং ধারণাজ্জীবঃ সংসারেণ স যুজ্যতে ॥ ২৩ ॥
জলব্যোম্না ঘটাকাশো যথা সর্ব্বস্তিরোহিতঃ।
তথা জীবেন কূটস্থঃ সোঽন্যোন্যাধ্যাস উচ্যতে ॥ ২৪ ॥

এবং দৃষ্টান্তভূতমাকাশচতুষ্টয়ং ব্যুৎপাদ্য দার্ষ্টান্তিকে প্রথমোদ্দিষ্টং কূটস্থং ব্যুৎপাদয়তি—অধিষ্ঠানতয়েতি। পঞ্চীকৃতা পঞ্চীকৃতভূতকার্য্যত্বেন স্থূলস্য স্বরূপস্য দেহদ্বয়স্যাবিদ্যাকল্পিতস্যাধারত্বেন বর্ত্তমানত্বেন তাভ্যামবচ্ছিন্ন আত্মা কূটস্থ ইত্যুচ্যতে, তত্র কূটস্থশব্দপ্রবৃত্তৌ নিমিত্তমাহ—কূটবদিতি ॥ ২২ ॥

এবং কূটস্থং ব্যুৎপাদ্য জীবস্য কূটস্থে কল্পিতবুদ্ধিপ্রতিবিম্বিতত্বেন * তৎপক্ষপাতিত্বাৎ তং ব্যুৎপাদয়তি—কূটস্থ ইতি। তস্য জীবশব্দাভিধেয়ত্বে নিমিত্তমাহ—প্রাণানামিতি। কূটস্থাতিরিক্তজীবকল্পনমপ্রয়োজকমিত্যাশঙ্ক্য অবিকারিণঃ কূটস্থস্য সংসারাসম্ভবাৎ তন্নির্ব্বাহার্থং সোঽঙ্গীকর্ত্তব্য ইত্যাহ—সংসারেণেতি ॥ ২৩ ॥

নন্বু জীবাতিরিক্তকূটস্থোঽস্তি চেৎ কিমিতি ন প্রতিভাসতে ইত্যাশঙ্ক্য জীবেন তিরোহিতত্বাৎ ইতি সদৃষ্টান্তমাহ,—জলব্যোম্নেতি। নন্বেতৎ তিরোধানং ন ক্বাপি শাস্ত্রে প্রতিপাদিতমিত্যাশঙ্ক্য তস্যান্যোন্যাধ্যাসশব্দেনাভিধানাৎ নৈবমিত্যাহ—সোঽন্যোঽন্যাধ্যাস ইতি, উচ্যতে ভাষ্যাদিম্বিতি শেষঃ ॥ ২৪ ॥

পঞ্চীকৃত পঞ্চভূতের কার্য্য অন্নময় কোশরূপ স্থূল শরীর এবং অপঞ্চীকৃত পঞ্চ মহাভূতের কার্য্য প্রাণময়াদি কোশত্রয়রূপ যে লিঙ্গশরীর, উক্ত উভয় শরীরে সর্ব্বাধারভূত যে চৈতন্য কূটের ন্যায় নির্ব্বিকারে অবস্থান করেন, তাঁহাকে কূটস্থ বলা যায় ॥ ২২

সর্ব্বাধারভূত কূটস্থ চৈতন্যে কল্পিত বুদ্ধিতে সেই কূটস্থ চৈতন্যের যে প্রতিবিম্ব, তিনি প্রাণ সকলকে ধারণ করেন বলিয়া জীবশব্দে উক্ত হন, এবং তিনি সংসারের সুখ-দুঃখে মগ্ন থাকেন ॥ ২৩

যদিও সোপাধিক ও নিরুপাধিক স্বরূপ অভিপ্রায়ে জীব-চৈতন্য হইতে কূটস্থ চৈতন্য অতিরিক্তরূপে নিরূপিত হইল, তথাপি জীবের অজ্ঞানপ্রাবল্যে তিরোধান হেতু সেই কূটস্থস্বরূপ বুদ্ধিপ্রতিভাত হয় না, সুতরাং ঘটমধ্যস্থ জলাকাশ দ্বারা ঘটাকাশের তিরোভাবের ন্যায় জীবদ্বারা তাঁহার তিরোভাব

(১) প্রতিবিম্বকত্বেনেতি মৃন্ময়ীমুদ্রিতপুস্তকপাঠঃ।

অয়ং জীবো ন কূটস্থং বিবিনক্তি কদাচন।
অনাদিরবিবেকোঽয়ং মূলাবিদ্যেতি গম্যতাম্ ॥ ২৫ ॥
বিক্ষেপাবৃতিরূপাভ্যাং দ্বিধাবিদ্যা প্রকল্পিতা *
ন ভাতি নাস্তি কূটস্থ ইত্যাপাদনমাবৃতিঃ ॥ ২৬ ॥
অজ্ঞানী বিদুষা পৃষ্টঃ কূটস্থং ন প্রবুধ্যতে।
ন ভাতি নাস্তি কূটস্থ ইতি বুদ্ধা বদত্যপি ॥ ২৭ ॥

নম্বয়মেবাধ্যাসশ্চেদস্য কারণরূপাবিদ্যা বক্তব্যা ইত্যাশঙ্ক্য জীবকূটস্থয়োঃ সংসারদশায়াং তদাপ্রতীতিরেবাবিদ্যেত্যাহ—অয়মিতি স্পষ্টম্ ॥ ২৫ ।

পূর্ব্বোক্তস্য জীবস্যাবিদ্যাকল্পিতত্বস্য স্পষ্টীকরণায় অবিদ্যাং বিভজতে—বিক্ষেপাবৃতিরূপাভ্যামিতি। বিক্ষেপহেতুত্বেনাভ্যাহিতত্বাৎ আবৃতিং প্রথমং লক্ষয়তি—ন ভাতি ইতি, কূটস্থো ন ভাতি ন প্রকাশতে নাস্তি চেতি ব্যবহারহেতুরাবরণমিত্যর্থঃ ॥ ২৬ ॥

নম্ববিদ্যায়াস্তৎকৃতাবরণস্য চ সদ্ভাবে কিং প্রমাণমিত্যাশঙ্ক্য লোকানুভব এবেত্যাহ—অজ্ঞানীতি। বিদুষা কূটস্থং কিং জানাসীতি পৃষ্টঃ অজ্ঞানী ন জানামীতি অজ্ঞানমনুভূয় বক্তি, অয়মবিদ্যানুভবঃ ন কেবলমজ্ঞানানুভবমেব বক্তি অপি তু নাস্তি ন ভাতি কূটস্থ ইতি কূটস্থাভাবাভানে চ অনুভূয় বদতি অয়মাবরণানুভবঃ, অতঃ উভয়ত্রানুভবঃ প্রমাণমিতি ভাবঃ ॥ ২৭ ।

স্বীকার করিতে হয়, শারীরক ভাষ্যাদিতে তাহার নাম অন্যোন্যাধ্যাস বলিয়া উক্ত হইয়াছে ॥ ২৪

পূর্ব্বোক্ত সংসারী জীব কোন প্রকারে কূটস্থ চৈতন্যের স্বরূপ বিবেচন করিতে সমর্থ হয় না, সেই অবিবেচনা-শক্তিকে অনাদি অবিদ্যা বলা যায়, এবং তাহাই মূলাজ্ঞান-শব্দ-বাচ্য ॥ ২৫

অবিদ্যার শক্তি দুই প্রকারে বিভক্ত,—আবরণ-শক্তি ও বিক্ষেপ-শক্তি এই উভয়ের মধ্যে যদ্দ্বারা নিত্য স্বপ্রকাশ স্বরূপ কূটস্থ চৈতন্যের অপ্রকাশ বা অভাব বোধ হয়, তাহাকে আবরণশক্তি বলা যায় ॥ ২৬

কোন জ্ঞানী পুরুষ যদি কোন অজ্ঞানীকে কূটস্থ চৈতন্য বিষয়ে কোন প্রশ্ন করেন, তবে সে অবশ্যই বলিবে যে, কূটস্থচৈতন্য আমি জানি না এবং আমার বুদ্ধিতে কূটস্থ প্রকাশ পায় না, ও কূটস্থ নামক কোন পদার্থও নাই এই প্রকার অনুসন্ধানে কূটস্থ চৈতন্যের প্রকাশবিরোধিকা আবরনশক্তি অনুভূত হয় ॥ ২৭

* ব্যবস্থিতা ইতি মুদ্রয়ীমুদ্রিতপুস্তকপাঠঃ।

স্বপ্রকাশে কুতোঽবিদ্যা তাং বিনা কথমাবৃতিঃ।
ইত্যাদিতর্কজালানি স্বানুভূতিগ্র্সত্যসৌ ॥ ২৮ ॥
স্বানুভূতাববিশ্বাসে তর্কস্যাপ্যনবস্থিতেঃ।
কথং বা তার্কিকম্মন্যস্তত্ত্বনিশ্চয়মাপ্নুয়াৎ ॥ ২৯ ॥
বুদ্ধ্যারোহায় তর্কশ্চেদপেক্ষ্যেত তথা সতি
স্বানুভূত্যনুসারেণ তর্ক্যতাং মা কুতর্ক্যতাম্ ॥ ৩০ ॥

---

নন্বত্রমতে আত্মনঃ স্বপ্রকাশত্বাৎ তস্মিন্নবিদ্যা নোপপদ্যতে তেজস্তিমিরয়োরিব বিরুদ্ধ-স্বভাবত্বেন তয়োঃ সম্বন্ধানুপপত্তেঃ, অবিদ্যাভাবে চ তৎকৃতমাবরণং দুর্নিরূপং স্যাৎ, তদভাবে চ তন্মূলকস্য বিক্ষেপস্যাসম্ভবঃ, বিক্ষেপাভাবে চ জ্ঞাননিবর্ত্ত্যস্যানর্থস্যাভাবাৎ জ্ঞানবৈয়র্থ্যাৎ, ততস্তৎপ্রতিপাদকশাস্ত্রমপ্রমাণং স্যাৎ ইত্যাশঙ্ক্য এতৎ সর্ব্বং পূর্ব্বোক্তানুভববাধিতমিত্যাহ—স্বপ্রকাশ ইতি। ন হি দৃষ্টেঽনুপপন্নং নামেতি ন্যায়াদিতি ভাবঃ ॥ ২৮ ॥

নন্বনুভবস্য উক্ততর্কাবরোধেনাভাসত্বাৎ ন তেন তত্ত্বনিশ্চয় ইত্যাশঙ্ক্য অনুভবপ্রামাণ্যা-নভ্যুপগমে কেবলতর্কস্যানিশ্চায়কত্বস্য স্বেনৈবাভ্যুপগতত্বাৎ ন তার্কিকস্য তত্ত্বনিশ্চয়ঃ কাপি স্যাদিত্যাহ,—স্বানুভূতাবিতি ॥ ২৯ ॥

নন্বনুভবস্তত্ত্বনিশ্চায়ক এব, তথাপ্যনুভূয়মানস্য অর্থস্য সম্ভাবিতত্বজ্ঞানায় তর্কোঽপ্যভ্যু-পেতব্য ইত্যাশঙ্কামনূদ্য স্বানুভবানুসারেণ তর্কো বর্ণনীয়ো ন তদ্বিরোধেন ইত্যাহ—বুদ্ধ্যা-রোহায়েতি ॥ ৩০ ॥

---

কোন ব্যক্তির অন্তঃকরণে যদি এ প্রকার তর্ক উপস্থিত হয় যে "যেমন ছায়া ও আতপ একত্র অবস্থিত হয় না, তদ্রূপ স্বয়ম্প্রকাশস্বরূপ কূটস্থ চৈতন্যে বিরোধী অবিদ্যার সত্তা সম্ভবপর নহে এবং তদভাবে আবরণ শক্তির সত্তাও সম্ভবপর হয় না" তাহা পূর্ব্বোক্ত আবরণ শক্তির অনুভব দ্বারা নিবারিত হয় অর্থাৎ অজ্ঞানী ব্যক্তির কূটস্থবিষয়ক অজ্ঞান সর্ব্বানুভবসিদ্ধ ॥ ২৮

যদি স্বীয় অনুভবে বিশ্বাস না হয়, তবে কেবল তর্কদ্বারা তার্কিকেরা কি প্রকারে তত্ত্ব নিরূপণ করিতে পারিবে? যেহেতু তর্কের সমাপ্তি নাই অর্থাৎ এক ব্যক্তি তর্কদ্বারা এক প্রকার নিশ্চয় করে, তদপেক্ষা বুদ্ধিমান্ অন্য ব্যক্তি তাহা খণ্ডন করিয়া অন্য প্রকার নিশ্চয় করিয়া থাকে ॥ ২৯

যদিও কেবল তর্কদ্বারা তত্ত্ব নিশ্চয় না হউক, তথাপি বুদ্ধিতে অনুভব করিবার নিমিত্ত সম্ভাবিত তর্ক যদি অপেক্ষিত হয়, তবে স্বীয় অনুভব অনুসারে অনুকূল তর্ক আলোচনা কর, কিন্তু কোন প্রকারে কুতর্ক আলোচনা করিও না, যেহেতু কুতর্ক দ্বারা তত্ত্ব নিশ্চয় হওয়া দূরে থাকুক বরং অনিষ্ট হয়। ৩০

স্বানুভূতিরবিদ্যায়ামাবৃতৌ চ প্রদর্শিতা।
অতঃ কূটস্থচৈতন্যমবিরোধীতি তর্ক্যতাম্ ॥ ৩১ ॥
তচ্চেদ্ বিরোধি কেনেয়মাবৃতির্হ্যনুভূয়তাম্।
বিবেকস্তু বিরোধ্যস্যাস্তত্ত্বজ্ঞানিনি দৃশ্যতাম্ ॥ ৩২ ॥
অবিদ্যাবৃতকূটস্থে দেহদ্বয়যুতা চিতিঃ।
শুক্তৌ রূপ্যবদধ্যস্তা বিক্ষেপাধ্যাস এব হি ॥ ৩৩ ॥
ইদমংশস্য সত্যত্বং শুক্তিগং রূপ্য ঈক্ষ্যতে।

কোঽসাবনুভবো যদনুসারেণ * তর্কো বর্ণনীয় ইত্যাশঙ্কায়াং পূর্ব্বোক্তমবিদ্যাদি-গোচরমনুভবং স্মারয়তি—স্বানুভূতিরিতি। ফলিতমাহ—অতঃ কূটস্থচৈতন্যমিতি ॥ ৩১ ॥

তমেব তর্কমভিনীয় দর্শয়তি—তচ্চেৎ বিরোধীতি। অবিদ্যাবরণসাধকচৈতন্যস্যৈব তদ্বিরোধিত্বে অবিদ্যাপ্রতীতিরেব ন স্যাদিতি ভাবঃ। তর্হ্যবিদ্যায়াঃ কো বিরোধীত্যত আহ—বিবেকস্ত্বিতি। বিবেক উপাধ্যদ্বিবেকজন্যং জ্ঞানম্। বিবেকস্যাবিদ্যাবিরোধিত্বং ক্ব দৃষ্টমিত্যত আহ—তত্ত্বজ্ঞানিনীতি ॥ ৩২ ॥

এবমবিদ্যাবরণে দর্শয়িত্বা বিক্ষেপাধ্যাসমাহ—অবিদ্যাবৃতেতি। পূর্ব্বোক্তাবিদ্যা-বরণবতি কূটস্থে প্রত্যগাত্মনি আরোপিতস্থূলসূক্ষ্মশরীরসহিতচিদাভাসো বিক্ষেপাধ্যাস ইত্যর্থঃ ॥ ৩৩ ॥

অস্য বিক্ষেপস্যাধ্যাসত্বসিদ্ধয়ে শুক্তিরজতাধ্যাসসাম্যং দর্শয়তি—ইদমংশস্যেতি। শুক্তি-

অবিদ্যার অংশ আবরণশক্তি-বর্ণন প্রসঙ্গে অবিদ্যাবিষয়ক স্বীয় অনুভব-প্রদর্শিত হইয়াছে; অতএব তদনুসারে অবিরোধী কূটস্থ চৈতন্যবিষয়ক সৎতর্ক আলোচনা কর, যদি অবিদ্যার আবরণশক্তিপ্রকাশক সেই কূটস্থ চৈতন্যকেই বিরোধিরূপে স্বীকার কর, তবে আর কি প্রকারে আবরণ অনুভব হইতে পারে; অতএব তত্ত্বজ্ঞানী পুরুষের লক্ষণ জানিয়া বিবেককে অবিদ্যার বিরোধী বলিয়া স্বীকার কর। ৩১।৩২

যেমন শুক্তিকাদিতে রজতের অধ্যাস হয়, তদ্রূপ অবিদ্যার আবরণশক্তি দ্বারা আবৃত কূটস্থ চৈতন্যে, যে শক্তিদ্বারা, স্থূলশরীর ও লিঙ্গ-শরীর সহিত জীবচৈতন্যের অধ্যাস সম্পাদিত হয়, তাহাকে বিক্ষেপশক্তি বলা যায়, এবং ঐ অধ্যাসের নাম বিক্ষেপাধ্যাস। ৩৩

শুক্তিকাদিতে রজতভ্রম-স্থলে সেই রজতের সমুদায় অংশ মিথ্যা হইলেও

* যদনুকূল ইত্যস্মদ্দেশীয়পুস্তকসম্মতঃ পাঠঃ।

স্বয়ন্ত্বং বস্তুতা চৈবং বিক্ষেপে বাক্ষ্যতেহন্যগম্ ॥ ৩৪ ॥
নীলপৃষ্ঠত্রিকোণত্বং যথা শুক্তৌ তিরোহিতম্।
অসঙ্গানন্দতাদ্যেবং কূটস্থেহপি তিরোহিতম্ ॥ ৩৫ ॥
আরোপিতস্য দৃষ্টান্তে রূপ্যং নাম যথা তথা।
কূটস্থাধ্যস্তবিক্ষেপনামাহমিতি নিশ্চয়ঃ ॥ ৩৬ ॥
ইদমংশং স্বতঃ পশ্যন্ রূপ্যমিত্যভিমন্যতে।
তথা স্বঞ্চ স্বতঃ পশ্যন্নহমিত্যভিমন্যতে ॥ ৩৭ ॥

---

গয়াং স্থিতং পুরোদেশাদিসম্বন্ধিত্বমবাধ্যত্বঞ্চ যথারোপিতে রজতে ভাসতে এবং স্বয়ন্ত্বং বস্তুত্বঞ্চ কূটস্থনিষ্ঠমারোপিতে চিদাভাসেঽবভাসত ইত্যর্থঃ ॥ ৩৪ ॥

এবং সামান্যাংশপ্রতীতিমুভয়ত্র প্রদর্শ্য বিশেষাংশাপ্রতীতিসাম্যং দর্শয়তি—নীলপৃষ্ঠত্রিকোণত্বমিতি ॥ ৩৫ ॥

সাম্যান্তরং দর্শয়তি—আরোপিতস্যেতি। দৃষ্টান্তে শুক্তিস্থলে আরোপিতপদার্থস্য রূপ্যমিতি নাম যথা এবং কূটস্থে কল্পিতচিদাভাসরূপবিক্ষেপস্য পূর্বোক্তস্যাহমিতি নামেত্যর্থঃ ॥ ৩৬ ॥

ননু দৃষ্টান্তে পুরোবর্ত্তিনি শুক্তিশকলে ইন্দ্রিয়সন্নিকর্ষে জাতে সতি রূপ্যমিদমিতি তদতিরিক্তরজতাভিমানঃ উপপদ্যতে, নৈবং দার্ষ্টান্তিকে আত্মাতিরিক্তবস্ত্বভিমান ইত্যাশঙ্ক্য অত্রাপি স্বপ্রকাশতয়া চিদাত্মন্যবভাসমানে তদতিরিক্তোঽহমিত্যভিমান উপলভ্যতে অতো ন বৈষম্যমিত্যভিপ্রায়েণাহ—ইদমংশমিতি ॥ ৩৭ ॥

---

যেমন পুরোবর্ত্তী অংশ অসত্য নহে, তদ্রূপ কূটস্থ চৈতন্যে জীবচৈতন্যের আরোপ যথার্থস্বরূপ না হইলেও, তাহাতে যে স্বয়ং স্বরূপ ও বস্তুস্বরূপের ব্যবহার, তাহা অযথার্থ নহে। আর সেই ভ্রমকালে যেমন শুক্তির নীল বর্ণ ও ত্রিকোণ স্বভাব তিরোভূত থাকে, তদ্রূপ কূটস্থ চৈতন্যেরও অসঙ্গ আনন্দ প্রভৃতি স্বরূপ তিরোভূত হয়। ৩৪।৩৫

ভ্রমস্থলে শুক্তিকাদিতে আরোপিত যে জ্ঞান তাহারই নাম যেমন রজত বলা যায়, তদ্রূপ কূটস্থ চৈতন্যে বিক্ষেপশক্তি দ্বারা অভ্যস্ত যে জ্ঞান, তাহাকেই জীব বলা যায়। আর শুক্তি-রজতভ্রমস্থলে শুক্তির পুরোবর্ত্তী অংশমাত্র প্রত্যক্ষ হইলেই যেমন তাহাতে রজত ভ্রম হয়, তদ্রূপ কূটস্থ চৈতন্যের স্বয়ং অংশও বস্তু অংশমাত্রেই জীবভ্রম হয়। ৩৬।৩৭

ইদন্তুরূপ্যতে ভিন্নে স্বত্বাহন্তে তথেক্ষতাম্ ( * )।
সামান্যঞ্চ বিশেষশ্চ হ্যুভয়ত্রাপি গম্যতে ॥ ৩৮ ॥
দেবদত্তঃ স্বয়ং গচ্ছেৎ ত্বং বীক্ষস্ব স্বয়ন্তথা।
অহং স্বয়ং ন শক্নোমীত্যেবং লোকে প্রযুজ্যতে ॥ ৩৯ ॥
ইদং রূপ্যমিদং বস্ত্রমিতি যদ্বদিদন্তথা।
অসৌ ত্বমহমিত্যেষু স্বয়মিত্যভিমন্যতে ॥ ৪০ ॥

---

নহু স্বয়মহংশব্দয়োরেকার্থত্বাং কথং দৃষ্টান্তদার্ষ্টান্তিকয়োঃ সাম্যমিত্যাশঙ্ক্য ইদংরূপ্যশব্দার্থয়োঃ স্বয়মহংশব্দার্থয়োশ্চ সামান্যবিশেষরূপত্বস্যোভয়ত্র সাম্যান্নৈবমিত্যাহ—ইদন্তুরূপ্যতে ভিন্নে ইতি ॥ ৩৮ ॥

স্বয়ংশব্দার্থস্য সামান্যরূপত্বং স্পষ্টীকর্তুং লৌকিকং প্রয়োগং দর্শয়তি—দেবদত্ত ইতি ॥ ৩৯ ॥

ভবত্বেবং লোকে প্রয়োগঃ কথমেতাবতাং স্বয়ংশব্দার্থস্য সামান্যরূপত্বমিত্যাশঙ্ক্য ইদংশব্দার্থবদিত্যাহ—ইদং রূপ্যমিতি। যথা রূপ্যবস্ত্রাদৌ সর্বত্রেদংশব্দস্য প্রযুজ্যমানত্বাৎ তদর্থস্য সামান্যরূপত্বং তথাসৌ ত্বমহমিত্যাদৌ সর্বত্র স্বয়ংশব্দপ্রয়োগাৎ তদর্থস্যাপি সামান্যরূপত্বমবগম্যতে ইত্যর্থঃ ॥ ৪০ ॥

---

এক বস্তুর অন্য প্রকারে দর্শনের নাম ভ্রম; পরন্তু তদুভয়ের পরস্পর কিঞ্চিৎ সাদৃশ্য না থাকিলে ভ্রম হয় না, অতএব যেমন সামান্য-বিশেষ-রূপে ভিন্ন শুক্তির পুরোবর্ত্তী অংশে সাদৃশ্য থাকাতে তাহাতে রজত ভ্রম হয়, তদ্রূপ স্বয়ংশব্দবাচ্য কূটস্থ চৈতন্য ও জীবের সামান্য-বিশেষরূপে পরস্পর বিভিন্নতা ও সাদৃশ্য থাকাতেই কূটস্থ চৈতন্যে জীবের আরোপ হয়, অতএব স্বয়ংশব্দ ও জীববাচক অহংশব্দ এতদুভয় একার্থবাচক নহে ॥ ৩৮

সামান্যতঃ স্বয়ংশব্দ সর্ব্বত্রই অনুগত হয়,—দেবদত্ত স্বয়ং গমন করেন, তুমি স্বয়ং দেখ, আমি স্বয়ং অসমর্থ এইপ্রকার লৌকিক প্রয়োগ আছে, কিন্তু বিশেষতঃ 'অহং' শব্দ এরূপ নহে। আর পুরোবর্ত্তি-বাচক শব্দ সামান্যতঃ সর্ব্বত্রই অনুগত হয়, যেমন এই রজত, এই বস্ত্র ইত্যাদি, তদ্রূপ স্বয়ং শব্দ সর্ব্বত্র অনুগত হয় ॥ ৩৯।৪০

---

* তথোষ্যতামিতি মুম্বয়ীমুদ্রিত পুস্তকসম্মতঃ পাঠঃ।

অহন্ত্বাদ্ভিদ্যতাং স্বত্বং কূটস্থে তেন কিং তব।
স্বয়ং-শব্দার্থ এবৈষ কূটস্থ ইতি মে ভবেৎ ॥ ৪১ ॥
অন্যত্ববারকং স্বত্বমিতি চেদন্যবারণম্।
কূটস্থস্যাত্মতাং বক্তুরিষ্টমেব হি তদ্ভবেৎ ॥ ৪২ ॥
স্বয়মাত্মেতি পর্য্যায়ৌ তেন * লোকে তয়োঃ সহ।
প্রয়োগো নাস্ত্যতঃ স্বত্বমাত্মত্বঞ্চান্যবারকম্ ॥ ৪৩ ॥
ঘটঃ স্বয়ং ন জানাতীত্যেবং স্বত্বং ঘটাদিষু।

---

ভবতু স্বযমহংশব্দার্থয়োর্লোকে ভেদঃ, এতাবতা কূটস্থাত্মনি কিমায়াতমিতি পৃচ্ছতি—অহন্ত্বাদিতি। সামান্যরূপঃ স্বয়ংশব্দার্থ এব কূটস্থ ইতীদমায়াতমিত্যাহ—স্বয়ংশব্দার্থ ইতি ॥৪১

ননু স্বত্বরূপো ধর্ম্মোঽন্যত্বং নিবারয়তি ন কূটস্থং বোধয়তীতি শঙ্কতে—অন্যত্ববারকমিতি। স্বয়ংশব্দার্থস্য কূটস্থস্যৈবাত্মত্বাৎ স্বত্বেনান্যত্ববারণমিষ্টমেবেতি পরিহরতি—অন্যবারণং কূটস্থস্যেতি ॥ ৪২ ॥

ননু স্বয়মাত্মশব্দয়োর্ভিন্নপ্রবৃত্তিনিমিত্তয়োর্গবাশ্বাদিশব্দয়োরিবার্থৈক্যাভাবাৎ কথং স্বয়ং-শব্দার্থস্য কূটস্থস্যাত্মত্বমিত্যাশঙ্ক্য হস্তকরাদিশব্দবদেকার্থত্বোপপত্তের্নৈবমিতি পরিহরতি—স্বয়মাত্মেতি পর্য্যায়ৌ ইতি। পর্য্যায়ত্বে সহপ্রয়োগাভাবহেতুমাহ—তেন লোক ইতি। ফলিতমাহ—অতঃ স্বত্বমিতি ॥ ৪৩ ॥

ননু ঘটাদিষ্বচেতনেষ্বপি স্বয়ংশব্দস্য প্রয়োগদর্শনাৎ স্বয়ন্ত্বাত্মত্বয়োরেকত্বং ন ঘটত ইতি

---

( উক্ত প্রকারে 'অহং' শব্দ ও 'স্বয়ং' শব্দের ভিন্ন অর্থ হইল বটে, কিন্তু তাহা হইলেই বা কূটস্থ চৈতন্যের আত্মত্ববিষয়ে কি উপকার হইল এই প্রশ্নের উত্তর।) যদি জীববাচক 'অহং' শব্দ ও স্বয়ং শব্দের অর্থ ভিন্ন হইল, তবে সেই কূটস্থ চৈতন্যকেই স্বয়ং বলা যায় এবং তিনিই আমার মতে পরমাত্মা, কারণ এস্থলে 'স্বয়ং' শব্দের অর্থ যে অন্যনিবারণ, তাহাই আমার অভিপ্রেত ॥ ৪১।৪২

স্বয়ংশব্দ ও আত্মশব্দ এ উভয় একপর্য্যায়ক শব্দ, সেই হেতু লৌকিক প্রয়োগে তদুভয়ের একত্র সমাবেশ কুত্রাপি দৃষ্ট হয় না, অতএব স্বয়ংশব্দ ও আত্মশব্দ উভয়েই অন্যের নিবারক এবং একপর্য্যায়ক ইহা সিদ্ধ হইল।

---

* পর্য্যায়স্তেন ইত্যস্মদ্দেশীয় পুস্তকপাঠঃ।

অচেতনেষুদৃষ্টশ্চেদ্ দৃশ্যতামাত্মসত্ত্বতঃ ॥ ৪৪ ॥
চেতনাচেতনভিদা কূটস্থাত্মকৃতা ন হি।
কিন্তু বুদ্ধিকৃতাভাসকৃতৈবেত্যবগম্যতাম্ ॥ ৪৫ ॥
যথা চেতন আভাসঃ কূটস্থে ভ্রান্তিকল্পিতঃ।
অচেতনো ঘটাদিশ্চ তথা তত্রৈব কল্পিতঃ ॥ ৪৬ ॥
তত্ত্বেদন্তে অপি স্বত্বমিব ত্বমহমাদিষু।
সর্ব্বত্রানুগতে তেন তয়োরপ্যাত্মতেতি চেৎ ॥ ৪৭ ॥

---

শঙ্কতে—অটঃ স্বয়মিতি। ঘটাদিষপি স্ফুরণরূপেণাত্মচৈতন্যস্য সত্ত্বাৎ তেষপি স্বয়ংশব্দস্য প্রয়োগো ন বিরুধ্যত ইত্যাহ—দৃশ্যতামিতি ॥ ৪৪ ॥

নন্থ ঘটাদিষপি আত্মচৈতন্যসত্বে চেতনাচেতনবিভাগো নির্নিমিত্তকঃ স্যাদিত্যাশঙ্ক্য চিদাভাসসত্ত্বাসত্ত্বলক্ষণকারণসম্ভাবাৎ মৈবমিতি পরিহরন্তি—চেতনাচেতনভিদেতি ॥ ৪৫ ॥

নন্থ চেতনাচেতনবিভাগস্য চিদাভাসসত্ত্বাসত্ত্বপ্রযুক্তত্বাভ্যুপগমেঽচেতনেষাত্মসত্ত্বাভ্যুপগমো নিষ্প্রয়োজনঃ স্যাদিত্যাশঙ্ক্য চেতনাচেতনবিভাগহেতুত্বেন কূটস্থস্যানভ্যুপগম্যত্বেঽপ্যচেতনকল্পনাধিষ্ঠানত্বেন কূটস্থোঽভ্যুপগন্তব্য ইত্যভিপ্রায়েণ ঘটাদেস্তত্র কল্পিতত্বং সদৃষ্টান্তমাহ—যথা চেতন আভাস ইতি ॥ ৪৬ ॥

স্বত্বাত্মত্বয়োরেকত্বেঽতিপ্রসঙ্গং শঙ্কতে—তত্ত্বেদন্তে অপীতি। ত্বমহমাদিষু সর্ব্বত্রানুগতস্য স্বত্বস্যেব সর্ব্বত্রানুগতয়োস্তত্ত্বেদন্তয়োরপ্যাত্মস্বরূপতা কিং ন স্যাদিতি ভাবঃ ॥ ৪৭ ॥

---

যদি স্বয়ংশব্দ আত্মপর্য্যায়ক হইল, তবে অচেতনে যে স্বয়ংশব্দের প্রয়োগ দেখা যায়, তাহা কেবল আত্মসত্তামাত্র-বশতঃ হইয়া থাকে। ৪৩।৪৪

সর্ব্বব্যাপিত্বরূপে ঘটাদি জড় পদার্থেও কূটস্থ চৈতন্য সর্ব্বদা বর্ত্তমান থাকিলেও চেতনাচেতনবিভেদ কূটস্থ-কৃত নহে, কিন্তু বুদ্ধি-প্রতিবিম্বিত জীব-চৈতন্যকৃত। যেমন জীব-চৈতন্য সকল ভ্রান্তি দ্বারা কূটস্থে কল্পিত হইয়াছে, তদ্রূপ অচেতন ঘটাদিও কূটস্থ-চৈতন্যে কল্পিত। ৪৫।৪৬

যদি বল, "স্বত্ব—তুমি আমি—ইত্যাদি সর্ব্বত্র অনুগত বলিয়া তাহাকেই যেমন আত্মত্ব (পরমাত্মত্ব) বলিতেছ, তদ্রূপ তত্তা এবং ইদন্তাও (তদ্বস্তুত্ব ও এতদ্বস্তুত্ব) সর্ব্বত্র অনুগত বলিয়া সত্তার ন্যায় তদুভয়কেও আত্মত্ব বলিয়া স্বীকার কর," তাহার উত্তর এই—তদুভয় আত্মত্বেও অনুগত হয়, তাহাতে স্পষ্ট বোধ হইতেছে যে, তাহারা আত্মত্ব নহে, কেবল সম্যকৃত্ব শব্দের ন্যায়

তে আত্মত্বেঽপ্যনুগতে তত্ত্বেদন্তে ততস্তয়োঃ।
আত্মত্বং নৈব সম্ভাব্যং সম্যক্ত্বাদের্যথা তথা॥ ৪৮॥

তত্ত্বেদন্তে স্বতান্যত্বে ত্বন্তাহন্তে পরস্পরম্।
প্রতিদ্বন্দ্বিতয়া লোকে প্রসিদ্ধে নাস্তি সংশয়ঃ॥ ৪৯॥

অন্যতায়াঃ প্রতিদ্বন্দ্বী স্বয়ং কূটস্থ ইষ্যতাম্।
ত্বন্তায়াঃ প্রতিযোগ্যেষোঽহমিত্যাত্মনি কল্পিতঃ॥ ৫০॥

অহন্তাস্বত্বয়োর্ভেদে রূপ্যতেদন্তয়োরিব।
স্পষ্টেঽপি মোহমাপন্না একত্বং প্রতিপেদিরে॥ ৫১॥

---

তত্ত্বেদন্তয়োরাত্মত্বাধিকবৃত্তিত্বাৎ আত্মত্বং ন সম্ভবতীত্যাহ—তে আত্মত্বেঽপীতি। তত্ত্বেদন্তে স্বত্বমিব যদ্যপি ত্বমহমাদিষু অনুগতে তথাপি তেষ্বনুবর্তমানে আত্মত্বেঽপ্যনুগতে তদাত্মত্বমিদমাত্মত্বমিত্যাদিব্যবহারসম্ভবাৎ অতস্তয়োরাত্মত্বাধিকবৃত্তিত্বাদাত্মরূপতা ন সম্ভাব্যতে। তত্র দৃষ্টান্তঃ সম্যক্ত্বাদেরিতি। আত্মত্বং সম্যগাত্মত্বমসম্যগিতি ব্যবহারবশাদাত্মত্বেঽপ্যনুবর্তমানয়োঃ সম্যক্ত্বাসম্যক্ত্বয়োরিবেত্যর্থঃ॥ ৪৮॥

এবং প্রাসঙ্গিকং পরিসমাপ্য ফলিতপ্রদর্শনায় লোকব্যবহারসিদ্ধার্থমনুবদতি—তত্ত্বেদন্তে ইতি। তত্ত্বপ্রতিযোগিত্বম্ ইদন্তায়াস্তদিদমিতি স্বত্বপ্রতিযোগিত্বমন্যত্বস্য স্বয়মন্য ইতি ত্বন্তাপ্রতিযোগিত্বমহন্তায়াস্ত্বমহমিতি লোকে প্রতিদ্বন্দ্বিত্বেন প্রয়োগদর্শনাৎ প্রসিদ্ধমিতি ভাবঃ॥ ৪৯॥

ভবত্বেবং লোকে, প্রকৃতে কিমায়াতমিত্যত আহ—অন্যতায়া ইতি। অন্যত্বপ্রতিযোগী স্বয়ংশব্দার্থঃ ত্বন্তাপ্রতিযোগ্যহংশব্দার্থশ্চিদাভাসঃ কূটস্থে কল্পিত ইত্যর্থঃ॥ ৫০॥

ননূক্তপ্রকারেণ জীবকূটস্থয়োর্ভেদে সত্যপি সর্বে ইত্থং কিমিতি ন জানন্তীত্যাশঙ্ক্যাহ—অহন্তাস্বত্বয়োর্ভেদ ইতি। বুদ্ধিসাক্ষিণঃ কূটস্থস্য বুদ্ধ্যা প্রত্যক্ষীকর্তুমশক্যত্বাদহং স্বয়মিতি প্রতিভাসমানয়োর্জীবকূটস্থয়োর্ভ্রান্ত্যৈকত্বং প্রতিপন্না ইত্যর্থঃ॥ ৫১॥

---

সর্বত্র অনুগত মাত্র। তৎশব্দার্থ ও এতৎশব্দার্থ, স্বয়ংশব্দার্থ ও অন্য-শব্দার্থ, ত্বংশব্দার্থ ও অহংশব্দার্থ ইহারা সকলেই পরস্পর বিরোধিরূপে প্রসিদ্ধ; সুতরাং সংশয় নাই। তাহার মধ্যে অন্য-শব্দার্থের বিরোধী যে স্বয়ংশব্দার্থ, তাহাকেই কূটস্থ চৈতন্য বলিয়া স্বীকার করা যায় এবং 'ত্বং' শব্দার্থের বিরোধী যে অহংশব্দার্থ, তাহাকে কূটস্থ চৈতন্যে কল্পিত জীবরূপে অঙ্গীকার করা যায়॥ ৪৭—৫০

(শুক্তি-রজত-ভ্রমস্থলে) রজতত্ব এবং পুরোবর্তিত্বে যে প্রকার বিভিন্নতার প্রত্যক্ষ হয়, তদ্রূপ 'অহংত্ব' এবং 'স্বত্বের' সুস্পষ্ট প্রভেদ দেখিয়াও মোহান্ধ

তাদাত্ম্যাধ্যাস এবাত্র পূর্ব্বোক্তাবিদ্যয়া কৃতঃ।
অবিদ্যায়াং নিবৃত্তায়াং তৎকার্য্যং বিনিবর্ত্ততে ॥ ৫২ ॥
অবিদ্যাবৃতিতাদাত্ম্যে বিদ্যয়ৈব বিনশ্যতঃ।
বিক্ষেপস্য স্বরূপস্তু প্রারব্ধক্ষয়মীক্ষতে ॥ ৫৩ ॥
উপাদানে বিনষ্টেঽপি ক্ষণং কার্য্যং প্রতীক্ষ্যতে।
ইত্যাহুস্তার্কিকাস্তদ্বদস্মাকং কিং ন সম্ভবেৎ ॥ ৫৪ ॥

---

নম্বস্তু জীবকূটস্থয়োরেকত্বভ্রমস্য কিং কারণমিত্যপেক্ষায়ামাহ—তাদাত্ম্যেতি। অত্রাস্মিন্ প্রন্থেঽনাদিরবিবেকোঽয়মিত্যাত্রোক্তয়া অবিদ্যায়ত্বার্থঃ। যতোঽবিদ্যাকার্য্যত্বমধ্যাসস্য অতোঽবিদ্যানিবর্ত্তকতত্ত্বজ্ঞানেনৈব তন্নিবৃত্তিরিত্যত আহ—অবিদ্যায়ামিতি ॥ ৫২ ॥

নম্বধ্যাসস্যাবিদ্যাকার্য্যত্বাৎ তন্নিবৃত্ত্যা নিবৃত্তিরিত্যেতদনুপপন্নং ব্রহ্মাত্মৈকত্ববিদ্যায়ামুৎপন্নায়ামবিদ্যাকার্য্যস্য দেহাদেরপ্যুপলভ্যমানত্বাৎ ইত্যত আহ,—অবিদ্যাবৃতিতাদাত্ম্যে ইতি। অবিদ্যৈককারণয়োরাবৃতিতাদাত্ম্যয়োর্বিদ্যয়ৈব নিবৃত্তিঃ কর্ম্মসহিতাবিদ্যাজন্যস্য তু বিক্ষেপস্বরূপস্য কর্ম্মাবসানপর্য্যন্তমবস্থানমিত্যবিরোধ ইতি ভাবঃ ॥ ৫৩ ॥

নন্ন প্রারব্ধকর্ম্মণো নিমিত্তমাত্রত্বাৎ তৎসদ্ভাবমাত্রেণ উপাদানে বিনষ্টেঽপি কথং কার্য্যানুবৃত্তিরিত্যাশঙ্ক্য শাস্ত্রান্তরসিদ্ধদৃষ্টান্তেন তদনুবৃত্তিং সম্ভাবয়তি—উপাদানে বিনষ্টে ঽপীতি। ৫৪ ॥

---

লোক সকল তদুভয়ের ঐক্যজ্ঞান করে,—কেননা সত্যস্বরূপ কূটস্থ চৈতন্যে মিথ্যা জীবের অধ্যাস করে। সেই তাদাত্ম্যাধ্যাস কেবল অজ্ঞান দ্বারাই কৃত হয়, সুতরাং অজ্ঞান নিবৃত্ত হইলে অধ্যাস নিবৃত্ত হয়। ৫১।৫২

পূর্ব্বোক্ত আত্মজ্ঞান দ্বারা আবরণ শক্তি এবং তৎকার্য্য তাদাত্ম্যাধ্যাস অর্থাৎ ভ্রমজ্ঞান নিবারিত হয়, কিন্তু সেই অজ্ঞানের যে বিক্ষেপ শক্তি ও তৎকার্য্য বিক্ষেপাধ্যাস, তাহা প্রারব্ধকর্ম্মনিবৃত্তিকে অপেক্ষা করে, অর্থাৎ প্রারব্ধ কর্ম্মের ভোগাবসান ব্যতীত স্বয়ং নিবৃত্ত হয় না। ৫৩

সামান্যতঃ সমুদায় বস্তুর উপাদান কারণ নষ্ট হইলেও তৎকার্য্য ক্ষণকাল বর্ত্তমান থাকে, ইহা তার্কিকেরা স্বীকার করেন, তদ্রূপ (বিক্ষেপাধ্যাসের) উপাদান কারণ, অবিদ্যা নষ্ট হইলেও প্রারব্ধ ভোগাবসানকে অপেক্ষা করিয়া কিয়ৎকাল বিক্ষেপাধ্যাস থাকে, এই আমাদের মতও অসম্ভব হইবে কেন? ৫৩।৫৪

তন্তূনাং দিনসংখ্যানাং তৈস্তাদৃক্ ক্ষণ ঈরিতঃ।
ভ্রমস্যাসংখ্যকল্পস্য যোগ্যঃ ক্ষণ ইহেষ্যতাম্ ॥ ৫৫ ॥
বিনা ক্ষোদক্ষমং মানং তৈর্বৃথা পরিকল্প্যতে।
শ্রুতিযুক্ত্যনুভূতিভ্যো বদতাং কিন্নু দুঃশকম্ ॥ ৫৬॥
আস্তাং দুস্তার্কিকৈঃ সার্দ্ধং বিবাদং প্রকৃতং ব্রুবে।
স্বাহমোঃ সিদ্ধমেকত্বং কূটস্থপরিণামিনোঃ ॥ ৫৭ ॥
ভ্রাম্যন্তে পণ্ডিতম্মন্যাঃ সর্ব্বে লৌকিকতার্কিকাঃ।
অনাদৃত্য শ্রুতিং মৌর্খ্যাৎ কেবলাৎ যুক্তিমাশ্রিতাঃ ॥ ৫৮ ॥

---

ননু তার্কিকৈঃ ক্ষণমাত্রং কার্য্যস্যাবস্থানমঙ্গীকৃতং ন চিরকালমিত্যাশঙ্ক্যাহ—তন্তূনামিতি। সংসারস্যানাদিকালমারভ্যানুবৃত্তত্বাৎ তৎসংস্কারবশেন কুলালচক্রভ্রমিবচ্চিরকালানুবৃত্তির্ন বিরুধ্যত ইতি ভাবঃ ॥ ৫৫ ॥

ননু তার্কিকৈর্যথা অযুক্তমভিহিতং তদ্বদ্ ভবতাপি ইত্যাশঙ্ক্য স্বোক্তৌ ততো বৈষম্যং দর্শয়তি—বিনা ক্ষোদক্ষমমিতি। ক্ষোদক্ষমং বিচারসহং মানং বিনা প্রমাণমন্তরেণেত্যর্থঃ। "তস্য তাবদেব চিরং যাবন্ন বিমোক্ষ্যেঽথ স সম্পৎস্যে" ইতি শ্রুতিঃ, চক্রভ্রমাদিদৃষ্টান্তো যুক্তিঃ, অনুভূতির্বিদ্বদনুভবঃ, এতেভ্যঃ প্রমাণেভ্যঃ কিং বক্তুমশক্যমিত্যভিপ্রায়ঃ ॥ ৫৬ ॥

প্রকৃতমনুসরতি আস্তামিতি। স্বয়মহংশব্দার্থয়োঃ, কূটস্থপরিণামিনোঃ একত্বং ভ্রান্ত্যা সিদ্ধম্ ॥ ৫৭ ॥

ননু কূটস্থজীবয়োরেকত্বং ভ্রান্তিসিদ্ধঞ্চেৎ ইদং ভ্রান্তমিতি কেঽপি কুতো ন জানন্তীত্যাশঙ্ক্য শ্রুতিতাৎপর্য্যপর্য্যালোচনশূন্যত্বাদিত্যাহ ভ্রাম্যন্তে পণ্ডিতম্মন্যা ইতি ॥ ৫৮ ॥

---

(পটের কারণ) তন্তু যেমন অল্পদিনস্থায়ী, তার্কিকেরা তাহার ক্ষণও ততটুকু বলিয়াছেন; অসংখ্যকল্পস্থায়ী অবিদ্যার উপযুক্ত ক্ষণ (দীর্ঘকাল) স্থির কর। উপাদাননাশে কার্য্যের কালস্থিতি তার্কিকেরা মানেন বটে, কিন্তু অবিদ্যার নিবৃত্তির পর দীর্ঘকাল যে তাহার কার্য্য-স্থিতি, ইহা অসম্ভব। ইহার উত্তরে এই শ্লোক,—যদি তার্কিকেরা বিচারযোগ্য প্রমাণ ব্যতিরেকেও এ প্রকার কল্পনা করিতে সাহস করেন, তবে শ্রুতিযুক্তি অনুভব দ্বারা আমরা যাহা বলিতেছি, তাহা অসঙ্গত হইবে কেন? ৫৫।৫৬

কুতার্কিকদিগের সহিত বিফল বিচারে আর প্রয়োজন নাই; এক্ষণে প্রকৃত কথা বলি,—কারণ পূর্ব্বোক্ত বিচার দ্বারা 'স্বয়ং'-শব্দবাচ্য কূটস্থ চৈতন্য এবং 'অহং'শব্দবাচ্য জীবচৈতন্যের ভ্রান্তি-কল্পিত অভেদ প্রতিপাদিত

পূর্ব্বাপরপরামর্শবিকলাস্তত্র কেচন।
বাক্যাভাসান্ স্বস্বপক্ষে যোজয়ন্ত্যপ্যলজ্জয়া ॥ ৫৯ ॥
কূটস্থাদিশরীরান্তসঙ্ঘাতস্যাত্মতাং জগুঃ।
লোকায়তাঃ পামরাশ্চ প্রত্যক্ষাভাসমাশ্রিতাঃ ॥ ৬০ ॥
শ্রৌতীকর্ত্তুং স্বপক্ষন্তে কোশমন্নময়ং তথা।
বিরোচনস্য সিদ্ধান্তং প্রমাণং প্রতিজজ্ঞিরে ॥ ৬১ ॥

---

নন্থ শ্রুত্যর্থপ্রবক্তারোঽপি কেচিদিথং কুতো ন জানন্তীত্যাশঙ্ক্য তেষাং সাকল্যেন শ্রুত্যর্থপর্য্যালোচনাভাবাৎ ইত্যাহ—পূর্ব্বাপরপরামর্শবিকলা ইতি ॥ ৫৯ ॥

তত্র তাবৎ প্রত্যক্ষৈকপ্রমাণাভ্যুপগমেনাতিস্থূলত্বাৎ লোকায়তাদিপক্ষং প্রথমতোঽনুভাষতে—কূটস্থাদীতি। প্রত্যক্ষসিদ্ধত্বে দেহাদেরাত্মত্বং পারমার্থিকং স্যাদিত্যাশঙ্ক্য উক্তং—প্রত্যক্ষাভাসমিতি ॥ ৬০ ॥

তে প্রত্যক্ষৈকপ্রমাণবাদিনোঽপি পরব্যামোহনায় স্বমতং শ্রুতিসিদ্ধমিতি দর্শয়িতুং বাক্যমপ্যুদাহরন্তীত্যাহ—শ্রৌতীকর্ত্তুমিতি। কোশমন্নময়মিতি শব্দেনান্নময়কোশপ্রতিপাদকং "স বা এষ পুরুষোঽন্নরসময়" ইত্যাদিবাক্যং লক্ষ্যতে। বিরোচনস্য সিদ্ধান্ত মতি তৎসিদ্ধান্তপ্রতিপাদকম্ "আত্মৈব দেহময় ইত্যাদিবাক্যং লক্ষ্যতে। এতদ্বাক্যদ্বয়ং প্রমাণত্বেন প্রতিজানতে এব ন তূপপাদয়িতুং ক্ষমাঃ প্রকরণবিরোধাদিতি ভাবঃ ॥ ৬১ ॥

---

হইয়াছে। যদিও কূটস্থচৈতন্য ও জীব-চৈতন্যের ঐক্য ভ্রান্তি দ্বারা কল্পিত হয় বটে, তথাপি কেবল শ্রুতির তাৎপর্য্যার্থের অবমাননাহেতু পণ্ডিতাভিমানী লোক সকল ও অসৎ তার্কিক সকল মূর্খতা-প্রভাবে তদ্বিষয়ে কেবল যুক্তি দ্বারা ভ্রমশূন্য হইতে পারে না ॥ ৫৭।৫৮

কোন কোন বাদী শ্রুতিসকলের পূর্ব্বাপর আলোচনাতে অসমর্থ হইয়া নির্লজ্জভাবে নিজ নিজ মত-সমর্থনার্থ অনুপযোগী শ্রুতিবাক্যও উপযোগিরূপে উদ্ধৃত করেন ॥ ৫৯

একমাত্র প্রত্যক্ষপ্রমাণবাদী লোকায়তেরা ও অন্যান্য স্থূলবুদ্ধি ব্যক্তিরা কূটস্থ চৈতন্য প্রভৃতি স্থূল শরীর পর্য্যন্ত সমুদায়ের সমষ্টিকে আত্মা কহে, এবং আপনার মতকে শ্রুতির অনুকূলরূপে ব্যক্ত করিবার নিমিত্ত অন্নময়কোষ-প্রতিপাদক শ্রুতি (এই অন্নময় কোষই সেই পরমাত্মা ইত্যাদি শ্রুতি) এবং বিরোচনের সিদ্ধান্তকে (এই দেহই পরমাত্মা এই সিদ্ধান্ত) প্রমাণ বলিয়া উল্লেখ করে ॥ ৬০।৬১

জীবাত্মনির্গমে দেহমরণস্যাত্র দর্শনাৎ।
দেহাতিরিক্ত এবাত্মেত্যাহুর্লোকায়তাঃ পরে॥ ৬২॥
প্রত্যক্ষত্বে নাভিমতাহন্ধীর্দ্দেহাতিরেকিণম্।
গময়েদিন্দ্রিয়াত্মানং বচ্মীত্যাদিপ্রয়োগতঃ॥ ৬৩॥
বাগাদীনামিন্দ্রায়াণাং কলহঃ শ্রুতিষু শ্রুতঃ।
তেন চৈতন্যমেতেষামাত্মত্বং তত এব হি॥ ৬৪॥
হৈরণ্যগর্ভাঃ প্রাণাত্মবাদিনস্ত্বেবমূচিরে।
চক্ষুরাদ্যক্ষলোপেঽপি প্রাণসত্ত্বে তু জীবতি॥ ৬৫॥
প্রাণো জাগর্ত্তি সুপ্তেষু প্রাণশ্রৈষ্ঠ্যাদিকং শ্রুতম্।

---

অস্মিন্ মতে দোষপ্রদর্শনপুরঃসরং মতান্তরমুত্থাপয়তি—জীবাত্মনির্গম ইতি॥ ৬২॥

কীদৃশো দেহাতিরিক্ত আত্মা, কেন বা প্রমাণেনাবগম্যতে ইত্যাকাঙ্ক্ষায়ামাহ—প্রত্যক্ষত্বেনেতি। অহং বচ্মি অহং গচ্ছামীত্যাদিপ্রয়োগদর্শনাৎ দেহাতিরিক্তাহংবুদ্ধিগম্যানীন্দ্রিয়াণি আত্মেত্যর্থঃ॥ ৬৩॥

নন্থ ইন্দ্রিয়াণামচেতনানাং কথমাত্মত্বমিত্যাশঙ্ক্য শ্রুতিষিন্দ্রিয়সংবাদশ্রবণাদচেতনত্বমসিদ্ধমিত্যাহ—বাগাদীনামিতি। চেতনত্বস্যৈবাত্মলক্ষণত্বাৎ চেতনানামিন্দ্রিয়াণামাত্মত্বমুচিতমিত্যাহ—আত্মত্বং তত এব হীতি॥ ৬৪॥

মতান্তরমুত্থাপয়তি—হৈরণ্যগর্ভা ইতি॥ ৬৫॥

প্রাণস্যাত্মত্বে শ্রৌতলিঙ্গানি দর্শয়তি—প্রাণো জাগর্ত্তীতি। প্রাণাদয় এবৈতস্মিন্ পুরে

---

যেহেতু জীবাত্মা দেহ হইতে নির্গত হইলে দেহের পতন হয়, ও দেহাতিরিক্ত ইন্দ্রিয়গণের প্রতি সুস্পষ্ট অহং-জ্ঞান প্রত্যক্ষ হয়, এবং ইন্দ্রিয় দ্বারা বাক্যাদির প্রয়োগ হয়, সেই হেতু অপর লোকায়তেরা দেহাতিরিক্ত ইন্দ্রিয়গণকে আত্মা বলিয়া স্বীকার করে॥ ৬২।৬৩

যদিও বাগাদি ইন্দ্রিয়গণের চৈতন্য স্পষ্ট উপলব্ধ না হউক, কিন্তু শ্রুতিতে তাহাদিগের পরস্পর কলহ বর্ণনা দেখা যাইতেছে, সুতরাং তাহাদিগকে সচেতন বলিয়া অবশ্য স্বীকার করা যায়। অতএব তাহাদিগের আত্মত্ব স্বীকার করা অসঙ্গত নহে॥ ৬৪

প্রাণাত্মবাদী হিরণ্যগর্ভোপাসকেরা বলেন,—চক্ষুরাদি ইন্দ্রিয় সকল নষ্ট হইলেও প্রাণের সত্তাতে জীবিত থাকা যায় ও ইন্দ্রিয়সমূহ নিদ্রিত হইলে

কোশঃ প্রাণময়ঃ সম্যগ্‌বিস্তরেণ প্রপঞ্চিতঃ ॥ ৬৬ ॥
মন আত্মেতি মন্যন্ত উপাসনপরা জনাঃ।
প্রাণস্যাভোক্তৃতা স্পষ্টা ভোক্তৃত্বং মনসস্ততঃ ॥ ৬৭ ॥
মন এব মনুষ্যাণাং কারণং বন্ধমোক্ষয়োঃ।
শ্রুতো মনোময়ঃ কোশস্তেনাত্মেতীরিতং মনঃ ॥ ৬৮ ॥
বিজ্ঞানমাত্মেতি পর আহুঃ ক্ষণিকবাদিনঃ।
যতো বিজ্ঞানমূলত্বং মনসো গম্যতে স্ফুটম্‌ ॥ ৬৯ ॥

জাগ্রতীত্যাদিনা প্রাণজাগরণং শ্রূয়তে "তৎপ্রাণে প্রপন্ন উদতিষ্ঠৎ তদ্‌কৃথমভবৎ তদেতদ্‌কৃথ-মি"তি প্রাণশ্রৈষ্ঠ্যাদিকং শ্রূয়তে "অন্যোঽন্তর আত্মা প্রাণময়" ইত্যাদিনা প্রাণময়ঃ কোশঃ প্রপঞ্চিতঃ আদিশব্দেন প্রাণসংবাদপ্রবেশাদিকং গ্রাহ্যম্‌ ॥ ৬৬ ॥

প্রাণাদপ্যান্তরস্য মনস আত্মত্ববাদিনো মতং দর্শয়তি—মন আত্মেতীতি। প্রাণস্যানাত্মত্বে যুক্তিমাহ—প্রাণস্যাভোক্তৃতেতি ॥ ৬৭ ॥

মনস আত্মত্বে যুক্তিপ্রতিপাদিকাং শ্রুতিমাহ—মন এবেতি। "তস্মাদ্‌ বা এতস্মাৎ প্রাণময়াদন্যোঽন্তর আত্মা মনোময়" ইতি শ্রুত্যান্তরং দর্শয়াত—শ্রুত ইতি। ফলিতমাহ—তেনেতি ॥ ৬৮ ॥

মনসোঽপ্যান্তরস্য বিজ্ঞানস্যাত্মত্ববাদিনো বৌদ্ধস্য মতং দর্শয়তি-বিজ্ঞানমিতি। বিজ্ঞানস্যান্তরত্বে যুক্তিমাহ—যত ইতি ॥ ৬৯ ॥

প্রাণ জাগ্রত থাকে, এবং শ্রুতিতে প্রাণের শ্রেষ্ঠত্ব উক্ত হইয়াছে, প্রাণময় কোষ সম্যক্‌রূপে প্রপঞ্চিত হইয়াছে, অতএব প্রাণই আত্মা ॥ ৬৫।৬৬

যে সকল উপাসক মনকে আত্মা বলেন, তাঁহাদের ভোক্তৃত্ব ব্যতিরেকে আত্মত্ব সম্ভব হয় না; প্রাণের অভোক্তৃত্ব স্পষ্ট দেখা গিয়া থাকে; সুতরাং মনই ভোক্তা এবং মনই মনুষ্যদিগের বন্ধমুক্তির কারণ; আর শ্রুতিতে মনোময় কোষ প্রাণময় কোষ অপেক্ষা অভ্যন্তরবর্ত্তী বলিয়া উক্ত হইয়াছে, সুতরাং মনই আত্মা। ৬৭।৬৮

ক্ষণিক বিজ্ঞানবাদী বৌদ্ধেরা বলেন,—বিজ্ঞানময় কোষই আত্মা, কারণ মন বিজ্ঞানমূলক ইহা স্পষ্ট জানা যায়। ৬৯

অহং-বৃত্তিরিদং-বৃত্তিরিত্যন্তঃকরণং দ্বিধা।
বিজ্ঞানং স্যাদহংবৃত্তিরিদংবৃত্তির্মনো ভবেৎ॥ ৭০॥
অহংপ্রত্যয়বীজত্বমিদংবৃত্তেরতিস্ফুটম্ (*)।
অবিদিত্বা স্বমাত্মানং বাহ্যং বেদ ন তু ক্বচিৎ॥ ৭১॥
ক্ষণে ক্ষণে জন্মনাশা-বহংবৃত্তির্মিতৌ যতঃ।
বিজ্ঞানং ক্ষণিকং তেন স্বপ্রকাশং স্বতো মিতেঃ॥ ৭২॥
বিজ্ঞানময়কোশোঽয়ং জীব ইত্যাগমা জগুঃ।
সর্ব্বসংসার এতস্য জন্মনাশসুখাদিকঃ॥ ৭৩॥

---

বিজ্ঞানমনঃশব্দবাচ্যস্যান্তঃকরণস্যৈকত্বাৎ কথং মনোময়বিজ্ঞানময়য়োঃ কার্য্যকারণভাব ইত্যাশঙ্ক্য তমুপপাদয়িতুং তয়োর্ভেদং তাবদ্ দর্শয়তি—অহংবৃত্তিরিতি॥ ৭০॥

তয়োঃ কার্য্যকারণমাহ—অহংপ্রত্যয়েতি। তদেবোপপাদয়তি—অবিদিত্বেতি। অহং-বৃত্ত্যুদয়াভাবে ইদংবৃত্ত্যনুদয়াদনয়োঃ কার্য্যকারণভাব ইত্যর্থঃ॥ ৭১

তস্য বিজ্ঞানস্য ক্ষণিকত্বেঽনুভবং প্রমাণয়তি ক্ষণে ক্ষণে ইতি। ক্ষণিকত্বমুপপাদ্য স্বপ্রকাশত্ব-মুপপাদয়তি—স্বপ্রকাশং স্বতো মিতেরিতি। স্বেনৈব প্রমিতত্বাদিত্যর্থঃ॥ ৭২॥

বিজ্ঞানস্যাত্মত্বে আগমঃ প্রমাণমিত্যাহ—বিজ্ঞানময়কোশোঽয়মিত্যাদি। তস্মাদ্ বা এতস্মান্মনোময়াদন্যোঽন্তর আত্মা বিজ্ঞানময়ঃ। বিজ্ঞানং যজ্ঞং তনুত ইত্যাদি বাক্যং, বিজ্ঞানস্যাত্মত্বপ্রতিপাদকমিতি ভাবঃ॥ ৭৩॥

---

অন্তঃকরণ দুই প্রকারে বিভক্ত,—অহংবৃত্তি ও ইদংবৃত্তি, তাহার মধ্যে অহংবৃত্তিকে বিজ্ঞান এবং ইদংবৃত্তিকে মন বলা হইয়া থাকে॥ ৭০

তাহার মধ্যে অহংবৃত্তিরূপ বিজ্ঞানের আন্তরিক জ্ঞান ব্যতীত ইদং-বৃত্ত্যাত্মক মনের বাহ্যবিষয়ে জ্ঞান হয় না, সেই হেতু বিজ্ঞানকে মনের কারণ বলা যায় (সুতরাং তাঁহাকেই আত্মা বলিয়া স্বীকার কর)॥ ৭১

যেহেতু বিষয়ানুভব স্থলে প্রতিক্ষণে অহংবৃত্ত্যাত্মক বিজ্ঞানের জন্ম ও বিনাশ প্রত্যক্ষ হয়, তজ্জন্য তাঁহাকে ক্ষণিক বলা যায় এবং তিনি স্বয়ম্প্রকাশ স্বরূপ হয়েন, আর শ্রুতিতে সেই বিজ্ঞানকেই জীবাত্মা বলিয়া স্বীকার করিয়াছেন, এবং তিনিই জন্মবিনাশ ও সুখ-দুঃখাদিরূপ সংসারের ভোক্তা হয়েন। ৭২।৭৩

---

(১) রিতিস্ফুটমিত্যস্মদ্দেশীয় পুস্তকপাঠঃ।

বিজ্ঞানং ক্ষণিকং নাত্মা বিদ্যুদভ্রনিমেষবৎ।
অন্যস্যানুপলব্ধত্বাৎ শূন্যং মাধ্যমিকা জগুঃ ॥ ৭৪ ॥
অসদেবেদমিত্যাদাবিদমেব শ্রুতং ততঃ।
জ্ঞানজ্ঞেয়াত্মকং সর্ব্বং জগদ্ ভ্রান্তিপ্রকল্পিতম্ ॥ ৭৫ ॥
নিরধিষ্ঠানবিভ্রান্তেরভাবাদাত্মনোঽস্তিতা।
শূন্যস্যাপি সসাক্ষিত্বাদন্যথা নোক্তিরস্য তে ॥ ৭৬ ॥
অন্যো বিজ্ঞানময়ত আনন্দময় আন্তরঃ।
অস্তীত্যেবোপলব্ধব্য ইতি বৈদিকদর্শনম্ ॥ ৭৭ ॥

---

বৌদ্ধাবান্তরভেদস্য শূন্যবাদিনো মতং দর্শয়তি—বিজ্ঞানমিতি ॥ ৭৪ ॥

তত্র শ্রুতিমাহ—অসদেবেদমিত্যাদাবিতি। শূন্যস্যৈব তদ্রূপত্বে প্রতীয়মানস্য জগতঃ কা গতিরিত্যত আহ—জ্ঞানজ্ঞেয়াত্মকমিতি ॥ ৭৫ ॥

তদেতন্মতং দূষয়তি—নিরধিষ্ঠাবিভ্রান্তেরিতি। নিঃস্বরূপস্য শূন্যস্যাধিষ্ঠানত্বাযোগাৎ নিরধিষ্ঠানস্য ভ্রমস্যানুপপত্তের্জ্জগৎকল্পনাধিষ্ঠানস্যাত্মনঃ সত্তাভ্যুপগন্তব্যা কিঞ্চ শূন্যবাদিনোঽপি শূন্যসাক্ষিত্বেনাবশ্যম্ আত্মাভ্যুপগন্তব্যঃ, অন্যথা তস্যানভ্যুপগমে অস্য শূন্যস্যোক্তিঃ শূন্যমিত্যভিধান' তে বৌদ্ধস্য তব মতে ন সিধ্যেদিতি ভাবঃ ॥ ৭৬ ॥

কস্তর্হ্যাত্মা ইত্যত আহ—অন্যো বিজ্ঞানময়ত ইতি। "তস্মাদ্ বা এতস্মাদ্ বিজ্ঞানময়াদন্যোঽন্তর আত্মানন্দময়ঃ অস্তীত্যেবোপলব্ধব্যস্তত্ত্বভাবেন"েতি চ শ্রুতিলিঙ্গাবাদানন্দময় আত্মা অভ্যুপগন্তব্য ইতি বৈদিকদর্শনং বৈদিকসিদ্ধান্তঃ ॥ ৭৭ ॥

---

ক্ষণিক বিজ্ঞানকে আত্মা বলিয়া স্বীকার করা যাইতে পারে না, যেহেতু সেই বিজ্ঞান বিদ্যুৎ প্রভৃতির ন্যায় অতি অল্পকালস্থায়ী, এবং অন্য কোন বস্তুরও উপলব্ধি না হওয়াতে শূন্যকে আত্মা বলা যায়; শ্রুতিতেও আছে,—এই জগৎ উৎপত্তির পুর্ব্বে কেবল শূন্য মাত্র ছিল। জ্ঞান-জ্ঞেয়াত্মক এই যে জগৎ প্রত্যক্ষ দেখা যাইতেছে, ইহা ভ্রান্তি মাত্র ॥ ৭৪।৭৫

শূন্যবাদী বৌদ্ধেরা এই প্রত্যক্ষ জগৎকে ভ্রমাত্মক বলিয়া স্বীকার করে; কিন্তু শূন্যের ভ্রমাধিষ্ঠানত্ব হইতে পারে না, সুতরাং অধিষ্ঠান ব্যতিরেকে ভ্রম সম্ভব হয় না, এবং শূন্যেরও সাক্ষী আবশ্যক, নতুবা তাহার উক্তি অসম্ভব হয়; অতএব চেতন স্বরূপ আত্মা আছেন, কিন্তু তিনি বিজ্ঞানময় হইতে ভিন্ন, সকলের অভ্যন্তরবর্ত্তী এবং 'অস্তি' এইরূপে নিরূপণীয় যে আনন্দময় কোশ, তিনিই আত্মা, ইহা বেদের উপদেশ ॥ ৭৬।৭৭

অণুর্মহান্ মধ্যমো বেত্যেবং তত্রাপি বাদিনঃ।
বহুধা বিবদন্তে হি শ্রুতিযুক্তিসমাশ্রয়াৎ ॥ ৭৮ ॥
অণুং বদন্ত্যান্তরালাঃ সূক্ষ্মনাড়ীপ্রচারতঃ।
রোম্ণঃ সহস্রভাগেন তুল্যাস্বু প্রচরত্যয়ম্ ॥ ৭৯ ॥
অণোরণীয়ানেষোঽণুঃ সূক্ষ্মাৎ সূক্ষ্মতরস্ত্বিতি।
অণুত্বমাহুঃ শ্রুতয়ঃ শতশোঽথ সহস্রশঃ ॥ ৮০ ॥
বালাগ্রশতভাগস্য শতধা কল্পিতস্য চ।
ভাগো জীবঃ স বিজ্ঞেয় ইতি চাহাপরা শ্রুতিঃ ॥ ৮১ ॥

---

এবমাত্মস্বরূপে বিপ্রতিপত্তিং প্রদর্শ্য তৎপরিমাণবিশেষেঽপি বাদিবিপ্রতিপত্তিং দর্শয়তি—অণুর্মহানিতি ॥ ৭৮ ॥

অত্রাণুত্ববাদিনস্তাবন্মতং দর্শয়তি—অণুং বদন্তীতি। অণুত্বাভিধানে হেতুমাহ—সূক্ষ্মনাড়ীতি। তদুপপাদয়তি—রোম্ন ইতি। নাড়ীম্বিতি শেষঃ। সূক্ষ্মাসু নাড়ীষু সঞ্চারোঽণুত্বমন্তরেণ ন ঘটত ইত্যভিপ্রায়ঃ ॥ ৭৯ ॥

অণুত্বে কিং প্রমাণমিত্যত আহ—অণোরণীয়ানেষোঽণুরিতি। "অণোরণীয়ান্ মহতো মহীয়ান্ এষোঽন্তরাত্মা চেতসা বেদিতব্যঃ সূক্ষ্মাৎ সূক্ষ্মতরং নিত্যমি"ত্যাদিশ্রুতয় ইত্যর্থঃ ॥ ৮০ ॥

শ্রুত্যন্তরমুদাহরতি—বালাগ্রশতভাগস্যেতি ॥ ৮১ ॥

---

কোন কোন বাদীরা বলেন,—আত্মার পরিমাণ পরমাণুতুল্য, কেহ আত্মার মহৎ পরিমাণ কেহ বা মধ্যম পরিমাণ স্বীকার করে, শ্রুতি ও যুক্তিকে আশ্রয় করিয়া বাদীরা এইরূপে বহু প্রকার বিবাদ করিয়া থাকে। ৭৮

মাধ্যমিক বাদীরা বলেন,—আত্মা অণুপরিমিত, যেহেতু এক খণ্ড কেশের সহস্রাংশের একাংশ স্বরূপ অতিসূক্ষ্ম যে সকল নাড়ী শরীরে ব্যাপ্ত আছে, তাহাদের মধ্য দিয়াও তিনি, শরীরের সর্ব্বস্থানে যাতায়াত করেন। উক্ত বিষয়ে তাঁহাদিগের প্রমাণ, যথা—এই আত্মা অণু হইতেও অণু এবং সূক্ষ্ম হইতেও সূক্ষ্ম, এই প্রকার শত সহস্র শ্রুতিতে আত্মার অণুপরিমাণ প্রতিপাদিত হইয়াছে, আর একটী কেশের অগ্রভাগ শতভাগ করিয়া তাহার একভাগকে পুনর্ব্বার শত অংশ করিলে তাহার একাংশ জীবের পরিমাণতুল্য হয়, ইহা অন্যান্য শ্রুতিতেও প্রতিপাদিত হইয়াছে। ৭৯—৮১

দিগম্বরা মধ্যমত্বমাহুরাপাদমস্তকম্ ।
চৈতন্যব্যাপ্তিসংদৃষ্টেরানখাগ্রশ্রুতেরপি ॥ ৮২ ॥
সূক্ষ্মনাড়ীপ্রচারস্তু সূক্ষ্মৈরবয়বৈ র্ভবেৎ ।
স্থূলদেহস্য হস্তাভ্যাং কঞ্চুকপ্রতিমোকবৎ ॥ ৮৩ ॥
ন্যূনাধিকশরীরেষু প্রবেশোঽপি গমাগমৈঃ ।
আত্মাংশানাং ভবেৎ তেন মধ্যমত্বং সুনিশ্চিতম্ * ॥ ৮৪ ॥
সাংশস্য ঘটবন্নাশো ভবত্যেব তথা সতি ।

---

মধ্যমপরিমাণবাদিনো মতং দর্শয়তি—দিগম্বরা মধ্যমত্বমিতি। তত্রোপপত্তিমাহ- আপাদেতি। "স এষ ইহ প্রবিষ্ট আ নখাগ্রেভ্য' ইতি শ্রুতিরপ্যত্র প্রমাণমিত্যাহ- আনখাগ্রেতি ॥ ৮২ ।

ননু মধ্যমপরিমাণত্বে শ্রুতিসিদ্ধো নাড়ীপ্রচারো ন ঘটেত ইত্যাশঙ্ক্যাহ—সূক্ষ্মনাড়ীপ্রচার স্থিতি। যথা দেহাবয়বয়োর্হস্তয়োঃ কঞ্চুকপ্রবেশেন দেহস্য কঞ্চুকপ্রবেশঃ তদ্বদাত্মাবয় বানাং সূক্ষ্মাণাং নাড়ীষু প্রচারেণাত্মনোঽপি প্রচার উপচর্য্যতে ইত্যর্থঃ ॥ ৮৩ ॥

নন্বাত্মনো নিয়তমধ্যমপরিমাণত্বে কর্ম্মবশাৎ ন্যূনাধিকশরীরপ্রবেশো ন ঘটেত ইত্যা শঙ্ক্য অবয়বাগমাপায়াভ্যাম্ আত্মনো নিয়তমধ্যমপরিমাণত্বাৎ দেহবৎ উভয়ং ন বিরুধ্যে ইত্যাহ—ন্যূনাধিকশরীরেম্বিতি। ফলিতমাহ—তেনেতি ॥ ৮৪ ॥

আত্মনঃ সাবয়বত্বে ঘটাদিবদনিত্যত্বপ্রসঙ্গেনৈতদ্দূষয়তি—সাংশস্য ঘটবদিতি। ভব

---

শরীরের আপাদ মস্তক-সর্ব্বস্থানে চৈতন্যব্যাপ্তি দেখিয়া এবং শ্রুতিতেও চৈতন্যের আনখাগ্র ব্যাপ্তিরূপ অর্থ উপলব্ধি করিয়া দিগম্বরমতা- বলম্বী মাধ্যমিকেরা আত্মার মধ্যম পরিমাণ স্বীকার করে। ৮২

পরন্তু দেহাবয়ব হস্তযুগল দ্বারা দেহের যেমন কঞ্চুক-প্রবেশ হয়, তদ্রূপ সূক্ষ্ম অবয়ব দ্বারাই তাঁহার সূক্ষ্ম নাড়ীতে গমনাগমন হয়, পিপীলিকাদির ক্ষুদ্র শরীরে ও হস্তি-প্রভৃতির বৃহৎ শরীরে আত্মার অংশবিশেষের প্রবেশ ও নির্গম দ্বারাই তাঁহার প্রবেশ বলা যায়, ইহাতেই আত্মার মধ্যম পরিমাণ নিরূপিত হইল। ৮৩।৮৪

পূর্ব্বোক্তমতে আত্মা সাবয়ব, কিন্তু সাবয়ব পদার্থমাত্রই ঘটাদির ন্যায়

---

* বিনিশ্চিতমিতি মুম্বয়ীমুদ্রিতপুস্তকে পাঠঃ।

কৃতনাশাকৃতাভ্যাগময়োঃ কো কারকো ভবেৎ ॥ ৮৫ ॥
তস্মাদাত্মা মহানেব নৈবাণুর্নাপি মধ্যমঃ।
আকাশবৎ সর্ব্বগতো নিরংশঃ শ্রুতিসম্মতঃ ॥ ৮৬ ॥
ইত্যুক্ত্বা তদ্বিশেষে তু * বহুধা কলহং যযুঃ।
অচিদ্রূপোঽথ চিদ্রূপশ্চিদচিদ্রূপ ইত্যপি ॥ ৮৭ ॥
প্রাভাকরাস্তার্কিকাশ্চ প্রাহুরস্যাচিদাত্মতাম্।
আকাশবৎ দ্রব্যমাত্মা শব্দবৎ তদ্গুণশ্চিতিঃ ॥ ৮৮ ॥

কো দোষস্তত্রাহ—তথা সতীতি। কৃতয়োঃ পুণ্যপাপয়োর্ভোগমন্তরেণ নাশঃ কৃতনাশঃ অকৃতয়োরকস্মাৎ ফলদাতৃত্বমকৃতাভ্যাগম এতদ্দোষদ্বয়মাত্মনোঽনিত্যত্বাভ্যুপগমে ভবেদিতি ভাবঃ ॥৮৫॥

অতঃ পারিশেষ্যাদাত্মনো বিভুত্বং সিদ্ধমিত্যাহ—তস্মাদাত্মা মহানেব নৈবাণুর্নাপি মধ্যম ইতি। তত্র প্রমাণমাহ—আকাশবদিতি। "আকাশবৎ সর্ব্বগতশ্চ নিত্যঃ নিষ্কলং নিষ্ক্রিয়মি"ত্যাদ্যাগমঃ প্রমাণমিত্যর্থঃ ॥ ৮৬ ॥

এবমাত্মনো বিভুত্বং প্রসাধ্য তস্য চিদ্রূপত্বং নিশ্চেতুং তাবৎ বাদিবিপ্রতিপত্তিং দর্শয়তি—ইত্যুক্ত্বেতি ॥ ৮৭ ॥

অচিদ্রূপত্ববাদিনো মতং দর্শয়তি—প্রাভাকরা ইতি। তৎপ্রক্রিয়ামনুভাষতে আকাশবদ্দ্রব্যমিতি। আত্মা দ্রব্যং ভবিতুমর্হতি গুণবত্ত্বাদাকাশবদিত্যনুমানং সূচিতম্। আত্মনঃ পৃথিব্যাদিভ্যো ভেদসাধকং বিশেষগুণং দর্শয়তি—শব্দবদিতি। আত্মা পৃথিব্যাদিভ্যো ভিদ্যতে জ্ঞানগুণকত্বাৎ, যৎ পৃথিব্যাদিভ্যো ন ভিদ্যতে তৎ জ্ঞানগুণকমপি ন ভবতি যথা পৃথিব্যাদি ইত্যনুমানং দ্রষ্টব্যম্ ॥ ৮৮ ॥

অনিত্য, যদি আত্মা অনিত্য হ'ন, তবে তাঁহার প্রতি কৃতনাশ ও অকৃতপ্রাপ্তিরূপ দোষ উপস্থিত হয়, অতএব আত্মা মধ্যম পরিমিত নহেন এবং অণুপরিমিতও নহেন, সুতরাং তিনি মহৎ ও আকাশের ন্যায় সর্ব্বব্যাপী এবং নিরবয়ব হইলেন, তাহাই বেদে উক্ত হইয়াছে ॥ ৮৫।৮৬

আত্মার স্বরূপ ও পরিমাণ বিষয়ে বাদীরা বিবাদ করিয়া তাঁহার জ্ঞান স্বরূপে বহুপ্রকার কলহ করিয়া থাকে অর্থাৎ কেহ আত্মার জ্ঞানস্বরূপ স্বীকার করে, কেহ বা জড় স্বরূপ স্বীকার করে, আর কেহ বা চিদচিদ্রূপ অঙ্গীকার করে ॥ ৮৭

প্রাভাকর ও তার্কিকেরা আত্মাকে জড় অর্থাৎ আকাশের ন্যায় গুণবিশিষ্ট

* বিশেষেঽপি ইত্যস্মদ্দেশীয়পুস্তকপাঠঃ।

ইচ্ছাদ্বেষপ্রযত্নাশ্চ ধর্ম্মাধর্ম্মৌ সুখাসুখে।
তৎসংস্কারাশ্চ তস্যৈতে গুণ শ্চিতিবদীরিতাঃ ॥ ৮৯ ॥
আত্মনো মনসা যোগে স্বাদৃষ্টবশতো গুণাঃ।
জায়ন্তেঽথ প্রলীয়ন্তে সুষুপ্তেঽদৃষ্টসংক্ষয়াৎ ॥ ৯০ ॥
চিতিমত্ত্বাচ্চেতনোঽয়মিচ্ছাদ্বেষপ্রযত্নবান্।
স্যাদ্ধর্ম্মাধর্ম্ময়োঃ কর্ত্তা ভোক্তা দুঃখাদিমত্ত্বতঃ ॥ ৯১ ॥
যথাত্র কর্ম্মবশতঃ কাদাচিৎকং সুখাদিকম্।
তথা লোকান্তরে দেহে কর্ম্মণেচ্ছাদি জন্যতে ॥ ৯২ ॥

তস্যৈব বিশেষগুণান্তরাণ্যাহ—ইচ্ছাদ্বেষপ্রযত্নাশ্চেতি। তৎসংস্কারা ভাবনাঃ ॥ ৮৯ ॥

এষাং গুণানামুৎপত্তিবিনাশকারণমাহ—আত্মনো মনসা যোগ ইতি। স্বাদৃষ্টবশত আত্মনো মনসা যোগ ইত্যন্বয়ঃ ॥ ৯০ ॥

আত্মনোঽচিদ্রূপত্বে কথং চেতনত্বাভ্যুপগম ইত্যাশঙ্ক্য চিতিমত্ত্বাদিত্যাহ—চিতিমত্ত্বাচ্চেতনোঽয়মিতি। আত্মনশ্চেতনত্বে হেত্বন্তরমাহ—ইচ্ছেতি। তস্যেশ্বরাদ্বৈলক্ষণ্যমাহ—স্যাদ্ধর্ম্মাধর্ম্ময়োরিতি ॥ ৯১ ॥

নন্বাত্মনো বিভুত্বে লোকান্তরগমনাদিকং কথং ঘটেত ইত্যাশঙ্ক্যাস্মিন্ দেহে কর্ম্মবশাদিচ্ছাদ্যুৎপত্তৌ সত্যামত্রাত্মনোঽবস্থানাদিব্যবহার ইব কর্ম্মবশাৎ লোকান্তরে দেহান্তরোৎ-

দ্রব্যরূপ স্বীকার করে এবং আকাশের যে প্রকার শব্দগুণ, তদ্রূপ আত্মার চৈতন্যগুণ অঙ্গীকার করে, আর ইচ্ছা, দ্বেষ, যত্ন, ধর্ম্ম, অধর্ম্ম, সুখ, দুঃখ ও সংস্কার এই সমুদায়কে আত্মার গুণ বলিয়া বর্ণন করে। ॥ ৮৮ ৮৯

অদৃষ্ট বশতঃ আত্মার সহিত মনের সংযোগ হইলে পূর্ব্বোক্ত চৈতন্য প্রভৃতি গুণ সকল উৎপন্ন হয় এবং প্রত্যক্ষসিদ্ধ সুষুপ্তিকালে অদৃষ্টের অভাবে আত্মার সহিত মন বিযুক্ত হইলে গুণ সকল বিলীন হয়। ৯০

আত্মা জড়স্বরূপ হইলেও চৈতন্য গুণের সত্তাহেতু তাঁহাকে চেতন বলা যায় এবং ইচ্ছা, দ্বেষ, প্রযত্ন ইত্যাদি ক্রিয়ার উপলব্ধি হওয়াতে তাঁহার চেতনগুণ অনুমান করা যায়। আর আত্মা ধর্ম্মাধর্ম্মের কর্ত্তা ও সাংসারিক সুখ-দুঃখাদির ভোক্তা, এজন্য তিনি পরমেশ্বর হইতে ভিন্ন। ৯১

যেমন ইহলোকে সদসৎকর্ম্মবশতঃ আত্মার কদাচিৎ সুখদুঃখাদি জন্মে, তদ্রূপ পারলৌকিক দেহে সদসৎকর্ম্মবশতঃ ইচ্ছা-দ্বেষাদি উৎপন্ন হয়—এই

এবঞ্চ সর্ব্বগস্যাপি সম্ভবেতাং গমাগমৌ।
কর্ম্মকাণ্ডঃ সমগ্রোঽত্র প্রমাণমিতি তেঽবদন্ ॥ ৯৩ ॥
আনন্দময়কোশো যঃ সুষুপ্তৌ পরিশিষ্যতে।
অস্পষ্টচিৎ স আত্মৈষাং পূর্ব্বকোশোঽস্য তে গুণাঃ ॥ ৯৪ ॥
গূঢ়ং চৈতন্যমুৎপ্রেক্ষ্য জড়বোধস্বরূপতাম্।
আত্মনো ব্রুবতে ভাট্টাশ্চিদুৎপ্রেক্ষোত্থিতস্মৃতেঃ ॥ ৯৫ ॥

---

পত্তৌ তদবচ্ছিন্নাত্মপ্রদেশে সুখাদ্যুৎপত্তিবশাৎ তত্রাত্মনো গমনাদিব্যবহার ইত্যৌপচারিকমাত্মনো গমনাগমনাদিকমিত্যভিপ্রেত্যাহ—যথাত্র কর্ম্মবশত ইতি সার্দ্ধেন ॥ ৯২ ॥

আত্মনঃ কর্ত্তৃত্বাদিধর্ম্মবত্ত্বে কিং প্রমাণমিত্যত আহ কর্ম্মকাণ্ডঃ সমগ্রোঽত্রেতি ॥ ৯৩ ॥

নন্থ "অন্যো বিজ্ঞানময়াৎ আনন্দময় আন্তর"* ইত্যত্র আনন্দময়স্যাত্মত্বমুক্তম্ ইদানীমিচ্ছাদিমানস্য প্রতিপাদ্যতে অতঃ পূর্ব্বোত্তরবিরোধ ইত্যাশঙ্ক্যাহ—আনন্দময়কোষো য ইতি। সুষুপ্তাবস্পষ্টচিৎ য আনন্দময়ঃ কোশঃ পরিশিষ্যতে স পূর্ব্বকোশঃ শ্রৌতেষু পঞ্চকোশেষু প্রথমঃ এষাং প্রাভাকরাদীনাম্ আত্মা অস্যাত্মনস্তে পূর্ব্বোক্তা জ্ঞানাদয়ো গুণা ইত্যর্থঃ ॥ ৯৪ ॥

তস্যৈবাত্মনশ্চিদচিদ্রূপত্বং ভাট্টা বর্ণয়ন্তীত্যাহ—গূঢ়ং চৈতন্যমিতি। ভাট্টা আত্মনো গূঢ়মস্পষ্টং চৈতন্যমুৎপ্রেক্ষ্য উহিত্বা চিজ্জড়োভয়াত্মকতাং বর্ণয়ন্তীত্যর্থঃ। চৈতন্যোৎপ্রেক্ষায়াং কারণমাহ—চিদুৎপ্রেক্ষোত্থিতস্মৃতেরিতি। উত্থিতস্মৃতেশ্চিদুৎপ্রেক্ষা ভবতীতি যোজনা। সুষুপ্তেরুত্থিতস্য জায়মানাৎ স্মরণাৎ সৌষুপ্তচৈতন্যোৎপ্রেক্ষা ভবতীত্যর্থঃ ॥ ৯৫ ॥

---

কারণে সর্ব্বগত হইলেও তাঁহার লোকান্তরে যাতায়াতও সম্ভব হয়, বেদের সমুদায় কর্ম্মকাণ্ড এতদ্বিষয়ে প্রমাণ, ইহা প্রাভাকর ও তার্কিকেরা বলেন ॥ ৯২ ৯৩

সুষুপ্তিকালে অস্পষ্ট চেতনস্বরূপ যে আনন্দময় কোশ অবশিষ্ট থাকে পঞ্চকোশের মধ্যে তাহাই প্রথম, প্রাভাকর ও তার্কিকেরা তাঁহাকেই আত্মা বলিয়া স্বীকার করেন। পূর্ব্বোক্ত সমুদয় গুণ তাঁহারই, ভট্টমতাবলম্বীরা আত্মার জড়াবৃত চেতনস্বরূপ অনুমান করিয়া আত্মাকে চিদচিদ্রূপ বলিয়া থাকেন। যেহেতু সুষুপ্তি হইতে উত্থিত ব্যক্তির জাড্যস্মৃতি হয় এবং অনুভব ব্যতীত স্মৃতিও সম্ভব হয় না, সুতরাং একত্র জাড্য ও অনুভব উভয় থাকাতে আত্মার জড়াবৃত চেতন স্বরূপ হওয়াই সম্ভব। ৯৪।৯৫

জড়ো ভূত্বা তদাস্বাপ্সমিতি জাড্যস্মৃতিস্তদা।
বিনা জাড্যানুভূতিং ন কথঞ্চিদুপপদ্যতে ॥ ৯৬ ॥
দ্রষ্টুর্দৃষ্টেরলোপশ্চ শ্রুতঃ স্বপ্নে ততস্ত্বয়ম্।
অপ্রকাশপ্রকাশাভ্যামাত্মা খদ্যোতবদ্যুতঃ ॥ ৯৭ ॥
নিরংশস্যোভয়াত্মত্বং ন কথঞ্চিদ্ঘটিষ্যতে।
তেন চিদ্রূপ এবাত্মেত্যাহুঃ সাংখ্যা বিবেকিনঃ ॥ ৯৮ ॥
জাড্যাংশঃ প্রকৃতে রূপং বিকারি ত্রিগুণঞ্চ তৎ।
চিতো ভোগাপবর্গার্থং প্রকৃতিঃ সা প্রবর্ত্ততে ॥ ৯৯ ॥

চিত্ত্বপ্রেক্ষাপ্রকারমেব স্পষ্টয়তি—জড়ো ভূত্বেতি। তদা সুষুপ্তিকালে জড়ো ভূত্বাস্বাপ্সমিত্যেবংরূপা জাড্যস্মৃতিরুত্থিতস্য পুরুষস্য জায়মানা সুষুপ্তিকালীনজাড্যানুভবমন্তরেণানুপপদ্যমানা তদানীন্তনজাড্যানুভবং কল্পয়তীতি ভাবঃ ॥ ৯৬ ॥

সুষুপ্তৌ চৈতন্যলোপাভাবে প্রমাণমাহ—দ্রষ্টুর্দৃষ্টেরিতি। নহি দ্রষ্টুর্দৃষ্টের্বিপরিলোপো বিদ্যতে অবিনাশিত্বাদিতি শ্রুতৌ * সুষুপ্তৌ চৈতন্যলোপাভাবঃ শ্রূয়তে ততোঽপি কারণাদয়মাত্মা খদ্যোতবদপ্রকাশপ্রকাশাভ্যাং যুক্তো ভাতীত্যর্থঃ ॥ ৯৭ ॥

অস্মিন্ ভাট্টমতে দূষণাভিধানপুরঃসরং সাংখ্যমতমুত্থাপয়তি—নিরংশস্যেতি ॥ ৯৮ ॥

জাড্যস্মৃতেস্তর্হি কা গতিরিত্যাশঙ্ক্যাহ—জাড্যাংশ ইতি। তৎ প্রকৃতিরূপং সত্ত্বরজস্তমোগুণাত্মকম্। প্রকৃতিকল্পনায়াঃ প্রয়োজনমাহ—চিত ইতি। চিতঃ পুরুষস্যেতি যাবৎ ॥৯৯॥

সুষুপ্তি হইতে উত্থিত ব্যক্তির এইরূপ স্মরণ হয় যে, আমি সুষুপ্তিকালে জড়স্বরূপ হইয়াছিলাম, কিন্তু সুষুপ্তিকালে জড়ত্বানুভব ব্যতীত জাগ্রৎ অবস্থায় কখন এরূপ স্মরণ হইতে পারে না। ৯৬।

শ্রুতিতে আছে,—সুষুপ্তিকালে আত্মার চৈতন্য-শক্তির অভাব হয় না, অতএব আত্মা খদ্যোতিকার ন্যায় অপ্রকাশ ও প্রকাশযুক্ত। ৯৭।

বিবেকী সাংখ্যেরা বলেন যে, নিরবয়ব পদার্থ জড় ও চেতন উভয় স্বরূপ কখনই হইতে পারে না। অতএব আত্মা কেবল চেতনস্বরূপ। ৯৮।

যদিও আত্মা শুদ্ধ চেতনস্বরূপ, তথাপি তাঁহাতে জাড্যস্মৃতি অসম্ভব নহে, কারণ তাঁহাতে যে জড়াংশ অনুভব হয়, তাহা কেবল প্রকৃতি স্বরূপ, তাহা

* দ্রষ্টুরাত্মনঃ স্বরূপভূতায়া দৃষ্টের্লোপো ন বিদ্যতে বিনাশরহিতস্বভাবত্বাৎ। অন্যথা লোপবাদিনোঽপি নিঃসাক্ষিকস্য বক্তুমশক্যত্বাৎ ইত্যধিকো মদ্বয়ীমুদ্রিতপুস্তকপাঠঃ।

অসঙ্গায়াশ্চিতেবর্ন্ধমোক্ষৌ ভেদাগ্রহান্মতৌ।
বন্ধমোক্ষব্যবস্থার্থং পূর্ব্বেষামিব চিদ্ভিদা॥ ১০০॥
মহতঃ পরমব্যক্তমিতি প্রকৃতিরুচ্যতে।
শ্রুতাবসঙ্গতা তদ্বদসঙ্গো হীত্যতঃ স্ফুটা॥ ১০১॥
চিৎসন্নিধৌ প্রবৃত্তায়াঃ প্রকৃতের্হি নিয়ামকম্।
ঈশ্বরং ব্রুবতে যোগাঃ স জীবেভ্যঃ পরঃ শ্রুতঃ॥ ১০২॥
প্রধানক্ষেত্রজ্ঞপতির্গুণেশ ইতি হি শ্রুতিঃ।
আরণ্যকেহসম্ভ্রমেণ হ্যন্তর্য্যাম্যুপপাদিতঃ॥ ১০৩॥

নন্বু চিতোঽসঙ্গত্বেন প্রকৃতিপুরুষয়োরত্যন্তবিবিক্তত্বাৎ প্রকৃতিপ্রবৃত্ত্যা কথং পুরুষস্য ভোগাপবর্গাবিত্যাশঙ্ক্য তয়োর্ব্বিবেকস্যাগ্রহণাৎ পুরুষে ভোগাপবর্গৌ ব্যবহ্রিয়েতে ইত্যাহ—অসঙ্গায়া ইতি। তার্কিকাদিভিরিব সাংখ্যৈরাত্মভেদোঽঙ্গীক্রিয়তে ইত্যাহ—বন্ধেতি॥১০০॥

প্রকৃতিসদ্ভাবে পুরুষস্যাসঙ্গত্বে চ শ্রুতিমুদাহরতি—মহত ইতি॥ ১০১॥

এবং জীববিষয়াং বাদিবিপ্রতিপত্তিং প্রদর্শ্য ঈশ্বরবিষয়াং তাং প্রদর্শয়িতুমীশ্বরস্বরূপং তাবৎ স্থাপয়তি—চিৎসন্নিধাবিতি। নন্বু প্রকৃতিপুরুষাতিরিক্তেশ্বরকল্পনমপ্রমাণমিত্যাশঙ্ক্যাহ—স জীবেভ্য ইতি॥ ১০২॥

তামেবেশ্বরসদ্ভাব-প্রতিপাদিকাং শ্রুতিং পঠতি—প্রধানেতি। প্রধানং গুণত্রয়সাম্যাবস্থা-

বিকারবিশিষ্ট এবং ত্রিগুণ। চেতনস্বরূপ আত্মার ভোগ ও মুক্তির নিমিত্ত সেই প্রকৃতি প্রবৃত্ত হয়। ৯৯।

যদিও আত্মা অসঙ্গ চেতনস্বরূপ (সুতরাং জড়রূপ প্রকৃতি হইতে অত্যন্ত ভিন্ন) তথাপি প্রকৃতি ও পুরুষের ভেদজ্ঞানের অভাব হেতু বন্ধ ও মোক্ষ এবং জীবের বন্ধ-মোক্ষ ব্যবহার নিমিত্ত পূর্ব্বোক্ত তার্কিক প্রভৃতি বাদিগণের ন্যায় তাঁহারা আত্মার প্রভেদ স্বীকার করেন। মহত্তত্ত্ব হইতে প্রকৃতি শ্রেষ্ঠ, তাহাকেই অব্যক্ত বলা যায়, এইরূপে প্রকৃতির স্বরূপ শ্রুতিতে নিরূপিত হইয়াছে। আত্মা সঙ্গরহিত ইহা 'অসঙ্গো হি' ইত্যাদি শ্রুতিতে স্পষ্ট নিরূপিত হইয়াছে। ১০০।১০১।

যোগাচার্য্যদিগের মতে চৈতন্যের সন্নিধানে (চেতনবৎ) প্রবৃত্তা প্রকৃতির নিয়ামক ঈশ্বর, তিনি সকল জীব হইতে অতিরিক্ত ও শ্রেষ্ঠ। প্রধানপতি,

অত্রাপি কলহায়ন্তে বাদিনঃ স্বস্বযুক্তিভিঃ।
বাক্যান্যপি যথাপ্রজ্ঞং দার্ঢ্যায়োদাহরন্তি হি॥ ১০৪॥
ক্লেশকর্ম্মবিপাকৈস্তদাশয়ৈরপ্যসংযুতঃ।
পুংবিশেষো ভবেদীশো জীববৎ সোহপ্যসঙ্গচিৎ॥ ১০৫॥
তথাপি পুংবিশেষত্বাৎ ঘটতেহস্য নিয়ন্তৃতা।
অব্যবস্থৌ বন্ধমোক্ষাবাপতেতামিহান্যথা॥ ১০৬॥
ভীষাস্মাদিত্যেবমাদাবসঙ্গস্য পরাত্মনঃ।

---

রূপং, ক্ষেত্রজ্ঞা জীবাস্তেষাং পতিঃ, গুণাঃ সত্ত্বাদয়স্তেষামীশো নিয়ামক ইতর্থঃ। ন কেবল-মিয়মেব শ্রুতিরীশ্বরপ্রতিপাদিকা অন্তর্যামিব্রাহ্মণমপীত্যাহ—আরণ্যক ইতি॥ ১০৩॥

তামেব বাদিবিপ্রতিপত্তিং প্রতিজানীতে,—অত্রাপীতি। প্রজ্ঞামনতিক্রম্য যথাপ্রজ্ঞম্॥১০৪॥

ইদানীং পতঞ্জলিনোক্তমীশ্বরপ্রতিপাদকং "ক্লেশকর্ম্মবিপাকাশয়ৈরপরামৃষ্টঃ পুরুষবিশেষ ঈশ্বর' ইত্যেতৎ সূত্রমর্থতঃ পঠতি—ক্লেশেতি। ক্লেশা অবিদ্যাদয়ঃ অবিদ্যাস্মিতারাগ-দ্বেষাভিনিবেশাঃ পঞ্চ, কর্ম্মাণি কর্ম্মাশুক্লকৃষ্ণং যোগিনস্ত্রিবিধমিতরেষামিতি সূত্রিতানি সতি মূলে তদ্বিপাকা জাত্যায়ুর্ভোগাঃ ইত্যুক্তাঃ কর্ম্মবিপাকাঃ ফলবিশেষঃ, তদাশয়াস্তেষাং সংস্কারাঃ তৈঃ ক্লেশাদিভিরসংস্পৃষ্টঃ পুরুষবিশেষ ঈশ্বরো ভবতি সোহপি জীববদসঙ্গশ্চিদ্রূপশ্চেত্যর্থঃ॥১০৫

নম্বসঙ্গচিদ্রূপত্বে কথং নিয়ন্তৃত্বমিত্যত আহ—তথাপীতি। ঈশ্বরস্য নিয়ন্তৃত্বানভ্যুপগমে দোষমাহ—অব্যবস্থাবিতি॥ ১০৬॥

অসঙ্গস্যেশ্বরস্য নিয়ন্তৃত্বং নিষ্প্রমাণকমিত্যাশঙ্ক্যাহ—ভীষেতি। তন্নিয়ন্তৃত্বং শ্রুতম্।

---

ক্ষেত্রজ্ঞপতি ও গুণেশ্বর ইত্যাদি নামে তিনি শ্রুতিপ্রসিদ্ধ। আর বৃহদারণ্যক শ্রুতি তাঁহাকেই অন্তর্যামিরূপে প্রতিপাদন করিয়াছেন। ১০২।১০৩

উক্ত ঈশ্বরের স্বরূপ বিষয়েও বাদীরা স্বীয় স্বীয় যুক্তিদ্বারা বহুপ্রকার কলহ করিয়া থাকে, এবং আপন মতের দৃঢ়তা সম্পাদন অভিপ্রায়ে স্বীয় স্বীয় মতোপযোগী শ্রুতি সকলও উদাহরণ দিয়া থাকে। ১০৪।

যাঁহাতে অবিদ্যাদি পঞ্চ ক্লেশ, কর্ম্ম, জন্ম, জীবন, সুখ, দুঃখ ও তৎ-সংস্কারেও যথাবুদ্ধি সংস্পর্শ নাই, সেই পুরুষবিশেষ ঈশ্বরশব্দের বাচ্য; জীবের ন্যায় তিনিও অসঙ্গ চেতনস্বরূপ। ১০৫।

(যদিও ঈশ্বর অসঙ্গ চেতনস্বরূপ তথাপি) তাঁহার পুরুষবিশেষত্ব হেতু, নিয়ন্তৃত্ব স্বীকার করা যায়। যদি তাঁহার নিয়ন্তৃত্ব অঙ্গীকার না করা যায়, তবে বন্ধমোক্ষাদি ব্যবস্থার অনিয়ম হয়। তাঁহার নিয়মে বায়ু প্রবাহিত হয়,

শ্রুতং তদ্‌যুক্তমপ্যস্য ক্লেশকর্ম্মাদ্যসঙ্গমাৎ ॥ ১০৭ ॥
জীবানামপ্যসঙ্গত্বাৎ ক্লেশাদি ন হ্যথাপি চ।
বিবেকাগ্রহতঃ ক্লেশকর্ম্মাদি প্রাগুদীরিতম্‌ ॥ ১০৮ ॥
নিত্যজ্ঞানপ্রযত্নেচ্ছাগুণানীশস্য মন্বতে।
অসঙ্গস্য নিয়ন্তৃত্বমযুক্তমিতি তার্কিকাঃ ॥ ১০৯ ॥
পুংবিশেষত্বমপ্যস্য গুণৈরেব ন চান্যথা।
সত্যকামঃ সত্যসঙ্কল্প ইত্যাদি শ্রুতির্জগৌ ॥ ১১০ ॥
নিত্যজ্ঞানাদিমত্ত্বেঽস্য সৃষ্টিরেব সদা ভবেৎ।

---

নন্বপ্রাবাণঃ প্লবন্তে ইতিবৎ শ্রুতমপ্যযুক্তং কথমঙ্গীক্রিয়তে ইত্যত আহ—যুক্তমপীতি। জীবধর্ম্মস্য ক্লেশাদেরভাবাদুপপন্নঞ্চেত্যর্থঃ ॥ ১০৭ ॥

নন্বু জীবা অপি অসঙ্গচিদ্রূপাঃ ক্লেশাদিরহিতা এব তথা চেশ্বরে কো বিশেষ ইত্যাশঙ্ক্য জীবানাং স্বতঃ ক্লেশাদিরহিতত্বেঽপি বুদ্ধ্যা সহ বিবেকাগ্রহাৎ ক্লেশাদিরস্তীতি পূর্ব্বোক্তং স্মারয়তি—জীবানামিতি ॥ ১০৮ ॥

তার্কিকাস্ত্বসঙ্গস্য নিয়ামকত্বমসহমানা জীববিলক্ষণত্বায় জ্ঞানাদিগুণত্রয়ং নিত্যমঙ্গীকুর্ব্বন্ত ইত্যাহ—নিত্যজ্ঞানেতি ॥ ১০৯ ॥

নন্বিচ্ছাদিগুণকস্য তস্য কথং জীবাদ্‌বৈলক্ষণ্যমিত্যাশঙ্ক্য গুণানাং নিত্যত্বাদেবেতি পরিহরতি—পুং বিশেষত্বমিতি। গুণানাং নিত্যত্বে প্রমাণমাহ—সত্যেতি ॥ ১১০ ॥

তত্রাপি দোষসদ্ভাবাৎ পক্ষান্তরমাহ—নিত্যেতি। তস্য হিরণ্যগর্ভস্য কিং রূপমিত্যত

---

সূর্য্য উদিত হয়, ইত্যাদি শ্রুতি এবং সুখ-দুঃখাদিতে অসংযুক্তত্বরূপ যুক্তি দ্বারাও তাঁহার নিয়ন্তৃত্ব প্রতিপাদিত হইয়াছে। ১০৬।১০৭।

স্বরূপতঃ জীব সকল অসঙ্গ চৈতন্যস্বরূপ, সুতরাং সুখ-দুঃখাদিশূন্য হইলেও প্রকৃতির সহিত তাঁহার ভেদজ্ঞানের অভাবে ক্লেশকর্ম্মাদি কল্পিত হয়, ইহা পূর্ব্বে ব্যক্ত হইয়াছে। ১০৮।

তার্কিকদিগের মত এই যে, অসঙ্গ চেতনস্বরূপ ঈশ্বরের নিয়ন্তৃত্ব হইতে পারে না, নিত্য জ্ঞান, নিত্যপ্রযত্ন ও নিত্য ইচ্ছাগুণ ঈশ্বরে আছে। সেই সকল গুণ আছে বলিয়াই ঈশ্বরকেও পুরুষবিশেষ বলা হয়, নতুবা তাহা হইত না। শ্রুতিতেও আছে, তিনি সত্যকাম সত্যসংকল্প ইত্যাদি। ১০৯।১১০।

ঈশ্বরের নিত্যজ্ঞানাদি স্বীকার করিলে সর্ব্বদাই সৃষ্টি হইতে পারে, (কিন্তু তাহা হইতেছে না), অতএব লিঙ্গশরীর সমষ্টিরূপ উপাধিযুক্ত হিরণ্যগর্ভ

হিরণ্যগর্ভ ঈশোঽতো লিঙ্গদেহেন সংযুতঃ ॥ ১১১ ॥
উদ্গীথব্রাহ্মণে তস্য মাহাত্ম্যমতিবিস্তৃতম্ ।
লিঙ্গসত্ত্বেঽপি জীবত্বং নাস্য কর্ম্মাদ্যভাবতঃ ॥ ১১২ ॥
স্থূলদেহং বিনা লিঙ্গদেহো ন ক্বাপি দৃশ্যতে ।
বৈরাজো দেহ ঈশোঽতঃ সর্ব্বতো মস্তকাদিমান্ ॥ ১১৩
সহস্রশীর্ষেত্যেবং হি বিশ্বতশ্চক্ষুরিত্যপি ।
শ্রুতমিত্যাহুরনিশং বিশ্বরূপস্য চিন্তকাঃ ॥ ১৪ ॥
সর্ব্বতঃপাণিপাদত্বে ক্রি ( কৃ ) ম্যাদেরপি চেশতা ।
ততশ্চতুর্ম্মুখো দেব এবেশো নেতরঃ পুমান্ ॥ ১১৫ ॥
পুত্রার্থং তমুপাসীনা এবমাহুঃ প্রজাপতিঃ ।

---

আহ—লিঙ্গদেহেনেতি। মায়োপাধিকঃ পরমাত্মা লিঙ্গশরীরসমষ্ট্যভিমানেন হিরণ্যগর্ভ ইত্যুচ্যতে ইত্যর্থঃ ॥ ১১১ ॥

হিরণ্যগর্ভস্যেশ্বরত্বে কিং প্রমাণমিত্যত আহ—উদ্গীথেতি। ননু লিঙ্গশরীরযোগে জীবঃ স্যাদিত্যাশঙ্ক্যাবিদ্যাকামকর্ম্মাভাবান্ন জীব ইত্যাহ—লিঙ্গসত্ত্বেঽপীতি ॥ ১১২ ॥

কেবললিঙ্গশরীরস্য স্থূলশরীরং বিহায়ানুপলভ্যমানত্বাৎ স্থূলশরীরসমষ্ট্যভিমানী বিরাড়েবেশ্বর ইত্যাহ—স্থূলদেহং বিনেতি ॥ ১১৩ ॥

তৎসদ্ভাবে প্রমাণমাহ—সহস্রশীর্ষেতি। শ্রুতং বাক্যমিতি শেষঃ। বিশ্বরূপস্য চিন্তকাঃ বিরাডুপাসকাঃ ॥ ১১৪ ॥

অত্রাপি দোষদৃষ্ট্যা দেবতান্তরমালম্বত ইত্যাহ—সর্ব্বত ইতি ॥ ১১৫ ॥

---

ঈশ্বর। উদ্গীথ ব্রাহ্মণে ইহাঁর মাহাত্ম্য বিস্তৃত আছে, তাঁহার লিঙ্গশরীর-সত্ত্বেও কর্ম্মাদির অভাব হেতু তিনি জীব নহেন। ১১১।১১২।

বিশ্বরূপ উপাসকেরা বলেন, পুরুষই ঈশ্বর; শ্রুতিতেও নানাস্থানে আছে, তিনি সহস্রশীর্ষা, বিশ্বতশ্চক্ষু, ইত্যাদি। স্থূল শরীর ব্যতিরেকে কেবল লিঙ্গ-শরীরের উপলব্ধি হয় না, অতএব স্থূলশরীর-সমষ্টি-অভিমানী-সহস্রমস্তকাদি-বিশিষ্ট বিরাট্‌কে অনেক পাদবিশিষ্ট হইলেই যদি ঈশ্বর বলিতে হয়, তবে শতপদবিশিষ্ট কীটাদিকেও ঈশ্বর বলিতে হয়, অতএব তাহা নহে, চতুর্ম্মুখ ব্রহ্মাই ঈশ্বর, তদতিরিক্ত কোন পুরুষই ঈশ্বর নহেন। ১১৩—১১৫।

প্রজা অসৃজতেত্যাদিশ্রুতাংশোদাহরন্ত্যমী ॥ ১১৬

বিষ্ণোর্নাভেঃ সমুদ্ভূতো বেধাঃ কমলজস্ততঃ।
বিষ্ণুরেবেশ ইত্যাহুর্লোকে ভাগবতা জনাঃ ॥ ১১৭ ॥

শিবস্য পাদাবন্বেষ্টুং শার্ঙ্গ্যশক্তস্ততঃ শিবঃ।
ঈশো ন বিষ্ণুরিত্যাহুঃ শৈবা আগমমানিনঃ ॥ ১১৮ ॥

পুরত্রয়ং সাধয়িতুং বিঘ্নেশং সোঽপ্যপূজয়ৎ।
বিনায়কং প্রাহুরীশং গাণপত্যমতে রতাঃ ॥ ১১৯ ॥

এবমন্যে স্বস্বপক্ষাভিমানেনান্যথান্যথা।
মন্ত্রার্থবাদকল্পাদীনাশ্রিত্য প্রতিপেদিরে ॥ ১২০ ॥

---

এবং কৈশ্চিদ্যতে ইত্যত আহ—পুত্রার্থমিতি। প্রজাপতিঃ প্রজা অসৃজতেত্যাদিবাক্যং তত্র প্রমাণমিত্যাহুরিত্যাহ—প্রজাপতিরিতি ॥ ১১৬ ॥

ভাগবতমতমাহ—বিষ্ণোরিতি। ভাগবতা ভগবদুপাসকা ইত্যর্থঃ ॥ ১১৭ ॥

শৈবানাং মতমাহ—শিবস্যেতি। শৈবাঃ শিবোপাসকাঃ ॥ ১১৮ ॥

গাণপত্যমতমাহ—পুরত্রয়মিতি। বিঘ্নেশং গণপতিম্ ॥ ১১৯ ॥

উক্তন্যায়মন্যত্রাপ্যতিদিশতি—এবমিতি। অন্যে ভৈরবমৈরালাদ্যুপাসকাঃ। অন্যথান্যথা-বর্ণনে কারণমাহ—স্বস্বেতি। তত্র তত্র প্রমাণানি সন্তীতি দর্শয়তি—মন্ত্রেতি ॥ ১২০ ॥

---

পুত্র কামনা করিয়া যাহারা ব্রহ্মার উপাসনা করে, তাহারা এই কথা বলে, এবং "প্রজাপতিঃ প্রজা অসৃজত" ইত্যাদি শ্রুতি প্রমাণ দিয়া থাকে। ১১৬।

পূর্ব্বোক্ত চতুর্ম্মুখ ব্রহ্মা, বিষ্ণুর নাভিপদ্ম হইতে উৎপন্ন, সুতরাং তিনি ঈশ্বর নহেন, পরন্তু বিষ্ণু ব্রহ্মারও জনক, অতএব বিষ্ণুই ঈশ্বর, ইহা বৈষ্ণবেরা বলেন। বিষ্ণু শিবের পাদদ্বয় অন্বেষণ করিতে গিয়া তাহাতে অসমর্থ হন; সুতরাং তাঁহাকে ঈশ্বর বলা যাইতে পারে না, শিবই ঈশ্বর; ইহা আগমাভিজ্ঞ শৈবগণ বলিয়া থাকেন। ১১৭।১১৮।

গাণপত্যমতাবলম্বীরা বলেন যে, পুরত্রয় সংহার করিবার সময়ে শিবও বিঘ্নেশ গণপতির পূজা করিয়াছিলেন; অতএব শিব ঈশ্বর নহেন, গণপতিই ঈশ্বর। ১১৯।

এই প্রকার অন্যান্য উপাসকেরাও স্বীয় স্বীয় পক্ষের সত্যত্বাভিমানে মন্ত্র, অর্থবাদ, ও কল্প আশ্রয় করিয়া অন্যান্যরূপে ঈশ্বর প্রতিপাদন করেন। অধিক

অন্তর্যামিণমারভ্য স্থাবরান্তেশবাদিনঃ।
সন্ত্যশ্বত্থার্কবংশাদেঃ কুলদৈবতদর্শনাৎ ॥ ১২১ ॥
তত্ত্বনিশ্চয়কামেন ন্যায়াগমবিচারিণাম্।
একৈব প্রতিপত্তিঃ স্যাৎ সাপ্যত্র স্ফুটমুচ্যতে ॥ ১২২ ॥
মায়ান্তু প্রকৃতিং বিদ্যান্মায়িনন্তু মহেশ্বরম্।
অস্যাবয়বভূতৈস্তু ব্যাপ্তং সর্ব্বমিদং জগৎ ॥ ১২৩ ॥
ইতি শ্রুত্যনুসারেণ ন্যায্যো নির্ণয় ঈশ্বরে।
তথা সত্যবিরোধঃ স্যাৎ স্থাবরান্তেশবাদিনাম্ ॥ ১২৪ ॥

---

এবং কতি মতানীত্যাশঙ্ক্যাসংখ্যানীত্যাহ—অন্তর্যামিণমিতি। স্থাবরেশবাদো ন কাপি দৃষ্টচর ইত্যাশঙ্ক্যাহ—অশ্বত্থার্কেতি ॥ ১২১ ॥

নন্বেবং মতভেদে কস্যোপাদেয়ত্বং কস্য বা হেয়ত্বমিত্যাকাঙ্ক্ষায়ামাহ—তত্ত্বনিশ্চয়েতি। তত্ত্বনিশ্চয়কামেন তত্ত্বনিশ্চয়েচ্ছয়া ন্যায়াগময়োর্ব্বিচারশীলানাং পুরুষাণাং প্রতিপত্তিরেকৈব স্যাৎ। সা কীদৃশী ইত্যত আহ—সাপ্যত্রেতি ॥ ১২২ ॥

তামেব প্রতিপত্তিং দর্শয়িতুং তদনুকূলাং শ্রুতিং পঠতি—মায়ান্ত্বিতি। মায়ামেব প্রকৃতিং জগদুপাদানকারণং বিদ্যাৎ জানীয়াৎ মায়িনন্তু মায়োপাধিকম্ অন্তর্যামিণম্ এব মহেশ্বরং মায়াধিষ্ঠাতারং নিমিত্তকারণং জানীয়াৎ। অস্য মায়িনো মহেশ্বরস্যাবয়বভূতৈরংশরূপৈ-শ্চরাচরৈর্জীবৈঃ কৃৎস্নমিদং জগদ্ ব্যাপ্তমিত্যস্যাঃ শ্রুতেরর্থঃ ॥ ১২৩ ॥

এতচ্ছ্রুত্যনুসারেণ ঈশ্বরবিষয়নির্ণয়ো যুক্ত ইত্যাহ—ইতীতি। কুতো যুক্ত ইত্যাশঙ্ক্য সর্ব্বমতাবিরুদ্ধত্বাদিত্যাহ—তথেতি। সর্ব্বস্যাপীশ্বরত্বাভ্যুপগমান্ন কেনাপি বিরোধ ইতি ভাবঃ ॥ ১২৪ ॥

---

কি অন্তর্যামী হইতে স্থাবর পর্য্যন্তকেও ঈশ্বর বলিয়া থাকেন, যেহেতু অশ্বত্থ, আকন্দ, বংশ প্রভৃতি বৃক্ষ সকলও লোকের কুলদেবতা দেখা যায়। ১২০।১২১

তত্ত্ব নিশ্চয় করিবার ইচ্ছায় যাঁহারা সদ্‌যুক্তি ও আগম বিচার করেন, তাঁহাদিগের একই সিদ্ধান্ত; তাহা স্পষ্টরূপে নিরূপণ করিতেছি। ১২২।

"প্রকৃতিকে মায়া এবং ঈশ্বরকে মায়াবিশিষ্ট পুরুষ বলিয়া জানিবে, তাঁহার অবয়বস্বরূপ সমুদায় জীব দ্বারা সমস্ত জগৎ ব্যাপ্ত হইয়া রহিয়াছে।" এই সকল শ্রুতি অনুসারে ঈশ্বরের নির্ণয় কর্ত্তব্য; সুতরাং স্থাবরান্ত ঈশ্বর-বাদীদিগের আর বিরোধের সম্ভাবনা নাই। ১২৩।১২৪।

মায়া চেয়ং তমোরূপা তাপনীয়ে তদীরণাৎ।
অনুভূতিং তত্র মানং প্রতিজজ্ঞে শ্রুতিঃ স্বয়ম্ ॥ ১২৫ ॥
জড়ং মোহাত্মকং তচ্চেত্যনুভাবয়তি শ্রুতিঃ।
আবালগোপং স্পষ্টত্বাদানন্ত্যং তস্য সাব্রবীৎ ॥ ১২৬ ॥
অচিদাত্মঘটাদীনাং যৎ স্বরূপং জড়ং হি তৎ।
যত্র কুণ্ঠীভবেৎ বুদ্ধিঃ স মোহ ইতি লৌকিকাঃ ॥ ১২৭ ॥
ইত্থং লৌকিকদৃষ্ট্যৈতৎ সর্বৈরপ্যনুভূয়তে।
যুক্তিদৃষ্ট্যা ত্বনির্ব্বাচ্যং নাসদাসীদিতি শ্রুতেঃ ॥ ১২৮ ॥

---

ননু জগৎপ্রকৃতিভূতায়াঃ মায়ায়াঃ কিং রূপম্ ইত্যত আহ—মায়া চেয়মিতি। কুত ইত্যত আহ,—তাপনীয় ইতি। মায়া চ তমোরূপেতি তাপনীয়োপনিষদি তমোরূপত্বস্যাভিধানাৎ ইত্যর্থঃ। মায়ায়াস্তমোরূপত্বে কিং প্রমাণমিত্যাকাঙ্ক্ষায়াম্ অনুভূতেরিতি শ্রুতিরেবাত্রানুভবঃ প্রমাণমিতি প্রতিজানীত·ইত্যাহ—অনুভূতিমিতি ॥ ১২৫ ॥

তত্র মায়ায়াস্তমোরূপত্বে কোহসাবনুভব ইত্যাকাঙ্ক্ষায়াং তদেতজ্জড়ং মোহাত্মকমিতি শ্রুতিরেবাত্রানুভবং স্পষ্টয়তি ইত্যাহ,—জড়মিতি। অনন্তমিতি শ্রুত্যা সর্ব্বানুভবসিদ্ধত্বমুচ্যত ইত্যাহ,—আবালেতি ॥ ১২৬ ॥

জড়শব্দস্যার্থমাহ,—অচিদাত্মেতি। মোহশব্দার্থমাহ,—যত্রেতি ॥ ১২৭ ॥

উক্তপ্রকারেণ সর্ব্বানুভবসিদ্ধত্বলক্ষণমানন্ত্যং সিদ্ধমিত্যাহ—ইত্থমিতি। এতজ্জাড্যমোহলক্ষণং তমোরূপত্বম্। নন্বেবং মায়ায়াঃ সর্ব্বানুভবসিদ্ধত্বে ঘটাদিবৎ জ্ঞানেনানিবর্ত্ত্যত্বং

---

এই মায়া তমঃস্বরূপা অর্থাৎ অজ্ঞানস্বরূপা; ইহা তাপনীয় শ্রুতিতে ব্যক্ত আছে। অনুভবই যে তদ্বিষয়ে প্রমাণ, ইহাও শ্রুতিতে পুনঃপুনঃ প্রতিজ্ঞাত আছে। ১২৫

মায়া যে জড়স্বরূপ অথচ মোহরূপ, তাহা শ্রুতিবাক্যে স্পষ্ট বোধিত হইয়াছে, বালক মূর্খ প্রভৃতি সর্ব্বত্র পরিব্যক্ত বলিয়া মায়া যে অনন্ত, ইহাও শ্রুতিপ্রতিপাদিত। অচেতন ঘটাদির যে স্বরূপ, তাহাকে জড় বলা যায় এবং বুদ্ধি যে বস্তুতে প্রবেশ করিতে অসমর্থ হয়, তাহাকে মোহ বলা যায়, ইহাই ব্যবহার। ১২৬।১২৭।

উক্তপ্রকার লৌকিক দৃষ্টিতে মায়ার সর্ব্বানুভবসিদ্ধ অনন্তরূপত্ব ইহাই ব্যবহারসিদ্ধ হইল, (কিন্তু জ্ঞান দ্বারা যে তাহার নাশ হয়, ইহা অবশ্য স্বীকার

নাসদাসীদ্ বিভাতত্বান্নো সদাসীচ্চ বাধনাৎ।
বিদ্যাদৃষ্ট্যা শ্রুতং তুচ্ছং তস্য নিত্যনিবৃত্তিতঃ ॥ ১২৯ ॥

তুচ্ছানির্ব্বচনীয়া চ বাস্তবী চেত্যসৌ ত্রিধা।
জ্ঞেয়া মায়া ত্রিভির্ব্বোধৈঃ শ্রৌতযৌক্তিকলৌকিকৈঃ ॥ ১৩০ ॥

অস্য সত্ত্বমসত্ত্বঞ্চ জগতো দর্শয়ত্যসৌ।
প্রসারণাচ্চ সঙ্কোচাদ্ যথা চিত্রপটস্তথা ॥ ১৩১ ॥

অস্বতন্ত্রা হি মায়া স্যাদপ্রতীতের্বিনা চিতিম্।
স্বতন্ত্রাপি তথৈব স্যাদসঙ্গস্যান্যথাকৃতেঃ ॥ ১৩২ ॥

---

স্যাদিত্যাশঙ্ক্যাহ,—যুক্তীতি। তুশব্দঃ শঙ্কাব্যাবৃত্ত্যর্থঃ। অনির্ব্বাচ্যং সত্ত্বেনাসত্ত্বেন সদসত্ত্বেন বা নির্ব্বক্তুমশক্যম্। তত্র কিং প্রমাণমিত্যত আহ—নাসদিতি ॥ ১২৮ ॥

অস্যাঃ শ্রুতেরভিপ্রায়মাহ,—নাসদিতি। বাধনা'ন্নেহ নানাস্তি কিঞ্চনে'তি শ্রুত্যা নিষেধনা-দিত্যর্থঃ। সদসদ্রূপত্বং তু বিরুদ্ধত্বাদযুক্তম্, ইতি শ্রুত্যোপেক্ষিতম্। এবং যুক্তদৃষ্ট্যানির্ব্বচনীয়ত্বং প্রদর্শ্য 'তুচ্ছমিদং রূপমস্যে'তি শ্রুতিবিদ্বদনুভবেন তস্যাস্তুচ্ছত্বং দর্শয়তীত্যাহ—বিদ্যেতি। তুচ্ছত্বে হেতুমাহ—তস্যেতি ॥ ১২৯ ॥

উপপাদিতমর্থমুপসংহরতি,—তুচ্ছেতি। শ্রৌতবোধেন তুচ্ছা কালত্রয়েঽপ্যসতী যৌক্তিক-বোধেনানির্বচনীয়া লৌকিকবোধেন বাস্তবী চ ইত্যেবং ত্রিধা মায়া জ্ঞেয়েত্যর্থঃ ॥ ১৩০ ॥

অস্য সত্ত্বমসত্ত্বঞ্চ দর্শয়তীতি শ্রুতেরর্থমস্যাঃ কৃত্যমাহ,—অস্যেতি। একস্যা এব মায়ায়া জগৎসত্ত্বাসত্ত্বপ্রদর্শকত্বে দৃষ্টান্তমাহ,—প্রসারণাদিতি ॥ ১৩১ ॥

স্বতন্ত্রাস্বতন্ত্রত্বেনেতি শ্রুত্যা মায়ায়াঃ স্বাতন্ত্র্যাস্বাতন্ত্র্যে দর্শিতে, তত্রোভয়ত্রোপপত্তিমাহ—

---

করিতে হয়।) কিন্তু যুক্তিদ্বারা তাহার স্বরূপ নিশ্চয় করা যায় না এবং শ্রুতিতেও অনির্ব্বাচ্যরূপে কথিত হইয়াছে, যথা অনুভবপ্রযুক্ত মায়াকে অসৎ বলা যায় না এবং জ্ঞাননাশ্য হ প্রযুক্ত সৎও বলা যাইতে পারে না। জ্ঞানদৃষ্টিতে নিত্য নিবৃত্ত বলিয়া তাহাকে "তুচ্ছ" মাত্র বলা যায়। উক্ত মায়াকে তিন প্রকারে ব্যক্ত করা যায়, শ্রৌত দৃষ্টিতে তুচ্ছ, যুক্তিদৃষ্টিতে অনির্ব্বচনীয় এবং লৌকিক দৃষ্টিতে বাস্তবিক। ১২৮—১৩০।

যেমন চিত্রপটের সঙ্কোচ ও বিস্তার দ্বারা তত্রস্থ চিত্রিত পুত্তলিকাদির সত্ত্ব ও অসত্ত্ব দৃষ্ট হয়, তদ্রূপ এই মায়াই জগতের সত্ত্ব ও অসত্ত্ব; চৈতন্য ব্যতিরেকে মায়ার স্বতন্ত্র উপলব্ধি হয় না, এজন্য তাহাকে পরাধীন বলা যায়

কূটস্থাসঙ্গমাত্মানং জড়ত্বেন করোতি সা।
চিদাভাসস্বরূপেণ জীবেশাবপি নির্ম্মমে ॥ ১৩৩ ॥
কূটস্থমনপাকৃত্য করোতি জগদাদিকম্।
দুর্ঘটৈকবিধায়িন্যাং মায়ায়াং কা চমৎকৃতিঃ ॥ ১৩৪ ॥
দ্রবত্বমুদকে বহ্নাবৌষ্ণ্যং কাঠিন্যমশ্মনি।
মায়ায়া দুর্ঘটত্বঞ্চ স্বতঃ সিধ্যতি নান্যথা ॥ ১৩৫ ॥
ন বেত্তি মায়িনং লোকে যাবৎ তাবচ্চমৎকৃতিম্।
ধত্তে মনসি পশ্চাৎ তু মায়ৈষেত্যুপশাম্যতি ॥ ১৩৬ ॥

অস্বতন্ত্রেতি। স্বভাসকংচৈতন্যং বিহায় ন প্রকাশত ইত্যস্বতন্ত্রা অসঙ্গস্যাত্মনোঽন্যথাকরণাৎ স্বতন্ত্রাত্যপীর্থঃ ॥ ১৩২ ॥

অন্যথাকরণমেব স্পষ্টয়তি,—কূটস্থাসঙ্গমিতি। জীবেশাবাভাসেন করোতীতি শ্রুত্যুক্তং জীবেশ্বরবিভাগঞ্চ করোতীত্যাহ,—চিদাভাসেতি ॥ ১৩৩ ॥

নন্বাত্মনোঽন্যথাকরণে কূটস্থত্বহানিঃ স্যাদিত্যাশঙ্ক্যাহ,—কূটস্থমিতি। নন্থ কূটস্থত্বাবিঘাতেন জগদাদিস্বরূপত্বাপাদানং দুর্ঘটমিত্যাশঙ্ক্য মায়ায়া দুর্ঘটৈকবিধায়িত্বান্নেদমাশ্চর্য্যকারণমিত্যাহ,—দুর্ঘটৈকেতি অন্যথা মায়াত্বমেব ভজ্যেতেতি ভাবঃ ॥ ১৩৪ ॥

মায়ায়া দুর্ঘটকার্য্যকারিত্বস্বভাবত্বে দৃষ্টান্তমাহ—দ্রবত্বমিতি। উদকাদীনাং দ্রবত্বাদি যথা স্বাভাবিকং তদ্বন্মায়া দুর্ঘটকারিত্বমিত্যর্থঃ ॥ ১৩৫ ॥

নন্থ মায়ায়া দুর্ঘটকারিত্বমাশ্চর্য্যকারণং ন ভবতীত্যুক্তমনুপপন্নং লোকে মায়ায়াশ্চমৎকার-হেতুত্বদর্শনাদিত্যাশঙ্ক্য মায়াপ্রযোক্তুর্নাক্ষাৎকারপর্য্যান্তমেবাস্যা আশ্চার্য্যকারণত্বং নোপরিষ্টাদিত্যাহ,—ন বেত্তীতি ॥ ১৩৬ ॥

এবং অসঙ্গচৈতন্যকে অন্যরূপ অর্থাৎ সসঙ্গাদি করে বলিয়া তাহাকে স্বাধীনও বলা যায়। মায়ার এমন সামর্থ্য যে, কূটস্থ চৈতন্যকে অচেতন জড়স্বরূপ প্রতীত করায় এবং আভাসচৈতন্য দ্বারা জীব ও ঈশ্বরের স্বরূপ নির্ম্মাণ করিয়া তাহার প্রভেদ প্রতীত করায়. আত্মার কূটস্থস্বরূপের কোন হানি না করিয়াই তাঁহাতে জগৎ ভাসমান করে। (ইহা আশ্চর্য্যব্যাপার হইলেও দুর্ঘট-ঘটনাপটীয়সী সেই মায়ার পক্ষে ইহা আর আশ্চর্য্য কি? ১৩১—১৩৪।

যেমন জলে দ্রবস্বভাব, অগ্নিতে উষ্ণস্বভাব এবং প্রস্তরে কঠিনস্বভাব স্বতঃসিদ্ধই আছে, মায়ার অঘটন-ঘটনাহেতুত্বও তদ্রূপ স্বতঃ সিদ্ধ, অন্যরূপে সিদ্ধ নহে। যতকাল পর্য্যন্ত মায়ার প্রয়োজয়িতা ঈশ্বরকে লোকে সাক্ষাৎ না

প্রসরন্তি হি চোদ্যানি জগদ্বস্তুত্ববাদিষু।
ন চোদনীয়ং মায়ায়াং তস্যাশ্চোদ্যৈকরূপতঃ ॥ ১৩৭ ॥
চোদ্যেঽপি যদি চোদ্যং স্যাৎ তচ্চোদ্যে চোদ্যতে ময়া।
পরিহার্য্যং ততশ্চোদ্যং ন পুনঃ প্রতিচোদ্যতাম্ ॥ ১৩৮ ॥
বিস্ময়ৈকশরীরায়া মায়ায়াশ্চোদ্যরূপতঃ।
অন্বেষ্যঃ পরিহারোঽস্যা বুদ্ধিমদ্ভিঃ প্রযত্নতঃ ॥ ১৩৯ ॥
মায়াত্বমেব নিশ্চেয়মিতি চেৎ তর্হি নিশ্চিনু।
লোকপ্রসিদ্ধমায়ায়া লক্ষণং যৎ তদীক্ষ্যতাম্ ॥ ১৪০ ॥

---

কিঞ্চ জগৎসত্যত্ববাদিনো নৈয়ায়িকাদীন্ প্রত্যেবংবিধানি চোদ্যানি কর্ত্তব্যানি, ন মায়াবাদিনং প্রতীত্যাহ,—প্রসরন্তীতি ॥ ১৩৭ ॥

মায়াবাদিনং প্রতি চোদ্যকরণেঽতিপ্রসঙ্গমাহ,—চোদ্যেঽপীতি। তর্হি কিং কর্ত্তব্যমিত্যত আহ—পরিহার্য্যমিতি ॥ ১৩৮ ॥

উক্তমেবার্থং প্রপঞ্চয়তি,—বিস্ময়েতি ॥ ১৩৯ ॥

মায়াত্বনিশ্চয়ে তৎপরিহারান্বেষণমুচিতং স এব নেদানীং সিদ্ধ ইতি শঙ্কতে,—মায়াত্বমিতি, মায়ায়া লক্ষণসদ্ভাবাৎ মায়াত্বং নিশ্চীয়তামিত্যভিপ্রায়েণাহ—তর্হীতি। কিং লক্ষণমিত্যত আহ—লোকেতি ॥ ১৪০ ॥

---

জানে, ততকাল পর্য্যন্ত মায়া লোককে বিস্ময়াভিভূত করে, পশ্চাৎ তাঁহাকে জানিলে মায়ার মিথ্যা স্বরূপ জানিয়া বিস্ময় হইতে নিবৃত্ত হয়। ১৩৫।১৩৬।

জগৎ-সত্যত্ববাদী নৈয়ায়িকদিগের প্রতি উক্তপ্রকার পূর্ব্বপক্ষ বা সিদ্ধান্ত সকলই সম্ভব হয়, আর জগতের মায়াময়ত্ববাদী বৈদান্তিকদিগের প্রতি এ সকলই অসম্ভব, যেহেতু মায়া স্বয়ংই পূর্ব্বপক্ষস্বরূপ। যদি সেই পূর্ব্বপক্ষ-স্বরূপের প্রতি পূর্ব্বপক্ষ করা উচিত হয়, তবে তোমার সেই পূর্ব্বপক্ষের প্রতি পুনর্ব্বার আমিও পূর্ব্বপক্ষ করিতে পারি, অতএব পূর্ব্বপক্ষরূপ বিস্ময়শরীরা মায়ার প্রতি আর পূর্ব্বপক্ষ না করিয়া তাহার পরিহার অন্বেষণে যত্ন করাই বুদ্ধিমান্ জীবের কর্ত্তব্য। ১৩৭।১৩৯।

যদি বল, মায়ার প্রতি পূর্ব্বপক্ষ না করিয়া তাহার স্বরূপ নিশ্চয় করিব, কিরূপে? তাহাতে সিদ্ধান্ত এই যে, যদি মায়ার স্বরূপ নিরূপণ করিতে ইচ্ছা

ন নিরূপয়িতুং শক্যা বিস্পষ্টং ভাসতে চ যা।
সা মায়েতীন্দ্রজালাদৌ লোকাঃ সম্প্রতিপেদিরে ॥ ১৪১ ॥
স্পষ্টং ভাতি জগচ্চেদমশক্যং তন্নিরূপণম্।
মায়াময়ং জগৎ তস্মাদীক্ষস্বাপক্ষপাততঃ ॥ ১৪২ ॥
নিরূপয়িতুমারব্ধে নিখিলৈরপি পণ্ডিতৈঃ।
অজ্ঞানং পুরতস্তেষাং ভাতি কক্ষাসু কাসুচিৎ ॥ ১৪৩ ॥
দেহেন্দ্রিয়াদয়ো ভাবা বার্য্যেণোৎপাদিতাঃ কথম্।
কথং বা তত্র চৈতন্যমিত্যুক্তে তে কিমুত্তরম্ ॥ ১৪৪ ॥

তস্যা অপি কিং লক্ষণমিত্যত আহ—ন নিরূপয়িতুমিতি ॥ ১৪১ ॥
দৃষ্টান্তে সিদ্ধং লক্ষণং দার্ষ্টান্তিকে যোজয়তি—স্পষ্টমিতি ॥ ১৪২ ॥
জগতোঽশক্যনিরূপণত্বং কথমিত্যাশঙ্ক্য তদ্দর্শয়তি—নিরূপয়িতুমিতি ॥ ১৪৩ ॥
অশক্যনিরূপণত্বমেবোদাহরণেন স্পষ্টয়তি—দেহেন্দ্রিয়েতি ॥ ১৪৪ ॥

কর তবে প্রথমতঃ মায়ার লোকপ্রসিদ্ধ যে লক্ষণ, তাহা আলোচনা কর। সে লক্ষণ এই যে, যাহার স্বরূপ নিরূপণ করিতে পারা যায় না, অথচ স্পষ্ট প্রকাশ পায়—এরূপ যে সকল ঐন্দ্রজালিক ব্যাপার, তাহাকেই লোকে মায়া বলে। ১৪০।১৪১।

এই চরাচর জগৎ সুস্পষ্ট প্রকাশিত দেখিতেছি, কিন্তু ইহার কোন এক বস্তুর প্রতি বিশেষ মনোনিবেশপূর্ব্বক অনুসন্ধান করিলেও তাহার বিশেষ তথ্য জানিতে পারা যায় না, অতএব পক্ষপাতশূন্য হইয়া বিবেচনা কর,—এই জগৎ মায়াময় কি না? ১৪২।

যদি সমস্ত পণ্ডিতেরা একত্র হইয়া এই জগতের কোন এক বস্তুর তথ্য নিরূপণ করিতে আরম্ভ করেন, তথাপি কোন না কোন পক্ষে অবশ্যই তাঁহাদিগের অজ্ঞান প্রকাশ পাইবে এবং তাহার তথ্য নিরূপণ করিতে তাঁহারা অসমর্থ হইবেন। ১৪৩।

(মনে কর) আমি জিজ্ঞাসা করিলাম, বীর্য্য দ্বারা এই দেহ ও ইন্দ্রিয়াদি সকল কি প্রকারে উৎপন্ন হয় এবং কিরূপে বা তাহাতে চৈতন্য সম্বন্ধ হয়? তুমি ইহার কি উত্তর দিবে? ১৪৪।

বীর্য্যস্যৈব স্বভাবশ্চেৎ কথং তদ্‌বিদিতং ত্বয়া।
অন্বয়ব্যতিরেকৌ যৌ ভগ্নৌ তৌ বন্ধ্যাবীর্য্যতঃ ॥ ১৪৫ ॥
ন জানামি কিমপ্যেতদিত্যন্তে শরণং তব।
অতএব মহান্তোঽস্যাঃ প্রবদন্তীন্দ্রজালতাম্ ॥ ১৪৬ ॥
এতস্মাৎ কিমিবেন্দ্রজালমপরং যদ্ গর্ভবাসস্থিতং
রেতশ্চেততি হস্তমস্তকপদং প্রোদ্ভূতনানাঙ্কুরম্।
পর্য্যায়েণ শিশুত্বযৌবনজরারোগৈ * রনেকৈর্বৃতং
পশ্যত্যত্তি শৃণোতি জিঘ্রতি তথা গচ্ছত্যথাগচ্ছতি ॥ ১৪৭॥
দেহবদ্ বটধানাদৌ সুবিচার্য্যাবলোক্যতাম্।

স্বভাববাদী শঙ্কতে—বীর্য্যস্যেতি। সিদ্ধান্তী পৃচ্ছতি—কথং তদিতি। অন্বয়ব্যতিরেকাভ্যাং জানামীত্যাশঙ্ক্য ব্যাপ্ত্যভাবান্মৈবমিত্যাহ—অন্বয়ে ত ॥ ১৪৫ ॥

এবং পুনঃপুনঃ পৃষ্টে সতি কিমপি ন জানামীত্যেবোত্তরং দেয়মিতি ফলিতমাহ—ন জানামি ॥ ১৪৬ ॥

উক্তানির্ব্বচনীয়ত্বে বৃদ্ধসম্মতিং দর্শয়তি,—এতস্মাদিতি ॥ ১৪৭॥

যদি উত্তর কর—বীর্য্যেরই ঐ প্রকার স্বভাব, তবে জিজ্ঞাস্য এই যে, বীর্য্যের যে ঐ প্রকার স্বভাব, তাহা তুমি কিরূপে নিশ্চয় করিতে পার, এবং অন্বয় ব্যতিরেক বলিলে, বন্ধ্য পুরুষের বীর্য্যে তাহারও ত ভঙ্গ দেখিতেছি।১৪৫

অতএব অশেষে, জানি না বলিয়া তোমাকে অবিদ্যার শরণাপন্ন হইতেই হইবে, এই জন্যই মহৎ জ্ঞানী ব্যক্তিগণ অবিদ্যার ইন্দ্রজালত্ব এবং জগতের ঐন্দ্রজালিকত্ব স্বীকার করিয়াছেন। ১৪৬।

ইহা হইতে অপর ঐন্দ্রজালিক ব্যাপার আর কি আছে যে, গর্ভস্থিত একবিন্দুমাত্র রেতঃ চেতন-প্রাপ্ত হইয়া হস্ত, মস্তক, পদ প্রভৃতি নানা অঙ্গ-প্রত্যঙ্গবিশিষ্ট হয় এবং পর্য্যায় ক্রমে বাল্য, যৌবন ও বার্দ্ধক্য দশাগ্রস্ত ও নানা প্রকার রোগাদি দ্বারা আক্রান্ত হয়, আর দেখে, শুনে, অঘ্রাণ করে, ভোগ করে ও গমনাগমন করে। ১৪৭।

দেহের ন্যায় বটবৃক্ষাদির অতিক্ষুদ্র বীজেও বিচারপূর্ব্বক আলোচনা

* রেকৈরিতি মুম্বয়ীমুদ্রিতপুস্তকপাঠঃ।

ক ধানা কুত্র বা বৃক্ষস্তস্মান্মায়েতি নিশ্চিনু ॥ ১৪৮ ॥
নিরুক্তাবভিমানং যে দধতে তার্কিকাদয়ঃ।
হর্ষমিশ্রাদিভিস্তে তু খণ্ডনাদৌ সুশিক্ষিতাঃ ॥ ১৪৯ ॥
অচিন্ত্যাঃ খলু যে ভাবা ন তাংস্তর্কেষু যোজয়েৎ।
অচিন্ত্যরচনারূপং মনসাপি জগৎ খলু ॥ ১৫০ ॥
অচিন্ত্যরচনাশক্তিবীজং মায়েতি নিশ্চিনু।
মায়াবীজং তদেবৈকং সুষুপ্তাবনুভূয়তে ॥ ১৫১ ॥
জাগ্রৎস্বপ্নজগৎ তত্র লীনং বীজ ইব দ্রুমঃ।
তস্মাদশেষজগতো বাসনাস্তত্র সংস্থিতাঃ ॥ ১৫২ ॥

---

ন কেবলং দেহস্যৈকস্যৈব দুর্নিরূপত্বং কিন্তু বটবৃক্ষাদেরপীত্যাহ—দেহবদিতি ॥ ১৪৮ ॥

নন্বস্মাভির্নির্বক্তুমশক্যত্বেঽপি উদয়নাদিভিরাচার্য্যৈর্নিরুচ্যতে ইত্যাশঙ্ক্যাহ—নিরুক্তাবভিমানমিতি ॥ ১৪৯ ॥

উক্তার্থে সাম্প্রদায়িকানাং বাক্যং সংবাদয়তি—অচিন্ত্যা ইতি ॥ ১৫০ ॥

নন্থ ভবত্বেবং জগতোঽচিন্ত্যরচনাত্বং মায়ায়াং কিমায়াতমিত্যত আহ—অচিন্ত্যেতি। অচিন্ত্যরচনাশক্তিমদ্ যদ্ বীজং কারণং সৈব মায়েত্যর্থঃ। নন্বেবংবিধং কারণং ক দৃষ্টমিত্যত আহ—মায়েতি ॥ ১৫১ ॥

কথং তস্য জগদ্বীজত্বমিত্যত আহ,—জাগ্রদিতি। ততঃ কিমিত্যত আহ,—তস্মাদিতি। যতো জগৎকারণং মায়া অতোঽশেষজগদ্বাসনাস্তত্র মায়ায়াং তিষ্ঠন্তীত্যর্থঃ ॥ ১৫২ ॥

---

করিয়া দেখ যে, কোথায় সেই ক্ষুদ্রতম বীজ! আর কোথায়ই বা প্রকাণ্ড বৃক্ষ! অতএব তাহা যে মায়া, ইহা নিশ্চয় কর। ১৪৮।

যে সকল তার্কিক, পদার্থনিরূপণে আপনাকে অভিজ্ঞ বলিয়া অভিমান করে, তাহারা শ্রীহর্ষমিশ্রাদি পণ্ডিতের খণ্ডন প্রভৃতি গ্রন্থ হইতে শিক্ষা পাইয়াছে। যে সকল পদার্থ অচিন্তনীয়, তাহারা তর্ক দ্বারা নিরূপিত হইতে পারে না। জগতের রচনাও ত মনের অগোচর; (সুতরাং তদ্বিষয়ে তর্ক অনুচিত) মায়াকেই, অচিন্ত্যরচনারূপ এই জগতের রচনাশক্তির বীজস্বরূপ নিশ্চয় কর, যাহা সুষুপ্তিকালে অনুভূত হয়। ১৪৯—১৫১।

সেই এক অখণ্ড চৈতন্যই মায়ার কারণস্বরূপ; বীজে বৃক্ষশক্তির ন্যায় জাগ্রৎদৃষ্ট এবং স্বপ্নবিস্তৃত উভয়প্রকার জগৎ, সুষুপ্তিকালে সেই চৈতন্যে

যা বুদ্ধিবাসনাস্তাসু চৈতন্যং প্রতিবিম্বতি।
মেঘাকাশবদস্পষ্টশ্চিদাভাসোঽনুমীয়তাম্ ॥ ১৫৩ ॥
সাভাসমেব তদ্বীজং ধীরূপেণ প্ররোহতি।
অতো বুদ্ধৌ চিদাভাসো বিস্পষ্টং প্রতিভাসতে ॥ ১৫৪ ॥
মায়াভাসেন জীবেশৌ করোতীতি শ্রুতৌ শ্রুতম্।
মেঘাকাশজলাকাশাবিব তৌ সুব্যবস্থিতৌ ॥ ১৫৫ ॥

---

ততোঽপি কিং তত্রাহ,—যা বুদ্ধিবাসনা ইতি। নন্বু তাসু প্রতিবিম্বোঽস্তি চেৎ কুতো নানুভূয়তে ইত্যাশঙ্ক্যাস্পষ্টত্বাদিত্যাহ—মেঘেতি। তর্হি কুতস্তৎসিদ্ধিরিত্যত আহ—অনুমীয়তামিতি ॥ ১৫৩ ॥

নন্বু মেঘাংশোদকস্যাস্পষ্টাকাশপ্রতিবিম্ববত্ত্বেঽপি তজ্জাতীয়স্য ঘটোদকস্য স্পষ্টাকাশপ্রতিবিম্ববত্ত্বসম্ভাবাৎ মেঘাকাশানুমানং ঘটতে। ইহ তথাবিধদৃষ্টান্তাভাবাৎ কথমনুমানোদয় ইত্যাশঙ্ক্যাত্রাপি তথাবিধদৃষ্টান্তসম্পাদনায়াহ—সাভাসমিতি। চিদাভাসবিশিষ্টং তদেবাজ্ঞানং বুদ্ধিরূপেণ পরিণমমানং বিস্পষ্টচিদাভাসবদ্ ভবতীতি ভাবঃ। এবঞ্চেদমনুমানমত্র সূচিতং ভবতি বিমতা বুদ্ধিবাসনাশ্চিৎপ্রতিবিম্ববত্যো ভবিতুমর্হন্তি বুদ্ধ্যবস্থাবিশেষত্বাৎ বুদ্ধিবৃত্তিবদিতি ॥ ১৫৪ ॥

এবং জীবেশ্বরয়োর্মায়িকত্বং প্রত্যুক্তমুপপাদিতমুপসংহরতি—মায়াভাসেনেতি। নন্বু জীবেশয়োর্মায়িকত্বে সমানে কথমবান্তরভেদসিদ্ধিরিত্যাশঙ্ক্য স্পষ্টাস্পষ্টোপাধিমত্ত্বেন মেঘাকাশজলাকাশয়োরিব তৎসিদ্ধিরিত্যাহ—মেঘাকাশেতি ॥ ১৫৫ ॥

---

লীন হয়, সুতরাং সমস্ত জগতের বাসনা সূক্ষ্মরূপে তাঁহাতেই অবস্থিতি করে। ১৫২।

অন্তঃকরণের বাসনাসমূহে অর্থাৎ মায়াসংস্থিত অন্তঃকরণজনক সংস্কারসমূহে চৈতন্য প্রতিবিম্বিত হয়, সেই প্রতিবিম্বিত চিদাভাস মেঘাকাশের ন্যায় তখন অস্পষ্টরূপে থাকে, ইহা অনুমান করিতে হয়। বীজ স্বরূপ সেই আভাস সহ অজ্ঞানই পশ্চাৎ বুদ্ধিরূপে পরিণত হয়, এই জন্যই চিদাভাস বুদ্ধিতে স্পষ্টরূপে প্রতিভাত হইয়া থাকে। ১৫৩। ১৫৪।

পূর্ব্বোক্ত প্রকারে মায়া উভয়রূপ আভাস দ্বারা অখণ্ড চৈতন্যকে জীব ও ঈশ্বর রূপে কল্পনা করে, ইহা শ্রুতিতে উক্ত হইয়াছে। সেই জীব ও ঈশ্বর

মেঘবদ্ বর্ত্ততে মায়া মেঘস্থিততুষারবৎ।
ধীবাসনাশ্চিদাভাসস্তুষারস্থখবৎ স্থিতঃ॥ ১৫৬॥
মায়াধীনশ্চিদাভাসঃ শ্রুতো মায়ী মহেশ্বরঃ।
অন্তর্যামী চ সর্ব্বজ্ঞো জগদ্যোনিঃ স এব হি॥ ১৫৭
সৌষুপ্তমানন্দময়ং প্রক্রম্যৈবং শ্রুতির্জগৌ।
এষ সর্ব্বেশ্বর ইতি সোঽয়ং বেদোক্ত ঈশ্বরঃ॥ ১৫৮॥
সর্ব্বজ্ঞত্বাদিকে তস্য নৈব বিপ্রতিপদ্যতাম্।
শ্রৌতার্থস্যাবিতর্ক্যত্বান্মায়ায়াং সর্ব্বসম্ভবাৎ॥ ১৫৯॥

---

ঈশস্য মেঘাকাশসাম্যং স্ফুটীকরোতি—মেঘবদিতি॥ ১৫৬॥

মায়াপ্রতিবিম্বস্যেশ্বরত্বে কিং প্রমাণমিত্যাশঙ্ক্য শ্রুতিরেবেত্যাহ—মায়াধীন ইতি। ন কেবলমীশ্বরত্বমস্য শ্রুতম্ অপি ত্বন্তর্যামিত্বাদিকমপি ধর্ম্মজাতং শ্রুতমস্তীত্যাহ—অন্তর্যামীতি॥ ১৫৭॥

নন্ু ধীবাসনাপ্রতিবিম্বস্যেশ্বরত্বাদিকং কথং শ্রুতিসিদ্ধমিত্যাশঙ্ক্য তদুপপাদিকাং শ্রুতিং দর্শয়তি,—সৌষুপ্তমিতি। "সুষুপ্তস্থান একীভূতঃ প্রজ্ঞানঘন এবানন্দময়ো হ্যানন্দভুক্ চেতোমুখঃ প্রাজ্ঞস্তৃতীয়ঃ পাদঃ এষ সর্ব্বেশ্বর এষ সর্ব্বজ্ঞঃ এষোঽন্তর্য্যাম্যেষ যোনিঃ সর্ব্বস্য প্রভবাপ্যয়ৌ হি ভূতানাম্" ইত্যাদিকা শ্রুতির্ধীবাসনাপ্রতিবিম্বস্বরূপস্যানন্দময়স্যেশ্বরত্বাদিকং প্রতিপাদয়তীত্যর্থঃ॥ ১৫৮॥

নন্ু আনন্দময়স্য সর্ব্বজ্ঞত্বাদিকম্ অনুভববিরুদ্ধমিত্যাশঙ্ক্যাহ—সর্ব্বজ্ঞত্বাদিক ইতি। কুত ইত্যত আহ,—শ্রৌতেতি। ইতোঽপি ন বিপ্রতিপত্তিঃ কার্য্যেত্যাহ,—মায়ায়ামিতি॥ ১৫৯॥

---

উভয়ে মেঘাকাশ ও জলাকাশের ন্যায় অবস্থিত। মায়া—মেঘস্বরূপ, বুদ্ধিবাসনা অর্থাৎ বুদ্ধির সূক্ষ্মাবস্থা বা বুদ্ধিজনক সংস্কার—মেঘস্থ জলীয় বাষ্পস্বরূপ এবং চিদাভাস—মেঘবাষ্প-প্রতিবিম্বিত আকাশবৎ অবস্থিত। শ্রুতিতে মায়ার অধীন সেই চিদাভাস,—মায়ী, মহেশ্বর, অন্তর্যামী সর্ব্বজ্ঞ এবং জগদ্যোনি নামে উক্ত হইয়াছেন। সুষুপ্তিকালীন আনন্দময় কোষ বর্ণনপ্রসঙ্গে শ্রুতিতে কথিত হইয়াছে যে, ইনিই সর্ব্বেশ্বর, ইনিই সর্ব্বজ্ঞ, অতএব ইনিই বেদোক্ত ঈশ্বর। ১৫৫—১৫৮।

সেই ঈশ্বরের সর্ব্বজ্ঞত্ব সর্ব্বেশ্বরত্বাদিগুণ অস্বীকরণীয় নহে, কারণ শ্রুতিসিদ্ধ অর্থে বিতর্ক অকর্ত্তব্য এবং মায়াতে সকলই সম্ভব। ১৫৯।

অয়ং যৎ সৃজতে বিশ্বং তদন্যথয়িতুং পুমান্।
ন কোঽপি শক্তস্তেনায়ং সর্ব্বেশ্বর ইতি শ্রুতঃ * ॥ ১৬০ ॥
অশেষপ্রাণিবুদ্ধীনাং বাসনাস্তত্র সংস্থিতাঃ।
তাভিঃ ক্রোড়ীকৃতং সর্ব্বং তেন সর্ব্বজ্ঞ ঈরিতঃ ॥ ১৬১ ॥
বাসনানাং পরোক্ষত্বাৎ সর্ব্বজ্ঞত্বং ন হীক্ষ্যতে।
সর্ব্ববুদ্ধিষু তদ্ দৃষ্ট্বা বাসনাস্বনুমীয়তাম্ ॥ ১৬২ ॥
বিজ্ঞানময়মুখ্যেষু কোশেষন্যত্র চৈব হি।
অন্তস্তিষ্ঠন্ যময়তি তেনান্তর্যামিতাং ব্রজেৎ ॥ ১৬৩ ॥

নম্বনুকূলযুক্ত্যভাবে শ্রুতিরপি গ্রাবপ্লববাক্যবদর্থবাদঃ স্যাদিত্যাশঙ্ক্য শ্রুতিপ্রামাণ্যসিদ্ধয়ে সর্ব্বেশ্বরত্বাদিকমুপপাদয়তি—অযমিতি। অয়মানন্দময়ো যজ্জাগ্রদাদিবিশ্বং সৃজতি তন্ন কেনাপি অন্যথা কর্তুং শক্যতে অতোঽয়ং সর্ব্বেশ্বর ইত্যর্থঃ ॥ ১৬০ ॥

ইদানীং সর্ব্বজ্ঞত্বমুপপাদয়তি—অশেষেতি। তত্র সৌষুপ্তে অজ্ঞানে কারণভূতে কার্য্যভূতানাং সর্ব্বপ্রাণিবুদ্ধীনাং বাসনা নিবসন্তি তাভিশ্চ বাসনাভিঃ সর্ব্বং জগৎ ক্রোড়ীকৃতং বিষয়ীকৃতং তেন সর্ব্ববুদ্ধিবাসনাবদজ্ঞানোপাধিকত্বেন সর্ব্বজ্ঞ উচ্যতে ইত্যর্থঃ ॥ ১৬১ ॥

ননু যদি সর্ব্বজ্ঞত্বমস্তি তর্হি তৎ কুতো নানুভূয়তে ইত্যাশঙ্ক্য তদুপাধীনাং বাসনানাং পরোক্ষত্বাৎ নানুভব ইত্যাহ—বাসনানামিতি। কথং তর্হি তদবগম ইত্যাশঙ্ক্যাহ—সর্ব্ববুদ্ধিষ্বিতি। সর্ব্ববুদ্ধিনিষ্ঠং সর্ব্বজ্ঞত্বং স্বকারণভূতবাসনাগতসর্ব্বজ্ঞত্বপুরঃসরং ভবিতুমর্হতি কার্য্যনিষ্ঠধর্ম্মবিশেষত্বাৎ পটগতরূপাদিবদিত্যর্থঃ ॥ ১৬২ ॥

এই ঈশ্বর যে কিছু বিশ্বরচনা করেন, তাহাকে অন্যথা করিতে কেহই সমর্থ হন না, এজন্য তিনি সর্ব্বেশ্বর। ১৬০।

সমস্ত প্রাণীর বুদ্ধি-বাসনা সকল, সুষুপ্তিকালীন অজ্ঞানে অবস্থিত এবং সেই সকল বুদ্ধিবাসনা দ্বারা এই সমস্ত ব্রহ্মাণ্ড ব্যাপ্ত আছে, সেই অজ্ঞান-উপাধিযুক্ত বলিয়া ঈশ্বরকে সর্ব্বজ্ঞ বলা যায়। বুদ্ধি-বাসনা সকল অপ্রত্যক্ষ, সুতরাং সর্ব্বজ্ঞত্বও প্রত্যক্ষ হয় না, অতএব সর্ব্ববুদ্ধির সর্ব্বজ্ঞত্ব উপলব্ধি করিয়া বাসনা সকলেও সেই সর্ব্বজ্ঞত্ব অনুমান কর। ১৬১। ১৬২।

যেহেতু বিজ্ঞানময় প্রভৃতি কোষ সকলের ও অন্যান্য বস্তু সকলের অন্তরে অবস্থিতি করিয়া ঈশ্বর তাহাদিগকে যথানিয়মে নিযুক্ত করেন, তজ্জন্য তাঁহাকে

* ইতীরিতঃ ইতি মুম্বয়ীমুদ্রিতপুস্তকপাঠঃ।

বুদ্ধৌ তিষ্ঠন্নান্তরোঽস্যা ধিয়া নীক্ষ্যশ্চ ধীবপুঃ।
ধিয়মন্তর্যময়তীত্যেবং বেদেন ঘোষিতম্ ॥ ১৬৪ ॥
তন্তুঃ পটে স্থিতো যদ্বদুপাদানতয়া তথা।
সর্ব্বোপাদানরূপত্বাৎ সর্ব্বত্রায়মবস্থিতঃ ॥ ১৬৫ ॥
পটাদপ্যান্তরস্তন্তুস্তন্তোরপ্যংশুরান্তরঃ।
আন্তরত্বস্য বিশ্রান্তির্যত্রাসাবনুমীয়তাম্ ॥ ১৬৬ ॥
দ্বিত্রান্তরত্বকক্ষাণাং দর্শনেঽপ্যয়মান্তরঃ।
ন বীক্ষ্যতে ততো যুক্তিশ্রুতিভ্যামেব নির্ণয়ঃ ॥ ১৬৭ ॥

সর্ব্বজ্ঞত্বমুপপাদ্য এষোঽন্তর্যামীতি শ্রুত্যুক্তমন্তর্যামিত্বমুপপাদয়তি—বিজ্ঞানময়েতি। অন্যত্র পৃথিব্যাদৌ তিষ্ঠন্ যময়তি যতস্তেনেত্যন্বয়ঃ ॥ ১৬৩ ॥

অস্মিন্নর্থেঽন্তর্যামিব্রাহ্মণং কৃৎস্নং প্রমাণমিতি দর্শয়িতুং তদেকদেশভূতং 'যো বিজ্ঞানে তিষ্ঠন্নি'ত্যাদিবাক্যম্ অর্থতোঽনুক্রামতি—বুদ্ধাবিতি ॥ ১৬৪ ।

ইদানীমন্তর্যামিব্রাহ্মণস্য প্রতিপর্য্যায়ব্যাখ্যানে গ্রন্থবাহুল্যভয়াৎ ব্যাখ্যানস্য সর্ব্বপর্য্যায়-সঞ্চারিত্বসিদ্ধয়ে 'যঃ সর্ব্বেষু ভূতেষ্বি'তি পর্য্যায়ং ব্যাচক্ষাণো 'যঃ সর্ব্বেষু ভূতেষু তিষ্ঠন্নি'ত্যস্যার্থং দৃষ্টান্তেনাহ—তন্তুঃ পট ইতি ॥ ১৬৫ ॥

ননূপাদানতয়া সর্ব্বত্রায়মবস্থিতশ্চেৎ কিমিতি সর্ব্বত্র নোপলভ্যেতেত্যাশঙ্ক্য সর্ব্বান্তরত্বাদিত্যাহ—পটাদপীতি। তত্রেদমনুমানম্ আন্তরত্বতারতম্যং ক্বচিদ্বিশ্রান্তং তারতম্যত্বাদণুত্বতারতম্যবদিতি ॥ ১৬৬ ॥

নন্বান্তরত্বেঽপ্যংশাদিবদন্তর্যামিনো দর্শনং কিং ন স্যাদিত্যাশঙ্ক্য তেষামিব বাহ্যত্বাভাবান্ন দৃশ্যত ইত্যভিপ্রায়েণাহ—দ্বিত্রান্তরত্বেতি। কুতস্তর্হি তন্নির্ণয় ইত্যত আহ—তত ইতি। অচেতনস্য চেতনাধিষ্ঠানমন্তরেণ প্রবৃত্ত্যনুপপত্তির্যুক্তিঃ শ্রুতিস্তূদাহৃতৈব ॥ ১৬৭ ॥

অন্তর্যামী বলা যায়। যিনি বুদ্ধিতে অবস্থিতি করিয়াও বুদ্ধির অন্তরে থাকেন না, এবং ধীময় হইয়াও বুদ্ধির বিষয় নহেন, তিনি বুদ্ধির অন্তরস্থ হইয়া বুদ্ধিকে নিযুক্ত করেন, বেদে এই প্রকার কথা আছে। ১৬৩। ১৬৪।

যেমন তন্তু সকল পটের উপাদান কারণরূপে পটে অবস্থিত হয়, তদ্রূপ সর্ব্ববস্তুর উপাদান কারণরূপ ঈশ্বর সকল বস্তুতে অবস্থিত হন। পটের অভ্যন্তরে তন্তু, এবং তন্তুর অভ্যন্তরে অংশু (আঁশ) অবস্থিত হয় ইত্যাদিরূপে যাহাতে আভ্যন্তরত্বের বিশ্রান্তি হয়, তাঁহাকে অনুমান কর। ১৬৫। ১৬৬।

দ্বিতীয় তৃতীয়াদি আভ্যন্তর বস্তু দৃষ্টিগোচর হইলেও কিন্তু সর্ব্বান্তর্যামী

পটরূপেণ সংস্থানাৎ পটস্তন্তোর্ব পুর্যথা।
সর্ব্বরূপেণ সংস্থানাৎ সর্ব্বমস্য বপুস্তথা ॥ ১৬৮ ॥
তন্তোঃ সঙ্কোচবিস্তারচলনাদৌ পটস্তথা।
অবশ্যমেব ভবতি ন স্বাতন্ত্র্যং পটে মনাক্ ॥ ১৬৯ ॥
তথান্তর্যাম্যয়ং যত্র যয়া বাসনয়া যথা।
বিক্রিয়েতে তথাবশ্যং ভবত্যেব ন সংশয়ঃ ॥ ১৭০ ॥
ঈশ্বরঃ সর্ব্বভূতানাং হৃদ্দেশেঽর্জ্জুন ! তিষ্ঠতি।
ভ্রাময়ন্ সর্ব্বভূতানি যন্ত্রারূঢ়ানি মায়য়া ॥ ১৭১ ॥

---

'যস্য সর্ব্বাণি ভূতানি শরীর'মিত্যস্যার্থমাহ—পটরূপেণেতি। পটরূপেণাবস্থিতস্য তন্তোঃ পটঃ শরীরং যথা এবং সর্ব্বরূপেণাবস্থিতস্য সর্ব্বং শরীরমিত্যর্থঃ ॥ ১৬৮ ॥

'যঃ সর্ব্বাণি ভূতান্যন্তরো যময়তী'তি বাক্যস্য তাৎপর্য্যং সদৃষ্টান্তমাহ—তন্তোরিতি শ্লোকদ্বয়েন ॥ ১৬৯ ॥

তন্তুসঙ্কোচাদিনা পটসঙ্কোচাদির্যথা ভবতি এবং পৃথিব্যাদিষূপাদানত্বেন স্থিতোঽন্তর্যামী যত্র যয়া বাসনয়া যথা যথা ঘটাদিকার্য্যরূপেণ বিক্রিয়েত তথা তত্তৎকার্য্যজাতমবশ্যং ভবতীতি ভাবঃ ॥ ১৭০ ॥

এবমন্তর্যামিপ্রতিপাদিকাং শ্রুতিমুপন্যস্য স্মৃতিমপ্যুপন্যস্যতি—ঈশ্বর ইতি ॥ ১৭১ ॥

---

পরমেশ্বর রূপবিহীন বলিয়া দৃষ্ট হন না, কেবল শ্রুতি ও যুক্তি প্রমাণ দ্বারা তাহার নির্ণয় করিতে হয়। ১৬৭।

যেমন তন্তু সকল পটরূপে অবস্থিত হইলে সেই পটকে তন্তুর শরীর মাত্র বলা যায়, তদ্রূপ জগদ্বর্ত্তী সমুদায় পদার্থের অভ্যন্তরে অন্তর্যামিরূপে অবস্থান হেতু সর্ব্ববস্তুকে ঈশ্বরের শরীর বলিয়া গণনা করা যায়। ১৬৮।

যেমন তন্তু সকলের সংকোচ, বিস্তার, ও আন্দোলনে পট সকল অবশ্যই সঙ্কুচিত, বিস্তারিত ও আন্দোলিত হয় এবং পটে তন্তু-ভিন্ন স্বতন্ত্র শক্তি কিছুই নাই, তদ্রূপ অন্তর্যামী যে যে বাসনায় যে যে স্থানে যে যে রূপে বিকার প্রাপ্ত হন, সমুদায় কার্য্যই তথায় তদ্রূপে সম্পন্ন হইয়া থাকে, তাহার সংশয় নাই। ভগবান্ শ্রীকৃষ্ণ কহিয়াছেন যে—হে অর্জ্জুন ! ঈশ্বর, দেহযন্ত্রে আরূঢ় এই জীব সকলকে মায়া-চক্রদ্বারা ভ্রমণ করাইয়া তাহাদিগের হৃদয়দেশে অবস্থিতি করিতেছেন। ১৬৮—১৭১।

সর্ব্বভূতানি বিজ্ঞানময়াস্তে হৃদয়ে স্থিতাঃ।
তদুপাদানভূতেশস্তত্র বিক্রিয়তে খলু॥ ১৭২॥
দেহাদিপঞ্জরং যন্ত্রং তদারোহোঽভিমানিতা।
বিহিতপ্রতিষিদ্ধেষু প্রবৃত্তির্ভ্রমণং ভবেৎ॥ ১৭৩॥
বিজ্ঞানময়রূপেণ তৎপ্রবৃত্তিস্বরূপতঃ।
স্বশক্ত্যেশো বিক্রিয়তে মায়য়া ভ্রামণং হি তৎ॥ ১৭৪॥
অন্তর্যময়তীত্যন্যায়মেবার্থঃ শ্রুতৌ শ্রুতঃ।
পৃথিব্যাদিষু সর্ব্বত্র ন্যায়োঽয়ং যোজ্যতাং ধিয়া॥ ১৭৫॥

সর্ব্বভূতানামিতি পদস্থার্থমাহ—সর্ব্বভূতানীতি।, তে চ হৃদয়পুণ্ডরীকে স্থিতাঃ। নমু তেষাং কুতো হৃদাবস্থানমিত্যাশঙ্ক্য হৃদ্যন্তর্যামিণো বিজ্ঞানময়াকারেণ পরিণামাদিত্যাহ—তদুপাদানেতি॥ ১৭২॥

যন্ত্রারূঢ়ানীত্যত্র যন্ত্রারোহশব্দয়োরর্থমাহ—দেহাদীতি। ভ্রাময়ন্নিতি পদস্য প্রকৃতার্থমাহ—বিহিতেতি॥ ১৭৩॥

ইদানীং ণিচ্প্রত্যয়মায়াপদয়োরর্থমাহ—বিজ্ঞানময়েতি॥ ১৭৪॥

শ্রৌতস্য যময়তীতি পদস্যাপ্যয়মেবার্থঃ ইত্যাহ—অন্তর্যময়তীতি। উক্তব্যাখ্যানং পর্য্যায়ান্তরেষতিদিশতি—পৃথিব্যাদিষিতি॥ ১৭৫॥

এস্থলে সর্বভূত শব্দের অর্থ,—বিজ্ঞানময় কোষ, তাহারা সকল প্রাণীর হৃদয়দেশে অবস্থিত আছে, ঈশ্বর তাহাদিগের উপাদান কারণস্বরূপ, সুতরাং ঈশ্বর সকল ভূতের হৃদয়ে অবস্থিত করত বিজ্ঞান-ময়ের বিকারে বিকৃতের ন্যায় হ'ন, কিন্তু স্বরূপতঃ তিনি অবিকারী। ১৭২।

এস্থলে দেহাদিকে যন্ত্র বলা যায়, এবং তত্তৎ দেহে আত্মার যে অভিমান তাহাকেই আরোহণ শব্দে বলা যায়, আর বিহিত বা নিষিদ্ধ কর্ম্মে তাঁহার যে প্রবৃত্তি, তাহাকে ভ্রমণ বলা যায়। ১৭৩।

বিজ্ঞানময় রূপে স্বীয়শক্তি মায়া দ্বারা বিহিত বা নিষিদ্ধ কর্ম্মে প্রবৃত্তি-নিবৃত্তিরূপ যে আত্মার বিকার, তাহাই মায়াচক্রে ভ্রামণ। "অন্তর্যময়তি" এইরূপ শ্রুতিবাক্য দ্বারাও এই তত্ত্বই প্রতিপাদিত হইয়াছে। (কেবল হৃদয়ে নহে) পৃথিব্যাদি সকলপদার্থেই এই প্রকার অন্তর্যামীর সত্তা বুদ্ধি দ্বারা বিচার কর। ১৭৪। ১৭৫।

জানামি ধর্ম্মং ন চ মে প্রবৃত্তির্জানাম্যধর্ম্মং ন চ মে নিবৃত্তিঃ।
কেনাপি দেবেন হৃদিস্থিতেন যথা নিযুক্তোঽস্মি তথা করোমি ॥১৭৬

নার্থঃ পুরুষকারেণেত্যেবং মা শঙ্ক্যতাং যতঃ
ঈশঃ পুরুষকারস্য রূপেণাপি বিবর্ত্ততে ॥ ১৭৭ ॥
ঈদৃগ্‌বোধেনেশ্বরস্য প্রবৃত্তির্নৈব বার্য্যতাম্।
তথাপীশস্য বোধেন স্বাত্মাসঙ্গত্বধীজনিঃ ॥ ১৭৮ ॥
তাবতা মুক্তিরিত্যাহুঃ শ্রুতয়ঃ স্মৃতয়স্তথা।
শ্রুতিস্মৃতী মমৈবাজ্ঞে ইত্যপীশ্বরভাষিতম্ ॥ ১৭৯ ॥
আজ্ঞায়া * ভীতিহেতুত্বং ভীষাস্মাদিতি হি শ্রুতম্।

প্রবৃত্তিজাতস্য সর্ব্বেশ্বরাধীনত্বে বচনান্তরমুদাহরতি—জানা ম ধর্ম্মমিতি ॥ ১৭৬ ॥

নমু প্রবৃত্তেরীশ্বরাধীনত্বে পুরুষপ্রযত্নো ব্যর্থঃ স্যাদিত্যাশঙ্ক্য পুরুষপ্রযত্নস্যাপীশ্বররূপত্বান্মৈবমিতি পরিহরতি—নার্থ ইতি। অর্থঃ প্রয়োজনং পুরুষকারঃ পুরুষপ্রযত্নঃ ॥ ১৭৭ ॥

নমু পুরুষপ্রযত্নস্যাপীশ্বররূপত্বে যময়তি ভ্রাময়তীতি প্রতিপাদিতমন্তর্যামিপ্রেরণং বৃথা স্যাদিত্যাশঙ্ক্য তদ্‌বোধেন স্বাত্মাসঙ্গত্বজ্ঞানলক্ষণফলস্য সত্বান্মৈবমিতি পরিহরতি—ঈদৃগিতি। ঈদৃগ্‌বোধেনেশস্য পুরুষকারাদিরূপেণাবস্থানজ্ঞানেন প্রবৃত্তিঃ অন্তর্যামিরূপেণ প্রেরণা ॥ ১৭৮ ॥

আত্মনোঽসঙ্গত্বজ্ঞানেনাপি কিং প্রয়োজনমিত্যত আহ—তাবতেতি। শ্রুতিস্মৃত্যাদিতস্যানতিলঙ্ঘনীয়ত্বে স্মৃতিং দর্শয়তি—শ্রুতিস্মৃতী ইতি ॥ ১৭৯ ॥

বিহিত কর্ম্ম ধর্ম্মসাধক—জানিয়াও তাহাতে আমার স্বতঃপ্রবৃত্তি নাই, এবং নিষিদ্ধ কর্ম্ম অধর্ম্মজনক—অবগত হইয়াও তাহা হইতে আমার নিবৃত্তি নাই। কোন অন্তর্যামী দেব আমার হৃদয়ে অবস্থিতি করত যাহাতে নিযুক্ত করেন, আমি তাহাই করিয়া থাকি। ১৭৬।

( যদি অন্তর্যামী ঈশ্বর আত্মা, হৃদয়ে অবস্থিতি করতঃ সর্ব্বত্র নিয়োগ করেন, ) তবে ত পুরুষকারের ফল নাই, এ প্রকার আশঙ্কা করিও না, যেহেতু ঈশ্বরই সেই পুরুষকাররূপে পরিণত হন। ১৭৭।

'ঈশ্বর পুরুষকাররূপে পরিণত হন' এই জ্ঞান হইলেও ঈশ্বরের নিয়ামকত্ব জ্ঞান নিষ্ফল হয় না, যেহেতু ঈশ্বরের নিয়ামকত্ব বোধ হইলে জীবের অসঙ্গানন্দরূপত্ব অনায়াসে বোধগম্য হয় এবং তদ্দ্বারাই মুক্তি হয়, ইহা শ্রুতি ও

* আজ্ঞয়া ইতি মুম্বয়ীমুদ্রিতপুস্তকপাঠঃ।

সর্ব্বেশ্বরত্বমেতৎ স্যাদন্তর্যামিত্বতঃ পৃথক্ ॥ ১৮০ ॥
এতস্য বা অক্ষরস্য প্রশাসন ইতি শ্রুতিঃ।
অন্তঃপ্রবিষ্টঃ শাস্তায়ং জনানামিতি চ শ্রুতিঃ ॥ ১৮১ ॥
জগদ্যোনির্ভবেদেষ প্রভবাপ্যয়কৃদ্ যতঃ।
আবির্ভাবতিরোভাবাবুৎপত্তিপ্রলয়ৌ মতৌ ॥ ১৮২ ॥
আবির্ভাবয়তি স্বস্মিন্ বিলীনং সকলং জগৎ।
প্রাণিকর্ম্মবশাদেষ পটো যদ্বৎ প্রসারিতঃ ॥ ১৮৩ ॥
পুনস্তিরোভাবয়তি স্বাত্মন্যেবাখিলং জগৎ।

---

শ্রুত্যাপীশ্বরস্য ভীতহেতুত্বমুক্তমিত্যাহ—আজ্ঞায়া ইতি। ঈশ্বরস্য ভীতিহেতুত্বং কিমর্থ-মুক্তমিত্যাশঙ্ক্য সর্ব্বেশ্বরত্বস্যান্তর্যামিত্বতঃ পার্থক্যসিদ্ধয় ইতি মত্বাহ—সর্ব্বেশ্বরত্বমিতি ॥ ১৮০ ॥

বহিরন্তশ্চেশ্বর এব নিয়ামক ইত্যত্র শ্রুতিদ্বয়মাহ—এতস্য বা ইতি ॥ ১৮১ ॥

ক্রমপ্রাপ্তস্য এষ যোনিরিত্যস্যার্থমাহ—জগদ্যোনিরিতি। প্রতিজ্ঞাতার্থে "প্রভবাপ্যয়ৌ হি ভূতানা"মিতি বাক্যং হেতুত্বেন যোজয়তি—প্রভবেতি। প্রভবাপ্যয়ৌ-উৎপত্তিপ্রলয়ৌ তৎকর্ত্তৃত্বাজ্জগদ্যোনিরিত্যর্থঃ। উৎপত্তিপ্রলয়শব্দয়োর্বিবক্ষিতমর্থমাহ—আবির্ভাবেতি। উৎ-পত্তিপ্রলয়ৌ আবির্ভাবতিরোভাবৌ মতাবিতি যোজনা ॥ ১৮২ ॥

আবির্ভাবকারিত্বং সদৃষ্টান্তমুপপাদয়তি—আবির্ভাবয়তীতি। যথা সঙ্কুচিতচিত্রপটঃ স্বস্য প্রসারণেন স্বনিষ্ঠানি চিত্রাণ্যাবির্ভাবয়তি এবমীশোহপীত্যর্থঃ ॥ ১৮৩ ॥

---

স্মৃতি সর্ব্বত্রই উক্ত হইয়াছে। আর "শ্রুতি ও স্মৃতি সকলই আমার আজ্ঞা" একথা ঈশ্বরই কহিয়াছেন। 'ভীষাস্মাৎ' ইত্যাদি শ্রুতিতে ঈশ্বরের আজ্ঞায় ভয়হেতুত্ব অর্থাৎ তদাজ্ঞা অপ্রতিপালনের অমঙ্গলসাধনত্ব উক্ত হইয়াছে, সেই হেতু অন্তর্যামিত্ব হইতে পৃথক সর্ব্বেশ্বরত্বও তাঁহার আছে, এ বিষয়ে শ্রুতিও আছে "এতস্য বা অক্ষরস্য প্রশাসনে" অর্থাৎ "এই নিত্য পুরুষের শাসনে দ্যাবা-পৃথিবী বর্ত্তমান," "ইনি প্রাণিগণের অন্তঃপ্রবিষ্ট হইয়া শাসন করেন।" ১৭৮—১৮১।

ঈশ্বর সর্ব্বজগতের উৎপত্তি প্রলয়াদির কর্ত্তা, এই জন্য তিনি জগদ্যোনি শব্দে কথিত হন। জগতের আবির্ভাব ও তিরোভাবই,—উৎপত্তি ও প্রলয়। যেমন পট, প্রসারণ প্রাপ্ত হইয়া আপনাতে চিত্রিত পুত্তলিকা সকল আবির্ভূত করে, তদ্রূপ ঈশ্বর স্বীয় শরীরে বিলীন এই সর্ব্বজগৎকে জীবের কর্ম্ম-পরিপাক

প্রাণিকর্ম্মক্ষয়বশাৎ সঙ্কোচিতপটো যথা ॥ ১৮৪ ॥
রাত্রিঘস্রৌ সুপ্তিবোধাবুন্মীলননিমীলনে।
তূষ্ণীম্ভাবমনোরাজে ইব সৃষ্টিলয়াবিমৌ ॥ ১৮৫ ॥
আবির্ভাবতিরোভাবশক্তিমত্ত্বেন হেতুনা।
আরম্ভপরিণামাদিচোদ্যানাং নাত্র সম্ভবঃ ॥ ১৮৬ ॥
অচেতনানাং হেতুঃ স্যাজ্জাড্যাংশেনেশ্বরস্তথা।
চিদাভাসাংশতস্ত্বেষ জীবানাং কারণং ভবেৎ ॥ ১৮৭ ॥
তমঃপ্রধানঃ ক্ষেত্রাণাং চিৎপ্রধানশ্চিদাত্মনাম্।
পরঃ কারণতামেতি ভাবনাজ্ঞানকর্ম্মভিঃ ॥ ১৮৮ ॥

---

তস্যৈব প্রলয়কারণত্বং দর্শয়তি—পুনরিতি। স এব পটঃ সঙ্কুচিতশ্চিত্রাণি যথা তিরো-ভাবয়তি তদ্বদিত্যর্থঃ ॥ ১৮৪ ॥

আবির্ভাবতিরোভাবয়োর্দৃষ্টান্তান্তরাণি দর্শয়তি—রাত্রিঘস্রাবিতি। ঘস্রোঽহঃ ॥ ১৮৫ ॥

নন্বীশ্বরস্য জগদ্‌যোনিত্বং কিমারম্ভকত্বেন কিং বা তদাকারপরিণামিত্বেন, নাদ্যঃ, অদ্বিতীয়স্য দ্বিতীয়ারম্ভকত্বাযোগাৎ ন দ্বিতীয়ঃ নিরবয়বস্য পরিণামাসম্ভবাদিত্যাশঙ্ক্য বিবর্ত্তবাদাশ্রয়ণান্নায়ং দোষ ইতি পরিহরতি—আবির্ভাবেতি ॥ ১৮৬ ॥

নন্বেক এবেশ্বরঃ কথং চেতনাচেতনজগদুপাদানং ভবিষ্যতীত্যাশঙ্ক্য উপাধিপ্রাধান্যেনা-চেতনোপাদানং চিৎপ্রাধান্যেন চেতনোপাদানঞ্চ ভবিষ্যতীত্যাহ—অচেতনানামিতি ॥ ১৮৭ ॥

ননু মায়াবিন ঈশ্বরস্য জগৎকারণত্বপ্রতিপাদনমনুপপন্নং সুরেশ্বরাচার্য্যৈঃ পরমাত্মন এব

---

বশতঃ সৃষ্টিকালে আবির্ভূত করেন। যেমন পট সঙ্কোচপ্রাপ্ত হইয়া চিত্রিত পুত্তলিকাদি তিরোভূত করে, পুনর্ব্বার তদ্রূপ তিনিই জীবদিগের কর্ম্মক্ষয়ে সমস্ত জগৎ স্বীয় শরীরে তিরোভূত করেন। ১৮২—১৮৪।

যেমন জীবদিগের রাত্রি ও দিবা, সুষুপ্তি ও জাগ্রৎ, চক্ষুর নিমীলন ও উন্মীলন এবং তূষ্ণীম্ভাব ও মনোরাজ্য; ঈশ্বরের পক্ষে জগতের সৃষ্টি-প্রলয়ও তদ্রূপ। ১৮৫।

ঈশ্বরের জগৎ আবির্ভাব ও তিরোভাব করিবার শক্তি আছে, এই হেতু নিমিত্তকারণ-বাদী ও পরিণামিকারণবাদীদিগের মত ঈশ্বরে আর সম্ভব হয় না। তিনি জড়রূপ উপাধি দ্বারা অচেতন বস্তুর হেতু হন এবং চিদাভাস দ্বারা চেতন জীবদিগের কারণ হন। ১৮৬।১৮৭।

যদিও পরব্রহ্মই,—ভাবনা, জ্ঞান ও কর্ম্ম দ্বারা, তমোময়রূপে শরীরাদির

ইতি বার্ত্তিককারেণ জড়চেতনহেতুতা।
পরমাত্মন এবোক্তা নেশ্বরস্যেতি চেচ্ছৃণু ॥ ১৮৯ ॥
অন্যোন্যাধ্যাসমত্রাপি জীবকূটস্থয়োরিব।
ঈশ্বরব্রহ্মণোঃ সিদ্ধং কৃত্বা ব্রূতে সুরেশ্বরঃ ॥ ১৯০ ॥
সত্যং জ্ঞানমনন্তং যদ্ ব্রহ্ম তস্মাৎ সমুত্থিতাঃ।
খং বায়ুগ্নিজলোর্ব্ব্যোষধ্যন্নদেহা ইতি শ্রুতিঃ ॥ ১৯১ ॥
আপাতদৃষ্টিতস্তত্র ব্রহ্মণো ভাতি হেতুতা।
হেতোশ্চ সত্যতা তস্মাদন্যোন্যাধ্যাস ইষ্যতে ॥ ১৯২ ॥
অন্যোন্যাধ্যাসরূপোঽসাবন্নলিপ্তঃ পটো যথা।

---

তদভিধানাদিতি শঙ্কতে—তমঃপ্রধান ইতি শ্লোকদ্বয়েন। তমঃপ্রধানঃ তমোগুণপ্রধানঃ মায়োপাধিকঃ ক্ষেত্রাণাং শরীরাদীনাং ভাবনাজ্ঞানকর্ম্মভিঃ ভাবনাঃ সংস্কারাঃ জ্ঞানং দেবতা-ধ্যানাদি, কর্ম্ম পুণ্যাপুণ্যলক্ষণং তৈর্নিমিত্তভূতৈরিত্যর্থঃ ॥ ১৮৮।১৮৯ ॥

ত্বং-পদার্থ ইব তৎপদার্থেঽপ্যধিষ্ঠানারোপ্যয়োরন্যোন্যাধ্যাসস্য বিবক্ষিতত্বাৎ নৈবমিতি পরিহরতি—অন্যোন্যাধ্যাসমিতি ॥ ১৯০ ।

নন্ব সুরেশ্বরাচার্য্যৈরীশ্বরব্রহ্মণোরন্যোন্যাধ্যাসঃ সিদ্ধবৎকৃত্য ব্যবহৃত ইতি কুতোঽবগম্যত ইত্যাশঙ্ক্য শ্রুত্যর্থপর্য্যালোচনবশাদিতি দর্শয়িতুং শ্রুতিমর্থতঃ পঠতি—সত্যমিতি ॥ ১৯১ ॥

ভবত্বেবা শ্রুতিরনয়া কথমন্যোন্যাধ্যাসাবগতিরিত্যত আহ,—আপাতেতি। তত্র তস্যাং শ্রুতৌ সত্যাদিলক্ষণস্য নির্গুণস্য ব্রহ্মণো জগৎকারণত্বং জগৎকারণস্য মায়াধীনচিদাভাসস্য চ সত্যত্বমাপাততঃ প্রতীয়মানমন্যোন্যাধ্যাসমন্তরেণ ন ঘটত ইতি ভাবঃ ॥ ১৯২ ॥

---

এবং চিন্ময়রূপে জীবদিগের কারণ ইহা সুরেশ্বরাচার্য্য প্রতিপাদন করিয়াছেন, তাহাতে পরব্রহ্মই জড় ও চেতন উভয়ের কারণ, ইহা সিদ্ধ হইয়াছে; তথাপি জীব ও কূটস্থের ন্যায় ঈশ্বর ও পরব্রহ্মের অন্যোন্যাধ্যাস স্বীকার করিয়াই তিনি তাহা প্রতিপাদন করিয়াছেন,—ইহা বলিতে হইবে।১৮৮-১৯০।

শ্রুতিতে আছে যে, সত্য-জ্ঞান-আনন্দস্বরূপ পরব্রহ্ম হইতে আকাশ বায়ু, অগ্নি, জল, পৃথিবী, ওষধি, অন্ন এবং দেহ সমুদায় উৎপন্ন হইয়াছে, তাহাতে সামান্য দৃষ্টিতে জ্ঞান হয় যে, পরব্রহ্ম হইতেই জগৎ উৎপন্ন হইয়াছে ও জগতের কারণ নিত্য; কিন্তু স্বরূপতঃ জগৎ ঈশ্বর হইতে উৎপন্ন, অতএব অন্যোন্যাধ্যাসই স্বীকার করিতে হয়। ১৯১।১৯২।

যেমন মণ্ডলিপ্ত পট ঘট্টিত হইলে একাকার হয়, তদ্রূপ এই পূর্ব্বোক্ত

ঘটিতৈনৈকতামেতি তদ্বদ্ভ্রান্ত্যৈকতাং গতঃ ॥ ১৯৩ ॥
মেঘাকাশমহাকাশৌ বিবিচ্যেতে ন পামরৈঃ।
তদ্বদ্ব্রহ্মেশয়োরৈক্যং পশ্যন্ত্যাপাতদর্শিনঃ ॥ ১৯৪ ॥
উপক্রমাদিভির্লিঙ্গৈস্তাৎপর্য্যস্য বিচারণাৎ।
অসঙ্গং ব্রহ্ম মায়াবী সৃজত্যেষ মহেশ্বরঃ ॥ ১৯৫ ॥
সত্যং জ্ঞানমনন্তঞ্চেত্যুপক্রম্যোপসংহৃতম্।
যতো বাচো নিবর্ত্তন্তে ইত্যসঙ্গত্বনির্ণয়ঃ ॥ ১৯৬ ॥
মায়ী সৃজতি বিশ্বং সন্নিরুদ্ধস্তত্র মায়য়া।

---

এবমন্যোন্যাধ্যাসসিদ্ধমীশ্বরব্রহ্মণোরেকত্বং পূর্ব্বোদাহৃতঘটিতপটদৃষ্টান্তস্মারণেন দ্রঢ়য়তি—অন্যোন্যেতি ॥ ১৯৩ ॥

ভ্রান্ত্যৈকত্বাপত্তৌ দৃষ্টান্তমভিধায়াপাতদর্শিনাং ভেদাপ্রতীতৌ পূর্ব্বোক্তমেব দৃষ্টান্তান্তরং দর্শয়তি—মেঘাকাশেতি। ঐক্যং পশ্যন্তি ন ভেদমিত্যর্থঃ ॥ ১৯৪ ॥

কুতস্তর্হি ব্রহ্মেশয়োর্ভেদাবগতিরিত্যত আহ,—উপক্রমেতি। "উপক্রমোপসংহারাবভ্যাসোঽপূর্ব্বতা ফলম্। অর্থবাদোপপত্তী চ লিঙ্গং তাৎপর্য্যনির্ণয়ে" ইত্যুক্তৈঃ ষড়্বিধৈর্লিঙ্গৈঃ শ্রুতিতাৎপর্য্যাবধারণে সতি ব্রহ্মাসঙ্গং মায়াবী স্রষ্টেত্যবগম্যত ইতি শেষঃ ॥ ১৯৫ ॥

শ্রুতাবুপক্রমোপসংহারৈকরূপ্যপ্রদর্শনেনোক্তং ব্রহ্মণোঽসঙ্গত্বং স্পষ্টয়তি—সত্যমিতি। অতোঽসঙ্গত্বনির্ণয়ো ভবতীতি শেষঃ ॥ ১৯৬ ॥

---

অন্যোন্যাধ্যাস-বশতঃ ঈশ্বর ও পরব্রহ্ম উভয়ের স্বরূপ একাকারে প্রতীত হয়। যেমন মেঘাকাশ ও মহাকাশ এ উভয়ের প্রভেদ অল্পবুদ্ধি জনগণের পক্ষে প্রতিভাত হয় না, তদ্রূপ অদূরদর্শিগণ পরব্রহ্ম ও ঈশ্বরের ঐক্য অনুভব করে। ১৯৩।১৯৪।

যদিও আপাতদর্শীদিগের দৃষ্টিতে ঈশ্বর ও পরব্রহ্মে ভেদ প্রতিভাত হয় না, তথাপি উপক্রম ও উপসংহার ইত্যাদি হেতুদ্বারা বিচার করিলে নির্দ্ধারিত হয়—পরব্রহ্ম অসঙ্গ আনন্দস্বরূপ ও মায়াবিশিষ্ট ঈশ্বর বিশ্ব-সৃষ্টিকর্ত্তা। ১৯৫।

পরব্রহ্ম সত্য, জ্ঞানস্বরূপ ও অনন্তস্বরূপ, ইহাই উপক্রমে নির্ণয় করিয়া উপসংহারে নিরূপিত হইয়াছে যে, মনের সহিত বাক্য যাঁহাকে প্রাপ্ত না হইয়া যাহা হইতে নিবৃত্ত হয়, এইরূপ শ্রুতিদ্বারা ব্রহ্মের অসঙ্গানন্দ-স্বরূপ নিরূপিত হইয়াছে। ১৯৬।

অন্য ইত্যপরা ক্রতে শ্রুতিস্তেনেশ্বরঃ সৃজেৎ ॥ ১৯৭ ॥
আনন্দময় ঈশোঽয়ং বহু স্যামিত্যবৈক্ষত।
হিরণ্যগর্ভরূপোঽভূৎ সুপ্তিঃ স্বপ্নো যথা ভবেৎ ॥ ১৯৮ ॥
ক্রমেণ যুগপদ্ বৈষা সৃষ্টির্জ্ঞেয়া যথাশ্রুতি।
দ্বিবিধশ্রুতিসদ্ভাবাদ্ দ্বিবিধস্বপ্নদর্শনাৎ ॥ ১৯৯ ॥
সূত্রাত্মা সূক্ষ্মদেহাখ্যঃ সর্ব্বজীবঘনাত্মকঃ।
সর্ব্বাহংমানধারিত্বাৎ ক্রিয়াজ্ঞানাদিশক্তিমান্ ॥ ২০০ ॥

---

মায়াবিন ঈশ্বরস্য স্রষ্টৃত্বপ্রতিপাদিকাং শ্রুতিমর্থতো দর্শয়তি—মায়ীতি। "অস্মাৎ মায়ী সৃজতে বিশ্বমেতৎ তস্মিংশ্চান্যো মায়য়া সন্নিরুদ্ধঃ" ইতি শ্রুতিরীশ্বরস্য স্রষ্টৃত্বং জীবস্য তত্র জগতি বদ্ধত্বং দর্শয়তীত্যর্থঃ ॥ ১৯৭ ॥

এবমানন্দময়স্যেশ্বরস্য জগৎকারণত্বং প্রতিপাদ্য তস্মাজ্জগদুৎপত্তিপ্রকারমাহ—আনন্দময় ইতি। ঈক্ষিত্বা চ হিরণ্যগর্ভরূপে ঽভূদিত্যন্বয়ঃ। তত্র দৃষ্টান্তমাহ—সুপ্তিরিতি ॥ ১৯৮ ॥

"তস্মাদ্ বা এতস্মাদাত্মন আকাশঃ সম্ভূতঃ" ইত্যাদৌ ক্রমেণ সৃষ্টিশ্রবণাৎ "ইদং সর্ব্বমসৃজতে"তি যুগপচ্ছ্রবণাচ্চ কস্যোপাদেয়ত্বং কস্য বা হেয়ত্বমিত্যাকাঙ্ক্ষায়াং শ্রুতিযুক্ত্যপেক্ষত্বাদুভয়ং গ্রহ্যমিত্যাহ—ক্রমেণেতি। এষা জগৎসৃষ্টির্দ্বিবিধশ্রুতিসদ্ভাবাৎ ক্রমেণ যুগপদ্ বা যথাশ্রুতি জ্ঞেয়েতি যোজনা। তত্রোপপত্তির্দ্বিবিধস্বপ্নদর্শনাদিতি লোকে ক্রমযুক্তস্য চাক্রমযুক্তস্য চ স্বপ্নপদার্থব্রাতস্য দর্শনাদিতি ভাবঃ ॥ ১৯৯ ॥

হিরণ্যগর্ভস্য স্বরূপং নিরূপয়তি—সূত্রাত্মেতি। সূত্রাত্মা পটে সূত্রমিব জগত্যনুস্যূত আত্মা স্বরূপং যস্য সঃ সূক্ষ্মদেহাখ্যঃ সূক্ষ্মদেহ ইত্যাখ্যা যস্য স তথাবিধঃ সর্ব্বজীবঘনাত্মকঃ সর্ব্বেষাং জীবানাং লিঙ্গশরীরোপাধিকানাং ঘনাত্মকঃ সমষ্টিস্বরূপঃ। তত্র হেতুঃ সর্ব্বাহ মানেতি। সর্ব্বেষু ব্যষ্টিলিঙ্গশরীরেষু অহ মানবত্ত্বাদিতি ভাবঃ। ইচ্ছাজ্ঞানক্রিয়াশক্তিমাংশ্চ ॥ ২০০ ॥

---

মায়াবী ঈশ্বর স্বীয় মায়াতে অ রুদ্ধ হইয়া এই সমস্ত বিশ্ব,সৃজন করেন, তিনি পরব্রহ্ম হইতে ভিন্ন, ইহা অপরাপর শ্রুতিতে উক্ত হইয়াছে ; অতএব ঈশ্বরই জগৎ সৃষ্টি করেন। যেমন সুষুপ্তি অবস্থা ক্রমে স্বপ্নরূপে পরিণত হয়, তদ্রূপ আমি বহু শরীরে প্রবিষ্ট হইব, এই সংকল্প দ্বারা আনন্দময় ঈশ্বরই হিরণ্যগর্ভ হইয়াছেন। ১৯৭।১৯৮।

ক্রমিক ও যুগপদুৎপন্ন দ্বিবিধ স্বপ্ন পদার্থের ন্যায় আকাশাদি—ক্রমেই হউক, বা এককালীনই হউক, ঈশ্বর হইতে এই জগৎ উৎপন্ন হয়, দুই প্রকার সৃষ্টিরই শ্রুতিপ্রমাণ আছে। হিরণ্যগর্ভ ( জগৎপটের ) সূত্রাত্মা বা সূত্র-

প্রত্যূষে বা প্রদোষে বা মগ্নো মন্দে তমস্যয়ম্।
লোকো ভাতি যথা তদ্বদস্পষ্টং জগদীক্ষ্যতে ॥ ২০১ ॥
সর্ব্বতো লাঞ্ছিতো মস্যা যথা স্যাদ্ ঘট্টিতঃ পটঃ।
সূক্ষ্মাকারৈস্তথেশস্য বপুঃ সর্ব্বত্র লাঞ্ছিতম্ ॥ ২০২ ॥
শস্যং বা শাকজাতং বা সর্ব্বতোঽঙ্কুরিতং যথা।
কোমলং তদ্বদেবৈষ পেলবো জগদঙ্কুরঃ ॥ ২০৩ ॥
আতপাভাতলোকো বা পটো বা বর্ণপূরিতঃ।
শস্যং বা ফলিতং যদ্বৎ তথা স্পষ্টবপুর্ব্বিরাট্ ॥ ২০৪ ॥
বিশ্বরূপাধ্যায় এষ উক্তঃ সূক্তেঽপি পৌরুষে।

---

হিরণ্যগর্ভাবস্থায়াং জগৎপ্রতীতৌ দৃষ্টান্তমাহ—প্রত্যূষ ইতি। প্রত্যূষে উষঃকালে ॥ ২০১ ॥
এবং লোকপ্রসিদ্ধদৃষ্টান্তমভিধায় যথা ধৌত ইতি পূর্ব্বোক্তশ্লোকেঽভিহিতং লাঞ্ছিত-পটং দৃষ্টান্তয়তি—সর্ব্বত ইতি। যথা ঘট্টিতঃ পটো মস্যামষৈরাকারবিশেষৈর্লাঞ্ছিতো ভবতি তথা মায়িন ঈশ্বরস্য বপুরপঞ্চীকৃতভূতকার্য্যৈর্লিঙ্গশরীরৈর্লাঞ্ছিতমিত্যর্থঃ ॥ ২০২ ॥
বুদ্ধ্যারোহায় বৈভবাৎ দৃষ্টান্তান্তরমাহ—শস্যমিতি ॥ ২০৩ ॥
এবং সূত্রাত্মস্বরূপং বিশদীকৃত্য তস্যৈবাবস্থাভেদং পঞ্চীকৃতভূতকার্য্যোপাধিকং বিরাজং দৃষ্টান্তত্রয়েণ বিশদয়তি—আতপেতি। সূর্য্যোদয়ানন্তরমাতপেন প্রকাশিতলোক আতপাভাত-লোকঃ ॥ ২০৪ ॥

---

স্বরূপ, সূক্ষ্মশরীরাখ্য সর্ব্বজীবসমষ্টি, সমস্তজীবে অহংজ্ঞানবিশিষ্ট এবং ক্রিয়াজ্ঞানাদিবিশিষ্ট হন। ১৯৯।২০০।

প্রত্যূষকালে বা প্রদোষকালে অল্প অন্ধকারে আবৃত কোন পদার্থ যেমন অস্পষ্টরূপে প্রকাশ পায়, তদ্রূপ হিরণ্যগর্ভাবস্থাতে এই জগৎও অস্পষ্ট-রূপে দৃষ্ট হয়। অথবা যেমন মণ্ডলিপ্ত ঘাট্টত চিত্রপট অঙ্কপাত দ্বারা লাঞ্ছিত হয়, তদ্রূপ ঈশ্বর-দেহও লিঙ্গ-শরীরসমূহ দ্বারা সর্ব্বাংশে চিহ্নিত হয়, সূক্ষ্ম এই জগৎও অস্পষ্ট প্রকাশিত হয়। কিংবা প্রথমাঙ্কুরিত অবস্থাতে কোন শস্য বা শাক যেমন কোমল থাকে, তদ্রূপ তদবস্থাতে এই জগৎ অতি কোমলরূপে প্রকাশ পায়। ২০১—২০৩।

যেমন রৌদ্রোজ্জ্বল পদার্থ সকল ও বর্ণপূরিত চিত্রপটের পুত্তলিকা সকল এবং ফলবান্ ধান্যাদি শস্য স্পষ্টরূপে প্রকাশ পায়, তদ্রূপ বিরাট্ অবস্থাতে

ধাত্রাদিস্তম্বপর্য্যন্তানেতস্যাবয়বান্ বিদুঃ ॥ ২০৫ ॥
ঈশসূত্রবিরাট্বেধোবিষ্ণুরুদ্রেন্দ্রবহ্নয়ঃ।
বিঘ্নভৈরবমৈরালমারিকা যক্ষরাক্ষসাঃ ॥ ২০৬ ॥
বিপ্রক্ষত্রিয়বিট্শূদ্রা গবাশ্বমৃগপক্ষিণঃ।
অশ্বত্থবটচূতাদ্যা যবব্রীহিতৃণাদয়ঃ ॥ ২০৭ ॥
জলপাষাণমৃৎকাষ্ঠবাস্যাকুদ্দালকাদয়ঃ।
ঈশ্বরাঃ সর্ব্ব এবৈতে পূজিতাঃ ফলদায়িনঃ ॥ ২০৮ ॥
যথা যথোপাসতে তং ফলমীয়ুস্তথা তথা।
ফলোৎকর্ষাপকর্ষৌ তু পূজ্যপূজানুসারতঃ ॥ ২০৯ ॥

তৎসদ্ভাবে প্রমাণমাহ,—বিশ্বরূপেতি। বিশ্বরূপাধ্যায়াদৌ কীদৃক্ রূপমুদিতমিত্যাকাঙ্ক্ষায়াং ব্রহ্মাদিস্তম্বপর্য্যন্তজগদ্রূপমুদিতমিত্যাহ—ধাত্রাদীতি ॥ ২০৫ ॥

এতাবতা প্রকৃতে কিমায়াতমিত্যাশঙ্ক্য অন্তর্যামিপ্রভৃতি-কুদ্দালকাদিপর্য্যন্তং বস্তুজাতং প্রত্যেকমীশ্বরত্বেন পূজ্যতামিত্যাহ—ঈশেত্যাদিনা শ্লোকত্রয়েণ ॥ ২০৬—২০৮ ॥

'তে যথা যথোপাসতে তদেব ভবতি' ইতি শ্রুতিস্তত্তৎপূজায়াং তত্তৎফলসদ্ভাবে প্রমাণমিত্যাহ—যথা যথেতি। ননু সর্ব্বেষামীশ্বরত্বে ফলবৈষম্যং কুত ইত্যাশঙ্ক্য পূজ্যানামধিষ্ঠানানাং পূজানামর্চ্চনাদীনাঞ্চ সাত্ত্বিকাদিভেদেন বৈষম্যমিত্যাহ—ফলোৎকর্ষেতি ॥ ২০৯ ॥

---

এই জগৎ অতি স্পষ্টরূপে প্রকাশিত হয়। পুরুষসূক্তেই বিশ্বরূপাধ্যায়ে উক্ত হইয়াছে,—ব্রহ্মাদিস্তম্বপর্য্যন্ত সমুদায় বিশ্ব এই বিরাটের অবয়ব। ২০৪।২০৫।

ঈশ্বর, হিরণ্যগর্ভ, বিরাট্, প্রজাপতি, বিষ্ণু, রুদ্র, ইন্দ্র, অগ্নি, বিঘ্নভৈরব, মৈরাল, মারিক, যক্ষ, রাক্ষস, ব্রাহ্মণ, ক্ষত্রিয়, বৈশ্য, শূদ্র, গো, অশ্ব, মৃগ, পক্ষী, অশ্বত্থ, বট, আম্র, যব, ধান্য, তৃণ, জল, প্রস্তর, মৃত্তিকা, কাষ্ঠ, বাসী, (বাইস) এবং কুদ্দাল প্রভৃতি সকলেই ঈশ্বরের অবয়ব ও ইহারা পূজিত হইয়া শুভফল প্রদান করে। ২০৬—২০৮।

যে ব্যক্তি যে কোন বস্তুকে যে প্রকারে উপাসনা করে, সে ব্যক্তি অবশ্যই তাহার অনুরূপ ফল প্রাপ্ত হয়, আর পূজ্য বস্তুর স্বরূপ ও পূজানুষ্ঠানের তারতম্য অনুসারে ফলের উৎকর্ষ ও অপকর্ষ হইয়া থাকে; কিন্তু যেমন স্বীয়

মুক্তিস্তু ব্রহ্মতত্ত্বস্য জ্ঞানাদেব ন চান্যথা
স্বপ্রবোধং বিনা নৈব স্বস্বপ্নো হীয়তে যথা ॥ ২১০ ॥
অদ্বিতীয়ব্রহ্মতত্ত্বে স্বপ্নোঽয়মখিলং জগৎ ।
ঈশজীবাদিরূপেণ চেতনাচেতনাত্মকম্ ॥ ২১১ ॥
আনন্দময়বিজ্ঞানময়াবীশ্বরজীবকৌ ।
মায়য়া কল্পিতাবেতৌ তাভ্যাং সর্ব্বং প্রকল্পিতম্ ॥
ঈক্ষণাদিপ্রবেশান্তা সৃষ্টিরীশেন কল্পিতা ।
জাগ্রদাদিবিমোক্ষান্তঃ সংসারো জীবকল্পিতঃ ॥ ২১৩ ॥

---

সাংসারিকফলসিদ্ধিরেবং ভবতু মুক্তিঃ কথোপাসনাদ্ ভবতীত্যাশঙ্ক্য জ্ঞানব্যতিরেকেণ ন কেনাপি ভবতীত্যাহ—মুক্তিরিতি। তত্র দৃষ্টান্তমাহ—স্বপ্রবোধমিতি। স্বজাগরণমন্তরেণ স্বনিদ্রাকল্পিতস্বপ্নো যথা ন নিবর্ত্ততে তথা ব্রহ্মতত্ত্বজ্ঞানমন্তরেণ তদজ্ঞানকল্পিতঃ স্বসংসারো ন নিবর্ত্তত ইতি ভাবঃ ॥ ২১০ ॥

নন্থ দ্বৈতনিবৃত্তিলক্ষণায়া মুক্তেঃ স্বপ্নদৃষ্টান্তেন তত্ত্ববোধসাধ্যত্বাভিধানমনুপপন্নং নিবর্ত্ত্যস্য দ্বৈতস্য স্বপ্নতুল্যত্বাভাবাদিত্যাশঙ্কান্যথাগ্রহণরূপত্বেনাস্য স্বপ্নতুল্যত্বমস্ত্যেব। ত্রয়মেতৎ সুষুপ্তং স্বপ্নং মায়ামাত্রমিতি শ্রুত্যাভিহিতত্বাৎ মৈবমিত্যাহ—অদ্বিতীয়েতি। ঈশজীবাদিরূপেণ বর্ত্তমানং চেতনাচেতনাত্মকং যদখিলং জগদস্তি অয়মদ্বিতীয়ব্রহ্মতত্ত্বে স্বপ্ন ইতি যোজনা ॥ ২১১ ॥

নন্বীশজীবয়োর্ব্রহ্মাভিন্নয়োঃ কথং জগদন্তঃপাতিত্বমিত্যাশঙ্ক্য তয়োর্মায়াকল্পিতত্বেন জগদন্তঃপাতিত্বমিত্যাহ—আনন্দময়েতি ॥ ২১২ ॥

তাভ্যাং সর্ব্বং কল্পিতমিত্যুক্তম্। তত্র কেন কিয়ৎ কল্পিতমিত্যাকাঙ্ক্ষায়ামাহ—ঈক্ষণাদীতি। 'স ঐক্ষত লোকান্নু সৃজা' ইত্যাদিকয়া, 'এতয়া দ্বারা প্রপদ্যত' ইত্যন্তয়া শ্রুত্যা

---

স্বপ্নাবস্থা নিবারণের নিমিত্ত স্বকীয় জাগরণ ব্যতীত অন্য উপায় নাই, তদ্রূপ মুক্তি-ফল প্রাপ্ত হইতে হইলে ব্রহ্মতত্ত্ব-জ্ঞান ব্যতীত আর উপায়ান্তর নাই। ২০৯।২১০।

ঈশ্বর, জীব ও দেহ প্রভৃতি চেতনাচেতনাত্মক এই জগৎ অদ্বিতীয় ব্রহ্মতত্ত্বজ্ঞানে মায়া কল্পিত স্বপ্নস্বরূপ, যে হেতু আনন্দময়স্বরূপ ঈশ্বর এবং বিজ্ঞান-রূপ জীব উভয়ই মায়া-দ্বারা কল্পিত এবং তদুভয় হইতে এই সমুদয় বিশ্ব সৃষ্টি হইয়াছে। ২১১—২১২।

সৃষ্টিবিষয়ক সংকল্প অবধি সর্ব্ববস্তু অনুপ্রবেশ পর্য্যন্ত সমুদায় ব্যাপার

অদ্বিতীয়ং ব্রহ্মতত্ত্বমসঙ্গং তন্ন জানতে।
জীবেশয়োর্মায়িকয়োর্বৃথৈব কলহং যযুঃ ॥ ২১৪ ॥
জ্ঞাত্বা সদা তত্ত্বনিষ্ঠাননুমোদামহে বয়ম্।
অনুশোচাম এবান্যান্ ন ভ্রান্তৈর্বিবদামহে ॥ ২১৫ ॥
তৃণার্চ্চকাদিযোগান্তা ঈশ্বরে ভ্রান্তিমাশ্রিতাঃ।
লোকায়তাদিসাংখ্যান্তা জীবে বিভ্রান্তিমাশ্রিতাঃ ॥ ২১৬ ॥
অদ্বিতীয়ব্রহ্মতত্ত্বং ন জানন্তি যদা তদা।
ভ্রান্তা এবাখিলাস্তেষাং ক্ব মুক্তিঃ কেহ বা সুখম্ ॥ ২১৭ ॥

প্রতিপাদিতা সৃষ্টিরীশ্বরকর্ত্তৃকা। 'তস্য ত্রয় আবসথা'-ইত্যাদিকয়া, 'স এতমেব পুরুষং ব্রহ্মতত্ত্বমপশ্য'দিত্যন্তয়া শ্রুত্যা প্রতিপাদিতঃ সংসারো জীবকর্ত্তৃক ইত্যর্থঃ ॥ ২১৩ ॥

নমু ব্রহ্মণ এব পারমার্থিকত্বে বাদিনাং জীবেশ্বরতত্ত্ববিষয়া বিপ্রতিপত্তিঃ কুত ইত্যাশঙ্ক্য শ্রুতিসিদ্ধতত্ত্বজ্ঞানশূন্যত্বাদিত্যাহ—অদ্বিতীয়মিতি ॥ ২১৪ ॥

জীবেশ্বরবিষয়ায়াঃ বাদিবিপ্রতিপত্তেরজ্ঞানমূলত্বে তথাবিধত্বেন তে বোধনীয়া ইত্যাশঙ্ক্য বৃথাশ্রমত্বান্নেত্যাহ—জ্ঞাত্বেতি ॥ ২১৫ ॥

ঈশ্বরে জীবে চ ভ্রান্ত্যা বিপ্রতিপন্নান্ বাদিনো বিভজ্য দর্শয়তি—তৃণার্চ্চকাদীতি ॥ ২১৬ ॥

কুতো ভ্রান্তত্বং তেষামিত্যত আহ—অদ্বিতীয়েতি। ততঃ কিং তত্রাহ—তেষামিতি। পরিগৃহীতপক্ষপ্রতিপাদনাভিনিবেশেন চিত্তবিশ্রান্ত্যভাবান্নৈহিকমপি সুখং তেষামিত্যাহ—কেহ বা সুখমিতি ॥ ২১৭ ॥

---

ঈশ্বরের কার্য্য এবং জাগ্রৎ অবস্থা প্রভৃতি মুক্তি পর্য্যন্ত সমুদায় ব্যাপার জীব কর্ত্তৃক কল্পিত হইয়াছে। ২১৩।

অন্যান্যবাদীরা অসঙ্গ চৈতন্য পরব্রহ্মের স্বরূপ জানে না, কেবল ভ্রান্তিবশতঃ মায়িক জীব ও ঈশ্বরের স্বরূপ বিষয়ে বৃথা বিবাদ করিয়া থাকে। তাহাদিগের সহিত আমরা কলহ করিতে প্রার্থনা করি না, কেবল তাহাদিগকে দেখিলে আমাদিগের শোক উপস্থিত হয়, কিন্তু তত্ত্বনিষ্ঠ জ্ঞানী ব্যক্তির সহিত সাক্ষাৎ হইলে আমাদিগের আনন্দ হয়। ২১৪—২১৫।

তৃণ-বৃক্ষাদি-উপাসক হইতে যোগাচার্য্য পর্য্যন্ত সকলেই ঈশ্বরের স্বরূপ বিচারে ভ্রান্ত এবং লোকায়তাদি সাংখ্য পর্য্যন্ত বাদিগণ, জীবের স্বরূপবিচারে ভ্রান্ত, যখন তাহারা অদ্বিতীয় অসঙ্গ-স্বরূপ পরব্রহ্মতত্ত্ব জানে না,

উত্তমাধমভাবশ্চেৎ তেষাং স্যাদস্তু তেন কিম্।
স্বপ্নস্থরাজ্যভিক্ষাভ্যাং ন বুদ্ধঃ স্পৃশ্যতে খলু॥ ২১৮॥
তস্মান্মুমুক্ষুভির্নৈব মতির্জীবেশবাদয়োঃ।
কার্য্যা কিন্তু ব্রহ্মতত্ত্বং বিচার্য্য * বুধ্যতাঞ্চ তৎ॥ ২১৯॥
পূর্ব্বপক্ষতয়া তৌ চেৎ তত্ত্বনিশ্চয়হেতুতাম্।
প্রাপ্নুতোহস্তু নিমজ্জস্ব তয়োর্নৈতাবতাহবশঃ॥ ২২০॥
অসঙ্গচিদ্বিভুর্জীবঃ সাংখ্যোক্তস্তাদৃগীশ্বরঃ।
যোগোক্তস্তত্ত্বমোরর্থৌ শুদ্ধৌ তাবিতি চেচ্ছৃণু॥ ২২১॥

নন্বু তেষাং ব্রহ্মবিদ্যাভাবেহপি ইতরবিদ্যাপ্রযুক্ত উত্তমাধমভাবো দৃশ্যতে উত্তমত্বপ্রযুক্তং সুখং কেষাঞ্চিৎ স্যাদিত্যাশঙ্ক্য তস্য মুমুক্ষুভিরনাদরণীয়ত্বং দৃষ্টান্তেনাহ—উত্তমেতি॥ ২১৮॥

জীবেশ্বরবাদয়োর্মুক্তিহেতুত্বাভাবাৎ ন মুমুক্ষুভিস্তত্র মতির্নিবেশনীয়েতি উপসংহরতি—তস্মাদিতি। তর্হি কিং কর্ত্তব্যমিত্যাশঙ্ক্য শ্রুতিবিচারেণ ব্রহ্মবোধ এব কর্ত্তব্য ইত্যাহ—কিন্তু ব্রহ্মেতি॥ ২১৯॥

নন্বু ব্রহ্মতত্ত্বনিশ্চয়ায় তয়োঃ স্বরূপং হেয়ত্বেন জ্ঞাতব্যমিত্যাশঙ্ক্য তথাত্বে জীবেশবাদয়োরেব বুদ্ধের্ন পারিসমাপনীয়েত্যাহ—পূর্ব্বেতি। এতাবতা পূর্ব্বপক্ষতয়া তত্ত্বনিশ্চয়-‡হেতুত্বসম্ভবেন তয়োর্জীবেশবাদয়োরেবাবশো বিবেকজ্ঞানশূন্যো ন নিমজ্জস্বেতি যোজনা॥ ২২০॥

নন্বু সাংখ্যযোগশাস্ত্রোক্তয়োর্জীবেশয়োঃ শুদ্ধচিদ্রূপত্বেন ভবত্তিরপ্যুপাদেয়ত্বান্ন তয়োঃ পূর্ব্ব-

তখন তাহারা সকলেই ভ্রান্ত; তাহাদের কোথায় সুখ ও কোথায় বা মুক্তি? ২১৬—২১৭।

পূর্ব্বোক্ত বাদীদিগের মধ্যে উত্তমাধম ভাব দৃষ্ট হয় বটে, কিন্তু তাহাতেই বা কি, যেহেতু স্বপ্নদৃষ্ট রাজ্যলাভ বা ভিক্ষাবৃত্তি জাগ্রৎ পুরুষকে অধিকার করিতে পারে না। জীব বা ঈশ্বরবিষয়ে বিবাদ না করিয়া ব্রহ্মতত্ত্ব বিচার করিয়া তাহা জানাই মুমুক্ষুর কর্ত্তব্য। ২১৮—২১৯।

পূর্ব্বোক্ত পরব্রহ্ম-তত্ত্ব নির্ণয় করিবার নিমিত্ত জীব ও ঈশ্বরের স্বরূপ যদি পূর্ব্বপক্ষরূপে নির্ণয় করিতে হয়, কর, কিন্তু ইহাতে তন্নির্ণয়ের বশীভূত হইয়া নিমগ্ন হইও না। ২২০।

যদি বল,—জীবের অসঙ্গ বিভু চৈতন্যস্বরূপ সাংখ্যোক্ত, তাহা ত্বং পদার্থ; ঈশ্বরের তাদৃশস্বরূপ যোগশাস্ত্রোক্ত, তাহাই তৎপদার্থ; তবে শ্রবণ

* বিচার্য্য ইত্যস্মদেশীয়-পুস্তকপাঠঃ।

‡ নির্ণয় ইতি মুম্বয়ীপুস্তক পাঠঃ।

ন তত্ত্বমোরুভাবর্থাবস্মৎসিদ্ধান্ততাং গতৌ।
অদ্বৈতবোধনায়ৈব সা কক্ষা কাচিদিষ্যতে ॥ ২২২ ॥
অনাদিমায়য়া ভ্রান্তা জীবেশৌ সুবিলক্ষণৌ।
মন্যন্তে তদ্ব্যুদাসায় কেবলং শোধনং তয়োঃ ॥ ২২৩ ॥
অত এবাত্র দৃষ্টান্তো যোগ্যঃ প্রাক্ সম্যগীরিতঃ।
ঘটাকাশমহাকাশ-জলাকাশাভ্রখাত্মকঃ ॥ ২২৪
জলাভ্রোপাধ্যধীনে তে জলাকাশাভ্রখে তয়োঃ।
আধারৌ তু ঘটাকাশ-মহাকাশৌ সুনির্ম্মলৌ ॥ ২২৫ ॥

পক্ষত্বমিতি শঙ্কতে—অসঙ্গেতি। সাংখ্যযোগশাস্ত্রোক্তয়োর্জীবেশয়োঃ শুদ্ধচিদ্রূপত্বেঽপি তয়োর্বাস্তবভেদস্য তৈরঙ্গীকৃতত্বান্নায়মস্মৎসিদ্ধান্ত ইত্যাহ—শৃণ্বিতি ॥ ২২১ ॥

তত্ত্বম্পদয়োরুভাবর্থৌ অস্মৎসিদ্ধান্তত্বং ন গতাবিতি যোজনা। নমু কূটস্থব্রহ্মশব্দাভ্যাং শুদ্ধৌ তত্ত্বম্পদার্থৌ ভবদ্ভিরপি ভিন্নৌ নিরূপিতাবিতি আশঙ্ক্যাহ—অদ্বৈতবোধনায়েবেতি। লোকপ্রসিদ্ধভেদনিরাসদ্বারা তদৈক্যপ্রতিপাদনায়ৈব তৌ ভেদেনোদিতৌ ন তু তয়োর্ভেদঃ প্রতিপাদ্যত ইতি ভাবঃ ॥ ২২২ ॥

তর্হি পদার্থশোধনং কিমর্থমিত্যত আহ—অনাদীতি। অত্র মায়াশব্দেন স্বাশ্রয়ব্যামোহিকাবিদ্যা লক্ষ্যতে, তয়া বিপরীতজ্ঞানং প্রাপ্তাঃ কর্ত্তৃত্বাদিমত্ত্বং জীবস্য সর্ব্বজ্ঞত্বাদিগুণযোগিত্বমীশ্বরস্য পারমার্থিকং মন্যন্তে, অতস্তান্নিবৃত্ত্যর্থমেব শোধনং ক্রিয়তে ইতি ভাবঃ ॥ ২২৩ ॥

পদার্থশোধনপ্রকারমেব দিদর্শয়িষুস্তদুপায়ত্বেন পূর্ব্বোক্তদৃষ্টান্তং স্মারয়তি—অত ইতি। যতঃ পদার্থশোধনং কর্ত্তব্যমত এবেত্যর্থঃ ॥ ২২৪ ॥

পদার্থশোধনপ্রকারমাহ—জলেতি। যে জলাকাশাভ্রখে তে জলাভ্রোপাধ্যধীনত্বাদপার-

---

কর, সে পদার্থ যে দুই—তাহা আমাদিগের সিদ্ধান্ত নহে, কেবল অদ্বৈততত্ত্ব-বোধের নিমিত্ত (সোপান স্বরূপ) সেই পক্ষটী গ্রহণ করি মাত্র। ২২১।২২২।

অনাদি অনির্ব্বচনীয় মায়া দ্বারা মোহিত ব্যক্তিরা জীব ও ঈশ্বরের স্বরূপ বিভিন্নরূপে প্রতিপাদন করে, কেবল তাহা অন্যথা করিবার নিমিত্ত আমরা তত্ত্বম্পদার্থ শোধন করিয়া থাকি। ২২৩।

অতএব ইহার যোগ্য দৃষ্টান্ত ঘটাকাশ, মহাকাশ, জলাকাশ ও মেঘাকাশ পূর্ব্বে সম্যক্‌রূপে ব্যক্ত করিয়াছি। ২২৪।

যেমন জলাকাশ ও মেঘাকাশ,—এতদুভয়, জল ও মেঘরূপ উপাধিদ্বয়ের অধীন এবং তদুভয়ের আধারভূত যে ঘটাকাশ ও মহাকাশ, তাহা নির্ম্মল,

এবমানন্দবিজ্ঞানময়ৌ মায়াধিয়োর্বশৌ।
তদধিষ্ঠানকূটস্থ-ব্রহ্মাণী তু সুনির্ম্মলে ॥ ২২৬ ॥
এতৎকক্ষোপযোগেন সাংখ্যযোগৌ মতৌ যদি।
দেহোঽন্নময়কক্ষত্বাদাত্মত্বেনাভ্যুপেয়তাম্ ॥ ২২৭ ॥
আত্মভেদো জগৎ সত্যমীশোঽন্য ইতি চেৎ ত্রয়ম্।
ত্যজ্যতে তৈস্তদা সাংখ্য-যোগবেদান্তসম্মতিঃ ॥ ২২৮ ॥
জীবোঽসঙ্গত্বমাত্রেণ কৃতার্থ ইতি চেৎ তদা।
স্রক্‌চন্দনাদিনিত্যত্ব-মাত্রেণাপি কৃতার্থতা ॥ ২২৯ ॥

---

মার্ধিকে তয়োরাধারভূতৌ ঘটাকাশমহাকাশৌ সুনির্ম্মলৌ জলাভ্রোপাধিনিরপেক্ষাকাশমাত্রস্বরূপাবিত্যর্থঃ ॥ ২২৫ ॥

দার্ষ্টান্তিকমাহ—এবমিতি ॥ ২২৬ ॥

নন্ পদার্থদ্বয়শোধনকক্ষোপযোগিত্বেনাপি সাংখ্যযোগমতদ্বয়মঙ্গীকার্য্যমিতি চেৎ, অত্রাহ্ মিদমুচ্যতে ইতরেষামপি শাস্ত্রাণাং তত্তৎকক্ষোপযোগিত্বেনাস্মাভিরভ্যুপেয়ত্বাদিত্যাহ—এতদিতি ॥ ২২৭ ॥

কুতস্তর্হি সাংখ্যযোগয়োর্বেদান্তবিরোধিত্বমিত্যাশঙ্ক্য জীবভেদজগৎসত্যেশ্বরতাটস্থ্যাংশে ইত্যাহ—আত্মভেদ ইতি ॥ ২২৮ ॥

নন্ জীবস্যাসঙ্গত্বজ্ঞানাদেব মুক্তিসিদ্ধেঃ কিমদ্বৈতবোধেনেত্যাশঙ্ক্য অদ্বৈতজ্ঞানমন্তরেণাসঙ্গত্বাদিকং ন সম্ভাব্যত ইত্যভিসন্ধিং হৃদি নিধায়োত্তরমাহ—জীবে ইতি ॥ ২২৯ ॥

---

তদ্রূপ আনন্দময় (ঈশ্বর) ও বিজ্ঞানময় (জীব), মায়া ও বুদ্ধিরূপ উপাধির অধীন; কিন্তু তদধিষ্ঠানভূত কূটস্থ চৈতন্য ও ব্রহ্মচৈতন্য—উভয়ই নির্ম্মল। ২২৫।২২৬।

(সাংখ্য-যোগোক্ত তৎপদার্থ ও ত্বং-পদার্থমাত্রের স্বীকার করিতেই যদি সাংখ্য ও যোগ-সিদ্ধান্ত আমাদের মত হয়, তাহা হইলে "দেহ অন্নময়" এইটুকু স্বীকার করাতেই "অন্নময় দেহ আত্মা"—এই সমগ্র সিদ্ধান্তও তোমাকে স্বীকার করিতে হইবে। ২২৭।

যদি আত্মার নানাত্ব জগতের সত্যত্ব ও ঈশ্বরের অতিরিক্তত্ব স্বীকারও সাংখ্য-যোগমতে পরিত্যক্ত হয়, তবে সাংখ্য, যোগ, বেদান্ত এ তিন শাস্ত্রের সিদ্ধান্ত এক হয়। ২২৮।

যদি জীবের অসঙ্গত্ব জ্ঞান মাত্রে মুক্তি হয়, তবে ঐহিক স্রক্‌চন্দনাদি

যথা স্রগাদিনিত্যত্বং দুঃসম্পাদ্যং তথাত্মনঃ।
অসঙ্গত্বং ন সম্ভাব্যং জীবতোর্জগদীশয়োঃ ॥ ২৩০ ॥
অবশ্যং প্রকৃতিঃ সঙ্গং পুরেবাপাদয়েৎ তথা।
নিয়চ্ছত্যেতমীশোঽপি কোঽস্য মোক্ষস্তথা সতি ॥ ২৩১ ॥
অবিবেককৃতঃ সঙ্গো নিয়মশ্চেতি চেৎ তদা।
বলাদাপতিতো মায়া-বাদঃ সাংখ্যস্য দুর্ম্মতেঃ ॥ ২৩২ ॥
বন্ধমোক্ষব্যবস্থার্থমাত্মনানাত্বমিষ্যতাম্।
ইতি চেন্ন যতো মায়া ব্যবস্থাপয়িতুং ক্ষমা ॥ ২৩৩ ॥

অভিসন্ধিমাবিষ্করোতি—যথেতি। জীবজগতোর্ব্বিশেষ্যবিশেষণাকারেণ ভাসমানয়োঃ ॥ ২৩০ ॥
অসম্ভবমেব স্পষ্টয়তি—অবশ্যমিতি। ফলিতমাহ—কোঽস্যেতি ॥ ২৩১ ॥

সঙ্গনিয়ময়োরবিবেককার্য্যত্বাদ্ বিবেকজ্ঞানেন চাবিবেকনিবৃত্তৌ কুতঃ পুনঃ সঙ্গাদ্যাপত্তিরিতি শঙ্কতে—অবিবেকেতি। এবং সত্যপসিদ্ধান্তাপাত ইতি পরিহরতি—তদা বলাদিতি। অয়ম্ভাবঃ,—অবিবেকো নাম কিং বিবেকাভাবঃ কিং বা তদন্যঃ উত তদ্বিরোধী, নাদ্যঃ অভাবমাত্রস্য ভাবকার্য্যজনকত্বাযোগাৎ, ন দ্বিতীয়ঃ বিবেকাদন্যস্য ঘটাদেঃ সঙ্গহেতুত্বাদর্শনাৎ, তৃতীয়ে তু তস্য ভাবরূপাজ্ঞানত্বমেবেতি মায়াবাদপ্রসঙ্গ ইতি ॥ ২৩২ ॥

অদ্বৈতাভ্যুপগমে বন্ধমোক্ষব্যবস্থানুপপত্তেরাত্মভেদোঽস্মাকং কর্ত্তব্য ইতি চোদয়তি—বন্ধমোক্ষেতি। একস্যাপ্যাত্মনো মায়য়া বন্ধমোক্ষব্যবস্থোপপত্তেমৈবমিতি পরিহরতি—ন যত ইতি ॥ ২৩৩ ॥

ভোগ্য বিষয়ের নিত্যত্ব-জ্ঞানেও মুক্তি হউক, বস্তুতঃ তাহা নহে, যেহেতু যেমন স্রক্‌চন্দনাদির নিত্যত্ব অসম্ভব, তদ্রূপ জগৎ ও ঈশ্বরের সত্যত্ব জ্ঞান বর্ত্তমান থাকিতে জীবের অসঙ্গত্ব-জ্ঞান অসম্ভব। ২২৯।২৩০।

প্রকৃতি,—জীবের সঙ্গ উৎপাদনে অবশ্যই পূর্ব্ববৎ প্রবৃত্ত থাকিবে, ঈশ্বরের নিয়ম পূর্ব্ববৎ অব্যাহত, সুতরাং জীবের মুক্তি অসম্ভব হয়। যদি বল, সঙ্গ এবং নিয়ম কেবল অবিবেকজন্য, তবে দুর্ম্মতি সাংখ্যের মায়াবাদ বলপূর্ব্বক উপস্থিত হইল। ২৩১।২৩২।

যদি বল, বন্ধ-মোক্ষব্যবস্থা সংস্থাপন করিবার নিমিত্ত জীবের নানাত্ব স্বীকার করি, তাহাও অপ্রয়োজন, যেহেতু মায়া তাহা সংস্থাপন করিতে

দুর্ঘটং ঘটয়ামীতি বিরুদ্ধং কিং ন পশ্যসি।
বাস্তবৌ বন্ধমোক্ষৌ তু শ্রুতির্ন সহতেতরাম্ ॥ ২৩৪ ॥
ন নিরোধো ন চোৎপত্তির্ন বদ্ধো ন চ সাধকঃ।
ন মুমুক্ষুর্ন বৈ মুক্ত ইত্যেষা পরমার্থতা ॥ ২৩৫ ॥
মায়াখ্যায়াঃ কামধেনোর্বৎসৌ জীবেশ্বরাবুভৌ।
যথেচ্ছং পিবতাং দ্বৈতং তত্ত্বস্ত্বদ্বৈতমেব হি ॥ ২৩৬ ॥
কূটস্থব্রহ্মণোর্ভেদো নামমাত্রাদৃতে ন হি।
ঘটাকাশমহাকাশৌ বিযুজ্যেতে ন হি ক্বচিৎ ॥ ২৩৭ ॥

---

মায়াপি কথং ব্যবস্থাপয়েদিত্যাশঙ্ক্য তস্যা দুর্ঘটকারিত্ব-স্বভাবত্বাদিত্যভিপ্রেত্যাহ—দুর্ঘটমিতি। বন্ধস্যাবিদ্যকত্বেঽপি মোক্ষো বাস্তবোঽভ্যুপেতব্য ইত্যাশঙ্ক্য শ্রুতিবিরোধান্মৈবমিত্যাহ—বাস্তবাবিতি। ন সহতেতরামতিতরাং নৈব সহতে ইত্যর্থঃ। বন্ধমিব মোক্ষমপি বাস্তবং ন সহত ইতি ভাবঃ ॥ ২৩৪ ॥

মোক্ষাদের্বাস্তবত্বপ্রতিষেধিকাং শ্রুতিং পঠতি—ন নিরোধ ইতি। নিরোধো নাশঃ, উৎপত্তির্দেহসম্বন্ধঃ, বদ্ধঃ সুখদুঃখাদিধর্ম্মবান্, সাধকঃ শ্রবণাদ্যনুষ্ঠাতা, মুমুক্ষুঃ সাধনচতুষ্টয়সম্পন্নঃ, মুক্তঃ নিবৃত্তাবিদ্যঃ, ইত্যেতৎ সর্ব্বং বস্তুতো নাস্তীত্যর্থঃ ॥ ২৩৫ ॥

এবং জীবেশ্বরাদিভেদস্য মায়াময়ত্বমুপসংহরতি—মায়াখ্যায়া ইতি ॥ ২৩৬ ॥

ননু জীবেশয়োর্মায়িকত্বেন তদ্ভেদস্য মিথ্যাত্বেঽপি কূটস্থব্রহ্মণোঃ পারমার্থিকত্বেন তদ্ভেদোঽপি পারমার্থিকঃ স্যাদিত্যাশঙ্ক্য ভেদপ্রয়োজকস্য স্বরূপবৈলক্ষণ্যস্যাভাবান্মৈবমিতি পরিহরতি—কূটস্থেতি। নামমাত্রাৎ ভেদপ্রতীতাবপি বস্তুতো ভেদাভাবে দৃষ্টান্তং পূর্ব্বোক্তং স্মারয়তি—ঘটাকাশেতি ॥ ২৩৭ ॥

---

সক্ষম, তাহার দুর্ঘট-ঘটনরূপ বিরুদ্ধ স্বভাব কি দেখিতে পাওনা? বাস্তবিক বন্ধ-মোক্ষের নিত্যত্ব শ্রুতিসম্মত নহে। ২৩৩।২৩৪।

বাস্তবিক জীবের নাশ নাই, উৎপত্তি নাই, বন্ধ নাই, মুক্তি নাই, সাধন নাই, মোক্ষের ইচ্ছাও নাই। জীব ও ঈশ্বর, মায়ারূপিণী কামধেনুর দুইটী বৎসস্বরূপ; তাহারা আপনার ইচ্ছামত দ্বৈতরূপ দুগ্ধ পান করুক, তাহাতে তাহাদের অদ্বৈত তত্ত্বের কোন হানি হয় না। ২৩৫।২৩৬।

যেমন উপাধির ভেদ ব্যতিরেকে ঘটাকাশ ও মহাকাশের স্বরূপতঃ কিছুই ভেদ হয় না, সেইরূপ কেবল নামগত ভেদ ব্যতীত কূটস্থ ও ব্রহ্মের স্বরূপতঃ আর কিছুমাত্র ভেদ নাই। ২৩৭।

যদদ্বৈতং শ্রুতং সৃষ্টেঃ প্রাক্ তদেবাদ্য চোপরি।
মুক্তাবপি বৃথা মায়া ভ্রাময়ত্যখিলান্ জনান্ ॥ ২৩৮ ॥
যে বদন্ত্যিত্থমেতেঽপি ভ্রামন্তেঽবিদ্যয়াত্র কিম্।
ন যথা পূর্ব্বমেতেষামত্র ভ্রান্তেরদর্শনাৎ ॥ ২৩৯ ॥
ঐহিকামুষ্মিকঃ সর্ব্বঃ সংসারো বাস্তবস্ততঃ।
ন ভাতি নাস্তি চাদ্বৈতমিত্যজ্ঞানিবিনিশ্চয়ঃ ॥ ২৪০ ॥
জ্ঞানিনাং বিপরীতোঽস্মান্নিশ্চয়ঃ সম্যগীক্ষ্যতে।
স্বস্বনিশ্চয়তো বন্ধো মুক্তোঽহং বেতি * মন্যতে ॥ ২৪১ ॥

এবং ভেদস্য মিথ্যাত্বসমর্থনেন কিং ফলমিত্যত আহ—যদদ্বৈতমিতি। "সদেব সোম্যেদমগ্র আসীদেকমেবাদ্বিতীয়মি"তি শ্রুতৌ যৎ সদদ্বিতীয়ং ব্রহ্ম প্রতিপাদিতং তদেব কালত্রয়েঽপ্যবাধত্বেন বাস্তবং, ন ভেদ ইতি ভাবঃ। কুতস্তর্হি সর্ব্বৈর্ভেদেঽভিনিবেশঃ ক্রিয়তে ইত্যত আহ—বৃথা মায়েতি। তত্ত্বজ্ঞানরহিতত্বাৎ অভিনিবেশং কুর্ব্বন্তীতি ভাবঃ ॥ ২৩৮ ॥

নন্বু প্রপঞ্চস্য মায়াময়ত্বং তত্ত্বস্যাদ্বিতীয়ত্বঞ্চ যে বর্ণয়ন্তি তেঽপি স সরন্তো দৃশ্যন্তে অতস্তত্ত্বজ্ঞানেন কিং প্রয়োজনমিতি শঙ্কতে—যে বদন্তীতি। কর্ম্মবশাৎ কেষাঞ্চিৎ ব্যবহারে সত্যপি পূর্ব্ববদভিনিবেশাভাবান্নৈবমিতি—পরিহরতি ন যথেতি ॥ ২৩৯ ॥

জ্ঞানিনাং ভ্রান্ত্যভাবং দর্শয়িতুমজ্ঞানিনাং সংসারে নিশ্চয়ং তাবদাহ—ঐহিকেতি। ইহলোকে ভবঃ ঐহিকঃ পুত্রকলত্রাদিপোষণরূপঃ অমুষ্মিন্ পরলোকে ভবঃ আমুষ্মিকঃ স্বর্গসুখাদ্যনুভবরূপঃ ॥ ২৪০ ॥

তত্ত্বজ্ঞবিনিশ্চয়স্য ততো বৈলক্ষণ্যং দর্শয়তি—জ্ঞানিনামিতি। অদ্বৈতং পারমার্থিকম্

শ্রুতিতে যে অদ্বৈততত্ত্ব পাওয়া যায়, তাহা সৃষ্টির পূর্ব্বে যেরূপ বিরাজিত এক্ষণেও তদ্রূপে বর্ত্তমান এবং আগামী কালে ও মুক্তিকালেও সেইরূপ সমান ভাবে অবস্থিত, তাহাতে সংশয় নাই, কিন্তু মায়া কেবল অখিল ব্রহ্মাণ্ডকে বৃথা ভ্রমণ করাইতেছে। যাহারা ইহা অবগত আছেন, তাঁহারাও যে অবিদ্যা দ্বারা মুগ্ধ না হন এমন নহে, তবে তাঁহাদের ভ্রান্তি ক্ষণিক বলিয়া তাঁহারা অজ্ঞানীর মত একেবারে মুগ্ধ হন না। ২৩৮।২৩৯।

অজ্ঞানিগণ মনে করে, ঐহিক ও পারলৌকিক সুখ-দুঃখাদিময় এই সমস্ত সংসার নিত্যপদার্থ, সুতরাং অজ্ঞানীদিগের মনে অদ্বৈতজ্ঞান যথার্থরূপে

* চেতি ইতি মুম্বয়ীমুদ্রিত পুস্তকে পাঠঃ।

নাদ্বৈতমপরোক্ষঞ্চেন্ন চিদ্রূপেণ ভাসনাৎ।
অশেষেণ ন ভাতঞ্চেদ্‌দ্বৈতং কিং ভাসতেহখিলম্‌ ॥ ২৪২ ॥
দিঙ্মাত্রেণ বিভানন্তু দ্বয়োরপি সমং খলু।
দ্বৈতসিদ্ধিবদদ্বৈত-সিদ্ধিস্তে তাবতা ন কিম্‌ ॥ ২৪৩ ॥
দ্বৈতেন হীনমদ্বৈতং দ্বৈতজ্ঞানে কথং ত্বিদম্‌।

স্তি ভাতি চ, সংসারবস্তুপারমার্থিক ইতি নিশ্চয় ইত্যর্থঃ। ততঃ কিমিত্যাশঙ্ক্য স্বস্বনিশ্চয়ানু-গারেণ ফলং ভবতীত্যাহ—স্বস্বেতি ॥ ২৪১ ॥

অদ্বৈতং ভাতীত্যুক্তিঃ শাস্ত্রত এব নানুভবতঃ অতো ন তন্নিশ্চয় ইতি শঙ্কতে—নাদ্বৈত-মিতি। অনুভবাগোচরত্বমসিদ্ধমিতি পরিহরতি—ন চিদ্রূপেণেতি। ঘটঃ স্ফুরতি পটঃ স্ফুরতীতি ঘটাদিষ্বনুস্যূতস্ফুরণরূপেণ ভাসনাদিত্যর্থঃ। ননু চিদ্রূপত্বস্য ভানেহপি তৎ কার্ৎ-স্ন্যেন ন প্রতীয়ত ইতি শঙ্কতে—অশেষেণেতি। সাকল্যেন ভানাভাবঃ দ্বৈতেহপি সমান ইত্যাহ—দ্বৈতং কিমিতি ॥২৪২ ॥

এবং দোষসাম্যম্‌ অভিধায় পরিহারসাম্যমাহ—দিঙ্মাত্রেণেতি। দিঙ্মাত্রেণৈকদেশেন দ্বয়ো-র্দ্বৈতাদ্বৈতয়োরিত্যর্থঃ। এতাবতা কথং পরিহারসাম্যমিত্যাশঙ্ক্যাহ—দ্বৈতসিদ্ধিবদিতি। তে তব পক্ষে তাবতা একদেশপ্রতীতিসদ্ভাবেন দ্বৈতসিদ্ধিবৎ দ্বৈতনিশ্চয় ইবাদ্বৈতসিদ্ধিরদ্বৈত-নিশ্চয়োহপি ন কিং ভবতি ? কিন্তু ভবত্যেবেত্যর্থঃ ॥ ২৪৩ ॥

পূর্ব্ববাদী প্রকারান্তরেণাদ্বৈতাসিদ্ধিং শঙ্কতে—দ্বৈতেনেতি। অদ্বৈতং দ্বৈতরহিতং তয়োঃ পরস্পরবিরোধাৎ তথা সতি দ্বৈতপ্রতীতাবদ্বৈতং ন সম্ভবতীত্যর্থঃ। ননু তর্হি দ্বৈতস্যাপ্য-

প্রতিভাত হয় না। আর জ্ঞানীদিগের ধারণা ইহার সম্পূর্ণ বিপরীত ;—এইরূপ স্ব স্ব ধারণানুসারে লোকে আপনাকে বদ্ধ-মুক্তরূপে স্থির করে। ২৪০।২৪১।

যদি বল,—অদ্বৈত বস্তুর প্রত্যক্ষ হয় না, তাহা বলিতে পার না, কারণ তিনি সর্ব্বদাই চৈতন্যস্বরূপে ভাসমান আছেন! যদি বল,—তিনি সামান্য-রূপে অবভাসিত হইলেও সাকল্যরূপে প্রত্যক্ষ নহেন, ইহার উত্তরে তোমা-কেই প্রশ্ন করি,—তোমার দ্বৈত বস্তুও কি সাকল্যরূপে প্রকাশিত হইয়া থাকে ? ২৪২।

সুতরাং যখন দ্বৈত ও অদ্বৈত উভয়ের আংশিক প্রকাশ সমানরূপে সিদ্ধ হইল, তখন যেরূপে তুমি দ্বৈতের নির্ণয় করিবে, সেইরূপে অদ্বৈতের নির্ণয় করিতে কেন না পার ? ২৪৩।

যদি বল,—পরস্পর বিরোধী ও দ্বৈত হইতে ভিন্ন অদ্বৈতের স্বরূপ দ্বৈত-জ্ঞান হইতে সম্ভূত নহে এবং অবিরোধী চৈতন্যের ভাসমানতা উভয়ত্র

চিদ্ভানত্ববিরোধ্যস্য দ্বৈতস্যাতোঽসমে উভে ॥ ২৪৪ ॥
এবং তর্হি শৃণু দ্বৈতমসন্মায়ামযত্বতঃ।
তেন বাস্তবমদ্বৈতং পরিশেষাদ্বিভাসতে ॥ ২৪৫ ॥
অচিন্ত্যরচনারূপং মায়ৈব সকলং জগৎ।
ইতি নিশ্চিত্য বস্তুত্বমদ্বৈতে পরিশেষ্যতাম্ ॥ ২৪৬ ॥
পুনর্দ্বৈতস্য বস্তুত্বং ভাতি চেৎ ত্বং তথা পুনঃ।
পরিশীলয় কো বাত্র প্রয়াসস্তেন তে বদ ॥ ২৪৭ ॥
কিয়ন্তং কালমিতি চেৎ খেদোঽয়ং দ্বৈত ইষ্যতাম্।

---

রতবিরোধিত্বাদদ্বৈতে প্রতিভাসমানে দ্বৈতস্যাসিদ্ধিরিতি চোদ্যং সমানমিত্যাশঙ্ক্যাহ পূর্ব্ববাদী—চিদ্ভানস্থিতি। ভবন্মতে চিদ্রূপপ্রতীতেরেবাদ্বৈতপ্রতীতিত্বাৎ তস্যাশ্চ দ্বৈতবিরোধিত্বাভাবান্নোভয়োঃ সাম্যমিতি ভাবঃ ॥ ২৪৪ ॥

প্রতীয়মানস্যাপি দ্বৈতস্য বাস্তবত্বাভাবান্ন বাস্তবাদ্বৈতবিঘাতিত্বমিতি পরিহরতি সিদ্ধান্তী—এবমিতি। প্রসক্তপ্রতিষেধেঽন্যত্রাপ্রসঙ্গাচ্ছিষ্যমাণে সম্প্রত্যয়ঃ পরিশেষঃ ॥ ২৪৫ ॥

পরিশেষপ্রকারমেব দর্শয়তি—অচিন্ত্যেতি। ন চিন্ত্যা অচিন্ত্যা রচনা রূপং যস্য তৎ তথাবিধং সকলং জগন্মায়ৈব মিথ্যৈবেত্যনেন প্রকারেণানির্ব্বচনীয়ত্বান্মিথ্যাত্বং দ্বৈতস্য নিশ্চিত্য বাস্তবমদ্বৈতমেব পরিশেষ্যতামিত্যর্থঃ ॥ ২৪৬ ॥

নম্বেবমদ্বৈতনিশ্চয়ে কৃতেঽপি পুনঃপুনর্দ্বৈতসত্যত্বং পূর্ব্ববাসনয়া ভাতীত্যাশঙ্ক্য তন্নিবৃত্তয়ে পুনঃপুনর্মিথ্যাত্বং বিচারয়েদিত্যাহ—পুনর্দ্বৈতস্যেতি। আবৃত্তিরসকৃদুপদেশাদিতি চতুর্থাধ্যায়ে ব্যাসেন আত্মনঃ শ্রবণাদ্যাবর্ত্তনস্য বিহিতত্বাদিতি ভাবঃ ॥ ২৪৭ ॥

কিয়ন্তং কালমিত্থং বিচারণীয়মিত্যাশঙ্ক্য তত্রাপবোক্ষবিদ্যাপ্তৌ বিচারোঽয়ং সমাপ্যত ইতি

---

সমান হইলেও স্বরূপতঃ সমান নহে, তবে শ্রবণ কর, মায়াময়ত্ব হেতু দ্বৈত-বস্তু মাত্রেই অসৎ, সুতরাং অদ্বৈত বস্তু যে স্বরূপতঃ নিত্য পদার্থ, তাহা সিদ্ধ হইল। ২৪৪।২৪৫।

'অচিন্ত্যরচনারূপ এই সমুদায় জগৎ মায়ারই কার্য্য', এইরূপ নিশ্চয় করিয়া পরিশেষে অদ্বৈত বস্তুর নিত্যত্ব অবধারণ কর। তাহাতেও যদি পুনর্ব্বার দ্বৈত পদার্থের সত্যতা বুদ্ধিতে আগত হয়, তবে তুমি পুনঃপুনঃ অনুশীলন কর, ইহা তোমার কিছুমাত্র আয়াস-সাধ্য নহে। ২৪৬।২৪৭।

যদি এরূপ দুঃখ কর যে, কতকাল পর্য্যন্ত এ প্রকার তত্ত্ব অনুশীলন করিব।

অদ্বৈতে তু ন যুক্তোঽয়ং সর্ব্বানর্থনিবারণাৎ ॥ ২৪৮

ক্ষুৎপিপাসাদয়ো দৃষ্টা যথা পূর্ব্বং ময়ীতি চেৎ।

মচ্ছব্দবাচ্যেঽহঙ্কারে দৃশ্যতাং নেতি কো বদেৎ ॥ ২৪৯ ॥

চিদ্রূপেঽপি প্রসজ্যেরংস্তাদাত্ম্যাধ্যাসতো যদি।

মাধ্যাসং কুরু কিন্তু ত্বং বিবেকং কুরু সর্ব্বদা ॥ ২৫০ ॥

ঝটিত্যধ্যাস আয়াতি দৃঢ়বাসনয়েতি চেৎ।

---

বিচারকালাবধেরুক্তত্বান্নাদ্বৈতবিচারেঽয়ং খেদো যুক্তঃ কিন্তু দ্বৈতপ্রতিভাস এব যুক্ত ইত্যাহ—কিয়ন্তমিতি ॥ ২৪৮ ॥

নম্বেবমদ্বৈতাত্মতত্ত্বাপবোক্ষজ্ঞানবত্যপি। ময়ি ক্ষুৎপিপাসাদ্যনর্থস্য পরিদৃশ্যমানত্বাদনর্থনিবারকত্বমাত্মজ্ঞানস্যাসিদ্ধমিতি শঙ্কতে—ক্ষুৎপিপাসাদয় ইতি। কি মচ্ছব্দবাচ্যেঽহঙ্কারে দৃশ্যন্তে উত মচ্ছব্দোপলক্ষিতে চিদাত্মনীতি বিকল্প্যাদ্যমঙ্গীকরোতি—মচ্ছব্দবাচ্য ইতি। ন দ্বিতীয়ঃ তস্যাসঙ্গত্বাচ্চেতি বহিরেব দ্রষ্টব্যম্ ॥ ২৪৯ ॥

বস্তুতস্তৎপ্রবৃত্ত্যভাবেঽপি ভ্রান্ত্যা তৎপ্রসক্তিঃ স্যাদিতি শঙ্কতে—চিদ্রূপেঽপীতি। এবং তর্হ্যনর্থহেতোরধ্যাসস্য নিবৃত্তয়ে সদা বিবেকঃ ক্রিয়তামিত্যাহ—মাধ্যাসমিতি ॥ ২৫০ ॥

---

এরূপ ক্লেশ মনে করা তোমার কর্ত্তব্য নহে, এ প্রকার খেদ দ্বৈতবিষয়ে যুক্ত বটে, কিন্তু যে তত্ত্বের অনুশীলনে সকল অনর্থের নিবারণ হয়, তাহাতে এইরূপ আয়াস করায় অনর্থ ঘটনার সম্ভাবনা নাই। ২৪৮।

যদি বল,—ক্ষুৎপিপাসাদিরূপ অনর্থ অজ্ঞানাবস্থায় যেরূপ থাকে, তত্ত্বজ্ঞানের পরেও সেইরূপ দৃষ্ট হয়, তবে আর অনর্থ-নিবৃত্তি কি হইল? তাহার উত্তর এই যে,'অস্মৎ' শব্দের বাচ্য যে অহঙ্কার, তাহাতেই সে অনর্থ জানিবে, সে অনর্থ নিবারণ কে করিবে? কিন্তু আত্মতত্ত্বে কোন অনর্থ নাই। ২৪৯।

যদি বল,—অহঙ্কার-তত্ত্বের সহিত তাদাত্ম্যাধ্যাসবশতঃ চিদ্রূপ পরমাত্মতত্ত্বেও অনর্থ-ঘটনা হইতে পারে, তবে তুমি তাদাত্ম্যাধ্যাস কল্পনা করিও না, কিন্তু সর্ব্বদা বিবেক আলোচনা কর, ইহাতেও যদি চিরসঞ্চিত দৃঢ় বাসনাবশতঃ সহসা অধ্যাস আসিয়া পড়ে, তবে দৃঢ়রূপে বিবেক অভ্যাস করিতে যত্নবান্ হও। ২৫০।

অদ্বৈত-তত্ত্ববিবেক অভ্যস্ত হইলে দ্বৈতবস্তুর মিথ্যাত্ব নিশ্চয় হয়,

আবর্ত্তয়েদ্‌বিবেকঞ্চ দৃঢ়ং বাসয়িতুং সদা ॥ ২৫১ ॥
বিবেকে দ্বৈতমিথ্যাত্বং যুক্ত্যৈবেতি ন ভণ্যতাম্‌।
অচিন্ত্যরচনাত্বস্থানুভূতির্হি স্বসাক্ষিকী ॥ ২৫২ ॥
চিদপ্যচিন্ত্যরচনা যদি তর্হ্যস্তু নো বয়ম্‌।
চিতিং সুচিন্ত্যরচনাং ব্রূমো নিত্যত্বকারণাৎ ॥ ২৫৩ ॥
প্রাগভাবো নানুভূতশ্চিতের্নিত্যা ততশ্চিতিঃ।
দ্বৈতস্য প্রাগভাবস্তু চৈতন্যেনানুভূয়তে ॥ ২৫৪ ॥

---

অনাদিবাসনাবশাৎ পুনঃপুনরধ্যাসস্যাগমনে তন্নিবৃত্তয়ে বিবেক এবাবর্ত্তনীয়ো নোপায়ান্তরমিত্যাহ—আবর্ত্তয়েদিতি ॥ ২৫১ ॥

নন্থ বিচারেণ দ্বৈতস্য মায়াময়ত্বং যুক্ত্যৈব, নিধাতি নানুভবত ইত্যাশঙ্ক্যাচিন্ত্যরচনাত্বলক্ষণমিথ্যাত্বানুভবস্য স্বসাক্ষিকত্বান্নৈবমিতি পরিহরতি—বিবেক ইতি ॥ ২৫২ ॥

নন্বচিন্ত্যরচনাত্বং মিথ্যাপদার্থলক্ষণমুক্তং চিদাত্মন্যতিব্যাপ্তমিতি শঙ্কতে—চিদপীতি। প্রাগভাবযুক্তত্বে সতি অচিন্ত্যরচনাত্বং মিথ্যাত্বলক্ষণমিতি বিবক্ষয়াচিন্ত্যরচনাত্বমাত্মনোহঙ্গীকরোতি—তর্হ্যস্ত্বিতি। এবমঙ্গীকারেহপসিদ্ধান্ত আপতেৎ ইত্যাশঙ্ক্য—পরিহরতি নো বয়মিতি। তত্র হেতুমাহ—নিত্যত্বেতি। বয়ং চিতিং সুচিন্ত্যরচনাং নো ব্রূম ইতি যোজনা ॥ ২৫৩ ॥

চিতের্নিত্যত্বং কুত ইত্যাশঙ্ক্য প্রাগভাবাননুভবাদিত্যাহ—প্রাগভাব ইতি। যতঃ চিতেঃ প্রাগভাবো নানুভূতস্ততো নিত্যেতি যোজনা। ইদমত্রাকূতং—চিতেঃ প্রাগভাবোহস্তীতি বদন্ প্রষ্টব্যঃ,—চিৎপ্রাগভাবঃ কিং চিতানুভূয়তে উতান্যেন? নান্যেন, তদন্যজড়ত্বেনানুভবিতৃত্বানুপপত্তেঃ, চিতানুভূয়ত ইত্যপি পক্ষে কিং চিদন্তরেণ উত স্বেনৈব? নাদ্যঃ,—অদ্বৈতবাদে চিদন্তরস্যাভাবাৎ তৎস্বীকারেহপি চিৎপ্রতিযোগিকস্যাভাবস্য চিদ্গ্রহণমন্তরেণ গ্রহীতুমশক্যত্বাৎ তস্যা অপি গৃহ্যমাণত্বে ঘটাদিবদচিত্ত্বাপত্তেঃ, নাপি দ্বিতীয়ঃ,স্বাভাবস্য স্বেন গ্রহীতুমশক্যত্বাদিতি। নন্থ দ্বৈতস্য প্রমাত্রাদিত্বেনরূপত্বাৎ তদভাবস্য তু তেনৈবানুভাবয়িতুমশক্যত্বাৎ তদনুভবিত্রন্তরাভাবাচ্চ চৈতন্যবদেব দ্বৈতস্যাপি নিত্যত্বাপত্তিরিত্যাশঙ্ক্যানুভবিত্রন্তরাভাবোহসিদ্ধ ইতি পরিহরতি—

---

ইহা যে, কেবল যুক্তিসিদ্ধ, তাহা নহে; দ্বৈতবস্তুর অচিন্ত্যরচনাবিষয়ক যে অনুভব তাহাও তদ্বিষয়ের প্রমাণ; ইহাতে যদি অখণ্ড চৈতন্যেরও অচিন্ত্যরচনা স্বীকার কর, তাহাতে ক্ষতি কি? আমরাও ত চৈতন্যকে সুচিন্ত্যরচনাস্বরূপ বলি না, কেন না চৈতন্য যে নিত্য। ২৫১—২৫৩।

চৈতন্যের প্রাগভাব অনুভূত হয় না বলিয়া তাঁহাকে নিত্য বলা যায়, কিন্তু দ্বৈত জড় পদার্থের প্রাগভাব প্রত্যক্ষ হয়, এজন্য তাহাকে অনিত্য

প্রাগভাবযুতং দ্বৈতং রচ্যতে হি ঘটাদিবৎ।
তথাপি রচনাচিন্ত্যা মিথ্যা তেনেন্দ্রজালবৎ ॥ ২৫৫ ॥
চিৎ প্রত্যক্ষা ততোঽন্যস্য মিথ্যাত্বং চানুভূয়তে।
নাদ্বৈতমপরোক্ষঞ্চেৎ নৈতন্ন ব্যাহতং কথম্ ॥ ২৫৬ ॥
ইত্থং জ্ঞাত্বাপ্যসন্তুষ্টাঃ কেচিৎ কুত ইতীর্য্যতাম্।
চার্ব্বাকাদেঃ প্রবুদ্ধস্যাপ্যাত্মা দেহঃ কুতো বদ ॥ ২৫৭ ॥

---

দ্বৈতস্যেতি। জাগ্রদাদিদ্বৈতাভাবস্য সুষুপ্তৌ সাক্ষিণানুভূয়মানত্বাৎ "তমসঃ সাক্ষী সর্ব্বস্য সাক্ষী"তি শ্রুতেশ্চেতি ভাবঃ ॥ ২৫৪ ॥

এবঞ্চ প্রাগভাবযুতত্বে সতি অচিন্ত্যরচনাত্বস্য মিথ্যাত্বলক্ষণস্য সদ্ভাবাৎ দ্বৈতমিথ্যাত্বং সিদ্ধমিত্যাহ,—প্রাগভাবেতি। প্রাগভাবযুক্তমিতি হেতুগর্ভং বিশেষণং, দ্বৈতং প্রাগভাবযুতত্বাৎ ঘটাদিবদ্ রচ্যতে হি তথাপি রচ্যমানত্বেঽপি তস্য দ্বৈতস্য রচনা অচিন্ত্যা, তেন রচ্যমানত্বে সত্যচিন্ত্যরচনাত্বেনেন্দ্রজালবদৈন্দ্রজালিকপ্রাসাদাদিবন্মিথ্যৈবেত্যর্থঃ ॥ ২৫৫ ॥

চিতিস্তাবৎ স্বপ্রকাশত্বেন নিত্যা পরোক্ষা চ ভাসতে চিদ্ব্যতিরিক্তস্য চ মিথ্যাত্বং তথৈব চিতানুভূয়তে ইতি দর্শিতম্। এবঞ্চ সত্যদ্বৈতস্য পরোক্ষং নাস্তীতি বদতো ব্যাঘাতশ্চ স্যাদিত্যাহ,—চিৎ প্রত্যক্ষেতি। নাদ্বৈতমপরোক্ষঞ্চেন্ন চিদ্রূপেণ ভাসনাদিত্যাভিহিতযুক্তিসমুচ্চয়ার্থশ্চ শব্দঃ। অদ্বৈতমপরোক্ষং নেত্যেতৎ কথং ন ব্যাহতঞ্চেতি যোজনা ॥ ২৫৬ ॥

এবং বেদান্তার্থং জানতামপি পুরুষাণাং কেষাঞ্চিদত্র বিশ্বাসঃ কুতো ন জায়তে ইতি পৃচ্ছতি —ইত্থমিতি। সম্যগ্বিচারশূন্যত্বাদিতি বিবক্ষুঃ প্রতিবন্দীং * গৃহ্ণাতি চার্ব্বাকাদেরিতি। আদিশব্দেন পামরা গৃহ্যন্তে, প্রবুদ্ধস্যোহাপোহকুশলস্য ॥ ২৫৭ ॥

---

বলিয়া স্বীকার করা যায়। যে দ্বৈতপদার্থ পূর্ব্বে ছিল না, ঈশ্বর, ঘটাদির ন্যায় সৃষ্টি করিয়াছেন, তাহাকে অচিন্ত্যরচনা বলিয়া স্বীকার করাতেই তাহার ইন্দ্রজালবৎ মিথ্যাত্বও নিরূপিত হইল। ২৫৪।২৫৫।

চৈতন্যই প্রত্যক্ষীভূত এবং তদিতর সকল বস্তুই মিথ্যা, ইহা যদি অনুভবসিদ্ধ হয়, তবে অদ্বৈত অসিদ্ধ এবং অপ্রত্যক্ষ, এরূপ তোমার উক্তি ব্যাহত না হইবে কেন ? । ২৫৬।

যদি বল, পূর্ব্বোক্ত প্রকার বেদান্তের তাৎপর্য্যার্থ অবগত হইয়াও অনেকের তাহাতে বিশ্বাস না হয় কেন ? তাহার উত্তরে আবার বলি, বল দেখি, নাস্তিকদিগের মধ্যে অনেকে যুক্তি-নিপুণ হইয়াও কেন স্থূল দেহকে আত্মা

---

* "প্রতিবন্দি"মিত্যস্মদ্দেশীয়পুস্তকপাঠঃ।

সম্যগ্ বিচারো নাস্ত্যস্য ধীদোষাদিতি চেৎ তথা।
অসন্তুষ্টাশ্চ শাস্ত্রার্থং ন ত্বীক্ষন্তে বিশেষতঃ ॥ ২৫৮ ॥
যদা সর্ব্বে প্রমুচ্যন্তে কামা যেহস্য হৃদি স্থিতাঃ।
ইতি শ্রৌতং ফলং দৃষ্টং নেতি চেদ্দৃষ্টমেব তৎ ॥ ২৫৯ ॥
যদা সর্ব্বে প্রভিদ্যন্তে হৃদয়গ্রন্থয়স্ত্বিতি।
কামা গ্রন্থিস্বরূপেণ ব্যাখ্যাতা বাক্যশেষতঃ ॥ ২৬০ ॥

প্রতিবন্দী * মোচনং শঙ্কতে—সম্যগিতি। সাম্যেন সমাধত্তে—তথেতি। ধীদোষাদিত্যনুষজ্যতে, তুশব্দ এবশব্দার্থঃ ॥ ২৫৮ ॥

ইত্থং তত্ত্বং বিচার্য্য তজ্জন্যতত্ত্বজ্ঞানফলং বিবরিতুং তৎপ্রতিপাদিকাং শ্রুতিং পঠতি—যদেতি। "অথ মর্ত্ত্যোঽমৃতো ভবত্যত্র ব্রহ্ম সমশ্নুতে" ইত্যস্য মন্ত্রস্যোত্তরার্দ্ধস্য মুমুক্ষোর্হৃদি শ্রিতা যে কামাস্তাদাত্ম্যাধ্যাসমূলা ইচ্ছাদয়ঃ সন্তি তে সর্ব্বে যদা যস্মিন্ কালে প্রমুচ্যন্তে তত্ত্বজ্ঞানেনাধ্যাসনিবৃত্তৌ নিবর্ত্তন্তে অথ তদানীমেব মর্ত্ত্যঃ পূর্ব্বদেহতাদাত্ম্যাধ্যাসেন মরণশীলঃ পুরুষঃ অমৃতঃ অধ্যাসাভাবেন তদ্রহিতো ভবতি। তত্র হেতুমাহ—অত্র ব্রহ্ম সমশ্নুতে সম্যগাপ্নোতীত্যস্যাঃ শ্রুতেরর্থঃ শ্রুত্যা প্রতিপাদিতং ফলং কামনিবৃত্ত্যাদিলক্ষণং নানুভবসিদ্ধং কিন্তু শাব্দমেবেতি শঙ্কতে—ইতি শ্রৌতমিতি। সমনন্তরশ্রুতিবাক্যপর্য্যালোচনয়া তস্য দৃষ্টত্বং সিধ্যতীত্যভিপ্রায়েণ পরিহরতি—দৃষ্টমেব তদিতি ॥ ২৫৯ ॥

তস্য দ্রষ্টত্বস্পষ্টীকরণায় তদ্বাক্যমুদাহৃত্য তস্যার্থমাহ—যদা সর্ব্বে ইতি। অনেন বাক্যশেষেণ কামপ্রমোকস্য গ্রন্থিভেদত্বেন ব্যাখ্যাতত্বাৎ গ্রন্থিভেদস্য চাহঙ্কারাদাত্মনোস্তাদাত্ম্যাধ্যাসনিবৃত্তিলক্ষণস্যানুভবসিদ্ধত্বাৎ প্রত্যক্ষতেতি ভাবঃ। বাক্যশেষত ইত্যনেন বাক্যেনেত্যর্থঃ ॥ ২৬০ ॥

বলিয়া স্বীকার করে? যদি বল,—বুদ্ধির মালিন্য দোষে তাহারা সম্যক্ বিচারে অসমর্থ, তবে আমারও সিদ্ধান্ত এই যে, তাহারা বিশেষরূপে শাস্ত্রার্থ আলোচনা করে নাই। অদ্বৈত-তত্ত্ব-বিচার দ্বারা হৃদয়স্থিত কামাদি রিপু সকল যখন নিবারিত হয়, তখন মর্ত্ত্য জীব অমৃতত্ব লাভ করে এবং ইহকালেই ব্রহ্মানন্দ প্রাপ্ত হয়। ব্রহ্মজ্ঞানের এইরূপ ফল শ্রুতিতে উক্ত হইয়াছে। যদি বল, তাহা শ্রুত্যুক্ত হইলেও দৃষ্ট নহে, তদুত্তরে আমরা বলি,—দৃষ্ট বৈ কি? ২৫৭—২৫৯।

"যদা সর্ব্বে প্রভিদ্যন্তে হৃদয়গ্রন্থয়স্ত" অর্থাৎ যখন হৃদয়ের সকল গ্রন্থি ভেদ প্রাপ্ত হয়"—এই শ্রুতিবাক্যের শেষে কামনা সকল হৃদয়গ্রন্থিরূপে

* "প্রতিবন্ধী" ইত্যস্মদ্দেশীয়পুস্তকপাঠঃ।

অহঙ্কারচিদাত্মানাবেকীকৃত্যাবিবেকতঃ।
ইদং মে স্যাদিদং মে স্যাদিতীচ্ছাঃ কামশব্দিতাঃ॥ ২৬১॥
অপ্রবেশ্য চিদাত্মানং পৃথক্ পশ্যন্নহঙ্কৃতিম্।
ইচ্ছংস্তু কোটিবস্তূনি ন বাধো গ্রন্থিভেদতঃ॥ ২৬২॥
গ্রন্থিভেদেঽপি সম্ভাব্যা ইচ্ছাঃ প্রারব্ধদোষতঃ।
বুদ্ধ্বাপি পাপবাহুল্যাদসন্তোষো যথা তব॥ ২৬৩॥
অহঙ্কারগতেচ্ছাদ্যৈর্দেহব্যাধ্যাদিভিস্তথা।
বৃক্ষাদিজন্মনাশৈর্ব্বা চিদ্রূপাত্মনি কিং ভবেৎ॥ ২৬৪॥

---

নন্তু লোকে কামশব্দেনেচ্ছাভেদ এবোচ্যতে অতঃ কথং তস্য গ্রন্থিত্বেন ব্যাখ্যানমিত্যাশঙ্ক্যাধ্যাসমূলস্যৈবেচ্ছাবিশেষস্য কামশব্দবাচ্যত্বং নেচ্ছামাত্রস্যেত্যাহ—অহঙ্কারেতি॥ ২৬১॥

নন্বধ্যাসমূলস্যৈব কামস্য ত্যাজ্যত্বে সতীতরোঽভ্যুপেতব্যঃ স্যাদিত্যাশঙ্ক্যাবাধকত্বাদভ্যুপেয়ত এবেত্যাহ— অপ্রবেশ্যেতি। অহঙ্কারে চিদাত্মানম্ অপ্রবেশ্য তাদাত্ম্যাধ্যাসেনানন্তর্ভাব্যেত্যর্থঃ॥ ২৬২॥

নন্বধ্যাসাভাবে কামানামনুদয় এব স্যাদিত্যাশঙ্ক্যারব্ধকর্ম্মবশাৎ তেষামুৎপত্তিঃ সম্ভবিষ্যতীত্যাহ—গ্রন্থিভেদেঽপীতি। অত্র দৃষ্টান্তমাহ—বুদ্ধ্বাপীতি॥ ২৬৩॥

অধ্যাসাভাবেঽহঙ্কারগতেচ্ছাদেরবাধকত্বং দৃষ্টান্তদ্বয়প্রদর্শনেন বিশদয়তি—অহঙ্কারেতি। যথা দেহগতব্যাধ্যাদিভিরহঙ্কারসাক্ষিণো বাধো নাস্তি দেহনম্বন্ধরহিতত্বাৎ যথা বৃক্ষাদিগতৈর্জন্মাদিভিঃ এবম্ অধ্যাসনিবৃত্তাবহঙ্কারগতেচ্ছাদিভিরপীতি ভাবঃ॥ ২৬৪॥

---

ব্যাখ্যাত হইয়াছে, অবিবেক বশতঃ অহঙ্কার ও চিদাত্মার ঐক্যজ্ঞান হইলে "ইহা আমার হউক, উহা আমার হউক" ইত্যাদি ইচ্ছাই কামশব্দবাচ্য। ২৬০।২৬১।

চিদাত্মা অর্থাৎ চৈতন্যের সহিত অভেদ-বুদ্ধি না করিয়া অহঙ্কারকে পৃথক্ ভাবিয়া যদি কোটি কোটি বস্তুও ইচ্ছা করা যায়, তথাপি তাহা জ্ঞানের বাধক হয় না, যেহেতু জ্ঞান-পরিপাক বশতঃ হৃদয়ের গ্রন্থি সকল তখন বিনষ্ট হইয়াছে। ২৬২।

যেমন অদ্বৈততত্ত্ববোধ হইলে পাপবাহুল্য-প্রযুক্ত তদ্বিষয়ে তোমার সন্তোষ জন্মে না, তদ্রূপ হৃদয়গ্রন্থি সকল বিনষ্ট হইলেও প্রারব্ধ-কর্ম্মদোষে ইচ্ছাদি উপস্থিত হইতে পারে, তাহা হইলেও অহঙ্কারস্থ সেই চৈতন্যস্বরূপ পর-

গ্রন্থিভেদাৎ পুরাপ্যেবমিতি চেৎ তন্ন বিস্মর।
অয়মেব গ্রন্থিভেদস্তব তেন কৃতী ভবান্ ॥ ২৬৫ ॥
নৈবং জানন্তি মূঢ়াশ্চেৎ সোঽয়ং গ্রন্থির্ন চাপরঃ।
গ্রন্থিতদ্ভেদমাত্রেণ বৈষম্যং মূঢ়বুদ্ধয়োঃ ॥ ২৬৬ ॥
প্রবৃত্তৌ বা নিবৃত্তৌ বা দেহেন্দ্রিয়মনোধিয়াম্।
ন কিঞ্চিদপি বৈষম্যমস্ত্যজ্ঞানিবিবুদ্ধয়োঃ ॥ ২৬৭ ॥
ব্রাত্যশ্রোত্রিয়য়োর্বেদপাঠাপাঠকৃতা ভিদা।
নাহারাদাবস্তি ভেদঃ সোঽয়ং ন্যায়োঽত্র যোজ্যতাম্ ॥ ২৬৮

---

চিদাত্মনোঽসঙ্গত্বস্বরূপত্বাৎ পূর্ব্বমপি কামাদিভির্ব্বাধো নাস্তীতি শঙ্কতে গ্রন্থিভেদাদিতি। এবংবিধবোধস্যৈব গ্রন্থিভেদত্বেনাত্মাভিরভিধীয়মানত্বাদিদং চোদ্যমস্মদনুকূলমিত্যাহ—তন্ন বিস্মরেতি ॥ ২৬৫ ॥

এবংবিধজ্ঞানাভাব এব গ্রন্থিরিত্যাহ—নৈবমিতি। নন্বজ্ঞানিনোঽপীচ্ছাদ্যুপগমে জ্ঞাজ্ঞানিনোঃ কুতো বৈলক্ষণ্যমিত্যাশঙ্ক্য গ্রন্থিভেদাভেদাতিরেকেণ ন কুতোঽপীত্যাহ—গ্রন্থিতদ্ভেদেতি ॥ ২৬৬ ॥

কারণান্তরাভাবমেব বিশদয়তি প্রবৃত্তাবিতি ॥ ২৬৭ ॥

উক্তার্থে দৃষ্টান্তমাহ—ব্রাত্যেতি ॥ ২৬৮ ॥

---

মাত্মার কি হইবে? যেমন শরীরগত রোগাদি দ্বারা বা বৃক্ষাদি-শরীরের জন্মনাশ দ্বারা তাঁহার কোন বিকার সম্ভবে না। ২৬৩।২৬৪।

যদি অসঙ্গ আত্মার ইচ্ছাদি হৃদয়গ্রন্থি-বিনাশের পূর্ব্বেও বল, তবে তাহা আর বিস্মৃত হইও না, যে হেতু তাহারই নাম তোমার হৃদয়গ্রন্থিবিনাশ, তাহাতেই তুমি কৃতার্থ হইবে। যদি বল, মূঢ় ব্যক্তিরা ইহা জানে না, তবে ত তাহারই নাম হৃদয়গ্রন্থি, যেহেতু গ্রন্থি ও তাহার নাশ প্রযুক্তই মূঢ়-জ্ঞানীর প্রভেদ জানা যায়। ২৬৫।২৬৬।

দেহ, ইন্দ্রিয় ও বুদ্ধি, ইহাদিগের প্রবৃত্তি দ্বারা অজ্ঞানী ও জ্ঞানীর কোন প্রভেদ নাই; কেবল বোধবিষয়ে প্রভেদ হয়, যেমন সংস্কারহীন বা সংস্কারাপন্ন এতদুভয়ের আহার-ব্যবহারাদি বিষয়ে বিভিন্নতা নাই, কেবল বেদপাঠে অধিকারিতা মাত্রে তাহাদিগের বিভিন্নতা হয়; এই ন্যায় জ্ঞানী ও অজ্ঞানীর পক্ষেও যোজনীয়। ২৬৭।২৬৮।

ন দ্বেষ্টি সম্প্রবৃত্তানি ন নিবৃত্তানি কাঙ্ক্ষতি।
উদাসীনবদাসীন ইতি গ্রন্থিভিদোচ্যতে॥ ২৬৯॥
ঔদাসীন্যং বিধেয়ঞ্চেদ্বচ্ছব্দব্যর্থতা তদা।
ন শক্তা হ্যস্য দেহাদ্যা ইতি চেদ্রোগ এব সঃ॥ ২৭০॥
তত্ত্ববোধং ক্ষয়ব্যাধিং মন্যন্তে যে মহাধিয়ঃ।
তেষাং প্রজ্ঞাতিবিশদা কিং তেষাং দুঃশকং বদ॥ ২৭১
ভরতাদেরপ্রবৃত্তিঃ পুরাণোক্তেতি চেৎ তদা।

---

জ্ঞানিনো গ্রন্থিভঙ্গে গীতাবাক্যং প্রমাণয়তি—ন দ্বেষ্টীতি। সম্প্রবৃত্তানি প্রাপ্তানি দুঃখানি ন দ্বেষ্টি নিবৃত্তানি সুখানি ন কাঙ্ক্ষতি উদাসীনবদ্ বর্ত্তত ইত্যর্থঃ। গ্রন্থিভিদা গ্রন্থিভেদঃ॥ ২৬৯॥

ইদং বাক্যমৌদাসীন্যবিধিপরং ন তু গ্রন্থিভেদে প্রমাণমিতি শঙ্কতে,—ঔদাসীন্যমিতি। বিধিপরত্বে বচ্ছব্দো ব্যর্থঃ স্যাদিতি পরিহরতি বচ্ছব্দেতি। জ্ঞানিনো দেহাদেরকার্য্যক্ষমত্বাদ-প্রবৃত্তির্ন তু গ্রন্থিভেদাদিত্যাশঙ্ক্যোপহসতি—ন শক্তা ইতি॥ ২৭০॥

ভবতু কো দোষস্তত্রাহ—তত্ত্ববোধমিতি। দুঃশকমসাধ্যমিত্যর্থঃ॥ ২৭১॥

নব্বত্রানে পরিহাসোঽয়ং জ্ঞানিনাং প্রবৃত্ত্যভাবস্য পুরাণসিদ্ধত্বাদিতি শঙ্কতে ভরতাদেরিতি। শ্রুতিবাক্যমানন্দোদয়মিতি পরিহরতি জক্ষদিতি। জক্ষৎ ক্রীড়ন্ রমমাণঃ স্ত্রীভির্বা যানৈর্বা জ্ঞাতিভির্বা নোপজনং স্মরন্নিদং শরীরমিতি শ্রৌতবাক্যং নাশ্রৌষীরিত্যর্থঃ। জক্ষৎ ভক্ষয়ন্

---

(তদ্বিষয়ে ভগবদ্গীতার প্রমাণ) তত্ত্বজ্ঞানীরা কোন প্রবৃত্ত কর্ম্মের দ্বেষ করেন না এবং কোন নিবৃত্ত কর্ম্মেরও আকাঙ্ক্ষা করেন না। সমস্ত কর্ম্মে তাঁহাদিগের উদাসীনবৎ ব্যবহার, তাহাকেই হৃদয়-গ্রন্থির বিনাশ বলা যায়। ২৬৯।

পূর্ব্বোক্ত অর্থ আলোচনা দ্বারা যদি এমত বিবেচনা কর যে, জ্ঞানীদিগের সমস্ত কর্ম্মে ঔদাসীন্যই বিধেয়, তবে দৃষ্টান্তবাচক 'বৎ' শব্দের ব্যর্থতা হয়, অতএব জ্ঞানীদিগের সমস্ত কর্ম্মে ঔদাসীন্য না হইয়া উদাসীনবৎ ব্যবহার স্বীকার কর। তাহার দেহাদি যদি কোন কর্ম্মে সমর্থ না হয়, তবে তাহাকে ঔদাসীন্য বলা যায় না, তাহাকে রোগ বলিয়া স্বীকার করিতে হয়। ২৭০।

যে মহামতিগণ, তত্ত্বজ্ঞানকে ক্ষয় রোগ বিবেচনা করে, তাহাদিগের বুদ্ধি অতি নির্ম্মল। তাহাদিগের দুঃসাধ্য কি আছে বল? যদি বল তত্ত্বজ্ঞানী

যক্ষৎ ক্রীড়ন্ রতিং বিন্দন্নিত্যশ্রৌষীন্ন কিং শ্রুতিম্ ॥ ২৭২
ন হ্যাহারাদি সন্ত্যজ্য ভরতাদ্যাঃ স্থিতাঃ ক্বচিৎ।
কাষ্ঠপাষাণবৎ কিন্তু সঙ্গভীতা উদাসতে ॥ ২৭৩ ॥
সঙ্গী হি বাধ্যতে লোকে * নিঃসঙ্গঃ সুখমশ্নুতে।
তেন সঙ্গঃ পরিত্যাজ্যঃ সর্ব্বদা সুখমিচ্ছতা ॥ ২৭৪ ॥
অজ্ঞাত্বা শাস্ত্রহৃদয়ং মূঢ়ো বক্ত্যন্যথান্যথা।
মূর্খাণাং নির্ণয়স্ত্বাস্তামস্মৎসিদ্ধান্ত উচ্যতে ॥ ২৭৫ ॥

---

জক্ষভক্ষণহসনযোরিতি ধাতুঃ, ক্রীড়ন্ স্বেচ্ছয়া বিহরন্, রমমাণঃ স্ত্র্যাদিভিঃ, নোপজনং স্মরন্নিদং শরীরমিত্যুপজনং জনানাং সমীপে বর্ত্তমানমিদং স্বং শরীরং ন স্মরন্ নানুসন্দধান ইত্যর্থঃ। শ্লোকে রতিং বিন্দন্নিতি শ্রৌতস্য রমমাণ ইতি পদস্য ব্যাখ্যানম্ ॥ ২৭২ ॥

নন্ তর্হি পুরাণস্য কা গতিরিত্যাশঙ্ক্য পুরাণমপ্যৌদাসীন্যবোধনপরং ন প্রবৃত্ত্যভাবপরমিত্যভিপ্রেত্যাহ—ন হ্যাহারাদীতি ॥ ২৭৩ ॥

সঙ্গোঽপি কুতস্ত্যাজ্যত ইত্যত আহ সঙ্গী হীতি ॥ ২৭৪ ॥

নন্ তর্হি মানসসঙ্গস্যৈব ত্যাজ্যত্বেঽন্তঃসঙ্গশূন্যানাং বহির্ব্যবহারবতাং সঙ্গিত্বাদিকং জনৈঃ কথমুচ্যত ইত্যাশঙ্ক্য শাস্ত্রতাৎপর্য্যজ্ঞানশূন্যত্বাদিত্যাহ—অজ্ঞাত্বেতি। অতো মূঢ়ব্যবহারো নাত্র বিচারণীয় ইত্যাহ—মূর্খাণামিতি। তর্হি কিমনুসন্ধেয়মিত্যাকাঙ্ক্ষায়াং শাস্ত্রহৃদয়মিত্যাহ—অস্মৎসিদ্ধান্ত ইতি ॥ ২৭৫ ॥

---

ভরতাদির ঔদাসীন্য পুরাণে বর্ণিত ; তবে শ্রুতিতে আছে যে, তত্ত্বজ্ঞ ব্যক্তি ভোজন, ক্রীড়া, এবং রতি, এ সমুদায় করেন, তাহা কি শ্রবণ কর নাই।২৭১।২৭২।

ভরত প্রভৃতি যে আহার-বিহারাদি পরিত্যাগ করিয়া জীবিত ছিলেন এমন নহে, কেবল সংসর্গদোষভয়ে কাষ্ঠপাষাণাদির ন্যায় ঔদাসীন্য ব্যবহার করিতেন। যেহেতু লোকে সংসর্গী ব্যক্তিরাই পাপকর্ম্মে আবদ্ধ হয়, এবং সঙ্গরহিত হইলেই সুখী হয়, অতএব শুভাকাঙ্ক্ষী ব্যক্তিদিগের সর্ব্বদা সংসর্গদোষ পরিত্যাগ করা সর্ব্বতোভাবে কর্ত্তব্য। ২৭৩।২৭৪।

মূঢ় ব্যক্তিরা যদিও শাস্ত্রের নিগূঢ় মর্ম্ম না জানিয়া অন্তঃসঙ্গ-রহিত বহির্ব্ব্যাপারবিশিষ্ট জ্ঞানীদিগের প্রতি সঙ্গিত্বাদি কীর্ত্তন করে, তাহা করুক, (তাহাতে আমাদিগের কোন অনিষ্ট নাই) আত্মার অসঙ্গরূপই আমাদিগের নিত্য সিদ্ধান্ত। ২৭৫।

---

* লৌকৈরিত্যস্মদ্দেশীয়পুস্তকপাঠঃ।

বৈরাগ্যবোধোপরমাঃ সহায়াস্তে পরস্পরম্।
প্রায়েণ সহ বর্ত্তন্তে বিযুজ্যন্তে কচিৎ কচিৎ ॥ ২৭৬ ॥
হেতুস্বরূপকার্য্যাণি ভিন্নান্যেষামসঙ্করঃ।
যথাবদবগন্তব্যঃ শাস্ত্রার্থং প্রবিবিচ্যতা ॥ ২৭৭ ॥
দোষদৃষ্টির্জ্জিহাসা চ পুনর্ভোগেষ্বদীনতা।
অসাধারণহেত্বাদ্যা বৈরাগ্যস্য ত্রয়োঽপ্যমী ॥ ৭৮ ॥
শ্রবণাদিত্রয়ং তদ্বৎ তত্ত্বমিথ্যাবিবেচনম্।
পুনর্গ্রন্থেরনুদয়ো বোধস্যৈতে ত্রয়ো মতাঃ ॥ ২৭৯ ॥
যমাদির্ধীনিরোধশ্চ ব্যবহারস্য সংক্ষয়ঃ।
স্যুর্হেত্বাদ্যা উপরতেরিত্যসঙ্কর ঈরিতঃ ॥ ২৮০ ॥

---

কোঽসাবিত্যত আহ—বৈরাগ্যেতি ॥ ২৭৬ ॥

বৈরাগ্যাদীনামন্যোন্যাপরিহারেণাবস্থানদর্শনাদভেদাশঙ্কায়াং তদ্ধেত্বাদীনাং ভেদাৎ ভেদোঽবগন্তব্য ইত্যাহ—হেতুস্বরূপেতি ॥ ২৭৭ ॥

তত্র বৈরাগ্যস্য হেত্বাদিত্রয়ং দর্শয়তি—দোষদৃষ্টিরিতি ॥ ২৭৮ ॥

ইদানীং তত্ত্ববোধস্য কারণাদীনি দর্শয়তি—শ্রবণাদীতি। আদিশব্দেন মনননিদিধ্যাসনে গৃহ্যেতে 'আত্মা বারে দ্রষ্টব্যঃ শ্রোতব্যো মন্তব্যো নিদিধ্যাসিতব্য' ইত্যাত্মদর্শনসাধনত্বেন শ্রবণাদিবিধানাৎ শ্রবণাদেস্তত্ত্বজ্ঞানহেতুত্বং তত্ত্বমিথ্যাবিবেচনং কূটস্থাহঙ্কারাদেশ্চ ভেদজ্ঞানং গ্রন্থেরনুদয়োঽন্যোন্যাধ্যাসানুৎপত্তিঃ ॥ ২৭৯ ॥

উপরতেস্তানি দর্শয়তি—যমাদিতি। আদিশব্দেন নিয়মাদয়ো গৃহ্যন্তে, ধীনিরোধশ্চিত্তবৃত্তিনিরোধলক্ষণো যোগঃ ॥ ২৮০ ॥

---

বৈরাগ্য, জ্ঞান ও উপরতি, ইহারা পরস্পরসাপেক্ষ, প্রায়ই একাধারে থাকে, এবং কদাচিৎ বিযুক্ত হইয়া পৃথক্ পৃথক্ আধারেও থাকে; কিন্তু ইহাদিগের কারণ, স্বরূপ ও কার্য্য সকল ভিন্ন ভিন্ন হইয়া থাকে, কখন একাকার হয় না, যথা-শাস্ত্র তাহা বিবেচন করিতে হয়। ২৭৬।২৭৭।

বিষয়ে দোষ-দৃষ্টি বৈরাগ্যের অসাধারণ কারণ, বিষয় পরিত্যাগের ইচ্ছা বৈরাগ্যের স্বরূপ, ভোগেচ্ছার অনুদয় বৈরাগ্যের কার্য্য। ঈশ্বর-বিষয়ক শ্রবণ, মনন, নিদিধ্যাসন—জ্ঞানের অসাধারণ কারণ, কূটস্থ ও 'অহং' বস্তুর ভেদজ্ঞান জ্ঞানের স্বরূপ, এবং নিবৃত্তহৃদয়-গ্রন্থির অনুদয় জ্ঞানের কার্য্য। যম, নিয়ম, আসন, প্রাণায়াম, প্রত্যাহার, ধারণা, ধ্যান, সমাধি, ইহারা উপরতির

তত্ত্ববোধঃ প্রধানং স্যাৎ সাক্ষান্মোক্ষপ্রদত্বতঃ।
বোধোপকারিণাবেতৌ বৈরাগ্যোপরমাবুভৌ ॥ ২৮১ ॥
ত্রয়োঽপ্যত্যন্তপক্বাশ্চেম্মহতস্তপসঃ ফলম্।
দুরিতেন কচিৎ কিঞ্চিৎ কদাচিৎ প্রতিবধ্যতে ॥ ২৮২ ॥
বৈরাগ্যোপরতী পূর্ণে বোধস্তু প্রতিবধ্যতে।
যস্য তস্য ন মোক্ষোঽস্তি পুণ্যলোকস্তপোবলাৎ ॥ ২৮৩ ॥
পূর্ণে বোধে তদন্যৌ দ্বৌ প্রতিবন্ধৌ যদা তদা।

---

কিমেতেষাং সমং প্রাধান্যমুত নেত্যাশঙ্ক্যাহ,—তত্ত্ববোধ ইতি। তমেব বিদিত্বাতিমৃত্যু-মেতি। নান্যঃ পন্থা বিদ্যতেঽয়নায়েতি শ্রুতেরিত্যর্থঃ। ইতরয়োরুপকারিত্বং স্পষ্টয়তি নির্বেদমায়াদাত্মকৃতঃ কৃতেন তদ্বিজ্ঞানার্থং স গুরুমেবাভিগচ্ছেৎ, 'শান্তো দান্ত উপরতস্তিতিক্ষুঃ সমাহিতো ভূত্বাত্মন্যেবাত্মানং পশ্যেদি'তি শ্রুতিভ্যামবগম্যতে। ২৮১ ॥

'প্রায়েণ সহ বর্ত্তন্তে বিযুজ্যন্তে কচিৎ কচিদি'ত্যুক্তং তত্র কারণমাহ,—ত্রয়োঽপীতি। অনেকজন্মার্জ্জিতপুণ্যপুঞ্জপরিপাকে ত্রয়াণাং সহভাবো ভবতি অন্যথা তু প্রতিবন্ধকপাপানু-সারেণ পুরুষবিশেষে কালবিশেষেণ কস্যচিৎ প্রতিবন্ধো ভবতীতি ভাবঃ ॥ ২৮২ ॥

তত্রাপি তত্ত্বজ্ঞানপ্রতিবন্ধে মোক্ষো নাস্তীত্যাহ,—বৈরাগ্যেতি। তর্হি বৈরাগ্যাদিসম্পা-দনং নিষ্ফলমিত্যাশঙ্ক্য 'প্রাপ্য পুণ্যকৃতান্ লোকানুষিত্বা শাশ্বতীঃ সমাঃ। শুচীনাং শ্রীমতাং গেহে যোগভ্রষ্টোঽভিজায়তে' ইতি ভগবদ্বচনাৎ পুণ্যলোকপ্রাপ্তির্ভবত্যাহ—পুণ্যলোকস্তপো-বলাদিতি ॥ ২৮৩ ॥

---

কারণ, ঈশ্বরে বুদ্ধির একাগ্রতা উপরতির স্বরূপ, এবং লৌকিক ব্যবহারের শৈথিল্য উপরতির কার্য্য। ২৭৮—২৮০।

পূর্ব্বোক্ত বৈরাগ্য, জ্ঞান, ও উপরতি, এই তিনের মধ্যে সাক্ষাৎ কৈবল্য-সুখের কারণ বলিয়া জ্ঞান, সকল হইতে প্রধান; এবং বৈরাগ্য আর উপরতি, জ্ঞানের উপকারী মাত্র। এই তিন পদার্থ এক ব্যক্তিতে সর্ব্বদা অত্যন্ত প্রবল থাকিলে তাহা মহতী তপস্যার ফল। ইহার মধ্যে কখন কোন প্রতিবন্ধ দ্বারা কাহারও কোন বস্তু হ্রাস হয়। ২৮১।

যে ব্যক্তির বৈরাগ্য ও উপরতির প্রাবল্য হইয়া জ্ঞানের হ্রাস হয়, তাহার তৎকালে মোক্ষ-প্রাপ্তি হয় না, কেবল তপোবল দ্বারা পুণ্যলোক অর্থাৎ স্বর্গসুখ প্রাপ্তি হয়। আর যাহার জ্ঞানের প্রাধান্যবশতঃ বৈরাগ্য ও

মোক্ষো বিনিশ্চিত কিন্তু দৃষ্টদুঃখং ন নশ্যতি ॥ ১৮৪ ॥
ব্রহ্মলোকতৃণীকারো বৈরাগ্যস্যাবধির্মতঃ।
দেহাত্মবৎ পরাত্মত্বদার্ঢ্যে বোধঃ সমাপ্যতে ॥ ২৮৫ ॥
সুপ্তিবৎ বিস্মৃতিঃ সীমা ভবেদুপরমস্য হি।
দিশানয়া বিনিশ্চেয়ং তারতম্যমবান্তরম্ ॥ ২৮৬ ॥
আরব্ধকর্ম্মনানাত্বাৎ বুদ্ধানামন্যথান্যথা।
বর্ত্তনস্তেন শাস্ত্রার্থে ভ্রমিতব্যং ন পণ্ডিতৈঃ ॥ ২৮৭ ॥
স্বস্বকর্ম্মানুসারেণ বর্ত্তন্তাং তে যথা তথা।
অবিশিষ্টঃ সর্ব্ববোধঃ সমা মুক্তিরিতি স্থিতিঃ ॥ ২৮৮ ॥

---

বৈরাগ্যোপরত্যোস্তু প্রতিবন্ধে জীবন্মুক্তিসুখং ন সিধ্যতীত্যাহ—পূর্ণে বোধে ইতি ॥ ২৮৪ ॥
ইদানীং বৈরাগ্যাদীনামবধিং দর্শয়তি—ব্রহ্মলোকেতি সার্দ্ধেন ॥ ২৮৫ ॥
অবান্তরতারতম্যং স্বস্ববুদ্ধ্যা নিশ্চেয়মিত্যাহ দিশেতি ॥ ২৮৬ ॥
নমু তত্ত্ববোধবতামপি রাগাদিমত্ত্বেন বৈষম্যোপলম্ভাৎ জ্ঞানস্যাপি মুক্তিহেতুত্বং ন নিশ্চেতুং শক্যত ইত্যাশঙ্ক্য রাগাদের্বাধ্যাদিবদারব্ধকর্ম্মফলত্বান্মুক্তিপ্রতিবন্ধকত্বমসিদ্ধমতো ন শাস্ত্রার্থে বিপ্রতিপত্তব্যমিত্যাহ—আরব্ধকর্ম্মনানাত্বাদিতি ॥ ২৮৭ ॥
কিং তর্হি প্রতিপত্তব্যমিত্যত আহ—স্বস্বেতি। সর্ব্বেষাং ব্রহ্মাহমস্মীতি জ্ঞানমেকাকারং নিরবয়বব্রহ্মরূপেণাবস্থানঞ্চ সমানমিতি ভাবঃ ॥ ২৮৮ ॥

---

উপরতির ন্যূনতা হয়, তাহার নিশ্চয় নির্ব্বাণসুখ লাভ হয়, কিন্তু দৃষ্টদুঃখ বিনাশনরূপ জীবন্মুক্তি-সুখ প্রাপ্তি হয় না। ২৮৩।২৮৪।

ব্রহ্মলোকলাভ-পর্য্যন্ত-বিষয়ে তৃণজ্ঞান হওয়া বৈরাগ্যের সীমা, দেহাত্মার ন্যায় তদতিরিক্ত বস্তুর আত্মত্বে অথবা কূটস্থচৈতন্যে দৃঢ়-নিশ্চয়ই জ্ঞানের সমাপ্তি, এবং সুষুপ্তিকালে যেমন বাহ্য বিষয় বিস্মৃত হওয়া যায়, তদ্রূপ জাগ্রৎকালেও বিষয়ভোগের যে বিস্মৃতি হয়, তাহাকে উপরতির সীমা বলা যায়। ইহাদিগের অবশিষ্ট অবান্তর তারতম্য এই রীতিতেই নির্ণয় করিবে। ২৮৫।২৮৬।

যদিও নানা প্রকার প্রারব্ধ কর্ম্মের বিদ্যমানতাবশতঃ জ্ঞানীদিগেরও কখন রাগাদির সঞ্চার হয়, তথাপি তাহাতে শাস্ত্রার্থের বৈপরীত্যজ্ঞান করা কর্ত্তব্য নহে। স্বীয় স্বীয় প্রারব্ধ কর্ম্মানুসারে জ্ঞানীদিগের যে অবস্থাতেই অবস্থিতি

জগচ্চিত্রং স্বচৈতন্যে পটে চিত্রমিবার্পিতম্।
মায়য়া তদুপেক্ষ্যৈব চৈতন্যং পরিশেষ্যতাম্ * ২৮৯ ॥
চিত্রদীপমিমং নিত্যং যেঽনুসন্দধতে বুধাঃ।
পশ্যন্তোঽপি জগচ্চিত্রং তে ন মুহ্যন্তি পূর্ব্ববৎ ॥ ২৯০ ॥

ইতি চিত্রদীপঃ সমাপ্তঃ।

---

প্রকরণস্যাস্য তাৎপর্য্যং সংক্ষিপ্য দর্শয়তি—জগদিতি ॥ ২৮৯ ॥
গ্রন্থাভ্যাসফলমাহ—চিত্রদীপমিতি ॥ ২৯০ ॥

ইতি চিত্রদীপব্যাখ্যা সমাপ্তা ॥

---

হউক, জ্ঞানের কখন বৈলক্ষণ্য নাই, এবং মুক্তিরও বৈষম্য নাই, ইহাই সিদ্ধান্ত। ২৮৭।২৮৮।

যেমন পটে পুত্তলিকাদি চিত্রিত হয়, তদ্রূপ বিচিত্র এই দ্বৈত জগৎ মায়া দ্বারা স্বীয় চৈতন্যে অধ্যারোপিত হইয়াছে, তাহাকে অনাদরপূর্ব্বক চৈতন্যকে পরিশেষিত করা কর্ত্তব্য। ২৮৯।

যে সকল ধীর ব্যক্তিরা এই চিত্রদীপ প্রকরণের নিগূঢ়ার্থ নিত্য অনুসন্ধান করেন, তাঁহারা বিচিত্র এই দ্বৈত জগৎকে প্রত্যক্ষ দেখিয়াও অজ্ঞানীদিগের ন্যায় তাহাতে আর পূর্ব্ববৎ মুগ্ধ হন না। ২৯০।

ইতি চিত্রদীপ নামক ষষ্ঠ পরিচ্ছেদ সমাপ্ত ॥

---

* চৈতন্যং পরিশিষ্যতামিত্যস্মদ্দেশীয়-পুস্তকপাঠঃ।

## সপ্তমঃ পরিচ্ছেদঃ।

### তৃপ্তিদীপঃ।

আত্মানঞ্চেদ্ বিজানীয়াদয়মস্মীতি পূরুষঃ।
কিমিচ্ছন্ কস্য কামায় শরীরমনুসংজ্বরেৎ ॥ ১ ॥
অস্যাঃ শ্রুতেরভিপ্রায়ঃ সম্যগত্র বিচার্য্যতে।
জীবন্মুক্তস্য যা তৃপ্তিঃ সা তেন বিশদায়তে ॥ ২ ॥
মায়াভাসেন জীবেশৌ করোতীতি শ্রুতত্বতঃ।
কল্পিতাবেব জীবেশৌ তাভ্যাং সর্ব্বং প্রকল্পিতম্ ॥ ৩ ॥

---

নত্বা শ্রীভারতীতীর্থবিদ্যারণ্যমুনীশ্বরৌ।
ক্রিয়তে তৃপ্তিদীপস্য ব্যাখ্যানং গুর্ব্বনুগ্রহাৎ ॥

তৃপ্তিদীপাখ্যং প্রকরণমারভমাণঃ শ্রীভারতীতীর্থগুরুস্তস্য শ্রুতিব্যাখ্যানরূপত্বাৎ ব্যাখ্যেয়াং শ্রুতিমাদৌ পঠতি—আত্মানঞ্চেদিতি ॥ ১ ॥

ইদানীং চিকীর্ষিতং বিচারং তৎফলঞ্চ দর্শয়তি—অস্যা ইতি। অত্র তৃপ্তিদীপাখ্যে গ্রন্থে অস্যাঃ আত্মানং চেৎ বিজানীয়াদিত্যাদিকায়াঃ শ্রুতেরভিপ্রায়স্তাৎপর্য্যং সম্যগ্বিচার্য্যতে, তেনাভিপ্রায়বিচারেণ জীবন্মুক্তস্য শ্রুতিপ্রসিদ্ধা যা তৃপ্তিঃ সা বিশদায়তে স্পষ্টীভবতি ॥ ২ ॥

"পদচ্ছেদঃ পদার্থোক্তির্বিগ্রহো বাক্যযোজনা। আক্ষেপস্য সমাধানং ব্যাখ্যানং পঞ্চলক্ষণম্" ইতি ব্যাখ্যানলক্ষণস্যোক্তত্বাৎ পুরুষ ইতি পদস্যার্থমভিধাতুং তদুপোদ্ঘাতত্বেন সৃষ্টিং সঙ্ক্ষেপাদ্দর্শয়তি—মায়াভাসেনেতি। প্রতিপাদমর্থং বুদ্ধৌ সংগৃহ্য তদর্থমর্থান্তরবর্ণনমুপোদ্ঘাতঃ, অত্র মায়াশব্দেন চিদানন্দময়ব্রহ্মপ্রতিবিম্বসমন্বিতা সত্ত্বরজস্তমোগুণাত্মিকা জগদুপাদানভূতা প্রকৃতিরুচ্যতে, সা চ সত্ত্বগুণস্য শুদ্ধ্যবিশুদ্ধিভ্যাং দ্বিধা ভিদ্যমানা ক্রমেণ মায়া চাবিদ্যা চ ভবতি, তয়োর্মায়াবিদ্যয়োঃ প্রতিবিম্বিতং ব্রহ্মচৈতন্যমেবেশ্বরো জীবশ্চেত্যুচ্যতে তদিদং তত্ত্ববিবেকাখ্যে

---

শ্রুতিতে উক্ত হইয়াছে, যে পুরুষ পরমাত্মাকে স্বীয় জীবাত্মা হইতে অভিন্নরূপে জানেন, তিনি আর কি ইচ্ছা করিয়া কাহার কামনার জন্য শরীরের অনুবর্ত্তী হইয়া জ্বরপ্রাপ্ত হইবেন অর্থাৎ দুঃখ ভোগ করিবেন? উক্ত শ্রুতির অভিপ্রায় এই তৃপ্তিদীপ নামক পরিচ্ছেদে সম্যক্‌রূপে বিচারিত হইবে, এবং তদ্দ্বারা জীবন্মুক্তদিগের আনন্দ-প্রাপ্তিও স্পষ্টরূপে প্রকাশিত হইবে। ১।২।

শ্রুতিতে আছে যে,—অনির্ব্বচনীয় শক্তিরূপ মায়া আভাস-চৈতন্য দ্বারা

ঈক্ষণাদিপ্রবেশান্তা সৃষ্টিরীশেন কল্পিতা।
জাগ্রদাদিবিমোক্ষান্তঃ সংসারো জীবকল্পিতঃ ॥ ৪ ॥
ভ্রমাধিষ্ঠানভূতাত্মা কূটস্থাসঙ্গচিদ্বপুঃ।
অন্যোন্যাধ্যাসতোঽসঙ্গধীস্থজীবোঽত্র পূরুষঃ ॥ ৫ ॥

---

গ্রন্থে শ্রীমদ্বিদ্যারণ্যগুরুভির্নিরূপিতং, "চিদানন্দময়ব্রহ্মপ্রতিবিম্বসমন্বিতা। তমোরজঃসত্ত্বগুণা প্রকৃতির্দ্বিবিধা চ সা। সত্ত্বশুদ্ধ্যবিশুদ্ধিভ্যাং মায়াবিদ্যে চ তে মতে। মায়াবিম্বো বশীকৃত্য তাং স্যাৎ সর্ব্বজ্ঞ ঈশ্বরঃ। অবিদ্যাবশগস্ত্বন্যস্তদ্বৈচিত্র্যাদনেকধা। সা কারণশরীরং স্যাৎ" ইতি। ইমমেবার্থং মনসি নিধায় জীবেশাবাভাসেন করোতি মায়া চাবিদ্যা চ স্বয়মেব ভবতীতি শ্রুতিরপি প্রবৃত্তা, অতো জীবেশ্বরযোর্মায়াকল্পিতত্বমন্যৎ কৃৎস্নং জগৎ তাভ্যামেব কল্পিতম্ ॥ ৩ ॥

অত্র কেন কিয়ৎ কল্পিতমিত্যত আহ—ঈক্ষণাদীতি। 'তদৈক্ষত বহু স্যাং প্রজায়েয়ে'তি শ্রুতমীক্ষণমাদির্যস্যাঃ সেক্ষণাদিঃ 'অনেন জীবেনাত্মনানুপ্রবিশ্যে'তি শ্রুতঃ প্রবেশোঽন্তো যস্যাঃ সা প্রবেশান্তা ঈক্ষণাদিশ্চাসৌ প্রবেশান্তা চেতি পশ্চাৎ কর্ম্মধারয়ঃ সেয়ং সৃষ্টিরীশ্বরেণ কল্পিতা জাগ্রদাদির্যস্য সংসারস্যাসৌ জাগ্রদাদিঃ বিমোক্ষো মুক্তিরন্তো যস্য স বিমোক্ষান্তঃ সংসারো জীবেন কল্পিতস্তদভিমানিত্বাজ্জীবস্য ইত্যর্থঃ, তে চ জাগ্রদাদয়ঃ ইত্থং শ্রূয়ন্তে, "স এব মায়াপরিমোহিতাত্মা শরীরমাস্থায় করোতি সর্ব্বম্। স্ত্রিয়ন্নপানাদিবিচিত্রভোগৈঃ স এব জাগ্রৎ পরিতৃপ্তিমেতি। স্বপ্নেঽপি জীবঃ সুখদুঃখভোক্তা স্বমায়য়া কল্পিতবিশ্বলোকে। সুষুপ্তিকালে সকলে বিলীনে তমোঽভিভূতঃ সুখরূপমেতি। পুনশ্চ জন্মান্তরকর্ম্মযোগাৎ স এব জীবঃ স্বপিতি প্রবুদ্ধঃ। পুরত্রয়ে ক্রীড়তি যশ্চ জীবস্ততস্তু জাতং সকলং বিচিত্রম্। জাগ্রৎ স্বপ্নসুষুপ্ত্যাদিপ্রপঞ্চং যৎ প্রকাশতে। তদ্ব্রহ্মাহমিতি জ্ঞাত্বা সর্ব্ববন্ধৈঃ প্রমুচ্যতে" ইতি ॥ ৪ ॥

এবং পুরুষশব্দার্থবিবোধোপযোগিনীং সৃষ্টিমভিধায়েদানীং পুরুষশব্দার্থমাহ—ভ্রমাধিষ্ঠানেতি। যঃ কূটস্থাসঙ্গচিদ্বপুরবিকার্য্যসঙ্গচিৎস্বরূপঃ ভ্রমাধিষ্ঠানভূতাত্মা ভ্রমস্য দেহেন্দ্রিয়াদ্যধ্যাসস্যাধিষ্ঠানভূতোঽধিষ্ঠানত্বেন বর্ত্তমানঃ পরমাত্মাস্তি সোঽসঙ্গ এবান্যোন্যাধ্যাসতঃ অন্যোন্যস্মিন্ অন্যোন্যাত্মকতামন্যোন্যধর্ম্মাংশ্চাধ্যাস্য সর্ব্বব্যবহারভাগ্ভবতি ইত্যাচার্য্যৈর্নিরূপিতেন তাদাত্ম্যাধ্যাসেনাসঙ্গধীস্থজীবঃ স্বেন পারমার্থিকসম্বন্ধশূন্যায়াং বুদ্ধৌ বর্ত্তমানো জীবঃ সমত্রাস্যাং শ্রুতৌ পুরুষ ইত্যুচ্যতে 'স বা অয়ং পুরুষঃ সর্ব্বাসু পূর্ষু পুরিশয়" ইতি শ্রুত্যা পুরুষশব্দস্য ব্যুৎপাদিতত্বাৎ পুরুষস্যৈব চ পুরুষ এব পুরুষঃ বুদ্ধ্যাদিকল্পনাধিষ্ঠানং কূটস্থচৈতন্যমেব বুদ্ধৌ প্রতিবিম্বিতত্বেন প্রাপ্তজীবভাবং সৎ পুরুষশব্দেনোচ্যতে ইত্যভিপ্রায়ঃ ॥ ৫ ॥

---

জীব ও ঈশ্বরের স্বরূপ কল্পনা করেন এবং তাঁহারা উভয়ে এই সমুদায় জগৎ কল্পনা করেন। তাহার মধ্যে সৃষ্টি-বিষয়ক আলোচনা অবধি সৃষ্ট বস্তুতে অনুপ্রবেশ পর্য্যন্ত ঈশ্বরকর্ত্তৃক কল্পিত হয়। ৪।

অবিকারী অসঙ্গ চৈতন্য-স্বরূপ, দেহেন্দ্রিয়াদি-ভ্রমের আধারভূত পরমাত্মা

সাধিষ্ঠানো বিমোক্ষাদৌ জীবোঽধিক্রিয়তে ন তু।
কেবলো নিরধিষ্ঠানবিভ্রান্তেঃ ক্বাপ্যসিদ্ধিতঃ ॥ ৬ ॥
অধিষ্ঠানাংশসংযুক্তং ভ্রমাংশমবলম্বতে।
যদা তদাহং সংসারীত্যেবং জীবোঽভিমন্যতে ॥ ৭ ॥
ভ্রমাংশস্য তিরস্কারাদধিষ্ঠান-প্রধানতা।
যদা তদা চিদাত্মাহমসঙ্গোঽস্মীতি বুধ্যতে ॥ ৮ ॥
নাসঙ্গেঽহঙ্কৃতির্যুক্তা কথমস্মীতি চেচ্ছৃণু।

---

নম্বত্র পুরুষশব্দেন কেবলচিদাভাসরূপো জীব এবোচ্যতাং কিমনেন কূটস্থচৈতন্যেনাধিষ্ঠান-ভূতেনেত্যাশঙ্ক্য তস্য মোক্ষাদ্যন্বয়িত্বসিদ্ধয়ে তদপি স্বীকর্তব্যমিত্যাহ নিরধিষ্ঠানেতি। সাধিষ্ঠানোঽধিষ্ঠানেন কূটস্থচৈতন্যেন সহিতো জীবো বিমোক্ষাদৌ মোক্ষস্বর্গাদিসাধনানুষ্ঠানে ঽধিক্রিয়তেঽধিকারী ভবতি ন কেবলশ্চিদাভাসঃ। কুত ইত্যত আহ—নিরধিষ্ঠানেতি। অধিষ্ঠানরহিতস্যারোপস্য লোকে দৃষ্টত্বাদিতি ভাবঃ ॥ ৬ ॥

ইদানীং স্বাধিষ্ঠানস্য তস্যৈব সংসারাদ্যন্বয়িত্বং শ্লোকদ্বয়েন বিভজ্য দর্শয়তি—অধিষ্ঠানাংশ-সংযুক্তমিতি। জীবো সংষদাধিষ্ঠানাং শক্তং মুকূটস্থাসহিতং ভ্রমাংশং চিদাভাসোপেতং শরীরদ্বয়-মবলম্বতে স্বস্বরূপেণ স্বীকরোতি তদাহং সংসারীত্যভিমন্যতে ॥ ৭ ॥

যদা পুনর্ভ্রমাংশস্য দেহদ্বয়সহিতস্য চিদাভাসস্য তিরস্কারান্মিথ্যাত্বজ্ঞানেনানাদরণাদধিষ্ঠান-প্রধানতা অধিষ্ঠানভূতস্যৈব কূটস্থস্য স্বরূপত্বং জীবেন স্বীক্রিয়তে তদাহং চিদাত্মাসঙ্গশ্চাস্মীতি বুধ্যতে জানাতি ॥ ৮ ॥

নম্বধিষ্ঠানচৈতন্যস্য জীবস্বরূপত্বস্বীকারে চিদাত্মাহমসঙ্গোঽস্মীতি বুধ্যত ইতি যদুক্তং তদ-

---

স্বরূপতঃ সম্বন্ধরহিত ; কিন্তু স্বীয় সংসর্গশূন্যবুদ্ধিতে পরস্পরাধ্যাসবশতঃ অবস্থিত হইয়া জীবশব্দের বাচ্য হন, তিনিই এস্থলে পুরুষ। স্বীয় আধাররূপ কূটস্থ-চৈতন্যের সহিত জীবাত্মা বন্ধ-মোক্ষাদিতে অধিকৃত, কেবল চিদাভাস তাহা নহেন ; যেহেতু অধিষ্ঠানশূন্য ভ্রম কখন সম্ভব হয় না। ৫।৬।

জীব-চৈতন্য যে কালে স্বীয় অধিষ্ঠানভূত কূটস্থচৈতন্যের সহিত ভ্রমাংশ অবলম্বন করে অর্থাৎ শরীরাদিকে নিজরূপে গ্রহণ করে, তখন আমিই সংসারী এইরূপ অভিমান করেন, আর যখন ভ্রমদূরীকরণপূর্ব্বক আপনাকে অধিষ্ঠান-ভূত কূটস্থচৈতন্য স্বরূপ বোধ করে, তখন আমিই অসঙ্গ চৈতন্যস্বরূপ, ইহা বুঝিতে পারে। ৭।৮।

যদি বল, অসঙ্গ চৈতন্যস্বরূপ পরমাত্মাতে কোনরূপে অহঙ্কার সম্ভবে না,

একো মুখ্যো দ্বাবমুখ্যাবিত্যর্থস্ত্রিবিধোঽহমঃ ॥ ৯ ॥
অন্যোন্যাধ্যাসরূপেণ কূটস্থাভাসয়োর্ব্বপুঃ।
একীভূয় ভবেন্মুখ্যস্তত্র মূঢ়ৈঃ প্রযুজ্যতে ॥ ১০ ॥
পৃথগাভাসকূটস্থাবমুখ্যৌ তত্র তত্ত্ববিৎ।
পর্য্যায়েণ প্রযুঙ্‌ক্তেঽহং শব্দং লোকে চ বৈদিকে ॥ ১১ ॥
লৌকিকব্যবহারেঽহং গচ্ছামীত্যাদিকে বুধঃ।

নুপপন্নং স্যাৎ অসঙ্গচিদ্রূপস্য কূটস্থস্যাহম্প্রত্যয়বিষয়ত্বাভাবাদিতি শঙ্কতে—নাসঙ্গ ইতি। অসঙ্গে চিদাত্মন্যবিষয়েঽহম্প্রত্যয়ো ন যুজ্যতে যতোঽতঃ কথমহমস্মীতি জল্পীয়াৎ ন কথমপীত্যর্থঃ। মুখ্যয়া বৃত্ত্যা অহংপ্রত্যয়বিষয়ত্বাভাবেঽপি লক্ষণয়া তদস্মীতি বিবক্ষুরহং শব্দার্থং তাবৎ বিভজতে শৃণ্বিতি। অহমোঽহংশব্দস্যেত্যর্থঃ ॥ ৯ ॥

কীদৃশো মুখ্যোঽর্থ ইত্যাকাঙ্ক্ষায়াং তং দর্শয়তি—অন্যোন্যেতি। কূটস্থচিদাভাসয়োঃ স্বরূপমন্যোন্যাধ্যাসেনৈক্যং প্রাপ্তমহং-শব্দস্য বাচ্যত্বেন মুখ্যার্থো ভবতি। অস্য কুতো মুখ্যত্বমিত্যত আহ তত্র মূঢ়ৈরিতি। যত ইত্যধ্যাহারঃ; তত্র তস্মিন্ অবিবিক্তে কূটস্থচিদাভাসয়োঃ স্বরূপে যতো বিবেকজ্ঞানশূন্যৈঃ সর্ব্বৈরপ্যহং শব্দঃ প্রযুজ্যতেঽতোঽস্য মুখ্যত্বমিত্যর্থঃ ॥ ১০ ॥

ইদানীমমুখ্যার্থে দ্বৌ দর্শয়তি—পৃথগিতি। আভাসকূটস্থৌ প্রত্যেকমহংশব্দার্থত্বেন যদা বিবক্ষিতৌ তদা অমুখ্যার্থৌ ভবতঃ। অনয়োরমুখ্যত্বে কারণমাহ—তত্রেতি। অত্রাপি যত ইত্যধ্যাহারঃ, তত্ত্ববিদ্ যতঃ তত্র তয়োঃ কূটস্থচিদাভাসয়োরহং-শব্দং লোকে লৌকিকে বৈদিকে চ ব্যবহারে পর্য্যায়েণ প্রযুঙ্‌ক্তে ইতি যোজনা। অয়ম্ভাবঃ,—চিদাভাস-কূটস্থয়োরবিবিক্তরূপস্য সার্ব্বজনীনব্যবহারবিষয়ত্বাৎ মুখ্যার্থত্বং বিবিক্তরূপস্য তু কতিপয়ৈর্ব্বুধৈঃ কদাচিদেব ব্যবহ্রিয়মাণত্বাদমুখ্যার্থত্বমিতি ॥ ১১ ॥

পর্য্যায়েণ প্রযুঙ্‌ক্ত ইত্যুক্তমেবার্থং প্রপঞ্চয়তি প্রতিপত্তিসৌকার্য্যায় শ্লোকদ্বয়েন লৌকি-

তবে আমি অসঙ্গ চৈতন্য ইহা কি প্রকারে বোধ হয়, তাহা হইলে তাহার সিদ্ধান্ত এই, অহংশব্দের তিন প্রকার অর্থ, তাহার মধ্যে একটী অর্থ মুখ্য এবং দুইটি গৌণ। পরস্পরাধ্যাস দ্বারা কূটস্থ চৈতন্য ও আভাস চৈতন্য এই উভয়ের যে একীভাব, তাহাই অহং শব্দের মুখ্য অর্থ, সাধারণ লোকে তাহাতেই অহংশব্দের প্রয়োগ করিয়া থাকে। ৯।১০।

আভাস চৈতন্য ও কূটস্থ চৈতন্য উভয়েই পৃথক্ রূপে অহং-শব্দের গৌণ অর্থ। লৌকিক প্রয়োগে বা বৈদিক উদাহরণে তত্ত্ববিৎ পণ্ডিতেরা পর্য্যায়ক্রমে তাহাতেই অহংশব্দের প্রয়োগ করিয়া থাকেন। ১১।

'আমি গমন করি' ইত্যাদি লৌকিক ব্যবহারে তত্ত্ববিৎ পণ্ডিতেরা

বিবিচ্যৈব চিদাভাসং কূটস্থাৎ তং বিবক্ষতি ॥ ১২ ॥
অসঙ্গোঽহং চিদাত্মাহমিতি শাস্ত্রীয়দৃষ্টিতঃ।
অহংশব্দং প্রযুঙ্‌ক্তেঽয়ং কূটস্থে কেবলে বুধঃ ॥ ১৩ ॥
জ্ঞানিতাজ্ঞানিতে ত্বাত্মাভাসস্যৈব ন চাত্মনঃ।
তথা চ কথমাভাসঃ কূটস্থোঽস্মীতি বুধ্যতাম্ ॥ ১৪ ॥
নায়ং দোষশ্চিদাভাসঃ কূটস্থৈকস্বভাববান্।
আভাসত্বস্য মিথ্যাত্বাৎ কূটস্থত্বাবশেষণাৎ ॥ ১৫ ॥

কেত্যাদিনা। বুধো বিদ্বানহং গচ্ছামীত্যাদিকে লৌকিকব্যবহারে কূটস্থাচ্চিদাভাসং বিবিচ্য তমেবাহংশব্দেন বিবক্ষতি বক্তুমিচ্ছতি ॥ ১২ ॥

অয়মেব বুধঃ শাস্ত্রীয়দৃষ্টিতো বেদান্তশ্রবণজনিতজ্ঞানেন কেবলে চিদাভাসাদ্বিবিক্তে কূটস্থেঽসঙ্গোঽহং চিদাত্মাহমিতি লক্ষণয়াহংশব্দং প্রযুঙ্‌ক্তে অতো লক্ষণয়া অহংশব্দার্থত্বেনাহং-প্রত্যয়বিষয়ত্বসম্ভবাদসঙ্গোঽহমস্মীতি জ্ঞানমুপপদ্যত ইতি ভাবঃ ॥ ১৩ ॥

নন্‌ পৃথগাভাসকূটস্থাবহংশব্দস্যামুখ্যার্থাবিত্যুক্তৌ তয়োর্মধ্যে কূটস্থঃ কিমজ্ঞাননিবৃত্তয়েঽসঙ্গোঽস্মীতি জানাতি কিং বা চিদাভাসঃ ন তাবৎ কূটস্থঃ তস্যাসঙ্গচিদ্রূপত্বেন জ্ঞানিতাজ্ঞানিতয়োরনুপপত্তেঃ অতশ্চিদাভাসস্য জ্ঞানিত্বাদিকং বক্তব্যং তথা সতি কূটস্থাদন্যশ্চিদাভাসোঽহং কূটস্থোঽস্মীতি ন জ্ঞাতুমর্হতি ইতি শঙ্কতে জ্ঞানিতেতি ॥ ১৪ ॥

তস্য কূটস্থাদন্যত্বমেবাসিদ্ধমিতি পরিহরতি—নায়মিতি। তত্রোপপত্তিমাহ—আভাসত্বস্যেতি। যথা দর্পণে প্রতীয়মানস্য মুখাভাসস্য গ্রীবাস্থং মুখমেব তত্ত্বং তদ্বদিতি ভাবঃ ॥ ১৫

কূটস্থ চৈতন্য হইতে আভাস চৈতন্যকে পৃথক্ করিয়া তাঁহাকেই অহং শব্দে ব্যবহার করেন। আর (বৈদিক উদাহরণে) শাস্ত্রীয় দৃষ্টিবশতঃ 'আমি অসঙ্গ' 'আমি চৈতন্যস্বরূপ' ইত্যাদি বাক্যে কেবল কূটস্থচৈতন্যে অহং-শব্দের প্রয়োগ করেন। ১২।১৩।

যদি বল, জ্ঞানিতা বা অজ্ঞানিতা কেবল আভাস চৈতন্যেরই ধর্ম্ম, ইহা কখন কূটস্থ চৈতন্যের ধর্ম্ম নহে, তথাপি অভাসরূপ জীবচৈতন্য কি প্রকারে আমিই কূটস্থ চৈতন্য বলিয়া বোধ করিতে পারে? (তাহা হইলে, আমরা বলি) ইহা দূষ্য নহে, যেহেতু আভাস-চৈতন্য ও কূটস্থ চৈতন্য উভয়ের একই স্বভাব, কেননা, আভাস কেবল মিথ্যানাম মাত্রই, তাহার কূটস্থ মাত্রে পর্য্যবসান হয়। ১৪।১৫।

কূটস্থোঽস্মীতি বোধোঽপি মিথ্যা চেন্নেতি কো বদেৎ।
ন হি সত্যতয়াভীষ্টং রজ্জুসর্পবিসর্পণম্ ॥ ১৬ ॥
তাদৃশেনাপি বোধেন সংসারো বিনিবর্ত্ততে।
যক্ষানুরূপো হি বলিরিত্যাহুর্লৌকিকা জনাঃ ॥ ১৭ ॥
তস্মাদাভাসপুরুষঃ স কূটস্থো বিবিচ্য তম্।
কূটস্থোঽস্মীতি বিজ্ঞাতুমর্হতীত্যভ্যধাচ্ছ্রুতিঃ ॥ ১৮ ॥

---

ননু চিদাভাসস্য মিথ্যাত্বে তদাশ্রিতং কূটস্থোঽস্মীতি জ্ঞানমপি মিথ্যা স্যাদিতি শঙ্কতে—কূটস্থ ইতি। কূটস্থস্বরূপাতিরিক্তস্য কৃৎস্নস্যাপি মিথ্যাত্বাভ্যুপগমাৎ তন্মিথ্যাত্বমস্মাকমিষ্টমেবেতি পরিহরতি—নেতীতি। উক্তমর্থং দৃষ্টান্তেন স্পষ্টয়তি—ন হীতি। রজ্জৌ কল্পিতস্য সর্পস্য গত্যাদিকমপি প্রতীয়মানং বাস্তবং নাঙ্গীক্রিয়তে যথা তদ্বদিতি ভাবঃ ॥ ১৬ ॥

জ্ঞানস্য মিথ্যাত্বে তেন সংসারনিবৃত্তির্ন স্যাদিত্যাশঙ্ক্য নিবর্ত্ত্যস্য সংসারস্যাপি তথাত্বাৎ তন্নিবৃত্তিরুপপদ্যতে স্বাপ্নব্যাঘ্রদর্শনেন নিদ্রানিবৃত্তিবদিত্যভিপ্রায়েণাহ—তাদৃশেনাপীতি। তত্র যাদৃশো যক্ষস্তাদৃশো বলিরিতি লৌকিকগাথাং সংবাদয়তি—যক্ষানুরূপো হীতি ॥ ১৭ ॥

উপপাদিতমর্থমুপসংহরতি—তস্মাদিতি। যস্মাৎ কূটস্থ এব চিদাভাসস্য নিজং স্বরূপং তস্মাৎ পুরুষশব্দবাচ্যঃ, কূটস্থসহিতশ্চিদাভাসস্তং কূটস্থং মিথ্যাভূতাৎ স্বস্মাদ্ বিবিচ্য লক্ষণয়া কূটস্থোঽহমস্মীত্যবগন্তুং শক্নোতীত্যভিপ্রায়েণ শ্রুতিরস্মীত্যুক্তবতীত্যর্থঃ ॥ ১৮ ॥

এবং পুরুষোঽস্মীতি পদদ্বয়প্রয়োগাভিপ্রায়মভিধায় অয়মিতি পদপ্রয়োগাভিপ্রায়মাহ—অসন্দিগ্ধেতি। লৌকিকানাং প্রসিদ্ধে দেহরূপে আত্মনি সংশয়বিপর্য্যয়রহিতেঽহময়মস্মীতি

---

আমিই নিত্য কূটস্থ চৈতন্য, এই প্রকার যে বোধ, তাহাকেও যদি মিথ্যা বল, তাহা কে অস্বীকার করিবে? রজ্জুতে সর্পভ্রম হইলে সেই সর্প এবং তাহার গমনাগমনও মিথ্যাই হইয়া থাকে। ১৬।

আমি নিত্য কূটস্থ চৈতন্য এ প্রকার বোধ মিথ্যা হইলেও তাদৃশ বোধ দ্বারাই মিথ্যাজ্ঞান-জনিত সংসারের নিবৃত্তি হয়; যেহেতু লোকে ইহা প্রসিদ্ধই আছে যে, যিনি যেমন দেবতা, তাঁহার তেমনই উপহার, (অতএব সংসার অজ্ঞানজনিত, তাহার নিবৃত্তিও অজ্ঞান হইতে হয়)। ১৭।

পুরুষ অর্থে কূটস্থ-সহিত আভাস-চৈতন্য; মিথ্যা আভাস হইতে সত্য কূটস্থকে পৃথক্ বোধ করিয়া 'আমি কূটস্থ অর্থাৎ অসঙ্গ-চৈতন্য" ইহা জানিতে পারা যায় বলিয়াই শ্রুতি সেইরূপ উপদেশ দিয়াছেন, ইহা সিদ্ধ হইল। ১৮।

অসন্দিগ্ধাবিপর্য্যস্তবোধো দেহাত্মনীক্ষ্যতে ।
তদ্বদত্রেতি নির্ণেতুময়মিত্যভিধীয়তে ॥ ১৯ ॥
দেহাত্মজ্ঞানবজ্‌জ্ঞানং দেহাত্মজ্ঞানবাধকম্ ।
আত্মন্যেব ভবেদ্ যস্য স নেচ্ছন্নপি মুচ্যতে ॥ ২০ ॥
অয়মিত্যপরোক্ষত্বমুচ্যতে চেৎ তদুচ্যতাম্ ।
স্বয়ংপ্রকাশচৈতন্যমপরোক্ষং সদা যতঃ ॥ ২১ ॥
পরোক্ষমপরোক্ষঞ্চ জ্ঞানমজ্ঞানমিত্যদঃ ।

---

বোধো যদ্বদুপলভ্যতে অত্র প্রত্যগাত্মনি বিষয়ে তদ্বৎ তথাবিধং জ্ঞানং মুক্তিসিদ্ধয়ে সম্পাদ্যমিতি নির্ণেতুময়মিত্যভিধীয়তে শ্রুত্যেতি শেষঃ ॥ ১৯ ॥

ঈদৃশস্যৈব বোধস্য মোক্ষসাধনত্বে আচার্য্যবাক্যং সংবাদয়তি—দেহাত্মেতি। অহং মনুষ্য ইতি দেহাত্মবিষয়ো দৃঢ়প্রত্যয়ো যথা, এবং প্রত্যগাত্মন্যেব দেহ এবাত্মেত্যেবং দেহাত্মজ্ঞানাপবাধনেন ব্রহ্মাহমস্মীতি জ্ঞানং যস্য যায়তে স বিদ্বানেচ্ছন্নপি মোক্ষেচ্ছারহিতোঽপি মুচ্যতে সংসারহেতোরজ্ঞানস্য জ্ঞানেনাপবাধিতত্বাদিতি ভাবঃ ॥ ২০ ॥

অয়মিতি পদপ্রয়োগস্যাভিপ্রায়ান্তরং শঙ্কতে—অয়মিতি। যথায়ং ঘট ইত্যাদিপ্রয়োগে-ষিদমা নির্দ্দিষ্টস্য বস্তুন আপরোক্ষ্যং দৃষ্টং তথায়মস্মীত্যত্রাপীতি ভাবঃ। তদপ্যস্মাকমিষ্টমেবেত্যাহ—তদুচ্যতামিতি। কুত ইত্যত আহ—স্বয়ংপ্রকাশেতি। সাধনান্তরনিরপেক্ষতয়াবভাসমানং চৈতন্যং ব্যবধায়কাভাবান্নিত্যমপরোক্ষমিত্যস্যাভিরভ্যুপগতত্বাদিত্যর্থঃ ॥ ২১ ॥

নন্বাত্মনঃ স্বপ্রকাশচিদ্রূপত্বেন নিত্যাপরোক্ষত্বাভ্যুপগমেঽয়মিতি পদপ্রয়োগস্যাভিপ্রায়-

---

( 'অয়মস্মি' ইত্যাদি শ্রুতিবাক্যস্থ 'অস্মি' অর্থাৎ "আমি" এই প্রয়োগ,—কূটস্থেও হইতে পারে ইহা প্রদর্শন করিয়া "অয়ং" পদ-প্রয়োগের হেতু দেখাইতেছেন ) দেহকে আত্মা বলিয়া লোকের যে জ্ঞান হয়, তাহাকে তাহারা সন্দেহ বা ভ্রমস্বরূপ বলিয়া বিবেচনা করে না, সেইরূপ কূটস্থের প্রতি আমার জ্ঞান ও সন্দেহ ভ্রমরূপে বিবেচিত না হউক, ইহা বুঝাইবার জন্য শ্রুতিতে "অয়ং" এই নির্দ্দেশ হইয়াছে। ১৯।

যেহেতু দেহাত্মজ্ঞানের ন্যায় আত্মাতেই আত্মত্ব-জ্ঞানরূপ তদ্বাধক জ্ঞান যাহার হয়, সে ব্যক্তি মুক্তি ইচ্ছা না করিলেও মুক্ত হইবে। ২০।

যদি বল, 'অয়ং' বলিলে, প্রত্যক্ষ বস্তু বুঝায় ত এখানেও তাহাই হউক, যেহেতু স্বয়ম্প্রকাশ কূটস্থ চৈতন্য সর্ব্বদাই অপরোক্ষ; আর যেমন নিত্য প্রত্যক্ষ দশম পুরুষে জ্ঞান ও অজ্ঞান দুই-ই সম্ভব হয়, তদ্রূপ কূটস্থ চৈতন্য

নিত্যাপরোক্ষরূপেঽপি দ্বয়ং স্যাদ্ দশমে যথা ॥ ২২ ॥
নবসংখ্যাহৃতজ্ঞানো দশমো বিভ্রমাৎ তদা।
ন বেত্তি দশমোঽস্মীতি বীক্ষমাণোঽপি তান্ নব ॥ ২৩ ॥
ন ভাতি নাস্তি দশম ইতি স্বং দশমং তদা।
মত্বা বক্তি তদজ্ঞানকৃতমাবরণং বিদুঃ ॥ ২৪ ॥
নদ্যাং মমার দশম ইতি শোচন্ প্ররোদিতি।
অজ্ঞানকৃতবিক্ষেপং রোদনাদিং বিদুর্বুধাঃ ॥ ২৫ ॥

---

বর্ণনাঙ্গীকারবলাদাগতমাত্মনঃ পরোক্ষবিষয়ত্বং পূর্ব্বোক্তং জ্ঞানাজ্ঞানাশ্রয়বিষয়ত্বঞ্চানুপপন্নং স্যাদিত্যাশঙ্ক্য দশম ইব সর্ব্বমুপপৎস্যত ইত্যাহ—পরোক্ষমপরোক্ষঞ্চেত্যেকং যুগলং জ্ঞানমজ্ঞানমিত্যপরম্, ইদং দ্বয়ং নিত্যাপরোক্ষরূপেঽপ্যাত্মনি দশম ইব স্যাদিত্যর্থঃ ॥ ২২ ॥

দৃষ্টান্তং ব্যুৎপাদয়তি—নবসংখ্যেতি। পরিগণনীয়পুরুষনিষ্ঠয়া নবসংখ্যয়াপহৃতবিবেকবিজ্ঞানো দশমস্তদা তান্ পরিগণনীয়ান্ নবসংখ্যকান্ বীক্ষমাণোঽপি সম্যক্ পশ্যন্নপি ভ্রান্ত্যা গণনাকর্ত্তারং স্বাত্মানং দশমোঽহমস্মীতি নৈব বেত্তীত্যর্থঃ ॥ ২৩ ॥

এবং দশমেঽজ্ঞানং প্রদর্শ্য তৎকার্য্যমাবরণং দর্শয়তি—ন ভাতীতি। তদা দশমঃ স্বং দশমং মত্বা দশমো ন ভাতি নাস্তীতি মত্বা বক্তি অস্য ব্যবহারস্য যৎ কারণং তদজ্ঞানকৃতমজ্ঞানকার্য্যমাবরণং বিদুর্বুধা ইতি শেষঃ ॥ ২৪ ॥

অজ্ঞানস্যৈব কার্য্য-বিশেষং বিক্ষেপং দর্শয়তি—নদ্যামিতি ॥ ২৫ ॥

---

নিত্য অপরোক্ষ হইলেও তাঁহাতে পরোক্ষত্ব ও অপরোক্ষত্ব এবং জ্ঞান ও অজ্ঞান সকলই সম্ভব হয়। ২১।২২।

কোন স্থানে দশ জন পুরুষ একত্র হইয়া নদীর পরপারে গমনপূর্ব্বক আপনাদিগের সংখ্যা নির্ণয় করিতে লাগিলেন, কিন্তু কি আশ্চর্য্য যিনিই গণনা করেন, তিনিই আপনাকে পরিত্যাগপূর্ব্বক ইতর নয় জনকে দেখেন এবং নয় জনকে দেখিলেও নয় সংখ্যাতে বিভ্রান্তচিত্ত হইয়া স্বয়ং যে দশম ইহা জানিতে পারেন না। ২৩।

তখন তাঁহারা ভ্রান্তি-বশতঃ ইহা বলিলেন যে, দশম পুরুষ দেখিতেছি না, অতএব তিনি নাই, অজ্ঞানের এইরূপ শক্তিকে আবরণশক্তি বলা যায়। পশ্চাৎ নদীজলে দশম পুরুষের মৃত্যু হইয়াছে মনে করিয়া শোক ও ক্রন্দনাদি করিতে লাগিলেন, সেই ক্রন্দনাদিকে অজ্ঞানের বিক্ষেপ শক্তি বলিয়া স্বীকার করা যায়। ২৪-২৫।

ন মৃতো দশমোঽস্তীতি শ্রুত্বাপ্তবচনং তদা।
পরোক্ষত্বেন দশমং বেত্তি স্বর্গাদিলোকবৎ॥ ২৬॥
ত্বমেব দশমোঽসীতি গণয়িত্বা প্রদর্শিতঃ।
অপরোক্ষতয়া জ্ঞাত্বা হৃষ্যত্যেব ন রোদিতি॥ ২৭॥
অজ্ঞানাবৃতিবিক্ষেপদ্বিবিধজ্ঞানহৃষ্টয়ঃ।
শোকাপগম ইত্যেতে যোজনীয়াশ্চিদাত্মনি॥ ২৮॥
সংসারাসক্তচিত্তঃ সংশ্চিদাভাসঃ কদাচন।
স্বয়ংপ্রকাশকূটস্থং স্বতত্ত্বং নৈব বেত্ত্যয়ম্॥ ২৯॥

---

দশমস্যাসত্ত্বাংশনিবর্ত্তকং পরোক্ষজ্ঞানমাহ—ন মৃত ইতি॥ ২৬॥

তস্যৈবাভানাংশনিবর্ত্তকমপরোক্ষজ্ঞানং দর্শয়তি—ত্বমেবেতি। যেন পরিগণিতৈর্নবভিঃ সহ স্বাত্মানং গণয়িত্বা ত্বমেব দশমোঽসীতি দর্শিতোঽহং দশমোঽস্মীত্যপরোক্ষতয়া জ্ঞাত্বা হর্ষং প্রাপ্নোতি রোদনঞ্চ ত্যজতি॥ ২৭॥

এবং দৃষ্টান্তভূতে দশমে প্রদর্শিতমবস্থাসপ্তকমনূদ্য দার্ষ্টান্তিকে আত্মন্যপি তদ্ যোজনীয়মিত্যাহ—অজ্ঞানাবৃতীতি। অজ্ঞানঞ্চাবৃতিশ্চ বিক্ষেপশ্চ দ্বিবিধজ্ঞানঞ্চ হৃষ্টিশ্চেতি দ্বন্দ্বসমাসঃ॥ ২৮॥

তত্রাত্মন্যজ্ঞানাদিকং ক্রমেণ দর্শয়তি—সংসারাসক্তেত্যাদিভিশ্চতুর্ভিঃ। অয়ং চিদাভাসো বিষয়সম্পাদনাদিষ্বাসক্তচিত্তঃ সন্ কদাচন শ্রুতিবিচারাৎ পূর্ব্বং কদাচিদপি স্বতত্ত্বং স্বস্য নিজং রূপং স্বপ্রকাশচিদ্রূপং কূটস্থং প্রত্যগাত্মানং নৈব বেত্তি ন জানাতীতি যৎ তদজ্ঞানম্॥ ২৯॥

---

সেই কালে কোন অভ্রান্ত পুরুষ আসিয়া বলিলেন যে, তোমাদিগের দশম পুরুষ মরে নাই, আছে; সেই বাক্য শুনিয়া তাঁহাদিগের স্বর্গলোকাদির জ্ঞানের ন্যায়, তদ্বিষয়ে পরোক্ষজ্ঞান হইল, পরে গণনা করিয়া, 'তুমিই দশম পুরুষ' এইরূপ উপদিষ্ট হইয়া প্রত্যক্ষরূপে দশম পুরুষকে দেখিয়া রোদন পরিত্যাগ পূর্ব্বক তাঁহারা হর্ষযুক্ত হন। ২৬-২৭।

এই পূর্ব্বোক্ত দশম পুরুষে অজ্ঞান, আবরণ, বিক্ষেপ, পরোক্ষজ্ঞান, দৃষ্টি এবং শোকাপনোদনরূপ যে সাত প্রকার অবস্থা প্রদর্শিত হইল, তৎসমস্ত আত্মাতেও নিযোজ্য। ২৮।

জীব সকল সংসারে আসক্তচিত্ত হইয়া কখন স্বপ্রকাশ কূটস্থ চৈতন্যের স্বরূপ জানিতে সমর্থ হয় না; (ইহাই অজ্ঞান।) আর তৎপ্রসঙ্গে সেই ব্যক্তি

ন ভাতি নাস্তি কূটস্থ ইতি বক্তি প্রসঙ্গতঃ।
কর্তা ভোক্তাহমস্মীতি বিক্ষেপং প্রতিপদ্যতে ॥ ৩০ ॥
অস্তি কূটস্থ ইত্যাদৌ পরোক্ষং বেত্তি বার্ত্তয়া।
পশ্চাৎ কূটস্থ এবাস্মীত্যেবং বেত্তি বিচারতঃ ॥ ৩১ ॥
কর্তা ভোক্তেত্যেবমাদিশোকজাতং প্রমুঞ্চতি।
কৃতং কৃত্যং প্রাপণীয়ং প্রাপ্তমিত্যেব তুষ্যতি ॥ ৩২ ॥
অজ্ঞানমাবৃতিস্তদ্বদ্ বিক্ষেপশ্চ পরোক্ষধীঃ।
অপরোক্ষমতিঃ শোকমোক্ষস্তৃপ্তির্নিরঙ্কুশা ॥ ৩৩ ॥
সপ্তাবস্থা ইমাঃ সন্তি চিদাভাসস্য তাস্বিমৌ।

---

চিদাত্মবিষয়ে প্রসঙ্গে জাতে কূটস্থো নাস্তি ন ভাতীতি মত্বা ব্রূতে ইদমজ্ঞানকার্য্যমাবরণং কূটস্থাসত্ত্বাভানাভিধানবৎ কর্তৃত্বাদিকমাত্মন্যারোপয়তি অস্যারোপস্য হেতুর্দ্দেহদ্বয়যুতশ্চিদাভাসো বিক্ষেপঃ ॥ ৩০ ॥

অস্তি কূটস্থ ইতি। পরেণ বোধিতঃ কূটস্থোঽস্মীতি জানাতীদং পরোক্ষজ্ঞানং, শ্রবণাদি-পরিপাকবশাৎ কূটস্থোঽহমেবাস্মীতি জানাতীদমপরোক্ষজ্ঞানম্ ॥ ৩১ ॥

কূটস্থাসঙ্গাত্মজ্ঞানানন্তরং কর্তৃত্বাদিশোকজাতং ত্যজতীতি যদয়ং শোকাপগমঃ, কৃত্যং কর্তব্য-জাতং, কৃতং নিষ্পাদিতং, প্রাপণীয়ং ফলজাতং প্রাপ্তং লব্ধমিতি তুষ্যতীয়ং তৃপ্তিরিত্যর্থঃ ॥ ৩২ ॥

দার্ষ্টান্তিকেঽপ্যুক্তমবস্থাসপ্তকমনুবদতি—অজ্ঞানমিতি ॥ ৩৩ ॥

---

'কূটস্থ চৈতন্যের প্রকাশ নাই, কূটস্থ চৈতন্য নাই' ইহা বলিয়া থাকে; (আবরণশক্তি) বা আমিই কর্তা বা ভোক্তা এইরূপে সেই ব্যক্তি বিক্ষেপ প্রাপ্ত হয়। ২৯।৩০।

আপ্তবাক্য দ্বারা 'একমাত্র কূটস্থ চৈতন্য আছে' এইপ্রকার যে জ্ঞান হয়, তাহাকে পরোক্ষজ্ঞান বলা যায়। পশ্চাৎ বিচার দ্বারা আমিই কূটস্থ চৈতন্য, এইরূপ জ্ঞান জন্মে; (ইহাই অপরোক্ষ অর্থাৎ প্রত্যক্ষ জ্ঞান) অনন্তর কর্তৃত্ব ভোক্তৃত্বপ্রযুক্ত যে শোক-পরম্পরা, তাহা পরিত্যক্ত হয় (ইহাই শোকাপগম) এবং তৎপরে কৃতকার্য্যতা ও লব্ধলভ্যতা বোধে পরিতোষ জন্মে, তাহাকে তৃপ্তিরূপ দৃষ্টি বলা যায়। ৩১।৩২।

অজ্ঞান, আবরণ, বিক্ষেপ, পরোক্ষজ্ঞান, অপরোক্ষজ্ঞান, শোকাপগম এবং নিরঙ্কুশ তৃপ্তিরূপ দৃষ্টি—এই সপ্ত অবস্থা কেবল জীবেই আছে। (কূটস্থ

বন্ধমোক্ষৌ স্থিতৌ তত্র তিস্রো বন্ধকৃতঃ স্মৃতাঃ ॥ ৩৪ ॥

ন জানামীত্যুদাসীনব্যবহারস্য কারণম্।

বিচারপ্রাগভাবেন যুক্তমজ্ঞানমীরিতম্ ॥ ৩৫ ॥

অমার্গেণ বিচার্য্যাথ নাস্তি নো ভাতি চেত্যসৌ।

বিপরীতব্যবহৃতিরাবৃতেঃ কার্য্যমিষ্যতে ॥ ৩৬ ॥

দেহদ্বয়চিদাভাসরূপো বিক্ষেপ ঈরিতঃ।

কর্ত্তৃত্বাদ্যখিলঃ শোকঃ সংসারাখ্যাহস্য বন্ধকঃ ॥ ৩৭ ॥

---

ননূক্তাবস্থাসপ্তকস্যাত্মধর্ম্মত্বাঙ্গীকারে তস্য কূটস্থত্বং ব্যাহন্যেতেত্যাশঙ্ক্য এতাঃ সপ্তাবস্থাশ্চিদাভাসস্যৈব ন কূটস্থস্যেত্যাহ—সপ্তাবস্থা ইতি। সর্ব্বং বাক্যং সাবধারণমিতি ন্যায়েন চিদাভাসস্যৈবেত্যবগম্যতে ন কূটস্থস্য। সপ্তাবস্থানামাসামত্রোপন্যাসো বৃথেত্যাশঙ্ক্য ন বৃথাত্বং বন্ধমোক্ষকারিত্বদ্যোতনকলত্বাদুপন্যাসস্যেত্যভিপ্রায়েণাহ—তাস্বিমাবিতি। কিমাসাং সপ্তানামপ্যবিশেষেণ বন্ধমোক্ষকারিত্বং নেত্যাহ—তত্র তিস্র ইতি। অজ্ঞানাবরণ-বিক্ষেপরূপাস্তিস্র ইত্যর্থঃ ॥ ৩৪ ॥

আসাং বন্ধকারিত্বদর্শনায় তিসৃণামপি স্বরূপং প্রত্যেকং কার্য্যপ্রদর্শনেন স্পষ্টীচিকীর্ষুরজ্ঞানস্য স্বরূপং তাবদ্ দর্শয়তি—ন জানামীতি। আত্মতত্ত্ববিচারস্য প্রাগভাবসহিতমুদাসীনব্যবহারস্য কারণং ন জানামীত্যনুভূয়মানমজ্ঞানমাবিদ্ভমিত্যর্থঃ ॥ ৩৫ ॥

আবৃতেঃ কার্য্যং দর্শয়তি—অমার্গেণেতি। শাস্ত্রোক্তপ্রকারমতিলঙ্ঘ্য কেবলং তর্কো বিচার্য্যানন্তরং কূটস্থো নাস্তি ন ভাতি ইত্যেবংরূপো বিপরীতব্যবহারঃ আবৃতিকার্য্যমিত্যর্থঃ ॥ ৩৬ ॥

বিক্ষেপস্য স্বরূপং তৎকার্য্যঞ্চ দর্শয়তি—দেহদ্বয়েতি। স্থূলসূক্ষ্মাখ্য-শরীরদ্বয়সহিতশ্চিদা-

---

চৈতন্যের নহে।) ইহারা সামান্যতঃ বন্ধ ও মোক্ষ উভয়ের কারণ হয়; তাহার মধ্যে অজ্ঞান, আবরণ এবং বিক্ষেপ, ইহারা বন্ধের কারণ হয়, তদ্ভিন্ন সমুদায় অবস্থাই মোক্ষের হেতু)। ৩৩। ৩৪।

তত্ত্ববিচারের পূর্ব্বাবস্থাতে 'আমি কিছুই জানি না' এই প্রকার উদাসীন ব্যবহারের যে কারণ, তাহাই অজ্ঞান শব্দে কথিত। ৩৫।

অধ্যাত্মশাস্ত্রোক্ত নির্ণয় উল্লঙ্ঘনপূর্ব্বক অসৎতর্ক দ্বারা বিচার করিয়া কূটস্থ চৈতন্যের সত্তা বা প্রকাশের অভাব-নিশ্চয়রূপ বিপরীত ব্যবহারই আবরণ শক্তির কার্য্য। ৩৬।

অধিষ্ঠানরূপ কূটস্থ চৈতন্যে কল্পিত স্থূল শরীর, সূক্ষ্ম শরীর এবং আভাস-

অজ্ঞানমাবৃতিশ্চৈতে বিক্ষেপাৎ প্রাক প্রসিধ্যতঃ।
যদ্যপ্যথাপ্যবস্থে তে বিক্ষেপস্যৈব নাত্মনঃ॥ ৩৮ ॥
বিক্ষেপোৎপত্তিতঃ পূর্ব্বমপি বিক্ষেপসংস্কৃতিঃ।
অস্ত্যেব তদবস্থাত্বমবিরুদ্ধং ততস্তয়োঃ॥ ৩৯ ॥
ব্রহ্মণ্যারোপিতত্বেন ব্রহ্মাবস্থে ইমে ইতি।
নাশঙ্কনীয়ং সর্ব্বাসাং ব্রহ্মণ্যেবাধিরোপণাৎ॥ ৪০ ॥

---

ভাস এব বিক্ষেপঃ, বন্ধকঃ বন্ধহেতুঃ সংসারঃ'থাঃ কর্ত্তৃত্বাদাখিলঃ লোকোঽস্য চিদাভাসস্য কার্য্যমিতি শেষঃ। কর্ত্তৃত্বাদীত্যাদিশব্দেন ভোক্তৃত্বাদয়ো গৃহ্যন্তে॥ ৩৭॥

নন্বু সপ্তাবস্থাশ্চিদাভাসস্যেত্যুক্তমনুপপন্নম্ অজ্ঞানাবরণয়োর্বিক্ষেপোৎপত্তেঃ পুরাবস্থিতত্বাচ্চিদাভাসস্য চ বিক্ষেপান্তঃপাতিত্বাৎ তদবস্থাত্বানুপপত্তেরিত্যাশঙ্ক্যাহ—অজ্ঞানমিতি। অনয়োরজ্ঞানাবরণয়োর্বিক্ষেপাৎ পুরা স্থিতত্বেঽপি নাত্মাবস্থাত্বং তস্যাসঙ্গত্বেনাবস্থাবত্তানুপপত্তেঃ, অতঃ পরিশেষাচ্চিদাভাসাবস্থাত্বমেব তয়োর্বক্তব্যমিতি ভাবঃ॥ ৩৮॥

ত্বদবস্থাবত্তো বিক্ষেপস্য তদানীমভাবাৎ তদবস্থাত্বাভিধানমনুপপন্নমিত্যাশঙ্ক্য বিক্ষেপাভাবেঽপি তৎসংস্কারস্য তদানীং সত্ত্বাদ্ বিক্ষেপাবস্থাত্বাভিধানং ন বিরুধ্যত ইত্যাহ—বিক্ষেপেতি। ততঃ কারণাৎ তয়োস্তদবস্থাত্বমবিরুদ্ধমিতি যোজনা॥ ৩৯॥

নন্বপ্রসিদ্ধসংস্কারাভ্যুপগমদ্বারা বিক্ষেপাবস্থাত্ববর্ণনাদ্ বরম্ অধিষ্ঠানতয়া প্রসিদ্ধব্রহ্মাবস্থাত্বকল্পনমিত্যাশঙ্ক্যাতিপ্রসঙ্গাৎ নৈবমিতি পরিহরতি—ব্রহ্মণীতি॥ ৪০॥

---

চৈতন্যই বিক্ষেপ-শক্তি; বন্ধের কারণ যে কর্ত্তৃত্ব ভোক্তৃত্বাদিরূপ সংসার, তাহাই সেই বিক্ষেপশক্তির কার্য্য। ৩৭।

যদিও বিক্ষেপ অবস্থা উৎপন্ন হইবার পূর্ব্বে অজ্ঞান ও আবরণ এই উভয় অবস্থা থাকে, তথাপি সে অবস্থাদ্বয় বিক্ষেপরূপ চিদাভাসেরই অবস্থা মাত্র, তাহারা আত্ম-চৈতন্যের অবস্থা নহে। বিক্ষেপ-উৎপত্তির পূর্ব্বেও তৎসংস্কার বিদ্যমান থাকে, অজ্ঞান ও আবরণ অবস্থাদ্বয় সেই সংস্কাররূপ বিক্ষেপেরই হয়, অতএব তদুভয়ের বিক্ষেপাবস্থার স্বরূপত্বে বিরোধ নাই। ৩৮।৩৯।

পরব্রহ্মে আরোপিত বলিয়া এ উভয় অবস্থা তাঁহারই, এরূপ আশঙ্কা অকর্ত্তব্য। যেহেতু জগতের সমুদয় পদার্থই পরব্রহ্মে আরোপিত আছে, অতএব পরব্রহ্ম তাহাদিগের অধিষ্ঠান; কিন্তু তাহারা জীবেরই অবস্থা। ৪০।

সং সার্য্যহং বিবুদ্ধোঽহং নিঃশোকস্তুষ্ট ইত্যপি।
জীবগা উত্তরাবস্থা ভান্তি ন ব্রহ্মগা যদি ॥ ৪১ ॥
তর্হ্যজ্ঞোঽহং ব্রহ্মসত্ত্বভানে মদ্দৃষ্টিতো ন হি।
ইতি পূর্ব্বে অবস্থে চ ভাসেতে জীবগে খলু ॥ ৪২ ॥
অজ্ঞানস্যাশ্রয়ো ব্রহ্মোঽধিষ্ঠানতয়া জগুঃ।
জীবাবস্থাত্বমজ্ঞানাভিমানিত্বাদবাদিষম্ ॥ ৪৩ ॥
জ্ঞানদ্বয়েন নষ্টেঽস্মিন্নজ্ঞানে তৎকৃতাবৃতিঃ।
ন ভাতি নাস্তি চেত্যেষা দ্বিবিধাপি বিনশ্যতি ॥ ৪৪ ॥

---

নন্বু ব্রহ্মগাবেধিনিত্যাদিনেব্যেপি বিক্ষেপো পত্যুত্তরকালভাবিনীনাং সংসারিত্বাদ্যবস্থানাং জীবাশ্রিতত্বেনানুভূয়মানত্বাৎ ব্রহ্মাবস্থাত্বং নহি শক্যতে— সংসার্য্যহমিতি। সংসারী কর্তৃত্বাদি-ধর্ম্মবান্, বিবুদ্ধস্তত্ত্বসাক্ষাৎকারবান্, নিঃশোকঃ শোকরহিতঃ তুষ্টঃ বক্ষ্যমাণকৃতকৃত্যত্বাদিজনিত-সন্তোষবান্ অহমস্মীতি উত্তরাবস্থা জীব।। জীবাশ্রিতা ভান্তি ন ব্রহ্মাশ্রিতা ইত্যর্থঃ ॥ ৪১ ॥

এবং তর্হ্যজ্ঞানাবরণয়োরপি জীবাশ্রিতত্বেনানুভূয়মানত্বাজ্জীবাবস্থাত্বমেবেতি পরিহরতি— তর্হ্যজ্ঞ ইতি। মদ্দৃষ্টিতো মদপেক্ষয়েব ইত্যর্থঃ ॥ ৪২ ॥

নন্বু তর্হ্যজ্ঞানাশ্রয়ং ব্রহ্ম চ পূর্ব্বাচার্য্যৈঃ কথমুক্তমিত্যাশঙ্ক্য তদ্বিবক্ষাং দর্শয়তি—অজ্ঞান-স্যেতি। ব্রহ্মণোঽজ্ঞানাধিষ্ঠানত্ববিবক্ষয়া তদাশ্রয়ত্বমুক্তমিত্যর্থঃ। ভবদ্ভিস্তর্হি কিং-বিবক্ষয়া জীবাবস্থাত্বমুক্তমিত্যাশঙ্ক্য বিবক্ষাং দর্শয়তি—জীবাবস্থাত্বমিতি ॥ ৪৩ ॥

এবং বন্ধহেতুমবস্থাত্রয়ং প্রদর্শ্যাবশিষ্টাস্ববস্থাসু মধ্যে পূর্ব্বোক্তাজ্ঞানাবরণনিবৃত্তিদ্বারা

---

যদি বল, বিক্ষেপ উৎপত্তির উত্তরকালীন আমি সংসারী, আমি জ্ঞানী, আমি শোকরহিত এবং আমিই পরিতৃপ্ত এই কয় অবস্থা জীবেরই দেখা যায়, তাহা হইলে, (আমরাও বলি) আমি অজ্ঞান, পরব্রহ্মের সত্তা ও প্রকাশ আমার বুদ্ধিগোচর হয় না, এইরূপ সংসারের পূর্ব্বকালিক অবস্থা দুটিও জীবেই দেখা যায়। ৪১। ৪২।

পূর্ব্ব পূর্ব্ব আচার্য্যেরা পরব্রহ্মকে অজ্ঞানের আশ্রয় বলিয়া যে স্বীকার করিয়াছেন, তাহা কেবল অধিষ্ঠানরূপে, নতুবা অজ্ঞান পরব্রহ্মের অবস্থা নহে। এবং জীব সকলের অজ্ঞানে অভিমানবশতঃ তাহাকে জীবাবস্থা বলিয়া অঙ্গী-কার করা হইয়াছে। ৪৩।

পরোক্ষ ও অপরোক্ষ এই উভয় প্রকার জ্ঞান দ্বারা অজ্ঞান নিবারিত

পরোক্ষজ্ঞানতো নশ্যেদসত্ত্বাবৃতিহেতুতা।
অপরোক্ষজ্ঞাননাশ্যা হ্যভানাবৃতিহেতুতা॥ ৪৫॥
অভানাবরণে নষ্টে জীবত্বারোপসংক্ষয়াৎ।
কর্তৃত্বাদ্যখিলঃ শোকঃ সংসারাখ্যো নিবর্ত্ততে॥ ৪৬॥
নিবৃত্তে সর্ব্বসংসারে নিত্যমুক্তত্বভাসনাৎ।
নিরঙ্কুশা ভবেৎ তৃপ্তিঃ পুনঃ শোকাসমুদ্ভবাৎ॥ ৪৭॥
অপরোক্ষজ্ঞানশোকনিবৃত্ত্যাখ্যে উভে ইমে।

---

মুক্তিহেতুমবস্থাদ্বয়ং দর্শয়তি—জ্ঞানদ্বয়েনাবরকাজ্ঞানে নষ্টে সতি তৎকৃতাবৃতিস্তেনাজ্ঞানেনোৎপাদিতং ন ভাতি নাস্তীতি ব্যবহারকারণং দ্বিবিধমপ্যাবরণং কারণাভাবাৎশ্যতীতি॥ ৪৪॥

কস্যাংশস্য কেন নিবৃত্তিরিত্যপেক্ষায়াম্ উভয়ং বিভজ্য দর্শয়তি—পরোক্ষজ্ঞানত ইতি। কূটস্থোঽস্তীত্যেবংরূপাৎ পরোক্ষজ্ঞানাৎ অজ্ঞানস্যাসত্ত্বাবরণকারণত্বং নিবর্ত্ততে কূটস্থোঽস্মীত্যপরোক্ষজ্ঞানেন তু কূটস্থো ন ভাতীত্যেবংরূপাবরণকারণত্বং নিবর্ত্ততে॥ ৪৫॥

ইদানীং জ্ঞানস্য ফলরূপাবস্থাদ্বয়ে প্রথমাবস্থামাহ—অভানেতি। অভানাবরণে নিবৃত্তে সতি ভ্রান্ত্যা প্রতীয়মানস্য জীবস্যাপি নিবৃত্তত্বাৎ তন্নিমিত্তকঃ কর্তৃত্বাদিলক্ষণঃ সংসারাখ্যশোকঃ সর্ব্বোঽপি নিবর্ত্ততে ইত্যর্থঃ॥ ৪৬॥

এবং শোকাপগমরূপাবস্থাং প্রদর্শ্য নিরঙ্কুশতৃপ্তিলক্ষণাং দ্বিতীয়াং দর্শয়তি—নিবৃত্ত ইতি॥৪৭॥

নম্বাত্মানঞ্চেদ্ বিজানীয়াদিতি মন্ত্রব্যাখ্যানে প্রবৃত্তত্বাৎ তদ্ বিহায় মধ্যেঽজ্ঞানাদ্যবস্থানষ্টকনিরূপণং প্রকৃতাসঙ্গতমিত্যাশঙ্ক্য আত্মানঞ্চেদিত্যস্যাঃ শ্রুতেস্তাৎপর্য্যমাহ—অপরোক্ষেতি। চিদাভাসনিষ্ঠং যদবস্থাসপ্তকম্ অস্তি তত্রাপরোক্ষজ্ঞানশোকনিবৃত্তিলক্ষণমবস্থাদ্বয়ং প্রতিপাদয়িতুময়ং মন্ত্রঃ প্রবৃত্তঃ ইত্যভিপ্রায়ঃ॥ ৪৮॥

---

হইলে, পরব্রহ্মে তৎকৃত ভানাবরণ ও স্বরূপাবরণ উভয় প্রকার আবরণই বিনষ্ট হয়। ৪৪।

পরোক্ষ জ্ঞান দ্বারা অজ্ঞানকার্য্য অভাবরূপ স্বরূপাবরণ বিনষ্ট হয় এবং অপরোক্ষ জ্ঞান দ্বারা অপ্রকাশরূপ ভানাবরণ নষ্ট হয়। ৪৫।

অপ্রকাশরূপ ভানাবরণ বিনষ্ট হইলে, জীবত্বারোপের ধ্বংস হয়, সুতরাং কর্তৃত্বাদিমূলক যে সংসার নামক শোক, তাহা নিবারণপূর্ব্বক কর্তৃত্ব-ভোক্তৃত্বরূপ সংসার নিবৃত্ত হয়, সংসারনিবৃত্তি হইলে নিত্য মুক্তির প্রকাশ হেতু পুনর্ব্বার শোক-মোহাদির উদ্ভবশঙ্কা না থাকায় নিরতিশয়-তৃপ্তিরূপ আনন্দপ্রাপ্তি হয়। ৪৬। ৪৭।

অবস্থে জীবগে ব্রূতে আত্মানঞ্চেদিতি শ্রুতিঃ ॥ ৪৮ ॥
অয়মিত্যপরোক্ষত্বমুক্তং তদ্ দ্বিবিধং ভবেৎ।
বিষয়স্বপ্রকাশত্বাদ্ধিয়াপ্যেবং তদীক্ষণাৎ ॥ ৪৯ ॥
পরোক্ষজ্ঞানকালেঽপি বিষয়স্বপ্রকাশতা।
সমা ব্রহ্মস্বপ্রকাশমস্তীত্যেবং বিবোধনাৎ ॥ ৫০ ॥
অহং ব্রহ্মেত্যনুল্লিখ্য ব্রহ্মাস্তীত্যেবমুল্লিখেৎ।
পরোক্ষজ্ঞানমেতন্ন ভ্রান্তং বাধানিরূপণাৎ ॥ ৫১ ॥

---

অয়মিত্যপরোক্ষত্বমুচ্যতে চেৎ তদুচ্যতামিত্যত্রায়মিতি পদেনাত্মনোঽপরোক্ষত্বমুচ্যত ইত্যুক্তং, তথা সত্যপরোক্ষজ্ঞানবিষয়ত্বস্যৈব স্যান্ন পরোক্ষজ্ঞানবিষয়ত্বমিত্যাশঙ্ক্য তদুপপাদনায় পরোক্ষজ্ঞানং বিভজতে—অয়মিতি। দ্বৈবিধ্যে কারণমাহ—বিষয়েতি। বিষয়স্য চিদ্রূপস্যাত্মনঃ স্বপ্রকাশত্বাৎ স্বব্যবহার-সাধনান্তরনিরপেক্ষত্বাৎ, ধিয়া বুদ্ধ্যা এবং স্বপ্রকাশত্বেন তদীক্ষণাৎ তস্য বিষয়স্যাত্মনোঽবলোকনাচ্চেত্যর্থঃ ॥ ৪৯ ॥

তবতু দ্বৈবিধ্যমেতাবতা পরোক্ষজ্ঞানবিষয়ত্বে কিমায়াতমিত্যাশঙ্ক্য বিষয়স্বপ্রকাশত্বং পরোক্ষজ্ঞানবিষয়ত্বে বিরোধি ন ভবতি ইত্যাহ—পরোক্ষেতি। অপরোক্ষজ্ঞানকাল ইব পরোক্ষজ্ঞানকালেঽপি বিষয়স্য ব্রহ্মণঃ স্বপ্রকাশতাস্ত্যেব। অত্রোপপত্তিমাহ—ব্রহ্মেতি ॥ ৫০ ॥

প্রত্যগভিন্নব্রহ্মগোচরস্য জ্ঞানস্য কুতঃ পরোক্ষত্বমিতি আশঙ্ক্য প্রত্যগংশাগ্রহণাদিত্যাহ—অহং ব্রহ্মেতি। নন্বিদং ভ্রান্তমিত্যাশঙ্ক্যাস্য ভ্রান্তত্বং কিং বাধ্যত্বাৎ উত ব্যক্ত্যনুল্লেখাৎ অথবা-পরোক্ষ্যেণ গ্রহণযোগ্যস্য পারোক্ষ্যেণ গ্রহণাৎ যদ্বাংশাগ্রহণাদিতি চতুর্ধা বিকল্প্য প্রথমং প্রত্যাহ—এতন্নেতি ॥ ৫১ ॥

---

অপরোক্ষ জ্ঞান আর শোক-নিবৃত্তি কর্তৃত্বাদিমূলক এ উভয় অবস্থা জীবেরই, ইহা "আত্মানঞ্চেৎ" ইত্যাদি শ্রুতিতে স্পষ্টরূপে উক্ত হইয়াছে। "অয়ং" শব্দ দ্বারা শ্রুতিতে অপরোক্ষত্ব-জ্ঞান উক্ত হইয়াছে, তাহা দুই প্রকারে বিভক্ত,—বিষয়ের স্বয়ংপ্রকাশতা অপরোক্ষ জ্ঞানের প্রথম প্রকার এবং বুদ্ধি দ্বারা তদ্রূপের দর্শন দ্বিতীয় প্রকার। বিষয়ের স্বয়ংপ্রকাশতারূপ অপরোক্ষত্ব, পরোক্ষজ্ঞান-কালেও থাকে। কেননা, স্বপ্রকাশ ব্রহ্ম আছেন এই প্রকার শব্দবোধ হয়। ৪৮—৫০।

আমিই পরব্রহ্মস্বরূপ, ইহা উল্লেখ না করিয়া যে পরব্রহ্মের সত্তামাত্র উল্লেখ, তাহাকে পরোক্ষ জ্ঞান বলা যায়, বাধের অভাব হেতু তাহাকে ভ্রম বলা যায়

ব্রহ্ম নাস্তীতি মানঞ্চেৎ স্যাদ্ বাধ্যেত তদা ধ্রুবম্।
ন চৈবং প্রবলং মানং পশ্যামোঽতো ন বাধ্যতে ॥ ৫২ ॥
ব্যক্ত্যনুল্লেখমাত্রেণ ভ্রমত্বে স্বর্গধীরপি।
ভ্রান্তিঃ স্যাদ্ ব্যক্ত্যনুল্লেখাৎ সামান্যোল্লেখদর্শনাৎ ॥ ৫৩ ॥
অপরোক্ষে ত্বযোগ্যস্য ন পরোক্ষমতিভ্র্মঃ।
পরোক্ষমিত্যনুল্লেখাদর্থাৎ পারোক্ষ্যসম্ভবাৎ ॥ ৫৪ ॥
অংশাগৃহীতে * ভ্রান্তিশ্চেৎ ঘটজ্ঞানং ভ্রমো ভবেৎ।
নিরংশস্যাপি সাংশত্বং ব্যাবর্ত্ত্যাংশবিভেদতঃ ॥ ৫৫ ॥

হেতুং বিবৃণোতি—ব্রহ্ম নাস্তীতি ॥ ৫২ ॥

দ্বিতীয়মতিপ্রসঙ্গেন দূষয়তি—ব্যক্ত্যনুল্লেখেতি। অয়ং স্বর্গ ইত্যেবমাকারেণ গ্রহণাভাবাৎ কিন্তু স্বর্গোঽস্তীত্যেবং সামান্যাকারেণ প্রতীতেঃ স্বর্গবুদ্ধেরপি ভ্রমত্বপ্রসঙ্গ ইত্যর্থঃ ॥ ৫৩ ॥

তৃতীয়ং নিরাকরোতি—অপরোক্ষত্বেতি। অপরক্ষত্বেন গ্রহণযোগ্যস্য প্রত্যগভিন্নব্রহ্মবিষয়স্য পরোক্ষজ্ঞানস্য ভ্রমত্বং ন সম্ভবতি। কুত ইত্যত আহ—পরোক্ষমিতি, ব্রহ্ম পরোক্ষমিত্যেবমাকারেণ গ্রহণাভাবাৎ। কুতস্তর্হি তস্য পরোক্ষত্বমিত্যাশঙ্ক্যাহ—অর্থাদিতি। ইদং ব্রহ্মেত্যেবং ব্যক্ত্যুল্লেখাভাবসামর্থ্যাৎ পরোক্ষত্বসিদ্ধিরিতি ভাবঃ ॥ ৫৪ ॥

* চরমমাশঙ্কতে—অংশাগৃহীতেরিতি। ব্রহ্মাংশগ্রহণেঽপি-প্রত্যগংশাগ্রহণাৎ ভ্রমত্বমিত্যর্থঃ। এবং তর্হি ঘটাদিজ্ঞানস্যাপি ভ্রমত্বপ্রসঙ্গ ইতি পরিহরতি—ঘটেতি, আন্তরাবয়বানামগ্রহণাদিতি ভাবঃ ॥ নন্থ ঘটস্য সাবয়বত্বাদংশগ্রহণেঽপ্যংশাগ্রহণং সম্ভবতি ব্রহ্মণস্তু নিরংশত্বাৎ কথমংশগ্রহণসম্ভব ইত্যাশঙ্ক্য ব্যাবর্ত্ত্যাংশোপাধিনিমিত্তকং সাংশত্বং তস্য ভবিষ্যতীত্যাহ—নিরংশস্যেতি ॥ ৫৫ ॥

না। ব্রহ্ম নাই এবিষয়ে যদি প্রমাণ থাকিত, তাহা হইলে ব্রহ্মসত্তা বাধিত হইত, পরন্তু সেরূপ প্রবল প্রমাণ দেখিতেছি না; অতএব ব্রহ্মসত্তা বাধিত হইল না। বিশেষরূপ গ্রহণ না করিয়া যে সামান্যরূপে জ্ঞান হয়, তাহাকে ভ্রম বলিলে স্বর্গাদি-জ্ঞানও ভ্রমাত্মক হইয়া উঠে, কেননা তাহাও 'এই স্বর্গ' এইরূপ বিশেষাবগাহী নহে, পরন্তু 'স্বর্গ' বা 'স্বর্গ আছে' এইরূপ সামান্যমাত্রাবগাহী। আর অপরোক্ষ যে পদার্থ, তাহার পরোক্ষ জ্ঞানকেও ভ্রান্তি বলিতে পার না, যেহেতু তৎকালে তাহাতে পরোক্ষ উল্লেখ থাকে না, ফলতঃ তাহার পরোক্ষত্ব সম্ভব হয়। ৫১—৫৪।

* অংশাগৃহীতিরিত্যন্যদেশীয় পুস্তক পাঠঃ।

অসত্ত্বাংশো নিবর্ত্তেত পরোক্ষজ্ঞানতস্তথা।
অভানাংশনিবৃত্তিঃ স্যাদপরোক্ষধিয়া কৃতা ॥ ৫৬ ॥
দশমোহস্তীত্যবিভ্রান্তং পরোক্ষজ্ঞানমীক্ষ্যতে।
ব্রহ্মাস্তীত্যপি তদ্বৎ স্যাদজ্ঞানাবরণং সমম্ ॥ ৫৭ ॥
আত্মা ব্রহ্মেতি বাক্যার্থে নিঃশেষেণ বিচারিতে।
ব্যক্তিরুল্লিখ্যতে যদ্বদ্ দশমস্ত্বমসীত্যতঃ ॥ ৫৮ ॥
দশমঃ ক ইতি প্রশ্নে ত্বমেবেতি নিরাকৃতে।

কৌ তৌ ব্যাবর্ত্ত্যাবংশাবিত্যাকাঙ্ক্ষায়ামাহ—অসত্ত্বাংশ ইতি ॥ ৫৬ ॥

অপরোক্ষত্বেন ন গ্রহণযোগ্যবিষয়ং পরোক্ষজ্ঞানং ভ্রমো ন ভবতীত্যেতদ্ দৃষ্টান্তপ্রদর্শনেনাপি প্রদর্শয়তি—দশমোহস্তীতি। দশমোহস্তীত্যাপ্তবাক্যজন্যং পরোক্ষজ্ঞানমভ্রান্তং ব্রহ্মাস্তীতি বাক্যজন্যজ্ঞানমপি তদ্বদভ্রান্তং স্যাৎ অজ্ঞানকৃতস্যাসত্ত্বাবরণাংশস্য সমত্বাদিতি ভাবঃ ॥ ৫৭ ॥

নন্বু বাক্যাৎ পরোক্ষজ্ঞানমুৎপদ্যতে চেদপরোক্ষজ্ঞানং কুতো জায়তে ইত্যাশঙ্ক্য বিচারসহিতাদেব বাক্যাদিত্যাহ—আত্মা ব্রহ্মেতীতি। অয়মাত্মা ব্রহ্মেতি মহাবাক্যার্থে সম্যগ্বিচার্য্যমাণে পূর্ব্বমস্তীতি পরোক্ষতয়াবগতস্য ব্রহ্মণঃ প্রত্যগভিন্নত্বং সাক্ষাৎ ক্রিয়তে। তত্র দৃষ্টান্তঃ—যদ্বদিতি। দশমস্ত্বমসীত্যতো বাক্যাদাত্মনি দশমত্বং যথা সাক্ষাৎ ক্রিয়তে তদ্বদিত্যর্থঃ ॥ ৫৮ ॥

বিচারসহকৃতেন বাক্যেনাপরোক্ষজ্ঞানোৎপত্তিপ্রকারং তাবদ্ দৃষ্টান্তেন দর্শয়তি,—দশমঃ

বস্তু জ্ঞানের কোন অংশ অজ্ঞান থাকিলে তাহাকেই যদি ভ্রম বল, তাহা হইলে ঘট-পটাদির জ্ঞানকেও ভ্রম বলিতে হয়, কারণ তাহার সকল অংশে জ্ঞান হয় না। অতএব পরব্রহ্ম নিরংশ হইলেও ব্যাবর্ত্ত্য অংশ-ভেদে অংশ সম্ভব করিয়া তাঁহার অংশ জ্ঞানকেও ভ্রম বলা যায় না। পরোক্ষ জ্ঞান দ্বারা তাঁহার অসত্ত্বাংশের নিবৃত্তি হয় এবং অপরোক্ষ জ্ঞান দ্বারা অপ্রকাশ অংশ নিবারিত হয়। ৫৫—৫৬।

যেমন পূর্ব্বোক্ত দশম পুরুষ বিষয়ে "দশম পুরুষ আছে", এই প্রকার অভ্রান্ত জ্ঞানকে পরোক্ষ জ্ঞান বলা যায়, তদ্রূপ পরব্রহ্মের সত্তা-জ্ঞানকেও পরোক্ষ জ্ঞান বলা যায়, আর এই উভয়ত্রই অজ্ঞানের আবরণ-শক্তি সমান। ৫৭।

যেমন দশম পুরুষ বিষয়ে 'তুমিই দশম পুরুষ' ইহা বলিলে তাহার সাক্ষাৎ উল্লেখ হয়, তদ্রূপ 'আত্মাই পরব্রহ্ম' এই বাক্য বিশেষরূপে বিচারিত হইলে

গণয়িত্বা স্বেন সহ স্বমেব দশমং স্মরেৎ ॥ ৫৯ ॥
দশমোহস্মীতি বাক্যোত্থা ন ধীরস্য বিহন্যতে।
আদিমধ্যাবসানেষু ন নবত্বস্য সংশয়ঃ ॥ ৬০ ॥
সদেবেত্যাদিবাক্যেন ব্রহ্মসত্ত্বং পরোক্ষতঃ।
গৃহীত্বা তত্ত্বমস্যাদিবাক্যাদ্ ব্যক্তিং সমুল্লিখেৎ ॥ ৬১ ॥
আদিমধ্যাবসানেষু স্বস্য ব্রহ্মত্বধীরিয়ম্।
নৈব ব্যভিচরেৎ তস্মাদাপরোক্ষ্যং প্রতিষ্ঠিতম্ ॥ ৬২ ॥

---

ক ইতি। ত্বয়া অস্তীতি নিরূপিতো দশমঃ ক ইতি প্রশ্নে কৃতে তস্য ত্বমেবেতি পরিহারেঽভিহিতে স্বাত্মনা সহেতরান্নব গণয়িত্বাহং দশমোঽস্মীতি স্বমেব দশমং স্মরেদিত্যর্থঃ ॥ ৫৯ ॥

অস্য দশমোঽস্মীতি জ্ঞানস্য বিচারসহিতবাক্যজনিতত্বান্ন বিপর্য্যয়াদিরূপতেত্যাহ—দশমোঽস্মীতি। অস্য দশমস্য ত্বমেব দশমোঽসীতি বাক্যাৎ পরিগণনাদিলক্ষণবিচারসহিতাদুৎপন্নাহং দশমোঽস্মীতি বুদ্ধির্ন বিহন্যতে, ন কেনাপি জ্ঞানেন বাধ্যতে পরিগণনক্রিয়ায়াং চ নবানামাদিমধ্যাবসানেষু পরিগণনেঽপ্যহং দশমো ন বেতি সংশয়শ্চ ন ভবেৎ, অতঃ সা দৃঢ়াপরোক্ষরূপেত্যর্থঃ ॥ ৬০ ॥

এতৎ সর্ব্বং দার্ষ্টান্তিকে যোজয়তি,—সদেবেত্যাদীতি। আদিমধ্যাবসানেষ্বিতি চ শ্লোকদ্বয়েন। 'সদেব সৌম্যেদমগ্র আসীদেকমেবাদ্বিতীয়'মিত্যাদিবাক্যেন ব্রহ্মসম্ভাবং প্রথমং নিশ্চিত্য তস্য জীবরূপেণ প্রবেশাদিযুক্তিপর্য্যালোচনয়া প্রত্যগ্রূপত্বং সম্ভাব্য 'তৎ ত্বমসী'দিবাক্যেনাদ্বিতীয়ব্রহ্মরূপমাত্মানমহং ব্রহ্মাস্মীতি সাক্ষাৎ কুর্য্যাৎ ॥ ৬১ ॥

অত ইয়মাত্মনো ব্রহ্মত্ববুদ্ধিঃ পঞ্চানাং কোশানাম্ আদিমধ্যাবসানেষাত্মনো ব্যবহারেঽপি নৈবাত্যথা ভবতি অতোঽস্যা বুদ্ধেরপরোক্ষজ্ঞানত্বং সুস্থিতমিত্যর্থঃ ॥ ৬২ ॥

---

পরব্রহ্মের সাক্ষাৎ উল্লেখ হয়। কে দশম পুরুষ এই প্রশ্নে তুমিই দশম বলিয়া উত্তর করিলে, পশ্চাৎ আপনার সহিত গণনা করিয়া আপনাকেই দশম বলিয়া মনে হয়। ৫৮। ৫৯।

'আমিই দশম' এইরূপ বাক্যজন্য যে জ্ঞান, তাহা বাধিত হয় না এবং নব সংখ্যা গণনায় আদি, অন্ত বা মধ্য যে সময়েই হউক না, আমি দশম কি না এ সংশয় হয় না। ৬০।

প্রথমতঃ 'সৎস্বরূপ পরব্রহ্ম আছেন' এই বাক্য দ্বারা পরব্রহ্মের সত্তাতে পরোক্ষ জ্ঞান হয়, পশ্চাৎ 'তুমিই পরব্রহ্ম' এই বাক্য দ্বারা ব্যক্তির উল্লেখ হইলে তাঁহাতে অপরোক্ষ জ্ঞান হয়। এই প্রকার পরব্রহ্মের অপরোক্ষ

জন্মাদিকারণত্বাখ্য-লক্ষণেন ভৃগুঃ পুরা।
পারোক্ষ্যেণ গৃহীত্বাথ বিচারাদ্ ব্যক্তিমৈক্ষত ॥ ৬৩ ॥
যদ্যপি ত্বমসীত্যত্র বাক্যং নোচে ভৃগোঃ পিতা।
তথাপ্যন্নং প্রাণমিতি বিচার্য্য স্থলমুক্তবান্ ॥ ৬৪ ॥
অন্নপ্রাণাদিকোষেষু সুবিচার্য্য পুনঃপুনঃ।
আনন্দব্যক্তিমীক্ষিত্বা ব্রহ্মলক্ষ্ম্যাপ্যযুযুজৎ ॥ ৬৫ ॥

---

নন্বেবং প্রথমতঃ কেবলং বাক্যাৎ পরোক্ষজ্ঞানমুৎপদ্যতে পশ্চাৎ বিচারসহিতাদপরোক্ষজ্ঞানমিত্যেতৎ কুতোঽবগম্যতে ইত্যাশঙ্ক্য তৈত্তিরীয়কাদিশ্রুত্যর্থপর্য্যালোচনয়েত্যাহ—জন্মাদীতি। ভৃগুনামকঃ কশ্চিদৃষিঃ পুরা 'যতো বা ইমানি ভূতানি জায়ন্তে যেন জাতানি জীবন্তি যৎ প্রয়ন্ত্যভিসংবিশন্তি তদ্বিজিজ্ঞাসস্ব তদ্ ব্রহ্মে'তি বাক্যশ্রুতেন জগজ্জন্মাদিকারণত্বাখ্যলক্ষণেন জগৎকারণং ব্রহ্ম পরোক্ষতয়াবগম্য অন্নময়াদিপঞ্চকোশবিচারাদ্ ব্যক্তিঃ প্রত্যগাত্মনো রূপং ব্রহ্ম দৃষ্টবানিত্যর্থঃ ॥ ৬৩ ॥

নন্বস্মিন্ প্রকরণে ত্বং ব্রহ্মাসীত্যেবমাদ্যুপদেশবাক্যাভাবাৎ কথং ভৃগোরাত্মতত্ত্বসাক্ষাৎকার ইত্যাশঙ্ক্যাত্মসাক্ষাৎকারহেতুবিচারযোগ্যস্থলদর্শনাদিত্যাহ—যদ্যপীতি ॥ ৬৪ ॥

নন্বন্নময়াদিকোশেষু বিচারিতেষু প্রত্যচঃ সাক্ষাৎকারো ভবতু ব্রহ্মণস্তু কথমিত্যাশঙ্ক্য প্রতীচ এব ব্রহ্মত্বাৎ পঞ্চকোশবিচারেণানন্দাত্মব্যক্তিং সাক্ষাৎ কৃত্বা 'আনন্দাদ্ধ্যেব খল্বিমানি ভূতানি জায়ন্তে আনন্দেন জাতানি জীবন্তি আনন্দং প্রয়ন্ত্যভিসংবিশন্তি', ইত্যেবং ব্রহ্মলক্ষণমপি প্রতীচ্যেব যোজিতবানিত্যাহ—অন্নপ্রাণাদীতি ॥ ৬৫ ॥

---

জ্ঞান আদ্যন্তমধ্যে কখনই ব্যভিচরিত হয় না, অতএব ইহাই যে অপরোক্ষ জ্ঞান, তাহা সিদ্ধ হইল। ৬১। ৬২।

'যাঁহা হইতে এই সমুদায় জগৎ উৎপন্ন হইয়াছে' ইত্যাদি লক্ষণ দ্বারা ভৃগুঋষি প্রথমতঃ পরব্রহ্ম পরোক্ষে জানিয়া পশ্চাৎ বিচার দ্বারা সাক্ষাৎ উল্লেখপূর্ব্বক অপরোক্ষরূপে জানিয়াছিলেন। ৬৩।

যদিও ভৃগুর পিতা ভৃগুকে পরোক্ষরূপে পরব্রহ্ম উপদেশ করিয়াছিলেন, 'তুমিই পরব্রহ্ম' এমন অপরোক্ষ জ্ঞানজনক উপদেশ করেন নাই, তথাপি অন্নপ্রাণাদি বিচার্য্য বিষয় উপদেশ করিয়াছিলেন, তাহাতেই ভৃগু অন্নপ্রাণাদি কোশের অনিত্যতা পুনঃপুনঃ বিচার করিয়া অপরোক্ষ স্বীয় আত্মাতে আনন্দ প্রাপ্ত হইয়া তাহাতেই পরব্রহ্মের স্বরূপলক্ষণের ঐক্য করিয়াছিলেন। ৬৪। ৬৫

সত্যং জ্ঞানমনন্তমিত্যেবং ব্রহ্মস্বলক্ষণম্ ।
উক্ত্বা গুহাহিতত্বেন কোশেষ্বেতৎ প্রদর্শিতম্ ॥ ৬৬ ॥
পারোক্ষ্যেণ বিবুধ্যেন্দ্রো য আত্মেত্যাদিলক্ষণাৎ ।
অপরোক্ষীকর্ত্তুমিচ্ছংশ্চতুর্ব্বারং গুরুং যযৌ ॥ ৬৭ ॥
আত্মা বা ইদমিত্যাদৌ পরোক্ষং ব্রহ্ম লক্ষিতম্ ।
অধ্যারোপাপবাদাভ্যাং প্রজ্ঞানং ব্রহ্ম দর্শিতম্ ॥ ৬৮ ॥

---

নন্ব্রহ্মলক্ষণস্যানন্দাত্মরূপে প্রতীচি যোজনং ন ঘটতে ব্রহ্মণস্তটস্থত্বেন প্রতীচো ভিন্নত্বাদিত্যাশঙ্ক্য ন ভেদঃ সত্যাদিলক্ষণস্য ব্রহ্মণঃ প্রত্যগ্রূপেণাবস্থানশ্রবণাদিত্যাহ—সত্যং জ্ঞানমিতি। 'সত্যং জ্ঞানমনন্তং ব্রহ্মে'ত্যেবং ব্রহ্মস্বলক্ষণং ব্রহ্মণঃ স্বরূপলক্ষণমভিধায় 'যো বেদ নিহিতং গুহায়াং পরমে ব্যোমন্নি'ত্যনেন বাক্যেন পঞ্চকোশগুহান্তঃস্থিতত্বেন তস্যৈব প্রত্যগ্রূপত্বমভিহিতমিত্যর্থঃ ॥ ৬৬ ॥

এবং তৈত্তিরীয়কশ্রুতিপর্য্যালোচনয়া ভৃগোঃ পরোক্ষজ্ঞানপূর্ব্বকং বিচারজন্যতং সাক্ষাৎকারস্য দর্শয়িত্বা ছান্দোগ্যশ্রুতিপর্য্যালোচনয়াপি তদ্দর্শয়তি—পারোক্ষ্যেণেতি। 'ইন্দ্রো 'য আত্মাপহতপাপ্মাজরো বিমৃত্যুর্বিশোক' ইত্যাদিবাক্যপ্রতিপাদিতেন লক্ষণেনাত্মানং পরোক্ষতয়াবগম্য বিচারাৎ শরীরত্রয়নিরাকরণেন তৎসাক্ষাৎকরণায় গুরুং ব্রহ্মাণং চতুর্ব্বারমুপসন্ন ইতি ছান্দোগ্যোপনিষদ্যষ্টমাধ্যায়ে শ্রূয়তে ॥ ৬৭ ॥

ইদানীমৈতরেয়কশ্রুতাবপি তদ্দর্শয়তি—আত্মেতি। 'আত্মা বা ইদমেক এবাগ্র আসীন্নান্যৎ কিঞ্চন মিষদি'ত্যনেন বাক্যেন ব্রহ্মণো লক্ষণমভিধায় 'স ঈক্ষত লোকান্নু সৃজা ইতী'ত্যুপক্রম্য 'তস্য ত্রয় আবসথাস্ত্রয়ঃ স্বপ্নাঃ অয়মাবসথোঽয়মাবসথোঽয়মাবসথ' ইত্যনেন পরমাত্মনি জগদধ্যারোপপ্রকারমভিধায় 'স জাতো ভূতান্যভিব্যৈক্ষত কিমিহান্যং বাবদিষদি'তি তস্যারোপিতস্যাপবাদমভিধায় 'স এতমেব পুরুষং ব্রহ্ম ততমপশ্যদিদমদর্শমিতী'তি প্রত্য-

---

'পরব্রহ্ম সৎস্বরূপ জ্ঞানস্বরূপ ও অনন্তস্বরূপ'—এই প্রকার স্বরূপলক্ষণ করিয়া তাঁহাকেই অন্নময়াদি কোষমধ্যে বুদ্ধিস্বরূপে নিরূপণ করিয়াছেন, সুতরাং স্বীয় আত্মাতে যে আনন্দ, তাঁহার সহিত উক্ত পরব্রহ্মের স্বরূপ-লক্ষণের ঐক্য করা সম্ভাবিত হইল। ৬৬।

'যিনি নিষ্পাপ ও সুখ-দুঃখ-রহিত নিত্য চৈতন্য, তিনিই পরব্রহ্ম' ইত্যাদি লক্ষণে ইন্দ্র পরোক্ষভাবে পরব্রহ্ম অবগত হইয়া অপরোক্ষে জানিবার নিমিত্ত ইচ্ছা করিয়া ক্রমাগত চারিবার গুরুর নিকট গমন করিয়াছিলেন। ৬৭।

সৃষ্টির পূর্ব্বে কেবল একমাত্র এই পরব্রহ্মই ছিলেন, এই লক্ষণ দ্বারা

অবান্তরেণ বাক্যেন পরোক্ষব্রহ্মধীর্ভবেৎ।
সর্ব্বত্রৈব মহাবাক্য-বিচারাত্ত্বপরোক্ষধীঃ ॥ ৬৯ ॥
ব্রহ্মাপারোক্ষ্যসিদ্ধ্যর্থং মহাবাক্যমিতীরিতম্।
বাক্যবৃত্তাবতো ব্রহ্মাপারোক্ষ্যে বিমতির্ন হি ॥ ৭০ ॥
আলম্বনতয়া ভাতি যোঽস্মৎপ্রত্যয়শব্দয়োঃ।
অন্তঃকরণসম্ভিন্ন-বোধঃ স ত্বম্পদাভিধঃ ॥ ৭১ ॥
মায়োপাধির্জগদ্যোনিঃ সর্ব্বজ্ঞত্বাদিলক্ষণঃ।
পারোক্ষ্যশবলঃ সত্যাদ্যাত্মকস্তৎপদাভিধঃ ॥ ৭২ ॥

---

পাত্মনো ব্রহ্মরূপত্বমভিহিতং পুনশ্চ 'পুরুষেহবেত্যাদিনা জ্ঞানসাধন-বৈরাগ্যজননায় গর্ভাবাসাদি-দোষং প্রদর্শ্য 'কোঽয়মাত্মেতি বয়মুপাস্মহে' ইত্যাদিনা বিচারেণ তত্ত্বম্পদার্থপরিশোধনপুরঃসরং 'প্রজ্ঞানং ব্রহ্মে'তি প্রজ্ঞানরূপস্যাত্মনো ব্রহ্মত্বং দর্শিতমিত্যর্থঃ ॥ ৬৮ ॥

উক্তন্যায়মিতরাসু শ্রুতিষ্বপ্যতিদিশতি—অবান্তরেণেতি। সর্ব্বত্র সর্ব্বাসু শ্রুতিষ্বিত্যর্থঃ ॥৬৯॥

ননু মহাবাক্যবিচারস্যাপরোক্ষজ্ঞানজনকত্বং স্বকপোলকল্পিতমিত্যাশঙ্ক্য বাক্যবৃত্তাবাচার্য্যৈস্তথা প্রতিপাদিতত্বান্মৈবমিত্যাহ—ব্রহ্মাপারোক্ষ্যেতি। অতো মহাবাক্যাৎ ব্রহ্মাপারোক্ষ্যজ্ঞানে বিপ্রতিপত্তির্নাস্তীত্যর্থঃ ॥ ৭০ ॥

বাক্যবৃত্তাবুপপাদনপ্রকারং দর্শয়তি—আলম্বনতয়েতি। যোঽন্তঃকরণসম্ভিন্নবোধোঽন্তঃকরণোপাধিকশ্চিদাত্মাস্মৎপ্রত্যয়শব্দয়োরহমিতি জ্ঞানস্যাহমিতি শব্দস্য চালম্বনতয়া বিষয়ত্বেন ভাতি স তথাবিধো বোধস্ত্বম্পদা ভবত্ত্বমিতি পদমভিধা বাচকং যস্য স ত্বম্পদাভিধঃ ত্বম্পদবাচ্য ইত্যর্থঃ ॥ ৭১ ॥

এবং ত্বম্পদবাচ্যার্থমভিধায় তৎপদবাচ্যার্থমাহ—মায়োপাধিরিতি। পারোক্ষ্যশবলঃ পরোক্ষত্বধর্মবিশিষ্ট ইত্যর্থঃ। এবং তটস্থলক্ষণম্ অভিধায় স্বরূপলক্ষণমাহ—সত্যাদ্যাত্মক ইতি।

---

পরব্রহ্ম পরোক্ষভাবে লক্ষিত হন, পশ্চাৎ অধ্যারোপ ও অপবাদ ন্যায় দ্বারা প্রজ্ঞানরূপ আত্মার ব্রহ্মস্বরূপত্ব প্রদর্শিত হইয়াছে। ৬৮।

অপরাপর বৈদিকবাক্য বিচার দ্বারা পরব্রহ্মের পরোক্ষ জ্ঞান হয়, আর সর্ব্বত্র মহাবাক্য বিচার দ্বারা অপরোক্ষ জ্ঞান হয়, ব্রহ্মবিষয়ে অপরোক্ষ জ্ঞান সিদ্ধির জন্যই মহাবাক্য, একথা বাক্যবৃত্তি নামক সন্দর্ভে (আচার্য্য) বলিয়াছেন, সুতরাং ব্রহ্ম বিষয়ে অপরোক্ষ জ্ঞানে শাস্ত্রীয় বিবাদ নাই। ৬৯। ৭০।

যে অন্তঃকরণোপাধিক জীবচৈতন্য অস্মৎ শব্দ ও অস্মৎপ্রত্যয়ের আলম্বনরূপে প্রতীত হন, তিনি মহাবাক্যস্থ 'ত্বং' পদের বাচ্য; আর সর্ব্বজ্ঞত্বাদি-

প্রত্যক্‌পরোক্ষতৈকস্য সদ্বিতীয়ত্বপূর্ণতা।
বিরুধ্যেত যতস্তস্মাল্লক্ষণা সম্প্রবর্ত্ততে ॥ ৭৩ ॥
তত্ত্বমস্যাদিবাক্যেষু লক্ষণা ভাগলক্ষণা।
সোঽয়মিত্যাদিবাক্যস্থ-পদয়োরিব নাপরা ॥ ৭৪ ॥
সংসর্গো বা বিশিষ্টো বা বাক্যার্থো নাত্র সম্মতঃ।
অখণ্ডৈকরসত্বেন বাক্যার্থো বিদুষাং মতঃ ॥ ৭৫ ॥

---

সত্যমাদি যেষাং জ্ঞানাদীনাং তে সত্যাদয়ঃ আত্মা স্বরূপং যস্য স তথাবিধঃ তৎপদাভিধঃ তৎ-পদমভিধা বাচকং যস্য স তৎপদাভিধঃ তৎপদবাচ্য ইত্যর্থঃ ॥ ৭২ ॥

এবং পদার্থাবভিধায় বাক্যার্থবোধনায় লক্ষণাবৃত্তিরাশ্রয়ণীয়েত্যাহ—প্রত্যগিতি। প্রত্যকৃত্ব-পরোক্ষত্বে সদ্বিতীয়ত্বেন সহিতা পূর্ণতেতি মধ্যমপদলোপী সমাসঃ, সদ্বিতীয়পূর্ণত্বে চৈকস্য বস্তুনো যতো বিরুধ্যেতে অতো লক্ষণাবৃত্তিরাশ্রয়ণীয়েত্যর্থঃ ॥ ৭৩ ॥

সা চ কীদৃশীত্যত আহ—তত্ত্বমস্যাদীতি। ভাগলক্ষণা ভাগত্যাগেন লক্ষণেত্যর্থঃ। তত্র দৃষ্টান্তঃ—সোঽয়মিতি। সোঽয়ং দেবদত্ত ইতি বাক্যস্থয়োঃ সোঽয়মিতি পদয়োর্যথা জহদজহল্লক্ষণাবৃত্তিরাশ্রিতা নাপরা ন জহল্লক্ষণা নাপ্যজহল্লক্ষণা তদ্বদত্রাপীত্যর্থঃ ॥ ৭৪ ॥

ননু গামানয়েত্যাদিবাক্যেষু লক্ষণাবৃত্ত্যা বিনাপি বাক্যার্থবোধো দৃশ্যতে তদ্বদত্রাপি কিং ন স্যাদিত্যত আহ—সংসর্গ ইতি। যথা লোকে গামানয়েত্যাদৌ পদৈঃ স্মারিতানামাকাঙ্ক্ষা-সান্নিধ্যাদিমতাং গবাদিপদার্থানামন্বয়ো বাক্যার্থত্বেন স্বীকৃতঃ, যথা বা নীলং মহৎ সুগন্ধ্যুৎপলম্‌ ইত্যাদৌ নীলত্বাদিবিশিষ্টস্যোৎপলস্য বাক্যার্থত্বং স্বীকৃতম্‌, নৈবমত্র মহাবাক্যেষু সংসর্গবিশিষ্ট-

---

লক্ষণ, জগতের কারণ, পরোক্ষত্ব-ধর্ম্মবিশিষ্ট, সত্যাদিস্বরূপ মায়োপাধিক ব্রহ্ম মহাবাক্যস্থ তৎপদের বাচ্য। ৭১। ৭২।

পরোক্ষত্ব ও অপরোক্ষত্ব, সদ্বিতীয়ত্ব ও পূর্ণত্ব এই সকল বিরুদ্ধ ধর্ম্মের সত্তা এক বস্তুতে থাকিতে পারে না, অতএব তাহাতে লক্ষণা স্বীকার করা যায়। যেমন 'সোঽয়ং দেবদত্ত' অর্থাৎ "সেই এই দেবদত্ত' এই বাক্যে বিরুদ্ধ অংশের পরিত্যাগরূপ ভাগলক্ষণা স্বীকার করা যায়, তদ্রূপ "তৎ ত্বমসি" অর্থাৎ 'তুমিই পরমাত্মা" এই মহাবাক্যে বিরুদ্ধ উপাধি-অংশ পরিত্যাগরূপ ভাগ-লক্ষণা অঙ্গীকার করিতে হয়। ৭৩। ৭৪।

উক্ত মহাবাক্যে সংসর্গ বা বিশিষ্টরূপ বাক্যার্থ সম্ভব হয় না, অতএব অখ-ণ্ডৈকরসরূপ বাক্যার্থই পণ্ডিতেরা স্বীকার করিয়াছেন, যথা—প্রতি প্রাণীতে

প্রত্যগ্‌বোধো য আভাতি সোঽদ্বয়ানন্দলক্ষণঃ।
অদ্বয়ানন্দরূপশ্চ প্রত্যগ্‌বোধৈকলক্ষণঃ॥ ৭৬॥
ইত্থমন্যোন্যতাদাত্ম্য-প্রতিপত্তির্যদা ভবেৎ।
অব্রহ্মত্বং ত্বমর্থস্য ব্যাবর্ত্তেত তদৈব হি॥ ৭৭॥
তদর্থস্য চ পারোক্ষ্যং যদ্যেবং কিং ততঃ শৃণু।
পূর্ণানন্দৈকরূপেণ প্রত্যগ্‌বোধোঽবশিষ্যতে *॥ ৭৮॥
এবং সতি মহাবাক্যাৎ পরোক্ষজ্ঞানমীর্য্যতে।

---

য়োরন্যতরস্য বাক্যার্থত্বমভ্যুপগম্যতে কিন্তু অখণ্ডৈকরসত্বেন স্বগতাদিভেদশূন্যবস্তুমাত্ররূপে· বাক্যার্থো বিদ্বদ্ভিরভ্যুপেয়তে, অতো লক্ষণাশ্রয়ণীয়েত্যর্থঃ॥ ৭৫॥

অখণ্ডৈকরসং বাক্যার্থং দর্শয়তি—প্রত্যগ্‌বোধো য ইতি। যঃ প্রত্যগ্‌বোধঃ সর্ব্বান্তর-শ্চিদাত্মা আভাতি বুদ্ধ্যাদিসাক্ষিত্বেন স্ফুরতি সোঽদ্বয়ানন্দলক্ষণোঽদ্বিতীয় আনন্দরূপ· পরমাত্মেত্যর্থঃ। অদ্বয়ানন্দরূপশ্চ তথাবিধঃ পরমাত্মা প্রত্যগ্‌বোধৈকলক্ষণশ্চিদেকরূপ· প্রত্যগাত্মৈবেত্যর্থঃ॥ ৭৬॥

এবমখণ্ডার্থবোধেন কিং স্যাদিত্যত আহ—ইত্থমিতি॥ ৭৭॥

ত্বমর্থস্য প্রত্যগাত্মনোঽব্রহ্মত্বং ভ্রান্তিসিদ্ধাব্রহ্মরূপতা তদর্থস্য ব্রহ্মণশ্চ পারোক্ষ্যং পরোক্ষজ্ঞানৈকবিষয়ত্বঞ্চ নিবর্ত্ততে, ততোঽপি কিমিতি পৃচ্ছতি,—যদ্যেবমিতি। উত্তরমাহ—শৃণ্বিতি॥ ৭৮॥

নন্বু 'সময়বলেন সম্যক্ পরোক্ষানুভবসাধনমাগম' ইত্যাগমলক্ষণমতো বাক্যস্যাপরোক্ষ

---

অবস্থিত যে জীবচৈতন্য, তিনিই অদ্বয়ানন্দস্বরূপ পরব্রহ্ম; অদ্বয়ানন্দস্বরূপ যে পরব্রহ্ম, তিনিই জীব-চৈতন্য, এইরূপ যে ঐক্য, তাহাই অখণ্ডৈকরস। ৭৫।

যখন পূর্ব্বোক্ত প্রকার জীব-চৈতন্য ও পরব্রহ্মচৈতন্য উভয়ে ঐক্য প্রতীতি হয়, তখন ত্বম্পদার্থ জীবের অব্রহ্মত্ব এবং ব্রহ্মচৈতন্যের পরোক্ষত্ব এ উভয়ই নিবারিত হয়; এইরূপ হইলে, এক মাত্র অখণ্ড চৈতন্য পূর্ণানন্দস্বরূপ জ্ঞান-স্বরূপে অবস্থিতি করেন। ৭৬। ৭৭।

পূর্ব্বোক্ত সিদ্ধান্ত দ্বারা সিদ্ধ হইল যে, মহাবাক্য বিচার দ্বারা পরব্রহ্মের অপরোক্ষ জ্ঞান হয়, কিন্তু ইহাতেও যে ব্যক্তি বলে যে, মহাবাক্য দ্বারা অপ-

---

* ঽবতিষ্ঠতে ইতি মুম্বয়ীমুদ্রিতপুস্তকপাঠঃ।

যৈস্তেষাং শাস্ত্রসিদ্ধান্তবিজ্ঞানং শোভতেতরাম্ ॥ ৭৯ ॥

আস্তাং শাস্ত্রস্য সিদ্ধান্তো যুক্ত্যা বাক্যাৎ পরোক্ষধীঃ।

স্বর্গাদিবাক্যবন্নৈবং দশমে ব্যভিচারতঃ ॥ ৮০ ॥

স্বতোঽপরোক্ষজীবস্য ব্রহ্মত্বমভিবাঞ্ছতঃ।

নশ্যেৎ সিদ্ধাপরোক্ষত্বমিতি যুক্তির্মহত্যহো ॥ ৮১ ॥

বৃদ্ধিমিষ্টবতো মূলমপি নষ্টমিতীরিতম্।

লৌকিকং বচনং সার্থং সম্পন্নং ত্বৎপ্রসাদতঃ ॥ ৮২ ॥

---

জ্ঞানজনকত্বং কথমুচ্যত ইত্যাশঙ্ক্য সিদ্ধান্তপরিজ্ঞানশূন্যোঽয়মিতি মনসি নিধায়োপহসতি—এবং কতীতি। এবং বদন্তঃ সিদ্ধান্তরহস্যং নৈব জানন্তীত্যর্থঃ ॥ ৭৯ ॥

নমু সিদ্ধান্তস্তাবৎ তিষ্ঠতু, বাক্যস্য পরোক্ষজ্ঞানজনকত্বমনুমানসিদ্ধমিতি শঙ্কতে—আস্তামিতি। বিমতং বাক্যং পরোক্ষজ্ঞানজনকং ভবিতুমর্হতি বাক্যত্বাৎ স্বর্গাদিপ্রতিপাদকবাক্যবৎ ইত্যনুমানেন পরোক্ষজ্ঞানজনকত্বং সিদ্ধমিত্যর্থঃ। অনৈকান্তিকোঽয়ং হেতুরিতি পরিহরতি—নৈবমিতি। দশমস্ত্বমসীতি বাক্যে বাক্যত্বে সমানে * সত্যপরোক্ষজ্ঞানজনকত্বস্যোপলম্ভাদিতি ভাবঃ ॥ ৮০ ॥

কিঞ্চ ত্বম্পদার্থস্য জীবস্যাপরোক্ষত্বাভাবপ্রসঙ্গাদপি ন মহাবাক্যং পরোক্ষজ্ঞানজনকমিত্যঙ্গীকার্য্যমিত্যাহ—স্বত ইতি ॥ ৮১ ॥

ইষ্টাপত্তিরিত্যাশঙ্ক্যাহ,—বৃদ্ধিমিতি ॥ ৮২ ॥

---

রোক্ষ জ্ঞানই হয়, তাহার শাস্ত্রসিদ্ধান্ত-জ্ঞান অতিশয় উজ্জ্বল। শাস্ত্রের সিদ্ধান্ত যাহা হউক, স্বর্গাদি-প্রতিপাদক বাক্যের ন্যায় মহাবাক্য দ্বারা পরোক্ষ জ্ঞানই সম্ভব হয়, ইহাই যুক্তিগম্য ;—এ কথা বলিও না, যেহেতু দশমপুরুষ-বাক্যে তাহার ব্যভিচার আছে, সুতরাং বাক্যজন্য জ্ঞান যে সর্ব্বত্রই পরোক্ষ হইবে, এ যুক্তি সঙ্গত হয় না। ৭৮—৮০।

যদি মহাবাক্যের দ্বারা পরোক্ষজ্ঞান স্বীকার কর, তবে, স্বভাবতঃ অপরোক্ষস্বরূপ জীবের ব্রহ্মত্ব প্রতিপাদনে প্রবৃত্ত হওয়ায়, তোমার পক্ষে জীবের স্বতঃসিদ্ধ অপরোক্ষত্ব বিনষ্ট হয়, আহা! ইহা তোমার কি মহৎ যুক্তি। আর বৃদ্ধির লোভে মূল ধন পর্য্যন্ত নষ্ট হয়। এই অলৌকিক বাক্য অদ্য তোমার প্রসাদে সার্থক হইল, অতএব মহাবাক্য দ্বারা যে পরোক্ষ জ্ঞান হয়, ইহা কখনও স্বীকার করিও না। ৮১। ৮২।

---

* মৃন্ময়ীমুদ্রিতপুস্তকে 'সমানে' ইতি পদং নাস্তি।

অন্তঃকরণসম্ভিন্নবোধো জীবোঽপরোক্ষতাম্।
অর্হত্যুপাধিসদ্ভাবান্ন তু ব্রহ্মানুপাধিতঃ ॥ ৮৩ ॥
নৈবং ব্রহ্মত্ববোধস্য সোপাধিবিষয়ত্বতঃ।
যাবদ্বিদেহকৈবল্যমুপাধেরনিবারণাৎ ॥ ৮৪ ॥
অন্তঃকরণসাহিত্যরাহিত্যাভ্যাং বিশিষ্যতে।
উপাধির্জীবভাবস্য ব্রহ্মতায়াশ্চ নান্যথা ॥ ৮৫ ॥
যথা বিধিরুপাধিঃ স্যাৎ প্রতিষেধস্তথা ন কিম্।

---

নন্ সোপাধিকত্বাৎ জীবস্যাপরোক্ষত্বং যুক্তং ব্রহ্মণস্তু নিরুপাধিকস্য তন্ন যুজ্যতে ইতি শঙ্কতে,—অন্তঃকরণেতি ॥ ৮৩ ॥

ব্রহ্মণো নিরুপাধিকত্বমসিদ্ধমিতি পরিহরাত,—নৈবমিতি। জীবস্য ব্রহ্মস্বরূপত্বাজ্ঞানং যদস্তি তস্য সোপাধিকবস্তুবিষয়ত্বাৎ তদ্বিষয়স্য ব্রহ্মণোঽপি সোপাধিকত্বং জ্ঞানস্য সোপাধিক-বিষয়ত্বঞ্চ জ্ঞেয়স্য সোপাধিকত্বমন্তরেণ ন ঘটত ইতি ভাবঃ। তদেব কুত ইত্যত আহ—যাবদিতি ॥ ৮৪ ॥

নন্ তর্হি জীবব্রহ্মণোর্বিলক্ষণমুপাধিদ্বয়ং বক্তব্যমিত্যাশঙ্ক্যাহ,— অন্তঃকরণেতি। জীব ভাবব্রহ্মভাবযোরন্তঃকরণসাহিত্যরাহিত্যে এবোপাধী ইত্যর্থঃ ॥ ৮৫ ॥

নন্বন্তঃকরণসম্বন্ধস্য ভাবরূপত্বাদুপাধিত্বমস্তু নাভাবরূপস্য তদ্রাহিত্যস্য তদুচিতমিত্যাশঙ্ক্য 'যাবৎ কার্য্যমবস্থায়ি ভেদহেতোরুপাধিত' ইত্যুক্তোপাধিলক্ষণস্য সাহিত্যরাহিত্যয়োরুভয়োরপি সত্ত্বাদুচিতমেবোপাধিত্বমিত্যভিপ্রায়েণ পরিহরতি—যথেতি। বিধির্ভাবরূপোঽন্তঃকরণ-সম্বন্ধো যথোপাধিঃ স্যাৎ তথা প্রতিষেধোঽভাবরূপোঽন্তঃকরণবিয়োগ উপাধিঃ কিং ন স্যাৎ

---

যদি বল, জীবচৈতন্য অন্তঃকরণে উপাধিবিশিষ্ট প্রযুক্ত অপরোক্ষের যোগ্য হন বটে, কিন্তু উপাধিরহিত পরব্রহ্ম কি প্রকারে অপরোক্ষ হইবেন? ইহা প্রশ্নযোগ্য নহে, যেহেতু সোপাধি ব্যতিরেকে ব্রহ্মত্ব বোধই হয় না, আর যাবৎকাল পর্য্যন্ত বিদেহকৈবল্য না হয়, তাবৎ পর্য্যন্ত উপাধি নিবারণ করা কাহারও সাধ্য নহে। ৮৩।৮৪।

অন্তঃকরণ-সাহিত্য অর্থাৎ অন্তঃকরণ-বিধানরূপ জীবে উপাধি এবং অন্তঃকরণ-রাহিত্য অর্থাৎ অন্তঃকরণ-নিষেধরূপ পরব্রহ্মের উপাধি; জীব ও ব্রহ্মের উপাধিগত এই মাত্র ভেদ বিধান। ৮৫।

যে প্রকারে উপাধি হয়, প্রতিষেধ তদ্রূপ উপাধি কেন না হইবে?

স্ববর্ণলৌহভেদেন শৃঙ্খলত্বং ন ভিদ্যতে ॥ ৮৬ ॥
অতদ্ব্যাবৃত্তিরূপেণ সাক্ষাদ্বিধিমুখেন চ ।
বেদান্তানাং প্রবৃত্তিঃ স্যাৎ দ্বিধেত্যাচার্য্যভাষিতম্ ॥ ৮৭ ॥
অহমর্থপরিত্যাগাদহং ব্রহ্মেতি ধীঃ কুতঃ
নৈবমংশস্য হি ত্যাগো ভাগলক্ষণয়োদিতঃ ॥ ৮৮ ॥
অন্তঃকরণসন্ত্যাগাদবশিষ্টে চিদাত্মনি ।
অহং ব্রহ্মেতি বাক্যেন ব্রহ্মত্বং সাক্ষিণীক্ষ্যতে ॥ ৮৯ ॥

কিন্তু স্যাদেব ইত্যর্থঃ। তথাপি ভাবাভাবরূপত্বলক্ষণমবান্তরবৈলক্ষণ্যং দৃশ্যতে এবেত্যাশঙ্ক্য তস্যাকিঞ্চিৎকরত্বেনানাদরণীয়ত্বমিত্যভিপ্রেত্য দৃষ্টান্তমাহ—স্ববর্ণেতি। পুরুষপ্রচারনিরোধকত্বাংশে অনুপযুক্তং সুবর্ণত্বলোহত্বাদিকং বৈলক্ষণ্যং যদ্বদনাদরণীয়ং তদ্বদিত্যর্থঃ ॥ ৮৬ ॥

বিধেরিব নিষেধস্যাপি ব্রহ্মবোধোপায়ত্বেন ব্রহ্মোপাধিত্বং দ্রঢ়য়িতুং বিধিনিষেধয়োরপি ব্রহ্মবোধোপায়ত্বমাচার্য্যৈর্নিরূপিতমিতি দর্শয়তি—অতদিতি। তচ্ছব্দেন ব্রহ্মাভিধীয়তে অতচ্ছব্দেন তদতিরিক্তমজ্ঞানাদি, নেতি নেতীত্যাদিব্যাবৃত্তির্নিরসনং ন তৎ অতৎ তস্য প্রপঞ্চস্য ব্যাবৃত্তির্নিরসনং তদেব রূপমুপায়স্তেন সাক্ষাৎ বিধিমুখেন চ বিধির্বিধানং সাক্ষাৎ বাচকশব্দপ্রয়োগঃ 'সত্যং জ্ঞানমনন্তমি'ত্যেবমাদিরূপস্তেন চ বিধিমুখেন তদ্দ্বারেণাপীত্যর্থঃ; বেদান্তানামুপনিষদাং প্রবৃত্তিঃ প্রবর্ত্তনং প্রতিপাদনং ব্রহ্মণীতি শেষঃ ॥ ৮৭ ॥

নন্বু বেদান্তানাম্ অতদ্ব্যাবৃত্ত্যা ব্রহ্মবোধত্বাঙ্গীকারেঽহংশব্দার্থস্য কূটস্থস্যাপি ত্যাগপ্রসঙ্গাদহং ব্রহ্মাস্মীতি সামানাধিকরণ্যেন জ্ঞানং নোদেতুমর্হতীতি শঙ্কতে—অহমর্থেতি। অহংশব্দার্থস্য সর্ব্বস্যাত্যক্তত্বান্নৈবমিতি পরিহরতি,—নৈবমিতি। হি যস্মাৎ কারণাৎ ভাগলক্ষণয়া জহদজহল্লক্ষণয়া অংশস্যাহংশব্দার্থৈকদেশস্য জড়াংশস্য ত্যাগ ঈরিতঃ ন তু কূটস্থস্য অতোঽহং ব্রহ্মাস্মীতি জ্ঞানমুপপদ্যত ইত্যর্থঃ ॥ ৮৮ ॥

অংশত্যাগেন বোধনপ্রকারম্ অভিনীয় দর্শয়তি—অন্তঃকরণেতি ॥ ৮৯ ॥

---

যেহেতু পদদ্বয়ে লৌহের শৃঙ্খল থাকুক আর সুবর্ণেরই শৃঙ্খল থাকুক, শৃঙ্খলত্বের অন্যথা হয় না। ৮৬।

অন্য পদার্থের প্রতিষেধ এবং প্রতিপাদ্য বস্তুর সাক্ষাৎ বিধান এই উভয় প্রকারে বেদান্ত সকলের ব্রহ্মপ্রতিপাদনে প্রবৃত্তি হয়, আচার্য্য বেদান্তের এইরূপ দুই প্রকার প্রবৃত্তি নিরূপণ করিয়াছেন। ৮৭।

যদি বল, ভাগ ত্যাগ লক্ষণাতে অহং শব্দার্থ পরিত্যাগ করিলে 'অহং ব্রহ্ম' এই প্রকার জ্ঞান কিরূপে সম্ভব হয়? এরূপ শঙ্কা করিও না, যে হেতু এ স্থলে ভাগ লক্ষণাতে এরূপ অংশ-ত্যাগ অভিপ্রেত নহে; এ

স্বপ্রকাশোঽপি সাক্ষ্যেব ধীবৃত্ত্যা ব্যাপ্যতেঽন্যবং।
ফলব্যাপ্যত্বমেবাস্য শাস্ত্রকৃদ্ভির্নিবারিতম্ ॥ ৯০ ॥
বুদ্ধিতৎস্থচিদাভাসৌ দ্বাবপি ব্যাপ্নুতো ঘটম্।
তত্রাজ্ঞানং ধিয়া নশ্যেদাভাসেন ঘটঃ স্ফুরেৎ ॥ ৯১ ॥
ব্রহ্মণ্যজ্ঞাননাশায় বৃত্তিব্যাপ্তিরপেক্ষিতা।
স্বয়ং স্ফুরণরূপত্বান্নাভাস উপযুজ্যতে ॥ ৯২ ॥

---

ননু কেবলস্য প্রত্যগাত্মনঃ স্বপ্রকাশত্বাদ্ বুদ্ধিবৃত্তিবিষয়ত্বং ন ঘটতে ইত্যাশঙ্ক্যাহ স্বপ্রকাশোঽপীতি। অন্যবং ঘটাদিবদিত্যর্থঃ। স্বপ্রকাশোঽহমিত্যেবংবুদ্ধিবৃত্তিসম্ভবাদিতি ভাবঃ। ...পসিদ্ধান্তাপাত ইত্যাশঙ্ক্য পূর্ব্বাচার্য্যৈরপি বৃত্তিব্যাপ্যত্বস্যাঙ্গীকৃতত্বান্নায়মপসিদ্ধান্ত ইতি পরিহরতি,—ফলব্যাপ্যত্বমিতি। ফলং বৃত্তিপ্রতিবিম্বিতচিদাভাসস্তদ্ব্যাপ্যত্বমেবাস্য প্রত্যগাত্মনো নিরাকৃতং স্বস্যৈব স্ফুরণরূপত্বাদিতি ভাবঃ ॥ ৯০ ॥

আত্মনি ফলব্যাপ্যত্বাভাবং দর্শয়িতুমনাত্মনো বৃত্ত্যা ফলেন চ ব্যাপ্যত্বং দর্শয়তি—বুদ্ধীতি। উভয়ব্যাপ্তেঃ প্রয়োজনমাহ—তত্রেতি। তত্র তয়োঃ বুদ্ধিচিদাভাসয়োর্মধ্যে ধিয়া বুদ্ধিবৃত্ত্যা প্রমাণভূতয়া অজ্ঞানং নশ্যতি জ্ঞানাজ্ঞানয়োর্বিরোধাৎ। আভাসেন চিদাভাসেন ঘটঃ স্ফুরেৎ জড়ত্বেন স্বত স্ফুরণাযোগাদিতি ভাবঃ ॥ ৯১ ॥

ইদানীমাত্মনি ততো বৈলক্ষণ্যং দর্শয়তি—ব্রহ্মণীতি। প্রত্যগ্ব্রহ্মণোরেকত্বস্যাজ্ঞানেনাবৃতত্বাং তস্যাজ্ঞানস্য নি... ত্বয়াহং ব্রহ্মাস্মীত্যেবমাকারয়া ধীবৃত্ত্যা ব্যাপ্তিরপেক্ষ্যতে স্বস্যৈব স্ফুরণরূপত্বাৎ তৎস্ফুরণায় চিদাভাসো নাপেক্ষ্যতেঽতো যুজ্যমানোঽপি চিদাভাসো নোপযুজ্যত ইত্যর্থঃ ॥ ৯২ ॥

---

স্থলে অন্তঃকরণরূপ উপাধি অংশ পরিত্যাগ করিয়া অবশিষ্ট চৈতন্যে 'অহং ব্রহ্ম' এই বাক্য প্রয়োগ দ্বারা পরব্রহ্মচৈতন্য লক্ষিত হন। ৮৮।৮৯।

পরব্রহ্মচৈতন্য স্বয়ংপ্রকাশ হইলেও অন্য বস্তুর ন্যায় বুদ্ধিবৃত্তির ব্যাপ্য হন, কিন্তু তিনি কখনই জীবচৈতন্যের ব্যাপ্য হন না, ইহা পূর্ব্ব পূর্ব্ব আচার্য্যেরা নিরূপণ করিয়াছেন। যেমন বুদ্ধিবৃত্তি ও তৎস্থ চৈতন্যরূপ জীব, উভয়ে ঘটাদি বিষয়কে প্রাপ্ত হয়, পরে বুদ্ধিবৃত্তি দ্বারা বিষয়ের অজ্ঞান নষ্ট হয়, এবং জীবচৈতন্য তাহাকে প্রকাশ করে, তদ্রূপ পরব্রহ্মচৈতন্য বুদ্ধিবৃত্তির ব্যাপ্য হইলে তদ্গত অজ্ঞান নষ্ট হয় বটে, কিন্তু জীবচৈতন্য তাহাকে প্রকাশ করিতে সমর্থ হন না। যে হেতু তিনি স্বয়ংপ্রকাশ। ৯০।৯১।

পরব্রহ্মবিষয়ক অজ্ঞান নাশের নিমিত্ত তাঁহাতেই বুদ্ধিবৃত্তির ব্যাপ্তি স্বীকার করা যায়, আর তিনি স্বয়ংপ্রকাশস্বরূপ, এই জন্য তাঁহাতে জীবচৈত-

চক্ষুর্দীপাবপেক্ষ্যেতে ঘটাদের্দর্শনে যথা।
ন দীপদর্শনে কিন্তু চক্ষুরেকমপেক্ষ্যতে ॥ ৯৩ ॥
স্থিতোঽপ্যসৌ চিদাভাসো ব্রহ্মণ্যেকীভবেৎ পরম্।
ন তু ব্রহ্মণ্যতিশয়ং ফলং কুর্য্যাদ্ ঘটাদিবৎ ॥ ৯৪ ॥
অপ্রমেয়মনাদিঞ্চেত্যত্র শ্রুত্যেদমীরিতম্।
মনসৈবেদমাপ্তব্যমিতি ধীব্যাপ্যতা শ্রুতা ॥ ৯৫ ॥

---

উক্তমর্থং দৃষ্টান্তপ্রদর্শনেন বিশদয়তি—চক্ষুরিতি। অন্ধকারাবৃতঘটাদিদর্শনে চক্ষুর্দীপাবুভাবপ্যপেক্ষ্যেতে দীপদর্শনে ন তু তথা কিন্ত্বেকং চক্ষুরেবাপেক্ষ্যতে যথা তথা ব্রহ্মণ্যজ্ঞাননাশায়েতি পূর্ব্বেণ সম্বন্ধঃ ॥ ৯৩ ॥

নন্থ বুদ্ধিতদ্‌বৃত্তীনাং চিদাভাসবৈশিষ্টস্বাভাব্যাৎ ঘটাদিষিব ব্রহ্মণ্যপি ফলব্যাপ্তির্ব্বলাদ্‌ভবেদিত্যাশঙ্ক্যাহ—স্থিতোঽপীতি। যদ্যপি ঘটাদ্যাকারবৃত্তিবং ব্রহ্মগোচরবৃত্তাবপি চিদাভাসোঽস্তি তথাপি নাসৌ ব্রহ্মণো ভেদেন ভাসতে কিন্তু প্রচণ্ডাতপমধ্যবর্ত্তিপ্রদীপপ্রভাবৎ তেন একীভূত ইব ভবতি অতো ন স্ফুরণলক্ষণাতিশয়জনকো ব্রহ্মণীত্যর্থঃ ॥ ৯৪ ॥

নন্থ ব্রহ্মণি ফলব্যাপ্তির্নাস্তি বৃত্তিব্যাপ্তিস্তু বিদ্যত ইত্যুক্তং তত্র কিং প্রমাণমিত্যাশঙ্ক্যাগমঃ প্রমাণমিত্যাহ—অপ্রমেয়মিতি। 'নির্ব্বিকল্পমনন্তঞ্চ হেতুদৃষ্টান্তবর্জ্জিতম্। অপ্রমেয়মনাদিঞ্চ যজ্‌জ্ঞাত্বা মুচ্যতে বুধ' ইত্যত্রাস্মিন্ মন্ত্রে শ্রুত্যামৃতবিন্দূপনিষদা অপ্রমেয়শব্দেনেদং ফলব্যাপ্তিরাহিত্যমুক্তম্। 'মনসৈবেদমাপ্তব্যং নেহ নানাস্তি কিঞ্চনে'তি কঠবল্ল্যাং ধীব্যাপ্যতা শ্রুতা বৃত্তিব্যাপ্যত্বং শ্রুতমিত্যর্থঃ ॥ ৯৫ ॥

---

ন্যের প্রকাশ সম্ভব হয় না। যেমন ঘটাদি দর্শনে চক্ষু ও দীপ উভয়ের সাহায্য আবশ্যক, কিন্তু দীপ দর্শনে আর দীপান্তর আবশ্যক হয় না, কেবল চক্ষু মাত্রই অপেক্ষিত হয়, তদ্রূপ পরব্রহ্মবিষয়ক অজ্ঞাননাশের নিমিত্ত বুদ্ধিবৃত্তি অপেক্ষিত হয়, কিন্তু তাঁহার স্বপ্রকাশ স্বরূপ দর্শনের নিমিত্ত আর জীবচৈতন্যের প্রকাশ অপেক্ষা করে না। ৯২।৯৩।

প্রতিশরীরে অবস্থিত এই জীবচৈতন্য জ্ঞানের উত্তর কালে কেবল পরব্রহ্মের সহিত একীভূত হন, কিন্তু ঘটাদি বিষয় প্রকাশের ন্যায় ব্রহ্মে স্ফুরণরূপ কোন অতিশয় ফল উৎপন্ন করিতে সমর্থ হন না। ৯৪।

ব্রহ্মে ফলব্যাপ্তি নাই, কিন্তু বৃত্তিব্যাপ্তি আছে, এ বিষয়ে "অপ্রমেয়ম্" ইত্যাদি এবং 'মনসৈবেদম্' ইত্যাদি শ্রুতিতে উক্ত হইয়াছে যে, সেই অনাদি পরব্রহ্ম প্রমাণ চৈতন্যের ব্যাপ্য নহেন, তিনি অবিকৃত, কিন্তু তিনি বুদ্ধিবৃত্তির ব্যাপ্য হন। ৯৫।

আত্মানঞ্চেদ্বিজানীয়াদয়মস্মীতি বাক্যতঃ।
ব্রহ্মাত্মব্যক্তিমুল্লিখ্য যো বোধঃ সোঽভিধীয়তে ॥ ৯৬ ॥
অস্তু বোধোঽপরোক্ষোঽত্র মহাবাক্যাৎ তথাপ্যসৌ।
ন দৃঢ়ঃ শ্রবণাদীনামাচার্য্যৈঃ পুনরীরণাৎ ॥ ৯৭ ॥
অহং ব্রহ্মেতি বাক্যার্থবোধো যাবদ্দৃঢ়ীভবেৎ।
শমাদিসহিতস্তাবদভ্যসেচ্ছ্রবণাদিকম্ ॥ ৯৮ ॥
বাঢ়ং সন্তি হ্যদার্ঢ্যস্য হেতবঃ শ্রুত্যনেকতা।

---

আত্মানঞ্চেদ্ বিজানীয়াদিতি মন্ত্রোঽপরোক্ষজ্ঞানশোকনিবৃত্ত্যাখ্যং জীবগতমবস্থাদ্বয়মভিধীয়ত ইত্যুক্তমপরোক্ষজ্ঞানশোকনিবৃত্ত্যাখ্যে উভে ইমে অবস্থে জীবনে ব্রূতে—আত্মানঞ্চেদিতি শ্রুতিরিত্যনেন শ্লোকেন। তত্র কিয়তাংশেনাপরোক্ষজ্ঞানমুচ্যতে ইত্যাকাঙ্ক্ষায়ামাহ—আত্মানঞ্চেদিতি। ব্রহ্মাত্মব্যক্তিং সত্যাদিলক্ষণব্রহ্মাভিন্নপ্রত্যগাত্মস্বরূপমুল্লিখ্য বিষয়ীকৃত্য যো বোধো জায়তে ব্রহ্মাহমস্মীতি সোঽভিধীয়তে অনেন বাক্যেনেত্যর্থঃ ॥ ৯৬ ॥

নন্থ তর্হি পূর্ব্বোক্তরীত্যা সকৃদ্বাক্যবিচারাদেবাপরোক্ষস্য নিসিদ্ধেঃ 'আবৃত্তিরসকৃদুপদেশা'দিত্যাদৌ বিহিতং শ্রবণাদ্যাবর্ত্তনমননুষ্ঠেয়ং স্যাদিত্যাশঙ্ক্য জ্ঞানদার্ঢ্যায় তদাবর্ত্তনানুষ্ঠানস্যাচার্য্যৈরভিহিতত্বাদনুষ্ঠেয়মেবেত্যাহ,—অস্ত্বিতি। অত্র ব্রহ্মাত্মনি বিষয়ে মহাবাক্যাৎ সকৃৎশ্রুতাদ্বিচারসহিতাদপরোক্ষবোধোঽস্তু ভবত্বেবং তথাপি নাসৌ দৃঢ়োঽতঃ শ্রবণাদ্যাবর্ত্তনীয়ং, শ্রীমচ্ছঙ্করাচার্য্যৈঃ পুনর্ব্বাক্যার্থজ্ঞানোৎপত্ত্যনন্তরমপি শ্রবণাদ্যাবর্ত্তনাভিধানাদিত্যর্থঃ। জ্ঞানদার্ঢ্যায় ইতি অর্থাল্লভ্যতে ॥ ৯৭ ॥

আচার্য্যৈঃ কেন বাক্যেনাভিহিতমিত্যাশঙ্ক্য তদ্বাক্যং পঠতি,—অহমিতি ॥ ৯৮ ॥

নন্থ বাক্যপ্রমাণজনিতস্য জ্ঞানস্যাদার্ঢ্যং কুত ইত্যাশঙ্ক্যাহ,—বাঢ়মিতি। হি যস্মাৎ

---

(এই তৃপ্তিদীপের প্রথমে উক্ত "আত্মানঞ্চেদ্ বিজানীয়াদয়মস্মি"—অর্থাৎ পরমাত্মাকে যদি 'এই আমি' বলিয়া জানে—এই শ্রুতিবাক্য দ্বারা জীব ও ব্রহ্মের অভেদ বিষয়ক অপরোক্ষ জ্ঞানই প্রতিপাদ্য। ৯৬।

যদিও উক্ত বিষয়ে মহাবাক্য দ্বারা অপরোক্ষ জ্ঞান হয় বটে, তথাপি সেই জ্ঞান দৃঢ় নহে; কেননা, বাক্যার্থ জ্ঞানের পরও শ্রবণ, মনন ও নিদিধ্যাসন অনুষ্ঠান করা কর্ত্তব্য, ইহা আচার্য্যেরা নির্ণয় করিয়াছেন। ৯৭।

"যাবৎ পর্য্যন্ত 'আমিই' পরব্রহ্ম' এইরূপ বাক্যার্থজ্ঞান দৃঢ়তর না হইবে, তাবৎ পর্য্যন্ত মুমুক্ষু ব্যক্তি শমাদি-সাধনসম্পন্ন হইয়া শ্রবণ-মনন ও নিদিধ্যাসন অনুষ্ঠান করিবে।" ৯৮।

অসম্ভাব্যত্বমর্থস্য বিপরীতা চ ভাবনা ॥ ৯৯ ॥
শাখাভেদাৎ কামভেদাৎ শ্রুতং কর্ম্মান্যথান্যথা ।
এবমত্রাপি মাশঙ্কীত্যতঃ শ্রবণমাচরেৎ ॥ ১০০ ॥
বেদান্তানামশেষাণামাদিমধ্যাবসানতঃ ।
ব্রহ্মাত্মন্যেব তাৎপর্য্যমিতিধীঃ শ্রবণং ভবেৎ ॥ ১০১ ॥
সমন্বয়াধ্যায় এতৎ সূক্তং ধীস্বাস্থ্যকারিভিঃ ।
তর্কৈঃ সম্ভাবনার্থস্য দ্বিতীয়াধ্যায় ঈরিতা ॥ ১০২ ॥

---

কারণাৎ শ্রুত্যনেকতা শ্রুতীনাং নানাত্বমেকো হেতুরর্থস্যাথৈকরসস্যাদ্বিতীয়ব্রহ্মরূপস্যা-লৌকিকত্বেনাসম্ভাবিতত্বমপরো হেতুঃ, বিপরীতভাবনা চ পুনঃ কর্তৃত্বাদ্যভিমানরূপা তৃতীয়ো হেতুঃ, ইত্যেবংবিধা অদার্ঢ্যস্য হেতবো বাঢ়ং সন্তি সর্ব্বথা বিদ্যন্তে অতোঽপরোক্ষানুভবদার্ঢ্যায় শ্রবণাদিকমাবর্ত্তনীয়মিতি ভাবঃ ॥ ৯৯ ॥

এবং ত্রিবিধান্ দার্ঢ্যস্য হেতূনুপন্যস্য শ্রুতিনানাত্বপ্রযুক্তাদার্ঢ্যনিবৃত্তয়ে শ্রবণাবৃত্তিঃ কর্ত্তব্যেত্যাহ—শাখাভেদাদিতি। যথা শাখাভেদাৎ কর্ম্মভেদঃ শ্রূয়তে ঋদৃচৈব হোত্রং ক্রিয়তে যজুষাধ্বর্য্যবং সাম্নোদ্গীথমিতি যথা বা 'কামভেদাৎ কারীর্য্যা বৃষ্টিকামো যজেত শতকৃষ্ণলমায়ুঃকাম, ইত্যাদিকর্ম্মভেদঃ শ্রুত এবমুপনিষৎস্বপি প্রতিপাদ্যতত্ত্বস্য ভেদশঙ্কায়াং তন্নিবারণায় শ্রবণং পুনঃপুনঃ কর্ত্তব্যমিত্যর্থঃ ॥ ১০০ ॥

কিন্তচ্ছ্রবণমিত্যাকাঙ্ক্ষায়াং তল্লক্ষণমাহ—বেদান্তানামিতি। সর্ব্বাসামপ্যুপনিষদামুপক্রমোপসংহারাদিপর্য্যালোচনায়াং ব্রহ্মরূপে প্রত্যগাত্মন্যেব তাৎপর্য্যমিদং পারম্পর্য্যেণ পর্য্যবসানমিত্যেবংরূপো নিশ্চয়ঃ শ্রবণমিত্যর্থঃ ॥ ১০১ ॥

এবংবিধং শ্রবণং কুত্র নিরূপিতমিত্যত আহ—সমন্বয়েতি। এতৎ শ্রবণং সমন্বয়াধ্যায়ে সূক্তং ব্যাসাদিভিরিতি শেষঃ। অর্থাসম্ভাবনানিবৃত্তিহেতুর্মননন্ত দ্বিতীয়াধ্যায়ে নিরূপিত-

---

অপরোক্ষ জ্ঞানের দৃঢ়তার প্রতি শ্রুতিভেদ, অসম্ভাবনা ও বিপরীত ভাবনা প্রতিবন্ধক আছে বলিয়া শ্রবণাদি কার্য্য পুনঃপুনঃ কর্ত্তব্য এবং যেমন শাখাভেদ ও কামনাভেদ প্রযুক্ত বিবিধ প্রকার কর্ম্ম শ্রুত হয়, তদ্রূপ উপনিষৎ-প্রতিপাদ্য বস্তুও বিবিধ হইতে পারে, এই শঙ্কা নিবৃত্তির জন্যও পুনঃ পুনঃ শ্রবণাদি বিধেয়। ৯৯।১০০।

সমস্ত বেদান্তের আদ্যন্ত মধ্য সর্ব্বত্র পরব্রহ্ম চৈতন্যেই তাৎপর্য্য, এই প্রকার যে জ্ঞান, তাহাকে শ্রবণ বলা যায়; ইহা শারীরিক সূত্রের প্রথমাধ্যায়ে উক্ত হইয়াছে। শ্রবণ-সম্ভাবিত পরব্রহ্ম চৈতন্যের বুদ্ধিবৈশদ্যহেতু যুক্তি দ্বারা

বহুজন্মদৃঢ়াভ্যাসাদ্দেহাদিষ্বাত্মধীঃ ক্ষণাৎ।
পুনঃপুনরুদেত্যেবং জগৎসত্যত্বধীরপি ॥ ১০৩ ॥
বিপরীতা ভাবনেয়মৈকাগ্র্যাৎ সা নিবর্ত্ততে।
তত্ত্বোপদেশাৎ প্রাগেব ভবত্যেতদুপাসনাৎ ॥ ১০৪ ॥
উপাস্তয়োঽতএবাত্র ব্রহ্মশাস্ত্রেঽপি চিন্তিতাঃ।
প্রাগনভ্যাসিনঃ পশ্চাদ্ ব্রহ্মাভ্যাসেন তদ্ ভবেৎ ॥ ১০৫ ॥
তচ্চিন্তনং তৎকথনমন্যোন্যং তৎপ্রবোধনম্।
এতদেকপরত্বঞ্চ ব্রহ্মাভ্যাসং বিদুর্বুধাঃ ॥ ১০৬ ॥

---

**মিতাহ—**ধীস্থাস্যেতি। প্রমেয়গতানুপপত্তিপরিহারদ্বারা বুদ্ধিস্থস্যাবিভিন্ততর্কৈর্যুক্তিশব্দাভি-ধেয়ৈরর্থস্য সম্ভাবনা সম্ভাবিতত্বানুসন্ধানং মননং দ্বিতীয়াধ্যায়ে নিরূপিতমিত্যর্থঃ ॥ ১০২ ॥

ইদানীং বিপরীতভাবনাং তন্নিবৃত্ত্যুপায়ঞ্চ দর্শয়তি—বহুজন্মেতি সার্দ্ধেন ॥ ১০৩ ॥

বিপরীতভাবনানিবর্ত্তকং যদৈকাগ্র্যং তৎ কুতো জায়ত ইত্যাশঙ্ক্যাহ—তত্ত্বেতি। এত-দৈকাগ্র্যং ব্রহ্মোপদেশাৎ প্রাগেব সগুণব্রহ্মোপাসনাদ্ ভবতি ভবেদিত্যর্থঃ ॥ ১০৪ ॥

নন্বেতৎ কুতোঽবগতমিত্যাশঙ্ক্যোপাসনাবিচারস্য বেদান্তশাস্ত্রে কৃতত্বাদিত্যাহ—উপাস্তয় ইতি। অকৃতোপাস্তিকস্য কুতস্তজ্জন্ম ইত্যত আহ—প্রাগিতি ॥ ১০৫ ॥

ব্রহ্মাভ্যাসস্য কীদৃশ ইত্যাকাঙ্ক্ষায়ামাহ—তচ্চিন্তনমিতি ॥ ১০৬ ॥

---

যে সমর্থন, তাহাকে মনন বলা যায়, ইহা দ্বিতীয় অধ্যায়ে উক্ত হই-য়াছে। ১০১।১০২।

জন্ম জন্মান্তরের প্রগাঢ় সংস্কারবশতঃ স্থূল সূক্ষ্ম দেহাদিতে যে আত্মজ্ঞান এবং জগতের সত্যত্ব জ্ঞান পুনঃপুনঃ উদিত হয়, তাহাকে বিপরীত ভাবনা বলা যায়; অন্তঃকরণের একাগ্রতারূপ নিদিধ্যাসন দ্বারা তাহা নিবারিত হয়, আত্মতত্ত্বজ্ঞানের পূর্ব্বে সগুণ ব্রহ্ম উপাসনা হইতে এই একাগ্রতা অভ্যাস হয়। ১০৩।১০৪।

এই জন্যই ব্রহ্মশাস্ত্রেও বিবিধ সগুণোপাসনা বিচারিত হইয়াছে, কিন্তু যদি কোন ব্যক্তি পূর্ব্বে একাগ্রতা অভ্যাস না করিয়াই ব্রহ্ম উপদেশ প্রাপ্ত হয়, তাহারও ঐ ব্রহ্ম-অভ্যাস দ্বারা একাগ্রতাসিদ্ধি হইবে। ১০৫।

ব্রহ্মজ্যোতির চিন্তা করা, তদ্বিষয়ক বাক্য আলোচনা করা, বিচার দ্বারা পরস্পর তাহা বোধগম্য করা এবং তাহাতে একনিষ্ঠ হওয়াই অভ্যাস পদবাচ্য।

তমেব ধীরো বিজ্ঞায় প্রজ্ঞাং কুর্বীত ব্রাহ্মণঃ।
নানুধ্যায়াদ্ বহূঞ্চব্দান্ বাচো বিগ্লাপনং হি তৎ ॥ ১০৭ ॥
অনন্যাশ্চিন্তয়ন্তো মাং যে জনাঃ পর্য্যুপাসতে।
তেষাং নিত্যাভিযুক্তানাং যোগক্ষেমং বহাম্যহম্ ॥ ১০৮ ॥
ইতি শ্রুতিস্মৃতী নিত্যমাত্মন্যেকাগ্রতাং ধিয়ঃ।
বিধত্তো বিপরীতায়া ভাবনায়াঃ ক্ষয়ায় হি ॥ ১০৯ ॥

---

এতদেকপবঙ্গং বিশদয়িতুং শ্রুতিমাহ—তমেবেতি। ধীরঃ ব্রহ্মচর্য্যাদিসাধনসম্পন্নঃ ব্রাহ্মণঃ ব্রহ্ম ভবিতুমিচ্ছুঃ মুমুক্ষুস্তদেব প্রত্যগ্রূপং পরমাত্মানমেব বিজ্ঞায় সংশয়াদ্যভাবো যথা ভবতি তথা জ্ঞাত্বা প্রজ্ঞাং ব্রহ্মাত্মৈকত্বজ্ঞানসন্ততিরূপমৈকাগ্র্যং কুর্ব্বীত সম্পাদয়েৎ। অনাত্মগোচরান্ বহূন্ শব্দাননুধ্যায়ান্ন স্মরেৎ, ধ্যানেনাভিধানমপ্যুপলক্ষ্যতে নাভিদধ্যাচ্চান্যথা শব্দধ্যানেন বাগিন্দ্রিয়গ্লাপনানুপপত্তেঃ। কুত ইত্যত আহ—বাচো বিগ্লাপনং হি তদিতি। হি যস্মাৎ তদভিধানং অনেন স্মরণমপ্যুপলক্ষ্যতে বাচ ইতি মনসোঽপ্যুপলক্ষণং বিগ্লাপয়তীতি বিগ্লাপনং শ্রমহেতুঃ। অয়মভিপ্রায়ঃ—ইতরশব্দানুসন্ধানে মনসঃ শ্রমো ভবতি তদভিধানে তু বাচ ইতি ॥ ১০৭ ॥

এবমৈকাগ্র্যপ্রতিপাদিকাং শ্রুতিমভিধায় স্মৃতিমপ্যাহ—অনন্যা ইতি। যে জনা অনন্যাঃ অহং ব্রহ্মাস্মীতি জ্ঞানেন মদভিন্নাঃ সন্তস্তথৈব মাং চিন্তয়ন্তঃ অথণ্ডানুসন্ধানেন চিন্তনং কুর্ব্বন্তঃ পর্য্যুপাসতে পরিতঃ সর্ব্বেষ্বপি কালেষূপাসতে মদ্রূপা এব বর্ত্তন্তে নিত্যাভিযুক্তানাং সদা মচ্চিত্তানাং তেষান্তদাত্মত্বেনানুসন্ধীয়মানোঽহং যোগক্ষেমমলব্ধলাভলব্ধপরিরক্ষণরূপৌ যোগক্ষেমৌ বহামি সম্পাদয়ামীত্যর্থঃ ॥ ১০৮ ॥

উদাহৃতয়োঃ শ্রুতিস্মৃত্যোস্তাৎপর্য্যমাহ—ইতীতি। এতে শ্রুতিস্মৃতী বিপরীতভাবনা-নিবৃত্তয়ে আত্মনি সদা চিত্তৈকাগ্র্যং প্রতিপাদয়ত ইত্যর্থঃ ॥ ১০৯ ॥

---

( তদ্বিষয়ে প্রমাণ যথা ) ধীর মুমুক্ষু পুরুষ, পরব্রহ্মকে জানিয়া জীবব্রহ্মের ঐক্য-জ্ঞানে একাগ্রতা অভ্যাস করিবে অনাত্মপ্রতিপাদক বহুশব্দ স্মরণ বা উচ্চারণ করিবে না; কেননা ঐরূপ কার্য বাগিন্দ্রিয়ের ও মনের গ্লানিকর। ১০৬।১০৭।

শ্রীকৃষ্ণের কথায় আছে;—যাহারা অভিন্নভাবে আমার উপাসনা করে, আমি সেই নিত্যাভিযুক্ত ব্যক্তিদিগের যোগক্ষেম বহন ( অলব্ধের প্রদান এবং লব্ধ বস্তুর রক্ষা ) করি। ১০৮।

উক্ত শ্রুতি ও স্মৃতি, বিপরীত ভাবনার ক্ষয়ের নিমিত্ত আত্মাতে অন্তঃ-করণের সতত একাগ্রতা বিধান করিতেছেন। ১০৯।

যদ্‌যথা বর্ত্ততে তস্য তত্ত্বং হিত্বান্যথাত্বধীঃ।
বিপরীতা ভাবনা স্যাৎ পিত্রাদাবরিধীর্যথা ॥ ১১০ ॥
আত্মা দেহাদিভিন্নোঽয়ং মিথ্যা চেদং জগৎ তয়োঃ।
দেহাদ্যাত্মত্বসত্যত্বধীর্বিপর্য্যয়ভাবনা ॥ ১১১ ॥
তত্ত্বভাবনয়া নশ্যেৎ সাতো দেহাতিরিক্ততাম্‌।
আত্মনো ভাবয়েৎ তদ্বন্মিথ্যাত্বং জগতোঽনিশম্‌ ॥ ১১২ ॥
কিং মন্ত্রজপবন্মূর্ত্তিধ্যানবচ্চাত্মভেদধীঃ।

---

ননু দেহাদ্যাত্মত্ববুদ্ধের্জগৎসত্যত্ববুদ্ধেশ্চ কুতো বিপরীতভাবনাত্বম্‌ ইত্যাশঙ্ক্য তল্লক্ষণযোগাদিতি দর্শয়িতুং তস্যা লক্ষণমাহ—যদ্‌যথেতি। যদ্‌ বস্তু শুক্ত্যাদি যথা যেন শুক্ত্যাদিরূপেণ বর্ত্ততে, তস্য তত্ত্বং শুক্ত্যাদিরূপত্বং পরিত্যজ্য অন্যথাত্বধীরন্যথাত্বস্য রজতাদিরূপস্য ধীর্জ্ঞানং বিপরীতভাবনা স্যাৎ অতস্মিংস্তদ্‌বুদ্ধিরিতি যাবৎ। তামুদাহরতি—পিত্রাদাবিতি ॥ ১১০ ॥

উক্তলক্ষণং প্রকৃতে যোজয়তি—আত্মেতি। অয়মাত্মা দেহাদিভ্যো বস্তুতো ভিন্ন ইদং জগচ্চ মিথ্যা, এবং সত্যপি তয়োরাত্মজগতোর্যথাক্রমং দেহাদিরূপত্ববুদ্ধিঃ সত্যত্ববুদ্ধিশ্চ যা সা বিপরীত-ভাবনেত্যর্থঃ ॥ ১১১ ॥

পূর্ব্বমৈকাগ্র্যাৎ সা নিবর্ত্ততে ইতি সামান্যেনোক্তমর্থং বিশেষাকারেণাহ—তত্ত্বভাবনয়েতি সা দেহাদ্যাত্মত্বজগৎসত্যত্বরূপা বিপরীতভাবনা তত্ত্বভাবনয়া আত্মনো দেহাতিরিক্তত্বস্য জগতো মিথ্যাত্বস্য চ ভাবনয়া নিরন্তরধ্যানেন নশ্যেৎ, অত আত্মনো দেহাদ্যতিরিক্তত্বং দেহাদের্জ্জগতো মিথ্যাত্বঞ্চ সদা ভাবয়েদিত্যর্থঃ ॥ ১১২ ॥

সদা ভাবয়েদিত্যুক্তং তত্র জপাদাবিব নিয়মাপেক্ষাস্তি ন বেতি পৃচ্ছতি—কিমিতি

---

যে বস্তুর যে স্বভাব, তাহার যথার্থ তথ্য না জানিয়া, তাহাকে যে অন্য প্রকার জ্ঞান করা, তাহাই বিপরীত ভাবনা; যেমন সময়ানুসারে পিতাকেও শত্রুজ্ঞান হয়, তদ্রূপ স্বরূপতঃ আত্মা দেহাদি হইতে ভিন্ন এবং জগৎ মিথ্যা হইলেও আত্মাকে দেহাদি হইতে অভিন্ন ও জগৎকে সত্য বলিয়া যে জ্ঞান হয়, তাহাই বিপরীত ভাবনা। ১১০।১১১।

উক্ত প্রকার বিপরীত-ভাবনা, পরব্রহ্মতত্ত্ব ভাবনা দ্বারা বিনষ্ট হয়; অতএব বিবেকী ব্যক্তি দেহাদি হইতে অতিরিক্ত নিত্য চৈতন্যস্বরূপ পরমাত্মতত্ত্বকে সর্ব্বদা চিন্তা করিবে, এবং জগতের মিথ্যাত্বও নিরন্তর অনুশীলন করিবে, তাহাতে বিপরীত ভাবনাদি প্রতিবন্ধক নিবারণপূর্ব্বক পরব্রহ্মতত্ত্বে অভ্যাস দৃঢ়তর হইবে। ১১২।

জগন্মিথ্যাত্বধীশ্চাত্র ব্যাবর্ত্ত্যা স্যাদুতান্যথা ॥ ১১৩ ॥
অন্যথেতি বিজানীহি দৃষ্টার্থত্বেন ভুক্তিবৎ।
বুভুক্ষুর্জপবৎ ভুঙ্‌ক্তে ন কশ্চিন্নিয়তঃ ক্বচিৎ ॥ ১১৪ ॥
অশ্নাতি বা ন বাশ্নাতি ভুঙ্‌ক্তে বা স্বেচ্ছয়ান্যথা।
যেন কেন প্রকারেণ ক্ষুধমপনিনীষতি ॥ ১১৫ ॥
নিয়মেন জপং কুর্য্যাদকৃতৌ প্রত্যবায়তঃ।

---

আত্মভেদধীঃ আত্মনো দেহাদিভ্যো বিভিন্নত্তনং জগতো মিথ্যাত্বানুসন্ধানঞ্চ মন্ত্রজপবৎ দেবতাধ্যানাদিবৎ কিং নিয়মেনানুষ্ঠাতব্য উত লৌকিকব্যবহারবন্নিয়মমন্তরেণাপি কর্ত্তুং শক্যত ইতি ॥ ১১৩ ॥

দৃষ্টফলকত্বান্নাত্র নিয়মঃ কশ্চিদস্তীত্যাহ—অন্যথেতীতি। অন্যথা নিয়মং বিনেত্যর্থঃ। তত্র হেতুমাহ—দৃষ্টার্থত্বেনেতি। তত্র দৃষ্টান্তমাহ—ভুক্তিবদিতি। দৃষ্টার্থেঽপি ভোজনে নিয়মাঃ শ্রুতিস্মৃত্যোরুপলভ্যন্তে ইত্যাশঙ্ক্যাহ—বুভুক্ষুরিতি। ক্ষুদপনয়নায় ভোক্তুমিচ্ছন্ পুরুষো জপং কুর্ব্বাণ ইব ন নিয়মেন ভুঙ্‌ক্তে অপি তু যথা ক্ষুদ্‌বোধোপশান্তিঃ স্যাত্তথা ভোজনং করোতীত্যর্থঃ ॥ ১১৪ ॥

এতদেব প্রপঞ্চয়তি—অশ্নাতীতি। অশ্নাতি বা অন্নে সতি কদাচিৎ ভুঙ্‌ক্তে ন বাশ্নাতি তস্মিন্নসতি ক্ষুদ্‌বোধাবিস্মারকদ্যূতাদিচেষ্টয়ানশ্নন্নেব কালং নয়তি, অন্যথা বা তিষ্ঠন্ গচ্ছন্ শয়ানো বা স্বেচ্ছয়া ভুঙ্‌ক্তে এবং যেন কেন প্রকারেণ তাৎকালিকীং ক্ষুধাম্ অপনেতুমিচ্ছতি। অয়মভিসন্ধিঃ ক্ষুধানিবৃত্তিলক্ষণদৃষ্টফলায় ভোজনমেব কার্য্যং নিয়মাস্তু পরলোকহেতব ইতি ॥ ১১৫ ॥

জপাদৌ ভোজনাৎ বৈলক্ষণ্যং দর্শয়তি—নিয়মেনেতি। তত্র হেতুমাহ—অকৃতৌ প্রত্যবায়ত

---

(প্রশ্ন) উক্ত-রূপ পরমাত্মতত্ত্ব-চিন্তা বিষয়ে এবং জগতের মিথ্যাত্ব অনু-শীলন বিষয়ে মন্ত্রজপাদির ন্যায় বা মূর্ত্তিধ্যানাদির ন্যায় কোন নিয়ম বিহিত আছে কিনা? ১১৩।

(উত্তর) যেমন ভোজনে প্রতিগ্রাসে ক্ষুধানিবৃত্তিরূপ প্রত্যক্ষ ফল দৃষ্ট হয়, তদ্রূপ এই জ্ঞানেরও প্রত্যক্ষ ফল দৃষ্ট হইয়া থাকে; অতএব উক্ত বিষয়ে কোন নিয়ম বিহিত নাই; ক্ষুধাতুর ব্যক্তি জপাদির ন্যায় কোন নিয়ম করিয়া ত ভোজন করেন না?। ১১৪।

ক্ষুধাতুর ব্যক্তি নিজের ইচ্ছামত—(সাধারণ নিয়মে) ভোজন, অভোজন পূর্ব্বক দ্যূত ক্রীড়াদি বা সাধারণ নিয়ম ত্যাগ করিয়া ভোজন—যে কোন

অন্যথাকরণেঽনর্থঃ স্বরবর্ণবিপর্যয়াৎ ॥ ১১৬ ॥
ক্ষুধেব দৃষ্টবাধাকৃদ্ বিপরীতা চ ভাবনা।
জেয়া কেনাপ্যুপায়েন নাস্ত্যত্রানুষ্ঠিতে ক্রমঃ ॥ ১১৭ ॥
উপায়ঃ পূর্ব্বমেবোক্তস্তচ্চিন্তাকথনাদিকঃ।
এতদেকপরত্বেঽপি নির্ব্বন্ধো ধ্যানবন্ন হি ॥ ১১৮ ॥
মূর্ত্তিপ্রত্যয়সান্তত্যমন্যানন্তরিতং ধিয়ঃ।
ধ্যানং তত্রাতিনির্ব্বন্ধো মনসশ্চঞ্চলাত্মনঃ ॥ ১১৯

---

ইতি। তবত্যেবমকরণে প্রত্যবায়ঃ অন্যথা-করণে তু ন নাস্তীত্যাশঙ্ক্যাহ—অন্যথেতি। "মন্ত্রো হীনঃ স্বরতো বর্ণতো বা মিথ্যা প্রযুক্তো ন তমর্থমাহ। স বাগ্বজ্রো যজমানং হিনস্তি "যথেন্দ্র-শত্রুঃ স্বরতোঽপরাধাৎ" ইত্যুক্তত্বাদিতি ভাবঃ ॥ ১১৬ ॥

নমু ক্ষুদ্‌বাধায়া দৃষ্টবাধাহেতুত্বাৎ তন্নিবৃত্তয়ে অনিয়মেনাপি ভোক্তব্যমেব বিপরীতভাবনায়াস্তু তথাত্বাভাবাৎ তন্নিবর্ত্তকং ধ্যানমদৃষ্টফলায় নিয়মেনানুষ্ঠেয়মিত্যাশঙ্ক্যাহ—ক্ষুধেবেতি। বিপরীতভাবনায়া দুঃখহেতুত্বস্যানুভবসিদ্ধত্বাদিতি ভাবঃ ॥ ১১৭ ॥

তর্হি স উপায়ঃ প্রদর্শনীয় ইত্যাশঙ্ক্য পূর্ব্বমেব প্রদর্শিত ইত্যাহ—উপায় ইতি। নমু জপবৎ প্রাঙ্‌মুখত্বাদিনিয়মো মা ভূৎ ধ্যানবদেতদেকপরত্বলক্ষণৈকাগ্রতানির্ব্বন্ধোঽস্তীত্যাশঙ্ক্যাহ—এতদিতি ॥ ১১৮ ॥

নমু ধ্যানস্য ধ্যেয়চিন্তামাত্রাত্মকত্বাৎ তত্র কো নির্ব্বন্ধ ইত্যাশঙ্ক্য ধ্যানে নির্ব্বন্ধং দর্শয়িতুং ধ্যানস্বরূপং তাবদাহ—মূর্ত্তীতি। ধিয়ো বুদ্ধেঃ সম্বন্ধিনাং মূর্ত্তিপ্রত্যয়ানাং দেবতাদিমূর্ত্তিগোচরাণাং প্রত্যয়ানাং যৎ সান্তত্যমবিচ্ছিন্নতয়া বর্ত্তমানত্বং তদন্যানন্তরিতমন্যেন বিজাতীয়প্রত্যয়েনা-

---

প্রকারে হউক, ক্ষুধা-নিবৃত্তি করিতে যত্ন করে; কিন্তু জপাদি বিষয়ে নিয়ম বিহিত আছে, নিয়মিত জপ না করিলে পাপ স্পর্শে বা প্রকারান্তর করিতে স্বর-বর্ণের ব্যতিক্রম হইলে অনর্থ হয়। ১১৫।১১৬।

ক্ষুধার ন্যায় প্রত্যক্ষ পীড়াকারক যে বিপরীত ভাবনা, তাহাকে যে কোনও উপায়ে নিবারণ করিবে, সেই উপায় অনুষ্ঠানের কোনও নিয়ম আবশ্যক নাই। উক্ত বিপরীত-ভাবনানিবর্ত্তক উপায় পূর্ব্বেই উক্ত হইয়াছে যে, পরব্রহ্মের স্বরূপ চিন্তা করা ও তদ্বিষয়ক বাক্য সকল সমালোচনা করা ইত্যাদি। ব্রহ্মৈকনিষ্ঠাতে ধ্যানের ন্যায় কোন বিধি-নিষেধ নাই। ১১৭।১১৮।

অন্যান্য বস্তুচিন্তা-রূপ ব্যবধান পরিত্যাগপূর্ব্বক কোন মূর্ত্তিচিন্তাতে সর্ব্বদা যে মনের একাগ্রতা, তাহাকে ধ্যান বলা যায়। চঞ্চলস্বভাব মনকে উক্ত

চঞ্চলং হি মনঃ কৃষ্ণ প্রমাথি বলবদ্ দৃঢ়ম্।
তস্যাহং নিগ্রহং মন্যে বায়োরিব সুদুষ্করম্ ॥ ১২০
অপ্যব্ধিপানান্মহতঃ সুমেরূন্মূলনাদপি।
অপি বহ্ন্যশনাৎ সাধো বিষমশ্চিত্তনিগ্রহঃ ॥ ১২১ ॥
কথনাদৌ ন নির্ব্বন্ধং শৃঙ্খলাবদ্ধদেহবৎ।
কিন্ত্বনন্তেতিহাসাদ্যৈর্ব্বিনোদো নাট্যবদ্ধিয়ঃ ॥ ১২২ ॥
চিদেবাত্মা জগন্মিথ্যেত্যত্র পর্য্যবসানতঃ।

ব্যবহিতং সৎ ধ্যানমুচ্যতে। এবং ধ্যানস্বরূপং নিরূপ্য তত্র নির্ব্বন্ধং দর্শয়তি। সদা পর্য্যটনশীলস্য করিতুরগাদেবেকত্র স্তম্ভাদৌ বন্ধনে যথোপরোধস্তদ্বদিতি ভাবঃ ॥ ১১৯ ॥

মনসশ্চাঞ্চল্যাদৌ গীতাবাক্যং প্রমাণয়তি—চঞ্চলং হীতি। প্রমাথি প্রমথনশীলং পুরুষস্য ব্যাকুলত্বকারণং বলবৎ সমর্থমনিগ্রাহ্যমিত্যর্থঃ। দৃঢ় সত্যাসতি বা বিষয়ে লগ্নং তত উদ্ধর্ত্তুমশক্যমিত্যর্থঃ। অতস্তস্য মনসো নিগ্রহো বায়োর্নগ্রহ ইব সুদুষ্করঃ ॥ ১২০ ॥

মনসো দুর্নিগ্রহত্বে বশিষ্ঠবাক্যমপি প্রমাণয়তি,—অপ্যব্ধিপানাদিতি ॥ ১২১ ॥

প্রকৃতে ততো বৈষম্যং দর্শয়তি—কথনাদাবিতি। শৃঙ্খলাবদ্ধদেহস্য যথা নির্ব্বন্ধো ন তথা কথনাদাবিত্যর্থঃ। আদিশব্দেন তচ্চিন্তনাদিকং গৃহ্যতে ন কেবলং নির্ব্বন্ধাভাবঃ প্রত্যুত ধিয়ো বিনোদ ইত্যাহ,—কিন্ত্বিতি। ইতিহাসঃ পূর্ব্বেষাং কথা আদ্যা যেষাং লৌকিককথানুকূলযুক্তিদৃষ্টান্তপ্রদর্শনাদীনাং তে তথা অনন্তাঃ অসংখ্যাতাঃ অনন্তাশ্চ তে ইতিহাসাদ্যাশ্চেতি অনন্তেতিহাসাদ্যাস্তৈর্ধিয়ো বুদ্ধের্ব্বিনোদঃ ক্রীড়াবিশেষো ভবতি। তত্র দৃষ্টান্তঃ নাট্যবদিতি। নৃত্যক্রিয়ানিরীক্ষণমিবেত্যর্থঃ ॥ ১২২ ॥

ননু কথাদিভিরপ্যেতদেকপরত্বব্যাঘাতঃ স্যাদিত্যাশঙ্ক্যাহ,—চিদেবেতি। ইতিহাসাদীনা-

ধ্যানে আবদ্ধ রাখিতে হয়। ভগবদ্গীতায় অর্জ্জুন কহিতেছেন, "হে শ্রীকৃষ্ণ! সাতিশয় ব্যাকুলতার কারণ, চঞ্চলস্বভাব, প্রবল ও দৃঢ় মনের নিগ্রহকে আমি বায়ু-নিগ্রহের ন্যায় দুষ্কর বলিয়া মানি।" ১১৯।১২০।

যোগবাশিষ্ঠে আছে,—হে সাধো! মনের নিগ্রহ—সমুদ্র শোষণ করা, সুমেরু পর্ব্বত উৎপাটন করা অথবা অগ্নি ভোজন করা হইতেও বিষম কর্ম্ম। পরব্রহ্মেরও চিন্তা কথন প্রভৃতি বিষয়ে মনকে আবদ্ধ রাখিতে হয় না, শৃঙ্খলাবদ্ধ দেহের ন্যায় মন, স্বতঃই স্থির থাকে, এবং অনন্ত ইতিহাস শ্রবণাদি দ্বারা নাট্য দর্শনের ন্যায় অন্তঃকরণে আমোদ হয়। ১২১।১২২।

নিত্য চৈতন্যস্বরূপ পরমাত্মাই সত্য, আর জগৎ সমুদায় অনিত্য, এই

নিদিধ্যাসনবিক্ষেপো নেতিহাসাদিভির্ভবেৎ ॥ ১২৩ ॥
কৃষিবাণিজ্যসেবাদৌ কাব্যতর্কাদিকেষু চ।
বিক্ষিপ্যতে প্রবৃত্তা ধীস্তৈস্তত্ত্বস্মৃত্যসম্ভবাৎ ॥ ১২৪ ॥
অনুসন্দধতৈবাত্র ভোজনাদৌ প্রবর্ত্তিতুম্।
শক্যতেঽত্যন্তবিক্ষেপাভাবাদাশু পুনঃ স্মৃতেঃ ॥ ১২৫ ॥
তত্ত্ববিস্মৃতিমাত্রান্নানর্থঃ কিন্তু বিপর্য্যয়াৎ।
বিপর্য্যেতুং ন কালোঽস্তি ঝটিতি স্মরতঃ ক্বচিৎ ॥ ১২৬
তত্ত্বস্মৃতেরবসরো নাস্ত্যন্যাভ্যাসশালিনঃ।

আত্মা চিন্মাত্ররূপো ন দেহাদিরূপো জগচ্চ মিথ্যেত্যস্মিন্নর্থে পর্য্যবসানাৎ ন তৈরেতদেকপরব্রহ্মশব্দাভিধেয়স্য নিদিধ্যাসনস্য বিক্ষেপ ইত্যর্থঃ। ১২৩॥

নন্বিতিহাসাদীনামঙ্গীকারে কৃষ্যাদেরপি প্রসক্তিঃ স্যাদিত্যাশঙ্ক্যাহ,—কৃষীতি ॥ ১২৪ ॥

কৃষ্যাদীনাং তত্ত্বানুসন্ধানবিঘাতিত্বেন ত্যাজ্যত্বে ভোজনাদেরপি তথাত্বাৎ তদপি ত্যাজ্যমেবেত্যাশঙ্ক্যাহ,—অনুসন্দধতৈবেতি। কুত ইত্যত আহ,—অত্যন্তেতি। বিক্ষেপাভাবোঽপি কুত ইত্যত আহ,—আশু পুনঃ স্মৃতেরিতি ॥ ১২৫ ॥

নন্বু তদানীং বিক্ষেপাভাবেঽপি তত্ত্ববিস্মৃতিসদ্ভাবাৎ পুরুষার্থহানিঃ স্যাদিত্যাশঙ্ক্যাহ,—তত্ত্বেতি। কুতস্তর্হ্যনর্থ ইত্যত আহ,—কিন্ত্বিতি। বিস্মরণে সতি বিপর্য্যয়োঽপি স্যাদিত্যাশঙ্ক্যাহ—বিপর্য্যেতুমিতি ॥ ১২৬ ॥

নন্বু ভোজনাদিকে প্রবৃত্তস্যেব তর্কাদ্যভ্যাসপ্রবৃত্তস্যাপি তত্ত্বস্মরণং কিং ন স্যাদিত্যাশঙ্ক্যাহ,—

তত্ত্বই ইতিহাসাদি দ্বারা প্রতিপাদ্য, সুতরাং তাহাতে নিদিধ্যাসন-শব্দবাচ্য ধ্যানের বিক্ষেপ হয় না; কিন্তু কৃষি, বাণিজ্য, সেবা, এবং কাব্য ও তর্ক ইত্যাদি বিষয়ে প্রবৃত্ত অন্তঃকরণের কদাচিৎ বিক্ষেপ হয়; যেহেতু তদ্দ্বারা পরমাত্মতত্ত্ব স্মরণের কোন সম্ভাবনা নাই। ১২৩।১২৪।

ভোজনাদি কার্য্যে অত্যন্ত বিক্ষেপের অভাব ও সহসা পুনর্ব্বার তত্ত্ব স্মরণের সম্ভাবনা হেতু পরমাত্মতত্ত্বানুসন্ধায়ীরা ভোজনে প্রবৃত্ত হইতে পারেন, কেননা তত্ত্ববিস্মরণ মাত্রেই অনর্থ হয় না, কেবল বিপরীত জ্ঞানই অনর্থের মূল। ভোজনকালে তত্ত্ব বিস্মরণ হইলেও ঝটিতি স্মরণ প্রযুক্ত তাহাতে বিপরীত জ্ঞান হইতে পারে না। ১২৫।১২৬।

কৃষিকার্য্যাদি-অভ্যাসে প্রবৃত্ত পুরুষের পরমাত্মতত্ত্ব স্মৃতির অবসর নাই,

প্রত্যুতাভ্যাসঘাতিত্বাদ্ বলাৎ তত্ত্বমুপেক্ষ্যতে ॥ ১২৭ ॥
তমেবৈকং বিজানীথ হ্যন্যা বাচো বিমুঞ্চথ।
ইতি শ্রুতং তথান্যত্র বাচো বিগ্লাপনন্ত্বিতি ॥ ১২৮ ॥
আহারাদি ত্যজন্ নৈব জীবেচ্ছাস্ত্রান্তরং ত্যজন্।
কিং ন জীবসি যেনৈবং করোষ্যত্র দুরাগ্রহম্ ॥ ১২৯ ॥
জনকাদেঃ কথং রাজ্যমিতি চেদ্দৃঢ়বোধতঃ।
তথা তবাপি চেৎ তর্কং পঠ যদ্বা কৃষিং কুরু ॥ ১৩০

---

তত্ত্বস্মৃতেরিতি। ন কেবলং তত্ত্বানুসন্ধানাবসরাভাব এব কিন্তু কাব্যতর্কাদ্যভ্যাসস্য তত্ত্বাভ্যাসবিরোধিত্বাৎ তদানীং স্মৃতমপি তত্ত্বং বলাদুপেক্ষ্যতে ইত্যাহ—প্রত্যুতেতি ॥ ১২৭ ॥

তত্ত্বানুসন্ধানবিরোধিবাগ্‌ব্যবহারস্য ত্যাজ্যত্বে প্রমাণত্বেন "তমেবৈকং জানীথ আত্মানমন্যা বাচো বিমুঞ্চথ অমৃতস্যৈষ সেতুঃ" ইতি শ্রুতিবাক্যমর্থতঃ পঠতি তমেবৈকমিতি। "নানুধ্যায়াদ্ বহূন্ শব্দান্ বাচো বিগ্লাপনং হি তৎ" ইত্যেতদপি বাক্যং শ্রূয়ত ইত্যাহ,—তথান্যত্রেতি ॥ ১২৮ ॥

ননু তত্ত্বানুসন্ধানাতিরিক্তমাহারাদি যথা ন ত্যজ্যতে, এবমিতরশাস্ত্রাদাভ্যাসোঽপি ক্রিয়তামিত্যাগ্রহং কুর্ব্বাণং প্রত্যাহ—আহারাদীতি ॥ ১২৯ ॥

তন্নু তর্হি জনকাদীনাং তত্ত্ববিদামপি কথং রাজ্যপরিপালনাদৌ প্রবৃত্তিরিতি শঙ্কতে—জনকাদেরিতি। দৃঢ়াপরোক্ষজ্ঞানিত্বাৎ তেষাং সা ন বাধিকেত্যভিপ্রায়েণ পরিহরতি—দৃঢ়েতি। তর্হি মমাপি দৃঢবোধোঽস্তীতি বদন্তং প্রত্যাহ—তথেতি ॥ ১৩০ ।

---

পরন্তু তত্ত্বাভ্যাসের বিরোধিকারণবশতঃ পরমাত্মতত্ত্বে উপেক্ষা হয়, এই নিমিত্ত, শ্রুতিতে একস্থানে উপদেশ আছে যে, কেবল পরমাত্মাকেই জানিতে ইচ্ছা কর, অন্য বাক্যাদি পরিত্যাগ কর, এবং অন্য স্থানে আছে—( অন্য কথা ) বাগিন্দ্রিয়ের গ্লানিজনক। ১২৭।১২৮।

( যদি বল, যেমন তত্ত্ববিস্মৃতি সম্ভাবনা থাকিলেও আহারাদি পরিত্যাগ করিবে না, তদ্রূপ অন্য শাস্ত্রাদি উপাসনা পরিত্যাগও আবশ্যক নহে ; তাহার সিদ্ধান্ত এই ) আহারাদি পরিত্যাগ করিয়া কোন জীব জীবিত থাকিতে পারে না, কিন্তু অপর শাস্ত্র পরিত্যাগ করিয়া তুমি কি জীবিত নাই, যে, অন্য শাস্ত্রের জন্য এত বৃথা আগ্রহ করিতেছ ? ১২৯।

যদি বল, জনকপ্রভৃতি তত্ত্বজ্ঞানী হইয়াও কি প্রকারে রাজ্য করিয়াছিলেন ? তাহার উত্তর এই যে,—তাঁহাদিগের এতাদৃশ দৃঢ় জ্ঞান হইয়া-

মিথ্যাত্ববাসনাদার্ঢ্যে প্রারব্ধক্ষয়কাঙ্ক্ষয়া।
অক্লিশ্যন্তঃ প্রবর্ত্তন্তে স্বস্বকর্ম্মানুসারতঃ ॥ ১৩১ ॥
অতিপ্রসঙ্গো মা শঙ্ক্যঃ স্বকর্ম্মবশবর্ত্তিনাম্।
অস্তু বা কেন শক্যেত কর্ম্ম বারয়িতুং বদ ॥ ১৩২ ॥
জ্ঞানিনোঽজ্ঞানিনশ্চাত্র সমেঽপ্যারব্ধকর্ম্মণি।
ন ক্লেশো জ্ঞানিনো ধৈর্য্যান্মূঢ়ঃ ক্লিশ্যত্যধৈর্য্যতঃ ॥ ১৩৩ ॥
মার্গে গন্ত্রোর্দ্বয়োঃ শ্রান্তৌ সমায়ামপ্যদূরতাম্।
জানন্ ধৈর্য্যাদ্ দ্রুতং গচ্ছেদন্যস্তিষ্ঠতি দীনধীঃ ॥ ১৩৪ ॥

---

ননু তত্ত্ববিদঃ সংসারাসারতাং জানন্তঃ কথং তত্র প্রবর্ত্তিষ্যন্ত ইত্যাশঙ্ক্য প্রারব্ধস্যাবশ্যম্ভাবিফলত্বাৎ ভোগেন তৎক্ষয়ায় প্রবৃত্তিরিত্যাহ,—মিথ্যেতি ॥ ১৩১ ॥

তর্হ্যনাচারেঽপি প্রবৃত্তিঃ স্যাদিত্যাশঙ্ক্যাহ—অতিপ্রসঙ্গ ইতি। প্রারব্ধবশাদেবাতিপ্রসঙ্গোঽপি স্যাদিত্যাশঙ্ক্যাঙ্গীকরোতি,—অস্তু বেতি ॥ ১৩২ ॥

ননু জ্ঞাজ্ঞানিনোঃ প্রারব্ধকর্ম্মণি অবশ্যভোক্তব্যতয়া সমানে তয়োঃ কুতো বৈলক্ষণ্যসিদ্ধিরিত্যাশঙ্ক্যাহ,—জ্ঞানিন ইতি ॥ ১৩৩ ॥

তত্র দৃষ্টান্তমাহ—মার্গ ইতি ॥ ১৩৪ ॥

---

ছিল যে, অত্যন্ত বিরোধী হইলেও রাজ্য তাঁহাদিগের জ্ঞানের বাধা জন্মাইতে সমর্থ হয় নাই। তদ্রূপ দৃঢ় জ্ঞান যদি তোমার হইয়া থাকে, তবে যথারুচি অধ্যয়ন বা কৃষিকার্য্যাদি কর, যে হেতু জগতের মিথ্যাত্ব জ্ঞান দৃঢ়তর হইলে প্রারব্ধকর্ম্মক্ষয় ইচ্ছা করিয়া স্বীয় কর্ম্মানুসারে অক্লেশে সকল কর্ম্মেই প্রবৃত্ত হওয়া যাইতে পারে। ১৩০।১৩১।

যদিও জ্ঞানীদিগের স্বীয় প্রারব্ধকর্ম্মবশতঃ কর্ম্মান্তরে প্রবৃত্তি হয়, কিন্তু কোন অনাচারে তাঁহাদিগের কখনই প্রবৃত্তি হয় না। অথবা নানাপ্রকার প্রারব্ধকর্ম্মবশতঃ অনাচারে প্রবৃত্তি হইতে পারে; প্রারব্ধ কর্ম্ম নিবারণ করিতে কে সমর্থ হয়? কি জ্ঞানী, কি অজ্ঞান,—প্রারব্ধ কর্ম্ম সকলেরই সমান; তবে ধৈর্য্য আছে বলিয়া জ্ঞানীদিগের কোন কর্ম্মে ক্লেশ হয় না, আর অধৈর্য্যবশতঃ অজ্ঞানেরা ক্লেশ পায়। ১৩২।১৩৩।

পথিকদ্বয়ের গমনের পরিশ্রম সমানই হয়, কিন্তু তাঁহাদের মধ্যে যে ব্যক্তি পথ জানেন, তিনি ধৈর্য্যসহকারে দ্রুত গমন করিয়া ত্বরায় ইষ্ট স্থানে উত্তীর্ণ

সাক্ষাৎকৃতাত্মধীঃ সম্যগবিপর্য্যয়বাধিতঃ।
কিমিচ্ছন্ কস্য কামায় শরীরমনু সংজ্বরেৎ॥ ১৩৫॥
জগন্মিথ্যাত্বধীভাবাদাক্ষিপ্তৌ কাম্যকামুকৌ।
তয়োরভাবে সন্তাপঃ শাম্যেন্নিঃস্নেহদীপবৎ॥ ১৩৬॥
গন্ধর্ব্বপত্তনে কিঞ্চিন্নৈন্দ্রজালিকনির্ম্মিতম্।
জানন্ কাময়তে কিন্তু জিহাসতি হসন্নিদম্॥ ১৩৭॥
আপাতরমণীয়েষু ভোগেষ্বেবং বিচারবান্

---

ইত্থমুপপাদিতমাত্মানঞ্চেদ্বিজানীয়াদিতি মন্ত্রস্য পূর্ব্বার্দ্ধার্থমনূবদন্ ফলপ্রদর্শনপরমুত্তরার্দ্ধম্ অবতারয়তি,—সাক্ষাৎকৃতাত্মধীরিতি। সম্যক্‌সাক্ষাৎকৃতাত্মধীঃ সাক্ষাৎকৃত আত্মা যয়া সা সাক্ষাৎকৃতাত্মা তাদৃশী ধীর্যস্য স সাক্ষাৎকৃতাত্মধীঃ; অবিপর্য্যয়বাধিতঃ বিপর্য্যয়েণ দেহাদ্যাত্মত্ববুদ্ধ্যা বাধিতো ন ভবতীত্যবিপর্য্যয়বাধিতঃ। উভয়ং হেতুগর্ভিতং বিশেষণম্॥ ১৩৫॥

অস্য মন্ত্রার্দ্ধস্য তাৎপর্য্যমাহ—জগন্মিথ্যাত্বধীভাবা দত্যাদিনা। কাম্যঞ্চ কামুকশ্চ কাম্যকামুকৌ তাবাক্ষিপ্তৌ নিরস্তৌ। তন্নিরাকরণে কারণমাহ,—জগন্মিথ্যাত্বধীভাবাদিতি। ততঃ কিমিত্যত আহ—তয়োরভাব ইতি। তয়োঃ কাম্যকামুকয়োরভাবে সন্তাপঃ কামনানিমিত্তকঃ কারণাভাবাৎ নিঃস্নেহদীপবৎ শাম্যেদিত্যর্থঃ॥ ১৩৬॥

কাম্যাভাবাৎ কামনাভাবঃ ক্ব দৃষ্ট ইত্যাশঙ্ক্যাহ,—গন্ধর্ব্বপত্তন ইতি, মায়ানির্ম্মিতে পত্তনে স্থিতং বস্তু কিঞ্চিদপি ইদমৈন্দ্রজালিকনির্ম্মিতমিতি জানন্ ন কাময়তে ন কেবলং কামনাভাবঃ প্রত্যুত ইদমনৃতমিতি হসন্ জিহাসতি পরিত্যক্তুমিচ্ছতি॥ ১৩৭॥

দার্ষ্টান্তিকে যোজয়তি—আপাতেতি। এবমাপাত রমণীয়েষু প্রতীতিমাত্র রম্যেষু ভোগেষু ভোজ্যন্ত ইতি ভোগাঃ বিষয়াঃ স্রক্‌চন্দনবনিতাদয়ঃ তেষু এবং বিচারবান্

---

হন, এবং যিনি অনভিজ্ঞ, তিনি অধৈর্য্যহেতু ক্লিষ্ট হইয়া ব্যাপককাল পথেই অবস্থান করেন। তদ্রূপ বিপরীত-জ্ঞানশূন্য সাক্ষাৎ পরমাত্মজ্ঞানী ব্যক্তি আর কি ইচ্ছা করিয়া কাহার জন্য কামনা করিয়া শরীরের অনুবর্ত্তী হইয়া ক্লিষ্ট হইবেন? ১৩৪।১৩৫।

জগতের সমুদায় ব্যাবহারিক বস্তুতে অনিত্যত্ব জ্ঞান হইলে কাম্যবস্তুর অভাবে কামনার নিবৃত্তি হয়, পরে তদুভয়ের অভাবে তৈলশূন্য প্রদীপের ন্যায় সন্তাপ প্রভৃতি ক্লেশ অনায়াসে নিবারিত হয়। ১৩৬।

যে ব্যক্তি মায়ানির্ম্মিত স্থানে অবস্থিত সকল বস্তুকেই ঐন্দ্রজালিক-সৃষ্ট বলিয়া জানেন, তিনি আর তাহাকে কামনা করেন না, বরং পরিহাস করত তাহা ত্যাগ করিতে ইচ্ছা করেন; তদ্রূপ বিচারবান্ ব্যক্তি আপাতরমণীয়

নানুরজ্যতি কিন্ত্বেতান্ দোষদৃষ্ট্যা জিহাসতি ॥ ১৩৮ ॥
অর্থানামর্জ্জনে ক্লেশস্তথৈব পরিরক্ষণে।
নাশে দুঃখং ব্যয়ে দুঃখং ধিগর্থান্ ক্লেশকারিণঃ ॥ ১৩৯ ॥
মাংসপাঞ্চালিকায়াস্তু যন্ত্রলোলেঽঙ্গপঞ্জরে।
স্নায্বস্থিগ্রন্থিশালিন্যাঃ স্ত্রিয়াঃ কিমিব শোভনম্ ॥ ১৪০ ॥
এবমাদিষু শাস্ত্রেষু দোষাঃ সম্যক্ প্রপঞ্চিতাঃ।
বিমৃশন্ননিশং তানি কথং দুঃখেষু মজ্জতি ॥ ১৪১ ॥
ক্ষুধয়া পীড্যমানোঽপি ন বিষং হন্তুমিচ্ছতি।

---

আপাতরমণীয়ত্বানুসন্ধানবান্ নানুরজ্যতি নাসক্তিং করোতি, কিন্তু দোষদর্শনেন তান্ পরিত্যক্তুমিচ্ছতি ॥ ১৩৮ ॥

কে তে দোষা ইত্যত আহ—অর্থানামিতি ॥ ১৩৯ ॥

এবং বিষয়াণাং দুঃখহেতুত্বং প্রদর্শ্য অশোভনত্বঞ্চ কচিদ্ দর্শয়তি,—মাংসপাঞ্চালিকায়াস্থিতি। স্নায়বঃ শিরা অস্থীনি প্রসিদ্ধানি গ্রন্থয়ো মাংসনিচয়রূপা নিতম্বস্তনাদয়ঃ, এতৈঃ সহিতায়াঃ মাংসপাঞ্চালিকায়াঃ পুত্তলিকায়াঃ স্ত্রিয়াঃ যন্ত্রলোলে যন্ত্রবচ্চলনশীলে অঙ্গপঞ্জরে অঙ্গান্যেব পঞ্জরং নীড়ং তস্মিন্ শরীরে কিং শোভনমিব ন কিমপীত্যর্থঃ ॥ ১৪০ ॥

এবমাদিষ্বিতি। আদিশব্দেন "ত্বঙ্ মাংসরক্তবাষ্পাম্বু পৃথক্ কৃত্বা বিলোচনে। সমালোকয় রম্যঞ্চেৎ কিং মুধা পরিমুহ্যসী"ত্যেবমাদয়ো গৃহ্যন্তে ॥ ১৪১ ॥

বিষয়দোষদর্শনে সতি ভোগেচ্ছাভাবে যুক্তিসহিতং দৃষ্টান্তমাহ,—ক্ষুধয়া পীড্যমানো-

---

স্রক্-চন্দনাদি বিষয়ভোগে কখনই অনুরক্ত হন না; বরং অনিত্যত্বাদি সম্পূর্ণ দোষ দেখিয়া তাহা পরিত্যাগ করিতেই বাঞ্ছা করেন। ১৩৭।১৩৮।

অর্থের উপার্জ্জনে দেশান্তরগমন ও বিষয়ীর উপাসনাদি নানা ক্লেশ, ও সঞ্চয়ে নানা দুঃখ, এবং অপহরণে দুঃখ, ও ব্যয়ে দুঃখ; অতএব এপ্রকার ক্লেশকারী অর্থে ধিক্। ১৩৯।

স্নায়ু, অস্থি, এবং গ্রন্থিবন্ধনে সম্বদ্ধা মাংস-পুত্তলিকা-রূপিণী রমণীর যন্ত্রতুল্য চঞ্চল অঙ্গ-পঞ্জরে শোভন বস্তু কি আছে? যেমন স্ত্রী-বিষয়ে এই দোষ প্রদর্শিত হইল, তদ্রূপ অন্যান্য সমুদায় বিষয়েরই দোষ শাস্ত্রে উক্ত হইয়াছে, নিরন্তর তাহা বিচার করিলে মানব কি প্রকারে আর বিষয়ে অনুরক্ত হইবে? ১৪০।১৪১।

যখন ক্ষুধার্ত্ত হইলেও বুদ্ধিভ্রংশ-ব্যতিরেকে কোন ব্যক্তিও জ্ঞাতসারে

মিষ্টান্নধ্বস্ততৃড় জানন্নামূঢ়স্তজ্জিঘৎসতি ॥ ১৪২ ॥
প্রারব্ধকর্ম্মপ্রাবল্যাদ্ ভোগেম্বিচ্ছা ভবেদ্ যদি।
ক্লিশ্যন্নেব তদাপ্যেব ভুঙ্‌ক্তে বিষ্টিগৃহীতবৎ ॥ ১৪৩ ॥
ভুঞ্জানাস্তানপি * বুধাঃ শ্রদ্ধাবন্তঃ কুটুম্বিনঃ।
নাদ্যাপি কর্ম্ম নশ্ছিন্নমিতি ক্লিশ্যন্তি সন্ততম্ ॥ ১৪৪ ॥
নায়ং ক্লেশোঽত্র সংসারতাপঃ কিন্তু বিরক্ততা।
ভ্রান্তিজ্ঞাননিদানো হি তাপঃ সাংসারিকঃ স্মৃতঃ ॥ ১৪৫ ॥

---

ৎসীতি। স্বয়মমূঢ়ঃ বিবেকী মিষ্টান্নভোজনেন ধ্বস্তা বিনষ্টা তৃট্ তৃষ্ণা আকাঙ্ক্ষা যস্য স তথোক্তঃ, ইদং বিষমিত্যেবং জানন্ তদ্ বিষং ন জিঘৎসতি নাত্তুমিচ্ছতি ইত্যর্থঃ ॥ ১৪২ ॥

নম্ন প্রারব্ধকর্ম্মণঃ প্রবলত্বাৎ জ্ঞানিনোঽপীচ্ছা ভবেৎ ইত্যাশঙ্ক্য সত্যামপীচ্ছায়াং প্রীতি-পুরঃসরং ন ভুঙ্‌ক্তে ইত্যাহ—প্রারব্ধকর্ম্মপ্রবল্যাদিতি ॥ ১৪৩ ॥

কথমেতদবগম্যত ইত্যাশঙ্ক্য লোকদর্শনাদিত্যাহ—ভুঞ্জানাস্তানপি বুধা ইতি ॥ ১৪৪ ॥

নম্ন তত্ত্ববিদাং সংসারনিমিত্তকস্তাপোঽনুপপন্নঃ জ্ঞানবৈয়র্থ্যাপাতাদিত্যাশঙ্ক্যাহ,—নায়-মিতি। অয়ং ক্লেশো নাদ্যাপি কর্ম্ম নশ্ছিন্নমিত্যেবমনুতাপাত্মকঃ সংসারতাপো ন ভবতি কিন্ত্বত্র সংসারে বিরক্ততা আসক্তিরহিততা। তাপকত্বাভাবে যুক্তিমাহ—ভ্রান্তীতি। হি যস্মাৎ কারণাৎ সাংসারিকস্তাপো ভ্রান্তিজ্ঞাননিদানঃ ভ্রান্তিজ্ঞানকারণকঃ স্মৃতঃ পূর্ব্বাচার্য্যৈঃ, অয়ন্তু বিবেকজ্ঞানমূলত্বাৎ ন তথাবিধ ইত্যর্থঃ ॥ ১৪৫ ॥

---

বিষপান করিতে প্রবৃত্ত হয় না, তখন মিষ্টান্ন দ্বারা যাহার উদর পূর্ণ, জ্ঞাতসারে বিষপান সে ত করিবেই না। অর্থাৎ বিষয়-দোষ-দর্শন ভোগেচ্ছু পুরুষেরও বিষয়ভোগের প্রতিবন্ধক; আর জ্ঞান দ্বারা যাঁহার ভোগেচ্ছা নিবৃত্ত হইয়াছে, তাঁহার ত কথাই নাই। ১৪২।

যদিও জ্ঞানী ব্যক্তিদিগের প্রারব্ধ কর্ম্মের প্রাবল্য হেতু বিষয়ভোগে ইচ্ছা হয়, তথাপি তাঁহারা বলপূর্ব্বক ধৃত পুরুষের ন্যায় তাহা অত্যন্ত ক্লেশ সহকারে ভোগ করিয়া থাকেন; আর শ্রদ্ধাবান্ সেই সংসারী জ্ঞানীরা সকল প্রারব্ধ কর্ম্মের ফলভোগ করিতে করিতেই ইহা বলিয়া খেদ করিয়া থাকেন যে, হায়! অদ্যাপি আমাদের প্রারব্ধ কর্ম্ম ক্ষয় পাইল না। ১৪৩।১৪৪।

প্রারব্ধ কর্ম্মের ফলভোগ করিতে করিতে জ্ঞানীদিগের যে এই খেদ উপস্থিত হয়,—ইহা সংসারতাপ নহে,—ইহা সংসারবিরক্তি; যেহেতু ভ্রান্তি-

---

* 'ভুঞ্জানা বা অপি' ইতি মুদ্রামুদ্রিতপুস্তকপাঠঃ।

বিবেকেন পরিক্লিশ্যন্নল্পভোগেন তৃপ্যতি।
অন্যথানন্তভোগেঽপি নৈব তৃপ্যতি কর্হিচিৎ ॥ ১৪৬ ॥
ন জাতু কামঃ কামানামুপভোগেন শাম্যতি।
হবিষা কৃষ্ণবর্ত্মেব ভূয় এবাভিবর্দ্ধতে ॥ ১৪৭ ॥
পরিজ্ঞায়োপভুক্তো হি ভোগো ভবতি তুষ্টয়ে।
বিজ্ঞায় সেবিতশ্চোরো মৈত্রীমেতি ন চৌরতাম্ ॥ ১৪৮ ॥
মনসো নিগৃহীতস্য লীলাভোগোঽল্পকোঽপি যঃ।
তমেবালব্ধবিস্তারং ক্লিষ্টত্বাদ্বহু মন্যতে ॥ ১৪৯ ॥

---

অয়ং ক্লেশো বিবেকমূলোঽবিবেকমূলো বে কুতোঽবগম্যতে ইত্যাশঙ্ক্য কামনিবর্ত্তকত্বাদ্-বিবেকমূল ইত্যাহ—বিবেকেনেতি ॥ ১৪৬ ॥

বিবেকিন ইবাবিবেকিনোঽপি ভোগেনৈব তৃপ্তিঃ স্যাৎ অতো বিবেকোঽপ্রয়োজক ত্যাশঙ্ক্য ভোগস্য তৃপ্তিহেতুত্বাভাবপ্রতিপাদিকাং স্মৃতিং পঠতি—ন জাতু কাম ইতি ॥ ১৪৭ ॥

বিবেকমূলস্য ভোগস্য তৃপ্তিহেতুত্বমনুভবসিদ্ধমিত্যাহ—পরিজ্ঞায়োপভুক্তো হীতি। অয়ং এতাবানু এবং প্রয়াননবা ইত্যেবমনুভবপূর্ব্বকত্বেদনং বুদ্ধিহেতুদৃষ্ট ইত্যর্থঃ। ননু তৃষ্ণাহেতোর্ভোগস্য বিবেকসাহচর্য্যমাত্রেণ কথং তুষ্টিকরত্বমিত্যাশঙ্ক্য সহচারিবিশেষবশাৎ বিপরীতকার্য্যকরত্বং লোকে দৃষ্টমিত্যাহ,—বিজ্ঞায়েতি। অয়ং চৌর ইতি জ্ঞাত্বা তেন সহ বর্ত্তমানস্য পুরুষস্য চৌরো ন চৌরতামেতি কিন্তু মিত্রতামেতীত্যর্থঃ ॥ ১৪৮ ॥

ননু কামনাস্বভাবত্বাৎ মনসঃ কথং স্বল্পেন ভোগেন তৃপ্তিঃ স্যাদিত্যাশঙ্ক্য নিদিধ্যাসনেন নিগৃহীতস্যাতথাত্বাদ্ ভবত্যেব তত্তৃপ্তিরিত্যাহ—মনসো নিগৃহীতস্যেতি। নিগৃহীতস্য যোগা-

---

জ্ঞানই সাংসারিক তাপের কারণ (তাহা ত জ্ঞানীদিগের নাই)। ভোগক্লিষ্ট বিবেকী পুরুষ অল্প ভোগেই তৃপ্ত হন, অবিবেকী ব্যক্তিরা অনন্তভোগ প্রাপ্ত হইলেও কখন পরিতৃপ্ত হয় না। ১৪৫।১৪৬।

কাম্য বস্তুর উপভোগে কখন কামনা নিবৃত্ত হয় না বরং বৃদ্ধিপ্রাপ্ত হয়, যেমন ঘৃত দ্বারা কখন অগ্নি নির্ব্বাণ হয় না বরং অধিকতর প্রজ্বলিতই হইয়া থাকে। আর ভোগ্য বস্তুর অনিত্যত্ব জানিয়া ভোগ করিলে তাহা তুষ্টির নিমিত্ত হয়, যেমন স্বভাব জানিয়া সেবা করিলে চৌর ব্যক্তিও তাহার পক্ষে চোর না হইয়া মিত্র হয়। ১৪৭।১৪৮।

যোগাভ্যাসে বশীকৃত মনের যে অল্পমাত্র লীলাভোগ, তাহা ক্লেশপ্রদ বলিয়া বিস্তার প্রাপ্ত হয় না; কিন্তু জ্ঞানী পুরুষ তাহাকেই প্রভূত বোধ

বন্ধমুক্তো মহীপালো গ্রামমাত্রেণ তুষ্যতি।
পরৈর্ন বদ্ধো নাক্রান্তো ন রাষ্ট্রং বহু মন্যতে ॥ ১৫০ ॥
বিবেকে জাগ্রতি সতি দোষদর্শনলক্ষণে।
কথমারব্ধকর্ম্মাপি ভোগেচ্ছাং জনয়িষ্যতি ॥ ১৫১ ॥
নৈষ দোষো যতোঽনেকবিধং প্রারব্ধমীক্ষ্যতে।
ইচ্ছানিচ্ছা পরেচ্ছা চ প্রারব্ধং ত্রিবিধং স্মৃতম্ ॥ ১৫২ ॥
অপথ্যসেবিনশ্চৌরা রাজদাররতা অপি।
জানন্ত এব স্বানর্থমিচ্ছন্ত্যারব্ধকর্ম্মতঃ ॥ ১৫৩ ॥

---

ভ্যাসেন বশীকৃতস্য মনসোঽল্পকোঽপি স্বল্পোঽপি লীলাভোগো লীলানুভবো যোঽস্তি অলব্ধবিস্তারমপ্রাপ্তবাহুল্যং তমেব ভোগং ক্লিষ্টত্বাৎ দোষযুক্তত্বাদ্ বহু মন্যতেঽধিকত্বেন জানাতীত্যর্থঃ ॥ ১৪৯ ॥

নিগৃহীতস্য মনসঃ স্বল্পেনাপি ভোগেন তৃপ্তির্ভবতীত্যত্র দৃষ্টান্তমাহ—বন্ধমুক্তো মহীপাল ইতি ॥ ১৫০ ॥

ননু "প্রারব্ধকর্ম্মপ্রাবল্যাৎ ভোগেষ্বিচ্ছা ভবেদ্ যদি" ইত্যত্র কর্ম্মবশাৎ ইচ্ছা ভবেদিত্যুক্তং তদনুপপন্নম্ ইচ্ছাবিঘাতিনি বিবেকজ্ঞানে সতি তদুৎপত্ত্যসম্ভবাৎ ইতি শঙ্কতে—বিবেকে জাগ্রতি সতীতি ॥ ১৫১ ॥

দোষদর্শনে সত্যপীচ্ছাজন্ম সম্ভবিষ্যতি প্রারব্ধস্য নানাপ্রকারত্বাদিতি পরিহরতি—নৈষ দোষ ইতি। নানাপ্রকারত্বমেব দর্শয়তি—ইচ্ছানিচ্ছেতি। ইচ্ছাজনকম্ অনিচ্ছয়া ভোগপ্রদং পরেচ্ছয়া ভোগপ্রদং চেতি ত্রিবিধমিত্যর্থঃ ॥ ১৫২ ॥

ইচ্ছা-প্রারব্ধং দর্শয়তি—অপথ্যসেবিন ইতি ॥ ১৫৩ ॥

---

করেন। দেশাধিপতি, শত্রুর অবরোধ-মুক্ত হইয়া, একখানি গ্রাম পাইলেই তুষ্ট হন, কিন্তু যতদিন অন্য কর্ত্তৃক বদ্ধ বা আক্রান্ত না হন, তত দিন আপনার সাম্রাজ্যও তাঁহার অল্প জ্ঞান হয়। ১৪৯।১৫০।

যদি বল, তত্ত্বজ্ঞানী ব্যক্তিদিগের বিষয়দোষদর্শক বিবেক জাগ্রত থাকিতেও তাহাদিগের প্রারব্ধ কর্ম্ম কি প্রকারে ভোগেচ্ছার জনক হইবে? (তাহার উত্তর এই যে) ইহা দূষ্য নহে, যেহেতু প্রারব্ধ কর্ম্ম অনেক প্রকার দেখা যায়। অর্থাৎ ভোগেচ্ছাজনক, অনিচ্ছায় ভোগপ্রদ এবং পরেচ্ছায় ভোগপ্রদ; প্রারব্ধ কর্ম্ম এই তিন প্রকার। ১৫১।১৫২।

ইচ্ছা-জনক প্রারব্ধ-কর্ম্ম যথা—অপথ্য-সেবী, এবং রাজপত্নীগামী; ইহারা

ন চাত্রৈতদ্ বারয়িতুমীশ্বরেণাপি শক্যতে।
যত ঈশ্বর এবাহ গীতায়ামর্জ্জুনং প্রতি ॥ ১৫৪ ॥
সদৃশং চেষ্টতে স্বস্যাঃ প্রকৃতের্জ্ঞানবানপি।
প্রকৃতিং যান্তি ভূতানি নিগ্রহঃ কিং করিষ্যতি ॥ ১৫৫ ॥
অবশ্যম্ভাবিভাবানাং প্রতীকারো ভবেদ্ যদি।
তদা দুঃখৈর্ন লিপ্যেরন্ নলরামযুধিষ্ঠিরাঃ ॥ ১৫৬ ॥
ন চেশ্বরত্বমীশস্য হীয়তে তাবতা যতঃ ;
অবশ্যম্ভাবিতাপ্যেষামীশ্বরেণৈব নির্ম্মিতা ॥ ১৫৭ ॥

---

অপথ্যসেবাদাবিচ্ছায়াঃ প্রারব্ধফলত্বং, কুতোঽবগম্যতে ইত্যাশঙ্ক্য পরিহার্য্যত্বাদিত্যভিপ্রেত্যাহ—ন চাত্রৈতদ্বারয়িতুমিতি। অত্রাস্মিন্ লোকে অপথ্যাদি ইচ্ছন্তীত্যেতৎ কুত ইত্যত আহ—ঈশ্বর এবাহেতি ॥ ১৫৪ ॥

গীতাবাক্যঞ্চ পঠতি—'সদৃশং চেষ্টতে স্বস্যা' ইতি। বিবেকজ্ঞানবানপি পুরুষঃ স্বস্যাঃ স্বকীয়ায়াঃ প্রকৃতেঃ সদৃশমনুরূপং চেষ্টতে, প্রকৃতির্নাম পূর্ব্বকৃতধর্ম্মাধর্ম্মাদিসংস্কারো বর্ত্তমানজন্মাদাবভিব্যক্তঃ কিমুত মূর্খঃ ? তস্মাৎ "প্রকৃতিং যান্তি ভূতানি নিগ্রহঃ কিং করিষ্যতি।" প্রবৃত্তিনিবৃত্ত্যোর্নিরোধো ময়া অন্যেন বা কৃতঃ কিং করিষ্যতি ন কিমপীত্যর্থঃ ॥ ১৫৫ ॥

প্রারব্ধস্যাপরিহার্য্যত্বে বচনান্তরসম্মতিমাহ—অবশ্যমিতি। অবশ্যম্ভাবিভাবানাং দুঃখাদীনামিত্যর্থঃ ॥ ১৫৬ ॥

প্রারব্ধস্যাপরিহার্য্যত্বে তৎপরিহারাসমর্থস্য ঈশ্বরস্যানীশ্বরত্বপ্রসঙ্গ ইত্যাশঙ্ক্যাহ,—ন

---

নিজের অনিচ্ছা জানিয়াও প্রারব্ধকর্ম্মবশতঃ এই সকল কার্য্য করিতে ইচ্ছুক হয়। ১৫৩।

এই পূর্ব্বোক্ত ইচ্ছাজনক প্রারব্ধ কর্ম্ম নিবারণ করিতে ঈশ্বরও সমর্থ হন না, যেহেতু স্বয়ং ভগবান্ শ্রীকৃষ্ণই ভগবদ্গীতায় অর্জ্জুনের প্রতি উপদেশ করিতেছেন যে, তত্ত্বজ্ঞানী ব্যক্তিও স্বীয় স্বভাব অর্থাৎ প্রারব্ধ কর্ম্মের অনুরূপ চেষ্টা করেন, ( অন্যের কথা কি বলিব ) সকল ভূতই স্বভাব অর্থাৎ প্রারব্ধ কর্ম্মের অনুগত ; যোগ দ্বারা অন্তঃকরণ নিগ্রহ কি করিবে ? ১৫৪।১৫৫।

অবশ্য ভবিতব্য প্রারব্ধ কর্ম্মের যদি প্রতীকার সম্ভাবনা থাকিত, তাহা হইলে যুধিষ্ঠির, রামচন্দ্র ও নল রাজা দুঃখে পতিত হইতেন না। ১৫৬।

আর ঈশ্বর যে সেই প্রারব্ধ কর্ম্মের পরিহার করিতে সমর্থ নহেন, তাহাতেও

প্রশ্নোত্তরাভ্যামেবৈতদ্ গম্যতেঽর্জ্জুনকৃষ্ণয়োঃ।
অনিচ্ছাপূর্ব্বকঞ্চাস্তি প্রারব্ধমিতি তচ্ছৃণু ॥ ১৫৮ ॥
অথ কেন প্রযুক্তোঽয়ং পাপং চরতি পূরুষঃ।
অনিচ্ছন্নপি বার্ষ্ণেয় বলাদিব নিয়োজিতঃ ॥ ১৫৯ ॥
কাম এষ ক্রোধ এষ রজোগুণসমুদ্ভবঃ।
মহাশনো মহাপাপ্মা বিদ্ধ্যেনমিহ বৈরিণম্ ॥ ১৬০ ॥

চেশ্বরত্বমিতি। কুত ইত্যত আহ—যত ইতি। যতঃ কারণাৎ এষাং দুঃখাদীনাম্ অবশ্যম্ভাবিতাপি ঈশ্বরেণৈব নির্ম্মিতা অতো নানীশ্বরত্বপ্রসঙ্গ ইত্যর্থঃ ॥ ১৫৭ ॥

এবং সপ্রপঞ্চম্ ইচ্ছাপ্রারব্ধমভিধায়ানিচ্ছাপ্রারব্ধং বক্তুমারভতে—প্রশ্নোত্তরাভ্যামিতি। অনিচ্ছাপূর্ব্বকঞ্চ প্রারব্ধমস্তি এতদর্জ্জুনকৃষ্ণয়োঃ প্রশ্নোত্তরাভ্যামেবাবগম্যতে—জ্ঞায়তে ইতি যোজনা, তদভিধানায় শিষ্যমভিমুখীকরোতি,—তচ্ছৃণ্বিতি ॥ ১৫৮ ॥

তত্র অর্জ্জুনস্য প্রশ্নং তাবদ্ দর্শয়তি—অথ কেনেতি। হে বার্ষ্ণেয় বৃষ্ণিসম্ভবিন্! অয়ং পুরুষঃ কেন প্রযুক্তঃ প্রেরিতঃ সন্ অনিচ্ছন্নপি ইচ্ছামকুর্ব্বন্নপি রাজ্ঞা বলান্নিযোজিত ইব পাপং চরতি আচরতীতি ॥ ১৫৯ ॥

কৃষ্ণস্যোত্তরমাহ—কাম এষ ইতি। এষ পুরুষপ্রবর্ত্তকঃ রজোগুণসমুদ্ভবঃ রজোগুণাদুৎপত্তির্যস্য স রজোগুণসমুদ্ভবঃ কামঃ এষ প্রসিদ্ধোঽয়ং কামঃ কদাচিৎ ক্রোধরূপেণাপি পরিণমতে অতঃ ক্রোধঃ, স পুনঃ কীদৃশঃ? মহাশনঃ মহদশনং বিষয়জাতং যস্য স মহাশনঃ, মহাপাপ্মা মহতঃ পাপস্য হেতুত্বাদুপচারান্মহাপাপ্মত্বমস্য, অত ইহ সংসারে এনং কাম-ক্রোধরূপিণং বৈরিণং বিদ্ধি। অয়মভিপ্রায়ঃ—প্রারব্ধবশাদুদ্রিক্তরজোগুণকার্য্যয়োঃ কামক্রোধয়োরন্যতরস্যৈব পুরুষপ্রবর্ত্তকত্বং ন প্রযুক্তেচ্ছায়া * ইতি ॥ ১৬০ ॥

তাঁহার ঈশ্বরত্বের হানি হয় না, যেহেতু প্রারব্ধ কর্ম্মের অবশ্যম্ভাবিত্ব ঈশ্বরই নির্ম্মাণ করিয়াছেন। ১৫৭।

অনিচ্ছাপূর্ব্বকও যে প্রারব্ধ ভোগ হয়, তাহা ভগবদ্গীতায় অর্জ্জুন ও শ্রীকৃষ্ণের প্রশ্নোত্তর দ্বারা অবগত হওয়া যায়, তাহা শ্রবণ কর। (অর্জ্জুনের প্রশ্ন যথা,) হে শ্রীকৃষ্ণ! ইচ্ছা না থাকিলেও ধার্ম্মিক পুরুষও যেন বলপূর্ব্বক নিয়োজিত হইয়া যে পাপাচরণ করেন, তদ্বিষয়ে প্রবর্ত্তক কে? ১৫৮।১৫৯।

(শ্রীকৃষ্ণের উত্তর যথা,) রাজোগুণসমুদ্ভূত সর্ব্বগ্রাসী মহৎ অনিষ্টজনক এই যে কাম ও ক্রোধ,—এতদুভয়কেই এ বিষয় শত্রু জানিবে। (ইহারাই পুরুষের প্রবর্ত্তক) অতএব হে অর্জ্জুন! যে কর্ম্ম তুমি করিতে অভিলাষ

* প্রবৃত্তিরিচ্ছয়া ইতি মুদ্রযান্ত্রাঙ্কিতপুস্তকপাঠঃ।

স্বভাবজেন কৌন্তেয় নিবদ্ধঃ স্বেন কর্ম্মণা।
কর্ত্তুং নেচ্ছসি যন্মোহাৎ করিষ্যস্যবশোঽপি তৎ ॥ ১৬১ ॥
নানিচ্ছন্তো ন চেচ্ছন্তঃ পরদাক্ষিণ্যসংযুতাঃ।
সুখদুঃখে ভজন্ত্যেতৎ পরেচ্ছাপূর্ব্বকর্ম্ম হি ॥ ১৬২ ॥
কথং তর্হি কিমিচ্ছন্নিত্যেবমিচ্ছা নিষিধ্যতে।
নেচ্ছানিষেধঃ কিন্তিচ্ছাবাধো ভর্জ্জিতবীজবৎ ॥ ১৬৩ ॥
ভর্জ্জিতানি তু বীজানি সন্ত্যকার্য্যকরাণি চ।

---

নন্বত্র কামক্রোধয়োরেব পুরুষপ্রবর্ত্তকত্বমুপলভ্যতে নানিচ্ছাপ্রারব্ধস্যেত্যাশঙ্ক্য তস্যৈব প্রবর্ত্তকত্বপ্রতিপাদকং তদ্ বাক্যং পঠতি—স্বভাবজেনেতি। হে কৌন্তেয়! স্বেনৈবানুষ্ঠিতেন অতএব স্বকীয়েন প্রারব্ধেন কর্ম্মণা নিবদ্ধঃ সন্ যৎ কর্ত্তুং নেচ্ছসি তদপি মোহাদবিবেকতঃ অবশঃ পরবশঃ করিষ্যসীতি, অতোঽনিচ্ছাপ্রারব্ধমস্তীত্যুপগন্তব্যমিতি ভাবঃ ॥ ১৬১ ॥

ইদানীং পরেচ্ছাপ্রারব্ধমপ্যস্তীত্যাহ—নানিচ্ছন্ত ইতি। অনিচ্ছন্তোঽপি ন ভজন্তি ইচ্ছন্তোঽপি ন ভজন্তি, কিন্তু পরদাক্ষিণ্যসংযুতাঃ সন্তস্তৎপ্রীত্যর্থমেব সুখদুঃখে অনুভবন্তি অত এতৎ সুখাদিভোগহেতুভূতং পরেচ্ছাপূর্ব্বকং প্রারব্ধং হি প্রসিদ্ধমিত্যর্থঃ। অতএব দোষদর্শনে সত্যপি প্রারব্ধস্যাপরিহার্য্যত্বাৎ তস্যেচ্ছাজনকত্বং ন নিবারয়িতুং শক্নোতীতি ভাবঃ ॥ ১৬২ ॥

নন্বু তত্ত্ববিদোঽপীচ্ছাঙ্গীকারে কিমিচ্ছন্নিতি শ্রুতিবিরোধ ইতি শঙ্কতে—কথং তর্হি কিমিতি। কিমিচ্ছন্নিত্যনেন বাক্যেন কথমিচ্ছাভাবো বর্ণিত ইত্যর্থঃ। অনেন নেচ্ছাভাবোঽভিধীয়তে কিন্তু সত্যা অপি তস্যাঃ সামর্থ্যপ্রবৃত্তিজনকত্বং নাস্তীতি বোধ্যতে ইতি পরিহরতি—নেচ্ছানিষেধ ইতি। স্বরূপেণ সত্যা অপি তস্যাঃ সামর্থ্যরাহিত্যে দৃষ্টান্তমাহ—ভর্জ্জিতবীজবদিতি ॥ ১৬৩ ॥

---

না কর, স্বভাবজাত স্বীয় প্রারব্ধ কর্ম্ম দ্বারা কাম ক্রোধাদির বশীভূত হইয়া তোমাকেও তাহা করিতে হইবে, তাহাতে সংশয় নাই। ১৬০।১৬১।

যে কর্ম্ম করিতে ইচ্ছা নাই ও অনিচ্ছাও নাই, কেবল অন্যের প্রীতিলাভের নিমিত্ত তাহাতে প্রবৃত্ত হইয়া সুখ বা দুঃখ ভোগ করিতে হয়, তাহাকে পরেচ্ছাকৃত প্রারব্ধ বলা যায়। ১৬২।

যদি তত্ত্বজ্ঞানীরও ইচ্ছা হয়, তবে 'কিমিচ্ছন্' এই বচনাংশদ্বারা ইচ্ছা নিষেধ করা হইল কেন? তাহার সিদ্ধান্ত এই যে, একেবারে তত্ত্বজ্ঞানীর ইচ্ছা নিষেধ হয় নাই, কেবল ভর্জ্জিত বীজের ন্যায় ইহার বাধামাত্র নিরূপণ করা

বিদ্বদিচ্ছা তথেষ্টব্যাসত্ত্ববোধনাৎ ন কার্য্যকৃৎ ॥ ১৬৪ ॥
দগ্ধবীজমরোহেঽপি ভক্ষণায়োপযুজ্যতে।
বিদ্বদিচ্ছাপ্যল্পভোগং কুর্য্যান্ন ব্যসনং বহু ॥ ১৬৫ ॥
ভোগেন চরিতার্থত্বাৎ প্রারব্ধং কর্ম্ম হীয়তে।
ভোক্তব্যসত্যতাভ্রান্ত্যা ব্যসনং তত্র জায়তে ॥ ১৬৬ ॥
মা বিনশ্যত্বয়ং ভোগো বর্দ্ধতামুত্তরোত্তরম্।
মা বিঘ্নাঃ প্রতিবধ্নন্তু ধন্যোঽস্ম্যস্মাদিতি ভ্রমঃ ॥ ১৬৭ ॥

---

সংক্ষেপেণোক্তমর্থং প্রপঞ্চয়তি—ভর্জ্জিতানি ইতি। যথা ভর্জ্জিতানি বীজানি স্বরূপেণ বিদ্যমানান্যপি নাঙ্কুরাদিকার্য্যকরাণি ভবন্তি তথা বিদ্বদিচ্ছা স্বয়ং বিদ্যমানাপি ইষ্যমাণপদার্থস্যা-সত্ত্বজ্ঞানেন বাধিতত্বাৎ ন ব্যসনাদিকার্য্যক্ষমেত্যর্থঃ। ১৬৪ ॥

নন্বু তর্হি বিদুষ ইচ্ছৈব নাঙ্গীকর্ত্তব্যা ফলাভাবাদিত্যাশঙ্ক্য ফলাভাবোঽসিদ্ধঃ, ভোগলক্ষণ-ফলসম্ভাবাদিতি সদৃষ্টান্তমাহ—দগ্ধবীজমিতি। দগ্ধং ভর্জ্জিতমিতি যাবৎ। ব্যসনং বিপদাদি-রূপং বহুবিধং "ব্যসনং বিপদি ভ্রংশে দোষে কামজকোপজে", ইত্যভিধানাৎ ॥ ১৬৫ ॥

নন্বু তর্হি কর্ম্মৈব ভোগদ্বারা ব্যসনমপি জনয়েদিত্যাশঙ্ক্যাহ—ভোগেনেতি। প্রারব্ধকর্ম্মণো ভোগমাত্রহেতুত্বাৎ ন ব্যসনজনকত্বমিত্যর্থঃ। কুতস্তর্হি ব্যসনস্য জন্মেত্যত আহ—ভোক্তব্য-সত্যতাভ্রান্ত্যেতি। তত্র তস্মিন্ বিষয়ে ॥ ১৬৬ ॥

ব্যসনহেতুং ভ্রমং দর্শয়তি,—মা বিনশ্যত্বয়মিতি। অয়ং ভোগো মা বিনশ্যতু এব উত্তরো-ত্তরম্ বর্দ্ধতাং, বিঘ্নাশ্চৈনং মা প্রতিবধ্নন্তু অস্য প্রতিবন্ধং মা কুর্ব্বন্তু। অস্মাদেব ভোগাদহং ধন্যঃ কৃতার্থোঽস্মীতি এবংরূপো ভ্রমো ভবতি ততশ্চ ব্যসনমিত্যর্থঃ ॥ ১৬৭ ॥

---

হইয়াছে। যেমন কোন বৃক্ষবীজ অগ্নি দ্বারা ভর্জ্জিত হইলে তাহাতে আর অঙ্কুর হয় না, তদ্রূপ বিষয়ের অসত্ত্ববোধ হেতু জ্ঞানীদিগের ইচ্ছা আর পাপ-পুণ্য উৎপাদনে সমর্থ হয় না। ১৬৩।১৬৪।

যেমন ভর্জ্জিতবীজ অঙ্কুরকার্য্যের উপযোগী না হইলেও ভক্ষণাদি কোনও কার্য্যের উপযুক্ত হইয়া থাকে, তদ্রূপ জ্ঞানীদিগের ইচ্ছাও অল্প ভোগমাত্রের জনক বলিয়া বিপজ্জনক হয় না এবং ভোগদ্বারা চরিতার্থতা হেতু প্রারব্ধ কর্ম্মের ক্ষয় হয়, আর অজ্ঞানীদিগের ভোগ্যবিষয়ে সত্যতাভ্রান্তি প্রযুক্ত বহু বাসনা হয়। ১৬৫।১৬৬।

আমাদিগের এই বিষয়ভোগ যেন কখনও ক্ষয় প্রাপ্ত না হয়, যেন উত্তরোত্তর ক্রমশঃ বৃদ্ধি প্রাপ্ত হয় এবং কোনও বিঘ্নও যেন তাহার প্রতিবন্ধক

যদভাবি ন তদ্ ভাবি ভাবি চেন্ন তদন্যথা।
ইতি চিন্তাবিষঘ্নোঽয়ং বোধো ভ্রমনিবর্ত্তকঃ ॥ ১৬৮ ॥
সমেঽপি ভোগে ব্যসনং ভ্রান্তো গচ্ছেন্ন বুদ্ধবান্।
অশক্যার্থস্য সঙ্কল্পাদ্ ভ্রান্তস্য ব্যসনং বহু ॥ ১৬৯ ॥
মায়াময়ত্বং ভোগ্যস্য বুদ্ধাস্থামুপসংহরন্।
ভুঞ্জানোঽপি ন সঙ্কল্পং কুরুতে ব্যসনং কুতঃ ॥ ১৭০ ॥
স্বপ্নেন্দ্রজালসদৃশমচিন্ত্যরচনাত্মকম্।
দৃষ্টনষ্টং জগৎ পশ্যন্ কথং তত্রানুরজ্যতি ॥ ১৭১ ॥

---

প্রসঙ্গাদস্য পরিহারোপায়মাহ—যদভাবীতি। যদ্ভবিতুমযোগ্যং তন্ন ভবেদেব ভবিতুং যোগ্যং চেন্ন তদন্যথা ভবেদেব ইতি এবংরূপশ্চিন্তাবিষঘ্নঃ ইদং মে শ্রেয়ঃ কদা ভবিষ্যতি ইদমনিষ্টং কদা নিবর্ত্তিষ্যতে, ইত্যেবমাদিচিন্তৈব বিষমিব স্বসংসৃষ্টপুরুষস্য নাশহেতুত্বাৎ বিষম্ ইদং চিন্তাবিষং হন্তীতি চিন্তাবিষঘ্নঃ এবম্ভূতো যো বোধঃ সোঽয়ং ভ্রমনিবর্ত্তকঃ পূর্ব্বোক্তস্য ভ্রমস্য নিবর্ত্তক ইত্যর্থঃ ॥ ১৬৮ ॥

ননু বিদ্বদবিদুষোরুভয়োরপি ভোগিত্বাবিশেষে একস্য ব্যসনম্ অপরস্য তু তন্নেত্যেতৎ কুত ইত্যাশঙ্ক্য বিপরীতজ্ঞানসত্ত্বাসত্ত্বাভ্যাং তৎসিদ্ধিরিত্যাহ,—সমেঽপীতি। বুদ্ধবান্ জ্ঞানবান্ জ্ঞানীত্যর্থঃ। ভ্রান্তেঃ কথং ব্যসনহেতুত্বমিত্যত আহ,—অশক্যার্থস্যেতি ॥ ১৬৯ ॥

বিবেকিনস্তদভাবং দর্শয়তি,—মায়াময়ত্বমিতি ॥ ১৭০ ॥

ননু মায়াময়ত্ববাধে সত্যপি ভোগস্য তদানীন্তনসুখহেতুত্বাৎ কুত আস্থোপসংহার ইত্যাশঙ্ক্য বহুবিধদোষদর্শনাৎ ইত্যাহ—স্বপ্নেন্দ্রজালসদৃশমিতি ॥ ১৭১ ॥

---

হইতে না পারে, ইহা হইলে আমি ধন্য—এইরূপ ভ্রম হইয়া থাকে। যথা,—প্রারব্ধ ফল যাহা হইবার তাহা হইবে, যাহা না হইবার তাহা হইবে না; চিন্তা-বিষঘ্ন এই প্রকার জ্ঞান পূর্ব্বোক্ত ভ্রমের নিবর্ত্তক হয়। ১৬৭।১৬৮।

জ্ঞানী ও অজ্ঞানী উভয়ের ব্যাবহারিক বিষয়ভোগ সমান হইলেও মায়া-কল্পিত মিথ্যা পদার্থে দৃঢ়সঙ্কল্প হেতু ভ্রান্ত অজ্ঞান ব্যক্তি তদ্বিষয়ে বিবিধ দুঃখ ভোগ করে; কিন্তু ভোগ্য বস্তুর মায়াময়ত্ব জানিয়া উপেক্ষা করত তাহা ভোগ করিলেও জ্ঞানী ব্যক্তি তাহাতে আসক্ত হন না। অতএব তদ্বিষয়ে তাঁহার দুঃখ হইবার সম্ভাবনা কি? (বিষয়ের মায়াময়ত্ব বোধ হইলে ভোগের কালে ভোগ্য বস্তুতে সুখহেতুত্ব থাকিলেও, তাহাতে বিবিধ দোষদৃষ্টি হেতু জ্ঞানীদিগের তদ্বিষয়ে উপেক্ষা হয়। জগৎ স্বপ্ন বা ইন্দ্রজাল সদৃশ,

স্বস্বপ্নমাপরোক্ষ্যেণ দৃষ্ট্বা পশ্যন্ স্বজাগরম্।
চিন্তয়েদপ্রমত্তঃ সন্নুভাবনুদিনং মুহুঃ॥ ১৭২॥
চিরং তয়োঃ সর্ব্বসাম্যমনুসন্ধায় জাগরে।
সত্যত্ববুদ্ধিং সন্ত্যজ্য নানুরজ্যতি পূর্ব্ববৎ॥ ১৭৩॥
ইন্দ্রজালমিদং দ্বৈতমচিন্ত্যরচনাত্বতঃ।
ইত্যবিস্মরতো হানিঃ কা বা প্রারব্ধভোগতঃ॥ ১৭৪॥

ননূক্তস্বপ্নেন্দ্রজালসাদৃশ্যাদিজ্ঞানে সতি আসক্ত্যভাবো ভবেৎ তদেব কুতো জায়তে ইত্যাশঙ্ক্য তজ্জন্মোপায়মাহ,—স্বস্বপ্নমিতি। স্বকীয়স্বপ্নমপরোক্ষতয়া দৃষ্ট্বা স্বকীয়ঞ্চ জাগরমনুভবন্ স্বপ্নজাগরাবুভাবপি অপ্রমত্তঃ সন্ মুহুশ্চিন্তয়েৎ স্বপ্নতুল্যোঽয়ং জাগর ইতি॥ ১৭২॥

চিরং তয়োরিতি। এবং তয়োঃ সর্ব্বসাম্যং তাৎকালিকভোগহেতুত্বপরিণতিবিরসত্ববিনাশিত্বাদিলক্ষণং চিরমনুসন্ধায় জাগরিতেঽপি সত্যত্ববুদ্ধিং পরিত্যজ্য জাগ্রদ্বস্তুষপি পূর্ব্ববৎ জগৎসত্যত্বজ্ঞানদশায়ামিব নানুরজ্যতি অনুরক্তো ন ভবতি ইত্যর্থঃ॥ ১৭৩॥

ননু প্রপঞ্চগোচরস্য মিথ্যাত্বজ্ঞানস্য বিষয়সত্যত্বোপজীবিনো ভোগস্য পরস্পরবিরোধাৎ মিথ্যাত্বজ্ঞানে সতি কথং ভোগসিদ্ধিরিত্যাশঙ্ক্য ভোগস্য বিষয়সত্যত্বাপেক্ষাভাবাৎ ন বিরোধ ইতি পরিহরতি,—ইন্দ্রজালমিতি। ইদং দ্বৈতং ভোগ্যজাতম্ অচিন্ত্যরচনাত্বাৎ ইন্দ্রজালবন্মিথ্যা ইতি যুক্ত্যানুসন্ধায়াবিস্মরতো বিদুষঃ প্রারব্ধভোগতঃ প্রারব্ধকর্ম্মফলয়োঃ সুখদুঃখয়োরনুভবেন মিথ্যাত্বানুসন্ধানস্য কা হানিঃ, বা-শব্দান্মিথ্যাত্বানুসন্ধানেন বা ভোগস্য কা হানির্বিভিন্নবিষয়ত্বাদিতি ভাবঃ॥ ১৭৪॥

অচিন্ত্যরচনারূপ, মায়াময় ক্ষণধ্বংসী, ইহা প্রত্যক্ষ দেখিয়া জ্ঞানী ব্যক্তি আর কেন তাহাতে অনুরক্ত হইবেন? ১৬৯—১৭১।

প্রমাদশূন্য জ্ঞানী ব্যক্তি স্বীয় স্বপ্নাবস্থা ও জাগ্রৎ অবস্থা প্রত্যক্ষ দেখিয়া তদুভয়কে প্রতিদিন প্রতিক্ষণ চিন্তা করিবে। অনেক দিনের পর সে দুই অবস্থার সর্ব্বতোভাবে তুল্যতা অনুভব করিয়া জাগ্রদবস্থায় সত্যত্ব বুদ্ধি ত্যাগ করিবে, তাহা হইলে পূর্ব্ববৎ তাহাতে অনুরক্ত থাকিবে না। ১৭২।১৭৩।

মায়ানির্ম্মিত ও অচিন্ত্যরচনা-হেতু এই প্রত্যক্ষ দ্বৈত জগৎ ঐন্দ্রজালিক পদার্থেরই সমান,—যে জ্ঞানী ব্যক্তি ইহা বিস্মৃত না হন, তাঁহার প্রারব্ধ কর্ম্ম ভোগেও কোন হানি হয় না। তত্ত্বজ্ঞান, জগতের ঐন্দ্রজালিকত্ব সংস্থাপনেই সমর্থ, ( ভোগের অপলাপ করিতে সমর্থ নহে ) আর প্রারব্ধ কর্ম্ম জীবের সুখ-দুঃখ ভোগজননেই সমর্থ, ( ভোগের সত্যত্ব সম্পাদনে সমর্থ নহে )। ১৭৪।

নির্ব্বন্ধস্তত্ত্ববিদ্যায়া ইন্দ্রজালত্বসংস্মৃতৌ।
প্রারব্ধস্যাগ্রহো ভোগে জীবস্য সুখদুঃখয়োঃ ॥ ১৭৫ ॥
বিদ্যারব্ধে বিরুধ্যেতে ন ভিন্নবিষয়ত্বতঃ।
জানদ্ভিরপ্যৈন্দ্রজাল-বিনোদো * দৃশ্যতে খলু ॥ ১৭৬ ॥
জগৎসত্যত্বমাপাদ্য প্রারব্ধং ভোজয়েদ্ যদি।
তদা বিরোধি বিদ্যায়া ভোগমাত্রান্ন সত্যতা ॥ ১৭৭ ॥

---

ভিন্নবিষয়ত্বমেব দর্শয়তি,—নির্ব্বন্ধস্তত্ত্ববিদ্যায়া ইতি। তত্ত্ববিদ্যায়া জগৎতত্ত্বগোচরস্য জ্ঞানস্য ইন্দ্রজালবজ্জগতো মিথ্যাত্বানুসন্ধানে নির্ব্বন্ধঃ, ন তু ভোগাপলাপে প্রারব্ধকর্ম্মণো জীবস্য সুখদুঃখয়োঃ প্রদানে আগ্রহঃ ন তু ভোগ্যস্য সত্যত্বাপাদনে ইতি ভাবঃ ॥ ১৭৫ ॥

এবং বিভিন্নবিষয়ত্বং প্রদর্শ্য প্রয়োগমাহ,—বিদ্যারব্ধ ইতি। বিদ্যাপ্রারব্ধকর্ম্মণী পরস্পরং ন বিরুধ্যেতে বিভিন্নবিষয়ত্বাৎ সম্প্রতিপন্নরূপরসজ্ঞানবদিত্যর্থঃ। ভোগ্যমিথ্যাত্বজ্ঞানং ভোগবাধকং ন ভবতীত্যেতৎ ক্ব দৃষ্টমিত্যাশঙ্ক্যাহ—জানদ্ভিরিতি। ঐন্দ্রজাল-বিনোদ ইন্দ্রজালসম্বন্ধিচমৎকারবিশেষঃ জানদ্ভিরপীন্দ্রজালত্বং জানদ্ভিরপ্যবলোক্যতে ইতি প্রসিদ্ধমিত্যর্থঃ ॥১৭৬॥

কিঞ্চ বিদ্যাপ্রারব্ধকর্ম্মণোর্বিরোধোঽস্তীতি বদন্ বাদী প্রষ্টব্যঃ—কিং প্রারব্ধং কর্ম্ম বিদ্যাবিরোধীত্যুচ্যতে উত বিদ্যা প্রারব্ধকর্ম্মবিরোধিনীতি? নাদ্য ইত্যাহ—জগৎসত্যত্বমিতি। প্রারব্ধং কর্ম্ম জগতো ভোগ্যজাতস্য সত্যত্বমবাধ্যত্বমাপাদ্য সম্পাদ্য যদি ভোজয়েজ্জীবস্য সুখদুঃখে দদ্যাৎ তদা বিদ্যাবিষয়স্য মিথ্যাত্বস্যাপহারাৎ বিদ্যায়া বিরোধি স্যাৎ ন চ তথা করোতি কিন্তু ভোগমেব প্রযচ্ছতি, অতো ন বিদ্যাবিরোধি প্রারব্ধমিতি ভাবঃ। ভোগবলাদেব ভোগ্যস্য সত্যত্বমপি স্যাদিত্যাশঙ্ক্যাহ—ভোগমাত্রাদিতি। বিমতং জগৎ সত্যং ভোগ্যত্বাদিত্যত্র দৃষ্টান্তাভাব ইতি ভাবঃ ॥ ১৭৭ ॥

---

পূর্ব্বোক্ত প্রকার উভয়ের ভিন্ন ভিন্ন বিষয়ের সত্তা প্রযুক্ত আত্মতত্ত্বজ্ঞান ও প্রারব্ধ কর্ম্ম পরস্পর বিরোধী হয় না, যেহেতু লোকে প্রত্যক্ষ দেখা যাইতেছে, যে ব্যক্তি ঐন্দ্রজালিক পদার্থের স্বরূপ জানেন, তাঁহারও তাহা দেখিলে আমোদ জন্মে। অতএব বিভিন্ন বিষয় প্রযুক্ত প্রারব্ধ কর্ম্ম কখনই আত্মতত্ত্বজ্ঞানের বাধক হইতে পারে না। ১৭৬।

যদি প্রারব্ধ কর্ম্ম এই নশ্বর জগৎকে সত্য বোধ করাইয়া ভোগ সম্পাদন করে, তাহা হইলে সেই প্রারব্ধ কর্ম্ম তত্ত্বজ্ঞানের বিরোধী হয়, ভোগ করিলেই

---

* ঐন্দ্রজালো বিনোদ ইত্যস্মদ্দেশীয়পুস্তকপাঠঃ।

অনূনো জায়তে ভোগঃ কল্পিতৈঃ স্বাপ্নবস্তুভিঃ।
জাগ্রদ্‌বস্তুভিরপ্যেবমসত্যৈর্ভোগ ইষ্যতাম্ ॥ ১৭৮ ॥
যদি বিদ্যাপহ্নুবীত জগৎপ্রারব্ধঘাতিনী।
তদা স্যান্ন তু মায়াত্ববোধেন তদপহ্নবঃ ॥ ১৭৯ ॥
অনপহ্নুত্য লোকাস্তদিন্দ্রজালমিদন্ত্বিতি।
জানন্ত্যেবানপহ্নুত্য ভোগং মায়াত্বধীস্তথা ॥ ১৮০ ॥
যত্র ত্বস্য জগৎ স্বাত্মা পশ্যেৎ কস্তত্র কেন কিম্।

---

নন্থ মিথ্যাপদার্থৈর্ভোগো ভবতি ইত্যত্রাপি দৃষ্টান্তো নাস্তীত্যাশঙ্ক্যাহ—অনূন ইতি ॥ ১৭৮ ॥

নাপি দ্বিতীয় ইত্যাহ—যদি বিদ্যাপহ্নুবীতেতি। বিদ্যা যদি জগদ্‌ভোগ্যজাতমপহ্নুবীত নেদং রজতমিতি নিষেধকজ্ঞানবৎ প্রতীয়মানস্য ভোগ্যস্য স্বরূপং বিলাপয়েৎ তদা প্রারব্ধকর্ম্ম-ভোগস্য সুখদুঃখানুভবস্য সাধনাপহারেণ প্রারব্ধকর্ম্মবিঘাতিনী স্যাৎ, ন চ তথাকরোতি কিন্তু মিথ্যাত্বমেব বোধয়তি, অতো ন প্রারব্ধকর্ম্মবিরোধিনীতি ভাবঃ। নন্থ মিথ্যাত্ববোধনাদেব স্বরূপমপি বিলাপয়েদিত্যাশঙ্ক্যাহ,—ন ত্বিতি। ইন্দ্রজালাদৌ স্বরূপবিলাপনমন্তরেণাপি মিথ্যাত্বজ্ঞানদর্শনাদিতি ভাবঃ ॥ ১৭৯ ॥

এতদেব প্রপঞ্চয়তি,—অনপহ্নুত্যেতি। লোকা জনাস্তদিন্দ্রজালস্বরূপমনপহ্নুত্য অনিরস্য ইদমিন্দ্রজালমিতি জানন্ত্যেব যথা তথা ভোগং ভোগ্যমনপহ্নুত্য অবিলাপ্য মায়াত্বধীর্জগ-মিথ্যাত্বজ্ঞানং ভবতীত্যর্থঃ ॥ ১৮০ ॥

যত্র ত্বস্য সর্ব্বমাত্মৈবাভূৎ তৎ "কেন কং পশ্যেৎ" ইত্যাদি শ্রুতিভির্দ্বৈতদর্শনদৃশ্যাভাবং বোধয়-

---

যে তাহা সত্য হইবে এমন নহে। যেমন স্বপ্নাবস্থাতে কল্পিত বস্তু দ্বারাও প্রভূত ভোগ হয়, তদ্রূপ জাগ্রৎ অবস্থাতেও অসত্য বস্তু দ্বারাই ভোগ হয়, ইহাই সিদ্ধান্ত কর। ১৭৭।১৭৮।

যদি পরমাত্ম-তত্ত্ববিদ্যা জগতের ভোগ্য বস্তুর নাশ করিত, তবে তাহাকে প্রারব্ধ কর্ম্মের নাশক বলিয়া স্বীকার করা যাইত, বস্তুতঃ তাহা নহে, কেবল তদ্দ্বারা ভোগ্য বস্তুর মায়িকত্ব মাত্র বোধ হয়, তাহাতে তাহার নাশ হয় না; প্রারব্ধ কর্ম্মের বিরোধী বলা যাইতে পারে না)। ১৭৯।

যেমন কোন ইন্দ্রজালনির্ম্মিত পদার্থের বিনাশ না করিয়াও তাহা ইন্দ্রজাল বলিয়া অবগত হওয়া যায়, তদ্রূপ জগতের সমুদায় ভোগ্য বস্তুর অপহ্নব না করিয়া কেবল তাহার মায়িকত্বও অবগত হওয়া যায়। ১৮০।

যদি বল, শ্রুতিতে ভূয়োভূয় উক্ত হইয়াছে যে, যে অবস্থাতে বিবেকী

কিং জিঘ্রেৎ কিং বদেদ্বেতি শ্রুতৌ তু বহু ঘোষিতম্ ॥১৮১॥
তেন দ্বৈতমপহ্নুত্য বিদ্যোদেতি ন চান্যথা।
তথাচ বিদুষো ভোগঃ কথং স্যাদিতি চেৎ শৃণু ॥ ১৮২ ॥
সুষুপ্তিবিষয়া মুক্তিবিষয়া বা শ্রুতিস্ত্বিতি।
উক্তং স্বাপ্যয়সম্পত্ত্যোরিতি সূত্রে হ্যতিস্ফুটম্ ॥ ১৮৩ ॥
অন্যথা যাজ্ঞবল্ক্যাদেরাচার্য্যত্বং ন সম্ভবেৎ।
দ্বৈতদৃষ্টাববিদ্বত্তা দ্বৈতাদৃষ্টৌ ন বাগ্বদেৎ ॥ ১৮৪ ॥

---

ত্যতো বিদ্যোৎপদ্যমানা জগদ্ বিলাপয়েদেব, এবং সতি বিদুষো ভোগঃ কথং স্যাদিতি শ্রুত্যবষ্টম্ভেন শঙ্কতে শ্লোকদ্বয়েন,—যত্র ত্বস্যেতি। যত্র তু যস্যাং বিদ্যাবস্থায়াং কৃৎস্নং জগদস্য বিদুষঃ স্বাত্মৈবাভূৎ ইদং সর্ব্বং যদয়মাত্মেতি জ্ঞানেন স্বরূপমেব ভবতি তত্র তস্যাং দশায়াং কো দ্রষ্টা কেন সাধনেন চক্ষুষা কিং দৃশ্যং রূপজাতং পশ্যেৎ এবং ঘ্রাণলক্ষণেন কিং কুসুমাদিকং জিঘ্রেৎ, কিং বাক্যং কেন বাগিন্দ্রিয়েণ বা বদেৎ এবমিতরেন্দ্রিয়ব্যাপারাভাবদ্যোতনায় বাশব্দঃ, ইত্যেবম্প্রকারেণ শ্রুতৌ বহুবারমভিহিতমিত্যর্থঃ ॥ ১৮১ ॥

ততঃ কিমিত্যত আহ,—তেন দ্বৈতমিতি। স্বাপ্যয়সম্পত্ত্যোরন্যতরাপেক্ষমাবিষ্কৃতং হীত্যস্মিন্ সূত্রে যত্র ত্বস্যেত্যুদাহৃতায়াঃ শ্রুতেঃ সুষুপ্তিমোক্ষয়োরন্যতরবিষয়ত্বেন ব্যাখ্যাতত্বাৎ ন বিদ্যয়া জগদপহ্নব ইতি পরিহরতি,—শৃণ্বিতি ॥ ১৮২ ॥

সুষুপ্তীতি। স্বাপ্যয়ঃ সুষুপ্তিঃ সম্পত্তির্মুক্তিরিত্যর্থঃ ॥ ১৮৩ ॥

অস্যাঃ শ্রুতেঃ সুষুপ্ত্যাদিবিষয়ত্বানঙ্গীকারে বাধকমাহ—অন্যথা যাজ্ঞবল্ক্যাদেরিতি। তত্রোপপত্তিমাহ,—দ্বৈতদৃষ্টাবিতি, যাজ্ঞবল্ক্যাদির্যদি দ্বৈতং পশ্যেৎ তর্হি তদাদ্বৈতজ্ঞানাভাবান্না-

---

ব্যক্তির সর্ব্ববস্তুকে স্বীয় আত্মার সহিত অবিশেষ জ্ঞান হয়, তখন আর কে কাহাকে দেখিবে, কে কাহার আঘ্রাণ লইবে, কে কি কহিবে? অতএব সে অবস্থাতে দ্বৈতবিনাশ ব্যতিরেকে কখনই আত্মবিদ্যার উদয় হওয়া সম্ভবে না, তাহাতে অদ্বৈত তত্ত্বজ্ঞানীর কি প্রকারে বিষয়ভোগ সম্ভব হয়? ১৮২।

তবে ইহার উত্তর শুন,—যে শ্রুতি তুমি প্রদর্শন করিলে তাহা জ্ঞানসাধন অবস্থা সম্বন্ধে নহে; যেহেতু, "স্বাপ্যয়সম্পত্ত্যোঃ"—এই শারীরক সূত্রে এ শ্রুতির সুষুপ্তি-অবস্থাবিষয়ত্ব বা মুক্তি-অবস্থাবিষয়ত্ব বিস্তারিতরূপে নির্ণীত হইয়াছে; তাহা যদি অস্বীকার কর, তবে প্রসিদ্ধ তত্ত্বজ্ঞানী যাজ্ঞবল্ক্য প্রভৃতির আচার্য্যত্ব অসম্ভব হয়,—কারণ তোমার মতে দ্বৈতদৃষ্টি থাকিলে জ্ঞানী হয় না, আর দ্বৈতরহিত হইলে বাক্যপ্রয়োগ সম্ভব হয় না। ১৮৩।১৮৪।

নির্ব্বিকল্পসমাধৌ তু দ্বৈতাদর্শনহেতুতঃ।
সৈবাপরোক্ষবিদ্যেতি চেৎ সুষুপ্তিস্তথা ন কিম্‌ ॥ ১৮৫ ॥
আত্মতত্ত্বং ন জানাতি সুপ্তৌ যদি তদা ত্বয়া।
আত্মধীরেব বিদ্যেতি বাচ্যং ন দ্বৈতবিস্মৃতিঃ ॥ ১৮৬ ॥
উভয়ং মিলিতং বিদ্যা যদি তর্হি ঘটাদয়ঃ।
অৰ্দ্ধবিদ্যাভাজিনঃ স্যুঃ সকলদ্বৈতবিস্মৃতেঃ ॥ ১৮৭ ॥

---

চার্য্যো ভবেৎ অথ দ্বৈতং ন পশ্যেৎ তর্হি বোধ্যশিষ্যাদ্যনুপলম্ভাৎ আচার্য্যবাক্যং শিষ্যং প্রতি বোধনায় ন প্রবর্ত্তেত অতো বিদ্যাসম্প্রদায়োচ্ছেদপ্রসঙ্গ ইতি ভাবঃ ॥ ১৮৪ ॥

নমু যাজ্ঞবল্ক্যাদানামাচার্য্যত্বদশায়াং, বিদ্যমানস্য জ্ঞানস্য বিদ্যাত্বমস্ত্যেব তথাপি তস্য নাপরোক্ষবিদ্যাত্বং দ্বৈতপ্রতীতিসদ্ভাবাৎ নির্ব্বিকল্পসমাধৌ তু দ্বৈতদর্শনাভাবাৎ সৈবাপরোক্ষ-বিদ্যেতি শঙ্কতে—নির্ব্বিকল্পসমাধৌ স্থিতি। দ্বৈতাপ্রতীতেরপ্যতিপ্রসঙ্গাপাদকত্বাৎ মৈবমিতি পরিহরতি—সুষুপ্তিস্তথা ন কিমিতি ॥ ১৮৫ ॥

অতিপ্রসঙ্গপরিহারং শঙ্কতে—আত্মতত্ত্বং ন জানাতীতি। সুষুপ্তৌ দ্বৈতদর্শনাভাবেঽপি আত্মগোচরজ্ঞানাভাবাৎ ন বিদ্যাত্বং তস্যা ইত্যর্থঃ। তর্হি প্রাপ্তং বিবেকজ্ঞানস্যৈব বিদ্যাত্বং ন দ্বৈতদর্শনাভাবস্যেত্যাহ,—তদা ত্বয়েতি ॥ ১৮৬ ॥

নমু দ্বৈতাদর্শনাত্মজ্ঞানয়োরুভয়োর্মিলিতয়োরেব বিদ্যাত্বং ন একৈকস্যেতি শঙ্কতে,—উভয়মিতি। দ্বৈতবিস্মৃতেরপি বিদ্যাংশত্বাঙ্গীকারে জড়স্যাপ্যর্দ্ধবিদ্যাত্বপ্রসঙ্গ ইতি পরিহরতি—তর্হীতি। তত্রোপপত্তিমাহ,—সকলদ্বৈতবিস্মৃতেরিতি ॥ ১৮৭ ॥

---

(যাজ্ঞবল্ক্য যখন উপদেশ প্রদান করিয়াছেন, তখন তাঁহার আত্মতত্ত্ব বিদ্যা থাকিলেও তাহা অপরোক্ষ বিদ্যা নহে, নির্ব্বিকল্প সমাধিতেই অপরোক্ষ বিদ্যা থাকে। এই মত খণ্ডনের জন্য কথিত হইতেছে যে—) যদি দ্বৈত বস্তুর অদর্শন হেতু নির্ব্বিকল্পক সমাধি অবস্থাকেও অপরোক্ষ পরমাত্মতত্ত্ব-বিদ্যা বলিয়া অঙ্গীকার কর, তবে সেই হেতুতেই সুষুপ্তি অবস্থা-কেও তদ্রূপ কেন না স্বীকার করিবে? যদি বল, সুষুপ্তি অবস্থাতে আত্ম-তত্ত্বজ্ঞান থাকে না বলিয়া তাহাকে তদ্রূপ স্বীকার করি না; তবে তুমি আত্ম-তত্ত্বজ্ঞানকেই আত্মতত্ত্ব-বিদ্যা বল, দ্বৈতবিস্মরণকে আর তাহা বলিও না, তাহা আমারও অভিপ্রেত বটে। ১৮৫।১৮৬।

যদি অদ্বৈত তত্ত্বজ্ঞান ও দ্বৈত-বিস্মরণ,—মিলিত এই উভয়কে পরমাত্ম-বিদ্যা বলিয়া স্বীকার কর, তবে ঘটাদি জড়পদার্থ সকলকে অৰ্দ্ধ-বিদ্যাভাজন

মশকধ্বনিমুখ্যানাং বিক্ষেপাণাং বহুত্বতঃ।
তব * বিদ্যা তথা ন স্যাৎ ঘটাদীনাং যথা দৃঢ়া ॥ ১৮৮ ॥
আত্মধীরেব বিদ্যেতি যদি তর্হি সুখীভব।
দুষ্টচিত্তং নিরুন্ধ্যাচ্চেন্নিরুন্ধি ত্বং যথাসুখম্ ॥ ১৮৯ ॥
তদিষ্টমেষ্টব্যমায়াময়ত্বস্য সমীক্ষণাৎ।
ইচ্ছন্নপ্যজ্ঞবন্নেচ্ছেৎ কিমিচ্ছন্নিতি হি শ্রুতম্ ॥ ১৯০ ॥

---

অস্মিন্নেব মতে সমাধিমতাং পুরুষাণামর্দ্ধবিদ্যাবত্ত্বমপি ন স্যাদিতি সোপহাসমাহ—মশকধ্বনিমুখ্যানামিতি। ঘটাদীনাং যথা দ্বৈতবিস্মরণং দৃঢ়ং তথা তব সমাধৌ দ্বৈতবিস্মরণং ন সম্ভবতি মশকধ্বন্যাদীনামনেকেষাং বিক্ষেপাণাং সদ্ভাবাদিত্যর্থঃ ॥ ১৮৮ ॥

নম্বাত্মজ্ঞানস্যৈব বিদ্যাত্বং ন দ্বৈতবিস্মৃতেরিতি শঙ্কতে,—আত্মধীরেবেতি। তদস্মাকমিষ্টমিত্যভিপ্রায়েণাশীর্বাদয়তি—তর্হি সুখীভবেতি। নম্বাত্মধীরেব বিদ্যা সা ন দুষ্টচিত্তে সম্ভবতি, অতশ্চিত্তদোষপরিহারায় চিত্তবৃত্তিনিরোধঃ কার্য্য ইতি শঙ্কামনুভাসতে—দুষ্টচিত্তমিতি। তদঙ্গীকরোতি—নিরুন্ধি ত্বমিতি ॥ ১৮৯ ॥

তদিষ্টমিতি। অস্মাকমপীতি শেষঃ। কুত ইত্যত আহ,—এষ্টব্যমায়াময়ত্বস্যেতি। চিত্তদোষাপগমে সতি অদ্বিতীয়াত্মজ্ঞানায় ইষ্যমাণং জগন্মায়াময়ত্বং সম্যগীক্ষ্যতে যতঃ অত ইষ্টমিত্যর্থঃ। এবং কিমিচ্ছন্নিতি মন্ত্রাংশেনাভিপ্রেতমর্থমুপপাদিতমুপসংহরতি—ইচ্ছন্নপ্যজ্ঞবদিতি। ইচ্ছন্নপি অজ্ঞবন্নেচ্ছেৎ অতঃ কিমিচ্ছন্নিতি শ্রুতমিতি যোজনা ॥ ১৯০ ॥

---

বলিতে হয়, যে হেতু তাহাদিগের অদ্বৈতজ্ঞান না থাকিলেও দ্বৈতস্মরণাভাব সদাই আছে। বিশেষতঃ ঘটাদির যেমন দৃঢ়তত্ত্ববিদ্যা হইতে পারে, মশকধ্বনি প্রভৃতি বিঘ্ন সম্ভাবনা হেতু তোমারও তাদৃশ দৃঢ়তত্ত্ববিদ্যা সম্ভবে না। ১৮৭।১৮৮।

পূর্ব্বোক্ত উভয় মিলিত অবস্থা পরিত্যাগ করিয়া যদি কেবল আত্মজ্ঞানকেই পরমাত্মতত্ত্ব-বিদ্যা বলিয়া স্বীকার কর, তবে সুখী হও (কারণ তাহা হইলে আমার মতেই প্রবিষ্ট হইলে)। পরমাত্মজ্ঞানকে তত্ত্ববিদ্যা বলিয়া অঙ্গীকার করি বটে, কিন্তু তাহা দুষ্ট মনে হয় না; অতএব মনোবৃত্তির নিরোধ আবশ্যক; (ইহা পূর্ব্বপক্ষবাদীর কথা, তাহার উত্তর এই যে) যথাসুখে তুমি তাহা নিরোধ কর; আমাদিগেরও তাহা ইষ্ট, কেননা চিত্তনিরোধ হইলে

---

* 'ভুঞ্জনা বা অপি' ইতি মুম্বয়ীপুস্তকপাঠ।

রাগো লিঙ্গমবোধস্য সন্তু রাগাদয়ো বুধে।
ইতি শাস্ত্রদ্বয়ং সার্থমেবং সত্যবিরোধতঃ ॥ ১৯১ ॥
জগন্মিথ্যাত্ববৎ স্বাত্মাসঙ্গত্বস্য সমীক্ষণাৎ।
কস্য কামায়েতি বচো ভোক্ত্রভাববিবক্ষয়া ॥ ১৯২ ॥
পতিজায়াদিকং সর্ব্বং তত্তদ্ভোগায় নেচ্ছতি।

---

এবমভিপ্রায়বর্ণনে কারণমাহ—রাগো লিঙ্গমিতি। "রাগো লিঙ্গমবোধস্য চিত্তব্যায়ামভূমিষু। কুতঃ শাদ্বলতা তস্য যস্যাগ্নিঃ কোটরে তরোঃ" ইতি তত্ত্ববিদো রাগনিষেধপরং শাস্ত্রম্। "শাস্ত্রার্থস্য সমাপ্তত্বান্মুক্তিঃ স্যাৎ তাবতা মিতে *। রাগাদয়ঃ সন্তু কামং ন তদ্ভাবোঽপরাধ্যতে" ইতি তস্যৈব রাগাঙ্গীকারপরঞ্চ শাস্ত্রম্। এবং সতি তত্ত্ববিদো দৃঢ়রাগাভাবে সতি শাস্ত্রদ্বয়ং সার্থমর্থবদ্ ভবতি অবিরোধতঃ রাগনিষেধপরস্য শাস্ত্রস্য দৃঢ়রাগবিষয়ত্বাৎ তদভ্যুপগমপরস্য শাস্ত্রস্য রাগাভাসবিষয়ত্বাদিতি ভাবঃ ॥ ১৯১ ॥

এবং কিমিচ্ছন্ ইত্যংশস্যাভিপ্রায়মুপবর্ণ্য কস্য কামায়েত্যংশস্যাভিপ্রায়মাহ—জগন্মিথ্যাত্ববদিতি। যথা জগন্মিথ্যাত্ববোধেন বাস্তবকাম্যাভাববিবক্ষয়া কিমিচ্ছন্নিত্যুক্তম্ এবমাত্মনোঽসঙ্গত্ববোধেন বাস্তবভোক্তৃত্বাভাববিবক্ষয়া কস্য কামায়েতি শ্রুত্যাভিহিতমিত্যর্থঃ ॥১৯২॥

নন্বাত্মনো ভোক্তৃত্বপ্রতিষেধস্তৎপ্রসক্তিপূর্ব্বকো বক্তব্যঃ সা তু ন বিদ্যতেঽসঙ্গত্বাদাত্মন ইত্যাশঙ্ক্য তস্যাঃ স্বানুভবসিদ্ধত্বাৎ নৈবমিত্যভিপ্রেত্য তদনুবাদিকাং শ্রুতিমর্থতোঽনুক্রামতি,

---

জগতের মায়াময়ত্ব সম্পূর্ণরূপে হৃদয়ঙ্গম হয়। অতএব ইচ্ছা হইলেও অজ্ঞের ন্যায় ইচ্ছা করিবে না, ইহাই 'কিমিচ্ছন্' এই অংশের তাৎপর্য্য। ১৮৯।১৯০।

কোন কোন শাস্ত্রে আছে যে, কামক্রোধাদি অজ্ঞানেরই চিহ্ন; আর কোন কোন শাস্ত্রে দৃষ্ট হয় যে জ্ঞানীতেও কাম-ক্রোধাদি থাকে। পূর্ব্বোক্ত বিচার দ্বারা বিরোধ পরিহারপূর্ব্বক তদুভয় শাস্ত্রের সঙ্গতি করা হইয়াছে। ১৯১

জ্ঞানী ব্যক্তিদিগের যেমন জগতের অনিত্যতা-জ্ঞান দৃঢ়তর হয়, তদ্রূপ আত্মার অসঙ্গত্ব জ্ঞানও দৃঢ়তর হয়, এই জন্যই 'কস্য কামায়' এই অংশ বচনে আছে, কাহার কামনার জন্য ইহাই তাহার অর্থ; তদ্দ্বারা ভোক্তৃত্বের অভাব বুঝান হইয়াছে। ১৯২।

যদি কেহ মনে করেন যে, আত্মার ভোক্তৃত্বই নাই, তবে এত কষ্ট স্বীকার করিয়া তাঁহার ভোক্তৃত্বনিবারণের আবশ্যকতা কি? তাহার সিদ্ধান্ত এই যে,—স্বরূপতঃ তাঁহার ভোক্তৃত্ব নাই বটে, কিন্তু অদ্বৈততত্ত্বজ্ঞানের পূর্ব্বাবস্থায়

---

* 'মুনে'রিত্যস্মদ্দেশীয়পুস্তকপাঠঃ।

কিন্ত্বাত্মভোগার্থমিতি শ্রুতাবুদ্‌ঘোষিতং বহু ॥ ১২৩ ॥
কিং কূটস্থশ্চিদাভাসোঽথ বা কিমুভয়াত্মকঃ।
ভোক্তা তত্র ন কূটস্থোঽসঙ্গত্বাদ্‌ ভোক্তৃতাং ব্রজেৎ ॥ ১২৪॥
সুখদুঃখাভিমানাখ্যো বিকারো ভোগ উচ্যতে।
কূটস্থশ্চ বিকারী চেত্যেতন্ন ব্যাহতং কথম্‌ ॥ ১২৫ ॥
বিকারিবুদ্ধ্যধীনত্বাদাভাসে বিকৃতাবপি।
নিরধিষ্ঠানবিভ্রান্তিঃ কেবলা নহি তিষ্ঠতি ॥ ১২৬ ॥

---

—পতিজায়াদিকমিতি। "ন বা অরে পত্যুঃ কামায় পতিঃ প্রিয়ো ভবতী"ত্যারভ্য "আত্মনস্তু কামায় সর্ব্বং প্রিয়ং ভবতী"ত্যন্তেন বাক্যসন্দর্ভেণ পতিজায়াদিপ্রপঞ্চস্যাত্মনো ভোগসাধনত্বং প্রতিপাদ্যতে, তত আত্মনো ভোক্তৃত্বপ্রসক্তিরিত্যর্থঃ ॥ ১১৩ ॥

এবমাত্মনো ভোক্তৃত্বং প্রদর্শ্য তদপবাদায় ভোক্তারং বিকল্পয়তি—কিমিতি। কিং কূটস্থস্য ভোক্তৃত্বম্‌ উত চিদাভাসস্য কিংবোভয়াত্মকস্যেতি বিকল্পার্থঃ। তত্র প্রথমং প্রত্যাহ—ভোক্তা তত্র ইতি ॥ ১১৪ ॥

অসঙ্গত্বমস্তু ভোক্তৃত্বমপ্যস্তু কো দোষ ইত্যাশঙ্ক্যাহ,—সুখদুঃখাভিমানাখ্য ইতি। সুখিত্ব-দুঃখিত্বাভিমানলক্ষণো বিকারো ভোগঃ সোঽসঙ্গস্য কূটস্থস্য ন যুজ্যতে কূটস্থত্ববিকারিত্বয়োরেকত্র সমাবেশাযোগাদিত্যর্থঃ ॥ ১১৫ ॥

নমু তর্হি বিকারিণশ্চিদাভাসস্য ভোক্তৃত্বং স্যাদিত্যাশঙ্ক্য বিকারিত্বেঽপি নিরধিষ্ঠানস্য তস্যৈবাসিদ্ধেমৈবমিতি পরিহরতি—বিকারিবুদ্ধ্যধীনত্বাদিতি। চিদাভাসস্য বিকারিবুদ্ধ্য-

---

অজ্ঞান বশতঃ ভোক্তৃত্ব বোধ হয়—এই জন্যই "তিনি পতি-পুত্র-পত্ন্যাদি যাহা কিছু কামনা করেন, সে কেবল আপনার ভোগের নিমিত্তই করেন, সেই পতি পুত্রাদির ভোগের নিমিত্ত তাহাদিগকে কামনা করেন না" ইহা অনেকানেক শ্রুতিতে উদাহৃত আছে। ১২৩।

কূটস্থ চৈতন্য ভোক্তা, কি আভাস চৈতন্য ভোক্তা, কিংবা উভয়ে মিলিত হইয়া ভোক্তা হ'ন? তাহার মধ্যে কূটস্থ চৈতন্যকে ভোক্তা বলিয়া স্বীকার করা যায় না, কারণ তিনি অসঙ্গ চৈতন্য। আর সুখ-দুঃখে অভিমানরূপ যে বিকার, তাহাকে ভোগ বলা যায়, সুতরাং এক বস্তুকেই কূটস্থ (অবিকারী) এবং বিকারী বলিলে বাক্যের অসঙ্গতি হয়। ১২৪।১২৫।

যদি কূটস্থ চৈতন্য ভোক্তৃপদবাচ্য না হইলেন, তবে বৈকারিক বুদ্ধিতে অধিষ্টিত আভাস চৈতন্য বিকারযুক্ত হইলেও তিনি ভোক্তা হইবেন কিরূপে?

উভয়াত্মক এবাতো লোকে ভোক্তা নিগদ্যতে।
তাদৃগাত্মানমারভ্য কূটস্থঃ শেষিতঃ শ্রুতৌ ॥ ১৯৭ ॥
আত্মা কতম ইত্যুক্তে যাজ্ঞবল্ক্যো বিবোধয়ন্।
বিজ্ঞানময়মারভ্যাসঙ্গং তং পর্য্যশেষয়ৎ ॥ ১৯৮ ॥
কোঽয়মাত্মেত্যেবমাদৌ সর্ব্বত্রাত্মবিচারতঃ।

---

ধীনত্বাৎ তস্মিন্ বিকারে সম্ভবত্যপি তস্যারোপিতস্যারোপিতস্বরূপত্বেনাধিষ্ঠানভূতং কূটস্থং বিহায় স্বাতন্ত্র্যেণাবস্থানাসম্ভবাৎ কেবলচিদাভাসস্যাপি ভোক্তৃত্বং ন সম্ভবতীতি ভাবঃ ॥ ১৯৬ ॥

তস্মাৎ তৃতীয়ঃ পক্ষঃ পরিশিষ্যত ইত্যাহ,—উভয়াত্মক এবেতি। যত একৈকস্য ভোক্তৃত্বং ন সম্ভবতি অত উভয়াত্মকঃ সাধিষ্ঠানশ্চিদাভাস এব লোকে ব্যবহারদশায়াং ভোক্তেত্যভিধীয়তে, পরমার্থতস্তু উভয়াত্মকত্বমেব ন ঘটত ইতি ভাবঃ। নন্ব "অসঙ্গো হ্যয়ং পুরুষ" ইত্যাদাবসঙ্গত্বস্যেব "যোঽয়ং বিজ্ঞানময়ঃ প্রাণেষ্বি"ত্যাদৌ বুদ্ধিসাক্ষিত্বস্যাপি শ্রবণাদুভয়াত্মকং ভোক্তৃস্বরূপমপি পারমার্থিকমেব, স্যান্ন লৌকিকব্যবহারমাত্রসিদ্ধমিত্যাশঙ্ক্য শ্রুতেস্তত্র তাৎপর্য্যাভাবান্নৈবমিত্যাহ,—তাদৃগাত্মানমারভ্যেতি। তাদৃগাত্মানং · বুদ্ধ্যুপাধিকং ভোক্তৃরূপমাত্মানমারভ্যানূদ্য কূটস্থঃ বুদ্ধ্যাদিকল্পনাধিষ্ঠানভূতশ্চিদাত্মা শেষিতঃ বুদ্ধ্যাদ্যনাত্মনিরসনেন পরিশেষিতঃ শ্রুতৌ বৃহদারণ্যকাদাবিত্যর্থঃ ॥ ১৯৭ ॥

তত্র বৃহদারণ্যকবাক্যার্থং তাবৎ সংক্ষিপ্য দর্শয়তি,—আত্মা কতম ইতি। জনকেন কতম আত্মেত্যেবমাত্মনি পৃষ্টে সতি যাজ্ঞবল্ক্যস্তং বিবোধয়ন্ "যোঽয়ং বিজ্ঞানময়ঃ প্রাণেষ্বি"-ত্যাদিনা বিজ্ঞানময়মুপক্রম্য "অসঙ্গো হ্যয়ং পুরুষ" ইত্যসঙ্গং কূটস্থং পরিশেষিতবানিত্যর্থঃ ॥ ১৯৮ ॥

এবং বৃহদারণ্যকেঽসঙ্গাত্মপরিশেষপ্রকারং প্রদর্শ্য ঐতরেয়াদিশ্রুত্যন্তরেষপি তদ্ দর্শয়তি—কোঽয়মাত্মেত্যেবমাদাবতি। কোঽয়মাত্মেতি বয়মুপাস্মহে কতরঃ স আত্মেত্যেবমাদাবাত্ম-

---

কারণ আভাস চৈতন্য কেবল প্রতিবিম্বমাত্র, তাহা অসত্য ; স্বরূপতঃ তাহাকে ভোক্তৃত্বের অধিষ্ঠানরূপে স্বীকার করা যায় না এবং অধিষ্ঠানশূন্য ভ্রান্তিও সম্ভব হয় না। ১৯৬।

মিলিত সেই উভয়কে লোকে ভোক্তা বলিয়া স্বীকার করে, ফলে কিন্তু উভয়ই নাই, একই আছে। শ্রুতিতে উভয়স্বরূপ আত্মার কথা আরম্ভ করিয়া একমাত্র কূটস্থ আত্মার সত্তাই শেষ সিদ্ধান্ত হইয়াছে। ১৯৭।

জনক রাজা যাজ্ঞবল্ক্যের নিকটে "কোন্ বস্তু আত্মা" এই প্রশ্ন করিয়াছিলেন, তাহাতে যাজ্ঞবল্ক্যও তাঁহার বিশেষরূপে বোধের নিমিত্ত বিজ্ঞানময়

উভয়াত্মকমারভ্য কূটস্থঃ শেষ্যতে শ্রুতৌ ॥ ১৯৯ ॥

কূটস্থসত্যতাং স্বস্মিন্নধ্যস্যাত্মা বিবেকতঃ।

তাত্ত্বিকীং ভোক্তৃতাং মত্বা ন কদাচিজ্জিহাসতি ॥ ২০০ ॥

ভোক্তা স্বস্যৈব ভোগায় পতিজায়াদিমিচ্ছতি।

এষ লৌকিকবৃত্তান্তঃ শ্রুত্যা সম্যগনূদিতঃ ॥ ২০১ ॥

ভোগ্যানাং ভোক্তৃশেষত্বান্মা ভোগ্যেষ্বনুরজ্যতাম্।

---

বিচারেণান্তঃকরণোপাধিমাত্মানমারভ্য প্রজ্ঞানমাত্রাত্মকঃ কূটস্থঃ পরিশেষিতঃ। এবমন্যত্রাপি দ্রষ্টব্যম্। এবমুক্তশ্রুতিপর্য্যালোচনায়াম্ উভয়াত্মকস্য ভোক্তুর্মিথ্যাত্বং পারমার্থিকস্যাসঙ্গস্য কূটস্থস্যাভোক্তৃত্বং সিদ্ধম্ ॥ ১৯৯ ॥

নন্বুক্তরীত্যা ভোক্তুর্মিথ্যাত্বে প্রাণিনাং তস্মিন্ সত্যত্ববুদ্ধিঃ কুতো জায়ত ইত্যাশঙ্ক্যাহ—কূটস্থসত্যতামিতি। আত্মা লোকপ্রসিদ্ধো ভোক্তা অবিবেকতঃ স্বস্য কূটস্থাদ্বিবেকজ্ঞানাভাবেন কূটস্থনিষ্ঠং সত্যত্বমাত্মন্যধ্যস্য তদ্দ্বারা স্বনিষ্ঠস্য ভোক্তৃত্বস্যাপি সত্যতাং মত্বা ভোগং কদাচিদপি ন হাতুমিচ্ছতি॥ ২০০ ॥

নন্বু তর্হি 'আত্মনস্তু কামায় সর্ব্বং প্রিয়ং ভবতী'ত্যাত্মশেষত্বং ভোগ্যস্য কথং প্রতিপাদ্যতে ইত্যাশঙ্ক্য ন কূটস্থাত্মশেষত্বং প্রতিপাদ্যতে, কিন্তু লোকপ্রসিদ্ধোভয়াত্মকভোক্তৃশেষত্বমেব শ্রুত্যানূদ্যত ইত্যাহ,—ভোক্তা স্বস্যৈব ভোগায়েতি। লোকো যো ভোক্তা স স্বস্যৈব ভোগায় পতিজায়াদিভোগোপকরণমিচ্ছতীত্যয়ং লোকবৃত্তান্তঃ শ্রুত্যা সম্যগনূদিতঃ, নার্থান্তরং প্রতিপাদ্যত ইত্যর্থঃ। ২০১ ॥

অনুবাদঃ কিমিত্যাশঙ্ক্য ভোক্তর্য্যেব প্রেমবিধানায়েত্যাহ,—ভোগ্যানামিতি। ভোগ্যানাং

---

হইতে আরম্ভ করিয়া তত্ত্ব তত্ত্ব রূপে অবশেষে অসঙ্গচৈতন্যে পর্য্যবসান করিয়াছিলেন। 'কোঽয়মাত্মা' ইত্যাদি সকল শ্রুতিতেই আত্মবিচারপ্রসঙ্গে উভয়াত্মক হইতে আরম্ভ করিয়া পরিশেষে একমাত্র কূটস্থেরই আত্মত্ব স্বীকৃত হইয়াছে। ১৯৮।১৯৯।

যদিও পূর্ব্বোক্ত বিচার দ্বারা ভোক্তার অভাব সিদ্ধ হইল, তথাপি লোকে অবিবেকবশতঃ কূটস্থ চৈতন্যের সত্যত্ব আভাস-চৈতন্যে অধ্যাস করত ভোগের সত্যতা ভ্রমে তাহাকে আর পরিত্যাগ করিতে ইচ্ছা করে না। এবং ভোক্তা আপনারই ভোগের নিমিত্ত পতি-জায়াদি ইচ্ছা করেন, এই যে লৌকিক বৃত্তান্ত, ইহাই শ্রুতিতে সম্যক্ প্রকারে কথিত হইয়াছে। ২০০।২০১।

ভোক্তর্য্যেব প্রধানেঽতোঽনুরাগং তং বিধিৎসতি ॥ ২০২ ॥

যা প্রীতিরবিবেকানাং বিষয়েষ্বনপায়িনী।

ত্বামনুস্মরতঃ সা মে হৃদয়ান্মাপসর্পতু ॥ ২০৩ ॥

ইতি ন্যায়েন সর্ব্বস্মাৎ ভোগ্যজাতাদ্‌বিরক্তধীঃ।

উপসংহৃত্য তাং প্রীতিং ভোক্তর্য্যেনং বুভুৎসতে ॥ ২০৪ ॥

স্রক্‌চন্দনবধূবস্ত্র-স্বর্ণাদিষু পামরঃ।

---

পতিজায়াদীনাং ভোক্তুঃ স্বস্য ভোগোপকরণাত্বৎ ভোগ্যেষ্বনুরাগো ন কর্ত্তব্যঃ কিন্তু প্রধানভূতে ভোক্তর্য্যেবানুরাগঃ কর্ত্তব্য ইতি বিধানায়েত্যর্থঃ ॥ ২০২ ॥

ভোগ্যেষু প্রেমত্যাগপুরঃসরমাত্মপ্রেমকর্ত্তব্যতায়াং দৃষ্টান্তত্বেনেশ্বরে প্রেমপ্রার্থনাপুরঃসরং পুরাণবচনমুদাহরতি—যা প্রীতিরিতি। অবিবেকানামাত্মজ্ঞানশূন্যানাং বিষয়েষ্বনপায়িনী দৃঢ়া যা প্রীতিরস্তি হে মাপ লক্ষ্মীপতে, সা প্রীতিস্ত্বামনুস্মরতস্ত্বাং সদা চিন্তয়তো মম হৃদয়াৎ মনসঃ সর্পতু অপগচ্ছতু, মম মনো বিষয়েষ্বাসক্তিং পরিত্যজ্য ত্বয্যেব তিষ্ঠতু ইত্যর্থঃ। যদ্বা অবিবেকানাং বিষয়েষু যা যাদৃশী দৃঢ়া প্রীতিরস্তি সা তাদৃশী বিষয়েষু বিদ্যমানা প্রীতিস্ত্বামনুস্মরতো মে হৃদয়ান্মাপগচ্ছতু সদা তিষ্ঠত্বিত্যর্থঃ ॥ ২০৩ ॥

তদুক্তমেবং পুরাণে, শ্রুতৌ কিমায়াতমিত্যত আহ,—ইতি ন্যায়েনেতি। ইত্যনেন পুরাণোক্তন্যায়েন সর্ব্বস্মাৎ ভোগ্যজাতাৎ পতিজায়াদিলক্ষণাদ্‌বিরক্তধীঃ বিরক্তা বীর্যস্যাসৌ বিরক্তধীঃ পুরুষঃ তাং ভোগ্যগোচরাং প্রীতিং ভোক্তর্য্যাত্মন্যুপসংহৃত্য এনমাত্মানং বুভুৎসতে বোদ্ধুমিচ্ছতি ॥ ২০৪ ॥

এবমাত্মন্যেব প্রেমোপসংহারে ফলিতং সদৃষ্টান্তমাহ—স্রকৃচন্দনেতি। পামরঃ পৃথগ্জনঃ

---

সমুদায় ভোগ্য পদার্থ ভোক্তার অধীন; সুতরাং তাহাতে অনুরাগ প্রকাশ করা বৃথা, অতএব তদ্বিষয়ে স্বাধীন ভোক্তার সত্য স্বরূপের প্রতিই সে অনুরাগ করা বিধেয়, ইহা বুঝাইবার জন্যই শ্রুতিতে 'পতি-জায়াদি আত্মভোগের নিমিত্ত', ইত্যাদি বিষয় কথিত হইয়াছে। (পুরাণে আছে) অজ্ঞানী ব্যক্তিদিগের অনিত্য বিষয়ে যে প্রকার দৃঢ়প্রীতি হয়, হে ঈশ্বর! তোমাকে স্মরণ করিতেছি যে, আমারও তোমার প্রতি তাদৃশ দৃঢ় প্রীতি অন্তঃকরণ হইতে যেন বিচ্যুত না হয়। ২০২।২০৩।

বৈরাগ্যযুক্ত ব্যক্তি এই রীতি অনুসারে বিবেক জ্ঞান দ্বারা অনিত্য-ভোগ্যবস্তু হইতে দৃঢ়তর প্রীতিকে আনয়ন করিয়া ভোক্তার সত্য স্বরূপে তাহা দৃঢ়রূপে স্থাপন করত তাঁহাকে জানিতে ইচ্ছা করে। অজ্ঞানী ব্যক্তি

অপ্রমত্তো যথা তদ্বন্ন প্রমাদ্যতি ভোক্তরি ॥ ২০৫ ॥
কাব্যনাটকতর্কাদিমভ্যস্যতি নিরন্তরম্ ।
বিজিগীষুর্যথা তদ্বন্মুমুক্ষুঃ স্বং বিচারয়েৎ ॥ ২০৬ ॥
জপযাগোপাসনাদি কুরুতে শ্রদ্ধয়া যথা ।
স্বর্গাদিবাঞ্ছয়া তদ্বৎ শ্রদ্দধ্যাৎ স্বে মুমুক্ষয়া ॥ ২০৭ ॥
চিত্তৈকাগ্র্যং যথা যোগী মহায়াসেন সাধয়েৎ ।
অণিমাদিপ্রেপ্সয়ৈবং বিবিচ্যাৎ স্বং মুমুক্ষয়া ॥ ২০৮ ॥

---

স্রগাদিবিষয়ে যথা অপ্রমত্তঃ সাবধানো ভবতি এবং মুমুক্ষুরপি আত্মনি বিষয়ে ন প্রমাদ্যতি অনবধানং ন করোতি কিন্তু তচ্চিন্তয়ৈব তিষ্ঠতীত্যর্থঃ ॥ ২০৫ ॥

অনবধানাভাবমেব বহুভির্দৃষ্টান্তৈঃ স্পষ্টয়তি,—কাব্যনাটকেতি। যথা বিজিগীষুঃ প্রতিবাদিজয়কামঃ ইহ লোকে প্রধানঃ পুরুষো নিরন্তরং কাব্যাদীনভ্যস্যতি এবং মুমুক্ষুরপি সদাত্মানং বিচারয়েৎ ॥ ২০৬ ॥

জপযাগেতি। যথা বৈদিকঃ স্বর্গাদ্যর্থী তৎসাধনানি জপাদীনি শ্রদ্ধাপুরঃসরম্ অনুতিষ্ঠতি তথা মুমুক্ষুর্মোক্ষেচ্ছয়া স্বে শ্রৌতে আত্মনি বিশ্বাসং কুর্য্যাৎ ॥ ২০৭ ॥

চিত্তৈকাগ্র্যমিতি। যোগী যোগাভ্যাসবান্ অণিমাদ্যৈশ্বর্য্যলাভেচ্ছয়া মহায়াসেন চিত্তৈকাগ্র্যং যথা সম্পাদয়েৎ তদ্বদয়মপ্যাত্মানং সদা বিবিচ্যাৎ দেহাদিভ্যো বিবিচ্য জানীয়াদিত্যর্থঃ ॥ ২০৮ ॥

---

স্রক্, চন্দন, বধূ, বস্ত্র, এবং সুবর্ণ প্রভৃতি অনিত্য বিষয়ের প্রতি যেমন অপ্রমাদে অর্থাৎ সাবধানপূর্ব্বক দৃঢ়প্রীতি স্থাপন করে, বিবেকী ব্যক্তিও তদ্রূপ ভোক্তার সত্য স্বরূপের প্রতি সাবধান হইয়া দৃঢ়প্রীতি স্থাপন করিয়া থাকেন। ২০৪।২০৫।

যেমন বিজিগীষু ব্যক্তি নিরন্তর কাব্য নাটক তর্কাদি অভ্যাস করে, মুমুক্ষু ব্যক্তিও তদ্রূপ মুক্তির নিমিত্ত আত্মবিচার অভ্যাস করিবে। যেমন শ্রদ্ধাবান্ ব্যক্তি স্বর্গপ্রাপ্তি ইচ্ছা করিয়া শ্রদ্ধাপূর্ব্বক জপ যজ্ঞ উপাসনাদি করে, তদ্রূপ মুমুক্ষু ব্যক্তিও আত্মাতে শ্রদ্ধা করিবে। যেমন যোগী ব্যক্তি অণিমাদি সিদ্ধির নিমিত্ত অনেক আয়াসে চিত্তৈকাগ্রতা সাধন করেন, তদ্রূপ মুমুক্ষু ব্যক্তি আত্মতত্ত্ব জ্ঞান করিবে। ২০৬—২০৮।

কৌশলানি বিবর্দ্ধন্তে তেষামভ্যাসপাটবাৎ।
যথা তদ্বদ্ বিবেকোঽস্যাপ্যভ্যাসাদ্ বিশদায়তে ॥ ২০৯ ॥
বিবিক্তস্তা ভক্তিতত্ত্বং জাগ্রদাদিষ্বসঙ্গতা।
অন্বয়ব্যতিরেকাভ্যাং সাক্ষিণ্যধ্যবসীয়তে ॥ ২১০ ॥
যত্র যদ্ দৃশ্যতে দ্রষ্ট্রা জাগ্রৎস্বপ্নসুষুপ্তিষু।
তত্রৈব তন্নৈতরত্রেত্যনুভূতির্হি সম্মতা ॥ ২১১ ॥
স যৎ তত্রেক্ষতে কিঞ্চিৎ তেনানন্বাগতো ভবেৎ।

---

নন্বেবম্ এতেষাং সদাভ্যাসেন কিং ফলম্ ইত্যত আহ,—কৌশলানীতি। যথা তেষাং কাব্যাদ্যভ্যাসবতামভ্যাসপাটবেন তস্মিন্ তস্মিন্ বিষয়ে কৌশলানি বিবর্দ্ধন্তে এবমস্যাপি মুমুক্ষোরভ্যাসাদ্‌বিবেকো দেহাদিভ্য আত্মনো ভেদজ্ঞানং বিশদায়তে স্পষ্টং ভবতি ॥ ২০৯ ॥

বিবেকবৈশদ্যস্য ফলমাহ,—বিবিক্তেতি। অন্বয়ব্যতিরেকাভ্যাং ভোক্তৃতত্ত্বং ভোক্তুঃ পারমার্থিকস্বরূপং বিবিক্তং ভোগ্যজড়জাতেভ্যো ভেদেন জানতা পুরুষেণ জাগ্রদাদিষু জাগ্রৎ-স্বপ্নসুষুপ্তিষ্ববস্থাসু সাক্ষিণ্যসঙ্গতাধ্যবসীয়তে নিশ্চীয়ত ইত্যর্থঃ ॥ ২১০ ॥

অন্বয়ব্যতিরেকৌ দর্শয়তি,—যত্রেতি। জাগ্রদাদিষু মধ্যে যত্র যস্মিন্ স্থানে জাগ্রতি স্বপ্নে সুষুপ্তৌ বা যৎ স্থূলং সূক্ষ্মমানন্দশ্চেতি ত্রিবিধং ভোগ্যং দ্রষ্ট্রা সাক্ষিণা দৃশ্যতেঽনু-ভূয়তে তদ্‌দৃশ্যং তত্রৈব তস্যামবস্থায়াং তিষ্ঠতি ইতরত্র ন ইতরস্যামবস্থায়াং নাস্তি, দ্রষ্টা তু সর্বত্রানুগততয়া বর্ত্তত ইত্যনুভবঃ সর্ব্বসম্মতঃ, হি প্রসিদ্ধমেতদিত্যর্থঃ ॥ ২১১ ॥

ন কেবলমনুভবঃ কিন্ত্বাগমোঽপীত্যভিপ্রায়েণ "স যৎ তত্র কিঞ্চিৎ পশ্যত্যনন্বাগতস্তেন ভবত্যসঙ্গো হ্যয়ং পুরুষঃ স বা এষ এতস্মিন্ সম্প্রসাদে রত্বাচরিত্বা দৃষ্টৈব পুণ্যঞ্চ পাপঞ্চ

---

যেমন বিজিগীষু শ্রদ্ধাবান্ এবং যোগীদিগের পূর্ব্বোক্ত বিষয়ে অভ্যাসের পটুতা দ্বারা কৌশল বৃদ্ধি হয়, তদ্রূপ মুমুক্ষু ব্যক্তির আত্মবিচার অভ্যাস দ্বারা ক্রমশঃ বিবেক জ্ঞান নির্ম্মলীকৃত হয়, তাহা হইলে ভোক্তৃতত্ত্ব বিবেচনা-বশতঃ অন্বয়-ব্যতিরেক দ্বারা সাক্ষিচৈতন্যে জাগ্রদাদি অবস্থাত্রয়েই অসঙ্গ স্বরূপনিশ্চয় হয়। ২০৯।২১০।

দ্রষ্টা জীব জাগ্রৎ, স্বপ্ন ও সুষুপ্তির মধ্যে যে অবস্থাতে যে পদার্থ উপ-লব্ধি করেন, তাহা সেই অবস্থারই পদার্থ, অন্য অবস্থায় পদার্থ অন্যত্র উপলব্ধ হয় না। ২১১।

পূর্ব্বোক্ত জীব সেই সকল স্বপ্নাদি অবস্থাতে যে সকল বিষয় উপলব্ধি করেন, তাহার সহিত তিনি অবস্থান্তরে গমন করেন না; কিন্তু যে অবস্থাতে

দৃষ্টৈব পুণ্যং পাপঞ্চেত্যেবং শ্রুতিষু ডিণ্ডিমঃ ॥ ২১২ ॥
জাগ্রৎস্বপ্নসুষুপ্ত্যাদিপ্রপঞ্চং যৎ প্রকাশতে।
তদ্ ব্রহ্মাহমিতি জ্ঞাত্বা সর্ব্ববন্ধৈঃ প্রমুচ্যতে ॥ ২১৩ ॥
এক এবাত্মা মন্তব্যো জাগ্রৎস্বপ্নসুষুপ্তিষু।
স্থানত্রয়ব্যতীতস্য পুনর্জ্জন্ম ন বিদ্যতে ॥ ২১৪ ॥
ত্রিষু ধামসু যদ্ ভোগ্যং ভোক্তা ভোগশ্চ যদ্ভবেৎ।
তেভ্যো বিলক্ষণঃ সাক্ষী চিন্মাত্রোঽহং সদাশিবঃ ॥ ২১৫ ॥

---

পুনঃ প্রতিন্যায়ং প্রতিযোন্যাং দ্রবতী"ত্যাদি বাক্যদ্বয়মর্থতঃ পঠতি—স যৎ তত্রেতি। স আত্মা তত্র তস্যাম্ অবস্থায়াং যৎ কিঞ্চিৎ ভোগ্যম্ ঈক্ষতে পশ্যতি তেন দৃশ্যেনানাগতো ভবেদনুস্মৃত্য গতো ন ভবেৎ কিন্তু স্বয়মেবাবস্থান্তরং গচ্ছতীত্যর্থঃ। পুণ্যং পুণ্যফলং সুখং পাপং তৎফলং দুঃখঞ্চ দৃষ্ট্বৈবানাদায়েত্যর্থঃ ॥ ২১২ ॥

ভোক্তৃতত্ত্ববিবেচনপরাণি শ্রুত্যন্তরাণি দর্শয়তি,—জাগ্রৎস্বপ্নেতি। যৎ সত্যজ্ঞানানন্দলক্ষণং ব্রহ্ম সাক্ষিরূপেণাবস্থিতং তৎ জাগ্রদাদিপ্রপঞ্চং প্রকাশতে প্রকাশয়তি তদ্ব্রহ্মাহমস্মি ন বুদ্ধিচিদাভাসাদ্যহমস্মীতি জ্ঞাত্বা শ্রুত্যনুভবাভ্যাং নিশ্চিত্য সর্ব্বপ্রতিবন্ধৈঃ প্রমাতৃত্বকর্তৃত্বাদিভিঃ প্রমুচ্যতে প্রকর্ষেণ সর্ব্বাত্মনা মুচ্যতে ॥ ২১৩ ॥

এক এবাত্মেতি। জাগ্রদাদিষবস্থাসু এক এবাত্মা মন্তব্যঃ, এবং বিবেকজ্ঞানেন স্থানত্রয়ব্যতীতস্যাবস্থাত্রয়াৎ বিবিক্তস্যাত্মনঃ পুনর্জন্ম ন বিদ্যতে, এতচ্ছরীরপাতানন্তরং শরীরান্তরপ্রাপ্তির্নাস্তীত্যর্থঃ ॥ ২১৪ ॥

ত্রিষু ধামস্বিতি। ত্রিষু ধামসু ত্রিষবস্থানেষু যদ্ভোগ্যং স্থূলপ্রবিবিক্তানন্দরূপং যশ্চ ভোক্তা বিশ্বতৈজসপ্রাজ্ঞরূপো যশ্চ ভোগস্তদনুভবরূপশ্চেতি যে বিদ্যন্তে তেভ্যঃ স্থানাদিভ্যো

---

যে বিষয় উপভোগ করেন, তাহা সেই অবস্থাতেই থাকে। তিনি স্বয়ং অবস্থান্তরগত হন,—ইহা শ্রুতিতে পুনঃপুনঃ উক্ত হইয়াছে। ২১২।

পূর্ব্বোক্ত অবস্থাত্রয়রূপ প্রপঞ্চ সকল যিনি প্রকাশ করিতেছেন, সেই নিত্য চৈতন্য পরব্রহ্ম আমি, এই প্রকার যিনি জানেন তিনি সর্ব্বসংসারবন্ধন হইতে মুক্ত হন। সকল অবস্থাতে আত্মা একই মাত্র, তাঁহাকে যে ব্যক্তি তিন অবস্থা হইতে পৃথক্ করিয়া জানেন, তিনি জন্ম-মৃত্যু হইতে উত্তীর্ণ হন। অবস্থাত্রয়ে ভোক্তা, ভোগ্য ও ভোগ প্রভৃতি যে সকল পদার্থ আছে, আত্মা সে সমুদায় হইতে অতীত। তিনি মঙ্গলস্বরূপ চৈতন্যমাত্র, তিনিই আমি (এই বিচারকে তত্ত্ব বিচার বলা যায়)। ২১৩—২১৫।

এবং বিবেচিতে তত্ত্বে বিজ্ঞানময়শব্দিতঃ।
চিদাভাসো বিকারী যো ভোক্তৃত্বং তস্য শিষ্যতে॥ ২১৬॥
মায়িকোঽয়ং চিদাভাসঃ শ্রুতেরনুভবাদপি।
ইন্দ্রজালং জগৎ প্রোক্তং তদন্তঃপাত্যয়ং যতঃ॥ ২১৭॥
বিলয়োঽস্য সুষুপ্ত্যাদৌ সাক্ষিণা হ্যনুভূয়তে।
এতাদৃশং স্বস্বভাবং বিবিনক্তি পুনঃপুনঃ॥ ২১৮॥

---

বিলক্ষণো যশ্চিন্মাত্রস্বরূপঃ সাক্ষী সদাশিবঃ নিরতিশয়ানন্দরূপত্বেন সর্ব্বদা শোভনঃ পরমাত্মাস্মি সোঽহমস্মীত্যর্থঃ। ২১৫।

এবং বিবেকেনাত্মতত্ত্বেঽসঙ্গে নিশ্চিতে সতি ভোক্তৃত্বং কস্য ইত্যত আহ,—এবমিতি। যো বিজ্ঞানময়শব্দেনাভিধীয়মানঃ চিদাভাসস্তস্য বিকারিত্বাৎ ভোক্তৃত্বমিত্যর্থঃ॥ ২১৬॥

নন্য চিদাভাসাস্য ভোক্তৃত্বাঙ্গীকারে কস্য কামায়েতি বচো ভোক্তৃভাববিবক্ষয়েতি পূর্ব্বোক্তং ব্যাহন্যেত ইত্যাশঙ্ক্য তস্য বচনস্য পারমার্থিকভোক্তৃভাবপরত্বমভিপ্রেত্য ভোক্তু-শ্চিদাভাসস্য মিথ্যাত্বং সাধয়তি—মায়িকোঽয়মিতি। অহং চিদাভাসো মায়িকো মৃষাত্মকঃ শ্রুতেঃ জীবেশাবাভাসেন করোতীতি শ্রুতেঃ অনুভবাদপি দ্রষ্ট্রাদিত্রিতয়মধ্যবর্ত্তিত্বেনানু-ভূয়মানত্বাদপীত্যর্থঃ। তদেবোপপাদয়তি,—ইন্দ্রজালমিতি। ইন্দ্রজালবন্মিথ্যাভূতে জগত্যন্ত-র্ভূতত্বাদস্যাপি মিথ্যাত্বং তদ্বদনুভূয়তে বিদ্বদ্ভিরিতি শেষঃ। যস্মাজ্জগদন্তঃপাতী ইত্যতো মৃষেতি যোজনা॥ ২১৭॥

অস্য জগত ইব বিনাশিত্বানুভবাদপি মৃষাত্বমিত্যাহ—বিলয়োঽস্যেতি। মূর্চ্ছাদিরাদিশব্দার্থঃ। ভবতু মৃষাত্বং ততঃ কিমিত্যত আহ—এতাদৃশমিতি। যদা কূটস্থাদ্ বিবেচিতশ্চিদাভাসো মায়িকো জ্ঞাতস্তদা স্বস্বভাবং স্বতত্ত্বম্ এতাদৃশং মৃষাত্মকং পুনঃপুনর্বিবিনক্তি কূটস্থাদ্বিবিচ্য জানাতি॥ ২১৮॥

---

এইরূপে আত্মতত্ত্ব বিবেচিত হইলে, ( আত্মাকে আর ভোক্তা বলা যায় না, ) বিজ্ঞানময়-শব্দবাচ্য বিকারী আভাসচৈতন্যরূপ জীবকে ভোক্তা বলিতে হয়। এই জীবের স্বরূপ মায়াময়, ইহা শ্রুতি ও অনুভব দ্বারা জ্ঞাত আছে; যেহেতু জগৎ ইন্দ্রজালরূপে বর্ণিত হয়, সুতরাং তাহার অন্তঃপাতী এই জীবও মায়াময় ( অতএব বাস্তবিক ভোক্তৃত্ব তাহার থাকিতেই পারে না; এই জন্যই 'কস্য কামায়' বলা হইয়াছে )। ২২৬।২১৭।

সুষুপ্তি প্রভৃতি অবস্থাতে এই জীবের লয় হয়, সাক্ষিস্বরূপ কূটস্থ চৈতন্য তাহা অনুভব করেন। জীব এই প্রকার স্বীয় অনিত্য মায়িক স্বরূপ পুনঃ

বিবিচ্য নাশং নিশ্চিত্য পুনর্ভোগং ন বাঞ্ছতি।
মুমূর্ষুঃ শায়িতো ভূমৌ বিবাহং কোঽভিবাঞ্ছতি ॥ ২১৯ ॥
জিহ্রেতি ব্যবহর্ত্তুঞ্চ ভোক্তাহমিতি পূর্ব্ববৎ।
ছিন্ননাস ইব হ্রীতঃ ক্লিশ্যন্নারব্ধমশ্নুতে ॥ ২২০ ॥
যদা স্বস্যাপি ভোক্তৃত্বং মন্তুং জিহ্রেত্যয়ং তদা।
সাক্ষিণ্যারোপয়েদেতদিতি কৈব কথা বৃথা ॥ ২২ ॥
ইত্যভিপ্রেত্য ভোক্তারমাক্ষিপত্যবিশঙ্কয়া।
কস্য কামায়েতি ততঃ শরীরানুজ্বরো ন হি ॥ ২২২ ॥

---

ততোঽপি কিমত্যত আহ,—বিবিচ্য নাশমিতি। স্ববিনাশনিশ্চয়ে ভোগেচ্ছাভাবে দৃষ্টান্তমাহ,—মুমূর্ষুরিতি ॥ ২১৯ ॥

কিঞ্চ পূর্ব্ববদহং ভোক্তেতি ব্যবহর্ত্তুমপি লজ্জত ইত্যাহ জিহ্রেতীতি। তর্হি জ্ঞানোৎপত্ত্যনন্তরং প্রারব্ধাবসানপর্য্যন্তং কথং ব্যবহরতীত্যত আহ,—ছিন্ননাস ইতি। হ্রীতো লজ্জিতঃ ক্লিশ্যন্নেদানীমপি কর্ম্ম ক্ষীয়তে ইতি ক্লেশমনুভবন্ প্রারব্ধমশ্নুতে প্রারব্ধকর্ম্মফলং ভুঙ্‌ক্তে ইত্যর্থঃ ॥ ২২০ ॥

ইদানীং জ্ঞানানন্তরং সাক্ষিণো ভোক্তৃত্বাভাবঃ কৈমুতিকন্যায়সিদ্ধ ইত্যাহ—যদেতি। অয়ং চিদাভাসঃ স্বস্যাপি ভোক্তৃত্বং মন্তুম্ অহং ভোক্তেতি জ্ঞাতুং জিহ্রেতি বিলজ্জতে যদা তদা এতৎ স্বগতং ভোক্তৃত্বং সাক্ষিণ্যসঙ্গে আরোপয়েদিতি বৃথার্থশূন্যা কথা কৈব ন কাপীত্যর্থঃ ॥ ২২১ ॥

উক্তমর্থং শ্রুত্যারূঢ়ং করোতি—ইত্যভিপ্রেত্যেতি। 'কস্য কামায়ে'তি শ্রুতিরিত্থং

---

পুনঃ আলোচনা করেন, পরে বিচার দ্বারা আপনার মায়িক স্বরূপ নিশ্চয় করিয়া পুনর্ব্বার আর বিষয়ভোগে প্রবৃত্ত হন না; মুমূর্ষু অবস্থাতে ভূমিতে শয়ন করিয়া কে আর বিবাহ করিতে বাঞ্ছা করে? ২১৮।২১৯।

পূর্ব্বোক্ত সেই জ্ঞানী পুরুষ তখন আপনাকে ভোক্তা বলিয়া ব্যবহার করিতেও ঘৃণাবোধ করেন। তবে কেবল ছিন্ননাসিক ব্যক্তির ন্যায় লজ্জার সহিত ক্লিষ্ট হইয়াও অগত্যা প্রারব্ধ কর্ম্মের ফল ভোগ করেন মাত্র। জীব যখন আপনারও ভোক্তৃত্ব স্বীকার করিতে লজ্জাবোধ করেন, তখন যে অসঙ্গ সাক্ষিচৈতন্যে মিথ্যা ভোক্তৃত্বের আরোপ করিবেন একথা অসম্ভব।২২০।২২১।

শ্রুতি এই অভিপ্রায়েই 'কস্য কামায়' এই অংশ দ্বারা অশঙ্কিত ভাবে

স্থূলং সূক্ষ্মং কারণঞ্চ শরীরং ত্রিবিধং স্মৃতম্।
অবশ্যং ত্রিবিধোঽপ্যেব তত্র তত্রোচিতো জ্বরঃ ॥ ২২৩ ॥
বাতপিত্তশ্লেষ্মজন্যা ব্যাধয়ঃ কোটিশস্তনৌ।
দুর্গন্ধত্ব-কুরূপত্ব-দাহভঙ্গাদয়স্তথা ॥ ২২৪ ॥
কামক্রোধাদয়ঃ শান্তিদান্ত্যাদ্যা লিঙ্গদেহগাঃ।
জ্বরা দ্বয়েঽপি বাধন্তে প্রাপ্ত্যপ্রাপ্ত্যা নরং ক্রমাৎ ॥ ২২৫ ॥

---

চৈতন্যস্য চিদাভাসস্য বা পারমার্থিকভোক্তৃত্বাভাবমভিপ্রেত্যাবিশঙ্কয়া শঙ্কারাহিত্যেন ভোক্তা-মাক্ষিপন্তি নিরাকরোতি। ভবত্বেবং ভোক্ত্রাক্ষেপঃ ততঃ কিমিত্যত আহ—তত ইতি। জ্বরো জ্বরণং সন্তাপঃ ॥ ২২২ ॥

তত্ত্ববিদঃ শরীরানুজ্বরাভাবং দর্শয়িতুং শরীরভেদং তত্র তত্র জ্বরসম্ভাবঞ্চ দর্শয়তি,—স্থূলমিতি ॥ ২২৩ ॥

তত্র স্থূলশরীরে জ্বরাংস্তাবদাহ,—বাতপিত্তেতি ॥ ২২৪ ॥

সূক্ষ্মশরীরে জ্বরান্ দর্শয়তি,—কামেতি। কামাদীনাং শান্ত্যাদীনাঞ্চ জ্বরত্বমুপপাদয়তি জ্বরে ইতি। দ্বয়েঽপি দ্বিবিধা অপি ক্রমেণ প্রাপ্ত্যপ্রাপ্তিভ্যাং নরং বাধন্তে অতো জ্বর-সাম্যাৎ জ্বরা ইত্যুচ্যন্ত ইত্যর্থঃ ॥ ২২৫ ॥

---

ভোক্তার অভাব বুঝাইয়াছেন; সুতরাং শরীর সম্বন্ধ জন্য জ্বরের সম্ভাবনা জীবের আর থাকে না। ২২২।

(তত্ত্বজ্ঞ ব্যক্তিরা যে শরীর মাত্রেরই অনুবর্ত্তী হইয়া জ্বরপ্রাপ্ত ও সন্তাপিত হন না, তাহা নিরূপণ করিবার নিমিত্ত প্রথমতঃ বিবিধ শরীর ও তত্তৎ—শরীরবর্ত্তী জ্বর নির্ণয় করিতেছেন।) প্রাণিমাত্রেরই তিন প্রকার শরীর আছে, অর্থাৎ স্থূল শরীর, সূক্ষ্মশরীর ও কারণশরীর, উহাতে অবশ্য তত্তৎশরীরোচিত ত্রিবিধ জ্বরও বিদ্যমান আছে, তাহাতে সংশয় নাই। ২২৩।

স্থূল শরীরে জ্বর—বাতপিত্ত-শ্লেষ্মজনিত কোটি কোটি ব্যাধি। যথা—দুর্গন্ধত্ব, কুরূপত্ব, গাত্রদাহ এবং স্বরভঙ্গাদি। ২২৪।

কাম, ক্রোধ, লোভ, মোহ, মদ, মাৎসর্য্য এবং শম, দম, উপরতি, তিতিক্ষা, সমাধান, শ্রদ্ধা, ইহাদিগকে লিঙ্গশরীরের (সূক্ষ্ম শরীরের) জ্বর বলা যায়, এই দ্বিবিধ জ্বরই প্রাপ্তি ও অপ্রাপ্তি দ্বারা যথাক্রমে জীবের ক্লেশের কারণ হয়। ২২৫।

স্বং পরঞ্চ ন বেত্त্যাত্মা বিনষ্ট ইব কারণে।
আগামী দুঃখবীজঞ্চেত্যেতদিন্দ্রেণ দর্শিতম্ ॥ ২২৬ ॥
এতে জ্বরাঃ শরীরেষু ত্রিষু স্বাভাবিকা মতাঃ।
বিয়োগে তু জ্বরৈস্তানি শরীরাণ্যেব নাসতে ॥ ২২৭ ॥
তন্তোর্বিযুজ্যেত পটো বালেভ্যঃ কম্বলো যথা।
মৃদো ঘটস্তথা দেহো জ্বরেভ্যোঽপীতি দৃশ্যতাম্ ॥ ২২৮ ॥
চিদাভাসে স্বতঃ কোঽপি জ্বরো নাস্তি যতশ্চিতঃ।

---

কারণশরীরগতো জ্বরঃ ছান্দোগ্যশ্রুত্যাবুক্ত ইত্যাহ,—স্বং পরঞ্চেতি। 'ন হি খল্বয়মেবং সম্প্রত্যাত্মানং জানাত্যয়মহমস্মীতি নো এবেমানি ভূতানি বিনাশমেবাপীতো ভবতি নাহমত্র ভোগ্যং পশ্যামী'তি বাক্যেন স্বপরজ্ঞানশূন্যত্বমজ্ঞানে নষ্টপ্রায়ত্বং পরেত্যুরাগামিদুঃখবীজবাসনা সদ্ভাবশ্চ ইন্দ্রেণ শিষ্যেণ গুরোঃ প্রজাপতেঃ পুরতো নিবেদিতমিত্যর্থঃ ॥ ২২৬ ॥

এবং ত্রিষপি শরীরেষু জ্বরানভিধায় তেষামপরিহার্য্যত্বমাহ,—এত ইতি। ত্রিষপি শরীরেষু প্রতীয়মানা এতে জ্বরাঃ শরীরৈঃ সাহোৎপন্নত্বেন স্বাভাবিকাঃ সম্মতাঃ। স্বাভাবিকত্বং ব্যতিরেকমুখেন প্রচয়তি,—বিয়োগে ইতি। যতঃ কারণাৎ এভিজ্বরৈস্তেষাং শরীরাণাং বিয়োগে তানি শরীরাণি নাসতে এব নৈব ভবন্তি অতঃ স্বাভাবিকা ইত্যর্থঃ ॥ ২২৭ ॥

অত্র দৃষ্টান্তমাহ—তন্তোরিতি ॥ ২২৮ ॥

ইদানীং কূটস্থে জ্বরাভাবং কৈমুতিকন্যায়েন নিদর্শয়িষুশ্চিদাভাসে তাবজ্জ্বরাভাবং দর্শয়তি,—চিদাভাসে ইতি। চিদাভাসে স্বতঃ শরীরত্রয়গতজ্বরসম্বন্ধমন্তরেণ ন কোঽপি জ্বরঃ

---

সুষুপ্তিকালে জগৎকারণ অজ্ঞান বিনষ্টপ্রায় হইলে জীব আর আপনাকে বা অন্য কাহাকেও জানিতে সমর্থ হয় না; কিন্তু তৎকালেও ভবিষ্যৎ দুঃখের বীজ বিদ্যমান থাকে; (তাহাকেই কারণ-শরীরের জ্বর বলা যায়।) ইহা ব্রহ্মার নিকটে ইন্দ্র কহিয়াছেন। ২২৬।২২৭।

উক্ত তিন প্রকার শরীরে এই তিনরূপ জ্বর স্বাভাবিক জানিবে, কারণ তাহাদিগের অভাবে শরীর সকল আর কখন থাকিতে পারে না। যেমন তন্তু বিযুক্ত হইলে আর বস্ত্র থাকে না, যেমন লোম বিযুক্ত হইলে আর কম্বল থাকে না, যেমন মৃত্তিকা বিযুক্ত হইলে আর ঘট থাকে না, তদ্রূপ জ্বর বিযুক্ত হইলে আর শরীর থাকিতে পারে না। ২২৮।

আভাসচৈতন্যস্বরূপ জীবে স্বভাবতঃ কোন প্রকার জ্বর সম্ভব হয়

প্রকাশৈকস্বভাবত্বমেব দৃষ্টং ন চেতরৎ ॥ ২২৯ ॥
চিদাভাসেঽপ্যসম্ভাব্যা জ্বরাঃ সাক্ষিণি কা কথা।
এবমেবৈকতাং মেনে চিদাভাসো হ্যবিদ্যয়া ॥ ২৩০ ॥
সাক্ষিসত্যত্বমধ্যস্য স্বেনোপেতে বপুস্ত্রয়ে।
তৎ সর্ব্বং বাস্তবং স্বস্য স্বরূপমিতি মন্যতে ॥ ২৩১ ॥
এতস্মিন্ ভ্রান্তিকালেঽয়ং শরীরেষু জ্বরৎস্বথ।
স্বয়মেব জ্বরামীতি মন্যতে হি কুটুম্বিবৎ ॥ ২৩২ ॥
পুত্রদারেষু তপ্যৎসু তপামীতি যথা বৃথা।

---

বিদ্যন্তে। কুত ইত্যত আহ—যতশ্চিত ইতি। চিতঃ প্রকাশৈকস্বভাবস্য বিষদম্বভবসিদ্ধত্বাৎ তৎপ্রতিবিম্বিতস্যাপি চিদাভাসস্য তথাত্বমেষ্টব্যমিত্যাভিপ্রায়ঃ ॥ ২২৯ ॥

যদর্থং চিদাভাসে জ্বরাভাব উপপাদিতস্তদিদানীং দর্শয়তি,—চিদাভাস ইতি। যদা চিদাভাসেঽপি জ্বরাঃ ন সম্ভাব্যন্তে তদা ন সাক্ষিণি সম্ভবন্তীতি কিমুত বক্তব্যমিতি ভাবঃ। নন্বহং জ্বরামীত্যনুভবস্য কা গতিরিত্যত আহ—এবমিতি ॥ ২৩০ ॥

একতাং মেন ইতি সংক্ষেপেণোক্তমর্থং প্রপঞ্চয়তি,—সাক্ষীতি। চিদাভাসঃ স্বেন সহিতে শরীরত্রয়ে সাক্ষিগতং সত্যত্বম্ অধ্যস্য তৎ সর্ব্বং জ্বরবৎ শরীরত্রয়ং স্বস্য বাস্তবং রূপম্ ইতি মন্যত ইত্যর্থঃ ॥ ২৩১ ॥

এবং ভ্রান্তিজ্ঞানে সতি কিং ভবতীত্যত আহ—এতস্মিন্নিতি। অয়ং চিদাভাসঃ অস্যাং ভ্রান্তিবেলায়াং শরীরনিষ্ঠং জ্বরং স্বাত্মন্যারোপয়তীত্যর্থঃ। তত্র দৃষ্টান্তমাহ—কুটুম্বিবদিতি ॥ ২৩২ ॥

---

যেহেতু চৈতন্যের একমাত্র প্রকাশ-স্বভাবত্ব ব্যতীত অন্য স্বরূপ নাই। যদি আভাস চৈতন্যেই জ্বর না থাকিল, তবে সাক্ষিচৈতন্যে জ্বর নাই; তবে জীবের যে জ্বর অনুভব হয়, তাহা কেবল অজ্ঞানকৃত মাত্র। সাক্ষি-চৈতন্যের যে সত্যত্ব, তাহা অজ্ঞানবশতঃ ত্রিবিধ শরীরে অধ্যাস করিয়া সেই সমুদায়কে সত্য এবং আভাসচৈতন্যের স্বরূপ বলিয়া জ্ঞান হয়। ২২৯—২৩১।

এইরূপ ভ্রান্তিকালে পূর্ব্বোক্ত সেই জ্বরবিশিষ্ট ত্রিবিধ শরীর দেখিয়া অসংসারী চৈতন্যে মিথ্যা সংসারিত্ব অধ্যাসের ন্যায় আমিই জ্বরযুক্ত বলিয়া লোকের প্রতীতি হয়; (কিন্তু তাহা সত্য নহে।) ২৩২।

পুত্র-দারাদি পরিবারের মধ্যে কাহারও জ্বরাদি হইলে অজ্ঞানবশতঃ যেমন আমিই জ্বরী এইরূপ মিথ্যা জ্ঞান করে, তদ্রূপ শরীরত্রয়ের জ্ব

মন্যতে পুরুষস্তদ্বদাভাসোঽপ্যভিমন্যতে ॥ ২৩৩ ॥
বিবিচ্য ভ্রান্তিমুজ্‌ঝিত্বা স্বমপ্যগণয়ন্ সদা।
চিন্তয়ন্ সাক্ষিণং কস্মাচ্ছরীরমনুসংজ্বরেৎ ॥ ২৩৪ ॥
অযথাবস্তুসর্পাদিজ্ঞানং হেতুঃ পলায়নে।
রজ্জুজ্ঞানেঽহিধীধ্বস্তৌ কৃতমপ্যনুশোচতি ॥ ২৩৫ ॥
মিথ্যাভিযোগদোষস্য প্রায়শ্চিত্তপ্রসিদ্ধয়ে।
ক্ষমাপয়ন্নিবাত্মানং সাক্ষিণং শরণং গতঃ ॥ ২৩৬ ॥

---

দৃষ্টান্তং বিশদয়তি,—পুত্রেতি ॥ ২৩৩ ॥

এবমবিবেকদশায়াং চিদাভাসে ভ্রান্ত্যা জ্বরং প্রদর্শ্য বিবেকদশায়াং তদভাবং দর্শয়তি,—বিবিচ্যেতি। চিদাভাসঃ কূটস্থং স্বাত্মানং শরীরাণি চ বিবিচ্য ভেদেন জ্ঞাত্বা ইদং সর্ব্বং মম বাস্তবরূপমিতি মন্যতে ইত্যুক্তাং ভ্রান্তিং পরিত্যজ্য স্বস্যাভাসরূপত্বজ্ঞানেন স্বস্মিন্নপ্যাদরমকুর্ব্বন্ স্বস্য নিজং রূপং জ্বরাদিরহিতং সাক্ষিণং সদা চিন্তয়ন্ কস্মাৎ শরীরমনুসংজ্বরেৎ ইতি জ্বরবৎ শরীরমনুসৃত্য স্বয়ং কস্মাৎ সংজ্বরেৎ ন সংজ্বরেদেবেত্যর্থঃ ॥ ২৩৪ ॥

ভ্রান্তিজ্ঞানতত্ত্বজ্ঞানয়োর্জ্বরতদভাবকারণত্বং দৃষ্টান্তপ্রদর্শনেন স্পষ্টয়তি,—অযথাবস্থিতি। রজ্জ্বাদৌ কল্পিতস্য সর্পাদের্জ্ঞানং পলায়নে কারণং ভবতি আদিশব্দেন স্থাণৌ কল্পিতশ্চৌরো গৃহ্যতে; রজ্জ্বাদিজ্ঞানেন সর্পাদিবুদ্ধিনিবৃত্তৌ তদপি পলায়নমনুশোচতি বৃথা কৃতং ময়েত্যনুতপ্যত ইত্যর্থঃ ॥ ২৩৫ ॥

সাক্ষিণং সদা চিন্তয়ন্নিত্যুক্তং দৃষ্টান্তেন স্পষ্টয়তি,—মিথ্যাভিযোগদোষস্যেতি। যথা লোকে মিথ্যাভিযোগকর্ত্তা তদ্দোষস্য প্রায়শ্চিত্তার্থং পুনঃপুনঃ ক্ষমাপয়তি এবময়ং চিদাভাসোঽপি

---

অনুভব করিয়া অজ্ঞানবশতঃ জীব তাহা আপনাতেই আরোপিত করে; কিন্তু তত্ত্বজ্ঞানোত্তর কালে আপনার স্বরূপ বিবেচনাপূর্ব্বক ভ্রান্তি ত্যাগ হইলে আপনাকেও গণন করে না; তখন আপনার সাক্ষিচৈতন্য স্বরূপ চিন্তা করত কেন আর শরীরের অনুবর্ত্তী হইয়া জ্বর প্রাপ্ত হইবে অর্থাৎ দুঃখিত হইবে। ২৩৩।২৩৪।

( যেমন ) রজ্জুতে সর্প-জ্ঞান হইলে সেই মিথ্যা সর্পজ্ঞানও পলায়নের হেতু হয় এবং রজ্জুর স্বরূপ জ্ঞানপূর্ব্বক সর্পজ্ঞান নষ্ট হইলে পূর্ব্ব কৃত পলায়নাদি কার্য্যের জন্য অনুশোচনা উপস্থিত হয়, তদ্রূপ তত্ত্বজ্ঞান হইলে পূর্ব্ব অনুভূত অজ্ঞান-কৃত জ্বরাদির জন্যও অনুশোচনা উপস্থিত হয়। ২৩৫।

যেমন মিথ্যা-অপবাদরূপ দোষের শান্তির নিমিত্তে অপবাদ-কর্ত্তা ক্ষমা

আবৃত্তপাপমুক্ত্যর্থং স্নানাদ্যাবর্ত্ততে যথা।
আবর্ত্তয়ন্নিব ধ্যানং সদা সাক্ষিপরায়ণঃ ॥ ২৩৭ ॥
উপস্থকুষ্ঠিনী বেশ্যা বিলাসেষু বিলজ্জতে।
জানতোঽগ্রে তথাভাসঃ স্বপ্রখ্যাতৌ বিলজ্জতে ॥ ২৩৮ ॥
গৃহীতো ব্রাহ্মণো ম্লেচ্ছৈঃ প্রায়শ্চিত্তং চরন্ পুনঃ।
ম্লেচ্ছৈঃ সঙ্কীর্য্যতে নৈব তথাভাসঃ শরীরকৈঃ ॥ ২৩৯ ॥
যৌবরাজ্যে স্থিতো রাজ-পুত্রঃ সাম্রাজ্যবাঞ্ছয়া।

---

সাক্ষিণ্যসঙ্গাত্মনি ভোক্তৃত্বাদ্যারোপলক্ষণমিথ্যাভিযোগদোষপ্রায়শ্চিত্তার্থং সাক্ষিণমাত্মানং ক্ষমাপয়ন্নিব শরণং গতঃ ॥ ২৩৬ ॥

তত্রৈব দৃষ্টান্তান্তরমাহ—আবৃত্তপাপমুক্ত্যর্থমিত্যাদি। যথা পাপকারিণা পুরুষেণাবৃত্তপাপমুক্ত্যর্থমত্যন্তপাপনোদনায় বিহিতং স্নানাদিকং প্রায়শ্চিত্তমাবর্ত্ত্যতে পুনঃপুনরনুষ্ঠীয়তে তথায়মপি চিরং সাক্ষিণি সংসারিত্বারোপণদোষপরিহারায় ধ্যানং পরিবর্ত্তয়ন্নিব সদা সাক্ষিপরায়ণো ভবতি ॥ ২৩৭ ॥

এবং সাক্ষিপরত্বং দৃষ্টান্তেনোপবর্ণ্য স্বগুণপ্রখ্যাপনে লজ্জাবত্বং সদৃষ্টান্তমাহ,—উপস্থেতি ॥ ২৩৮ ॥

ইদানীং শরীরত্রয়াদ্বিবেচিতস্য চিদাভাসস্য পুনস্তৈঃ সহ তাদাত্ম্যভ্রমাভাবে দৃষ্টান্তমাহ,—গৃহীত ইতি ॥ ২৩৯ ॥

ন কেবলং স্বাপরাধনিবৃত্তয়ে সাক্ষ্যনুকরণং কিন্তু মহৎপ্রয়োজনসিদ্ধ্যর্থমপীতি সিংহা-

---

প্রার্থনা করে, তদ্রূপ জীব মিথ্যাভ্রমক সংসারিত্বরূপ আরোপিত অপবাদ-শান্তির নিমিত্ত সাক্ষি-চৈতন্যের শরণাপন্ন হন। যেমন পুনঃপুনঃ কৃত পাপ নাশের নিমিত্ত লোকে পুনঃপুনঃ স্নানাদিরূপ প্রায়শ্চিত্ত অনুষ্ঠান করে, তদ্রূপ জীব আরোপিত দোষের শান্তির নিমিত্ত বারংবার ধ্যান করিবার জন্যই যেন সর্ব্বদা সাক্ষি-চৈতন্যে তৎপর। ২৩৬।২৩৭।

যেমন অঙ্গবিশেষে কুষ্ঠরোগাক্রান্তা বারবিলাসিনী বিদিতার্থ পুরুষের নিকটে বিলাস কার্য্যে সলজ্জা হয়, তদ্রূপ জ্ঞানোত্তরকালে জীব আপনার "আমার আমার ভাব" প্রকাশ করিতেও লজ্জাবোধ করেন। যেমন কোন ব্রাহ্মণ দৈবাৎ ম্লেচ্ছ-সংস্পৃষ্ট হইয়া পশ্চাৎ প্রায়শ্চিত্ত অনুষ্ঠানপূর্ব্বক আর ম্লেচ্ছের সহিত সংসর্গ করিতে প্রবৃত্ত হন না, তদ্রূপ জীব, জ্ঞানের উত্তরকালে আর ত্রিবিধ শরীরে অভিমান করিতে প্রবৃত্ত হয় না। ২৩৮।২৩৯।

যেমন রাজা কর্ত্তৃক স্বীয় যৌবরাজ্যে নিযুক্ত রাজপুত্র সাম্রাজ্য অভিষিক্ত

রাজানুকারী ভবতি তথা সাক্ষ্যনুকার্যয়ম্ ॥ ২৪০ ॥
যো ব্রহ্ম বেদ ব্রহ্মৈব ভবত্যেষ ইতি শ্রুতিম্ ।
শ্রুত্বা তদেকচিত্তঃ সন্ ব্রহ্ম বেত্তি ন চেতরৎ ॥ ২৪১ ॥
দেবত্বকামা হ্যগ্ন্যাদৌ প্রবিশন্তি যথা তথা ।
সাক্ষিত্বেনাবশেষায় স্ববিনাশং স বাঞ্ছতি ॥ ২৪২ ॥
যাবৎ স্বদেহদাহং স নরত্বং নৈব মুঞ্চতি ।
যাবদারব্ধদেহং স্যান্নাভাসত্ববিমোচনম্ ॥ ২৪৩ ॥

বলোকনন্যায়েন সদৃষ্টান্তমাহ,—যৌবরাজ্য ইতি। রাজানুকারী ভবতি রাজ্ঞেব প্রজানুরঞ্জনাদিগুণবান্ ভবতীত্যর্থঃ ॥ ২৪০ ॥

নন্বু যুবরাজস্য রাজানুসরণে সাম্রাজ্যং ফলং দৃশ্যতে নৈবং সাক্ষ্যনুসরণে অতস্তদনুসরণে কথং প্রবর্ত্তত ইত্যাশঙ্ক্যাহ,—যো ব্রহ্ম বেদেতি। "স যো হ বৈ তৎ পরমং ব্রহ্ম বেদ ব্রহ্মৈব ভবতি নাস্যাব্রহ্মবিৎ কুলে ভবতি তরতি শোকং তরতি পাপ্মানং গুহাগ্রন্থিভ্যো বিমুক্তোঽমৃতো ভবতী"তি শ্রুতৌ ব্রহ্মভাবাদিরূপস্য ফলস্য শ্রূয়মাণত্বাৎ তৎফলবাঞ্ছয়া সাক্ষ্যনুসরণে প্রবর্ত্তনং যুক্তমিত্যর্থঃ ॥ ২৪১ ॥

নন্বু ব্রহ্মজ্ঞানেন ব্রহ্মভাবপ্রাপ্তৌ চিদাভাসত্বমেব বিনশ্যেৎ অতঃ স্বনাশায় কথং প্রবর্ত্ততে ইত্যাশঙ্ক্যাহ,—দেবত্বকামা হ্যগ্ন্যাদাবিতি। যথা লোকে দেবত্বপ্রাপ্তিকামা মনুষ্যাঃ ভৃগ্বগ্নিপ্রয়াগগঙ্গাপ্রবেশাদৌ প্রবর্ত্তন্তে এবং সাক্ষিরূপেণাবস্থানলক্ষণস্যাধিকফলস্য বিদ্যমানত্বাৎ চিদাভাসত্বাপগমহেতৌ ব্রহ্মজ্ঞানেঽপি প্রবৃত্তির্ঘটত এবেত্যর্থঃ ॥ ২৪২ ॥

নন্বু তত্ত্বজ্ঞানেন আভাসত্বমপগচ্ছতি চেৎ কথং তত্ত্ববিদাং জীবত্বব্যবহার ইত্যাশঙ্ক্য প্রারব্ধকর্মক্ষয়পর্য্যন্তং তদুপপত্তিং সদৃষ্টান্তমাহ,—যাবদিতি। যথাগ্ন্যাদৌ প্রবিষ্টঃ পুরুষঃ

হইবার ইচ্ছায় রাজার অনুকারী অর্থাৎ প্রজারঞ্জনাদি ব্যাপারে তৎপর হয়, তদ্রূপ জীব সকল নিয়মিত কার্য্যে নিযুক্ত হইয়াও পূর্ণানন্দ উপভোগ কামনায় সাক্ষিস্বরূপ পরব্রহ্ম চৈতন্যের স্বরূপানুকারী হয়। ২৪০।

'যিনি ব্রহ্মকে জানেন, তিনি স্বয়ং ব্রহ্ম হন'—এই শ্রুতি শ্রবণ করিয়া জীব তদেকাগ্রচিত্ত হইয়া ব্রহ্মকেই জানিতে ইচ্ছা করে, আর কিছু জানিতে ইচ্ছা করে না। ২৪১।

যেমন দেবত্বপ্রাপ্তি কামনা যাহাদের আছে, তাহারা অগ্নিতে প্রবেশ করে, তদ্রূপ সাক্ষিচৈতন্য-স্বরূপ পরব্রহ্মপ্রাপ্তির নিমিত্ত জ্ঞানী ব্যক্তি সর্ব্বদা স্ববিনাশ প্রার্থনা করেন ; কিন্তু যেমন অগ্নিপ্রবিষ্ট পুরুষের যাবৎ পর্য্যন্ত দেহ

রজ্জুজ্ঞানেঽপি কম্পাদিঃ শনৈরেবোপশাম্যতি।
পুনর্মন্দান্ধকারে সা রজ্জুঃ ক্ষিপ্তোরগী ভবেৎ॥ ২৪৪॥
এবমারব্ধভোগোঽপি শনৈঃ শাম্যতি নো হঠাৎ।
ভোগকালে কদাচিৎ তু মর্ত্ত্যোঽহমিতি ভাসতে॥ ২৪৫॥
নৈতাবতাপরাধেন তত্ত্বজ্ঞানং বিনশ্যতি।
জীবন্মুক্তিব্রতং নেদং কিন্তু বস্তুস্থিতিঃ খলু॥ ২৪৬॥

---

দাহাদিনা স্বদেহনাশপর্য্যন্তং নরত্বং নরত্বব্যবহারযোগ্যত্বং নৈব মুঞ্চতি এবং প্রারব্ধকর্ম্মক্ষয়-পর্য্যন্তং চিদাভাসত্বব্যবহারো ন নিবর্ত্তত ইত্যর্থঃ॥ ২৪৩॥

নন্বু ভোক্তৃত্বাদিভ্রমোপাদানস্যাজ্ঞানস্য নিবৃত্তত্বাৎ পুনঃ কথং ভোগানুবৃত্তিঃ কথং বা মর্ত্ত্যোঽহমিতি বিপরীতপ্রতীতিরিত্যাশঙ্ক্য দৃষ্টান্তপ্রদর্শনেন এতৎ সম্ভাবয়তি,—রজ্জু-জ্ঞানেঽপীতি॥ ২৪৪॥

দার্ষ্টান্তিকে যোজয়তি,—এবমারব্ধভোগোঽপীতি॥ ২৪৫॥

নন্বু পুনর্মর্ত্ত্যত্ববুদ্ধ্যুদয়ে তত্ত্বজ্ঞানং বাধ্যত ইত্যাশঙ্ক্যাহ,—নৈতাবতেতি। কদাচিদহং মর্ত্ত্য ইত্যেবংবিধজ্ঞানোদয়মাত্রেণাগমপ্রমাণজনিতং তত্ত্বজ্ঞানং ন বাধ্যতে কুত ইত্যত আহ,—জীবন্মুক্তীতি। ইদং মর্ত্ত্যত্ববুদ্ধ্যপাকরণলক্ষণং জীবন্মুক্তিব্রতং নিয়মেনানুষ্ঠেয়ং ন ভবতি কিন্তু সম্যক্ জ্ঞানেন ভ্রান্তিজ্ঞাননিবৃত্তিরিত্যয়ং বস্তুস্বভাবঃ অতঃ কদাচিন্মর্ত্ত্যত্ববুদ্ধ্যুদয়েঽপি পুনস্তত্ত্বজ্ঞানান্তরেণ তস্যা এব বাধ্যত্বমিতি ভাবঃ॥ ২৪৬॥

---

দগ্ধ হইয়া ভস্মরাশি না হয় তত দিন মনুষ্যত্ব পরিত্যাগ হয় না, তদ্রূপ যাবৎ প্রারব্ধ-ক্ষয় না হয়, তাবৎকাল জীবের জীবত্ব পরিত্যাগ হয় না। ২৪২।২৪৩।

যেমন রজ্জুতে সর্পভ্রম হইলে হঠাৎ সেই সর্প দেখিয়া হৃৎকম্পাদি উপ-স্থিত হয়; কিন্তু পশ্চাৎ তাহাতে রজ্জুজ্ঞান হইলেও সেই হৃৎকম্পাদি সহসা নিবৃত্ত না হইয়া অল্পে অল্পে নিবৃত্ত হয়, এবং পুনর্ব্বার সেই রজ্জু অন্ধকারে প্রক্ষিপ্ত হইলে তাহাতে সর্পজ্ঞান হইতে পারে, তদ্রূপ তত্ত্বজ্ঞান হইলেও প্রারব্ধ কর্ম্মের ভোগ হঠাৎ নিবৃত্ত না হইয়া অল্পে অল্পে নিবৃত্ত হয় এবং পুন-র্ব্বার ভোগকালেও কখনও কখনও আপনার মর্ত্ত্যত্ব জ্ঞান হয়। ২৪৪।২৪৫।

যদিও পুনর্ব্বার আপনার মর্ত্ত্যত্ব জ্ঞান হয় বটে, কিন্তু তাহাতে তত্ত্বজ্ঞানের কোন হানি হয় না, যেহেতু জীবন্মুক্তি কোন ব্রত নহে যে, নিয়ম অতিক্রম হইলে ব্রতভঙ্গ হইবে; ইহা কেবল বস্তুর যথার্থ স্বরূপস্থিতি মাত্র, (অতএব কদাচিৎ মর্ত্ত্যত্ব জ্ঞান হইলেও তাহা তত্ত্বজ্ঞান দ্বারা বাধিত হয়)। ২৪৬।

দশমোঽপি শিরস্তাড়ং রুদন্ বুদ্ধ্বা ন রোদিতি।
শিরোব্রণস্তু মাসেন শনৈঃ শাম্যতি নো তদা ॥ ২৪৭ ॥
দশমামৃতিলাভেন জাতো হর্ষো ব্রণব্যথাম্।
তিরোধত্তে মুক্তিলাভস্তথা প্রারব্ধদুঃখিতাম্ ॥ ২৪৮ ॥
ব্রতাভাবাৎ যদাধ্যাসস্তদা ভূয়ো বিবিচ্যতাম্।
রসসেবী দিনে ভুঙ্‌ক্তে ভূয়ো ভূয়ো যথা তথা ॥ ২৪৯ ॥

---

ভবতু রজ্জুসর্পাদিস্থলে বিপরীতজ্ঞাননিবৃত্তাবপি তৎকার্য্যকম্পাদ্যনুবৃত্তিঃ প্রকৃতদৃষ্টান্তে দশমে 'দশমস্ত্বমসী'তি বাক্যবিচারজন্যজ্ঞানেন ভ্রমনিবৃত্তৌ তৎকার্য্যানুবৃত্তির্নোপলভ্যতে ইত্যাশঙ্ক্যাহ—দশমোঽপীতি। দশমোঽস্মীতি জ্ঞানোদয়ে সতি শিরস্তাড়নপূর্ব্বকং রোদন-মাত্রং নিবর্ত্ততে তাড়নজন্যব্রণস্তু অনুবর্ত্তত এবেত্যর্থঃ ॥ ২৪৭ ॥

ননু জ্ঞানোত্তরকালেঽপি জ্বরাদ্যনুবৃত্তৌ মুক্তেঃ * কুতঃ পুরুষার্থতা ইত্যাশঙ্ক্য মুক্তিলাভজন্যহর্ষস্য দুঃখাচ্ছাদকস্য সত্ত্বাৎ পুরুষার্থতেতি দৃষ্টান্তপূর্ব্বকমাহ—দশমামৃতিলাভেন জাত ইতি ॥ ২৪৮ ॥

জীবন্মুক্তিব্রতং নেদম্ ইত্যুক্তং তত্র ব্রতত্বাভাবে কিমায়াতমিত্যত আহ—ব্রতাভাবাদিতি।

---

(যেমন) দশ জন গণনা স্থলে আপনাকে বাদ দিয়া গণনা করায় দশম পুরুষ একজনের মৃত্যু নিশ্চয় করিয়া রোদন করত স্বীয় শিরোদেশে আঘাত করে এবং পশ্চাৎ উপদেশ দ্বারা অবগতিপূর্ব্বক রোদনে নিবৃত্ত হইয়া হৃষ্ট হইলেও তাহার শিরোবেদনা তখনই শান্তি প্রাপ্ত হয় না, পরন্তু কালে শান্তি প্রাপ্ত হয় (তদ্রূপ তত্ত্বজ্ঞানীর, জীবন্মুক্তি লাভ হইলেও প্রারব্ধকর্ম্মবশতঃ সাংসারিক সুখ দুঃখাদি সহসা নিবৃত্তি হয় না)। যেমন দশম পুরুষের মৃত্যু হয় নাই, এই জ্ঞান—জন্য প্রবল হর্ষ শিরোব্রণজনিত দুঃখকে ঢাকিয়া ফেলে; তদ্রূপ জীবন্মুক্তি-লাভ প্রারব্ধকর্ম্মজন্য দুঃখকেও ঢাকিয়া থাকে। অর্থাৎ দুঃখ থাকিলেও হর্ষের আধিক্যে তাহার অনুভব অতি অল্পই হয়। ২৪৭।২৪৮।

জীবন্মুক্তি অবস্থা কোন ব্রত নহে, ইহা কেবল বস্তুর যথার্থস্বরূপে স্থিতিমাত্র; যখনই প্রারব্ধবশতঃ অধ্যাস উপস্থিত হইবে, তখনই ভূয়োভূয় আত্মতত্ত্ব বিচার করিবে; যেমন রসস্তেম্ভজসেবী পুরুষ ক্ষুধা অপহরণনিমিত্ত এক দিনের মধ্যেই পুনঃপুনঃ ভোজন করিয়া থাকে, ইহাও তদ্রূপ। ২৪৯।

---

* জ্বরাদ্যনুবৃত্তৌ জীবন্মুক্তেরিতি মুদ্রমুদ্রিত পুস্তকপাঠঃ।

শময়ত্যৌষধেনায়ং দশমঃ স্বব্রণং যথা।
ভোগেন শময়িত্বৈতৎ প্রারব্ধং মুচ্যতে তথা ॥ ২৫০ ॥
কিমিচ্ছন্নিতি বাক্যোক্তঃ শোকমোক্ষ উদীরিতঃ।
আভাসস্য হ্যবস্থৈষা ষষ্ঠী তৃপ্তিস্তু সপ্তমী ॥ ২৫১ ॥
সাঙ্কুশা বিষয়ৈস্তৃপ্তিরিয়ং তৃপ্তির্নিরঙ্কুশা।
কৃতং কৃত্যং প্রাপণীয়ং প্রাপ্তমিত্যেব তৃপ্যতি ॥ ২৫২ ॥

---

পুনঃপুনর্বিচারকরণে দৃষ্টান্তমাহ,—রসসেবীতি। যথা রসসেবী নরঃ একস্মিন্ দিনে ক্ষুধাপরিহারায় পুনঃপুনঃ ভুঙ্‌ক্তে তদ্বদধ্যাসনিবৃত্তয়ে পুনঃপুনর্বিবেকঃ ক্রিয়তামিত্যর্থঃ ॥ ২৪৯ ॥

জ্ঞানেনানিবৃত্তস্য প্রারব্ধকর্ম্মফলস্য কেন তর্হি নিবৃত্তিরিত্যাশঙ্ক্য তাড়নজন্যব্রণস্যৌষধেনে ভোগেনৈব নিবৃত্তিরিত্যাহ,—শময়ত্যৌষধেনায়মিতি ॥ ২৫০ ॥

"অপরোক্ষজ্ঞানশোকনিবৃত্ত্যাখ্যে উভে ইমে। অবস্থে জীবগে ব্রূতে আত্মানঞ্চেদিতি শ্রুতিঃ ॥" ইত্যনেন শ্লোকেন "আত্মানঞ্চেদ্ বিজানীয়াদয়মস্মীতি পুরুষঃ। কিমিচ্ছন্ কস্য কামায় শরীরমনুসংজ্বরেৎ ॥" ইত্যস্মিন্ মন্ত্রে অপরোক্ষজ্ঞানশোকনিবৃত্ত্যাখ্যে জীবাবস্থে অভিহিতে ইত্যুক্তম্ ইদানীং তদভিধানসূচিতাং জীবস্য সপ্তমীং তৃপ্তিলক্ষণামবস্থাং বৃত্তান্তকীর্ত্তনপূর্ব্বকং বক্তুমারভতে—কিমিচ্ছন্নিতি। কিমিচ্ছন্নিত্যুত্তরার্দ্ধেনাভিহিতো যঃ শোকমোক্ষঃ স এতাবদ্‌গ্রন্থসন্দর্ভেণ উদীরিতঃ অভিহিতঃ। এষা অজ্ঞানমাবৃতিস্তদ্বিক্ষেপ অপরোক্ষধীঃ অপরোক্ষমতিঃ শোকমোক্ষস্তৃপ্তির্নিরঙ্কুশা ইত্যনেন শ্লোকেনাভিহিতাসু সপ্ত জীবাবস্থাসু ষষ্ঠীত্যাহ—আভাসস্য হীতি। তৃপ্তিস্ত্বিতি সপ্তমী ব্যাখ্যায়তে ইতি শেষঃ ॥ ২৫১

অপরোক্ষজ্ঞানজন্যায়াস্তৃপ্তের্নিরঙ্কুশত্বং প্রতিযোগিপ্রদর্শনপুরঃসরং প্রতিজানীতে—সাঙ্কুশেতি। বিষয়লাভজন্যায়াস্তৃপ্তের্বিষয়ান্তরকামনয়া কুণ্ঠিতত্বাৎ সাঙ্কুশত্বম্ অস্যাস্ত তদভাবান্নিরঙ্কুশত্বং, তদেব দর্শয়তি—কৃতং কৃত্যমিতি ॥ ২৫২ ॥

---

যেমন দশম পুরুষ আঘাত জন্য শিরোব্রণ ঔধষ দ্বারা শমিত করেন তদ্রূপ জীবন্মুক্তপুরুষও ভোগ দ্বারা ক্রমশঃ প্রারব্ধ কর্ম্মের ক্ষয় করিয়া পশ্চাৎ নিরতিশয় আনন্দপ্রাপ্তিরূপ কৈবল্যে মুক্তি লাভ করেন। ২৫০।

'কিমিচ্ছন্' অর্থাৎ কি ইচ্ছা করিয়া, এই যে (প্রকরণপ্রারম্ভে উদ্ধৃত শ্রুতিবাক্যাংশ, তদ্দ্বারা জীবের শোকাপগম অবস্থা কথিত হইয়াছে; তৃপ্তি সপ্তম অবস্থা। বিষয়ভোগ দ্বারা যে তৃপ্ত, তাহা ব্যাঘাত প্রাপ্ত হইবার যোগ্য, কিন্তু এই সপ্তম তৃপ্তি অবস্থা; ইহা অব্যাহত, যে হেতু ইহাতে প্রাপ্য প্রাপ্তিপূর্ব্বক কৃতকৃত্য হইয়া পরম তৃপ্ত হওয়া যায়। ২৫১।২৫২।

ঐহিকামুষ্মিকব্রাতসিদ্ধ্যৈ মুক্তেশ্চ সিদ্ধয়ে।
বহু কৃত্যং পুরাস্যাভূৎ তৎ সর্ব্বমধুনা কৃতম্ ॥ ২৫৩ ॥
তদেতৎ কৃতকৃত্যত্বং প্রতিযোগিপুরঃসরম্।
অনুসন্দধদেবায়মেবং তৃপ্যতি নিত্যশঃ ॥ ২৫৪ ॥
দুঃখিনোঽজ্ঞাঃ সংসরন্তু কামং পুত্রাদ্যপেক্ষয়া।
পরমানন্দপূর্ণোঽহং সংসরামি কিমিচ্ছয়া ॥ ২৫৫ ॥
অনুতিষ্ঠন্তু কর্ম্মাণি পরলোকযিযাসবঃ।
সর্ব্বলোকাত্মকঃ কস্মাদনুতিষ্ঠামি কিং কথম্ ॥ ২৫৬ ॥

---

কৃতকৃত্যত্বমেবোপপাদয়তি—ঐহিকামুষ্মিকেতি। অস্য বিদুষস্তত্ত্বজ্ঞানোদয়াৎ পূর্ব্বমিহ লোকে ইষ্টপ্রাপ্তয়েঽনিষ্টনিবৃত্তয়ে বাণিজ্যকৃষ্যাদিকং স্বর্গাদিসংসিদ্ধয়ে যাগোপাসনাদিকং মোক্ষসাধনজ্ঞানসিদ্ধয়ে শ্রবণাদিকঞ্চেতি বহুবিধং কর্ত্তব্যমাসীৎ ইদানীন্তু সাংসারিকফলেচ্ছাভাবাৎ ব্রহ্মানন্দসাক্ষাৎকারস্য সিদ্ধত্বাচ্চ তৎ সর্ব্বং কৃষিযাগশ্রবণাদিকং কৃতং কৃতপ্রায়মভূৎ ইতঃ পরম্ অনুষ্ঠেয়ত্বাভাবাদিত্যর্থঃ ॥ ২৫৩ ॥

এবং কৃতকৃত্যত্বমুপপাদ্য তৎফলভূতাং তৃপ্তিং দর্শয়তি—তদেতৎ কৃতকৃত্যত্বমিতি। প্রতিযোগিপুরঃসরং প্রতিযোগ্যনুসন্ধানপূর্ব্বকং যথা ভবতি তথা এবং বক্ষ্যমাণপ্রকারেণ সর্ব্বদা তৃপ্যতি ॥ ২৫৪ ॥

তদেবানুসন্ধানং প্রপঞ্চয়তি—দুঃখিনোঽজ্ঞা ইত্যাদিনা কৃতকৃত্যতয়া তৃপ্তঃ প্রাপ্তপ্রাপ্যতয়া পুনরিত্যনেন গ্রন্থেন। তত্র তাবদৈহিকসুখার্থিভ্যো বৈলক্ষণ্যং স্বস্য দর্শয়তি—দুঃখিনোঽজ্ঞা ইতি ॥ ২৫৫ ॥

---

অজ্ঞানাবস্থায় পুরুষ ঐহিক সুখ ভোগের নিমিত্ত যে সকল কৃষিকার্য্যাদি করেন বা আমুষ্মিক স্বর্গাদি ভোগের নিমিত্ত যে সকল যাগাদি কর্ম্ম করেন, অথবা জ্ঞানসাধনের নিমিত্ত যে সকল উপাসনাদির অনুষ্ঠান করেন, জ্ঞানের উদয়কালে তৎসমুদয়ের সাংসারিক ফল অনাবশ্যক এবং ব্রহ্মানন্দলাভ সিদ্ধ হওয়ায় তৎসমুদয় তখন 'কৃত' মধ্যেই গণ্য হয়। ২৫৩।

এই পূর্ব্বোক্তরূপ কৃতকৃত্যতা অকৃতকৃত্য অবস্থার তুলনায় আলোচনা করিয়া নিয়তই পরিতৃপ্ত হন, অজ্ঞানী দুঃখী লোকসকল অনিত্য ভার্য্যা পুত্রাদি লইয়া কাতর সংসারে নিমগ্ন হউক, পরমানন্দে পরিপূর্ণ আমি আর কি ইচ্ছা করিয়া সংসারে আসক্ত হইব ?। ২৫৪।২৫৫।

স্বর্গাদি-ফল-ভোগ-কামনাবিশিষ্ট লোক সকল যজ্ঞাদি কর্ম্মের অনুষ্ঠান

ব্যাচক্ষতাং তে শাস্ত্রাণি বেদানধ্যাপয়ন্তু বা
যেঽত্রাধিকারিণো মে তু নাধিকারোঽক্রিয়ত্বতঃ॥ ২৫৭ ॥
নিদ্রাভিক্ষে স্নানশৌচে নেচ্ছামি ন করোমি চ।
দ্রষ্টারশ্চেৎ কল্পয়ন্তি কিং মে স্যাদন্যকল্পনাৎ॥ ২৫৮ ॥
গুঞ্জাপুঞ্জাদি দহ্যেত নান্যারোপিতবহ্নিনা।
নান্যারোপিতসংসার-ধর্ম্মানেবমহং ভজে॥ ২৫৯ ॥
শৃণ্বন্ত্বজ্ঞাততত্ত্বাস্তে জানন্ কস্মাৎ শৃণোম্যহম্।
মন্যন্তাং সংশয়াপন্না ন মন্যেঽহমসংশয়ঃ॥ ২৬০ ॥

---

স্বার্থাদর্থং কর্ম্মানুষ্ঠাতৃভ্যো বৈলক্ষণ্যমাহ—অনুতিষ্ঠন্তু কর্ম্মাণীতি॥ ২৫৬॥

নমু স্বার্থপ্রবৃত্ত্যভাবেঽপি পরার্থপ্রবৃত্তিঃ কিং ন স্যাদিত্যাশঙ্ক্য অধিকারাভাবাৎ সাপি নাস্তি ইত্যাহ—ব্যাচক্ষতাং তে শাস্ত্রাণীতি॥ ২৫৭॥

নমু স্বদেহনির্ব্বাহার্থং ভিক্ষাহরণাদিকং পরলোকার্থং স্নানাদিকঞ্চ ভবতা ক্রিয়মাণম্ উপলভ্যতে অতোঽক্রিয়ত্বমসিদ্ধমিত্যাশঙ্ক্য তদপি স্বদৃষ্ট্যা নৈবাস্তি কিন্ত্বন্যৈরেব কল্পিতম্ ইত্যাহ—নিদ্রাভিক্ষে ইতি॥ ২৫৮॥

অন্যকল্পনয়াপি বাধোঽস্তীত্যাশঙ্ক্য তদভাবে দৃষ্টান্তমাহ—গুঞ্জাপুঞ্জাদীতি॥ ২৫৯॥

নমু ফলান্তরেচ্ছাভাবে কর্ম্মানুষ্ঠানং মা ভূৎ তত্ত্বসাক্ষাৎকারায় শ্রবণাদিকং কর্ত্তব্যমেব ইত্যাশঙ্ক্য অজ্ঞানাদ্যভাবাৎ শ্রবণাদিকর্ত্তৃত্বমপি নাস্তীত্যাহ—শৃণ্বন্ত্বিতি। অজ্ঞাততত্ত্বা অজ্ঞাতং

---

করুক, সর্ব্বলোকাত্মক তত্ত্বজ্ঞানী আমি আর কি প্রকারে কোন্ কর্ম্মের অনুষ্ঠান করিব? এবং তৎ তৎ বিষয়ে অধিকারী লোক সকল শাস্ত্র ব্যাখ্যা করুন বা বেদ অধ্যাপনা করুন, আমি জ্ঞানপরিপাকবশতঃ অক্রিয়, আমার আর কিছু-তেই অধিকার নাই। ২৫৬।২৫৭।

স্বরূপতঃ আমি আর নিদ্রা, ভিক্ষাপর্য্যটন বা স্নান ইচ্ছা করি না, আচরণও করি না; তাহাতেও যদি দ্রষ্টা পুরুষ, আমাতে তাহা কল্পনা করে, তবে সেই অন্যের কল্পনাতে আমার কি হইবে? যেমন গুঞ্জাসমূহ (কুঁচফল) একত্র থাকিলে দূর হইতে লোকে তাহাতে অগ্নি-জ্ঞান করিলেও তাহারা দগ্ধ করিতে সমর্থ হয় না, তদ্রূপ অন্য লোকে যদিও আমাতে সংসার-ধর্ম্ম আরোপ করে, তাহাতে আমি সংসারী হইব না। ২৫৮।২৫৯।

অজ্ঞাততত্ত্ব পুরুষেরা শ্রবণাত্মক সাধন অনুষ্ঠান করুক, সাক্ষাৎ পরব্রহ্মকে জানিয়া কি নিমিত্ত আমি আর শ্রবণ করিব? সংশয়াপন্ন লোকে মনন

বিপর্য্যস্তো নিদিধ্যাসেৎ কিং ধ্যানমবিপর্য্যয়াৎ।
দেহাত্মত্ববিপর্য্যাসং ন কদাচিদ্ ভজাম্যহম্ ॥ ২৬১ ॥
অহং মনুষ্য ইত্যাদি-ব্যবহারো বিনাপ্যমুম্।
বিপর্য্যাসং চিরাভ্যস্ত-বাসনাতোঽবকল্পতে ॥ ২৬২ ॥
প্রারব্ধকর্ম্মণি ক্ষীণে ব্যবহারো নিবর্ত্ততে।
কর্ম্মাক্ষয়ে ত্বসৌ নৈব শাম্যেদ্ ধ্যানসহস্রতঃ ॥ ২৬৩ ॥
বিরলত্বং ব্যবহৃতেরিষ্টঞ্চেদ্ ধ্যানমস্তু তে।
অবাধিকাং ব্যবহৃতিং পশ্যন্ ধ্যায়াম্যহং কুতঃ ॥ ২৬৪ ॥

---

ব্রহ্মাত্মৈকত্বলক্ষণং তত্ত্বং যেহন্তে তথাভূতাঃ শ্রবণং কুর্ব্বন্তু তত্ত্বমিত্থমন্যথা বেতি সংশয়বন্তো মননং কুর্ব্বন্তু মম তু তদুভয়াভাবান্নোভয়ত্র প্রবৃত্তিরিত্যর্থঃ ॥ ২৬০ ॥

স্না তূতাং শ্রবণমননে বিপর্য্যয়নিরাসার্থং নিদিধ্যাসনং কর্ত্তব্যমিত্যাশঙ্ক্য দেহাদৌ আত্মত্ব-বুদ্ধিলক্ষণস্য বিপর্য্যয়স্যাভাবাৎ তদপি নানুষ্ঠেয়মিত্যাহ—বিপর্যাস্ত ইতি ॥ ২৬১ ॥

নমু বিপর্য্যয়াভাবাৎ অহং মনুষ্য ইতি ব্যবহারঃ কথং ঘটতে ইত্যাশঙ্ক্য বাসনাবশাৎ ভবতীত্যাহ—অহং মনুষ্য ইত্যাদীতি ॥ ২৬২ ॥

তর্হ্যস্য ব্যবহারস্য নিবৃত্তিসিদ্ধয়ে ধ্যানং সম্পাদ্যমিত্যাশঙ্ক্য প্রারব্ধক্ষয়মন্তরেণাস্য নিবৃত্তি-র্নাস্তীত্যাহ—প্রারব্ধকর্ম্মণীতি ॥ ২৬৩ ॥

নমু প্রারব্ধনিমিত্তকস্যাপি ব্যবহারস্য বিরলতায় ধ্যানং কর্ত্তব্যমেব ইত্যাশঙ্ক্য ব্যবহারস্যা-বাধকদর্শনাৎ তন্নিবৃত্তয়ে ন ধ্যানমনুষ্ঠেয়মিত্যাহ—বিরলত্বমিতি ॥ ২৬৪ ॥

---

অনুষ্ঠান করুক, সংশয়রহিত আমি আর কি নিমিত্ত মনন করিব? বিপরীত-জ্ঞানীরা নিদিধ্যাসন করুক, বিপরীতজ্ঞানশূন্য আমি আর কি নিমিত্ত নিদি-ধ্যাসন করিব? দেহে আত্মত্বজ্ঞানরূপ যে বিপর্য্যয় জ্ঞান, তাহা কখন আমি আশ্রয় করি না। ২৬০।২৬১।

উক্তপ্রকার বিপর্য্যয় জ্ঞান ব্যতিরেকেও চিরকালের অভ্যাসজনিত সংস্কারবশতঃ প্রারব্ধকর্ম্মানুসারে জ্ঞানীদিগেরও 'আমি মনুষ্য' এ প্রকার ব্যবহার হইয়া থাকে, কিন্তু ভোগ দ্বারা প্রারব্ধ কর্ম্ম ক্ষয় হইলে সে ব্যবহারও নিবৃত্ত হয়, নতুবা প্রারব্ধ কর্ম্ম সত্ত্বে সহস্র সহস্র ধ্যান দ্বারাও তাহা নিবারিত হইবার নহে। ২৬২।২৬৩।

যদি উক্ত প্রকার ব্যবহারের শৈথিল্যসাধন অভিপ্রায়ে ধ্যানসাধনই তোমার অভীষ্ট হয়, হউক; কিন্তু উক্ত ব্যবহারকে জ্ঞানের অবিরোধী

বিক্ষেপো নাস্তি যস্মান্মে ন সমাধিস্ততো মম।
বিক্ষেপো বা সমাধির্বা মনসঃ স্যাদ্ বিকারিণঃ ॥ ২৬৫ ॥
নিত্যানুভবরূপস্য কো মেঽত্রানুভবঃ পৃথক্।
কৃতং কৃত্যং প্রাপণীয়ং প্রাপ্তমিত্যেব নিশ্চয়ঃ ॥ ২৬৬ ॥
ব্যবহারো লৌকিকো বা শাস্ত্রীয়ো বান্যথাপি বা।
মমাকর্ত্তুরলেপস্য যথারব্ধং প্রবর্ত্ততাম্ ॥ ২৬৭ ॥
অথবা কৃতকৃত্যোঽপি লোকানুগ্রহকাম্যয়া।
শাস্ত্রীয়েণৈব মার্গেণ বর্ত্তেঽহং কা মম ক্ষতিঃ ॥ ২৬৮ ॥

---

ধ্যানস্যাকর্ত্তব্যত্বেঽপি বিক্ষেপপরিহারায় সমাধিঃ কর্ত্তব্য ইত্যাশঙ্ক্য বিক্ষেপসমাধানয়োর্মনোধর্ম্মত্বাৎ ন বিক্ষেপনিবারকেঽপি সমাধৌ মমাধিকার ইত্যাহ,—বিক্ষেপো নাস্তীতি ॥ ২৬৫ ॥

নম্ন তথাপি সমাধিফলমনুভবঃ সম্পাদনীয় ইত্যাশঙ্ক্য তস্য মৎস্বরূপত্বান্ন সম্পাদ্যত্ত ইত্যাহ,—নিত্যানুভবরূপস্যেতি। উপপাদিতং কৃতকৃত্যত্বং নিগময়তি—কৃতং কৃত্যমিতি ॥ ২৬৬ ॥

এবং সর্ব্বত্র কর্ত্তৃত্বানভ্যুপগমেঽনিয়তবৃত্তিত্বং প্রসজ্জেতেত্যাশঙ্ক্য প্রারব্ধকর্ম্মব ।ৎ প্রাপ্তমনিয়তবৃত্তিত্বমঙ্গীকরোতি—ব্যবহারো লৌকিকো বেতি। লৌকিকো ভিক্ষাহারাদিঃ শাস্ত্রীয়ো জপধ্যানাদিরন্যথাপি বা প্রতিসিদ্ধহিংসাদির্বা ব্যবহারঃ কর্ত্তৃত্বভোক্তৃত্বরহিতস্য মম প্রারব্ধকর্ম্মানতিক্রম্য প্রবর্ত্ততামিত্যর্থঃ ॥ ২৬৭ ॥

এবং বস্তুতত্ত্বমভিধায় প্রৌঢ়িবাদেনাহ—অথবেতি। লোকানুগ্রহকাম্যয়া প্রাণ্যনুগ্রহেচ্ছয়া ইত্যর্থঃ ॥ ২৬৮ ॥

---

দেখিয়া আমি কেন আর ধ্যান করিব? আমার কোন বিক্ষেপ নাই, অতএব আমার সমাধি করিবার কি প্রয়োজন? বিক্ষেপ বা সমাধি এ সকল কেবল বিকারী মনেরই ধর্ম্ম। ২৬৪।২৬৫।

আমি নিত্য-অনুভবরূপ, আমার আর পৃথক্ অনুভব কোথায়,—এইমাত্র নিশ্চয় যে, আমি লভ্য লাভ করিয়াছি, আমি কৃতকৃত্য। ২৬৬।

আমি অকর্ত্তা নির্লেপস্বরূপ, প্রারব্ধকর্ম্মবশতঃ লৌকিক বা শাস্ত্রীয় বা অন্য কোন প্রকার ব্যবহার আমার ঘটুক (তাহাতে হানি নাই)। ২৬৭।

অথবা কৃতকৃত্য হইয়াও লোকানুগ্রহ-কামনাচ্ছলে আমি শাস্ত্রীয় ব্যবহারেই প্রবৃত্ত হই, তাহাতেই বা ক্ষতি কি? ২৬৮।

দেবার্চ্চনস্নানশৌচ-ভিক্ষাদৌ বর্ত্ততাং বপুঃ।
তারং জপতু বাক্ তদ্বৎ পঠত্বাম্নায়মস্তকম্ ॥ ২৬৯ ॥
বিষ্ণুং ধ্যায়তু ধীর্যদ্বা ব্রহ্মানন্দে বিলীয়তাম্।
সাক্ষ্যহং কিঞ্চিদপ্যত্র ন কুর্ব্বে নাপি কারয়ে ॥ ২৭০ ॥
এবঞ্চ কলহঃ কুত্র সম্ভবেৎ কর্ম্মিণো মম।
বিভিন্নবিষয়ত্বেন পূর্ব্বাপরসমুদ্রবৎ ॥ ২৭১ ॥
বপুর্বাগ্ধীষু নির্ব্বন্ধঃ কর্ম্মিণো ন তু সাক্ষিণি।
জ্ঞানিনঃ সাক্ষ্যলেপত্বে নির্ব্বন্ধো নেতরত্র হি ॥ ২৭২ ॥
এবঞ্চান্যোন্যবৃত্তান্তানভিজ্ঞৌ বধিরাবিব।
বিবদেতাং বুদ্ধিমন্তো হসন্ত্যেব বিলোক্য তৌ ॥ ২৭৩ ॥

---

শরীর এব মার্গে প্রবর্ত্তমাঙ্গীকারে তর্হি তদভিমানপ্রযুক্তো বিকারঃ স্যাদেব ইত্যাশঙ্ক্যাহ—দেবার্চ্চনেত্যাদিনা শ্লোকদ্বয়েন। তারং প্রণবস্তম্ আম্নায়মস্তকং বেদান্তশাস্ত্রম্ ॥ ২৬৯ ॥

বিষ্ণুং ধ্যায়তু ধীর্যদ্বেতি সুগমম্ ॥ ২৭০ ॥

ফলিতমাহ—এবঞ্চেতি ॥ ২৭১ ॥

বিভিন্নবিষয়ত্বমেব স্পষ্টয়তি—বপুর্ব্বাগ্ধীষু নির্ব্বন্ধ ইতি ॥ ২৭২ ॥

তথাপি যৌ জ্ঞানিকর্ম্মিণৌ কলহং কুর্ব্বাতে তৌ বিবদ্ভিঃ পরিহসনীয়াবিত্যাহ—এবঞ্চেতি ॥ ২৭৩ ॥

---

আমার শরীর দেবার্চ্চন, স্নান, শৌচ বা ভিক্ষাদিতে প্রবৃত্তই হউক, আমার বাক্য প্রণবজপে বা উপনিষৎপাঠে নিবিষ্টই হউক, আমার বুদ্ধি বিষ্ণুকে ধ্যানই করুক বা ব্রহ্মানন্দে বিলীনই হউক, নিত্য শুদ্ধ সাক্ষিচৈতন্য-স্বরূপ আমি কোন কর্ম্মে প্রবৃত্ত হই না, কাহাকে প্রবৃত্তও করি না। ২৬৯।

কর্ম্মীদিগের সহিত আমার বিবাদ সম্ভাবনা কি? কেননা পূর্ব্ব-পশ্চিম সমুদ্রের ন্যায় আমাদের অধিকার পরস্পর বিভিন্ন বিষয়ে অবস্থিত। ২৭১।

যেহেতু শরীর, বাক্য ও বুদ্ধিতেই কর্ম্মীদিগের নির্ব্বন্ধ, সাক্ষি-চৈতন্যে নির্ব্বন্ধ নাই এবং নির্লেপ সাক্ষি-চৈতন্যে জ্ঞানীদিগের নির্ব্বন্ধ, ইহাতেও যে, জ্ঞানী ও কর্ম্মী, বধিরের ন্যায় পরস্পরের বৃত্তান্ত অনভিজ্ঞ হইয়া বিবাদ করে, তাহা দেখিয়া বুদ্ধিমান্ জ্ঞানী ব্যক্তি কেবল উপহাস করেন। ২৭২।২৭৩।

যৎ কর্ম্মী ন বিজানাতি সাক্ষিণং তস্য তত্ত্ববিৎ।
ব্রহ্মত্বং বুধ্যতাং তত্র কর্ম্মিণঃ কিং বিহীয়তে ॥ ২৭৪ ॥
দেহবাগ্‌বুদ্ধয়স্ত্যক্তা জ্ঞানিনানৃতবুদ্ধিতঃ।
কর্ম্মী প্রবর্ত্তয়ত্বাভির্জ্ঞানিনো হীয়তেঽত্র কিম্ ॥ ২৭৫ ॥
প্রবৃত্তির্নোপযুক্তা চেন্নিবৃত্তিঃ কোপযুজ্যতে।
বোধে হেতুর্নিবৃত্তিশ্চেদ্ বুভুৎসায়াং তথেতরা ॥ ২৭৬ ॥
বুদ্ধশ্চেন্ন বুভুৎসেত নাপ্যসৌ বুধ্যতে পুনঃ।
অবাধাদনুবর্ত্তেত বোধো ন ত্বন্যসাধনাৎ ॥ ২৭৭ ॥

---

কুতঃ পরিহাস্তত্বমিত্যাশঙ্ক্য নির্ব্বিষয়কলহকারিত্বাদিত্যাহ—যং কর্ম্মী ন বিজানাতি ইতি কর্ম্মী যং সাক্ষিণং কর্ম্মানুষ্ঠানোপযোগিদেহবাগ্‌বুদ্ধ্যতিরিক্তং প্রত্যগাত্মানং ন বিজানাতি তত্ত্ববিদা তস্য ব্রহ্মত্বে বুদ্ধে কর্ম্মিণঃ কর্ম্মানুষ্ঠানে কিং হীয়তে ? ॥ ২৭৪ ॥

জ্ঞানিনা মিথ্যাত্ববুদ্ধ্যা পরিত্যক্তাভির্দ্দেহবাগ্‌বুদ্ধিভিঃ কর্ম্মানুষ্ঠানে জ্ঞানিনো বা কিং হীয়তে অতো নির্ব্বিষয়কলহকারিণোঃ পরিহসনীয়ত্বমিত্যর্থঃ ॥ ২৭৫ ॥

কর্ম্মানুষ্ঠানং প্রয়োজনশূন্যত্বাৎ ন জ্ঞানিনাভ্যুপগম্যতে ইতি শঙ্কতে—প্রবৃত্তিরিতি। উপযোগাভাবো নিবৃত্তাবপি সমান ইতি পরিহরতি—নিবৃত্তিরিতি। নিবৃত্তের্বোধহেতুত্বাৎ নোপযোগাভাব ইতি শঙ্কতে—বোধে হেতুরিতি। তর্হি প্রবৃত্তিরপি বুভুৎসাহেতুত্বাদুপযোগবতীত্যাহ—বুভুৎসায়ামিতি ॥ ২৭৬ ॥

নহু বুদ্ধস্য বুভুৎসাভাবাৎ প্রবৃত্তেরনুপযোগিত্বমিতি পুনঃ শঙ্কতে—বুদ্ধশ্চেদিতি। তর্হি তস্য পুনর্বোধাভাবাৎ তদ্ধেতুর্নিবৃত্তিরপি বুদ্ধং প্রত্যনুপযোগিনীত্যাহ—নাপ্যসাবিতি। সকৃজ্জাতস্য বোধস্য স্থিরত্বায় নিবৃত্তিরপেক্ষ্যতে ইত্যাশঙ্ক্য স্থিরত্বং বাধকাভাবমপেক্ষতে ন সাধনা-

---

কর্ম্মীরা যাঁহাকে জানেন না, সেই সাক্ষিচৈতন্যের তত্ত্ববেত্তা জ্ঞানীরা তাঁহাকে যে ব্রহ্ম বলিয়া জানেন, তাহাতে কর্ম্মীদিগের কোন হানি নাই, এবং অসত্য বোধে জ্ঞানীদিগের পরিত্যক্ত দেহ, বাক্য ও বুদ্ধিদ্বারা কর্ম্মীরা কর্ম্মে প্রবৃত্ত হউক, তাহাতে জ্ঞানীদিগের কোন হানি নাই। ২৭৪।২৭৫।

জ্ঞানীর পক্ষ হইয়া যদি বল, প্রবৃত্তি নিষ্ফল, তবে তোমার নিবৃত্তি ও নিষ্ফল; যদি বল, নিবৃত্তি (বৈরাগ্য) জ্ঞানের হেতু, তাহা হইলে, জ্ঞানেচ্ছার প্রতি প্রবৃত্তি হেতু হয়; যদি বল, প্রয়োজন নাই, তাহা হইলে, (নিবৃত্তিরও প্রয়োজন নাই) তাহাকে পুনরায় জ্ঞানী ত হইতে হইবে না? আর জ্ঞানের

নাবিদ্যা নাপি তৎকার্য্যং বোধং বাধিতুমর্হতি।
পূর্ব্বৈব তত্ত্ববোধেন বাধিতে তে উভে যতঃ ॥ ২৭৮।
বাধিতং দৃশ্যতামক্ষৈস্তেন বাধো ন শক্যতে।
জীবন্নাখুর্ন মার্জ্জারং হন্তি হন্তাৎ কথং মৃতঃ ॥ ২৭৯ ॥
অপি পাশুপতাস্ত্রেণ বিদ্ধশ্চেন্ন মমার যঃ।
নিষ্ফলেষুবিভিন্নাঙ্গো নঙ্ক্ষ্যতীত্যত্র কা প্রমা ॥ ২৮০ ॥
আদাববিদ্যয়া চিত্রৈঃ স্বকার্য্যৈর্জ্জৃম্ভমাণয়া।

---

তরমিত্যাহ—অবাধাদিতি। বাক্যপ্রমাণজন্তজ্ঞানস্য বলবতা প্রমাণেন বাধাভাবাদনুবৃত্তিঃ স্যাদেব অতো ন সাধনান্তরং তদর্থমনুষ্ঠেয়মিত্যর্থঃ ॥ ২৭৭ ॥

ননু প্রমাণান্তরেণ বাধাভাবেঽপ্যবিদ্যয়া তৎকার্য্যেণ কর্ত্তৃত্বাদ্যধ্যাসেন বা বাধঃ স্যাদিত্যাশঙ্ক্যাহ—নাবিদ্যেতি। তত্র হেতুমাহ—পূর্ব্বৈবেতি ॥ ২৭৮ ॥

যদ্যবিদ্যয়া বাধিতত্বেঽপি তৎকার্য্যস্য প্রতীয়মানস্য বাধিতত্বাসম্ভবাৎ তেন বোধস্য বাধো ভবেদিত্যাশঙ্ক্য উপাদাননিবৃত্ত্যৈব তস্যাপি বাধিতত্বাৎ ন তেনাপি বাধঃ শঙ্কিতুং শক্যত ইত্যাহ—বাধিতমিতি। তত্র দৃষ্টান্তমাহ—জীবন্নাখুরিতি। আখুর্মূষিকঃ ॥ ২৭৯ ॥

তৈরর্থনেন তত্ত্ববোধস্য বাধাভাবং কৈমুতিকন্যায়েন প্রচয়িতুং তদনুকূলং দৃষ্টান্তমাহ—অপীতি। যঃ সমর্থঃ পাশুপতাস্ত্রেণ বিদ্ধোঽপি ন মমার চেৎ কিল স নিষ্ফলেষুবিভিন্নাঙ্গঃ শরৈরবিদ্ধৈরেষুভিঃ বাধিতদেহঃ সন্ নঙ্ক্ষ্যতীতি নাশং প্রাপ্স্যতীত্যত্র প্রমা প্রমাণং নাস্তীত্যর্থঃ ॥ ২৮০ ॥

---

যে স্থিরত্ব, তাহা বাধার অভাববশতঃ হয়, নিবৃত্তি উপায়ান্তরের অপেক্ষা করে না। ২৭৬।২৭৭।

অবিদ্যা বা তৎকার্য্য অহঙ্কারাদি জ্ঞানের বাধক হইতে পারে না, যেহেতু পূর্ব্বেই তত্ত্বজ্ঞান দ্বারা তদুভয়ই বিনষ্ট হইয়াছে। বাধিত অবিদ্যা-কার্য্যকে কেবল দেখ, পরন্তু তার কোন ক্রমেই বাধকত্ব সম্ভাবিত নহে, যখন জীবিত মূষিক বিড়ালকে বধ করিতে পারে না, তখন মৃত মূষিক যে তাহাকে হনন করিবে ইহা অসম্ভব। ২৭৮।২৭৯।

যেমন পাশুপতাস্ত্র দ্বারা বিদ্ধ হইয়াও যাহার মৃত্যু হয় নাই, নিষ্ফল বাণদ্বারা প্রহৃত হইয়া সে যে বিনষ্ট হইবে ইহা প্রমাণসিদ্ধ নহে, তদ্রূপ স্বীয় বহুবিধ কার্য্য দ্বারা প্রবর্দ্ধিত অবিদ্যার সহিত যুদ্ধ করিয়া যিনি জয়ী হইয়াছেন, এই রূপে সুদৃঢ় সেই তত্ত্বজ্ঞান যে তদ্দ্বারা বাধিত হইবে ইহাও অপ্রসিদ্ধ। ২৮০।

যুদ্ধা বোধোঽজয়ৎ সোঽদ্য সুদৃঢ়ো বাধ্যতাং কথম্ ॥২৮১॥
তিষ্ঠত্বজ্ঞানতৎকার্য্যশবা বোধেন মারিতাঃ।
ন হানির্বোধসম্রাজঃ কীর্ত্তিঃ প্রত্যুত তস্য তৈঃ ॥ ২৮২ ॥
য এবমতিশূরেণ বোধেন ন বিযুজ্যতে।
প্রবৃত্ত্যা বা নিবৃত্ত্যা বা দেহাদিগতয়াস্য কিং ॥ ২৮৩ ॥
প্রবৃত্তাবাগ্রহো ন্যায্যো বোধহীনস্য সর্ব্বথা।
স্বর্গায় বাপবর্গায় যতিতব্যং যতো নৃভিঃ ॥ ২৮৪ ॥
বিদ্বাংশ্চেৎ তাদৃশাং মধ্যে তিষ্ঠেৎ তদনুরোধতঃ।
কায়েন মনসা বাচা করোত্যেবাখিলাঃ ক্রিয়াঃ ॥ ২৮৫ ॥

---

দৃষ্টান্তসিদ্ধমর্থং দার্ষ্টান্তিকে যোজয়তি—আদাববিদ্যয়েতি। আদৌ বিদ্যাভ্যাসসময়ে চিত্রৈঃ বহুবিধৈঃ স্বকার্য্যৈঃ প্রমাতৃত্বভোক্তৃত্বকর্ত্তৃত্বাদিভির্জৃম্ভমাণয়া বর্দ্ধমানয়াবিদ্যয়া বোধো যুদ্ধা যুদ্ধং কৃত্বা তামজয়ৎ স এবাভ্যাসপাটবেন সুদৃঢ়ঃ অদ্য ইদানীমবিদ্যানিবৃত্তৌ সত্যাং নির্ব্বলেন তৎকার্য্যেণাধ্যাসেন কথং বাধ্যতাং ন কথমপি বাধ্যতে ইত্যর্থঃ ॥ ২৮১ ॥

উপপাদিতমর্থং শ্রোতৃবুদ্ধ্যারোহায় রূপকেণাহ তিষ্ঠত্বিতি ॥ ২৮২ ॥

ভবত্বেবং প্রকৃতে কিমায়াতমিত্যত আহ—য এবমিতি। যঃ পুমানেবমুক্তপ্রকারেণাতি-শূরেণাবিদ্যাতৎকার্য্যঘাতকেন ব্রহ্মাত্মৈকত্বজ্ঞানেন ন বিযুজ্যতে ন কদাপি বিযুক্তো ভবতি, অস্য পুংসো দেহাদিনিষ্ঠয়া প্রবৃত্ত্যা বা নিবৃত্ত্যা বা কিং ন কিমপি ইষ্টমনিষ্টং বেত্যর্থঃ ॥ ২৮৩ ॥

তর্হি জ্ঞানিবদজ্ঞানিনোঽপি প্রবৃত্তাবাগ্রহো ন যুক্ত ইত্যাশঙ্ক্যাহ—প্রবৃত্তাবিতি। তত্রোপ-পত্তিমাহ—স্বর্গায় বেতি ॥ ২৮৪ ॥

বিদুষ আগ্রহো ন যুক্ত ইত্যুক্তং তর্হি কর্ম্মিণাং মধ্যে বর্ত্তমানেন কিং কর্ত্তব্যমিত্যত আহ—

---

তত্ত্বজ্ঞান দ্বারা নিহত অজ্ঞান ও তৎকার্য্য যদিও মৃতদেহের ন্যায় বিদ্যমান থাকে, তাহাতে জ্ঞান-সম্রাটের কোন হানি নাই, বরং তাঁহার কীর্ত্তিই প্রবর্দ্ধিত হয়। যে ব্যক্তি এই প্রকার প্রবল পরাক্রান্ত তত্ত্বজ্ঞান হইতে কোন মতে বিযুক্ত না হন, তাঁহার দেহাদিগত প্রবৃত্তি বা নিবৃত্তি দ্বারা আর কি হইতে পারে? ২৮২।২৮৩।

অজ্ঞানী ব্যক্তিদিগের স্বর্গ ও অপবর্গ সিদ্ধির নিমিত্ত যজ্ঞে প্রবৃত্ত থাকা সর্ব্বদা ন্যায্য, এবং জ্ঞানীও যখন তাদৃশ অজ্ঞানীদিগের মধ্যে থাকিবেন, তখন তদনুরোধে কায়মনোবাক্যে তাঁহার তৎকর্ম্মে প্রবৃত্ত থাকাতে কোন হানি নাই,

এষ মধ্যে বুভুৎসূনাং যদা তিষ্ঠেৎ তদা পুনঃ।
বোধায়ৈষাং ক্রিয়াঃ সর্ব্বা দূষয়ংস্ত্যজতু স্বয়ম্ ॥ ২৮৬ ॥
অবিদ্বদনুসারেণ বৃত্তির্বুদ্ধস্য যুজ্যতে।
স্তনন্ধয়ানুসারেণ বর্ত্ততে তৎপিতা যতঃ ॥ ২৮৭ ॥
অধিক্ষিপ্তস্তাড়িতো বা বালেন স্বপিতা তদা।
ন ক্লিশ্যতি ন কুপ্যেচ্চ বালং প্রত্যুত লালয়েৎ ॥ ২৮৮ ॥
নিন্দিতঃ স্তূয়মানো বা বিদ্বানজ্ঞৈর্ন নিন্দতি।
ন স্তৌতি কিন্তু তেষাং স্যাদ্ যথা বোধস্তথাচরেৎ ॥ ২৮৯ ॥
যেনায়ং নটনেনাত্র বুধ্যতে কার্য্যমেব তৎ।

---

বিদ্বান্ তাদৃশানাং কর্ম্মিণাং মধ্যে তিষ্ঠেচ্চেৎ তদনুরোধতঃ তেষামনুসারেণ শরীরাদিভিঃ সর্ব্বাঃ ক্রিয়াঃ করোত্যেব তান্ কর্ম্মিণো ন নিবারয়েদিত্যর্থঃ ॥ ২৮৫ ॥

অস্যৈব তত্ত্ববুভুৎসূনাং মধ্যেঽবস্থিতস্য কৃত্যমাহ—এষ ইতি। এষ বিদ্বান্ বুভুৎসূনাং মধ্যে যদা তিষ্ঠেৎ তদা এষাং বুভুৎসূনাং বোধায় তত্ত্বজ্ঞানজননায় তাঃ ক্রিয়া দূষয়ন্ স্বয়মপি ত্যজতু ॥ ২৮৬ ॥

কুত এবং কর্ত্তব্যমিত্যাহ—অবিদ্বদনুসারেণেতি। অজ্ঞানুসারেণ জ্ঞানিনো বর্ত্তনমুচিতং কৃপালুত্বাৎ তেষামনুকম্পনীয়ত্বাচ্চেতি ভাবঃ। এবং কুত্র দৃষ্টমিত্যত আহ—স্তনন্ধয়েতি। স্তনন্ধয়াঃ স্তন্যপানকর্ত্তারঃ শিশব ইত্যর্থঃ ॥ ২৮৭ ॥

পিতুঃ স্তনন্ধয়ানুসারিত্বমেব দর্শয়তি—অধিক্ষিপ্ত ইতি ॥ ২৮৮ ॥

দার্ষ্টান্তিকে যোজয়তি—নিন্দিত ইতি। বিদ্বানজ্ঞৈর্নিন্দিতঃ স্তূয়মানো বা স্বয়ং ন নিন্দতি ন স্তৌতি কিন্তু এষামজ্ঞানিনাং যথা বোধ উপজায়তে তথাচরেৎ ॥ ২৮৯ ॥

---

কিন্তু জ্ঞানেচ্ছুদিগের মধ্যে থাকিলে তাহাদিগের জ্ঞান-বৃদ্ধির নিমিত্ত পূর্ব্বোক্ত কর্ম্মে দোষ প্রদর্শনপূর্ব্বক তাহা পরিত্যাগ করিবেন। ২৮৪—২৮৬।

পিতা যেমন স্তন্যপায়ী শিশুর প্রবৃত্ত্যনুসারী হন, তদ্রূপ অজ্ঞানীর মধ্যে বর্ত্তমান জ্ঞানী ব্যক্তির তদনুসারে প্রবৃত্ত হওয়া দূষ্য নহে, পিতা যেমন স্বীয় শিশুকর্ত্তৃক তিরস্কৃত বা তাড়িত হইয়াও ক্লিষ্ট বা কোপযুক্ত হন না বরং তাহাকে লালন করেন, তদ্রূপ জ্ঞানী ব্যক্তি অজ্ঞ কর্ত্তৃক নিন্দিত বা স্তুত হইলেও কোন প্রকার নিন্দা বা স্তব করেন না; কিন্তু যেরূপে তাহাদিগের জ্ঞান হয়, তদনুসারে তিনি ব্যবহার করেন। ২৮৭—২৮৯।

অজ্ঞপ্রবোধান্নৈবান্যৎ কার্য্যমস্ত্যত্র তদ্বিদঃ ॥ ২৯০ ॥
কৃতকৃত্যতয়া তৃপ্তঃ প্রাপ্তপ্রাপ্যতয়া পুনঃ।
তৃপ্যন্নেবং স্বমনসা মন্যতেঽসৌ নিরন্তরম্ ॥ ২৯১ ॥
ধন্যোঽহং ধন্যোঽহং নিত্যং স্বাত্মানমঞ্জসা বেদ্মি।
ধন্যোঽহং ধন্যোঽহং ব্রহ্মানন্দো বিভাতি মে স্পষ্টম্॥২৯২॥
ধন্যোঽহং ধন্যোঽহং দুঃখং সাংসারিকং ন বীক্ষেঽদ্য।
ধন্যোঽহং ধন্যোঽহং স্বস্যাজ্ঞানং পলায়িতং ক্বাপি ॥২৯৩॥

---

এবমাচরণে নিমিত্তমাহ—যেনায়মিতি। অয়মজ্ঞানী অত্রাস্মিন্ লোকে বিদুষো যেন যাদৃশেন নটনেনাচরণেন বুধ্যতে তত্ত্বমবগচ্ছতি তথাচরণং তেন কর্ত্তব্যমেব। যতস্তদ্বিদ্য তর্হি তদেব কার্য্যান্তরমপি প্রসজ্যেত ইত্যত আহ—অজ্ঞপ্রবোধাদিতি। তদ্বিদঃ অত্র লোকে অজ্ঞপ্রবোধাদন্যৎ কর্ত্তব্যং নৈবাস্তি অতস্তদনুসারেণ তত্ত্ববোধনং কর্ত্তব্যমিত্যর্থঃ ॥ ২৯০ ॥

বৃত্তবর্ত্তিষ্যমাণয়োস্তাৎপর্য্যমাহ—কৃতকৃত্যতয়েতি। অসৌ বিদ্বান্ পূর্ব্বোক্তপ্রকারেণ, কৃত-কৃত্যতয়া কৃতং কৃত্যং যেনাসৌ কৃতকৃত্যস্তস্য ভাবস্তত্তা তয়া তৃপ্তঃ সন্ পুনর্বক্ষ্যমাণপ্রকারেণ প্রাপ্তপ্রাপ্যতয়া প্রাপ্তং প্রাপ্যং যেন সঃ প্রাপ্তপ্রাপ্যস্তস্য ভাবস্তত্তা, তয়া তৃপ্যন্ স্বমনসা নিরন্তর-মেবং মন্যতে ॥ ২৯১ ॥

কিং মন্যতে তদিত্যত আহ—ধন্যোঽহমিতি। ধন্যঃ কৃতার্থঃ আদরার্থা বীপ্সা, নিত্যমন-বরতং স্বাত্মানং স্বস্য নিজং রূপং দেশাদ্যনবচ্ছিন্নং প্রত্যগাত্মানমঞ্জসা সাক্ষাৎ যতো বেদ্মি জানাম্যতো ধন্য ইত্যর্থঃ। এবমাত্মজ্ঞানলাভনিমিত্তাং তুষ্টিমভিধায় তৎফললাভনিমিত্তাং তাং দর্শয়তি—ধন্যোঽহমিতি। ব্রহ্মানন্দঃ ব্রহ্মভূতানন্দঃ মে স্পষ্টং বিভাতি স্পষ্টং যথা ভবতি তথা স্ফুরতীত্যর্থঃ ॥ ২৯২ ॥

এবমিষ্টপ্রাপ্তৌ তুষ্টিমভিধায়ানিষ্টনিবৃত্ত্যাপি তুষ্যতীত্যাহ ধন্যোঽহমিতি। অদ্য ইদানীং

---

( অজ্ঞানি-মধ্যস্থ জ্ঞানীদিগের তাদৃশ ব্যবহারের ফল এইক্ষণে নিরূপণ করিতেছেন ) যে প্রকার ব্যবহার দ্বারা অজ্ঞানীদিগের তত্ত্ববোধ হয়, জ্ঞানীর তাহাই কর্ত্তব্য, ইহা ব্যতীত তাঁহার আর অন্য কার্য্য নাই, আর তিনি কেবল কৃতকৃত্যরূপে তৃপ্ত হইয়া অন্তঃকরণে পশ্চাদুক্ত বিষয় সকল আলোচনা করেন। ২৯০।২৯১।

আমি নিত্য আত্মাকে সাক্ষাৎ জানিতেছি, অতএব আমি ধন্য! ব্রহ্মানন্দ আমার সমক্ষে সুস্পষ্ট প্রকাশিত হইতেছে, অতএব আমি ধন্য! সাংসারিক

ধন্যোঽহং ধন্যোঽহং কর্ত্তব্যং মে ন বিদ্যতে কিঞ্চিৎ।
ধন্যোঽহং ধন্যোঽহং প্রাপ্তব্যং সর্ব্বমদ্য সম্পন্নম্॥ ২৯৪॥
ধন্যোঽহং ধন্যোঽহং তৃপ্তের্মে কোপমা ভবেল্লোকে।
ধন্যোঽহং ধন্যোঽহং ধন্যো ধন্যঃ পুনঃপুনর্ধন্যঃ॥ ২৯৫॥
অহো পুণ্যমহো পুণ্যং ফলিতং ফলিতং দৃঢ়ম্।
অস্য পুণ্যস্য সম্পত্তেরহো বয়মহো বয়ম্॥ ২৯৬॥
অহো শাস্ত্রমহো শাস্ত্রমহো গুরুরহো গুরুঃ।
অহো জ্ঞানমহো জ্ঞানমহো সুখমহো সুখম্॥ ২৯৭॥

---

দুঃখং দুঃখরূপং সংসারং ন বীক্ষ্যে ন পশ্যামি, অতঃ কৃতার্থ ইত্যর্থঃ। দুঃখাপ্রতীতৌ কারণমাহ—ধন্যোঽহমিতি। অনেকবাসনাজালমজ্ঞানং ক্বাপি পলায়িতং নষ্টমিত্যর্থঃ॥ ২৯৩॥

অজ্ঞাননিবৃত্তিফলং কৃতকৃত্যত্বং প্রাপ্তপ্রাপ্যত্বঞ্চ দর্শয়তি—ধন্যোঽহমিতি॥ ২৯৪॥

ইদানীং কৃতকৃত্যত্বমিত্যাদিনা জাতায়াস্তৃপ্তের্নিরতিশয়ত্বমাহ ধন্যোঽহমিতি। ইতঃ পরং বক্তব্যাদর্শনাৎ তুষ্টিরেব পরিস্ফুরতীতি দর্শয়তি—ধন্যোঽহমিতি॥ ২৯৫॥

অস্য সর্ব্বস্য কারণভূতপুণ্যপুঞ্জপরিপাকমনুস্মৃত্য তুষ্যতীত্যাহ অহো পুণ্যমিতি। এবংবিধপুণ্যসম্পাদকমাত্মানমনুস্মৃত্য তুষ্যতীত্যাহ অস্য পুণ্যস্যেতি॥ ২৯৬॥

ইদানীং সম্যগ্ জ্ঞানসাধনং শাস্ত্রং তদুপদেষ্টারমাচার্য্যঞ্চানুস্মৃত্য তুষ্যতীত্যাহ—অহো শাস্ত্রমিতি। পুনশ্চ শাস্ত্রজন্যজ্ঞানং তজ্জন্যসুখঞ্চানুস্মৃত্য সন্তুষ্যতীত্যাহ—অহো জ্ঞানমিতি॥ ২৯৭॥

---

দুঃখ সকল আর আমাকে স্পর্শ করে না, অতএব আমি ধন্য! আমার অজ্ঞান-অন্ধকার কোথায় পলায়ন করিয়াছে, অতএব আমি ধন্য! এই পৃথিবীতে আমার আর কোন কর্ত্তব্য কর্ম্ম অবশিষ্ট নাই! অতএব আমি ধন্য! প্রার্থনীয় বিষয় সকল এক্ষণে আমার সম্পন্ন হইয়াছে, অতএব আমি ধন্য! আমার এ প্রীতির উপমা আর কোন লোকে নাই, অতএব আমি ধন্য! আমাতে ধন্যবাদের আর সীমা হয় না। ২৯২—২৯৫।

ওঃ! কি দৃঢ়! কি পুণ্য! কেমন উত্তম ফল এই পুণ্যের হইয়াছে! ওঃ! এই পুণ্য বৃদ্ধির জন্য আমরাই বা কেমন! ওঃ! কি শাস্ত্র! ওঃ! কি গুরুদেব! কি গুরুদেব! ওঃ! কি জ্ঞান! কি জ্ঞান! ওঃ! কি সুখ!

তৃপ্তিদীপমিমং নিত্যং যেঽনুসন্দধতে বুধাঃ।
ব্রহ্মানন্দে নিমজ্জন্তস্তে তৃপ্যন্তি নিরন্তরম্ ॥ ২৯৮ ॥

ইতি তৃপ্তিদীপঃ সমাপ্তঃ ॥

---

গ্রন্থাভ্যাসফলমাহ—তৃপ্তিদীপমিতি ॥ ২৯৮ ॥

ইতি তৃপ্তিদীপব্যাখ্যা সমাপ্তা ॥

---

কি সুখ !!! এই তৃপ্তিদীপ নামক প্রকরণ-গ্রন্থ যে ব্যক্তি সর্ব্বদা আলোচনা করেন, তিনি নিত্য ব্রহ্মানন্দে নিমগ্ন থাকিয়া নিরন্তর পরম পরিতৃপ্ত হন। ২৯৬—২৯৮।

ইতি তৃপ্তিদীপ নামক সপ্তম পরিচ্ছেদ সমাপ্ত।

# অষ্টমঃ পরিচ্ছেদঃ।

## কূটস্থদীপঃ।

আদিত্যদীপিতে কুড্যে দর্পণাদিত্যদীপ্তিবৎ।
কূটস্থভাসিতো দেহো ধীস্থজীবেন ভাস্যতে ॥ ১ ॥
অনেকদর্পণাদিত্য-দীপ্তীনাং বহুসন্ধিষু।
ইতরা ব্যজ্যতে তাসামভাবেঽপি প্রকাশতে ॥ ২ ॥

---

নত্বা শ্রীভারতীতীর্থবিদ্যারণ্যমুনীশ্বরৌ।
কুর্ব্বে কূটস্থদীপস্য ব্যাখ্যাং তাৎপর্য্যদীপিকাম্ ॥

অত্র মুমুক্ষোর্মোক্ষসাধনব্রহ্মাত্মৈকত্বজ্ঞানস্য ত্বংপদার্থশোধনপূর্ব্বকত্বাৎ ত্বম্পদার্থশোধনপরং কূটস্থদীপাখ্যং গ্রন্থমারভমাণ আচার্য্যোঽস্য গ্রন্থস্য বেদান্তপ্রকরণত্বেন তদীয়ৈরেব বিষয়াদিভিস্তদ্বত্তাসিদ্ধিমভিপ্রেত্য ত্বম্পদলক্ষ্যবাচ্যৌ কূটস্থজীবৌ সদৃষ্টান্তং ভেদেন নির্দিশতি—আদিত্যেতি। আদিত্যদীপিতে যে আদিত্যঃ আদিত্যঃ প্রসিদ্ধঃ সূর্য্য ইত্যর্থঃ, তেন চ তৎসম্বন্ধ্যালোকো লক্ষ্যতে, তেন দীপিতে প্রকাশিতে কুড্যে দর্পণাদিত্যদীপ্তিবৎ দর্পণেষু নিপত্য পর্য্যাবৃত্তৈঃ কুড্যসম্বদ্ধৈরাদিত্যরশ্মিভিস্তৎপ্রকাশনমিব কূটস্থভাসিতঃ কূটস্থেনাবিকারিচৈতন্যেন ভাসিতঃ প্রকাশিতো দেহঃ ধীস্থজীবেন বুদ্ধিস্থচিদাভাসেন ভাস্যতে প্রকাশ্যতে, অনেন সামান্যতো বিশেষতশ্চ কুড্যাবভাসকাদিত্যপ্রকাশদ্বয়মিব দেহাবভাসকচৈতন্যদ্বয়মস্তীতি প্রতিজ্ঞাতং ভবতি ॥ ১ ॥

ননু তত্র দর্পণাদিত্যদীপ্তিব্যতিরেকেণ আদিত্যদীপ্তির্নোপলভ্যতে ইত্যাশঙ্ক্য তাভ্যস্তাং বিভজ্য দর্শয়তি—অনেকেতি। অনেকা বহুদর্পণজন্যাঃ কুড্যে তত্র তত্র মণ্ডলাকারবিশেষপ্রভা দৃশ্যন্তে তাসাং সন্ধৌ মধ্যে ইতরা সামান্যপ্রকাশরূপা আদিত্যপ্রভা ব্যজ্যতে অভিব্যক্তোপলভ্যতে তাসাং দর্পণজন্যপ্রভাণামভাবে দর্পণাপগমাদিনা অসত্ত্বে চ স্বয়ং সর্ব্বত্র প্রকাশতে ॥ ২ ॥

---

যেমন সামান্যতঃ সূর্য্যকিরণ-প্রকাশিত, ভিত্তিপ্রভৃতি দর্পণ-প্রতিবিম্বিত আদিত্যরশ্মি দ্বারা দ্বিগুণ প্রকাশ হয়, তদ্রূপ সামান্যতঃ কূটস্থ-চৈতন্য-প্রকাশিত এই শরীর-সকল, বুদ্ধিস্থ জীব-চৈতন্য দ্বারা বিশেষ প্রকাশিত হয়। ১।

যেমন ভিত্তিগত বহু-দর্পণ-প্রতিবিম্বিত (মণ্ডলাকার) সূর্য্যকিরণের মধ্যে মধ্যে সামান্য সূর্য্যরশ্মি প্রকাশিত হয় এবং দর্পণপ্রতিবিম্বিত

চিদাভাসবিশিষ্টানাং তথানেকধিয়ামসৌ।
সন্ধিং ধিয়ামভাবঞ্চ ভাসয়ন্ প্রবিবিচ্যতাম্ ॥ ৩ ॥
ঘটৈকাকারধীস্থা চিৎ ঘটমেবাবভাসয়েৎ।
ঘটস্য জ্ঞাততা ব্রহ্মচৈতন্যেনাবভাসতে ॥ ৪ ॥
অজ্ঞাতত্বেন ভাতোঽয়ং ঘটো বুদ্ধ্যুদয়াৎ পুরা।
ব্রহ্মণৈবোপরিষ্টাত্তু জ্ঞাতত্বেনেত্যসৌ ভিদা ॥ ৫ ॥
চিদাভাসান্তধীবৃত্তিজ্ঞানং লোহান্তকুন্তবৎ।

দৃষ্টান্তসিদ্ধমর্থং দার্ষ্টান্তিকে দর্শয়তি—চিদাভাসবিশিষ্টানামিতি। তথা তেনৈব প্রকারেণ চিদাভাসবিশিষ্টানাং চিৎপ্রতিবিম্বযুক্তানাম্ অনেকধিয়ামনেকাসাং বুদ্ধিবৃত্তীনাং ঘটজ্ঞানাদি-শব্দবাচ্যানাং সন্ধিমন্তরালং জাগ্রদাদৌ ধিয়াং তাসামেব বুদ্ধিবৃত্তীনাম্ অভাবঞ্চ সুষুপ্ত্যাদৌ ভাসয়ন্ প্রকাশয়ন্নসৌ কূটস্থঃ প্রবিবিচ্যতাং তাভ্যো ভেদেন জ্ঞায়তামিত্যর্থঃ ॥ ৩ ॥

ইদানীং দেহান্তঃকূটস্থচিদাভাসয়োর্ভেদপ্রদর্শনায় দেহাদ্বহিরপি চিদাভাসব্রহ্মণী বিভজ্য দর্শয়তি—ঘটৈকাকারধীস্থেতি। ঘটৈকাকারধীস্থা চিৎ ঘটস্যৈকস্যাকার ইবাকারো যস্যাঃ সা ঘটৈকাকারা তথাবিধায়াং বুদ্ধৌ বর্তমানশ্চিদাভাসঃ ঘটমেকমেবাবভাসয়েৎ তস্য ঘটস্য জ্ঞাত-তাখ্যো ধর্মঃ ঘটো জ্ঞাত ইতি ব্যবহারহেতুর্যঃ স ঘটকল্পনাধিষ্ঠানেন ব্রহ্মচৈতন্যেন সাধনভূতে-নাবভাসতে প্রকাশতে ইত্যর্থঃ ॥ ৪ ॥

নন্বজ্ঞাততাবভাসকচৈতন্যেনৈব ঘটপ্রতীতিসম্ভবাৎ বুদ্ধিঃ কিমর্থেয়মিত্যাশঙ্ক্য ঘটস্য জ্ঞাততাদিভেদসিদ্ধ্যর্থেত্যাহ—অজ্ঞাতত্বেনেতি। বুদ্ধ্যুদয়াৎ পূর্বমং ঘটে ব্রহ্মণৈবাজ্ঞাতত্বেন প্রকাশিতো বুদ্ধ্যুৎপত্তৌ সত্যাং জ্ঞাতত্বেন ব্রহ্মণৈব প্রকাশ্যত ইতীয়ানেব ভেদঃ, নান্য ইত্যর্থঃ ॥ ৫ ॥

নন্বেকস্যৈব ঘটস্য জ্ঞাততাজ্ঞাতত্বলক্ষণং বৈরূপ্যং কথং সম্ভবতীত্যাশঙ্ক্য তদ্বোধনায়

সূর্য্যের অভাবেও তৎপ্রকাশের অন্যথা হয় না, তদ্রূপ চিদাভাস-বিশিষ্ট অনেক বুদ্ধিবৃত্তি ও তাহা সন্ধি এবং অভাবাদির প্রকা-শক কূটস্থ চৈতন্যকে তাহা হইতে পৃথক্ বিবেচনা কর। ২।৩।

ঘটাকারাকারিত একমাত্র বুদ্ধিস্থ আভাসচৈতন্য কেবল ঘটমাত্রকে প্রকাশ করে এবং সেই ঘটের জ্ঞাততা ব্রহ্ম-চৈতন্য দ্বারা প্রকাশিত হয়, ঘটে বুদ্ধি সম্বন্ধ হইবার পূর্ব্বে ঘট অজ্ঞাতরূপে যে ব্রহ্মচৈতন্য দ্বারা প্রকাশ পায়, পশ্চাৎ তাঁহারই দ্বারা জ্ঞাতরূপে প্রকাশিত হয়, অন্তঃকরণস্থ, জীব-চৈতন্য ও নিরুপাধিক কূটস্থ ব্রহ্মচৈতন্যেরও তাহা (এইমাত্র) প্রভেদ। ৪।৫

যেমন কুম্ভ অস্ত্রের অগ্রভাগে ইস্পাতের ধার, চিদাভাস-মুখী বুদ্ধি-

জাড্যমজ্ঞানমেতাভ্যাং ব্যাপ্তঃ কুম্ভো দ্বিধোচ্যতে ॥ ৬ ॥

অজ্ঞাতো ব্রহ্মণা ভাস্যো জ্ঞাতঃ কুম্ভস্তথা ন কিম্।

জ্ঞাতত্বজননেনৈব চিদাভাসপরিক্ষয়ঃ ॥ ৭ ॥

আভাসহীনয়া বুদ্ধ্যা জ্ঞাতত্বং নৈব জন্যতে।

তাদৃগ্‌ বুদ্ধের্বিশেষঃ কো মৃদাদেঃ স্যাদবিকারিণঃ ॥ ৮ ॥

জ্ঞাত ইত্যুচ্যতে কুম্ভো মৃদা লিপ্তো ন কুত্রচিৎ।

ধীমাত্রব্যাপ্তকুম্ভস্য জ্ঞাতত্বং নেষ্যতে তথা ॥ ৯ ॥

---

জ্ঞাতত্বাজ্ঞাতত্বানিমিত্তয়োর্জ্ঞানাজ্ঞানয়োঃ স্বরূপং তাবদ্দর্শয়তি—চিদাভাসান্তধীবৃত্তিরিতি। চিদাভাসশ্চিৎপ্রতিবিম্বঃ সোঽন্তে পুরোভাগে যস্যাঃ সা ধীবৃত্তির্জ্ঞানম্ ইত্যুচ্যতে বোধো ধীবৃত্তিরিতি * আচার্য্যৈরভিধানাৎ। তত্র দৃষ্টান্তো লোহ স্তকুম্ভবদিতি। জাড্যং স্বতঃ স্ফূর্ত্তিরহিতত্বমজ্ঞানমিত্যুচ্যতে এতাভ্যাং পর্য্যায়েণ ব্যাপ্তঃ সর্ব্বতঃ সম্বদ্ধঃ কুম্ভো দ্বিধোচ্যতে জ্ঞাতোঽজ্ঞাত ইতি চোচ্যত ইত্যর্থঃ ॥ ৬ ॥

নন্বজ্ঞাতস্য কুম্ভস্যাজ্ঞানব্যাপ্তত্বাদ্ভবতু ব্রহ্মাবভাস্যত্বং জ্ঞানব্যাপ্তস্য তু জ্ঞাতস্য কুম্ভস্য কুতো ব্রহ্মচৈতন্যাবভাস্যত্বমিত্যাশঙ্ক্যাজ্ঞানস্যাজ্ঞাতত্বাজননমাত্রেণেব জ্ঞানস্যাপি জ্ঞাতত্বাজননমাত্রেণোপক্ষীণত্বাদজ্ঞাতকুম্ভবৎ জ্ঞাতস্যাপি ব্রহ্মাবভাস্যত্বং ভবতীত্যাহ—অজ্ঞাতো ব্রহ্মণা ভাস্য ইতি। যথা অজ্ঞাতঃ কুম্ভো ব্রহ্মাবভাস্যস্তথা জ্ঞাতঃ কুম্ভো ন কিং ব্রহ্মাবভাস্যো ভবতি কিন্তু ভবত্যেবেত্যর্থঃ। কুত ইত্যত আহ—জ্ঞাতত্বেতি ॥ ৭ ॥

যথাজ্ঞাতত্বজননায়াজ্ঞানমিব জ্ঞাততাজননায়াপি বুদ্ধিরেবালং কিমনেন চিদাভাসেনেত্যাশঙ্ক্য চিদাভাসরহিতায়া বুদ্ধের্ঘটাদিবদপ্রকাশরূপত্বেন জ্ঞাততাজনকং ন সম্ভবতীত্যাহ—আভাসহীনয়েতি ॥ ৮ ॥

চিদাভাসরহিতবুদ্ধিব্যাপ্তস্য ঘটস্য জ্ঞাততাভাবং দৃষ্টান্তপ্রদর্শনেন স্পষ্টয়তি—ইত্যুচ্যত ইতি।

---

বৃত্তিরূপ যে জ্ঞান, তাহাও তদ্রূপ; এই জ্ঞান এবং অজ্ঞান এতদুভয় দ্বারা ব্যাপ্ত ঘটাদি দুই প্রকারে কথিত হয় অর্থাৎ জ্ঞাত ও অজ্ঞাত, কিন্তু তদুভয় অবস্থাতেই সেই ঘটাদি সামান্যতঃ ব্রহ্মচৈতন্য দ্বারা প্রকাশিত হয়, আর চিদাভাস কেবল জ্ঞাতত্ব জননমাত্রে ক্ষয়প্রাপ্ত হয়। চিদাভাসদ্বারা জ্ঞাতত্বের আর প্রকাশ হইতে পারে না। ৬।৭

কেননা আভাস-চৈতন্য-বিহীন বুদ্ধি এবং বিকারী মৃত্তিকাদির কোনই প্রভেদ নাই; মৃত্তিকা-লিপ্ত হইলে, যেমন জ্ঞাতরূপে অভিহিত হয় না,

---

* বোধো বুদ্ধিরীতি মুখরীবুদ্ধিতপুস্তকপাঠঃ।

জ্ঞাতত্বং নাম কুম্ভেঽতশ্চিদাভাসফলোদয়ঃ
ন ফলং ব্রহ্মচৈতন্যং মানাৎ প্রাগপি সত্ত্বতঃ ॥ ১০
পরাগর্থপ্রমেয়েষু যা ফলত্বেন সম্মতা।
সংবিৎ সৈবেহ মেয়োঽর্থো বেদান্তোক্তিপ্রমাণতঃ ॥ ১১
ইতি বার্ত্তিককারেণ চিৎসাদৃশ্যং বিবক্ষিতম্।
ব্রহ্মচিৎফলয়োর্ভেদঃ সহস্র্যাং বিশ্রুতো যতঃ ॥ ১২

---

লোকে কুত্রচিদপি ঘটো মৃদা শুক্লরক্তরূপয়া লিপ্তো লেপনং প্রাপ্তো জ্ঞাত ইতি নোচ্যতে যথা তথা চিদাভাসরহিতবুদ্ধিব্যাপ্তস্য ঘটস্য জ্ঞাতত্বং নাভ্যুপগন্তব্যমিতি ভাবঃ ॥ ৯ ॥

ফলিতমাহ—জ্ঞাতত্বমিতি। যতঃ কেবলয়া বুদ্ধ্যা জ্ঞাতত্বজননাসমর্থত্বমতঃ কুম্ভে চিদাভাসলক্ষণস্য ফলস্যোৎপত্তিরেব জ্ঞাতত্বং নাম প্রসিদ্ধমিত্যর্থঃ। নন্ন তথাপি চিদাভাসো ন কল্পনীয়ঃ ব্রহ্মচৈতন্যস্যৈব ফলস্য সদ্ভাবাদিত্যাশঙ্ক্যাহ,—ন ফলমিতি। ব্রহ্মচৈতন্যং ফলং ঘটাদিষ্বর্ণং ন ভবতীতি। কুত ইত্যত আহ,—মানাৎ প্রাগিতি। মানাৎ প্রাগপি প্রমাণপ্রবৃত্তেঃ পূর্ব্বমপি বিদ্যমানত্বাৎ ফলস্য তু তদুত্তরকালীনত্বনিয়মাদিতি ভাবঃ ॥ ১০ ॥

নম্বিদং পরাগর্থপ্রমেয়েষিত্যাদিসুরেশ্বরবার্ত্তিকবিরুদ্ধমিত্যাশঙ্ক্য তদ্বিবক্ষানভিজ্ঞস্য ইদং চোদ্যমিতি পরিহরতি পরাগর্থপ্রমেয়েষিতি। অস্য চায়মর্থঃ,—পরাগর্থা বাহ্যা ঘটাদয়ং পদার্থাস্তেষু প্রমেয়েষু প্রমাণবিষয়েষু সৎসু যা প্রমাণফলত্বেনাভ্যুপেতা সংবিদস্তি সৈবেহাস্মিন্ শাস্ত্রে বেদান্তোক্তিপ্রমাণতঃ বেদান্তবাক্যলক্ষণপ্রমাণেন মেয়োঽর্থঃ জ্ঞাতব্যোঽর্থঃ ॥ ১১ ॥

ইতীতি। ইত্যনেন বার্ত্তিকেন ব্রহ্মচৈতন্যসদৃশশ্চিদাভাসঃ প্রমাণফলত্বেন বিবক্ষিতো ন ব্রহ্মচৈতন্যমিতি ভাবঃ। বার্ত্তিককারাণামীদৃশী বিবক্ষেতি কুতোঽবগম্যতে ইত্যাশঙ্ক্য তদ্গুরুভিঃ শ্রীমদাচার্য্যৈরুপদেশসাহস্র্যাং ব্রহ্মচৈতন্যচিদাভাসয়োর্ভেদস্য প্রতিপাদিতত্বাৎ ইত্যাহ,—ব্রহ্মচিৎফলয়োরিতি। ব্রহ্মচিচ্চ ফলঞ্চ ব্রহ্মচিৎফলে তয়োরিতি বিগ্রহঃ ॥ ১২ ॥

---

তদ্রূপ আভাসহীন বুদ্ধিব্যাপ্ত ঘটাদিও জ্ঞাত নামে ব্যবহৃত হইতে পারে না। ৯।

অতএব চিদাভাসরূপ ফলই ঘটের জ্ঞাতত্ব ব্রহ্মচৈতন্য ফল নহে, কেননা প্রমাণ প্রয়োগের পূর্ব্বেও ব্রহ্ম-চৈতন্য থাকেন। ঘট-পটাদিরূপ প্রমেয় বস্তু বিষয়ে প্রমাণ ফলস্বরূপ যে সংবিৎ, তাহাই বেদান্তমতপ্রমাণে জ্ঞেয় পদার্থ, সংবিৎশব্দে চিদাভাস; কেননা সংবিৎস্বরূপ ব্রহ্ম ও ফল চৈতন্যের ভেদ উপদেশ-সহস্রী-গ্রন্থে কথিত হইয়াছে। ১০—১২।

আভাস উদিতস্তস্মাৎ জ্ঞাতত্বং জনয়েদ্‌ঘটে।
তৎ পুনর্ব্রহ্মণা ভাস্যমজ্ঞাতত্ববদেব হি॥ ১৩
ধীবৃত্ত্যাভাসকুম্ভানাং সমূহো ভাস্যতে চিতা।
কুম্ভমাত্রফলত্বাৎ স এক আভাসতঃ স্ফুরেৎ॥ ১৪
চৈতন্যং দ্বিগুণং কুম্ভে জ্ঞাতত্বেন স্ফুরেৎ ততঃ।
অন্যেঽনুব্যবসায়াখ্যমাহুরেতদ্‌যথোদিতম্॥ ১৫
ঘটোঽয়মিত্যসাবুক্তিরাভাসস্য প্রসাদতঃ।
বিজ্ঞাতো ঘট ইত্যুক্তির্ব্রহ্মানুগ্রহতো ভবেৎ॥ ১৬

এবঞ্চ সতি প্রকৃতে কিমায়াতমিত্যত আহ—আভাসেতি। যস্মাৎ ব্রহ্মচিৎফলয়োর্ভেদ সিদ্ধস্তস্মাৎ ঘটে উদিত উৎপন্ন আভাসস্তত্র ঘটে জ্ঞাতত্বং জনয়েৎ উৎপন্নং তজ্জ্ঞাতত্বং পুন রজ্ঞাতত্ববৎ ব্রহ্মণৈব ভাস্যং ভবতি হি প্রসিদ্ধমিত্যর্থঃ॥ ১৩॥

এবং ব্রহ্মচিদাভাসয়োর্ভেদমুপপাদিতং বিষয়ভেদপ্রদর্শনেন স্পষ্টয়তি,—ধীবৃত্ত্যেতি। চিতা ব্রহ্মচৈতন্যেনেত্যর্থঃ; চিদাভাসস্য কুম্ভমাত্রনিষ্ঠফলরূপত্বাৎ তেনাভাসেন স ঘট এক এব স্ফুরেৎ ভাসেত ইত্যর্থঃ॥ ১৪॥

কুম্ভস্য চিদাভাসব্রহ্মোভয়ভাস্যত্বে লিঙ্গমাহ—চৈতন্যমিতি। অতো ঘটস্য ব্রহ্মচিদাভাসো ভয়ভাস্যত্বাৎ কুম্ভে জ্ঞাতত্বেন দ্বিগুণং চৈতন্যং ভাতি ইদমেব ঘটজ্ঞাততাবভাসকং চৈতন্যং তার্কিকৈর্নামান্তরেণ ব্যবহ্রিয়তে ইত্যাহ—অন্যেঽনুব্যবসায়াখ্যমিতি। যথোদিতং যথোক্ত-মেতদেব ব্রহ্মচৈতন্যমন্যে তার্কিকা অনুব্যবসায়াখ্যং জ্ঞানান্তরং প্রাহুরিতি যোজনা॥ ১৫॥

অয়ং ঘট ইতি জ্ঞাতো ঘট ইতি চ ব্যবহারভেদাদপি চিদাভাসব্রহ্মণোর্ভেদোঽবগন্তব্য ইত্যাহ,—ঘটোঽয়মিত্যসাবিতি॥ ১৬॥

অতএব ইহা স্থির করা যায় যে, আভাসচৈতন্য দ্বারা ঘটাদি বিষয়ের জ্ঞাতত্ব হয় এবং সেই জ্ঞাতত্ব, অজ্ঞাতত্বের ন্যায় কূটস্থ ব্রহ্ম-চৈতন্য দ্বারা প্রকাশিত হয়। বুদ্ধি-বৃত্তি, আভাস-চৈতন্য ও ঘট সকলই ব্রহ্ম-চৈতন্য-প্রকাশ্য, আর কেবল মাত্র ঘট আভাস-চৈতন্য দ্বারা প্রকাশ্য। ১৩।১৪।

জ্ঞাত ঘটে দ্বিগুণ চৈতন্য অর্থাৎ আভাস ও ব্রহ্ম-চৈতন্য উভয়ই প্রকাশ পায়; ইহা নিরূপিত হইল, অপরে ইহাকেই অনুব্যবসায় বলিয়া নির্ণয় করিয়াছেন, 'অয়ং ঘটঃ' 'এই ঘট' এইরূপ উক্তি আভাস-চৈতন্যের প্রসাদে হয়, আর বিজ্ঞাত ঘট—আমি ঘট জানিয়াছি এইরূপ

আভাসব্রহ্মণী দেহাৎ বহির্যদ্বদ্ বিবেচিতে।
তদ্বদাভাসকূটস্থৌ বিবিচ্যেতাং বপুষ্যপি ॥ ১৭
অহংবৃত্তৌ চিদাভাসঃ কামক্রোধাদিকাসু চ।
সংব্যাপ্য বর্ত্ততে তপ্তে লোহে বহ্নির্যথা তথা ॥ ১৮ ॥
স্বমাত্রং ভাসয়েৎ তপ্তং লোহং নান্যং কদাচন।
এবমাভাসসহিতা বৃত্তয়ঃ স্বস্বভাসিকাঃ ॥ ১৯ ॥
ক্রমাদ্ বিচ্ছিদ্য বিচ্ছিদ্য জায়ন্তে বৃত্তয়োহখিলাঃ।
সর্ব্বা অপি বিলীয়ন্তে সুপ্তিমূর্চ্ছাসমাধিষু ॥ ২০ ॥

---

দেহাদ্‌বহিশ্চিদাভাসব্রহ্মণী বিবিচ্যেতে যথা তথা দেহান্তশ্চিদাভাসকূটস্থৌ বিবেচনীয়াবিত্যাহ,—আভাসব্রহ্মণী দেহাদিতি ॥ ১৭ ॥

ননু দেহাদ্ বহিশ্চিদাভাসস্য বাহ্যঘটাকারবৃত্তিবদান্তরবিষয়গোচরবৃত্ত্যভাবাৎ কথং তদ্‌ব্যাপকশ্চিদাভাসোহভ্যুপগম্যতে ইত্যাশঙ্ক্য বিষয়গোচরবৃত্ত্যভাবেহপ্যহমাদিবৃত্তিসদ্ভাবাৎ তদ্‌ব্যাপকশ্চিদাভাসোহভ্যুপগন্তুং শক্যতে ইতি সদৃষ্টান্তমাহ,—অহংবৃত্তাবিতি ॥ ১৮ ॥

অহমাদিবৃত্তীনামেব চিদাভাসভাস্যত্বং দৃষ্টান্তপ্রপঞ্চনেন স্পষ্টয়তি স্বমাত্রমিতি ॥ ১৯ ॥

এবং চিদাভাসং ব্যুৎপাদ্য কূটস্থস্বরূপং ব্যুৎপাদয়িতুং তদুপযোগিনং বৃত্ত্যভাবাবসরং দর্শয়তি,—ক্রমাদ্ বিচ্ছিদ্যেতি ॥ ২০ ॥

---

উক্ত ব্রহ্মের প্রসাদেই হয়—অর্থাৎ বিষয়জ্ঞান চিদাভাস এবং বিষয়জ্ঞান-জ্ঞান ব্রহ্ম-চৈতন্য। ১৫।১৬।

পূর্ব্ব পূর্ব্ব শ্লোক দ্বারা ঘটাদি বাহ্য বিষয়ে আভাস-চৈতন্য ও কূটস্থ ব্রহ্ম-চৈতন্য এই উভয় চৈতন্যের ভেদ যে প্রকার নিরূপিত হইল, তদ্রূপ স্বীয় শরীরে সেই উভয় চৈতন্যের ভেদ নির্ণয় করা আবশ্যক (কারণ তাহাতেই তৎ ও ত্বংপদের শোধনপূর্ব্বক ঐক্য করা সহজ হইবে; অতএব তন্নির্ণয় করিতেছি)। ১৭।

যেমন তপ্ত লৌহপিণ্ডে অগ্নি ব্যাপ্ত থাকে, তদ্রূপ অহঙ্কার-বৃত্তি ও কামক্রোধাদি—বৃত্তিতে আভাস-চৈতন্য ব্যাপ্ত আছেন, আর যেমন সেই লৌহপিণ্ড কেবল আপনাকে প্রকাশ করে, অন্যকে প্রকাশ করিতে সমর্থ হয় না, তদ্রূপ আভাস-ব্যাপ্ত সেই বৃত্তি সকল কেবল আপনাকেই প্রকাশ করে। ১৮।১৯।

ক্রমশঃ বিচ্ছিন্ন বিচ্ছিন্ন হইয়া পূর্ব্বোক্ত বৃত্তি সকল উৎপন্ন হয়;

সন্ধ্যয়োঽখিলবৃত্তীনামভাবাশ্চাবভাসিতাঃ।
নির্ব্বিকারেণ যেনাসৌ কূটস্থ ইতি চোচ্যতে * ॥ ২১ ॥
ঘটে দ্বিগুণচৈতন্যং যথা বাহ্যে তথান্তরে।
বৃত্তিষ্বপি ততস্তত্র বৈশদ্যং সন্ধিতোঽধিকম্ ॥ ২২ ॥
জ্ঞাততাজ্ঞাততে ন স্তো ঘটবদ্‌বৃত্তিষু কচিৎ।
স্বস্য স্বেনাগৃহীতত্বাৎ তাভিশ্চাজ্ঞাননাশনাৎ ॥ ২৩ ॥

---

ভবত্বেবং সমাধ্যাদৌ বৃত্তিবিলয়োঽনেন কথং কূটস্থোঽবগম্যতে ইত্যাশঙ্ক্য বৃত্ত্যভাব সাক্ষিত্বেনাসাববগম্যতে ইত্যাহ,—সন্ধ্যয়োঽখিলবৃত্তীনামিতি। বৃত্তিসন্ধয়ো বৃত্ত্যভাবাশ্চ যেন চৈতন্যেনাবভাস্যন্তে স কূটস্থোঽবগন্তব্য ইত্যর্থঃ ॥ ২১ ॥

এবঞ্চ সতি কিং ফলিতমিত্যত আহ—ঘটে দ্বিগুণেতি। বাহ্যে ঘটে যথা ঘটমাত্রাবভাসকশ্চিদাভাসঃ ঘটস্য জ্ঞাততাবভাসকং ব্রহ্মচৈতন্যঞ্চেতি চৈতন্যদ্বৈগুণ্যং তথান্তরেঽহঙ্কারাদিবৃত্তিষ্বপি কূটস্থচৈতন্যং বৃত্ত্যবভাসকশ্চিদাভাসশ্চেত দ্বিগুণং চৈতন্যমস্তি। তত্রোপপত্তিমাহ—ততস্তত্র বৈশদ্যমিতি। যতো দ্বিগুণং চৈতন্যমস্তি ততঃ সন্ধিতঃ সন্ধিভ্যস্তত্র বৃত্তিষু বৈশদ্যমধিকং দৃশ্যত ইতি শেষঃ ॥ ২২ ॥

নন্বত্র বৃত্তৌ ঘটাদিষ্বিব জ্ঞাততাজ্ঞাততাবভাসকত্বেন কূটস্থঃ কিং নেষ্যত ইত্যাশঙ্ক্য তত্র জ্ঞাততাদ্যভাবাদেবেত্যাহ—জ্ঞাততাজ্ঞাততে নেতি। তত্রোপপত্তিমাহ—স্বস্য স্বেনাগৃহীতত্বাদিতি। জ্ঞানাজ্ঞানব্যাপ্তিভ্যাং জ্ঞাততাজ্ঞাততে ভবতঃ বৃত্তীনান্তু স্বপ্রকাশত্বেন জ্ঞানব্যাপ্তির্নাস্তি তাভিঃ বৃত্তিভিঃ স্বোৎপত্তিমাত্রেণ স্বগোচরাজ্ঞানস্য নিবর্ত্তিতত্বাৎ অজ্ঞানস্য ব্যাপ্তিরপি নাস্তীতি ভাবঃ ॥ ২৩ ॥

---

কিন্তু সুষুপ্তি, মূর্চ্ছা বা সমাধি অবস্থাতে তাহারা সকলেই বিলীন হয়। যে নির্ব্বিকার চৈতন্য দ্বারা সেই সকল বৃত্তি ও তাহাদিগের সন্ধি অর্থাৎ অন্তরাল অবস্থা নামে কথিত এবং অভাব সকল প্রকাশিত, তিনিই কূটস্থ ব্রহ্মচৈতন্য। ২০।২১।

যেমন বাহ্য ঘটাদি বিষয়ে দ্বিগুণ চৈতন্য পূর্ব্বে প্রতিপন্ন করা গিয়াছে, তদ্রূপ অন্তরস্থ এই বৃত্তি সমুদায়েও চৈতন্যের দ্বৈগুণ্য স্বীকার করা যায়, অতএব 'আন্তরিক বৃত্তিতে কাম-ক্রোধাদি বৃত্তিদ্বারা সন্ধি অবস্থা হইতে প্রকাশের আধিক্য স্বীকার করা যায়। ২২।

অন্তরস্থ বৃত্তির কিন্তু বাহ্য ঘটাদির ন্যায় জ্ঞাতত্ব বা অজ্ঞানত্ব কিছুই

---

* সন্ধ্যত ইত্যস্মদ্দেশীয় পুস্তক পাঠঃ।

দ্বিগুণীকৃতচৈতন্যে জন্মনাশানুভূতিতঃ।
অকূটস্থং তদন্যৎ তু কূটস্থমবিকারতঃ॥ ২৪॥
অন্তঃকরণতদ্বৃত্তিসাক্ষীত্যাদাবনেকধা।
কূটস্থ এব সর্ব্বত্র পূর্ব্বাচার্য্যৈর্ব্বিনিশ্চিতঃ॥ ২৫
আত্মাভাসাশ্রয়াশ্চৈবং মুখাভাসাশ্রয়া যথা।
গম্যন্তে শাস্ত্রযুক্তিভ্যামিত্যাভাসশ্চ বর্ণিতঃ॥ ২৬

---

ননু কূটস্থচিদাভাসয়োরুভয়োরপি চিত্তে সমানে একস্য কূটস্থত্বমপরস্যাকূটস্থত্বমিত্যেতৎ কুত ইত্যাশঙ্ক্য চিদাভাসনিষ্ঠয়োর্জ্জন্মনাশয়োরনুভূয়মানত্বাদস্যাকূটস্থত্বম্ ইতরস্য বিকারিত্বে প্রমাণাভাবাৎ কূটস্থত্বমিত্যাহ,—দ্বিগুণীকৃতেতি॥ ২৪॥

চিদাভাসব্যতিরিক্তকূটস্থাভ্যুপগমঃ স্বকপোলকল্পিত ইত্যাশঙ্ক্যাচার্য্যৈশ্চ কূটস্থস্যোপপাদিতত্বান্নৈবমিত্যাহ—অন্তঃকরণেতি। অন্তঃকরণতদ্বৃত্তিসাক্ষী চৈতন্যবিগ্রহঃ আনন্দরূপঃ সত্যঃ সন্ কিং নাত্মানং প্রপদ্যসে ইত্যাদাবিত্যর্থঃ॥ ২৫॥

কূটস্থাতিরিক্তচিদাভাসোঽপি তৈর্বর্ণিত ইত্যাহ,—আত্মাভাসেতি। আত্মা চ আভাসশ্চ আশ্রয়শ্চ আত্মাভাসাশ্রয়া ইতি দ্বন্দ্বসমাসঃ। মুখাভাসাশ্রয়া ইত্যত্রাপি তথা, মুখং প্রসিদ্ধমাভাসো মুখপ্রতিবিম্ব আশ্রয়ো দর্পণাদিশ্চেতি ত্রয়ং যথা প্রত্যক্ষেণাবগম্যতে এবমাত্মা কূটস্থ আভাসশ্চিদাভাস আশ্রয়োঽন্তঃকরণাদিরিতি ত্রয়োঽপি শাস্ত্রযুক্তিভ্যামবগম্যন্তে ইত্যর্থঃ। অত্র চ আভাসশব্দেন কূটস্থাতিরিক্তশ্চিদাভাসো বর্ণিত ইতি ভাবঃ। মনসঃ সাক্ষী বুদ্ধেশ্চ সাক্ষীতি বুদ্ধিসাক্ষিণঃ প্রতিপাদকং শাস্ত্রং "রূপং রূপং প্রতিরূপো বভূব" ইতি চিদাভাসপ্রতিপাদকং বিকারিত্বাবিকারিত্বাদিরূপা যুক্তিঃ পূর্ব্বমেবোক্তেতি ভাবঃ॥ ২৬॥

---

নির্ণয় নাই; যে হেতু আপনার দ্বারা আপনার জ্ঞাতত্ব অসম্ভব এবং তাহার দ্বারা অজ্ঞানের নাশ হয়। সেই দ্বিগুণীকৃত চৈতন্যে অর্থাৎ আভাস-চৈতন্যেই জন্ম ও বিনাশ অনুভব হয়; অতএব তিনিই জীব এবং তদ্ভিন্ন কূটস্থ চৈতন্য (অবিকারী পরব্রহ্ম) ২৩।২৪।

'অন্তঃকরণ ও তদ্বৃত্তি সকলের সাক্ষী' ইত্যাদি গ্রন্থে সর্ব্বস্থানে পূর্ব্ব পূর্ব্ব আচার্য্যেরা কূটস্থ ব্রহ্মচৈতন্যের স্বরূপ নির্ণয় করিয়াছেন, আর যেমন মুখ, প্রতিবিম্ব ও দর্পণ, ইহারা পৃথক্‌রূপে স্পষ্ট প্রত্যক্ষ হয়, তদ্রূপ কূটস্থচৈতন্য, আভাস চৈতন্য ও অন্তঃকরণ স্পষ্টরূপে প্রতীত হয়, এইরূপ শাস্ত্র ও যুক্তি দ্বারা আভাস-চৈতন্যরূপ জীবেরও স্বরূপ নির্ণয় করিয়াছেন। ২৪—২৬।

বুদ্ধ্যবচ্ছিন্নকূটস্থো লোকান্তরগমাগমৌ।
কর্ত্তুং শক্তো ঘটাকাশ ইবাভাসেন কিং বদ ॥ ২৭
শৃণ্বসঙ্গঃ পরিচ্ছেদমাত্রাজ্জীবো ভবেন্ন হি।
অন্যথা ঘটকুড্যাদ্যৈরবচ্ছিন্নস্য জীবতা ॥ ২৮
ন কুড্যসদৃশী বুদ্ধিঃ স্বচ্ছত্বাদিতি চেৎ তথা।
অস্তু নাম পরিচ্ছেদে কিং স্বাচ্ছ্যেন ভবেৎ তব ॥ ২৯
প্রস্থেন দারুজন্যেন কাংস্যজন্যেন বা ন হি।
বিক্রেতুস্তণ্ডুলাদীনাং পরিমাণং বিশিষ্যতে ॥ ৩০

---

অত্র চিদাভাসমাক্ষিপতি বুদ্ধ্যবচ্ছিন্নেতি। স্বস্মিন্ কল্প্যমানয়া বুদ্ধ্যাবচ্ছিন্নঃ কূটস্থ এব ঘটস্থায়া ঘটাকাশ ইব বুদ্ধিদ্বারা লোকান্তরে গমনাগমনে কর্ত্তুং শক্নোতি অতশ্চিদাভাসকল্পনায়াং গৌরবমিতি ভাবঃ ॥ ২৭ ॥

অসঙ্গস্য কূটস্থস্য বুদ্ধ্যবচ্ছেদমাত্রেণ জীবত্বং ন ঘটতেঽন্যথাতিপ্রসঙ্গাদিতি পরিহরতি,—শৃণ্বসঙ্গ ইতি ॥ ২৮ ॥

বুদ্ধিকুড্যয়োঃ স্বাচ্ছ্যাস্বাচ্ছ্যাভ্যাং বৈষম্যং শঙ্কতে ন কুড্যসদৃশীতি। উক্তং স্বচ্ছত্বং পরিচ্ছেদপ্রয়োজনকং ন ভবতীত্যাহ তথেতি ॥ ২৯ ॥

উক্তমর্থং দৃষ্টান্তেন স্পষ্টয়তি প্রস্থেনেতি। দারুকাংস্যয়োঃ প্রস্থয়োঃ স্থিতেঽপি স্বচ্ছত্বা—স্বচ্ছত্বে তণ্ডুলপরিমাণে ন্যূনাধিকভাবহেতু ন ভবত ইত্যর্থঃ ॥ ৩০ ॥

---

যদি বল, কূটস্থচৈতন্যের সত্তা সর্ব্বত্রই সমান; অতএব বুদ্ধিস্থ কূটস্থ-চৈতন্যই ঘটাকাশের ন্যায় লোকান্তর গমনাগমন করিতে সমর্থ হউন, তাহাতে আভাস-চৈতন্যরূপ জীব কল্পনার প্রয়োজন কি?—তবে শুন। ২৭

অসঙ্গ কূটস্থ চৈতন্যের পরিচ্ছেদমাত্রেই যে জীবত্ব হয়, এমত নহে। তাহা হইলে ভিত্তি বা ঘটাদি দ্বারা অবিচ্ছিন্ন কূটস্থেরও জীবত্ব হইতে পারিত। ২৮।

যদি বল, অস্বচ্ছতা-প্রযুক্ত ভিত্তি বা ঘটাদি দ্বারা অবচ্ছিন্ন কূটস্থ-চৈতন্যের জীবত্ব হয় না, কিন্তু স্বচ্ছতা হেতু বুদ্ধি দ্বারা পরিচ্ছিন্ন সেই কূটস্থের জীবত্ব হয়; তাহাতে বক্তব্য এই যে, তুমি পরিচ্ছেদ স্বীকার করিতেছ, তাহাই কর, তোমার স্বচ্ছতা ও অস্বচ্ছতার প্রয়োজন কি? যে হেতু প্রস্থ (পরিমাপক পাত্র) কাষ্ঠ-নির্ম্মিতই হউক বা কাংস্য-নির্ম্মি-

পরিমাণাবিশেষেঽপি প্রতিবিম্বো বিশিষ্যতে।
কাংস্যে যদি তদা বুদ্ধাবপ্যাভাসো ভবেদ্ বলাৎ ॥ ৩১ ॥
ঈষদ্ভাসনমাভাসঃ প্রতিবিম্বস্তথাবিধঃ।
বিম্বলক্ষণহীনঃ সন্ বিম্ববদ্ভাসতে স হি ॥ ৩২ ॥
সসঙ্গত্ববিকারাভ্যাং বিম্বলক্ষণহীনতা।
স্ফূর্ত্তিরূপত্বমেতস্য বিম্ববদ্ভাসনংবিদুঃ ॥৩৩ ॥
ন হি ধীভাবভাবিত্বাদাভাসোঽস্তি ধিয়ঃ পৃথক্।

কাংস্যপ্রস্থে তণ্ডুলপরিমাণাধিক্যাভাবেঽপি প্রতিবিম্বলক্ষণমাধিক্যমস্তীত্যাশঙ্ক্য তর্হি বুদ্ধাবপি চিদাভাসো ভবতৈবাঙ্গীকৃতঃ স্যাদিত্যাহ,—পরিমাণাবিশেষেঽপীতি ॥ ৩১ ॥

প্রতিবিম্বাঙ্গীকারে চিদাভাসঃ কথমঙ্গীকৃতঃ স্যাদিত্যাশঙ্ক্য প্রতিবিম্বাভাসশব্দাভ্যামভিধেয়স্যার্থ স্যৈক্যাদিত্যাহ,—ঈষদ্ভাসনমাভাস ইতি। প্রতিবিম্বস্যাভাসত্বং কথমিত্যাশঙ্ক্যাভাসলক্ষণযোগাদিত্যাহ,—বিম্বলক্ষণহীন ইতি। হি যস্মাৎ কারণাৎ প্রতিবিম্বো বিম্বলক্ষণরহিতোঽপি বিম্ববদ্ভাসতে অতো বিম্বাভাস ইতি ভাবঃ ॥ ৩২ ॥

আভাসলক্ষণযোগিত্বমেব স্পষ্টয়তি,—সসঙ্গত্ববিকারাভ্যামিতি। এতস্য চিদাভাসস্য সসঙ্গত্ববিকারিত্বাভ্যাং বিম্বভূতাসঙ্গাবিকারিচৈতন্যলক্ষণহীনত্বং স্ফুরণরূপত্বং বিম্ববদবভাসমানত্বমিত্যর্থঃ, হেতুলক্ষণরহিতো হেতুবদবভাসমানো হেত্বাভাস ইতিবৎ ॥ ৩৩ ॥

ইত্থং চিদাভাসস্যাপ্রয়োজকতাং নিরাকৃত্য ইদানীং তস্য বুদ্ধেঃ পৃথক্ সত্ত্বং সাধয়িতুং

তই হউক তাহাতে বিক্রেতার তণ্ডুলাদি-পরিমাণের কোনও প্রকার তারতম্য হয় না। ২৯।৩০।

যদি বল, কাংস্যনির্ম্মিত প্রস্থে পরিমাণের কোন বিশেষ না থাকিলেও তাহাতে প্রতিবিম্বরূপ এক বিশেষ কার্য্য হয়, তাহার উত্তর এই যে, তবে বুদ্ধিতেও আভাস-চৈতন্যরূপ প্রতিবিম্ব নিজ শক্তিতেই হইবে, ঈষৎ ভাসন অর্থাৎ অল্প প্রকাশই—আভাস, প্রতিবিম্বও অল্প প্রকাশস্বরূপ ( সুতরাং প্রতিবিম্ব ও আভাস একই ); আভাসে বিম্বের সম্পূর্ণ লক্ষণ নাই, অথচ বিম্বের ন্যায় প্রকাশ পায়। ( এই জন্যই অল্প অর্থাৎ অসম্পূর্ণ প্রকাশকেই প্রতিবিম্ব ও আভাস বলা যায় )। ৩১।৩২।

জীব সসঙ্গ এবং বিকারী, অতএব তিনি অসঙ্গ অধিকারী কূটস্থ চৈতন্য হইতে পৃথক্; সম্পূর্ণ লক্ষণ তাহাতে নাই, কিন্তু তাহার যে প্রকাশস্বভাব, তাহা কূটস্থ চৈতন্যের ন্যায় ইহা বিদিত আছে। ৩৩।

ইতি চেদল্পমেবোক্তং ধীরপ্যেবং স্বদেহতঃ ॥ ৩৪ ॥
দেহে মৃতেঽপি বুদ্ধিশ্চেৎ শাস্ত্রাদস্তি তথা সতি।
বুদ্ধেরন্যশ্চিদাভাসঃ প্রবেশশ্রুতিষু শ্রুতঃ ॥ ৩৫ ॥
ধীযুক্তস্য প্রবেশশ্চেন্নৈতরেয়ে ধিয়ঃ পৃথক্।
আত্মা প্রবেশং সঙ্কল্প্য প্রবিষ্ট ইতি গীয়তে ॥ ৩৬ ॥
কথং ন্বিদং সাক্ষদেহং মদৃতে স্যাদিতীরণাৎ।
বিদার্য্য মূর্দ্ধ্নঃ সীমানং প্রবিষ্টঃ সংসরত্যয়ম্ ॥ ৩৭ ॥

পূর্ব্বপক্ষমাহ,—ন হি ধীভাবভাবিত্বাদিতি। যথা মৃদি সত্যামেব ভবন্ ঘটো ন মৃদো ভিদ্যতে তদ্বদিতি ভাবঃ। নন্বেবং তর্হি দেহাতিরিক্তা ধীরপি ন সিধ্যেদিতি প্রতিবন্দ্যা পরিহরতি,—অল্পমেবোক্তমিতি ॥ ৩৪ ॥

প্রতিবন্দীমোচনং শঙ্কতে,—দেহে মৃতেঽপীতি। দেহব্যতিরিক্তায়া বুদ্ধেঃ সবিজ্ঞানো ভবতীত্যাদিশ্রুতিসিদ্ধত্বান্নাসত্ত্বমিতি ভাবঃ। নমু শ্রুতিবলাৎ দেহাতিরিক্তা বুদ্ধিরভ্যুপগম্যতে চেৎ তর্হি প্রবেশশ্রুতিবলাৎ বুদ্ধ্যতিরিক্তশ্চিদাভাসোঽপ্যভ্যুপেয় ইত্যাহ,—তথা সতীতি ॥ ৩৫ ॥

নমু বুদ্ধ্যুপাধিকস্যৈব প্রবেশো যুজ্যতে,—নৈতরস্যেতি শঙ্কতে, ধীযুক্তস্য প্রবেশশ্চেদিতি। ঐতরেয়শ্রুতৌ বুদ্ধ্যতিরিক্তস্য প্রবেশশ্রবণাৎ নৈবমিতি পরিহরতি,—নৈতরেয় ইতি ॥ ৩৬ ॥

তাং শ্রুতিমর্থতঃ পঠতি,—কথং ন্বিদমিতি। অয়ং পরমাত্মা সাক্ষদেহম্ অক্ষাণি চ দেহাশ্চাক্ষদেহাস্তৈঃ সহ বর্ত্ততে ইতি সাক্ষদেহমিদং জড়জাতং মদৃতে চেতনং মাং বিহায় কথং নু

যদি বল, বুদ্ধির অস্তিত্বেই আভাসের অস্তিত্ব, অতএব বুদ্ধি হইতে আভাস পৃথক্ নহে; তবে (আমরা বলি) এ অতি ক্ষুদ্র কথা, যেহেতু, তাহা হইলে ইহাও স্বীকার করা যাইতে পারে যে, বুদ্ধিও দেহ হইতে অতিরিক্ত নহে। তাহাতেও যদি এমত বল যে, মৃত্যুর পর দেহের অভাবেও শাস্ত্রানুসারে বুদ্ধির সত্তা নির্ণীত হয়, তবে বুদ্ধি হইতে অতিরিক্ত আভাস-চৈতন্যের সত্তাও প্রবেশ-শ্রুতি অনুসারে নির্ণয় কর। ৩৪।৩৫।

যদি বল,—শরীরানুপ্রবেশ শ্রুতিতে বুদ্ধি-সংযুক্ত আভাসচৈতন্যেরই প্রবেশ উক্ত হইয়াছে। (তবে আমরা বলি) তাহা নহে, যেহেতু ঐতরেয় উপনিষদে বুদ্ধি হইতে পৃথক্ আত্মা প্রবেশ সঙ্কল্প করিয়া প্রবেশ করিলেন, এইরূপ কথিত হইয়াছে। ইন্দ্রিয়াদির সহিত এই জড়দেহ, আমার সত্তা

কথং প্রবিষ্টোঽসঙ্গশ্চেৎ সৃষ্টির্বাস্য কথং বদ।
মায়িকত্বং তয়োস্তুল্যং বিনাশশ্চ সমস্তয়োঃ ॥ ৩৮ ॥
সমুত্থায়ৈব ভূতেভ্যস্তান্যেবানুবিনশ্যতি।
বিস্পষ্টমিতি মৈত্রেয়্যৈ যাজ্ঞবল্ক্য উবাচ হি ॥ ৩৯ ॥
অবিনাশ্যয়মাত্মেতি কূটস্থঃ প্রবিবেচিতঃ।
মাত্রাসংসর্গ ইত্যেবমসঙ্গত্বস্য কীর্ত্তনাৎ ॥ ৪০ ॥

---

স্যান্ন কথমপি নির্বহেদিতি বিচার্য্য মূর্দ্ধ্নঃ সীমানং কপালত্রয়মধ্যদেশং বিদার্য্য স্বসন্নিধিমাত্রেণ ভিত্ত্বা প্রবিষ্টঃ সন্ সংসরতি,—জাগ্রদাদিকমনুভবতীত্যর্থঃ ॥ ৩৭ ॥

ননু অসঙ্গস্যাত্মনঃ প্রবেশো ন যুক্তঃ ইতি শঙ্কতে কথং প্রবিষ্ট ইতি। ইদং চোদ্যং সৃষ্টাবপি সমানমিত্যাহ,—সৃষ্টির্বেতি। সৃষ্টিকর্ত্তৃমায়িকত্বাৎ ন দোষ ইত্যাশঙ্ক্যায়ং পরিহারঃ প্রবিষ্টের্য্যপি সমান ইত্যাহ মায়িকত্বমিতি। অনয়োর্মায়িকত্বে হেতুশ্চ সম ইত্যাহ,—বিনাশশ্চ সমস্তয়োরিতি ॥ ৩৮ ॥

প্রজ্ঞানঘন এবৈতেভ্যো ভূতেভ্যঃ সমুত্থায় তান্যেবানুবিনশ্যতি, ন প্রেত্য সংজ্ঞাস্তীতি ঔপাধিকরূপবিনাশপ্রতিপাদিকাং শ্রুতিং দর্শয়তি,—সমুত্থায়েতি। এব প্রজ্ঞানঘন আত্মা এতেভ্যো দেহেন্দ্রিয়াদিরূপেভ্যঃ পঞ্চভূতকার্য্যেভ্যো নিমিত্তভূতেভ্য উপাধিভ্যঃ সমুত্থায় জীবত্বাভিমানং প্রাপ্য তান্যেব দেহাদীনি অনুবিনশ্যতি, তেষু বিনশ্যৎসু তৎকৃতং জীবত্বাভি-মানং জহাতি এবং প্রকারেণ সোপাধিকরূপস্য বিনাশিত্বং যাজ্ঞবল্ক্যো মৈত্রেয্যৈ উক্ত-বানিত্যর্থঃ ॥ ৩৯ ॥

'অবিনাশী বা অরে অয়মাত্মা অনুচ্ছিত্তিধর্ম্মা' ইতি শ্রুত্যা কূটস্থস্ততো বিভিন্নঃ প্রদর্শিত

---

ব্যতিরেকে কি প্রকারে বিদ্যমান থাকিবে, ইহা বিবেচনা করিয়া ব্রহ্মরন্ধ্র দ্বারা শরীরে প্রবিষ্ট হইয়া আত্মা সংসারী হন। ৩৬।৩৭।

যদি বল,—অসঙ্গস্বরূপ পরমাত্মার শরীরানুপ্রবেশ কিরূপে হয়? তাহার উত্তরে আমি তোমাকে প্রশ্ন করি—তাঁহার সৃষ্টিকর্ত্তৃত্বই বা কি প্রকারে হয়? আমার এই প্রশ্নের উত্তরে যদি বল, মায়া বশতঃ তিনি সৃষ্টিকর্ত্তা, তাহা হইলে আমিও বলি, ঐ মায়াবশেই তিনি শরীরে অনুপ্রবিষ্ট হন, কারণ মায়িকত্ব, তাঁহার শরীরানুপ্রবেশ ও সৃষ্টিকর্ত্তৃত্ব এ উভয়েই সমান, কেননা তদুভয়েরই ঔপাধিক বিনাশ সমান; যেহেতু, যাজ্ঞবল্ক্য মৈত্রেয়ীকে স্পষ্ট উপদেশ করিয়া-ছেন যে, পরমাত্মা ভূত হইতে অতিরিক্ত হইয়াও তদনুগামী বলিয়া উপাধি-নাশে বিনষ্টের ন্যায় হ'ন। ৩৮।৩৯।

"অবিনাশী বা অরে অয়মাত্মা" অর্থাৎ এই আত্মার বিনাশ নাই ইত্যাদি

জীবাপেতং বাব কিল শরীরং ম্রিয়তে ন সঃ।
ইত্যত্র ন বিমোক্ষোঽর্থঃ কিন্তু লোকান্তরে গতিঃ॥ ৪১॥
নাহং ব্রহ্মেতি বুধ্যেত স বিনাশীতি চেন্ন তৎ।
সামানাধিকরণ্যস্য বাধায়ামপি সম্ভবাৎ॥ ৪২॥
যোঽয়ং স্থাণুঃ পুমানেষ পুংধিয়া স্থাণুধীরিব।

---

ইত্যাহ,—অবিনাশ্যয়মাত্মেতি। 'মাত্রাসংসর্গস্তস্য ভবতী'তি শ্রুত্যা অবিনাশিত্বে হেতুম-সঙ্গত্বঞ্চোক্তবানিত্যাহ,—মাত্রেতি। মীয়ন্ত ইতি মাত্রা দেহাদয়স্তাভিরস্যাত্মনোঽসংসর্গো ভবতীত্যর্থঃ॥ ৪০॥

নন্বু 'জীবাপেতং বাব কিলেদং ম্রিয়তে' ইতি শ্রুত্যাস্যৌপাধিকস্যাপ্যবিনাশিত্বং প্রতি-পাদিতম্ ইত্যাশঙ্ক্য তস্যাঃ শ্রুতের্দেহান্তরপ্রাপ্তিবিষয়ত্বয়া নাত্যন্তিকনাশাভাবপরত্বমিত্যাহ,—জীবাপেতমিতি। জীবাপেতং জীবরহিতং জীবেন ত্যক্তমিতি যাবৎ বাব এব স জীবো ন ম্রিয়তে ইত্যর্থঃ॥ ৪১॥

নন্বু জীবস্য বিনাশিত্বেঽহং ব্রহ্মাস্মীত্যবিনাশিব্রহ্মতাদাত্ম্যজ্ঞানং ন ঘটেত ইত্যাহ,—নাহং ব্রহ্মেতীতি। বিনাশী স জীবোঽহং ব্রহ্মেতি ব্রহ্মরূপেণাত্মানং ন বুধ্যেত ন জানীয়াৎ বিনাশ্যবিনাশিনোরেকত্ববিরোধাদিতি চেৎ মুখ্যসামানাধিকরণ্যাভাবেঽপি বাধায়াং সামানাধি-করণ্যসম্ভবাৎ জীবভাববাধেন ব্রহ্মভাবোঽবগন্তুং শক্যতে ইত্যাহ,—ন তদিতি॥ ৪২॥

---

শ্রুতিতে কূটস্থ পৃথক্‌রূপে বিবেচিত হইয়াছেন এবং অসঙ্গত্বের কীর্ত্তনহেতু মাত্রা-স্পর্শ অর্থাৎ দেহাদির সহিত সম্বন্ধও তাঁহার নাই। ৪০।

'জীবাপেতং বাব' ইত্যাদি অর্থাৎ জীবরহিত শরীরেই মৃত্যু হয়, জীবের মৃত্যু হয় না, এই শ্রুতিতে যে জীবের অবিনাশিত্ব কথিত হইয়াছে, তাহা জীবমুক্তি অভিপ্রায়ে নহে, জীবের লোকান্তর-গতি অভিপ্রায়ে জানিবে। অর্থাৎ যতদিন অজ্ঞান থাকে, ততদিন জীবের নিয়তি-জ্ঞান এই যে, জীবের স্বতন্ত্র অস্তিত্ব থাকে না। সুতরাং জীবের অবিনাশিত্ব পারমার্থিক নহে, কিছুকালের জন্য মাত্র। ৪১।

যদ্যপি সোপাধিক জীব বিনাশীই হইলেন, তবে 'আমিই ব্রহ্ম' এরূপ তাঁহার তাদাত্ম্যজ্ঞান অবিনাশী পরব্রহ্মের সহিত কি প্রকারে সম্ভব হয়? তাহার সিদ্ধান্ত এই যে, এ প্রকার জ্ঞানের নাম তাদাত্ম্য জ্ঞান নহে, যেহেতু বাধ-সত্ত্বেও সামানাধিকরণ্য জ্ঞান হইতে পারে। ৪২।

যেমন ভ্রান্তি দ্বারা আরোপিত স্থাণু প্রভৃতিতে 'ঐ যে স্থাণু দৃষ্টিগোচর

ব্রহ্মাস্মীতি ধিয়া শেষাপ্যহংবুদ্ধির্নিবর্ত্ততে ॥ ৪৩ ॥
নৈষ্কর্ম্ম্য-সিদ্ধাবপ্যেবমাচার্য্যৈঃ স্পষ্টমীরিতঃ।
সামানাধিকরণ্যস্য বাধার্থত্বমতোহস্তু তৎ ॥ ৪৪ ॥
সর্ব্বং ব্রহ্মেতি জগতা সামানাধিকরণ্যবৎ।
অহং ব্রহ্মেতি জীবেন সামানাধিকৃতির্ভবেৎ ॥ ৪৫ ॥
সামানাধিকণ্যস্য বাধার্থত্বং নিরাকৃতম্।
প্রযত্নতো বিবরণে কূটস্থঃবিবক্ষয়া ॥ ৪৬ ॥

বাধায়াং সামানাধিকরণ্যেন বাক্যার্থপ্রতিপত্তিপ্রকারো বার্ত্তিককারৈঃ সদৃষ্টান্তোহভিহিত স্তমর্থং তদ্‌বাক্যোদাহরণপূর্ব্বকং দর্শয়তি,—যোহয়ং স্থাণুরিতি। স্থাণুরেষ পুমান্ ইত্যস্মিন্ বাক্যে পুরুষত্বাবোধেন স্থাণুত্ববুদ্ধির্যথা নিবর্ত্ততে এবমহং ব্রহ্মাস্মীতি বোধেনাহংবুদ্ধিঃ কর্ত্তাহমস্মীতি এবমাদিরূপা সর্ব্বাপি নিবর্ত্তত ইতি ॥ ৪৩ ॥

নৈষ্কর্ম্ম্যেতি। এবমুক্তেন প্রকারেণাচার্য্যৈর্বার্ত্তিককারৈর্নৈষ্কর্ম্ম্যসিদ্ধৌ সামানাধিকরণ্যস্য বাধার্থত্বং স্পষ্টমীরিতমিতি ফলিতমাহ অতোহস্ত তদিতি। অতঃ কারণাৎ ব্রহ্মাহমস্মীতি বাক্যে তৎসামানাধিকরণ্যস্য বাধার্থত্বমস্ত্বিত্যর্থঃ ॥ ৪৪ ॥

নন্বেবমপি শ্রুতিষু বাধায়াং সমানাধিকরণ্যং ন ক্বাপি দৃষ্টমিত্যাশঙ্ক্য সর্ব্বং খল্বিদং ব্রহ্ম ইত্যত্র বাধায়াং সামানাধিকরণ্যং দৃষ্টমতোহত্রাপি তদ্ভবিষ্যতি ইত্যাহ সর্ব্বং ব্রহ্মেতীতি ॥৪৫॥

নন্ব তর্হি বিবরণাচার্য্যৈর্বাধায়াং সামানাধিকরণ্যং কুতো নিরাকৃতমিত্যাশঙ্ক্য তৈরহংশব্দেন কূটস্থস্য বিবক্ষিতত্বাদিত্যাহ সামানাধিকরণ্যস্যেতি ॥ ৪৬ ॥

হইয়াছে, উহা একটী পুরুষ' এইরূপে পুরুষ জ্ঞান হইলে তাহার দ্বারা স্থাণুজ্ঞানের বাধ হয়, তদ্রূপ 'আমিই পরব্রহ্ম' এই জ্ঞান দ্বারা অশেষ অহং-বুদ্ধি নিবৃত্ত হয়। ৪৩।

এই প্রকার বাধ সত্ত্বেও সামানাধিকরণ্য অর্থাৎ উদ্দেশ্য বিধেয়ভাবে প্রয়োগ নৈষ্কর্ম্ম্যসিদ্ধি গ্রন্থে বার্ত্তিককার মহাশয় স্পষ্ট প্রকাশ করিয়াছেন। ৪৪।

'সমুদয় জগৎ ব্রহ্ম' এই বাক্যে যেমন জগতের সহিত পরব্রহ্মের সামানাধিকরণ্য নিরূপিত হইয়াছে, তদ্রূপ 'আমিই ব্রহ্ম' এ বাক্যে জীবের সহিত তাঁহার তদ্রূপত্ব সম্ভাবিত হয়। ৪৫।

বিবরণ-গ্রন্থে আচার্য্যেরা যে বহু প্রযত্নে বাধ-সম্বন্ধে সামানাধিকরণ্য নিষেধ করিয়াছেন, তাহা কেবল জীবের কূটস্থস্বরূপ প্রতিপাদন করিবার জন্যই করিয়াছেন। ৪৬।

শোধিতত্বম্পদার্থো যঃ কূটস্থো ব্রহ্মরূপতাম্।
তস্য বক্তুং বিবরণে তথোক্তমিতরত্র চ ॥ ৪৭ ॥
দেহেন্দ্রিয়াদিযুক্তস্য জীবাভাসভ্রমস্য যা।
অধিষ্ঠানচিতিঃ সৈষা কূটস্থাত্র বিবক্ষিতা ॥ ৪৮ ॥
জগদ্‌ভ্রমস্য সর্ব্বস্য যদধিষ্ঠানমীরিতম্।
ত্রয্যন্তেষু তদত্র স্যাৎ ব্রহ্মশব্দবিবক্ষিতম্ ॥ ৪৯ ॥
এতস্মিন্নেব চৈতন্যে জগদারোপ্যতে যদা।
তদা তদেকদেশস্য জীবাভাসস্য কা কথা ॥ ৫০ ॥

কূটস্থত্ববিবক্ষয়েত্যুক্তমর্থং বিবৃণোতি,—শোধিতত্বমিতি। শোধিতঃ বুদ্ধ্যাদিভ্যো বিবেচিতস্ত্বংপদলক্ষ্যো যঃ কূটস্থঃ বক্ষ্যমাণলক্ষণস্তস্য ব্রহ্মস্বরূপতাং কূটস্থলক্ষণ-(১) ব্রহ্মরূপতাং বক্তুং বিবরণাদিষু বাধায়াং সামানাধিকরণ্যনিরাকরণপূর্ব্বকং মুখ্যসামানাধিকরণ্যমুক্তমিত্যর্থঃ ॥ ৪৭ ॥

ইদানীং কূটস্থস্য ব্রহ্মণৈক্যং সম্ভাবয়িতুং কূটস্থশব্দেন বিবক্ষিতমর্থমাহ দেহেন্দ্রিয়াদিযুক্তস্যেতি। আদিশব্দেন মন-আদয়ো গৃহ্যন্তে। এবঞ্চ দেহেন্দ্রিয়াদিযুক্তস্য শরীরত্রয়সহিতস্য জীবাভাসভ্রমস্য চিদাভাসরূপভ্রমস্য যা অধিষ্ঠানচিতিঃ যদধিষ্ঠানচৈতন্যমস্তি তদত্র বেদান্তেষু কূটস্থত্বেন বিবক্ষিতমিত্যর্থঃ ॥ ৪৮ ॥

ব্রহ্মশব্দস্য চার্থমাহ জগদ্‌ভ্রমস্যেতি। কৃৎস্নজগৎকল্পনাধিষ্ঠানং যচ্চৈতন্যং বেদান্তেষু নিরূপিতং তদত্র ব্রহ্মশব্দেন বিবক্ষিতমিত্যর্থঃ ॥ ৪৯ ॥

ননু জীবভ্রমাধিষ্ঠানচৈতন্যং কূটস্থ ইত্যুক্তমনুপপন্নং জীবস্যারোপিতত্বাসিদ্ধেরিত্যাশঙ্ক্য তস্যা-

পরিশোধিত যে ত্বংপদার্থ, তিনিই কূটস্থ চৈতন্য, তাঁহারই পরব্রহ্মত্ব স্বীকার করিবার অভিপ্রায়ে বিবরণ গ্রন্থে ও অন্য অন্য স্থানে আচার্য্যেরা বাধসম্বন্ধে সামানাধিকরণ্য প্রতিষেধ করিয়াছেন। ৪৭।

দেহেন্দ্রিয়াদিযুক্ত আভাসচৈতন্যরূপ জীবভ্রান্তির অধিষ্ঠান যে চৈতন্য, তিনি এ স্থলে কূটস্থ চৈতন্যরূপে বিবক্ষিত হন। ৪৮।

ভ্রমাত্মক এই সমুদয় জগতের আধাররূপ যে চৈতন্য সমস্ত বেদান্তে উক্ত হইয়াছেন, তিনিই এ স্থলে ব্রহ্মশব্দের বাচ্য হ'ন। যখন এতদ্রূপ চৈতন্যে এই ভ্রমাত্মক জগৎই আরোপিত হইল, তখন জগতের একদেশ যে আভাস, চৈতন্যরূপ জীবের আরোপ হইবে তাহার আর কথা কি? ৪৯।৫০

(১) সত্যাদিলক্ষণ-ইতি মুদ্রিতপুস্তকপাঠঃ

জগত্তদেকদেশাখ্যসমারোপ্যস্য ভেদতঃ।
তত্ত্বম্পদার্থৌ ভিন্নৌ স্তো বস্তুতস্ত্বেকতা চিতঃ ॥ ৫১ ॥
কর্ত্তৃত্বাদীন্ বুদ্ধিধর্ম্মান্ স্ফূর্ত্ত্যাখ্যাঞ্চাত্মরূপতাম্।
দধদ্ বিভাতি পুরত আভাসোঽতো ভ্রমো ভবেৎ ॥ ৫২ ॥
কা বুদ্ধিঃ কোঽয়মাভাসঃ কো বাত্রাত্মা জগৎ কথম্।
ইত্যনির্ণয়তো মোহঃ সোঽয়ং সংসার ইষ্যতে ॥ ৫৩ ॥
বুদ্ধ্যাদীনাং স্বরূপং যো বিবিনক্তি স তত্ত্ববিৎ।
স এবমুক্ত ইত্যেবং বেদান্তেষু বিনিশ্চয়ঃ ॥ ৫৪ ॥

রোপিতত্বং কৈমুতিকন্যায়েন সাধয়তি—এতস্মিন্নেবেতি। জগদেকদেশত্বঞ্চ 'অনেন জীবেনাত্মনানুপ্রবিশ্য' ইত্যাদিশ্রুতিসিদ্ধম্ ॥ ৫০ ॥

নমু জগদধিষ্ঠানচৈতন্যস্যৈকত্বাৎ তত্ত্বম্পদার্থয়োঃ ভেদাভাবে তত্ত্বম্পদার্থয়োঃ পৌনরুক্ত্যমিত্যাশঙ্ক্য তয়োরৌপাধিকভেদো বাস্তবমৈক্যমিত্যাহ—জগত্তদেকদেশাখ্যেতি। জগদিতি তদেকদেশ ইতি চ আখ্যা যস্য সমারোপ্যস্য তৎ তথা; জাতাবেকবচনম্। ৫১।

নমু চিদাভাসস্য শুক্তিকারজতাদিবদধিষ্ঠানারোপ্যোভয়ধর্ম্মবত্ত্বানুপলম্ভাৎ কথমারোপিতত্বমিত্যাশঙ্ক্যাহ—কর্ত্তৃত্বাদীনিতি। বুদ্ধ্যুপাধিদ্বারা সমারোপ্যমাণান্ কর্ত্তৃত্বভোক্তৃত্বপ্রমাতৃত্বাদীন্ স্ফুরণলক্ষণমাত্মরূপত্বঞ্চ দধৎ পুরতো ভাতি স্পষ্টং প্রতিভাসতে, অত আভাসঃ কল্পিত ইত্যর্থঃ। ৫২।

অস্য ভ্রমস্য কিং কারণমিত্যাকাঙ্ক্ষায়াং বুদ্ধ্যাদিস্বরূপাপরিজ্ঞানমেবেত্যাহ—কা বুদ্ধিরিতি। তস্য অনর্থহেতুত্বমাহ—সোঽয়ং সংসার ইষ্যত ইতি। ৫৩।

অস্য কিং নিবর্ত্তকমিত্যাকাঙ্ক্ষায়াং বুদ্ধ্যাদীনাং স্বরূপবিবেক এব নিবর্ত্তক ইত্যভিপ্রেত্য তদ্বানেব জ্ঞানী তত এব চানর্থনিবৃত্তিরিত্যাহ—বুদ্ধ্যাদীনামিতি। ৫৪।

---

জগৎ এবং তদেকদেশ আভাসচৈতন্যরূপ জীব এই উভয় আরোপ্য পদার্থের ভেদ-বশতঃ তাঁহার অধিষ্ঠানভূত তৎ ও ত্বং এই উভয় পদার্থের বিভিন্নতা প্রসিদ্ধ হইয়াছে; কিন্তু বস্তুতঃ চৈতন্যের প্রভেদ নাই—তিনি একই। কর্ত্তৃত্ব-ভোক্তৃত্বাদি বুদ্ধি-ধর্ম্ম এবং প্রকাশাখ্য আত্মস্বরূপ ধারণ করিয়া জীব প্রতিভাত হ'ন বলিয়া তাঁহাকে, ভ্রমাত্মক স্বীকার করা যায়। ৫১।৫২।

বুদ্ধি কি পদার্থ, আভাসচৈতন্যরূপ জীবই বা কি পাদার্থ, আত্মা কি, এবং জগৎই বা কি প্রকার, এইরূপ যে অনিশ্চয়, তাহা হইতেই মোহ উৎপন্ন হয়, তাহাই এই সংসার-শব্দের বাচ্য হয়। আর সেই বুদ্ধি প্রভৃতির যথার্থ

এবঞ্চ সতি বন্ধঃ স্যাৎ কস্যেত্যাদিকুতর্কজাঃ।
বিড়ম্বনা দৃঢ়ং খণ্ড্যাঃ খণ্ডনোক্তিপ্রকারতঃ ॥ ৫৫ ॥
বৃত্তেঃ সাক্ষিতয়া বৃত্তিপ্রাগভাবস্য চ স্থিতঃ।
বুভুৎসায়াং তথাজ্ঞোঽস্মীত্যাভাসাজ্ঞানবস্তুনঃ ॥ ৫৬ ॥
অসত্যালম্বনত্বেন সত্যঃ সর্ব্বজড়স্য তু।
সাধকত্বেন চিদ্রূপঃ সদা প্রেমাস্পদত্বতঃ ॥ ৫৭ ॥
আনন্দরূপঃ সর্ব্বার্থ-সাধকত্বেন হেতুনা।

---

এবং বন্ধমোক্ষয়োরবিবেকবিবেকমূলত্বে সতি অদ্বৈতবাদে কস্য বন্ধঃ কস্য বা মোক্ষ ইত্যেবমাদিরূপাস্তার্কিকৈঃ ক্রিয়মাণাঃ কুতর্কমূলাঃ পরিহাসবিশেষাঃ খণ্ডনোক্তযুক্তিভিস্তেষাং নিরুত্তরত্বাপাদনেন পরিহরণীয়া ইত্যাহ—এবঞ্চ সতি বন্ধঃ স্যাদিতি। ৫৫।

এবং শ্রুতিযুক্তিভ্যাং কূটস্থং বুদ্ধ্যাদিভ্যো বিবিচ্য দর্শয়িত্বা পুরাণেষ্বপি তদ্বিবেকঃ কৃত ইত্যাহ—বৃত্তেঃ সাক্ষিতয়েত্যাদিনা শ্লোকত্রয়েণ। বৃত্ত্যুৎপত্তৌ সত্যাং তৎসাক্ষিত্বেন বৃত্ত্যুদয়াৎ পূর্ব্বং তৎপ্রাগভাবসাক্ষিত্বেন জিজ্ঞাসায়াং সত্যাং তৎসাক্ষিত্বেন ততঃ পূর্ব্বমজ্ঞোঽস্মীত্যনুভূয়মানাজ্ঞানসাক্ষিত্বেন চ শিব এব তিষ্ঠতি। ৫৬।

স চ অসত্যস্য জগত আলম্বনত্বেনাধিষ্ঠানত্বেন সত্যঃ সর্ব্বস্য জড়স্য সাধকত্বেনাবভাসকত্বাৎ চিদ্রূপঃ সর্ব্বদা প্রেমবিষয়ত্বাদানন্দস্বরূপঃ ॥ ৫৭ ॥

সর্ব্বার্থাবভাসকত্বেন সর্ব্বসম্বন্ধিত্বাৎ সম্পূর্ণ ইত্যুচ্যতে, অত্র চেদমভিপ্রেতং,—বিমতঃ শিবো বৃত্ত্যাদিভ্যো ভিদ্যতে বৃত্ত্যাদিসাক্ষিত্বাৎ, যদ্ যদ্ বৃত্ত্যাদিভ্যো ন ভিদ্যতে তৎ তদ্বৃত্ত্যাদিসাক্ষি ন ভবতি যথা বৃত্ত্যাদিবিমতঃ সত্যো ভবিতুমর্হতি মিথ্যাধিষ্ঠানত্বাৎ অসত্যরজতাধিষ্ঠান-শুক্তিবৎ, বিমতশ্চিদ্রূপঃ জড়মাত্রাবভাসকত্বাৎ যৎ চিদ্রূপং ন ভবতি তৎ সর্ব্বং জড়াবভাসকমপি ন ভবতি যথা ঘটাদি, বিমতঃ পরমানন্দরূপঃ পরপ্রেমাস্পদত্বাৎ যৎ পরমানন্দরূপং

---

স্বরূপ যিনি জানেন, তিনিই তত্ত্ববিৎ এবং তিনিই মুক্ত, ইহা সর্ব্ববেদান্তে নিশ্চিত হইয়াছে। ৫৩।৫৪।

এইরূপে বন্ধ-মুক্তির অবিবেকমূলকতা সিদ্ধ হইলে, কাহার বন্ধ, কাহার মুক্তি ইত্যাদি কুতর্কসম্ভূত দোষপ্রদর্শন শ্রীহর্ষমিশ্রকৃত খণ্ডনগ্রন্থোক্ত যুক্তিদ্বারা অনায়াসে খণ্ডন করা যাইতে পারে। ৫৫।

(শ্রুতি ও যুক্তিদ্বারা কূটস্থ চৈতন্যের স্বরূপ বিবেচনা করিয়া এইক্ষণে পুরাণের শ্লোক দ্বারাও তাহা প্রতিপাদন করিতেছেন।) শিবশব্দবাচ্য ব্রহ্ম বুদ্ধি-বৃত্তি ও তৎ-প্রাগভাব অজ্ঞান ও জিজ্ঞাসা এ সকলের সাক্ষিরূপে

সর্ব্বসম্বন্ধবত্ত্বেন সম্পূর্ণঃ শিবসংজ্ঞিতঃ ॥ ৫৮ ॥
ইতি শৈবপুরাণেষু কূটস্থঃ প্রবিবেচিতঃ।
জীবেশত্বাদিরহিতঃ কেবলঃ স্বপ্রভঃ শিবঃ ॥ ৫৯ ॥
মায়াভাসেন জীবেশৌ করোতীতি শ্রুতত্বতঃ।
মায়িকাবেব জীবেশৌ স্বচ্ছৌ তৌ কাচকুম্ভবৎ ॥ ৬০ ॥
অন্নজন্যৎ মনো দেহাৎ স্বচ্ছং যদ্বৎ তথৈব তৌ।
মায়িকাবপি সর্ব্বস্মাদন্যস্মাৎ স্বচ্ছতাং গতৌ ॥ ৬১ ॥

---

ন ভবতি তৎ পরপ্রেমাস্পদমপি ন ভবতি যথা ঘটাদি, বিমতঃ পরিপূর্ণঃ সর্ব্বসম্বন্ধিত্বাৎ গগনবৎ সর্ব্বসম্বন্ধিত্বঞ্চ সর্ব্বার্থসাধকত্বেন, বিমতঃ সর্ব্বসম্বন্ধবান্ সর্ব্বাবভাসকত্বাৎ, যঃ সর্ব্বসম্বন্ধবান্ ন ভবতি স সর্ব্বাবভাসকোঽপি ন ভবতি যথা দীপাদিরিতি ॥ ৫৮ ॥

উদাহৃতপুরাণবাক্যস্য তাৎপর্য্যমাহ ইতি শৈবপুরাণেষিতি। ইত্যেবং প্রকারেণ সূত-সংহিতাদিপুরাণেষু জীবেশ্বরত্বাদিকল্পনারহিতঃ কেবলোঽদ্বিতীয়ঃ স্বপ্রকাশরূপচৈতন্যস্বরূপঃ শিবঃ কূটস্থো বিবেচিত ইত্যন্বয়ঃ ॥ ৫৯ ॥

জীবেশ্বরত্বাদিরহিতত্বং কুত ইত্যাশঙ্ক্য শ্রুত্যা তয়োর্মায়িকত্বপ্রদর্শনাদিত্যাহ মায়াভাসেন জীবেশাবিতি জীবেশাবাভাসেন করোতি মায়া চাবিদ্যা চ স্বয়মেব ভবতীতি শ্রুতিঃ মায়াবিদ্যাধীনয়োশ্চিদাভাসয়োর্মায়িকত্বং প্রতিপাদয়তীতি ভাবঃ। মায়িকত্বে তয়োর্দেহাদিভ্যো বৈলক্ষণ্যং ন স্যাদিত্যাশঙ্ক্য পার্থিবত্বাবিশেষেঽপি কাচকুম্ভস্য ঘটাদিভ্যো বৈলক্ষণ্যমিবানয়োরপি স্যাদিত্যাহ স্বচ্ছৌ তৌ কাচকুম্ভবদিতি ॥ ৬০ ॥

ননু ঘটকাচকুম্ভারম্ভকয়োর্মৃদ্বিশেষয়োর্ভেদাৎ তদ্বৈলক্ষণ্যমুচিতং জগজ্জীবেশ্বরভেদ-

---

অবস্থিত; অসত্য জগতের অধিষ্ঠান বলিয়া তিনি সত্য; এবং সমস্ত জড় পদার্থের অবভাসক বলিয়া তিনি চিদ্রূপ; প্রীতির আস্পদ বলিয়া তিনিই পূর্ণ আনন্দময়, সর্ব্বার্থসাধক ও সর্ব্বসম্বন্ধ-বিশিষ্ট বলিয়া তিনি শিব-নামক। ৫৬।৫৮।

এইরূপে শিবপুরাণে কূটস্থ চৈতন্যের স্বরূপ বিবেচিত হইয়াছে, তিনি জীব ও ঈশ্বর হইতে অতিরিক্ত, তিনি স্বয়ম্প্রকাশস্বভাব অদ্বিতীয় শিব। ৫৯।

'মায়া, আভাসযোগে জীব ও ঈশ্বর সৃষ্টি করেন'—এই শ্রুতি অনুসারে জীব ও ঈশ্বরের মায়িকত্ব সিদ্ধ হয়; পরন্তু—যেমন পার্থিবরূপে অবিশেষ হইলেও মৃৎকুম্ভ অপেক্ষা কাচকুম্ভ স্বচ্ছ হয়, অথবা অন্ন-বিকাররূপে সমান

চিদ্রূপত্বঞ্চ সম্ভাব্যং চিত্ত্বেনৈব প্রকাশনাৎ।
সর্ব্বকল্পনশক্তায়া মায়ায়া দুষ্করং ন হি ॥ ৬২ ॥
অস্মন্নিদ্রাপি জীবেশৌ চেতনৌ স্বপ্নগৌ সৃজেৎ।
মহামায়া সৃজত্যেতাবিত্যাশ্চর্য্যং কিমত্র তে ॥ ৬৩ ॥
সর্ব্বজ্ঞত্বাদিকঞ্চেশে কল্পয়িত্বা প্রদর্শয়েৎ।
ধর্ম্মিণং কল্পয়েদ্ যাস্যাঃ কো ভারো ধর্ম্মকল্পনে ॥ ৬৪ ॥
কূটস্থেঽপ্যতিশঙ্কা স্যাদিতি চেন্মাতিশঙ্ক্যতাম্।

---

হেত্বোর্মায়ায়া একত্বাৎ তয়োর্জ্জগতো বৈলক্ষণ্যমনুচিতমিত্যাশঙ্ক্য অন্নজত্বয়োর্দ্দেহমনসোর্যথা বৈলক্ষণ্যং তদ্বদিত্যাহ—অন্নজত্বমিতি ॥ ৬১ ॥

ভবতু কাচাদিবৎ স্বচ্ছত্বং চিত্ত্বং কুত ইত্যাশঙ্ক্যানুভবাদিত্যাহ—চিদ্রূপত্বঞ্চেতি। চিত্ত্বেন প্রকাশনমপি মায়িকয়োরনুপপন্নমিত্যাশঙ্ক্য তস্যা দুর্ঘটকারিত্বাদুপপন্নমিত্যাহ—সর্ব্ব কল্পনেতি ॥ ৬২ ॥

উক্তমর্থং কৈমুতিকন্যায়েন দ্রঢ়য়তি—অস্মন্নিদ্রেতি ॥ ৬৩ ॥

ঈশ্বরস্যাপি মায়িকত্বে তস্য জীববদসর্ব্বজ্ঞত্বাদিকং স্যাদিত্যাশঙ্ক্য সর্ব্বজ্ঞত্বাদিকমপি মায়ৈব কল্পয়িষ্যতীত্যাহ—সর্ব্বজ্ঞত্বাদিকমিতি। তত্রোপপত্তিমাহ—ধর্ম্মিণমিতি ॥ ৬৪ ॥

---

হইলেও দেহ হইতে মন স্বচ্ছ হয়, তদ্রূপ মায়িক হইয়াও জীব ও ঈশ্বর অন্য সকল মায়িক পদার্থ অপেক্ষা স্বচ্ছ। ৬০।৬১।

যদিও জীব ঈশ্বরের মায়িকত্ব আছে, তথাপি চৈতন্যরূপে প্রকাশ হেতু তাঁহাদিগের চৈতন্যস্বরূপও অনুভবসিদ্ধ, যে হেতু সর্ব্ব-কল্পনা-সামর্থ্য থাকাতে মায়ার কিছুই দুষ্কর নহে। যখন মায়ার অংশস্বরূপ আমাদিগের নিদ্রা ও স্বপ্নে জীব ও ঈশ্বর চৈতন্য কল্পনা করিতে সমর্থ, তখন মাহামায়া যে তাঁহাদিগের চৈতন্যস্বরূপ কল্পনা করিবেন, ইহা আশ্চর্য্য নহে। ৬২।৬৩।

যদিও ঈশ্বর জীবের ন্যায় মায়িক বটেন, কিন্তু তথাপি জীবের ন্যায় তিনি অসর্ব্বজ্ঞ নহেন, যে হেতু মায়াই ঈশ্বরে সর্ব্বজ্ঞত্বাদি কল্পনা করিয়া প্রদর্শন করেন। যে মায়া ধর্ম্মী ঈশ্বরকেই কল্পনা করিতে পারে, সর্ব্বজ্ঞত্বাদি ধর্ম্ম কল্পনা করিতে তাঁহার আর ভারবোধ হয় না। ৬৪।

জীব ও ঈশ্বরের ন্যায় কূটস্থ চৈতন্যের মায়িকত্ব শঙ্কা কর্ত্তব্য নহে, যে হেতু তাঁহার স্বরূপের মায়িকত্ব—সম্ভাবনায় কোন প্রকার প্রমাণ নাই, বরং সর্ব

কূটস্থমায়িকত্বে তু প্রমাণং ন হি বর্ত্ততে ॥ ৬৫ ॥
বস্তুত্বং ঘোষয়ন্ত্যস্য বেদান্তাঃ সকলা অপি।
সপত্নরূপং বস্ত্বন্যন্ন সহন্তেঽত্র কিঞ্চন ॥ ৬৬ ॥
শ্রুত্যর্থং বিশদীকুর্ম্মো ন তর্কাদ্‌বচ্‌মি কিঞ্চন।
তেন তার্কিকশঙ্কানামত্র কোঽবসরো বদ ॥ ৬৭ ॥
তস্মাৎ কুতর্কং সন্ত্যজ্য মুমুক্ষুঃ শ্রুতিমাশ্রয়েৎ।
শ্রুতৌ তু মায়াজীবেশৌ করোতীতি প্রদর্শিতম্ ॥ ৬৮ ॥
ঈক্ষণাদিপ্রবেশান্তা সৃষ্টিরীশকৃতা ভবেৎ।
জাগ্রদাদিবিমোক্ষান্তঃ সংসারো জীবকর্ত্তৃকঃ ॥ ৬৯ ॥

---

নমু জীবেশয়োরিব কূটস্থস্যাপি মায়িকত্বং প্রসজ্জেত ইতি শঙ্কতে—কূটস্থেঽপ্যতিশঙ্কা স্যাদিতি। প্রমাণাভাবান্নৈবমিতি পরিহরতি—ভাতীতি ॥ ৬৫ ॥

কূটস্থস্য বাস্তবত্বেঽপি প্রমাণং নোপলভ্যত ইত্যাশঙ্ক্য শ্রুতয়ঃ সর্ব্বা অপি প্রমাণম্ ইত্যাহ—বস্তুত্বং ঘোষয়ন্ত্যস্যেতি। অত্র কূটস্থস্য পারমার্থিকত্বে প্রতিপক্ষভূতমন্যদ্‌বস্তু কিঞ্চন ন সহন্ত ইত্যর্থঃ ॥ ৬৬ ॥

নমু কূটস্থস্য জীবেশ্বরয়োশ্চ বাস্তবত্বাবাস্তবত্বসাধনে শ্রুতয় এব পঠ্যন্তে ন তর্কৈঃ কিঞ্চিদপি সাধ্যত ইত্যাশঙ্ক্য মুমুক্ষূণাং শ্রুত্যর্থবিশদীকরণায় প্রবৃত্তত্বান্ন তর্কোপন্যাস ইত্যাহ—শ্রুত্যর্থং বিশদীকুর্ম্ম ইতি ॥ ৬৭ ॥

ততঃ কিমিত্যত আহ—তস্মাৎ কুতর্কং সন্ত্যজ্যেতি। মুমুক্ষূণাং শ্রুত্যর্থঃ কীদৃশোঽনুসন্ধেয় ইত্যাহ—শ্রুতাবিতি ॥ ৬৮ ॥

---

বেদান্তে ইহার বস্তুত্ব প্রতিপাদিত হইয়াছে এবং ইহাঁর প্রতিপক্ষভূত বা ইহাঁর সদৃশ অন্য এমত কোন বস্তু নাই,—যাহা দ্বারা ইহাঁর মায়িকত্ব সম্ভাবিত হইবে। ৬৫।৬৬।

আমরা কেবল শ্রুতি সকলের যথার্থ অর্থ প্রকাশ করিতে প্রবৃত্ত হইয়াছি, কোন প্রকার তর্ক করিতে উদ্যুক্ত নহি; সুতরাং এ স্থলে তার্কিকদিগের কোন শঙ্কার প্রসঙ্গ নাই। ৬৭।

অতএব মুমুক্ষু ব্যক্তিরা কুতর্ক সকল পরিত্যাগ করিয়া শ্রুতির অর্থই আশ্রয় করিবেন, শ্রুতিতে প্রদর্শিত হইয়াছে,—মায়াই জীব ও ঈশ্বরের স্বরূপ কল্পনা করেন। সৃষ্টিবিষয়ক আলোচনা প্রভৃতি সৃষ্ট বস্তুর অন্তরে প্রবেশ পর্য্যন্ত

অসঙ্গ এব কূটস্থঃ সর্ব্বদা নাস্য কশ্চন।
ভবত্যতিশয়স্তেন মনস্যেবং বিচার্য্যতাম্ ॥ ৭০ ॥
ন নিরোধো ন চোৎপত্তির্ন বদ্ধো ন চ সাধকঃ।
ন মুমুক্ষুর্ন বৈ মুক্ত ইত্যেষা পরমার্থতা ॥ ৭১ ॥
অবাঙ্মনসগম্যন্তং শ্রুতির্বোধয়িতুং সদা।
জীবমীশং জগদ্বাপি সমাশ্রিত্যাববোধয়েৎ ॥ ৭২ ॥
যয়া যয়া ভবেৎ পুংসাং ব্যুৎপত্তিঃ প্রত্যগাত্মনি।
সা সৈব প্রক্রিয়েহ স্যাৎ সাধ্বীত্যাচার্য্যভাষিতম্ ॥ ৭৩ ॥

---

ঈক্ষণাদিতি। অসঙ্গ ইতি শ্রুতিষু জীবেশয়োর্মায়িকত্বমীক্ষণাদিপ্রবেশান্তায়াঃ সৃষ্টেরী-শ্বরকর্ত্তৃত্বং জাগ্রৎস্বপ্নসুষুপ্তিবন্ধমোক্ষলক্ষণস্য সংসারস্য জীবকর্তৃত্বম্ ॥ ৬৯ ॥

কূটস্থস্যাসঙ্গত্বাদিকং মৃতিজন্মাদিলক্ষণস্য ব্যবহারজাতস্যাসত্ত্বঞ্চ প্রতিপাদিতম্, অতো মুমুক্ষুরিমমর্থং সর্ব্বদা বিচারয়েদিত্যভিপ্রায়ঃ ॥ ৭০ ॥

কূটস্থস্য জন্মাদ্যতিশয়াভাবঃ কুতোঽবগম্যতে ইত্যাশঙ্ক্য শ্রুতিবাক্যাদিত্যভিপ্রেত্য তদ্বাক্যং পঠতি—ন নিরোধো ন চোৎপত্তিরিতি ॥ ৭১ ॥

নন্ তর্হি শ্রুতিষু তত্র তত্র জীবেশ্বরাদিস্বরূপপ্রতিপাদনং কিমর্থমিত্যাশঙ্ক্য আবাঙ্মনস-গোচরস্যাত্মনোঽববোধনায়েত্যাহ—অবাঙমনসগম্যন্তমিতি ॥ ৭২ ॥

নন্ তত্ত্বস্যৈকরূপস্য শ্রুতিবোধ্যত্বে শ্রুতিষু বিগানং কুতো দৃশ্যতে ইত্যাশঙ্ক্য ন তত্ত্বে বিগানমস্তি অপি তু তদ্বোধনপ্রকারে ; তদপি বোধ্যপুরুষচিত্তবৈষম্যানুসারেণ সুরেশ্বরা-চার্য্যৈরুক্তমিত্যাহ যয়া যয়েতি ॥ ৭৩ ॥

---

ঈশ্বরের কার্য্য, আর জাগ্রৎ অবস্থা অবধি মুক্তি পর্য্যন্ত সংসার, জীবের কার্য্য। ৬৮।৬৯।

কূটস্থ চৈতন্য অসঙ্গ, হ্রাস-বৃদ্ধিরহিত, সর্ব্বদা সমান, অতএব ইহা মনে মনে সর্ব্বদা বিচার করিয়া দেখা কর্ত্তব্য যে, বিনাশ নাই, উৎপত্তি নাই, এবং বন্ধন নাই, মোচনের সাধন অনুষ্ঠান-কর্ত্তাও কেহ নাই, মুমুক্ষুও নাই, মুক্তও নাই—ইহাই পরমার্থ সত্য। কূটস্থ চৈতন্য বাক্য-মনের অগোচর ; সেই কূটস্থ চৈতন্যেরই স্বরূপ জানাইবার নিমিত্ত শ্রুতিতে জীব, ঈশ্বর বা জগৎকে আশ্রয় করিয়া বুঝাইয়াছেন। ৭০।৭২।

যে কোন প্রকার রীতি দ্বারা পুরুষের আত্মাতে রতি হয়, তদনুসরণই জ্ঞানীদিগের সর্ব্বদা কর্ত্তব্য, ইহা আচার্য্যেরা বলিয়াছেন ; যেহেতু শ্রুতি

শ্রুতিতাৎপর্য্যমখিলমবুদ্ধা ভ্রাম্যতে জড়ঃ।
বিবেকী ত্বখিলং বুদ্ধা তিষ্ঠত্যানন্দবারিধৌ ॥ ৭৪ ॥
মায়ামেঘো জগন্নীরং বর্ষত্বেষ যথা তথা।
চিদাকাশস্য নো হানির্ন বা লাভ ইতি স্থিতিঃ ॥ ৭৫ ॥
ইমং কূটস্থদীপং যোঽনুসন্ধত্তে নিরন্তরম্।
স্বয়ং কূটস্থরূপেণ দীপ্যতেঽসৌ নিরন্তরম্ ॥৭৬ ॥

ইতি কূটস্থদীপঃ সমাপ্তঃ ॥ ৮

---

শ্রুত্যর্থে স্বৈকরূপত্বে তৎপ্রতিপাদকানামেব কুতো বিপ্রতিপত্তিরিত্যাশঙ্ক্য শ্রুতিতাৎপর্য্যবোধশূন্যানামেব বিপ্রতিপত্তির্ন তু তদ্বিদামিত্যাহ—শ্রুতিতাৎপর্য্যমিতি ॥ ৭৪ ॥

তর্হি বিবেকিনো নিশ্চয়ঃ কীদৃশ ইত্যাকাঙ্ক্ষায়ামাহ—মায়ামেঘো জগন্নীরমিতি ॥ ৭৫ ॥

গ্রন্থাভ্যাসফলমাহ ইমং কূটস্থদীপমিতি ॥ ৭৬ ॥

ইতি কূটস্থদীপব্যাখ্যা সমাপ্তা ॥ ৮ ॥

---

সকলের যথার্থ তৎপর্য্য বুঝিতে না পারিয়া মূঢ় অজ্ঞ লোক সকল বৃথা ভ্রমণ করে, আর বিবেকী ব্যক্তি যথার্থ তত্ত্ব অবগত হইয়া আনন্দসাগরে মগ্ন হন। ৭৩।৭৪।

সেই বিবেকীদিগের এই প্রকার নিশ্চয় আছে যে, মায়ারূপ মেঘ, যে কোন প্রকারে হউক, সর্ব্বদা এই জগৎরূপ বারি বর্ষণ করিতেছে, তাহাতে নির্লিপ্ত আকাশরূপ কূটস্থ চৈতন্যের কোন প্রকার হানি বা লাভ হইতে পারে না (যেহেতু তিনি সঙ্গরহিত আনন্দস্বরূপ)। ৭৫।

যে ব্যক্তি এই কূটস্থদীপনামক প্রকরণের তাৎপর্য্য সর্ব্বদা অনুসন্ধান করেন, তিনি তত্ত্বজ্ঞান লাভ করিয়া স্বয়ং কূটস্থস্বরূপে নিরন্তর প্রকাশ পাইয়া থাকেন। ৭৬।

কূটস্থদীপ-নামক অষ্টম পরিচ্ছেদ সমাপ্ত।

# নবমঃ পরিচ্ছেদঃ।

## ধ্যানদীপঃ।

সংবাদিভ্রমবদ্ ব্রহ্ম-তত্ত্বোপাস্ত্যাপি মুচ্যতে।
উত্তরে তাপনীয়েঽতঃ শ্রুতোপাস্তিরনেকধা ॥ ১ ॥
মণিপ্রদীপপ্রভয়োর্মণিবুদ্ধ্যাভিধাবতোঃ।
মিথ্যাজ্ঞানাবিশেষেঽপি বিশেষোঽর্থক্রিয়াং প্রতি ॥ ২ ॥

---

নত্বা শ্রীভারতীতীর্থবিদ্যারণ্যমুনীশ্বরৌ।
ক্রিয়তে ধ্যানদীপস্য ব্যাখ্যা সংক্ষেপতো ময়া ॥

ইহ তাবদ্ বেদান্তশাস্ত্রে নিত্যানিত্যবস্তুবিবেকাদিসাধনচতুষ্টয়সম্পন্নস্য সম্যক্ শ্রবণমননিদিধ্যাসনানুষ্ঠানবতস্তত্ত্বম্পদার্থবিবেচনপূর্ব্বকমহাবাক্যার্থাপরোক্ষজ্ঞানেন ব্রহ্মভাবলক্ষণমোক্ষো ভবতীতি প্রতিপাদিতম্, তত্র শ্রুতোপনিষৎকস্যাপি বুদ্ধিমান্দ্যাদিনা কেনচিৎ প্রতিবন্ধেন বাক্যবিষয়াপরোক্ষপ্রমিত্যনুৎপত্তৌ সত্যাং তদুৎপাদনদ্বারা মোক্ষফলকোপাসনানি নিদর্শয়িষুরাদৌ তাবৎ সদৃষ্টান্তং ব্রহ্মতত্ত্বোপাসনয়াপ্যভিলষিতব্রহ্মভাবলক্ষণো মোক্ষো ভবতীতি প্রতিজানীতে—সংবাদীতি। যথা সংবাদিভ্রমেণ প্রবৃত্তস্যাভিপ্রেতার্থলাভো ভবতি এবং ব্রহ্মতত্ত্বোপাসনয়াপি অভিলষিতো ব্রহ্মভাবলক্ষণো মোক্ষো ভবতি ইত্যর্থঃ। তত্র কিং প্রমাণমিত্যত আহ—উত্তরে তাপনীয় ইতি। যতঃ উপাসনয়াপি মোক্ষোঽস্তি অতস্তাপনীয়োপনিষদ্যনেকপ্রকারেণ ব্রহ্মতত্ত্বোপাসনা শ্রুতা উক্তেত্যর্থঃ ॥ ১ ॥

সংবাদিভ্রমবদিত্যুক্তং দৃষ্টান্তং প্রপঞ্চয়িতুং সংবাদিভ্রমপ্রতিপাদকং বার্ত্তিকং পঠতি—মণিপ্রদীপপ্রভয়োরিতি। মণিশ্চ প্রদীপশ্চ মণিপ্রদীপৌ তয়োঃ প্রভে মণিপ্রদীপপ্রভে তয়োরিতি বিগ্রহঃ। মণিপ্রভায়াং প্রদীপপ্রভায়াঞ্চ যা মণিবুদ্ধিঃ সা মিথ্যাজ্ঞানমেব অতস্মিন্ তদ্বুদ্ধিত্বাৎ,

---

(এক বস্তুর অন্য বস্তুরূপে যে জ্ঞান, তাহার নাম ভ্রম; ভ্রম দুই প্রকার,—সম্বাদী ও বিসম্বাদী) ঐ সম্বাদিভ্রমে ফললাভের ন্যায় পরব্রহ্মতত্ত্ব উপাসনাতেও মুক্তি লাভ হয়, তন্নিমিত্ত উত্তরতাপনীয় গ্রন্থে অনেকপ্রকার উপাসনা শুনা যায়। ১।

এক ব্যক্তির মণি-প্রভাবে মণি-ভ্রম হইল, আর অন্য ব্যক্তির প্রদীপ-প্রভাবে মণি-ভ্রম হইল, অনন্তর তাহারা উভয়েই মণি-লোভে ধাবমান হইলে উভয়েরই ভ্রম সমান হইলেও ফলের প্রভেদ হয়। অর্থাৎ যাহার মণি-

দীপোঽপবরকস্যান্তর্ব্বর্ত্ততে তৎপ্রভা বহিঃ।
দৃশ্যতে দ্বার্য্যথান্যত্র তদ্বদ্ দৃষ্টা মণেঃ প্রভা ॥ ৩ ॥
দূরে প্রভাদ্বয়ং দৃষ্ট্বা মণিবুদ্ধ্যাভিধাবতোঃ।
প্রভায়াং মণিবুদ্ধিস্তু মিথ্যাজ্ঞানং দ্বয়োরপি ॥ ৪ ॥
ন লভ্যতে মণির্দীপপ্রভাং প্রত্যভিধাবতা।
প্রভায়াং ধাবতাবশ্যং লভ্যেতৈব মণির্ম্মণেঃ ॥ ৫ ॥
দীপপ্রভামণিভ্রান্তির্ব্বিসংবাদিভ্রমঃ স্মৃতঃ।

---

অথাপি মণিপ্রভায়াং যা মণি-বুদ্ধিঃ সার্থক্রিয়াকারিণী মণিবুদ্ধ্যাভিধাবতঃ পুরুষস্য মণিলাভো ভবতি ইতরস্য তু স নাস্তীত্যর্থক্রিয়ায়াং বৈষম্যমস্তি ইত্যর্থঃ ॥ ২ ॥

বার্ত্তিকং ব্যাচষ্টে দীপোঽপবরকস্যান্তর্ব্বর্ত্ততে তৎপ্রভা বহিরিত্যাদিনা শ্লোকত্রয়েণ। দীপোঽপবরকস্যান্তরিতি। কস্মিংশ্চিৎ মন্দিরেঽপবরকস্যান্তর্দীপস্তিষ্ঠতি তস্য প্রভা বহির্দ্বারপ্রদেশে রত্নমিব বর্ত্তুলোপলভ্যতে তথান্যস্মিন্ মন্দিরেঽপবরকস্যান্তঃস্থিতস্য রত্নস্য প্রভা বহির্দ্বারিপ্রদেশে দীপপ্রভেব রত্নসমানোপলভ্যতে ॥ ৩ ॥

দূরে প্রভাদ্বয়মিতি। তথাবিধং প্রভাদ্বয়ং দূরতো দৃষ্ট্বায়ং মণিরয়ং মণিরিতি বুদ্ধ্যা যৌ পুরুষাবভিধাবনং কুরুতস্তয়োর্দ্বয়োরপি প্রভাবিষয়ে জায়মানং মণিজ্ঞানং ভ্রান্তমেব ॥ ৪ ॥

ন লভ্যত ইতি। তথাপি দীপপ্রভায়াং মণিবুদ্ধিং কৃত্বা ধাবতা পুরুষেণ মণির্ন লভ্যতে মণিপ্রভায়াং মণিবুদ্ধ্যা ধাবতা তু মণির্লভ্যেতৈব ॥ ৫ ॥

ভবত্বেবং বার্ত্তিকার্থঃ প্রকৃতে কিমায়াতমিত্যত আহ—দীপপ্রভেতি। যা দীপপ্রভায়াং

---

প্রভাতে মণিভ্রম হইয়াছিল, তাহার মণিলাভ হয়, আর যাহার দীপপ্রভাতে মণিভ্রম হইয়াছিল, তাহার মণি-লাভ হয় না। ২।

(উক্ত প্রাচীন কারিকার তাৎপর্য্য এই যে) গৃহমধ্যে প্রদীপ থাকিলে তাহার প্রভা যদি দ্বার দিয়া নির্গত হইয়া বাহিরে পড়িয়াছে দেখা যায়, আর অন্যত্র তদ্রূপ মণিপ্রভা উপলব্ধি-গোচর হয়, তবে দূর হইতে সেই প্রভাদ্বয় দেখিয়া মণি-জ্ঞানে ধাবমান দুই ব্যক্তিরই প্রভায় মণিভ্রম সমান হইলেও, দীপপ্রভাতে মণিভ্রমে যে ব্যক্তি ধাবমান হইয়াছে, তাহার মণিলাভ হয় না এবং মণিপ্রভাতে মণিজ্ঞানে যে ব্যক্তি গমন করিয়াছে, তাহার মণিলাভ হয়। ৩—৫।

এই দীপপ্রভায় যে মণিভ্রম, ফলভাব প্রযুক্ত তাহাকে বিসম্বাদি ভ্রম বলা

মণিপ্রভামণিভ্রান্তিঃ সংবাদিভ্রম উচ্যতে ॥ ৬ ॥
বাষ্পং ধূমতয়া বুদ্ধা তত্রাঙ্গরানুমানতঃ।
বহ্নির্যদৃচ্ছয়া লব্ধঃ স সংবাদিভ্রমো মতঃ ॥ ৭ ॥
গোদাবর্য্যুদকং গঙ্গোদকং মত্বা বিশুদ্ধয়ে।
সম্প্রোক্ষ্য শুদ্ধিমাপ্নোতি স সংবাদিভ্রমো মতঃ ॥ ৮ ॥
জ্বরেণাপ্তঃ সন্নিপাতং ভ্রান্ত্যা নারায়ণং স্মরন্।
মৃতঃ স্বর্গমবাপ্নোতি স সংবাদিভ্রমো মতঃ ॥ ৯ ॥

---

মণিভ্রান্তিরস্তি স বিসংবাদিভ্রম ইতি স্মৃতো বিবৃত্তিঃ মণিলাভলক্ষণার্থ ক্রিয়ারহিতত্বাৎ মণিপ্রভায়াং মণিবুদ্ধিস্তু মণিলাভলক্ষণার্থক্রিয়াবত্ত্বাৎ সংবাদিভ্রম ইত্যুচ্যতে ইত্যর্থঃ ॥ ৬ ॥

এবং প্রত্যক্ষবিষয়ে সংবাদিভ্রমং দর্শয়িত্বা অনুমানবিষয়েঽপি তং দর্শয়তি—বাষ্পং ধূমতয়েতি। কচিৎ প্রদেশে স্থিতং বাষ্পং ধূমত্বেন নিশ্চিত্য তন্মূলপ্রদেশেঽয়ং প্রদেশোঽগ্নিমান্ ধূমবত্ত্বাদিত্যনুমায় প্রবৃত্তেন পুরুষেণ দৈবগত্যা যদ্যপি অগ্নিস্তত্রোপলভ্যতে তথা বাষ্পবিষয়ং ধূমজ্ঞানং সংবাদিভ্রমো মতঃ ॥ ৭ ॥

আগমবিষয়েঽপি তং দর্শয়তি—গোদাবর্য্যুদকমিতি। গোদাবর্য্যুদকস্যাপি বিশুদ্ধিহেতুত্বমাগমসিদ্ধম্ অতস্তৎপ্রোক্ষণাদপি শুদ্ধিরস্ত্যেব তথাপি গোদাবর্য্যুদকে যা গঙ্গোদকবুদ্ধিঃ সা ভ্রান্তিরেব ॥ ৮ ॥

উদাহরণান্তরমাহ—জ্বরেণাপ্ত ইতি। জ্বরেণ সন্নিপাতং প্রাপ্তঃ পুরুষ ইদং নারায়ণস্মরণং মম স্বর্গসাধনমিতি জ্ঞানমন্তরেণাপি সন্নিপাতপ্রযুক্তভ্রমবশাৎ সাধারণপুরুষতয়া চৈত্যাদিবন্নারায়ণং স্মরন্ মৃতঃ স্বর্গং প্রাপ্নোত্যেব, "হরির্হরতি পাপানি দুষ্টচিত্তৈরপি স্মৃতঃ" "বিক্রুশ্য পুত্রমঘবান্ যদজামিলোঽপি নারায়ণেতি ম্রিয়মাণ ইয়ায় মুক্তিমি"ত্যাদিপুরাণবচনেভ্যঃ। অত্রাপি নারায়ণনাম্নঃ পুত্রনামত্বজ্ঞানং ভ্রম এব ॥ ৯ ॥

---

যায় এবং মণি-প্রভায় যে মণি-ভ্রান্তি (ফলজনকত্বহেতু), তাহাকে সম্বাদিভ্রম বলা যায়। ৬।

কোন স্থানে উত্থিত বাষ্পকে ধূম-জ্ঞান করিয়া তথায় অগ্নির সত্তা অনুমানে তদুদ্দেশে গমন করিলে দৈবাৎ যদি তথায় অগ্নি লাভ হয়, তবে তাহাকেও সম্বাদিভ্রম বলা যায়। গোদাবরী নদীর জলকে গঙ্গাজল বোধ করিয়া বিশুদ্ধি-অভিলাষে অবগাহন করিলে, তাহাতেও বিশুদ্ধি লাভ হয়, গোদাবরীজলে ঐ গঙ্গাজল-ভ্রান্তিকে সম্বাদী ভ্রম বলা যায়। ৭।৮।

কোন ব্যক্তি সান্নিপাতিক বিকার জ্বরে আক্রান্ত হইয়া মৃত্যুকালে ভ্রান্তি-

প্রত্যক্ষস্যানুমানস্য তথা শাস্ত্রস্য গোচরে।
উক্তন্যায়েন সংবাদিভ্রমাঃ সন্তীহ কোটিশঃ ॥ ১০ ॥
অন্যথা মৃত্তিকাদারুশিলাঃ স্যুর্দ্দেবতাঃ কথম্।
অগ্নিত্বাদিধিয়োপাস্যাঃ কথং বা যোষিদাদয়ঃ ॥ ১১ ॥
অযথাবস্তুবিজ্ঞানাৎ ফলং লভ্যত ঈপ্সিতম্।
কাকতালীয়তঃ সোঽয়ং সংবাদিভ্রম উচ্যতে ॥ ১২ ॥
স্বয়ং ভ্রমোঽপি সংবাদী যথা সম্যক্‌ফলপ্রদঃ।
ব্রহ্মতত্ত্বোপাসনাপি তথা মুক্তিফলপ্রদা ॥ ১৩ ॥

---

এবং ত্রিবিধসংবাদিভ্রমোদাহরণেন সিদ্ধমর্থমাহ—প্রত্যক্ষস্যানুমানস্যেতি ॥ ১০ ॥

বিপক্ষে বাধকদর্শনেন উক্তমর্থং দ্রঢ়য়তি,—অন্যথা সংবাদিভ্রমাভাবে মৃদাদয়ঃ ফলসিদ্ধয়ে দেবতাত্বেন পূজ্যা ন ভবেয়ুঃ,স্বতো দেবতাত্বাভাবাদিত্যর্থঃ। বাধকান্তরমাহ—অগ্নিত্বাদীতি। পঞ্চাগ্নিবিদ্যায়াং 'যোষা বাব গৌতমাগ্নিঃপুরুষো বাব গোতমাগ্নিঃ পৃথিবী বাব গোতমাগ্নিঃ পর্জ্জন্যো বাব গোতমাগ্নিঃ অসৌ বাব লোকো গোতমাগ্নিরি"ত্যাদিবাক্যৈর্যোষিৎপুরুষপৃথিবী-পর্জ্জন্যদ্যুলোকানামগ্নিত্বেনোপাসনং ব্রহ্মলোকাবাপ্তিফলকং ন ভবেদিত্যর্থঃ। আদিশব্দেন 'মনো ব্রহ্মেত্যুপাসীত আদিত্যো ব্রহ্মে'ত্যেবমাদয়ো গৃহ্যন্তে ॥ ১১ ।

ইদানীং বহুভিপ্র কৈরুপপাদিতং সংবাদিভ্রমং বুদ্ধিসৌকর্য্যায় সংক্ষিপ্য দর্শয়তি—অযথা-বস্তুবিজ্ঞানাদিতি। বিহিতাদবিহিতাদ্ বা যস্মাদযথাবস্তুবিজ্ঞানাদ্ বিপরীতজ্ঞানাদীপ সিতম্ অভিলষিতং ফলং কাকতালীয়তঃ দৈবগত্যা লভ্যতে সোঽয়ং সংবাদিভ্রম ইত্যর্থঃ ॥ ১২ ॥

---

বশতঃ নারায়ণ নাম উচ্চারণ করিলে, তাহারও মৃত্যুর পর স্বর্গপ্রাপ্তি হয়, তাহাও সম্বাদী ভ্রম। এইরূপ প্রত্যক্ষ, অনুমান এবং শাস্ত্রসিদ্ধ কোটি কোটি প্রকার সম্বাদি-ভ্রম প্রসিদ্ধ আছে। ৯।১০।

যদি পূর্ব্বোক্ত প্রকার যুক্তিদ্বারা ফলজনক সম্বাদিভ্রম স্বীকার না করা যায়, তবে মৃত্তিকা কাষ্ঠ পাষাণ প্রভৃতি ভৌতিক পদার্থ সকল কি প্রকারে দেবতা বলিয়া অঙ্গীকৃত হয়, ও (পঞ্চাগ্নি বিদ্যাতে) কি প্রকারেই বা যোষিৎ-প্রভৃতিকে অগ্নিবুদ্ধিতে উপাসনা-বিধি সঙ্গত হয়। অযথার্থ জ্ঞানেও ইষ্ট-ফলপ্রাপ্তি কাকতালীয় ন্যায়েও হয়—এই অযথার্থ জ্ঞানই সম্বাদী ভ্রম।১১।১২।

যেমন সম্বাদী ভ্রম স্বয়ং ভ্রমরূপে প্রসিদ্ধ হইয়াও সম্যক্ ফললাভের হেতু হয়, তদ্রূপ নির্গুণ ব্রহ্মতত্ত্ব-জ্ঞানের ন্যায় ব্রহ্মতত্ত্ব-উপাসনাও মুক্তিফল লাভের

বেদান্তেভ্যো ব্রহ্মতত্ত্বমখণ্ডৈকরসাত্মকম্।
পরোক্ষমবগম্যৈতদহমস্মীত্যুপাসতে ॥ ১৪ ॥
প্রত্যগ্‌ব্যক্তিমনুল্লিখ্য শাস্ত্রাদ্ বিষ্ণ্বাদিমূর্ত্তিবৎ।
অস্তি ব্রহ্মেতি সামান্যজ্ঞানমত্র পরোক্ষধীঃ ॥ ১৫ ॥
চতুর্ভুজাদ্যবগতাবপি মূর্ত্তিমনুল্লিখন্।
অক্ষৈঃ পরোক্ষজ্ঞান্যেব ন তদা বিষ্ণুমীক্ষতে ॥ ১৬ ॥

---

নন্বু ব্রহ্মোপাসনস্যাযথাবস্তুবিষয়কস্য কথং সম্যক্‌জ্ঞানসাধ্যমুক্তিফলপ্রদাতৃত্বমিত্যাশঙ্ক্য সংবাদিভ্রমবদেবেত্যাহ—স্বয়ং ভ্রমোঽপীতি ॥ ১৩ ॥

নন্বু ব্রহ্মতত্ত্বং জ্ঞাত্বোপাসনং ক্রিয়তে অজ্ঞাত্বা বা? আদ্যে উপাসনবৈয়র্থ্যং মোক্ষসাধনজ্ঞানস্যৈব বিদ্যমানত্বাৎ, দ্বিতীয়ে বিষয়াপরিজ্ঞানাৎ উপাসনমেব ন ঘটতে ইত্যাশঙ্ক্যাহ—বেদান্তেভ্য ইতি। অয়মভিপ্রায়ঃ,—ব্রহ্মাত্মৈকত্বাপরোক্ষজ্ঞানস্য মোক্ষসাধনস্যানুৎপন্নত্বাৎ ন উপাসনাবৈয়র্থ্যং শাস্ত্রাৎ পরোক্ষতয়াবগতত্বাৎ ব্রহ্মণ উপাসনবিষয়ত্বমিতি ॥ ১৪ ॥

উপাস্যব্রহ্মতত্ত্বগোচরস্য পরোক্ষজ্ঞানস্য কিং রূপমিত্যাকাঙ্ক্ষায়ামাহ—প্রত্যগ্‌ব্যক্তিমনুল্লিখ্যেতি। প্রত্যগ্‌ব্যক্তিং বুদ্ধ্যাদিসাক্ষিণং সচ্চিদানন্দরূপমাত্মানমনুল্লিখ্য অবিষয়ীকৃত্য শাস্ত্রাৎ সত্যজ্ঞানাদিবাক্যজাতাৎ ব্রহ্মাস্তীত্যেবং সামান্যাকারেণ জায়মানং জ্ঞানমত্রাস্যামুপাসনায়াং পরোক্ষধীঃ পরোক্ষজ্ঞানং বিবক্ষিতমিত্যর্থঃ। তত্র দৃষ্টান্তঃ—বিষ্ণ্বাদিমূর্ত্তিবদিতি। বিষ্ণ্বাদিমূর্ত্তিপ্রতিপাদকশাস্ত্রজন্যজ্ঞানবদিত্যর্থঃ ॥ ১৫ ॥

নন্বু শাস্ত্রেণ বিষ্ণ্বাদিমূর্ত্তেশ্চতুর্ভুজত্বাদিবিশেষপ্রতীতেস্তজ্জ্ঞানস্যাপি কুতঃ পরোক্ষত্বমিত্যাশঙ্ক্যাহ চতুর্ভুজাদ্যবগতাবপীতি। শাস্ত্রেণ চতুর্ভুজত্বাদিবিশেষপ্রতীতাবপি চক্ষুরাদিভির্বিষ্ণ্বাদিমূর্ত্তিমবিষয়ীকুর্ব্বন্ পুরুষঃ পরোক্ষজ্ঞান্যেব। তত্রোপপত্তিমাহ ন তদা বিষ্ণুমীক্ষত ইতি। তদোপাসনাকালে বিষ্ণুমুপাস্যং নেক্ষতে নেন্দ্রিয়ৈর্বিষয়ীকরোতি ইত্যর্থঃ ॥ ১৬ ॥

---

কারণ হয়। বেদান্ত শাস্ত্র হইতে সামান্যতঃ অখণ্ডৈকরসস্বরূপ পরব্রহ্মতত্ত্ব পরোক্ষ ভাবে অবগত হইয়া 'আমিই সেই পরব্রহ্ম-স্বরূপ' এইরূপ উপাসনা করিবে। ১৩।১৪।

অখণ্ডানন্দস্বরূপ পরব্রহ্মের উল্লেখ না করিয়া শাস্ত্রপ্রমাণ দ্বারা বিষ্ণুমূর্ত্তি প্রভৃতির ন্যায় জগৎকারণ পরব্রহ্ম আছেন এই প্রকার যে সামান্য জ্ঞান, তাহাকে এ স্থলে পরোক্ষ জ্ঞান বলা যায়। বিষ্ণু চতুর্ভুজবিশিষ্ট ইত্যাদিরূপে বিষ্ণুমূর্ত্তি বিষয়ে বিশেষ জ্ঞান, শাস্ত্র হইতে হইলেও, উপাসনাকালে উপাসক সাক্ষাৎ বিষ্ণুকে ইন্দ্রিয়গোচর করিতে পারে না বলিয়া তাহাকে পরোক্ষ জ্ঞানীই বলা যায়। ১৫।১৬।

পরোক্ষত্বাপরাধেন ভবেন্নাতত্ত্ববেদনম্।
প্রমাণেনৈব শাস্ত্রেণ সত্যমূর্ত্তের্বিভাসনাৎ ॥ ১৭ ॥
সচ্চিদানন্দরূপস্য শাস্ত্রাদ্ভানেঽপ্যনুল্লিখন্।
প্রত্যঞ্চং সাক্ষিণং তৎ তু ব্রহ্ম সাক্ষান্ন বীক্ষতে ॥ ১৮ ॥
শাস্ত্রোক্তেনৈব মার্গেণ সচ্চিদানন্দনির্ণয়াৎ *।
পরোক্ষমপি তজ্জ্ঞানং তত্ত্বজ্ঞানং ন তু ভ্রমঃ ॥ ১৯ ॥
ব্রহ্ম যদ্যপি শাস্ত্রেষু প্রত্যক্ত্বেনৈব বর্ণিতম্

---

নন্থ বিষ্ণ্বাদিগোচরস্য জ্ঞানস্য ব্যক্ত্যুল্লেখনাভাবাৎ ভ্রমত্বমিত্যাশঙ্ক্য প্রমাণেন জনিতত্বান্ন ভ্রমত্বমিত্যাহ—পরোক্ষত্বাপরাধেনেতি। পরোক্ষজ্ঞানং ভ্রান্তিজ্ঞানকারণং ন ভবতি কিন্তু বিষয়াসত্যত্বম্, ইহ তু প্রমাণভূতেন শাস্ত্রেণৈব যথার্থভূতায়া বিষ্ণ্বাদিমূর্ত্তেরেব ভাসনান্ন ভ্রমত্বমিত্যর্থঃ ॥ ১৭ ॥

নন্থ সচ্চিদানন্দব্যক্ত্যুল্লেখিনো ব্রহ্মতত্ত্বজ্ঞানস্য শাস্ত্রজন্যস্যাপি কুতঃ পরোক্ষত্বেত্যাশঙ্ক্য অপরোক্ষত্বপ্রয়োজকপ্রত্যক্ত্বোল্লেখাভাবাদিত্যাহ—সচ্চিদানন্দরূপস্যেতি। 'সত্যং জ্ঞানমনন্তং ব্রহ্ম,' নিত্যঃ শুদ্ধো বুদ্ধঃ সত্যো মুক্তো নিরঞ্জনঃ সদ্বেদং সর্বং তৎ সদিতি চিদ্বেদং সর্বং প্রকাশতে চেত্যাদিশাস্ত্রাৎ সচ্চিদানন্দরূপস্য ব্রহ্মণো ভানেঽপি প্রত্যঞ্চং সাক্ষিণমনুল্লিখন্ তস্য ব্রহ্মণঃ প্রত্যাগাত্মরূপমজানন্ তৎ ব্রহ্ম সাক্ষাৎ ন বীক্ষতে নৈব পশ্যতীত্যর্থঃ ॥ ১৮ ॥

কথং তর্হি তথাবিধব্রহ্মগোচরস্য জ্ঞানস্য তত্ত্বজ্ঞানত্বমিত্যাশঙ্ক্য আগমপ্রমাণজন্যত্বাদিত্যাহ—শাস্ত্রোক্তেনৈবেতি। তজ্জ্ঞানং পরোক্ষমপি শাস্ত্রোক্তেনৈব প্রকারেণ ব্রহ্মণঃ সচ্চিদানন্দরূপনিশ্চয়াত্মকত্বাৎ সম্যক্ জ্ঞানমেব ন ভ্রম ইত্যর্থঃ ॥ ১৯ ॥

---

এই প্রকার পরোক্ষ জ্ঞানীদিগের সেই জ্ঞানকে অসত্যজ্ঞান বলা যায় না, যেহেতু শাস্ত্র প্রমাণদ্বারা বিষ্ণুমূর্ত্তির সত্যতা প্রতিপন্ন হইয়াছে। শাস্ত্রদ্বারা সচ্চিদানন্দস্বরূপ জ্ঞান থাকিলেও যে পর্য্যন্ত সেই ব্রহ্মকে প্রত্যক্-আত্মস্বরূপ অর্থাৎ 'আমি' বলিয়া বুঝিতে না পারিবে, সেই পর্য্যন্ত ব্রহ্মবিষয় অপরোক্ষ জ্ঞান হইবে না। ১৭।১৮।

শাস্ত্রোক্ত প্রমাণ দ্বারা সচ্চিদানন্দের নির্ণয় হয়, এজন্য পূর্ব্বোক্ত প্রকার জ্ঞান পরোক্ষজ্ঞানরূপ হইলেও তাহাকে তত্ত্বজ্ঞান বলিয়া স্বীকার করা যায়, তাহা কখন ভ্রমজ্ঞান নহে। আর যদিও তাহা পরোক্ষরূপে কিঞ্চিৎ ন্যূন বটে,

---

* নিশ্চয়াদিতি মুম্বয়ীমুদ্রিতপুস্তকসম্মতঃ পাঠঃ।

মহাবাক্যৈস্তথাপ্যেতৎ দুর্ব্বোধমবিচারিণঃ ॥ ২০ ॥
দেহাদ্যাত্মত্ববিভ্রান্তৌ জাগ্রত্যাং ন হঠাৎ পুমান্।
ব্রহ্মাত্মত্বেন বিজ্ঞাতং ক্ষমতে মন্দধীস্ততঃ ॥ ২১ ॥
ব্রহ্মমাত্রং সুবিজ্ঞেয়ং শ্রদ্ধালোঃ শাস্ত্রদর্শিনঃ।
অপরোক্ষদ্বৈত-বুদ্ধিঃ পরোক্ষাদ্বৈতবুদ্ধ্যনুৎ ॥ ২২
অপরোক্ষশিলাবুদ্ধির্ন পরোক্ষেশতাং নুদেৎ।
প্রতিমাদিষু বিষ্ণুত্বে কো বা বিপ্রতিপদ্যতে ॥ ২৩ ॥

---

নন্থ সত্যজ্ঞানাদিবাক্যৈঃ ব্রহ্মণঃ সচ্চিদানন্দরূপত্বমিব তত্ত্বমস্যাদিবাক্যৈঃ প্রত্যগ্রূপত্বমপি তস্য বোধ্যত এব, অতঃ শাস্ত্রজন্যস্যাপি ব্রহ্মজ্ঞানস্য প্রত্যগ্ব্যক্ত্যাল্লেখিত্বাদপরোক্ষত্বমেবেত্যা-শঙ্ক্যাহ—ব্রহ্ম যদ্যপীতি। যদ্যপি বেদান্তেষু মহাবাক্যৈর্ব্রহ্ম প্রত্যগাত্মত্বেনৈবোপদিষ্টং তথাপ্যেতৎ প্রত্যগ্রূপত্বমন্বয়ব্যতিরেকাভ্যাং তত্ত্বম্পদার্থবিবেকশূন্যস্য দুর্ব্বোধং বোদ্ধুমশক্যম্ অতঃ কেবলাদ্ বাক্যাৎ নাপরোক্ষজ্ঞানমুৎপদ্যত ইত্যর্থঃ ॥ ২০ ॥

নন্থ সম্যগ্জ্ঞানস্য প্রমাণবস্তুপরতন্ত্রত্বাৎ প্রমাণস্য চ তত্ত্বমস্যাদিবাক্যরূপস্য সদ্ভাবাৎ বস্তুনশ্চ ব্রহ্মাত্মৈকত্বলক্ষণস্য বিদ্যমানত্বাৎ কুতো বিচারমন্তরেণ দুর্ব্বোধত্বমিত্যাশঙ্ক্যাহ—দেহাদ্যাত্মত্ববিভ্রান্তাবিতি। ব্রহ্মাত্মৈকত্বাপরোক্ষজ্ঞানবিরোধিনো দেহেন্দ্রিয়াদিষ্বাত্মভ্রমস্য বিচারনিবর্ত্ত্যস্য সদ্ভাবাৎ তন্নিবৃত্তয়ে বিচারোঽপেক্ষ্যত ইত্যর্থঃ ॥ ২১ ॥

নন্থ তর্হি দেহেন্দ্রিয়াদিগোচরস্য দ্বৈতভ্রমস্য সদ্ভাবাদদ্বিতীয়ব্রহ্মগোচরং পরোক্ষজ্ঞানমপি নোদীয়াদিত্যাশঙ্ক্য অপরোক্ষদ্বৈতভ্রমস্য পরোক্ষাদ্বৈতজ্ঞানাবিরোধিত্বাৎ শ্রদ্ধাবতঃ পুংসঃ শাস্ত্রাৎ পরোক্ষজ্ঞানমুৎপদ্যতে এব ইত্যাহ—ব্রহ্মমাত্রং সুবিজ্ঞেয়মিতি। অপরোক্ষদ্বৈত-বুদ্ধির্যতঃ পরোক্ষাদ্বৈতবুদ্ধ্যনুৎ, অতো ব্রহ্মমাত্রং সুবিজ্ঞেয়মিতি যোজনা ॥ ২২ ॥

---

কিন্তু তাহাও স্বীকর্ত্তব্য। ব্রহ্ম—বেদান্ত শাস্ত্রে মহাবাক্য দ্বারা প্রত্যক্স্বরূপ অর্থাৎ আত্মস্বরূপ বর্ণিত হইলেও বিচার ব্যতিরেকে তাহা বোধ হওয়া অসম্ভব, সুতরাং কেবল শাস্ত্র হইতে তাঁহার অপরোক্ষ জ্ঞান হয় না। ১৯,২০।

সামান্য লোকদিগের বুদ্ধিতে দেহাদি জড় বস্তুর প্রতি আত্মজ্ঞানরূপ ভ্রম জাগ্রত থাকাতে মন্দবুদ্ধি প্রযুক্ত পরব্রহ্মকে সাক্ষাৎ আত্মরূপে গ্রহণ করিবার সাহস হয় না। ২১।

শ্রদ্ধাবান্ শাস্ত্রমর্ম্মজ্ঞদিগের পরোক্ষে ব্রহ্মতত্ত্বজ্ঞান অতি সুলভে বোধ হয়, যেহেতু প্রত্যক্ষ এই জগৎরূপ দ্বৈত জ্ঞান শাস্ত্রসিদ্ধ পরোক্ষ অদ্বৈত জ্ঞানের বাধক হয় না, যেমন শিলা-জ্ঞান শিলাতে পরোক্ষ দেবতা জ্ঞানের

অশ্রদ্ধালোরবিশ্বাসো নোদাহরণমর্হতি।
শ্রদ্ধালোরেব সর্ব্বত্র বৈদিকেষ্বধিকারতঃ ॥ ২৪ ॥
সকৃদাপ্তোপদেশেন পরোক্ষজ্ঞানমুদ্ভবেৎ।
বিষ্ণুমূর্ত্ত্যুপদেশো হি ন মীমাংসামপেক্ষতে ॥ ২৫ ॥
কর্ম্মোপাস্তী বিচার্য্যেতে অনুষ্ঠেয়াবিনির্ণয়াৎ।
বহুশাখাবিপ্রকীর্ণং নির্ণেতুং কঃ প্রভুর্নরঃ ॥ ২৬ ॥
নির্ণীতোহর্থঃ কল্পসূত্রৈর্গ্রথিতস্তাবতাস্তিকঃ।

---

অপরোক্ষভ্রমস্য পরোক্ষসম্যগ্‌জ্ঞানাবিরোধিত্বে দৃষ্টান্তমাহ—অপরোক্ষশিলাবুদ্ধিরিতি। বিরোধাভাবমেবোদাহৃত্য দর্শয়তি—প্রতিমাদিষ্বিতি ॥ ২৩ ॥

কেচন বিপ্রতিপদ্যমানা উপলভ্যন্ত ইত্যাশঙ্ক্যাহ—অশ্রদ্ধালোরিতি। কুত ইত্যত আহ—শ্রদ্ধালোরেবেতি। সর্ব্বেষু বেদোক্তানুষ্ঠানেষু শ্রদ্ধাবত এবাধিকারিত্বাদিত্যর্থঃ ॥ ২৪ ॥

এতাবতা পরোক্ষজ্ঞানে কিমায়াতমিত্যত আহ—সকৃদাপ্তোপদেশেনেতি। উক্তমর্থং লোকানুভবেন দ্রঢ়য়তি—বিষ্ণুমূর্ত্ত্যুপদেশ ইতি ॥ ২৫ ॥

নমু তর্হি কুতঃ শাস্ত্রেষু বিচারাঃ ক্রিয়ন্ত ইত্যাশঙ্ক্য অনুষ্ঠেয়য়োঃ কর্ম্মোপাসনয়োঃ কিং কর্ম্ম কর্ত্তব্যং কিং বোপাসনমিতি সন্দেহসম্ভবাৎ তন্নির্ণয়ায় বিচারাঃ ক্রিয়ন্ত ইত্যাহ—কর্ম্মোপাস্তী ইতি; সন্দেহসম্ভবমেবোপপাদয়তি—বহুশাখেতি। অনেকাসু শাখাসু তত্র তত্র চোদিতং ব্রহ্মোপাসনং বা একত্র সমাহৃত্য নির্ণেতুমস্মদাদির্নরঃ কঃ প্রভুঃ সমর্থঃ? ন কোঽপীত্যর্থঃ ॥ ২৬ ॥

নমু তর্হ্যনুষ্ঠেয়ত্বমেব কর্ম্মোপাসনয়োঃ প্রাপ্তমিত্যাশঙ্ক্যাহ—নির্ণীতোহর্থ ইতি। জৈমি-

---

বাধা জন্মায় না, উহাও তদ্রূপ; প্রতিমাদিতে বিষ্ণুজ্ঞান করিতে কাহার মতদ্বৈত আছে? ২২।২৩।

অশ্রদ্ধালুদিগের যে অবিশ্বাস, তাহা উদাহরণ-যোগ্য নহে; যেহেতু বেদ-বিহিত সকল কর্ম্মে শ্রদ্ধাবান্ ধার্ম্মিকদিগেরই অধিকার বিহিত। ভ্রম-প্রমাদাদি-রহিত গুরুর নিকট হইতে একবার উপদিষ্ট হইলেই পরোক্ষ জ্ঞান হয়, তদ্বিষয়ে বিচারের আবশ্যকতা হয় না, যেমন লোকানুভব-সিদ্ধ বিষ্ণুমূর্ত্তির উপদেশ আর কোন প্রকার মীমাংসাকে অপেক্ষা করে না, উহাও তদ্রূপ। ২৪।২৫।

শাস্ত্রে যে কর্ম্ম ও উপাসন—বিষয়ে বিচার করিয়াছেন, তাহা কেবল অনুষ্ঠেয় কর্ম্মোপাসনাদির নির্ণয়ের জন্য; নতুবা (শাস্ত্র-নির্ণয় করিয়া না দিলে)

বিচারমন্তরেণাপি শক্তোঽনুষ্ঠাতুমঞ্জসা ॥ ২৭ ॥
উপাস্তীনামনুষ্ঠানমার্ষগ্রন্থেষু বর্ণিতম্ ।
বিচারাক্ষমমর্ত্ত্যাশ্চ তৎ শ্রুত্বোপাসতে গুরোঃ ॥ ২৮ ॥
বেদবাক্যানি নির্ণেতুমিচ্ছন্ মীমাংসতাং জনঃ ।
আপ্তোপদেশমাত্রেণ হ্যনুষ্ঠানস্ত সম্ভবেৎ ॥ ২৯ ॥
ব্রহ্মসাক্ষাৎকৃতিস্ত্বেবং বিচারেণ বিনা নৃণাম্ ।
আপ্তোপদেশমাত্রেণ ন সম্ভবতি কুত্রচিৎ ॥ ৩০ ॥
পরোক্ষজ্ঞানমশ্রদ্ধা প্রতিবধ্নাতি নেতরৎ ।

---

তাদৃশৈঃ পূর্ব্বাচার্য্যৈঃ নিশ্চিতোঽর্থঃ অনুষ্ঠানপ্রকারঃ কল্পসূত্রৈঃ সংগৃহীতোঽস্তি, তাবতা তৈগ্রথিতত্বেনৈব তেষু আস্তিকঃ বিশ্বাসবান্ পুরুষঃ বিচারং বিনাপি কর্ম্ম সম্যগনুষ্ঠাতুং শক্নোত্যেব ॥ ২৭ ॥

নন্বেবং তর্হি ব্রহ্মোপাসনাবিচারাভাবাৎ তদনুষ্ঠানং ন সম্ভবেদিত্যাশঙ্ক্যাহ—উপাস্তীনামিতি। আর্ষগ্রন্থেষু ব্রাহ্মবাশিষ্ঠাদিমন্ত্রকল্পেষূপাসনানুষ্ঠানপ্রকারো বর্ণিতঃ, অতো বিচারাসমর্থা মনুষ্যা কল্পেষূক্তং তদুপাসনং গুরুমুখাদবগম্যানুতিষ্ঠন্তীত্যর্থঃ ॥ ২৮ ॥

নন্বেবং তর্হীদানীন্তনৈরপি গ্রন্থকর্ত্তৃভির্বেদবাক্যবিচারঃ কুতঃক্রিয়ত ইত্যাশঙ্ক্য স্ববুদ্ধিপরিতোষায়ৈব ক্রিয়তে নানুষ্ঠানসিদ্ধয়ে ইত্যাহ—বেদবাক্যানীতি ॥ ২৯ ॥

নন্ব ব্রহ্মোপাসনবৎ ব্রহ্মসাক্ষাৎকারস্যাপ্যুপদেশমাত্রাদেব সিদ্ধিঃ কিং ন স্যাদিত্যাশঙ্ক্যাহ—ব্রহ্মসাক্ষাৎকৃতিস্ত্বেবমিতি ॥ ৩০ ॥

---

বহুশাখা বিস্তীর্ণ সেই কর্ম্মাদির নির্ণয় করিতে কোন্ ব্যক্তি সমর্থ হয়? আস্তিক পুরুষ, বিচার ব্যতিরেকেও কল্পসূত্র-গ্রথিত নিশ্চিত কর্ম্ম অনুষ্ঠানে সমর্থ হয়। ২৬।২৭।

ঋষিপ্রণীত বহু গ্রন্থে উপাসনার অনুষ্ঠান বর্ণিত আছে, বিচার করিতে অসমর্থ লোকসকল গুরুর নিকটে তাহা শুনিয়া উপাসনা করে। বেদবাক্যের তাৎপর্য্য নির্ণয় করিবার ইচ্ছা করিয়া লোক উক্ত বাক্য সকলের মীমাংসা করে; কিন্তু কর্ম্মানুষ্ঠান, বিশ্বস্ত ব্যক্তির উপদেশ মাত্রেই হইতে পারে। ২৮।২৯।

যেমন বিচার ব্যতিরেকেও কেবল উপদেশ দ্বারাই উপাসনার অনুষ্ঠান সম্পন্ন হয়, তদ্রূপ কেবল উপদেশ মাত্রই কখন কোন ব্যক্তির পরব্রহ্মের

গর্ভ এব শয়ানঃ সন্ বামদেবোঽববুদ্ধবান্।
পূর্ব্বাভ্যস্তবিচারেণ যদ্বদধ্যয়নাদিষু ॥ ৩৫ ॥
বহুবারমধীতেঽপি তদা নায়াতি চেৎ পুনঃ।
দিনান্তরেঽনধীত্যৈব পূর্ব্বাধীতং স্মরেৎ পুমান্ ॥ ৩৬ ॥
কালেন পরিপচ্যন্তে কৃষিগর্ভাদয়ো যথা।
তদ্বদাত্মবিচারোঽপি শনৈঃ কালেন পচ্যতে ॥ ৩৭ ॥
পুনঃপুনর্ব্বিচারেঽপি ত্রিবিধপ্রতিবন্ধতঃ।
ন বেত্তি তত্ত্বমিত্যেতদ্ বার্ত্তিকে সম্যগীরিতম্ ॥ ৩৮ ॥

---

ইহ জন্মনি শ্রবণাদিকর্ত্তুর্জন্মান্তরে অপরোক্ষজ্ঞানং ভবতীত্যত্রাপি 'গর্ভেনুসন্নন্বেষাম-বেদমহং দেবানাং জনিমানি বিশ্বা' ইত্যাদিকাং শ্রুতিমর্থতঃ পঠতি—গর্ভ এব শয়ান ইতি। ইহ জন্মনি অনুৎপন্নস্য জ্ঞানস্য কালান্তরে উৎপত্তৌ দৃষ্টান্তমাহ—যদ্বদধ্যয়নাদিষিতি ॥ ৩৫ ॥

দৃষ্টান্তং বিবৃণোতি—বহুবারমধীতেঽপীতি ॥ ৩৬ ॥

আদিশব্দেন পরিগৃহীতানি দৃষ্টান্তান্তরাণ্যাহ—কালেনেতি। দার্ষ্টান্তিকে যোজয়তি—তদ্বদাত্মবিচারোঽপীতি ॥ ৩৭ ॥

বহুবারং বিচারিতেঽপি তত্ত্বে প্রতিবন্ধবলাৎ সাক্ষাৎকারো ন জায়তে ইত্যেতদ্-বার্ত্তিককারৈরপি নিরূপিতমিত্যাহ—পুনঃপুনর্বিচারেঽপীতি ॥ ৩৮ ॥

---

করিয়াছেন। কেননা শৃণ্বন্তোঽপি বহবো যন্ন বিদ্যুঃ' এইরূপ শ্রুতি আছে—অর্থাৎ শ্রবণ করিয়াও বুদ্ধিমান্দ্য প্রযুক্ত ইহা অনেকের বোধগম্য হয় না; মাতৃগর্ভে শয়ান বামদেব ঋষির পূর্ব্বজন্মার্জ্জিত অধ্যয়ন ও বিচারের বলেই ব্রহ্মবিদ্যা লাভ হইয়াছিল; এরূপ প্রমাণ আছে। ৩২—৩৫।

বহুবার অভ্যাস করিয়াও অধীত শাস্ত্রে সংস্কার যদি না হয়, তবে দিনা-ন্তরে অধ্যয়ন না করিয়া পূর্ব্বাধীত বিষয়ই পুনঃপুনঃ স্মরণ করিবে। আত্ম-তত্ত্বজ্ঞানের পক্ষেও এই রীতি অনুসরণীয়। যেমন পুনঃপুন কর্ষণদ্বারা কৃষ্যাদি কার্য্য সুসম্পন্ন হয়, তদ্রূপ ক্রমশঃ অভ্যাসদ্বারা আত্মতত্ত্ববিচারও কালে ফলপ্রদ হয়, তাহার সন্দেহ নাই। ৩৬।৩৭।

পুনঃপুন বিচার করিলেও তিন প্রকার প্রতিবন্ধের বিদ্যমানতা হেতু কেহ বা পরমাত্মতত্ত্ব নির্ণয় করিতে অসমর্থ হইয়া থাকে, ইহা বার্ত্তিককার সম্যক্

কুতস্তজ্জ্ঞানমিতি চেৎ তদ্ধি বন্ধপরিক্ষয়াৎ।
অসাবপি চ ভূতো বা ভাবী বা বর্ত্ততে তথা॥ ৩৯॥
অধীতবেদবেদার্থোঽপ্যত এব ন মুচ্যতে।
হিরণ্যনিধিদৃষ্টান্তাদিদমেব চ দর্শিতম্॥ ৪০॥
অতীতেনাপি মহিষীস্নেহেন প্রতিবন্ধতঃ।
ভিক্ষুস্তত্ত্বং ন বেদেতি গাথা লোকে প্রগীয়তে॥ ৪১॥
অনুসৃত্য গুরুঃ স্নেহং মহিষ্যাং তত্ত্বমুক্তবান্।

---

তান্যেব বার্ত্তিকবাক্যান্যুদাহরতি—কুতস্তজ্জ্ঞানমিত্যাদিনা ভবতস্ত ত্রিজন্মভিরিত্যন্তেন। ত্র তাবৎ পূর্ব্বমনুৎপন্নস্য জ্ঞানস্যেদানীমুৎপত্তৌ কারণং পৃচ্ছতি—কুতস্তজ্জ্ঞানমিতি ।দিতি। উত্তরমাহ—তদ্ধি বন্ধপরিক্ষয়াদিতি। বন্ধঃ প্রতিবন্ধঃ তস্য পরিক্ষয়াদিত্যর্থঃ। াঽপি প্রতিবন্ধো ভূতো ভাবী বর্ত্তমানশ্চেতি ত্রিবিধ ইত্যাহ—অসাবপি চ ভূতো ।তি॥ ৩৯॥

ভবত্বেবং ত্রিবিধঃ প্রতিবন্ধঃ ততঃ কিমিত্যত আহ—অধীতবেদেতি। অতএব প্রতিবন্ধ-ভাবাদেবেত্যর্থঃ। সতি প্রতিবন্ধে জ্ঞানং নোদেতীত্যেতদ্ যথা "হিরণ্যনিধিং নিহিতম-ক্ষেত্রজ্ঞা উপর্য্যুপরি সঞ্চরন্তো ন বিন্দেয়ুরেবমেবেমাঃ সর্ব্বাঃ প্রজা অহরহর্গচ্ছন্ত্য এতং হ্মলোকং ন বিদন্ত্যনৃতেন হি প্রত্যূঢ়া" ইত্যনয়া শ্রুত্যা প্রদর্শিতমিত্যাহ—হিরণ্যেতি॥ ৪০॥

বতীতস্য প্রতিবন্ধকত্বং ন দৃষ্টমিত্যাশঙ্ক্যাহ—অতীতেনাপীতি। অয়মর্থঃ,—কশ্চিদ্যতিঃ র্ব্বং গার্হস্থ্যদশায়াং কস্যাঞ্চিন্মহিষ্যাং স্নেহং কৃত্বা পশ্চাৎ সন্ন্যাসানন্তরং শ্রবণে প্রবৃত্তোঽপি তনৈব স্নেহেন জনিতাৎ প্রতিবন্ধাৎ তত্ত্বং গুরূণামপি ন জ্ঞাতবান্ ইত্যেবংবিধা গাথা লোকে প্রগীয়তে ন পুরাণাদিষু পঠিতেত্যর্থঃ॥ ৪১॥

তর্হি তথাবিধস্যতস্য কথং জ্ঞানোৎপত্তিরিত্যত আহ—অনুসৃত্যেতি। গুরুস্তস্য তত্ত্বোপদেষ্টা।

---

প্রকারে ব্যক্ত করিয়াছেন। যথা—"সেইজ্ঞান কিরূপে হয়" এই প্রশ্নের উত্তর এই যে,—প্রতিবন্ধক ক্ষয় হইলেই জ্ঞানের উদয় হয়। প্রতিবন্ধক তিন প্রকার,—বর্ত্তমান, অতীত এবং ভবিষ্যৎ। ৩৮।৩৯।

বেদ-বেদান্ত অধ্যয়ন করিলেও পূর্ব্বোক্ত এই তিন প্রকার প্রতিবন্ধবশতঃ কোন কোন ব্যক্তির মুক্তি লাভ হয় না, ইহা শ্রুতিতে হিরণ্যনিধি দৃষ্টান্ত দ্বারা প্রদর্শিত হইয়াছে। ৪০।

পূর্ব্বাশ্রমসম্পাদিত মহিষীস্নেহ প্রযুক্ত কোন এক সন্ন্যাসীর তত্ত্বজ্ঞান হয় নাই, ইহা লোকে প্রসিদ্ধ আছে। ৪১।

ততো যথাবদুদ্বেবেন প্রতিবন্ধস্য সংক্ষয়াৎ ॥ ৪২ ॥

প্রতিবন্ধো বর্ত্তমানো বিষয়াসক্তিলক্ষণঃ।

প্রজ্ঞামান্দ্যং কুতর্কশ্চ বিপর্য্যয়দুরাগ্রহঃ ॥ ৪৩ ॥

শমাদ্যৈঃ শ্রবণাদ্যৈশ্চ তত্র তত্রোচিতৈঃ ক্ষয়ম্।

নীতেঽস্মিন্ প্রতিবন্ধেঽতঃ স্বস্য ব্রহ্মত্বমশ্নুতে ॥ ৪৪ ॥

আগামিপ্রতিবন্ধশ্চ বামদেবে সমীরিতঃ।

একেন জন্মনা ক্ষীণো ভরতস্য ত্রিজন্মভিঃ ॥ ৪৫ ॥

---

তদীয়ং মহিষীস্নেহম্ অনুসৃত্য তস্যামেব মহিষ্যাং তত্ত্বং তন্মহিষ্যুপাধিকং ব্রহ্ম উক্তবান্ ত সোঽপি মহিষীস্নেহলক্ষণপ্রতিবন্ধকাপগমেন গুরূপদিষ্টং তত্ত্বং যথাবৎ শাস্ত্রোক্তপ্রকারেণ জ্ঞাতবানিত্যর্থঃ ॥ ৪২ ॥

এবমতীতপ্রতিবন্ধং প্রদর্শ্য বর্ত্তমানং তং দর্শয়তি—প্রতিবন্ধ ইতি। বর্ত্তমানঃ প্রতিবন্ধস্তু বিষয়াসক্তিরূপ একঃ, প্রজ্ঞামান্দ্যং বুদ্ধেস্তৈক্ষ্ণ্যাভাবঃ, কুতর্কশ্চ শুষ্কতার্কিকত্বে শ্রুত্যর্থস্যান্যথোহনং, বিপর্য্যয়দুরাগ্রহঃ বিপর্য্যয়ে আত্মনঃ কর্ত্তৃত্বাদিধর্ম্মযুক্তত্বজ্ঞানলক্ষণে দুরাগ্রহো যুক্তিরহিতোঽভিনিবেশঃ। এতেষামন্যতমস্যাপি সত্ত্বে জ্ঞানং নোদেতীত্যর্থঃ ॥ ৪৩ ॥

অস্যাপি প্রতিবন্ধস্য কেন নিবৃত্তিরিত্যাহ—শমাদ্যৈরিতি। শমাদয়ঃ 'শান্তো দান্ত উপরতস্তিতিক্ষুঃ সমাহিতো ভূত্বে'তি শ্রুত্যুক্তাঃ শ্রবণাদয়ঃ 'শ্রোতব্যো মন্তব্যো নিদিধ্যাসিতব্য ইতি শ্রুত্যা অভিহিতা এতৈঃ সাধনৈস্তত্র তত্র তস্য তস্য প্রতিবন্ধস্য নিবর্ত্তনে উচিতৈর্যোগ্যৈরস্মিংস্তস্মিন্ প্রতিবন্ধে ক্ষয়ং নীতে সতি বিনাশিতে সত্যতঃ প্রতিবন্ধাপগমাদেব স্বস্য প্রত্যগাত্মনো ব্রহ্মত্বং প্রাপ্নোতীত্যর্থঃ ॥ ৪৪ ॥

ইদানীং ভাবিপ্রতিবন্ধং দর্শয়তি—আগামিপ্রতিবন্ধশ্চেতি। আগামিপ্রতিবন্ধো জন্মান্তরহেতুঃ প্রারব্ধশেষ ইত্যর্থঃ। তস্য চ ভোগমন্তরেণ নিবৃত্ত্যভাবাৎ তন্নিবৃত্তৌ কালনিয়মো

---

গুরু তাহাকে সেই স্নেহ-অনুসারী বাক্য দ্বারা উপদেশ প্রদর্শন করিলে পশ্চাৎ প্রতিবন্ধপরিক্ষয়ে তাহার তত্ত্বজ্ঞান হইয়াছিল। ৪২।

বর্ত্তমান প্রতিবন্ধ ;—বিষয়ে দৃঢ়তর আসক্তি, বুদ্ধির স্থূলতা, কুতর্ক এবং দেহাদিতে আত্মবুদ্ধির প্রতি একান্ত বিশ্বাস ; তত্তদ্বিষয়ে উপযোগী শমদমাদি ও শ্রবণ-মননাদি দ্বারা সেই প্রতিবন্ধ নিবারিত হইলে অনায়াসে ব্রহ্ম-সাক্ষাৎকার হয়। ৪৩। ৪৪।

ভবিষ্যৎ প্রতিবন্ধ, বামদেবের এক জন্মে ও ভরতের তিন জন্মে ক্ষয়প্রাপ্ত হইয়াছে ( জন্মান্তরের হেতুস্বরূপ প্রারব্ধই ভবিষ্যৎ প্রতিবন্ধ )। ৪৫।

যোগভ্রষ্টস্য গীতায়ামতীতে বহুজন্মনি।
প্রতিবন্ধক্ষয়ঃ প্রোক্তো ন বিচারোঽপ্যনর্থকঃ ॥ ৪৬ ॥
প্রাপ্য পুণ্যকৃতাং লোকানাত্মতত্ত্ববিচারতঃ।
শুচীনাং শ্রীমতাং গেহে যোগভ্রষ্টোঽভিজায়তে ॥ ৪৭ ॥
অথবা যোগিনামেব কুলে ভবতি ধীমতাম্।
নিস্পৃহো ব্রহ্মতত্ত্বস্য বিচারাৎ তদ্ধি দুর্লভম্ ॥ ৪৮ ॥
তত্র তং বুদ্ধিসংযোগং লভতে পৌর্ব্বদেহিকম্।

---

নাস্তীত্যাহ—একেনেতি। স চ একেন জন্মনা ক্ষীণঃ বামদেবস্যেতি শেষঃ। ভরতস্য ত্রিজন্মভিঃ ক্ষীণঃ ইত্যনুষজ্যতে ॥ ৪৫ ॥

নন্বেকেন ত্রিজন্মভিরিতি নিয়তকালত্বং ভবত্যেব উচ্যতে ইত্যাশঙ্ক্যাহ—যোগেতি। যোগভ্রষ্টস্যতত্ত্বসাক্ষাৎকারপর্য্যন্তবিচাররহিতস্য ইত্যর্থঃ। তর্হি তত্ত্ববিচারো নিষ্ফলঃ স্যাদিত্যাশঙ্ক্যাহ,—ন বিচারোঽপ্যনর্থক ইতি। প্রতিবন্ধনিবৃত্ত্যনন্তরমেবাপরোক্ষজ্ঞানলক্ষণফলসম্ভাবাদিতি ভাবঃ ॥ ৪৬ ॥

গীতায়াং প্রতিপাদিতমর্থং দর্শয়তি—প্রাপ্য পুণ্যকৃতামিত্যাদিনা ততো যাতি পরাং গতিমিত্যন্তেন। প্রাপ্যেতি, যোগভ্রষ্ট আত্মতত্ত্ববিচারবলাদেব পুণ্যকৃতাং পুণ্যকারিণাং লোকান্ স্বর্গবিশেষান্ প্রাপ্য তত্র বহুকালং সুখমনুভূয় তদ্ভোগাবসানে সাভিলাষশ্চেদস্মিন্ লোকে শুচীনাং মাতৃতঃ পিতৃতশ্চ শুদ্ধানাং শ্রীমতাং কুলেঽভিজায়তে ॥ ৪৭ ॥

পক্ষান্তরমাহ—অথবেতি। নিস্পৃহঃ স্বয়মতিবিরক্তশ্চেৎ ব্রহ্মতত্ত্ববিচারাদেব ধীমতামাত্মতত্ত্ববিচারবতাং যোগিনাং চিত্তৈকাগ্র্যবতাং কুলে ভবতি জায়তে ইত্যর্থঃ। পূর্ব্বস্মাৎ পক্ষাৎ কোঽতিশয় ইত্যত আহ—তদ্ধি দুর্লভমিতি। হি যস্মাৎ কারণাৎ তদ্যোগিকুলে জন্ম দুর্লভম্ অল্পপুণ্যেনালভ্যমিত্যর্থঃ ॥ ৪৮ ॥

তস্য দুর্লভত্বমুপপাদয়তি—তত্র তমিতি। হি যস্মাৎ কারণাৎ তত্র তস্মিন্ জন্মনি পৌর্ব্ব-

---

যোগভ্রষ্ট পুরুষের বহুজন্ম অভ্যাস দ্বারা প্রতিবন্ধ ক্ষয় হয়, যেহেতু বিচারের ফলও কখন ব্যর্থ হয় না,—ইহা ভগবদ্গীতায় ভগবান্ শ্রীকৃষ্ণ অর্জ্জুনের প্রতি উপদেশ করিয়াছেন। ৪৬।

যোগভ্রষ্ট পুরুষ, আত্মতত্ত্ব-বিচারফলে পুণ্যলোক প্রাপ্ত হইয়া পবিত্র শ্রীমান্ পুরুষদিগের গৃহে জন্মগ্রহণ করেন। ৪৭।

অথবা ব্রহ্মতত্ত্ব বিচারবশতঃ কামনাশূন্য পুরুষ ধীমান্ যোগীদিগের বংশে জন্মগ্রহণ করেন; কিন্তু তাহা অত্যন্ত দুর্লভ, যেহেতু সেই জন্মে পূর্ব্বজন্মা-

যতত্তে চ ততো ভূয়স্তস্মাদেতদ্ধি দুর্লভম্ ॥ ৪৯ ॥
পূর্ব্বাভ্যাসেন তেনৈব হ্রিয়তে হ্যবশোঽপি সঃ।
অনেকজন্মসংসিদ্ধস্ততো যাতি পরাং গতিম্ ॥ ৫০ ॥
ব্রহ্মলোকাভিবাঞ্ছায়াং সম্যক্ সত্যাং নিরুধ্য তাম্।
বিচারয়েৎ য আত্মানং ন তু সাক্ষাৎ করোত্যমুম্ ॥ ৫১ ॥
বেদান্তবিজ্ঞানসুনিশ্চিতার্থা ইতি শাস্ত্রতঃ।
ব্রহ্মলোকে স কল্পান্তে ব্রহ্মণা সহ মুচ্যতে ॥ ৫২ ॥

---

দেহিকং পূর্ব্বদেহভবং তং বুদ্ধিসংযোগং তত্ত্ববিচারগোচরং বুদ্ধিসম্বন্ধং শীঘ্রং লভতে প্রাপ্নোতি, ন কেবলং বুদ্ধিসম্বন্ধমাত্রলাভঃ কিন্তু ততঃ পূর্ব্বস্মাৎ প্রযত্নাৎ ভূয়ো যততে চাধিকং প্রযত্নং করোতি তস্মাদেতজ্জন্ম দুর্লভমিত্যর্থঃ ॥ ৪৯ ॥

ভূয়োঽভ্যাসে কারণমাহ—পূর্ব্বাভ্যাসেনেতি। স যোগভ্রষ্টস্তেন পূর্ব্বাভ্যাসেনৈবাবশোঽপি অস্বাধীনোঽপি হ্রিয়তে আকৃষ্যতে,এবমনেকেষু জন্মসু কৃতেন প্রযত্নেন সংসিদ্ধস্তত্ত্বজ্ঞানসম্পন্নস্ততস্তস্মাৎ তত্ত্বজ্ঞানাৎ পরাং গতিং শান্তিং মুক্তিং যাতি প্রাপ্নোতীত্যর্থঃ ॥ ৫০ ॥

আগামিপ্রতিবন্ধান্তরং দর্শয়তি—ব্রহ্মলোকাভিবাঞ্ছায়ামিতি। ব্রহ্মলোকপ্রাপ্তীচ্ছায়াং দৃঢ়ায়াং সত্যাং তাং নিরুধ্য য আত্মানং বিচারয়েৎ তস্য সাক্ষাৎকারো নৈব জায়ত ইত্যর্থঃ ॥৫১॥

নন্ু তর্হি তস্য কদাপি মুক্তির্ন স্যাৎ ইত্যাশঙ্ক্যাহ—বেদান্তবিজ্ঞানেতি। 'বেদান্তবিজ্ঞানসুনিশ্চিতার্থাঃ সন্ন্যাসযোগাদ্ যতয়ঃ শুদ্ধসত্ত্বাঃ। তে ব্রহ্মলোকে তু পরান্তকালে নরা মৃতাঃ পরিমুচ্যন্তি সর্ব্বে ॥ ব্রহ্মণা সহ তে সর্ব্বে সম্প্রাপ্তে প্রতিসঞ্চরে। পরস্যান্তে কৃতাত্মানঃ প্রবিশন্তি পরং পদম্ ॥' ইত্যাদিশাস্ত্রবশাদ্ ব্রহ্মলোকপ্রাপ্ত্যনন্তরং তত্ত্বং সাক্ষাৎকৃত্য ব্রহ্মণা সহ মুক্তিঃ ভবিষ্যতি ইত্যর্থঃ ॥ ৫২ ॥

---

র্জ্জিত সেই বুদ্ধিসংযোগ লাভ করিলে তাঁহার পুনর্ব্বার সেই ব্রহ্মতত্ত্ব বিচারে অধিকতর যত্ন হয় এবং তিনি নিজের আয়ত্ত না থাকিয়া পূর্ব্বাভ্যস্ত সংস্কারদ্বারা এই প্রকার অনেকজন্মে জ্ঞানফল সিদ্ধ করিয়া পশ্চাৎ মুক্তিলাভ করেন। ৪৮—৫০।

ব্রহ্মলোকাদি প্রাপ্তির ইচ্ছাসত্ত্বেও যে ব্যক্তি, সেই ইচ্ছাকে নিরুদ্ধ করিয়া পরমাত্ম-তত্ত্ব বিচার করেন, তাঁহার পরব্রহ্মসাক্ষাৎকাররূপ অপরোক্ষ জ্ঞান হয় না বটে; কিন্তু বেদান্তবিহিত বিচার দ্বারা পরমার্থ নিশ্চয় করিয়া ব্রহ্মলোকে গমনপূর্ব্বক তথায় কিয়ৎকাল সুখভোগের পর তিনি কল্পান্তে সেই ব্রহ্মার সহিত মুক্ত হন। ৫১।৫২।

কেষাঞ্চিৎ স বিচারোঽপি কর্ম্মণা প্রতিবধ্যতে।
শ্রবণায়াপি বহুভির্যো ন লভ্য ইতি শ্রুতেঃ ॥ ৫৩ ॥
অত্যন্তবুদ্ধিমান্দ্যাদ্ বা সামগ্র্যা বাপ্যসম্ভবাৎ।
যো বিচারং ন লভতে ব্রহ্মোপাসীত সোঽনিশম্ ॥ ৫৪ ॥
নির্গুণব্রহ্মতত্ত্বস্য ন হ্যুপাস্তেরসম্ভবঃ।
সগুণব্রহ্মণীবাত্র প্রত্যয়াবৃত্তিসম্ভবাৎ ॥ ৫৫ ॥
আবাঙ্‌মনসগম্যং তন্নোপাস্যমিতি চেৎ তদা।

---

এবং তত্ত্ববিচারে ক্রিয়মাণে প্রতিবন্ধবশাৎ অত্র সাক্ষাৎকারো ন জায়তে ইত্যাভিধায় তীব্রপাপিনাস্তু সোঽপি বিচারো দুর্লভ ইত্যাহ—কেষাঞ্চিদিতি। তত্র প্রমাণমাহ—শ্রবণায়াপীতি। যঃ পরমাত্মা বহুভিঃ পুরুষৈঃ শ্রবণায় অপি শ্রোতুমপি ন লভ্যঃ দুর্লভ ইত্যর্থঃ ॥ ৫৩ ॥

এতাবতা সতি প্রতিবন্ধে তত্ত্বসাক্ষাৎকারস্তৎসাধনভূতো বিচারশ্চ ন সম্ভবতীত্যভিধায় ইদানীং বিচারাসমর্থেন পুরুষার্থিনা কিং কর্ত্তব্যমিত্যপেক্ষায়াং 'বিচারাক্ষমমর্ত্যাশ্চ তং ব্রহ্মোপাসতে গুরো'রিতি যৎ প্রাক্ প্রতিজ্ঞাতং তদুপপাদয়তি—অত্যন্তেতি। সামগ্র্যসম্ভবো নাম তদুপদেষ্টু র্গুরোরধ্যাত্মশাস্ত্রস্য দেশকালাদের্ব্বা অসম্ভবস্তস্মাদিত্যর্থঃ ॥ ৫৪ ॥

নন্থ নির্গুণব্রহ্মতত্ত্বস্য গুণরহিতত্বাৎ তদুপাসনং ন ঘটত ইত্যাশঙ্ক্য উপাসনস্য প্রত্যয়াবৃত্তিরূপত্বাৎ সগুণব্রহ্মণীব নির্গুণেঽপি তৎ সম্ভবতীত্যাহ—নির্গুণব্রহ্মতত্ত্বস্যেতি ॥ ৫৫ ॥

নন্থ নির্গুণস্য ব্রহ্মণোঽবাঙ্‌মনসগোচরত্বাভাবায়োপাস্যত্বমিত্যাশঙ্ক্য বেদনপক্ষেঽপ্যয়ং দোষঃ সমান ইত্যাহ—অবাঙ্‌মনসগম্যমিতি ॥ ৫৬ ॥

---

কাহারও কাহারও ভাগ্যে সেই পূর্ব্বোক্ত বেদান্তবিহিত তত্ত্ববিচার তীব্র-প্রারব্ধবশতঃ প্রতিরুদ্ধ হয়, শ্রুতিতে আছে—পরমাত্মতত্ত্ব শ্রবণ করিতেও অনেকে অসমর্থ হয়, আর শ্রবণ করিলেও অনেকের বোধগম্য হয় না। ৫৩।

কিন্তু বুদ্ধিমান্দ্য প্রযুক্তই হউক বা চিত্তশুদ্ধির অভাববশতই হউক, যে ব্যক্তি সেই বিচারে অসমর্থ হয়, তাহার নিরন্তর পরোক্ষরূপে পরব্রহ্মের উপাসনা করা অতি-কর্ত্তব্য। ৫৪।

নির্গুণ পরব্রহ্মতত্ত্বের পরোক্ষরূপে উপাসনা করা অসম্ভব নহে,যেমন সগুণ উপসনাতে অন্তঃকরণবৃত্তিপ্রবাহ হইয়া থাকে, তদ্রূপ ইহাতেও প্রত্যয়াবৃত্তি সম্ভব। ৫৫।

অবাঙ্মনসগম্যস্য বেদনঞ্চ ন সম্ভবেৎ ॥ ৫৬ ॥

বাগাদ্যগোচরাকারমিত্যেবং যদি বেত্ত্যসৌ।
বাগাদ্যগোচরাকারমিত্যুপাসীত নো কুতঃ ॥ ৫৭ ॥

সগুণত্বমুপাস্যত্বাদ্ যদি বেদ্যত্বতোঽপি তৎ।
বেদ্যঞ্চেল্লক্ষণাবৃত্ত্যা লক্ষিতং সমুপাস্যতাম্ ॥ ৫৮ ॥

ব্রহ্ম বিদ্ধি তদেব ত্বং ন ত্বিদং যদুপাসতে।
ইতি শ্রুতেরুপাস্যত্বং নিষিদ্ধং ব্রহ্মণো যদি ॥ ৫৯ ॥

---

ননু ব্রহ্মাবাঙ্মনসগোচরমিত্যেবং জ্ঞাতুং শক্যমিত্যাশঙ্ক্য এবমেব উপাসিতুমপি শক্যমিত্যাহ—বাগাদ্যগোচরাকারমিত্যেবমিতি ॥ ৫৭ ॥

ব্রহ্মণ উপাস্যত্বে সগুণত্বং প্রসজ্যেতেত্যাশঙ্ক্য বেদ্যত্বেঽপি তৎ সগুণত্বং স্যাদিত্যাহ—সগুণত্বমিতি। তৎ সগুণত্বমিত্যর্থঃ। ননু লক্ষণাবৃত্ত্যাশ্রয়ণান্ন বেদ্যত্বে সগুণত্বপ্রসঙ্গ ইত্যাশঙ্ক্য উপাসনমপি তথৈব ক্রিয়তামিত্যাহ—বেদ্যঞ্চেদিতি ॥ ৫৮ ॥

ননু ব্রহ্মণ উপাস্যত্বং শ্রুত্যা নিষিধ্যত ইতি শঙ্কতে—ব্রহ্মবিদ্ধীতি। 'যন্মনসা ন মনুতে যেনাহুর্মনো মতং তদেব ব্রহ্ম ত্বং বিদ্ধি নেদং যদিদমুপাসত' ইতি শ্রুতিরুপাস্যস্য ব্রহ্মত্বনিষেধয়তীত্যর্থঃ। ত্বং যদবাঙ্মনসগম্যং তদেব ব্রহ্ম বিদ্ধি, ইদমিতি যৎ তুপাসতে পুরুষাস্তৎ বিদ্ধীতি যোজনা ॥ ৫৯ ॥

---

যাঁহার আকার বাক্যমনের অগোচর, তাঁহার উপাসনা কি প্রকারে হয়? এ কথা যদি বল, তবে বাক্যমনের অগোচর, সেই পরব্রহ্ম বিষয়ে জ্ঞানও অসম্ভব। ৫৬।

যদি বাক্যমনের অগোচররূপে তাঁহাকে জানিতে সমর্থ হইলে, তবে তদ্রূপ তাঁহার পরোক্ষ উপাসনা করিতে স্বীকার কেন না কর? ৫৭।

যদি বল, তাঁহার উপাস্যত্বও স্বীকার করিলে সগুণত্বও স্বীকার করিতে হয়, তাহার উত্তর এই যে,—তাঁহার জ্ঞেয়ত্ব পক্ষেই বা কিরূপে তাহা অস্বীকার কর, অতএব লক্ষণাদ্বারা লক্ষিত করিয়া তাঁহাকে পরোক্ষভাবে উপাসনা কর। ৫৮।

"যিনি বাক্যমনের অগোচর; তাঁহাকেই তুমি ব্রহ্ম বলিয়া জান, লোকে যাহা উপাসনা করে, তাহা ব্রহ্ম নহে," এই শ্রুতি দেখিয়া পরব্রহ্মের উপাসনা নিষিদ্ধ হইয়াছে। ইহা যদি স্বীকার কর, তবে "তিনি বিদিত ও অবিদিত

বিদিতাদন্যদেবেতি শ্রুতের্বেদ্যত্বমপ্যন।
যথা শ্রুত্যৈব বেদ্যং চেৎ তথা শ্রুত্যাপ্যুপাস্যতাম্॥ ৬০ ॥
অবাস্তবী বেদ্যতা চেদুপাস্যত্বং তথা ন কিম্।
বৃত্তিব্যাপ্তির্বেদ্যতা চেদুপাস্যত্বেঽপি তৎ সমম্॥ ৬১ ॥
কা তে ভক্তিরুপাস্তৌ চেৎ কস্তে দ্বেষস্তদীরয়।
মানাভাবো ন বাচ্যোঽস্যাং বহুশ্রুতিষু দর্শনাৎ॥ ৬২ ॥

---

উপাস্যত্ববৎ বেদ্যত্বস্যাপি নিষেধঃ সমান ইত্যাহ—বিদিতাদন্যদেবেত্যীতি, অন্যদেব তদ্ বিদিতাদথো অবিদিতাদধীতি ব্রহ্মণো বেদ্যত্বমপি নিবারয়তীত্যর্থঃ। বিদিতাদ্‌জ্ঞাতাদিত্যর্থঃ। অবিদিতাদজ্ঞাতাদিত্যর্থঃ। "বিদিতাবিদিতাভ্যামন্যং ব্রহ্মে"তি শ্রুতিঃ প্রতিপাদয়তি ইতি চেৎ তর্হি তথৈব তজ্জানীয়াদিত্যাশঙ্ক্য উপাসনেঽপ্যেতৎ সমানমিত্যাহ—যথা শ্রুত্যৈব বেদ্যং তদিতি॥ ৬০ ॥

নন্বু বেদ্যত্বং ব্রহ্মণো বাস্তবং ন ভবতীত্যাশঙ্ক্য উপাস্যত্বমপি তথেত্যাহ—অবাস্তবী বেদ্যতা চেদিতি। নন্বু বেদনপক্ষে বৃত্তের্ব্রহ্মাকারত্বম্ অস্তি নোপাসনে ইত্যাশঙ্ক্য শব্দবলাৎ তদাকারত্বমুভয়ত্র সমানম্ ইত্যাহ—বৃত্তিব্যাপ্তিরিতি॥ ৬১ ॥

যুক্তশূন্য উপাসনস্য তৎপক্ষেঽপি সমান ইত্যাহ—কা তে ভক্তিরিতি। নন্বু নির্গুণোপাসনে প্রমাণং নাস্তি ইত্যাশঙ্ক্যানেকাসু শ্রুতিষূপলভ্যমানত্বাৎ মৈবমিত্যাহ—মানাভাব ইতি॥ ৬২ ॥

---

হইতে ভিন্ন" এই শ্রুতি দেখিয়া তদ্বিষয় জ্ঞানও অস্বীকার করিতে হয়। কারণ পূর্ব্ববৎ শ্রুতিতে যেমন তাঁহার উপাস্যত্ব নিষিদ্ধ হইয়াছে বলিতেছ, তদ্রূপ এই শ্রুতিতে তাঁহার বেদ্যত্বেরও নিষেধ হইয়াছে। ৫১।৬০।

যদি বল, আবাস্তব বেদ্যত্বই স্বীকার করি, তবে আমরাও বলি—অবাস্তব উপাস্যত্ব তাঁহাতে নাই কেন? যদি বল, অন্তঃকরণের ব্রহ্মস্বরূপা বেদ্যতা, যেহেতু তাহা অসম্ভব নহে, তবে আমরাও বলি, উপাস্যতাও অন্তঃকরণ বৃত্তি, তাহাই বা অসম্ভব হইবে কেন? যদি স্বরূপতঃ তাঁহার অবেদ্যত্বই স্বীকার, তবে তাঁহার অনুপাস্যত্ব কেন না স্বীকার করিবে—যেহেতু বেদ্যত্ব ও উপাস্যত্ব উভয়ই অন্তঃকরণবৃত্তির ব্যাপ্যরূপে সমান হইয়াছে। ৬১।

যদি বল, উপাসনাতে তোমার এত ভক্তি হইয়াছে কেন? তবে আমিও বলি—তাহাতে তোমার এত দ্বেষ কেন হইল, তাহা বল। ৬২।

উত্তরস্মিংস্তাপনীয়ে শৈব্যপ্রশ্নেঽথ কাঠকে।
মাণ্ডুক্যাদৌ চ সর্ব্বত্র নির্গুণোপাস্তিরীরিতা॥ ৬৩॥
অনুষ্ঠানপ্রকারোঽস্যাঃ পঞ্চীকরণ ঈরিতঃ।
জ্ঞানসাধনমেতচ্চেৎ নেতি কেনাত্র বারিতম্॥ ৬৪॥
নানুতিষ্ঠতি কোঽপ্যেতদিতি চেন্নানুতিষ্ঠতু।
পুরুষস্যাপরাধেন কিমুপাস্তিঃ প্রদুষ্যতি॥ ৬৫॥
ইতোঽপ্যতিশয়ং মত্বা মন্ত্রান্ বশ্যাদিকারিণঃ।

---

বহুশ্রুতিষু দর্শনাদিত্যুক্তমর্থং বিবৃণোতি—উত্তরস্মিন্নিতি। তাপনীয়োপনিষদি তাবদে হ—বৈ প্রজাপতিমক্রুবন্নণোরণীয়াংসমিমম্ আনমোঙ্কারং নো ব্যাচক্ষ' ইত্যাদিনা বহুধা নির্গুণোপাসনমভিধীয়তে, শৈব্যপ্রশ্নে প্রশ্নোপনিষদি পঞ্চমপ্রশ্নে 'যঃ পুনরেতং ত্রিমাত্রেণোমিত্যেতেনৈবাক্ষরেণ পরং পুরুষমভিধ্যায়ীতে'তি, কাঠকে কঠবল্ল্যাং 'সর্ব্বে বেদা যৎ পদমামনন্তি' ইত্যুপক্রম্য 'এতদ্ধ্যেবাক্ষরং ব্রহ্ম এতদালম্বনং শ্রেষ্ঠ' মিত্যাদিনা প্রণবোপাসনমুচ্যতে; মাণ্ডুক্যোপনিষদি 'ওমিত্যেতদক্ষরমিদং সর্ব্ব' মিত্যাদিনা অবস্থাত্রয়াতীততুরীয়োপাসনমেবাভিধীয়ত ইত্যর্থঃ। আদিশব্দেন তৈত্তিরীয়মুণ্ডকাদয়ো গৃহ্যন্তে॥ ৬৩॥

নমু নির্গুণোপাসনং কথমনুষ্ঠেয়মিত্যত আহ—অনুষ্ঠানপ্রকারোঽস্যা ইতি। নম্বেতদুপাসনং জ্ঞানসাধনমেব ন মুক্তিসাধনমিত্যাশঙ্ক্য ব্রহ্মতত্ত্বোপাস্ত্যাপি মুচ্যত ইতি বদতামস্মাকমনুকূলমিত্যাহ—জ্ঞানসাধনমিতি॥ ৬৪॥

নমু সগুণোপাসনমেব সর্ব্বৈরনুষ্ঠীয়তে ন নির্গুণোপাসনম্ ইত্যাশঙ্ক্য তস্য প্রমাণসিদ্ধস্যাপলাপো ন যুক্ত ইত্যাহ—নানুতিষ্ঠতীতি॥ ৬৫॥

---

পরব্রহ্মের উপাসনাতে প্রমাণের অভাবও বলিতে পার না, যেহেতু উত্তরতাপনীয় উপনিষদে, প্রশ্নোপনিষদে, কঠোপনিষদে ও মাণ্ডুক্য উপনিষদাদি বহু শ্রুতিতেই নির্গুণ উপাসনার কথা আছে, এবং তাহার অনুষ্ঠানপ্রকার পঞ্চীকরণপ্রসঙ্গে উক্ত হইয়াছে। যদি তাহাতে জ্ঞানসাধন বলিয়া স্বীকার কর, তাহাতে আমি প্রতিবাদী নহি। ৬৩।৬৪।

যদি বল, পরব্রহ্মের উপাসনা কেহ অনুষ্ঠান করে নাই, তাহার উত্তর এই যে,—অনুষ্ঠান যদি কেহ না করে, তাহা সেই অননুষ্ঠাতার দোষ, উপাসনার কোন দোষ হইতে পারে না। ৬৫।

মূঢ়া জপন্তু তেভ্যোঽতিমূঢ়াঃ কৃষিমুপাসতাম্ ॥ ৬৬ ॥
তিষ্ঠন্তু মূঢ়াঃ প্রকৃতা নির্গুণোপাস্তিরীর্য্যতে।
বিদ্যৈক্যাৎ সর্ব্বশাখাস্থান্ গুণানত্রোপসংহরেৎ ॥ ৬৭ ॥
আনন্দাদের্বিধেয়স্য গুণসঙ্ঘস্য সংহৃতিঃ।
আনন্দাদয় ইত্যস্মিন্ সূত্রে ব্যাসেন বর্ণিতা ॥ ৬৮ ॥
অস্থূলাদের্নিষেধ্যস্য গুণসঙ্ঘস্য সংহৃতিঃ।

---

প্রমাণলক্ষস্যানুষ্ঠানাভাবেনাপরিত্যাজ্যত্বে দৃষ্টান্তমাহ—ইতোঽপ্যতিশয়মিতি। অয়মভিপ্রায়ঃ,—যথা সগুণোপাসনেভ্যঃ কালান্তরভাবিফলেভ্যো বশ্যাদিকারিমন্ত্রেষু ঐহিকফলপ্রদাতৃত্বম্ অতিশয়ং বুদ্ধা মূঢ়ানাং তন্মন্ত্রজপাদৌ প্রবৃত্তাবপি বিবেকিভিঃ সগুণোপাসনং ন পরিত্যজ্যতে যথা বা নিয়মানুষ্ঠানাপেক্ষেভ্যস্তেভ্যোঽপি মন্ত্রেভ্যঃ কৃষ্যাদাবতিশয়ং নিয়মনৈরপেক্ষ্যং মত্বা মূঢ়তরাণাং তত্র প্রবৃত্তাবপি ন তন্মন্ত্রানুষ্ঠানং ত্যজ্যতে, তথা সাংসারিকফলেপ্সূনাং নির্গুণোপাসনানুষ্ঠানাভাবেঽপি ন মুমুক্ষুভির্নির্গুণোপাসনং ত্যজ্যত ইতি ॥ ৬৬ ॥

এবং প্রাসঙ্গিকং পরিসমাপ্য প্রকৃতমনুসরতি—তিষ্ঠন্তু মূঢ়া ইতি। সর্ব্ববেদান্তপ্রত্যয়ঞ্চোদনাদ্যবিশেষাদিত্যুক্তন্যায়েন নির্গুণোপাসনস্যৈকত্বাৎ তাসু তাসু শাখাসু শ্রুতানুপাস্যগুণানেকত্রোপসংহৃত্য উপাসনং কর্ত্তব্যমিত্যাহ—বিদ্যৈক্যাদিতি ॥ ৬৭ ॥

তে চ গুণাঃ দ্বিপ্রকারাঃ—বিধেয়া নিষিদ্ধাশ্চেতি। তত্র 'আনন্দো ব্রহ্ম বিজ্ঞানমানন্দং ব্রহ্ম নিত্যঃ শুদ্ধো বুদ্ধঃ সত্যো মুক্তো নিরঞ্জনো বিভুরদ্বয় আনন্দঃ পরঃ প্রত্যগেকরস, ইত্যাদয়ো যে বিধেয়গুণাঃ তেষামুপসংহারঃ 'আনন্দাদয়ঃ প্রধানস্যে'ত্যস্মিন্নধিকরণেঽভিহিত ইত্যাহ—আনন্দাদেরিতি ॥ ৬৮ ॥

যে চ অস্থূলমনণ্বহ্রস্বং যৎ তদদৃশ্যমগ্রাহ্যম্ অশব্দমস্পর্শমরূপমব্যয়মিত্যাদয়ো নিষেধ্যা

---

উপাসনা হইতে অধিক ফলপ্রদ জানিয়া মূঢ় ব্যক্তিরা বশীকরণাদি জপ করুক, আর তদপেক্ষা অতি-মূঢ় ব্যক্তিরা কৃষ্যাদি কার্য্যই করুক (তাহাতে উপাসনার কোন দোষ হইতে পারে না)। ৬৬।

মূঢ়দিগের কথা থাক, এইক্ষণে উপক্রান্ত নির্গুণ-উপাসনা কথিত হইতেছে। নির্গুণ-উপাসনা এক প্রকার মাত্র; এইজন্য বেদের সর্ব্ব-শাখা-প্রসিদ্ধ গুণ সকল এই উপাস্য পরব্রহ্মে উপসংহৃত করিবে। বেদব্যাস 'আনন্দাদয়ঃ' ইত্যাদি সূত্রে বিধেয়-বিশেষণ আনন্দ প্রভৃতি গুণসমূহের ব্রহ্মে উপসংহার কীর্ত্তন করিয়াছেন। ৬৭।৬৮।

অস্থূল ও অনণু প্রভৃতি বোধক শ্রুতিতে অস্থূলাদি নিষিদ্ধ গুণ সকলও

তথা ব্যাসেন সূত্রেঽস্মিন্নুক্তাক্ষরধিয়াস্থিতি ॥ ৬৯ ॥
নির্গুণব্রহ্মতত্ত্বস্য বিদ্যায়াং গুণসংহৃতিঃ।
ন যুজ্যেতেত্যুপালম্ভো ব্যাসং প্রত্যেব মাং ন তু ॥ ৭০ ॥
হিরণ্যশ্মশ্রুসূর্য্যাদিমূর্ত্তীনামনুদাহৃতেঃ।
অবিরুদ্ধং নির্গুণত্বমিতি চেৎ তুষ্যতাং ত্বয়া ॥ ৭১ ॥
গুণানাং লক্ষকত্বেন ন তত্ত্বেঽন্তঃপ্রবেশনম্।
ইতি চেদস্ত্বেবমেব ব্রহ্মতত্ত্বমুপাস্যতাম্ ॥ ৭২ ॥

---

গুণানাং শ্রুত্যন্তরেষামুপসংহারঃ 'অক্ষরধিয়াং ত্ববরোধঃ সামান্যতদ্ভাবাভ্যামৌপসদনবৎ তদুক্তমিত্যস্মিন্নধিকরণেঽভিহিত ইত্যাহ—অস্থূলাদেরিতি ॥ ৬৯ ॥

নহু নির্গুণব্রহ্মবিদ্যায়াং ন গুণোপসংহার এব যুজ্যতে নির্গুণবিদ্যাত্ববিরোধাদিত্যাশঙ্ক্য সূত্রকারেণৈবাভিহিতস্য উপসংহারস্যাস্মাভিরপ্যধীয়মানত্বাদস্মান্ প্রতীদং চোদ্যমুচিতমিত্যাহ—নির্গুণব্রহ্মতত্ত্বস্যেতি ॥ ৭০ ॥

হিরণ্যশ্মশ্রুত্বাদিগুণবিশিষ্টমূর্ত্তীনামনভিধানাদিদং নির্গুণোপাসনমেবেতি চেৎ তর্হি ন বিরোধ ইত্যাহ—হিরণ্যশ্মশ্রুসূর্য্যাদীতি। হিরণ্যশ্মশ্রুসূর্য্যাদিমূর্ত্তীনাং হিরণ্যময়ানি শ্মশ্রূণি যস্যাসৌ হিরণ্যশ্মশ্রুস্তথাবিধঃ সূর্য্যো হিরণ্যশ্মশ্রুসূর্য্যঃ স আদির্যেষাং তে হিরণ্যশ্মশ্রুসূর্য্যাদয়ঃ তেষাং মূর্ত্তয়ো হিরণ্যশ্মশ্রুসূর্য্যাদিমূর্ত্তয়স্তাসামিতি বিগ্রহঃ ॥ ৭১ ॥

সত্যানন্দাদীনাম্ অস্থূলাদীনাঞ্চ গুণানামুপাস্যতত্ত্বে অন্তঃপ্রবেশাভাবাৎ তদ্গুণবিশিষ্টত্বেন

---

'অক্ষরধিয়াম্' ইত্যাদি সূত্রে উপাস্য ব্রহ্মে ব্যাসদেব কর্ত্তৃক উপসংহৃত হইয়াছে। এইরূপ নির্গুণব্রহ্মতত্ত্ব-উপাসনে গুণোপসংহার করা অযুক্ত, এই বলিয়া বেদব্যাসকে তিরস্কার করিতে পার, আমাকে তিরস্কার করিতে পার না। ৬৯।৭০।

যদি বল, এস্থলে হিরণ্যশ্মশ্রু সূর্য্য প্রভৃতি মূর্ত্তি উদাহৃত না হওয়াতে ব্যাসসূত্রে বর্ণিত গুণোপসংহারের সহিত নির্গুণত্বের বিরোধ থাকিল না; তাহাতে আমরা বলি,—তবে তুমি তাহাতেই সন্তুষ্ট থাক। অর্থাৎ আমরাও হিরণ্যশ্মশ্রু ইত্যাদি মূর্ত্তির উল্লেখ করি নাই, আমাদের নির্গুণোপাসনাতেই বা বিরোধ কি আছে? ৭১।

যদি বল;—বিধেয় বা নিষেধ্য গুণসমূহ লক্ষকমাত্র, তাহা ব্রহ্মতত্ত্বে অন্তঃপ্রবিষ্ট হইবার নহে; তদুত্তরে আমরা বলি,—গুণসমূহ ব্রহ্মতত্ত্বে নিবিষ্ট

আনন্দাদিভিরস্থূলাদিভিশ্চাত্মাত্র লক্ষিতঃ।
অখণ্ডৈকরসঃ সোঽহমস্মীত্যেবমুপাসতে ॥ ৭৩ ॥
বোধোপাস্ত্যোর্বিশেষঃ ক ইতি চেদুচ্যতে শৃণু।
বস্তুতন্ত্রো ভবেদ্বোধঃ কর্তৃতন্ত্রমুপাসনম্ ॥ ৭৪ ॥
বিচারাজ্জায়তে বোধোঽনিচ্ছা যং ন নিবর্ত্তয়েৎ।
স্বোৎপত্তিমাত্রাৎ সংসারে দহত্যখিলসত্যতাম্ ॥ ৭৫ ॥
তাবতা কৃতকৃত্যঃ সন্নিত্যতৃপ্তিমুপাগতঃ।

---

কথমুপাস্যত্বমিত্যাশঙ্ক্য তেষাং তত্রান্তঃপ্রবেশাভাবেঽপি তেষাং লক্ষকত্বসম্ভবাৎ তৈর্লক্ষিতং ব্রহ্মোপাস্যমিত্যাহ,—গুণানামিতি ॥ ৭২ ॥

তদেবোপাসনপ্রকারমেব দর্শয়তি—আনন্দাদিভিরিতি। অত্রাসু শ্রুতিষু যোঽখণ্ডৈকরস আত্মানন্দাদিভিরস্থূলাদিভিশ্চ গুণৈর্লক্ষিতঃ সোঽহমস্মীত্যেবমুপাসতে মুমুক্ষব ইতি শেষঃ ॥ ৭৩ ॥

নন্বেবং সতি বিদ্যোপাসনয়োঃ কুতো ভেদ ইত্যাশঙ্ক্য বস্তুতন্ত্রকর্তৃতন্ত্রত্বাভ্যাং ভেদ ইত্যাহ—বোধোপাস্ত্যোরিতি ॥ ৭৪ ॥

বৈলক্ষণ্যান্তরসিদ্ধয়ে বোধস্য হেত্বাদিকং দর্শয়তি—বিচারাজ্জায়তে ইত্যাদিনা শ্লোকদ্বয়েন। বিচারাদিতি—বিচারাদ্ বস্তুতত্ত্ববিচারাদ্ বোধো জায়তে, কিঞ্চ বিচারাজ্জায়মানং যং বোধমনিচ্ছা বোধো মা ভূদিত্যেবংরূপা ন নিবর্ত্তয়েৎ ন নিবারয়েৎ উৎপদ্যমানশ্চ বোধঃ স্বজন্মমাত্রাৎ সংসারেঽখিলস্য প্রপঞ্চস্য সত্যতাং দহতি নাশয়তি ॥ ৭৫ ॥

---

না হউক; লক্ষণ দ্বারা লক্ষিত সদ্ব্রহ্মতত্ত্বের উপাসনা করায় বাধা আছে। ৭২।

এস্থলে আনন্দ প্রভৃতি ও অস্থূল প্রভৃতি গুণ দ্বারা যে আত্মা লক্ষিত হন, তিনিই অখণ্ডৈকরসস্বরূপ পরমাত্মা। 'আমিই সেই আত্মা' এইরূপে তাঁহার উপাসনা করা যায়। ৭৩।

যদি বল, জ্ঞান এবং উপাসনা বিষয়ে বিভিন্নতা কি? তবে বলি শুন, জ্ঞান বস্তুর অধীন, আর উপাসনা পুরুষেচ্ছার আয়ত্ত। ৭৪।

বিচার হইতে জ্ঞান উৎপন্ন হয়, কিন্তু তাহা একবার দৃঢ়তর হইলে তদ্বিষয়ে ইচ্ছা না থাকিলেও তাহা আর নিবারিত হইবার নহে। তাহা উৎপন্ন হইলেই সমস্ত সাংসারিক অনিত্য বস্তুতে সত্যত্ব ভ্রম নষ্ট হয়; তাহাতেই

জীবন্মুক্তিমনুপ্রাপ্য প্রারব্ধক্ষয়মীক্ষতে ॥ ৭৬ ॥
আপ্তোপদেশং বিশ্বস্য শ্রদ্ধালুরবিচারয়ন্।
চিন্তয়েৎ প্রত্যয়ৈরন্যৈরনন্তরিতবৃত্তিভিঃ ॥ ৭৭ ॥
যাবচ্চিন্ত্যস্বরূপত্বাভিমানঃ স্বস্য জায়তে।
তাবদ্বিচিন্ত্য পশ্চাচ্চ তথৈবামৃতি ধারয়েৎ ॥ ৭৮ ॥
ব্রহ্মচারী ভিক্ষমাণো যুতঃ সংবর্গবিদ্যয়া।
সংবর্গরূপতাং চিত্তে ধারয়িত্বা হ্যভিক্ষত ॥ ৭৯ ॥
পুরুষস্বেচ্ছয়া কর্ত্তুমকর্ত্তুং কর্ত্তুমন্যথা।

---

তাবতেতি। তাবতা তত্ত্বজ্ঞানোৎপত্তিমাত্রেণ নিরতিশয়ং সুখং প্রাপ্নোতীত্যর্থঃ ॥ ৭৬ ॥

উপাসনায়াশ্চ বোধাদ্ বৈলক্ষণ্যান্তরসিদ্ধয়ে তদ্ দর্শয়তি আপ্তোপদেশমিতি। আপ্তস্য গুরোরুপদেশমুপাস্যস্বরূপপ্রতিপাদকবাক্যজাতং বিশ্বস্য বিশ্বাসং কৃত্বা অবিচারয়ন্ উপাস্যতত্ত্বং প্রত্যয়ৈঃ স্তৈর্বজাতীয়ঘটাদিবিষয়ৈরনন্তরিতবৃত্তিভিরব্যবহিতবৃত্তিভিশ্চিন্তয়েদিতি ॥ ৭৭ ॥

কিয়ন্তং কালং চিন্তয়েদিত্যাশঙ্ক্যাহ—যাবদিতি ॥ ৭৮ ॥

উপাসকস্য তদ্রূপতাভিমানমুদাহরণপ্রদর্শনেন স্পষ্টীকরোতি—ব্রহ্মচারীতি। কশ্চিৎ সংবর্গতত্ত্বগুণবিশিষ্টঃ প্রাণোপাসকো ব্রহ্মচারী ভিক্ষাহরণার্থমাগত্য অভিপ্রতারিনামো রাজ্ঞঃ পুরতো 'মহাত্মনশ্চতুরো দেব একঃ কঃ স জগার ভুবনস্য গোপাস্তং কাপেয় নাভিপশ্যন্তি মর্ত্ত্যা অভিপ্রতারিন্ বহুধা বসন্তম্' ইতি মন্ত্রেণ স্বাত্মনঃ সংসর্গস্বরূপত্বং চিত্তে ধৃতং প্রকটীকৃতবানিতি ছান্দোগ্যে শ্রূয়ত ইত্যর্থঃ ॥ ৭৯ ॥

আমৃতি ধারণে নিমিত্তং দর্শয়ন্নিচ্ছা যং ন নিবর্ত্তয়েদিত্যুক্তাদ্বোধধর্ম্মাদ্বৈলক্ষণ্যমাহ

---

সাধক কৃতকৃত্য হইয়া পরম তৃপ্তি লাভ করেন এবং জীবন্মুক্ত হইয়া প্রারব্ধ-ক্ষয় পর্য্যন্ত অপেক্ষা করেন। ৭৫,৭৬।

গুরূপদিষ্ট বস্তুর প্রতি বিশ্বাস করিয়া শ্রদ্ধালুব্যক্তি বিনা বিচারে ঘটাদি-বিষয়ক অন্তঃকরণবৃত্তিপ্রবাহে উপাস্য চিন্তা করিবে; যে পর্য্যন্ত চিন্ত্যবস্তু পরব্রহ্মের সহিত আপনার অভেদ জ্ঞান না হয়, ততক্ষণ পর্য্যন্ত চিন্তা করিয়া পরে যে পর্য্যন্ত তাহার ধ্বংস না হয়, সে পর্য্যন্ত ধারণা অর্থাৎ দীর্ঘধ্যান করিবে। ৭৭।৭৮।

সম্বর্গ-বিদ্যাযুক্ত অর্থাৎ প্রাণোপাসক ভিক্ষার্থী ব্রহ্মচারী অন্তরে আপনাকে প্রাণস্বরূপ ধারণা করিয়াই ভিক্ষা করিয়াছিলেন। এ ঘটনা শ্রুতিতে বর্ণিত

শক্যোপাস্তিরতো নিত্যং কুর্য্যাৎ প্রত্যয়সন্ততিম্ ॥ ৮০ ॥
বেদাধ্যায়ী হ্যপ্রমত্তোঽধীতে স্বপ্নেঽধিবাসতঃ।
জপিতা তু জপত্যেব তথা ধ্যাতাপি বাসয়েৎ ॥ ৮১ ॥
বিরোধিপ্রত্যয়ং ত্যক্ত্বা নৈরন্তর্য্যেণ ভাবয়ন্।
লভতে বাসনাবেশাৎ স্বপ্নাদাবপি ভাবনাম্ ॥ ৮২ ॥
ভুঞ্জানোঽপি নিজারব্ধমাস্থাতিশয়তোঽনিশম্।
ধ্যাতুং শক্তো ন সন্দেহো বিষয়ব্যসনী যথা ॥ ৮৩ ॥
পরব্যসনিনী নারী ব্যগ্রাপি গৃহকর্ম্মণি।
তদেবাস্বাদয়ত্যন্তঃ পরসঙ্গরসায়নম্ ॥ ৮৪ ॥

—পুরুষস্বেচ্ছয়া কর্তুমিতি। উপাস্তিঃ পুরুষস্যোপাসকস্যেচ্ছয়া কর্তুমকর্তুমন্যথা বা প্রকারান্তরেণ বা কর্তুং শক্যা অতঃ পুরুষস্বেচ্ছাধীনত্বাদুপাসনং সদা কুর্য্যাদিত্যর্থঃ ॥ ৮০ ॥

এবং সতি সদা চিন্তনে কিং ভবতীত্যত আহ—বেদাধ্যায়ীতি। অপ্রমত্তো বেদাধ্যায়ী সদাধ্যয়নশীলঃ জপিতা সদা জপশীলোঽধিবাসতঃ দৃঢ়বাসনয়া স্বপ্নাদিষ্বপ্যধ্যয়নং জপং বা করোতি এবমুপাসকোঽপি বাসনাদার্ঢ্যাৎ স্বপ্নাদাবপি ধ্যায়তীত্যর্থঃ ॥ ৮১ ॥

স্বপ্নাদাবপি ধ্যানানুবর্ত্তনে কারণমাহ—বিরোধীতি। বাসনাবেশাৎ সংস্কারপাটবাৎ ভাবনাং ধ্যানম্ ॥ ৮২ ॥

ননু প্রারব্ধকর্ম্মবশাদ্বিষয়াননুভবতঃ কথং নৈরন্তর্য্যেণ ভাবনাসিদ্ধিরিত্যাহ আস্থাতিশয়ে সতি বিষয়ব্যসনিবদ্ভাবনাসিদ্ধিঃ স্যাদিত্যাহ—ভুঞ্জানোঽপীতি ॥ ৮৩ ॥

দৃষ্টান্তং বিবৃণোতি—পরব্যসনিনীতি ॥ ৮৪ ॥

আছে; কিন্তু এই সকল উপাসনা করা, না করা বা অন্যথা করাতে পুরুষের ইচ্ছাই অসাধারণ কারণ, অতএব সর্ব্বদা উপাসনা করিবে। ৭৯।৮০।

যেমন অপ্রমত্ত বেদাধ্যায়ী ব্যক্তি নিরন্তর অভ্যাসের সংস্কারবশতঃ স্বপ্নেও অধ্যয়ন করে, অথবা জাপক ব্যক্তি বাসনাবশতঃ জপ করে, তদ্রূপ উপাসকও অভ্যাসবশতঃ স্বপ্নেও ধ্যান করেন। কেননা বিরোধিজ্ঞান সকল পরিত্যাগ করিয়া নিরন্তর ভাবনা করিলে, সেই বাসনাধীন ভাবনা, স্বপ্নে হইয়া থাকে। ৮১।৮২।

স্বীয় প্রারব্ধ কর্ম্ম ভোগ করিবার কালেও বিশ্বাসের প্রাবল্যবশতঃ বিষয়াসক্ত পুরুষের বিষয়-চিন্তার ন্যায় উপাস্যকে নিরন্তর ধ্যান করিতে সামর্থ্য হয়, তদ্বিষয়ে কোন সন্দেহ নাই। পরপুরুষসঙ্গাভিলাষিণী নারী স্বীয় গৃহকর্ম্মে

পরসঙ্গং স্বাদয়ন্ত্যা অপি নো গৃহকর্ম্ম তৎ।
কুণ্ঠীভবেদপি হেতদাপাতেনৈব বর্ত্ততে ॥ ৮৫ ॥
গৃহকৃত্যব্যসনিনী যথা সম্যক্ করোতি তৎ।
পরব্যসনিনী তদ্বৎ ন করোত্যেব সর্ব্বথা ॥ ৮৬ ॥
এবং ধ্যানৈকনিষ্ঠোঽপি লেশাল্লৌকিকমারভেৎ।
তত্ত্ববিত্ত্ববিরোধিত্বাল্লৌকিকং সম্যগাচরেৎ ॥ ৮৭ ॥
মায়াময়ঃ প্রপঞ্চোঽয়মাত্মা চৈতন্যরূপধৃক্।
ইতি বোধে বিরোধঃ কো লৌকিকব্যবহারিণঃ ॥ ৮৮ ॥
অপেক্ষতে ব্যবহৃতির্ন প্রপঞ্চস্য বস্তুতাম্।
নাপ্যাত্মজাড্যং কিন্ত্বেষা সাধনান্যেব কাঙ্ক্ষতি ॥ ৮৯ ॥

---

পরসঙ্গাস্বাদনে গৃহকৃত্যবিচ্ছেদঃ স্যাদিত্যাশঙ্ক্যাহ—পরসঙ্গমিতি ॥ ৮৫ ॥

আপাতেনৈব বর্ত্তত ইত্যুক্তমর্থং বিবৃণোতি—গৃহকৃত্যব্যসনিনীতি ॥ ৮৬ ॥

দার্ষ্টান্তিকে যোজয়তি এবং ধ্যানৈকনিষ্ঠোঽপীতি। ননু তত্ত্ববিদপি লৌকিকব্যবহারং কিং লেশেনাচরতি কিংবা সম্যগিতি বিষয়ব্যবহারস্য তত্ত্বজ্ঞানাবিরোধিত্বাৎ সম্যগেবাচরতি ইত্যাহ—তত্ত্ববিত্ত্ববিরোধিত্বাদিতি ॥ ৮৭ ॥

অবিরোধিত্বমেব দর্শয়তি—মায়াময়ঃ প্রপঞ্চোঽয়মিতি ॥ ৮৮ ॥

বিরোধাভাবমেব প্রপঞ্চয়তি—অপেক্ষতে ব্যবহৃতিরিতি ॥ ৮৯ ॥

---

ব্যগ্রা থাকিয়াও নিরন্তর অন্তঃকরণে সেই পরপুরুষসংসর্গরূপ রসের আস্বাদনে তৎপর থাকে। ৮৩।৮৪।

পরসঙ্গাভিলাষিণী সেই স্ত্রীর গৃহকর্ম্ম যদিও অসম্পন্ন থাকে না, কিন্তু সামান্যরূপে সম্পন্ন হয় অর্থাৎ গৃহকর্ম্মে তৎপরা স্ত্রী যেমন সম্যক্‌রূপে তত্তৎ-কর্ম্ম সম্পন্ন করে, পরসঙ্গরসাস্বাদনকারিণী রমণীকর্ত্তৃক কখন তাহা তেমন সুন্দররূপে নিষ্পন্ন হয় না। ৮৫।৮৬।

এই প্রকার ধ্যাননিষ্ঠ ব্যক্তিও কিছু কিছু লৌকিকাচার সম্পন্ন করিবেন, কিন্তু তত্ত্বজ্ঞানী ব্যক্তি সাংসারিক ব্যবহার সম্পন্ন করিতে সম্যক্‌প্রকারে সমর্থ হইবেন, যেহেতু তাঁহার জ্ঞান কোন প্রকারে সংসারের বিরোধী নহে। জগৎ মায়াময় ও আত্মা চৈতন্যস্বরূপ এইরূপ তত্ত্বজ্ঞানে লৌকিক ব্যবহারের কোন বিরোধ সম্ভব হয় না। ৮৭।৮৮।

মনোবাক্কায়তদ্বাহ্যপদার্থাঃ সাধনানি তাম্।
তত্ত্ববিন্নোপমৃদ্‌নাতি ব্যবহারোঽস্য নো কুতঃ ॥ ৯০ ॥
উপমৃদ্‌নাতি চিত্তং চেদ্ধ্যাতাসৌ ন তু তত্ত্ববিৎ।
ন বুদ্ধিমর্দ্দয়ন্ দৃষ্টো ঘটতত্ত্বস্য বেদিতা ॥ ৯১ ॥
সকৃৎ প্রত্যয়মাত্রেণ ঘটশ্চেদ্‌ভাসতে তদা।
স্বপ্রকাশোঽয়মাত্মা কিং ঘটবচ্চ ন ভাসতে ॥ ৯২ ॥
স্বপ্রকাশতয়া কিং তে তদ্‌বুদ্ধিস্তত্ত্ববেদনম্।

কানি তানি ব্যবহারসাধনানি ইত্যত আহ—মনোবাক্কায়েতি। তদ্বাহ্যাঃ পদার্থাঃ গৃহক্ষেত্রাদয়স্তানুমনআদীংস্তত্ত্বজ্ঞানী ন নিবারয়তি অতোঽস্য জ্ঞানিনো ব্যবহারঃ কুতো ন ভবতীতি ভবত্যেবেত্যর্থঃ ॥ ৯০ ॥

ননু বিষয়ানুপমর্দ্দনেঽপি তত্ত্ববিদা চিত্তোপমর্দ্দনং কার্য্যমিত্যাশঙ্ক্য তথা করণে তত্ত্ববিদেব ন স্যাদিত্যাহ—উপমৃদ্‌নাতীতি। ননু তত্ত্ববিদা চিত্তং নোপমৃদ্যত ইত্যেতৎ ক দৃষ্টমিত্যাশঙ্ক্যাহ—ন বুদ্ধিমিতি, ঘটতত্ত্বস্য বেদিতা জ্ঞাতা বুদ্ধিম্ অর্দ্দয়ন্ পীড়য়ন্ ঐকাগ্র্যং কুর্ব্বন্ পুরুষো ন দৃষ্টো নোপলব্ধ ইত্যর্থঃ ॥ ৯১ ॥

ননু ঘটস্য স্থূলত্বেন স্পষ্টত্বাং তদ্দর্শনে চিত্তপীড়নং নাপেক্ষ্যতে ব্রহ্মণস্তথাত্বাভাবাৎ তদ্‌জ্ঞানে তদপেক্ষত ইত্যাশঙ্ক্য তস্য স্বপ্রকাশত্বেন ঘটাদপি স্পষ্টতরত্বাৎ চিত্তরোধনং নৈবাপেক্ষ্যত ইত্যাহ—সকৃৎ প্রত্যয়মাত্রেণেতি ॥ ৯২ ॥

ননু ব্রহ্মণঃ স্বপ্রকাশত্বেঽপি তদ্‌গোচরায়াঃ বুদ্ধিঃ(?)তেরেব তত্ত্বজ্ঞানত্বাৎ তস্যাশ্চ ক্ষণিকত্বেন

ব্যবহার,—জগৎপ্রপঞ্চের সত্যত্ব বা আত্মার অচেতনত্বকে অপেক্ষা করে না, পরন্তু স্বীয় কারণের অপেক্ষা রাখে। ৮৯।

মন, বাক্য, শরীর এবং বাহ্য পদার্থসমূহই ব্যবহারের কারণস্বরূপ, তত্ত্বজ্ঞ পুরুষ, সে-সমুদয়কে ত মর্দ্দিত করেন না, সুতরাং তাঁহার ব্যবহার থাকা অসম্ভাবিত নহে। ৯০।

যে ব্যক্তি চিন্তা দ্বারা অন্তঃকরণ বিলীন করেন, তিনি তত্ত্বজ্ঞানী নহেন, তাঁহাকে ধ্যাতা বলা যায়। ঘটাদি বস্তুর স্বরূপ জানিবার নিমিত্ত অন্তঃকরণ বিলীন করিতে হয় না, যদি কেবল একবার অন্তঃকরণ বৃত্তির অবভাস মাত্রেই ঘটাদি বস্তুর জ্ঞান হয়, তবে স্বয়ংপ্রকাশস্বরূপ আত্মা চিত্তের বিলয় ব্যতিরেকেও ঘটের ন্যায়ও কি প্রকাশিত হইতে পারে না? ৯১।৯২।

আত্মা স্বপ্রকাশস্বরূপ হইলেও তদ্বিষয়ক যে অন্তঃকরণবৃত্তিপ্রবাহ, তাহাই

বুদ্ধিশ্চ ক্ষণনাশ্যেতি চোদ্যং তুল্যং ঘটাদিষু ॥ ৯৩ ॥
ঘটাদৌ নিশ্চিতে বুদ্ধির্নশ্যত্যেব যদা ঘটঃ।
ইষ্টো নেতুং তদা শক্য ইতি চেৎ সমমাত্মনি ॥ ৯৪ ॥
নিশ্চিত্য সকৃদাত্মানং যদাপেক্ষা তদৈব তং।
বক্তুং মন্তুং তথা ধ্যাতুং শক্নোত্যেব হি তত্ত্ববিৎ ॥ ৯৫ ॥
উপাসক ইব ধ্যায়ন্ লৌকিকং বিস্মরেদ্‌যদি।
বিস্মরত্যেব সা ধ্যানাদ্‌বিস্মৃতির্ন তু বেদনাৎ ॥ ৯৬ ॥
ধ্যানং ত্বৈচ্ছিকমেতস্য বেদনান্মুক্তিসিদ্ধিতঃ।

---

ব্রহ্মণি পুনঃপুনরবস্থানমপেক্ষ্যতে ইত্যাশঙ্ক্য ইদং চোদ্যং ঘটাদিষ্বপি সমানমিত্যাহ—বুদ্ধিশ্চেতি ॥ ৯৩ ॥

ঘটাদিজ্ঞানস্য ক্ষণিকত্বেঽপি সকৃন্নিশ্চিতস্য ঘটস্য সর্ব্বদা ব্যবহর্ত্তুং শক্যত্বাৎ তত্র চিত্তস্থৈর্য্যসম্পাদনমপ্রয়োজকমিত্যাশঙ্ক্য ইদমাত্মন্যপি সমানমিত্যাহ—ঘটাদাবিতি ॥ ৯৪ ॥

সমমাত্মনীত্যুক্তমর্থং বিবৃণোতি—নিশ্চিত্যেতি ॥ ৯৫ ॥

ননু তত্ত্ববিদপি উপাসকবদাত্মানুসন্ধানবশাৎ জগদনুসন্ধানরহিতো দৃশ্যত ইত্যাশঙ্ক্য সোঽননুসন্ধানভাবো ধ্যানপ্রযুক্তো ন বেদনপ্রযুক্ত ইত্যাহ—উপাসক ইবেতি ॥ ৯৬ ॥

ননু তত্ত্ববিদাপি মুক্তিসিদ্ধয়ে ব্রহ্মধ্যানং কর্ত্তব্যমিত্যাশঙ্ক্য জ্ঞানাদেব কৈবল্যং প্রাপ্যতে,

---

ত তোমার মতে তত্ত্বজ্ঞান, কিন্তু সেই বৃত্তিও ক্ষণনাশ্য, (সুতরাং ব্রহ্মে তাহার পুনঃপুনঃ অবস্থান স্বীকার করিতে হয়,) তদপেক্ষা চিত্তের স্থৈর্য্য সম্পাদনই কর্ত্তব্য, তাহাই যোগ। এই পূর্ব্বপক্ষ ঘটাদি বিষয়েও সমান। অর্থাৎ ঘটাদি জ্ঞানও ত ক্ষণিক, তাহাতেও যদি বল যে,—সেই ঘটাদি নিশ্চয়ের নাশ হইলেও যখন ইচ্ছা, তখনই ঘট লইয়া ব্যবহার করা যায় (সুতরাং ক্ষণিক নিশ্চয় হইলেও ক্ষতি নাই), তবে (আমরা বলি) আত্মার পক্ষেও ঐরূপ হইতে পারে। ৯৩।৯৪।

একবার আত্মা নিশ্চিত হইলে যখন ইচ্ছা হয়, তখনই আত্মবিষয়ে বলিতে বা মনন করিতে অথবা ধ্যান করিতে তত্ত্বজ্ঞানীরাও সমর্থ হন, আর যদি উপাসকের ন্যায় ধ্যান করত তত্ত্বজ্ঞানী লৌকিক ব্যবহার বিস্মৃত হন, তবে তাঁহাকে কেবল ধ্যানেরই কার্য্য বলা যায়; নতুবা জ্ঞানদ্বারা কখন লৌকিক ব্যবহার-বিস্মৃতি হয় না। ৯৫।৯৬।

জ্ঞানাদেব তু কৈবল্যমিতি শাস্ত্রেষু ডিণ্ডিমঃ ॥ ৯৭ ॥
তত্ত্ববিদ্ যদি ন ধ্যায়েৎ প্রবর্ত্তেত তদা বহিঃ।
প্রবর্ত্ততাং সুখেনায়ং কো বাধোঽস্য প্রবর্ত্তনে ॥ ৯৮ ॥
অতিপ্রসঙ্গ ইতি চেৎ প্রসঙ্গং তাবদীরয়।
প্রসঙ্গো বিধিশাস্ত্রঞ্চেৎ ন তৎ তত্ত্ববিদং প্রতি ॥ ৯৯ ॥
বর্ণাশ্রমবয়োঽবস্থাভিমানো যস্য বিদ্যতে।
তস্যৈব হি নিষেধাশ্চ বিধয়ঃ সকলা অপি ॥ ১০০ ॥
বর্ণাশ্রমাদয়ো দেহে মায়য়া পরিকল্পিতাঃ।

---

যেন মুচ্যতে তমেব বিদিত্বাহতিমৃত্যুমেতি নান্যঃ পন্থা 'বিদ্যতেঽয়নায়' জ্ঞাত্বা দেবং মুচ্যতে সর্ব্বপাশৈরিত্যাদিশাস্ত্রসদ্ভাবাৎ ন মোক্ষায় ধ্যানং কর্ত্তব্যমিত্যাহ—ধ্যানং বৈচ্ছিকমিতি ॥ ৯৭ ॥

ননু তত্ত্ববিদো ধ্যানানভ্যুপগমে তস্য সদা বহিঃ প্রবৃত্তিঃ স্যাদিত্যাশঙ্ক্য অবাধকত্বাৎ প্রবৃত্তেঃ সাভ্যুপেয় ইত্যাহ তত্ত্ববিদ্ যদীতি ॥ ৯৮ ॥

বাহ্যপ্রবৃত্ত্যভ্যুপগমেঽতিপ্রসঙ্গঃ স্যাদিত্যাশঙ্ক্য প্রসঙ্গস্য দুর্নিরূপত্বান্নৈবমিতি পরিহরতি—অতিপ্রসঙ্গ ইতি চোদতি। ন প্রসঙ্গো দুর্নিরূপঃ বিধিশাস্ত্রস্য প্রসঙ্গশব্দেন বিবক্ষিতত্বাদিতি চেন্ন, তস্যাজ্ঞানিবিষয়ত্বেন তত্ত্ববিদ্বিষয়ত্বাভাবাদিত্যাহ,—প্রসঙ্গ ইতি। বিধিশাস্ত্রমিত্যুপলক্ষণং নিষেধশাস্ত্রস্যাপি ॥ ৯৯ ॥

বিধিশাস্ত্রস্যাবিদ্বদ্বিষয়ত্বমেব দর্শয়তি—বর্ণাশ্রমেতি ॥ ১০০ ॥

---

তত্ত্বজ্ঞানী ব্যক্তির ধ্যান ঐচ্ছিক মাত্র, নতুবা জ্ঞান দ্বারাই তাঁহার মুক্তি সিদ্ধ হয়। জ্ঞান দ্বারা যে কৈবল্য হয়, ইহা শাস্ত্রে পুনঃপুনঃ প্রতিবাদিত হইয়াছে। (যদি বল) তত্ত্বজ্ঞানী ব্যক্তি যদি ধ্যান না করেন, বাহ্য ব্যবহারেও প্রবৃত্ত হইতে পারেন, (তাহাতে আমরা বলি) অনায়াসে প্রবৃত্ত হউন, তাঁহার সাংসারিক ব্যবহারে প্রবৃত্ত হওয়াতে কি বাধা আছে? ৯৭।৯৮।

যদি বল, তাহা হইলে, অত্যাচার হয়; তবে আমার জিজ্ঞাস্য এই যে,—তুমি কাহাকে আচার বলিয়া স্বীকার কর? যদি শাস্ত্রকৃত বিধিনিষেধ পালনকে আচার বল, তবে তাহা তত্ত্বজ্ঞানীর প্রতি সম্ভবে না, যেহেতু যে ব্যক্তির বর্ণাশ্রম, জীবিতকাল, ও অবস্থা ইত্যাদিতে অভিমান আছে, তাহারই প্রতি বিধিনিষেধ; কিন্তু অভিমানশূন্য তত্ত্বজ্ঞানীর পক্ষে তাহা নাই। ৯৯।১০০।

নাত্মনো বোধরূপস্যেত্যেবং তস্য বিনিশ্চয়ঃ ॥ ১০১ ॥
সমাধিমথ কর্ম্মাণি মা করোতু করোতু বা।
হৃদয়েনাস্তসর্ব্বাস্থো মুক্ত এবোত্তমাশয়ঃ ॥ ১০২ ॥
নৈষ্কর্ম্ম্যেণ ন তস্যার্থস্তস্যার্থোঽস্তি ন কর্ম্মভিঃ।
ন সমাধানজপ্যাভ্যাং যস্য নির্ব্বাসনং মনঃ ॥ ১০৩ ॥
আত্মাসঙ্গস্ততোঽন্যৎ স্যাদিন্দ্রজালং হি মায়িকম্।
ইত্যচঞ্চলনির্ণীতে কুতো মনসি বাসনা ॥ ১০৪ ॥

---

নমু তত্ত্ববিদোঽপি দেহধারিত্বেন বর্ণাশ্রমাদ্যভিমানিত্বমস্তীত্যাশঙ্ক্যাহ—বর্ণাশ্রমাদয় ইতি ॥ ১০১ ॥

নমু তত্ত্ববিন্নিশ্চয় (১) স্তাবৎ তিষ্ঠতু শাস্ত্রং তু তস্য কর্ত্তব্যং প্রতিপাদয়তি ইত্যাশঙ্ক্য তদপি তস্য কর্ত্তব্যাভাবমেব বোধয়তি ইত্যাহ—সমাধিমিতি। যো হৃদয়েন বুদ্ধ্যা অস্ত সর্ব্বাস্থোঽস্তাঃ পরিত্যক্তাঃ সর্ব্বাঃ অশেষাঃ আস্থাঃ আসক্তিবিশেষাঃ যস্য স তথাবিধঃ অতএব উত্তমাশয়ঃ উত্তমঃ আশয়োঽভিপ্রায়ঃ নির্ম্মলং জ্ঞানং যস্য স তথোক্তঃ স মুক্ত এব অতঃ সমাধিমথ কর্ম্মাণীত্যন্বয়ঃ ॥ ১০২ ॥

(১) 'তত্ত্ববিনিশ্চয়' ইতিমুম্বাই-মুদ্রিত পুস্তক পাঠঃ।

বিদুষাং কর্ত্তব্যং নাস্তীত্যত্র বচনান্তরমুদাহরতি। নৈষ্কর্ম্ম্যেণেতি। নৈষ্কর্ম্ম্যং কর্ম্মরাহিত্যং তেন কর্ম্মত্যাগেনেত্যর্থঃ, সমাধানং মনঃস্থির্জপ্যাং জপঃ ॥ ১০৩ ॥

নমু বিদুষাপি বাসনানিবৃত্তয়ে ধ্যানং কর্ত্তব্যমিত্যাশঙ্ক্য সম্যক্‌জ্ঞানিনো বাসনৈব নাস্তীত্যাহ আত্মাসঙ্গ ইতি ॥ ১০৪ ॥

---

মায়াকল্পিত বর্ণাশ্রমাদি দেহেরই ধর্ম্ম, কিন্তু নিত্য বোধস্বরূপ আত্মাতে সে সব কিছুই নাই। তত্ত্বজ্ঞানীর এই প্রকার দৃঢ় নিশ্চয় আছে। সেই নির্ম্মল-জ্ঞানসম্পন্ন পুরুষ সমাধি বা কর্ম্মানুষ্ঠান করুন, আর নাই করুন, অন্তঃকরণে অনিত্য সাংসারিক বস্তুর প্রতি আস্থা না থাকাতে তিনি নিশ্চিতই মুক্তি লাভ করেন। ১০১।১০২।

যাঁহার মন বাসনাশূন্য, কর্ম্মের অননুষ্ঠান বা অনুষ্ঠানে তাঁহার কোন ফল নাই। সমাধি ও জপেও তাঁহার কোন ফল নাই, আত্মা অসঙ্গ নিত্য চেতন এবং তদ্ভিন্ন সমুদায় মায়াকার্য্য ঐন্দ্রজালিক বস্তুস্বরূপ; এইরূপ স্থির নিশ্চয় হইলে মনে কোথা হইতে বাসনা থাকিবে? ১০৩।১০৪।

এবং নাস্তি প্রসঙ্গোঽপি কুতোঽস্যাতিপ্রসঞ্জনম্।
প্রসঙ্গো যস্য তস্যৈব শক্যোতাতিপ্রসঞ্জনম্ ॥ ১০৫ ॥
বিধ্যভাবান্ন বালস্য দৃশ্যতেঽতিপ্রসঞ্জনম্।
স্যাৎ কুতোঽতিপ্রসঙ্গোঽস্য বিধ্যভাবে সমে সতি ॥ ১০৬ ॥
ন কিঞ্চিদ্বেত্তি বালশ্চেৎ সর্ব্বং বেত্ত্যেব তত্ত্ববিৎ।
অল্পজ্ঞস্যৈব বিধয়ঃ সর্ব্বে স্যুর্নান্যয়োর্দ্বয়োঃ ॥ ১০৭ ॥
শাপানুগ্রহসামর্থ্যং যস্যাসৌ তত্ত্ববিদ্ যদি।
তন্ন শাপাদিসামর্থ্যং ফলং স্যাৎ তপসো যতঃ ॥ ১০৮ ॥
ব্যাসাদেরপি সামর্থ্যং দৃশ্যতে তপসো বলাৎ।

---

ভবত্বেবং প্রকৃতে কিমায়াতম্ ইত্যত আহ—এবং নাস্তি প্রসঙ্গোঽপীতি। কস্য তর্হ্যতিপ্রসঙ্গ ইত্যত আহ—প্রসঙ্গো যস্য তস্যৈবেতি ॥ ১০৫ ॥

এবং ক দৃষ্টমিত্যত আহ—বিধ্যভাবান্ন বালস্যেতি। দার্ষ্টান্তিকে যোজয়তি স্যাদিতি ॥ ১০৬

বালস্য বিধ্যভাবে প্রয়োজকমজ্ঞত্বমস্তি ন বিদুষ ইত্যাশঙ্ক্য তস্য অজ্ঞানাভাবেঽপি বিধ্যভাবপ্রয়োজকং সর্ব্বজ্ঞত্বমস্তীত্যাহ—ন কিঞ্চিদিতি। তর্হি বিধ্যধিকারঃ কস্যেত্যাশঙ্ক্যাহ—অল্পজ্ঞস্যৈবেতি ॥ ১০৭ ॥

নন্বু ব্যাসাদিবৎ শাপানুগ্রহসামর্থ্যং যস্য স এব তত্ত্ববিৎ নান্য ইতি শঙ্কতে—শাপানুগ্রহসামর্থ্যমিতি। পরিহরতি—তন্নেতি। অত্র হেতুমাহ—শাপাদিসামর্থ্যমিতি ॥ ১০৮ ॥

নন্বু ব্যাসাদীনাং তত্ত্ববিদামপি শাপাদিসামর্থ্যং দৃশ্যতে ইত্যাশঙ্ক্য তেষাং ন তত্ত্বজ্ঞানফলম্

---

পূর্ব্বোক্ত প্রকারে বিধি-নিষেধ পালনরূপ আচার যদি জ্ঞানীর পক্ষে সম্ভবপর না হইল, তবে তাঁহার অত্যাচার হইবে কিরূপে? যাহার আচার আছে, তাহারই অত্যাচার হইতে পারে (অন্যের নহে)। যেমন বিধির অভাব হেতু বালকদিগের অত্যাচার অর্থাৎ আচার-ব্যতিক্রম বলা চলে না, তদ্রূপ জ্ঞানীদিগের প্রতি কোন বিধি না থাকাতে অত্যাচার বলিবে কিরূপে। ১০৫।১০৬।

যদি বল, বালক বিধি-নিষেধের কিছুই জানে না, (সুতরাং বিধি-নিষেধ তাহার পক্ষে নহে,) তবে ইহাও বলা যায় যে, তত্ত্বজ্ঞানী সর্ব্বজ্ঞ; কিন্তু বিধি-নিষেধ—অল্পজ্ঞের পক্ষে; অজ্ঞ বা সর্ব্বজ্ঞের পক্ষে নহে। ১০৭।

অভিসম্পাত বা অনুগ্রহ করিতে যে ব্যক্তির সামর্থ্য আছে, তাহাকেও তত্ত্বজ্ঞানী বলিয়া স্বীকার করা বিধেয় নহে,—যেহেতু অভিসম্পাতাদিসামর্থ্য,—

শাপাদিক কারণাদন্যৎ তপো জ্ঞানস্য কারণম্ ॥ ১০৯ ॥
দ্বয়ং যস্যাস্তি তস্যৈব সামর্থ্যজ্ঞানয়োর্জনিঃ।
একৈকং তু তপঃ কুর্বন্নেকৈকং লভতে ফলম্ ॥ ১১০ ॥
সামর্থ্যহীনো নিন্দ্যশ্চেৎ যাতভির্বিধিবর্জ্জিতঃ।
নিন্দ্যন্তে যতয়োঽপ্যন্যৈরনিশং ভোগলম্পটৈঃ ॥ ১১১ ॥
ভিক্ষাবস্ত্রাদি রক্ষেয়ুর্যদ্যেতে ভোগতুষ্টয়ে
অহো যতিত্বমেতেষাং বৈরাগ্যভরমন্থরম্ ॥ ১১২ ॥
বর্ণাশ্রমপরান্ মূঢ়া নিন্দন্ত্বিত্যুচ্যতে যদি।

---

অপি তু তপসঃ ফলমিত্যাহ—ব্যাসাদেরিতি। নম্ন তর্হি 'তপসা ব্রহ্ম বিজিজ্ঞাসস্ব' ইতি শ্রুতেস্তপোরহিতস্য তত্ত্বজ্ঞানমপি ন ঘটেত ইত্যাশঙ্ক্য শাপাদিকারণাদন্যস্য তপসঃ সত্ত্বান্নৈব-মিত্যাহ—শাপাদীতি ॥ ১০৯ ॥

তর্হি তেষাং ব্যাসাদীনাং তত্ত্বজ্ঞানিত্বং শাপাদিকারণত্বঞ্চ কথং দৃশ্যতে ইত্যাশঙ্ক্য উভয়বিধ-তপসঃ সত্ত্বাদিত্যাহ—দ্বয়ং যস্যাস্তীতি ॥ ১১০ ॥

নম্ন যঃ শাপাদিসামর্থ্যরহিতস্তস্য বিধ্যভাবেঽপি বিহিতানুষ্ঠাতৃভির্নিন্দ্যত্বং স্যাদিত্যাহ—সামর্থ্যহীনো নিন্দ্যশ্চেদিতি ॥ ১১১ ॥

এতেঽপি ভোগতুষ্ট্যর্থং বিষয়ান্ সম্পাদয়েয়ুরিত্যাশঙ্ক্য তদা তেষাং যতিত্বমেব হীয়তে ইত্যভিপ্রায়েণোপহসতি—ভিক্ষাবস্ত্রাদি রক্ষেয়ুরিতি ॥ ১১২ ॥

---

তপস্যার ফল মাত্র, তাহা জ্ঞানের ফল নহে। বেদব্যাসাদিরও যে সে সামর্থ্য ছিল, তাহাও জ্ঞানের ফল নহে, তপস্যারই ফল; আর জ্ঞানের কারণ যে তপস্যা, তাহা শাপ-কারণ তপস্যা হইতে ভিন্ন। ১০৮।১০৯।

যাহার দ্বিবিধ তপস্যা আছে, তাঁহার শাপাদিসামর্থ্য ও তত্ত্বজ্ঞান উভয়ই জন্মে; এক এক প্রকার তপস্যা করিলে এক এক প্রকার ফল লাভ হয়। যদি বল, সামর্থ্যহীন বিধিবর্জ্জিত ব্যক্তি যতি কর্ত্তৃক নিন্দনীয় হন; তাহা দূষ্য নহে, সে নিন্দা উভয়েরই তুল্য, যেহেতু নিরন্তর ভোগাভিলাষী ব্যক্তিরাও যতিদিগকে নিন্দা করিয়া থাকে। ১১০।১১১।

যদি বল, ভোগতুষ্টির জন্য যতিরাও ভিক্ষা ও বস্ত্রধারণ করিয়া থাকে। (তাঁহারা কেন নিন্দা করিবে?) তবে তাহাদিগের বৈরাগ্যভারমন্থর যতিত্বে বলি-হারি যাই! (যতি বর্ণাশ্রমধর্ম্মাবলম্বীদিগেরই অন্তর্গত), মূর্খেরাই

দেহাত্মমতয়ো বুদ্ধং নিন্দন্ত্বাশ্রমমানিনঃ ॥ ১১৩ ॥
তদিত্থং তত্ত্ববিজ্ঞানে সাধনানুপমর্দ্দনাৎ।
জ্ঞানিনাচরিতুং শক্যং সম্যগ্রাজ্যাদি লৌকিকম্ ॥ ১১৪ ॥
মিথ্যাত্ববুদ্ধ্যা তত্রেচ্ছা নাস্তি চেৎ তর্হি মাস্তু তৎ।
ধ্যায়ন্ বাথ ব্যবহরন্ যথারব্ধং বসত্বয়ম্ ॥ ১১৫ ॥
উপাসকস্তু সততং ধ্যায়ন্নেব বসেদ্ যতঃ।
ধ্যানেনৈব কৃতং তস্য ব্রহ্মত্বং বিষ্ণুতাদিবৎ ॥ ১১৬ ॥
ধ্যানোপাদানকং যৎ তদ্ ধ্যানাভাবে বিলীয়তে।

---

বিষয়লম্পটৈঃ পামরৈঃ ক্রিয়মাণয়া নিন্দয়া ক্রিয়াপরাণাং শিষ্টানাং হানির্নাস্তীত্যুচ্যতে চেৎ তর্হি দেহাভিমানিভিঃ ক্রিয়াপরৈঃ ক্রিয়মাণয়া নিন্দয়া তত্ত্ববিদোঽপি ন হানিরিত্যাহ—বর্ণাশ্রমপরান্ মূঢ়া ইতি ॥ ১১৩ ॥

প্রাসঙ্গিকং পরিসমাপ্য প্রকৃতমনুসরতি—তদিত্থমিতি। তৎ তস্মাৎ কারণাৎ ইত্থমুক্তপ্রকারেণ তত্ত্বজ্ঞানে সতি সাধনানুপমর্দ্দনাৎ লৌকিকব্যবহারসাধনানাং মনআদীনাম্ অবিলাপনাৎ লৌকিকং রাজ্যপরিপালনাদি কর্ম্ম জ্ঞানিনা সম্যগাচরিতুং শক্যমিত্যর্থঃ ॥ ১১৪ ॥

ননু তত্ত্ববিদঃ প্রপঞ্চমিথ্যাত্বজ্ঞানেন তত্রেচ্ছৈব নোদীয়াৎ ইতি চেৎ তর্হি স্বকর্ম্মানুসারেণ বর্ত্ততামিত্যাহ—মিথ্যাত্বেতি ॥ ১১৫ ॥

ইদানীম্ উপাসকস্যাতো বৈষম্যং দর্শয়তি—উপাসকস্ত্বিতি। তত্রোপপত্তিমাহ—যত ইতি। যতঃ কারণাৎ তস্য ব্রহ্মত্বং ধ্যানেনৈব কৃতং ন প্রমাণেন প্রমিতম্ অতো ধ্যায়িনা সদা ধ্যানং কর্ত্তব্যমিত্যর্থঃ। তত্র দৃষ্টান্তঃ—বিষ্ণুত্বাদিবদিতি। তথা স্বস্মিন্ ধ্যানেন সম্পাদিতস্য বিষ্ণুত্বাদেঃ পারমার্থিকত্বং নাস্তি তদ্বদিত্যর্থঃ ॥ ১১৬ ॥

---

বর্ণাশ্রমাবলম্বীর নিন্দা করে, অর্থাৎ যতিরও নিন্দা করে, তা করুক ক্ষতি নাই—একথা যদি বল, ত (আমরা বলি) দেহাত্মজ্ঞানী আশ্রমাভিমানী সেই সকল যতিরাও জ্ঞানীকে নিন্দা করুন, তাহাতেও ক্ষতি নাই। ১১২।১১৩।

এই প্রকার তত্ত্বজ্ঞান হইলে, মন প্রভৃতি ব্যবহারসাধনের আচার না হওয়ায় জ্ঞানী ব্যক্তি সম্যক্‌প্রকারে রাজ্যপালনাদিরূপ লৌকিক ব্যবহার আচরণ করিতে সমর্থ হন। যদি বল, মিথ্যাত্ব জ্ঞান হওয়াতে ব্যাবহারিক বিষয়সকলে জ্ঞানী ব্যক্তির ইচ্ছা হয় না; তাহার উত্তর এই যে,—তাহা না হউক, কিন্তু প্রারব্ধ কর্ম্মানুসারে তিনি ধ্যানে হউক বা ব্যবহারেই হউক, অবস্থিত হইতে পারেন। উপাসক ব্যক্তি সর্ব্বদাই ধ্যানে তৎপর হইবেন, যেহেতু ধ্যান

বাস্তবী ব্রহ্মতা নৈব জ্ঞানাভাবে বিধীয়তে ॥ ১১৭ ॥
অতোঽভিজ্ঞাপকং জ্ঞানং ন নিত্যং জনয়ত্যদঃ।
জ্ঞাপকাভাবমাত্রেণ ন হি সত্যং বিলীয়তে ॥ ১১৮ ॥
অস্ত্যেবোপাসকস্যাপি বাস্তবী ব্রহ্মতেতি চেৎ।
পামরাণাং তিরশ্চাঞ্চ বাস্তবী ব্রহ্মতা ন কিম্ ॥ ১১৯ ॥
অজ্ঞানাদপুমর্থত্বমুভয়ত্রাপি তৎ সমম্।
উপবাসাদ্ যথা ভিক্ষা বরং ধ্যানং তথান্যতঃ ॥ ১২০ ॥

---

ধ্যানসম্পাদিতস্যাপি তস্য পারমার্থিকত্বং কিং ন স্যাদিত্যাশঙ্ক্য ধ্যানসম্পাদিতস্য বাগ্-বেদ্বাদেঃ ধ্যানাপায়েঽপগমদর্শনান্নৈবমিত্যাহ—ধ্যানেতি। জ্ঞানেন প্রকাশিতস্য ব্রহ্মত্বস্য ততো বৈলক্ষণ্যমাহ—বাস্তবীতি। হেতুগর্ভিতং বিশেষণম্, যতো ব্রহ্মত্বং বাস্তবম্ অতো জ্ঞাপকজ্ঞানাভাবে সতি নৈব বিলীয়তে ॥ ১১৭ ॥

বাস্তবত্বাদেব জ্ঞানেন নৈব জন্যতে ইত্যাহ—অতোঽভিজ্ঞাপকমিতি। যতোঽদো ব্রহ্মত্বং নিত্যং অতো জ্ঞানং তস্যাভিজ্ঞাপকম্ অববোধকমেব ন জনকমিত্যর্থঃ। তত্রোপপত্তিং ব্যতিরেকমুখেনাহ—জ্ঞাপকাভাবমাত্রেণেতি। অয়মভিপ্রায়ঃ,—ব্রহ্মত্বং যদি জ্ঞানজন্যং স্যাৎ তর্হি জ্ঞাননাশে স্বয়ং বিলীয়তে, ন চ বিলীয়তেঽতো ন জন্যমিত্যর্থঃ ॥ ১১৮ ॥

নন্ু জ্ঞানিবদুপাসকস্যাপি ব্রহ্মত্বং বাস্তবমস্ত্যেবেতি শঙ্কতে—অস্ত্যেবোপাসকস্যেতি। অত্যল্পমিদমুচ্যতে ইত্যভিপ্রায়েণাহ—পামরাণামিতি ॥ ১১৯ ॥

পামরাদীনাং বিদ্যমানমপি ব্রহ্মত্বম্ অজ্ঞাতত্বাৎ ন পুরুষার্থোপযোগীত্যাশঙ্ক্য অজ্ঞাতত্বেনা-পুরুষার্থোপযোগিত্বমুপাসকস্যাপি সমানমিত্যাহ—অজ্ঞানাদপুমর্থত্বমিতি। নন্ু তর্হ্যুপাসক

---

দ্বারাই তাঁহার বিষ্ণুভাবপ্রাপ্তির ন্যায় ব্রহ্মত্বপ্রাপ্তি হয়। ধ্যান যাহার কারণ, ধ্যানাভাবে তাহার লয় হইতে পারে, অতএব উপাসকের সর্ব্বদাই ধ্যান করা আবশুক, কিন্তু নিত্যসিদ্ধ যে বাস্তবিক ব্রহ্মত্ব, তাহা জ্ঞান-আলোচনার অভাবে বিলীন হইবার নহে। ১১৪—১১৭।

অতএব জ্ঞান কেবল ব্রহ্মত্বের অভিজ্ঞাপক মাত্র, তাহার কারণ নহে, কেননা ব্রহ্মত্ব নিত্য; অতএব মাত্র জ্ঞানের অনুষ্ঠানের অভাবে জ্ঞাপকের অসদ্ভাবে সত্য কখন বিলীন হয় না।১১৮।

যদি বল, উপাসকেরও নিত্যসিদ্ধ পরমব্রহ্মত্ব আছে। (আমরা বলি) মূঢ় ব্যক্তিদিগের এবং তির্য্যগ্‌জাতির নিত্য সিদ্ধ ব্রহ্মস্বরূপত্ব নাই কি? ।১১৯।

তবে তত্ত্বজ্ঞানের অভাবজন্য তাহাকে যদি পুরুষার্থ না বল, ত উপাসক

পামরাণাং ব্যবহৃতের্ব্বরং কর্ম্মাদ্যনুষ্ঠিতিঃ।
ততোঽপি সগুণোপাস্তির্নির্গুণোপাসনা ততঃ ॥ ১২১ ॥
যাবদ্বিজ্ঞানসামীপ্যং তাবৎ শ্রৈষ্ঠ্যং বিবর্দ্ধতে।
ব্রহ্মজ্ঞানায়তে সাক্ষাৎ নির্গুণোপাসনং শনৈঃ ॥ ১২২ ॥
যথা সংবাদিবিভ্রান্তিঃ ফলকালে প্রমায়তে।
বিদ্যায়তে তথোপাস্তির্ম্মুক্তিকালেঽতিপাকতঃ ॥ ১২৩ ॥
সংবাদিভ্রমতঃ পুংসঃ প্রবৃত্তস্যান্যমানতঃ।
প্রমেতি চেৎ তথোপাস্তির্ম্মান্তরে কারণায়তাম্ ॥ ১২৪ ॥

---

কিমর্থমভিধীয়তে ইত্যাশঙ্ক্য ইতরানুষ্ঠানেভ্যঃ শ্রেষ্ঠত্বাভিপ্রায়েণোক্তমিতি দৃষ্টান্তপূর্ব্বকমাহ—উপবাসাদিতি ॥ ১২০ ॥

ইতরানুষ্ঠানাৎ শ্রৈষ্ঠমেব দর্শয়তি—পামরাণাং ব্যবহৃতেরিতি ॥ ১২১ ॥

উত্তরোত্তরশ্রৈষ্ঠ্যে কারণমাহ—যাবদিতি। নির্গুণোপাসনস্য সর্ব্বশ্রৈষ্ঠ্যে কারণমাহ—ব্রহ্মজ্ঞানায়তে ইতি ॥ ১২২ ॥

উক্তমর্থং দৃষ্টান্তপ্রদর্শনপূর্ব্বকং দ্রঢ়য়তি—যথেতি ॥ ১২৩ ॥

নতু সংবাদিবিভ্রান্তিঃ স্বয়মেব ন প্রমা ভবতি কিন্তু তয়া প্রবৃত্তস্যেন্দ্রিয়ার্থসন্নিকর্ষাৎ প্রমা জায়ত ইতি শঙ্কতে—সংবাদীতি। অস্তু, তর্হি নির্গুণোপাসনমপি নিদিধ্যাসনরূপং সদ্বাক্যজন্যাপরোক্ষজ্ঞানে কারণং ভবিষ্যতীত্যাহ—তথোপাস্তিরিতি ॥ ১২৪ ॥

---

এবং মূঢ়াদি উভয়েরই ত তাহা তুল্য। যেমন অনাহারে থাকা অপেক্ষা ভিক্ষা করিয়া আহার করা ভাল, তদ্রূপ অন্য কোনকর্ম্ম করা অপেক্ষা ধ্যানের অনুষ্ঠান শ্রেষ্ঠ ও কুকর্ম্ম করা অপেক্ষা কর্ম্মের অনুষ্ঠান শ্রেষ্ঠ, এবং তাহা হইতেও সগুণ উপাসনা শ্রেষ্ঠ, আর সর্ব্বাপেক্ষা নির্গুণ উপাসনা শ্রেষ্ঠ। ১২০।১২১

যে কার্য্য যত জ্ঞানের নিকটবর্ত্তী, সেই কার্য্য তত শ্রেয়; উপাসনা ক্রমশঃ তত্ত্বজ্ঞানরূপে পরিণত হয়, অতএব তাহা সর্ব্বশ্রেষ্ঠ। ১২২।

যেমন সম্বাদী ভ্রম ফলপ্রাপ্তিবিষয়ে ভ্রমবশতঃ প্রমাতুল্য কার্য্যকর হয়, তদ্রূপ পরিপক্ক নির্গুণ-উপাসনাও মুক্তিপক্ষে তত্ত্বজ্ঞানতুল্য হয়। সম্বাদি ভ্রমে প্রবৃত্ত পুরুষের (সেই ভ্রম প্রমাতুল্য হয় না, কিন্তু) অন্য কোন প্রমাণ দ্বারা প্রমাজ্ঞান হয়—ইহা যদি বল, তবে তদ্রূপ উপাসনাও (তত্ত্বজ্ঞানরূপে পরিণত না হউক) নিদিধ্যাসনরূপে পরিণত হইয়া ব্রহ্মাপরোক্ষ জ্ঞানের কারণ হউক (তাহাতে ক্ষতি কি)। ১২৩।১২৪।

মূর্ত্তিধ্যানস্য মন্ত্রাদেরপি কারণতা যদি।
অস্তু নাম তথাপ্যত্র প্রত্যাসত্তির্বিশিষ্যতে॥ ১২৫॥
নির্গুণোপাসনং পক্বং সমাধিঃ স্যাচ্ছনৈস্ততঃ।
যঃ সমাধির্নিরোধাখ্যঃ সোঽনায়াসেন লভ্যতে॥ ১২৬॥
নিরোধলাভে পুংসোঽন্তরসঙ্গং বস্তু শিষ্যতে।
পুনঃপুনর্বাসিতেঽস্মিন্ বাক্যাৎ জায়েত তত্ত্বধীঃ॥ ১২৭॥
নির্ব্বিকারাসঙ্গনিত্যস্বপ্রকাশৈকপূর্ণতাঃ।
বুদ্ধৌ ঝটিতি শাস্ত্রোক্তা আরোহন্ত্যবিবাদতঃ॥ ১২৮॥

---

নন্বেবং সতি মূর্ত্তিধ্যানাদেরপি চিত্তৈকাগ্র্যসম্পাদনদ্বারাপরোক্ষজ্ঞানসাধনত্বং স্যাদিতি চেৎ তদপ্যঙ্গীক্রিয়তে ইত্যাহ মূর্ত্তীতি। তর্হি নির্গুণোপাসনে কোঽতিশয়স্তত্রাহ—তথাপ্যত্রেতি। প্রত্যাসত্তিঃ সামীপ্যজ্ঞানং প্রতীতি শেষঃ॥ ১২৫॥

প্রত্যাসত্তিপ্রকারমেব দর্শয়তি—নির্গুণোপাসনমিতি। নির্গুণোপাসনং যদা পক্বং ভবতি তদা সবিকল্পকসমাধিঃ স্যাৎ ততঃ সবিকল্পকসমাধের্নিরোধাখ্যো যস্তস্যাপি নিরোধে সর্ব্বনিরোধান্নির্বীজঃ সমাধিরিতি সূত্রোক্তলক্ষণো নির্ব্বিকল্পকঃ সমাধিঃ সোঽনায়াসেন লভ্যতে॥ ১২৬॥

ভবত্বেবং নির্ব্বিকল্পকলাভস্ততঃ কিমিত্যত আহ—নিরোধলাভ ইতি। ততোঽপি কিমিত্যত আহ—পুনঃপুনরিতি। অস্মিন্নসঙ্গে বস্তুনি পুনঃপুনর্বাসিতে ভাবিতে সতি বাক্যাৎ তত্ত্বমস্যাদিলক্ষণাৎ তত্ত্বধীস্তত্ত্বজ্ঞানম্ অহং ব্রহ্মাস্মীত্যেবমাকারং জায়েতোৎপদ্যেত॥ ১২৭॥

তত্ত্বজ্ঞানস্বরূপমেব বিশদয়তি—নির্ব্বিকারেতি॥ ১২৮॥

---

কোন প্রকার মূর্ত্তি ধ্যান বা মন্ত্রজপ প্রভৃতিরও যদি পরম্পরায় অপরোক্ষ-জ্ঞান-কারণত্ব স্বীকার কর, আপত্তি নাই, তবে সাক্ষাৎকারণত্বরূপে নির্গুণ-উপাসনায় বিশেষ আছে। নির্গুণ-উপাসনাই পরিপক্ক হইয়া সমাধিরূপে পরিণত হয়, অতএব নির্গুণউপাসনা হইতে অনায়াসে নির্ব্বিকল্পক-সমাধি লাভ হইতে পারে। ১২৫।১২৬।

পূর্ব্বোক্তপ্রকারে নির্ব্বিকল্পক সমাধি সুসাধিত হইলে, অন্তঃকরণে কেবল অসঙ্গ চৈতন্য মাত্র অবশিষ্ট থাকে, পশ্চাৎ পুনঃপুনঃ ভাবনা দ্বারা তাহা দৃঢ়ীকৃত হইলে, মহাবাক্যপ্রতিপাদিত তত্ত্বজ্ঞান আবির্ভূত হয় অর্থাৎ শাস্ত্রোক্ত নির্ব্বিকার, অসঙ্গ, নিত্য, এক, স্বপ্রকাশস্বরূপ, পূর্ণ পরব্রহ্মচৈতন্য অবিবাদে দৃঢ়রূপে বুদ্ধিতে আরূঢ় হয়। ১২৭।১২৮।

যোগাভ্যাসস্ত্বেতদর্থোঽমৃতবিন্দ্বাদিষু শ্রুতঃ।
এবঞ্চ দৃষ্টদ্বারাপি হেতুত্বাদন্যতো বরম্ ॥ ১২৯ ॥
উপেক্ষ্য তত্ত্বীর্থযাত্রা-জপাদীনেব কুর্ব্বতাম্।
পিণ্ডং সমুৎসৃজ্য করং লেঢ়ীতি ন্যায় আপতেৎ ॥ ১৩০ ॥
উপাসকানামপ্যেবং বিচারত্যাগতো যদি।
বাঢ়ং তস্মাদ্ বিচারস্যাসম্ভবে যোগ ঈরিতঃ ॥ ১৩১ ॥
বহুব্যাকুলচিত্তানাং বিচারাৎ তত্ত্বধীর্ন হি।
যোগো মুখ্যস্ততস্তেষাং ধীদর্পস্তেন নশ্যতি ॥ ১৩২ ॥

---

নন্থ নির্ব্বিকল্পসমাধিবশাদপরোক্ষজ্ঞানমুদেতীত্যত্র কিং প্রমাণমিত্যাশঙ্ক্য অমৃতবিন্দ্বাদি-শ্রুতয়ঃ প্রমাণমিত্যাহ—যোগাভ্যাস ইতি। ফলিতমাহ—এবঞ্চেতি। এবঞ্চ সতি নির্গুণো-পাসনস্যাপ্যপরোক্ষজ্ঞানপ্রত্যাসত্তিসম্ভবে সতি দৃষ্টদ্বারাপি নির্ব্বিকল্পকসমাধিলাভদ্বারেণ অপি-শব্দাদদৃষ্টদ্বারাপি হেতুত্বাৎ জ্ঞানসাধনত্বাৎ অন্যতঃ সগুণোপাসনাদিভ্যো বরং শ্রেষ্ঠমিত্যর্থঃ ॥১২৯

এবং নির্গুণোপাসনস্যাপরোক্ষজ্ঞানসাধনত্বে সিদ্ধে সতি তৎ পরিত্যজ্যান্যত্র প্রবৃত্তানাং বৃথা শ্রমঃ স্যাদিতি লৌকিকন্যায়প্রদর্শনেনাহ—উপেক্ষ্যেতি ॥ ১৩০ ॥

নন্বাত্মতত্ত্ববিচারং পরিত্যজ্য নির্গুণোপাসনং কুর্ব্বতামপ্যয়ং ন্যায়ঃ সমান ইত্যাশঙ্ক্যাঙ্গী-করোতি—উপাসকানামিতি। তর্হি নির্গুণোপাসনং কুতঃ প্রতিপাদ্যত ইত্যত আহ—তস্মাদিতি। যস্মাদুক্তন্যায়প্রসঙ্গস্তস্মাদ্ বিচারাসম্ভবে যোগ উপাসনমুক্তমিত্যর্থঃ ॥ ১৩১ ॥

বিচারাসম্ভবে কারণমাহ—বহুব্যাকুলচিত্তানামিতি। যতো বিচারো ন সম্ভবতি অতো

---

এইজন্যই পূর্ব্বোক্তপ্রকার যোগাভ্যাস অমৃতবিন্দু প্রভৃতি উপনিষদে স্পষ্টরূপে উক্ত হইয়াছে, অতএব প্রত্যক্ষ নির্ব্বিকল্পক সমাধিলাভ দ্বারা এবং অদৃষ্ট দ্বারা তত্ত্বজ্ঞানের সাধনহেতু সগুণোপাসনা প্রভৃতি অপেক্ষা নির্গুণ-উপাসনা শ্রেষ্ঠ; তাহা অপেক্ষা করিয়া যে ব্যক্তি জপ বা সগুণ-উপাসনাদির অনুষ্ঠান করে, তাহার পক্ষে হস্তস্থ গ্রাস পরিত্যাগ করিয়া হস্ত লেহন করাই হয়। ১২৯।১৩০।

আত্মতত্ত্ববিচার পরিত্যাগ করিয়া যাহারা কেবল নির্গুণ-উপাসনাতেই রত থাকে, তাঁহাদিগের প্রতিও ত পূর্ব্বোক্ত দৃষ্টান্ত উদাহৃত হইতে পারে; হাঁ, পারে বৈকি, এই নিমিত্তই ত বিচারের সম্ভাবনা না থাকলেই যোগ-উপাসনা বিহিত হইয়াছে। নানাবিষয়ে বিক্ষিপ্তচিত্ত ব্যক্তিদিগের বিচার দ্বারা তত্ত্ব-

অব্যাকুলধিয়াং মোহমাত্রেণাচ্ছাদিতাত্মনাম্ ।
সাংখ্যনামা বিচারঃ স্যান্মুখ্যো ঝটিতি সিদ্ধিদঃ ॥ ১৩৩ ॥
যৎ সাঙ্খ্যৈঃ প্রাপ্যতে স্থানং তদ্যোগৈরপি গম্যতে ।
একং সাঙ্খ্যঞ্চ যোগঞ্চ যঃ পশ্যতি স পশ্যতি ॥ ১৩৪ ॥
তৎ-কারণং সাঙ্খ্যযোগাধিগম্যমিতি হি শ্রুতিঃ ।
যস্তু শ্রুতের্বিরুদ্ধঃ স আভাসঃ সাঙ্খ্যযোগয়োঃ ॥ ১৩৫ ॥

---

যোগঃ কর্ত্তব্য ইত্যাহ—যোগো মুখ্য ইতি। মুখ্যত্বে কারণমাহ—ধীদর্প ইতি। তেন যোগেন, যতো ধীদর্পো নশ্যতি অতো মুখ্য ইত্যর্থঃ ॥ ১৩২ ॥

এবং ব্যাকুলচিত্তানাং যোগস্য মুখ্যত্বমভিধায় তদ্রহিতানাং বিচার এব মুখ্য ইত্যাহ—অব্যাকুলধিয়ামিতি। সাংখ্যনামা বিচারঃ সাংখ্যশব্দবাচ্যস্তত্ত্ববিচারো মুখ্যঃ। কুত ইত্যত আহ—ঝটিতি সিদ্ধিদ ইতি ॥ ১৩৩ ॥

যোগসাংখ্যয়োরুভয়োরপি তত্ত্বজ্ঞানদ্বারা মুক্তিসাধনত্বে গীতা-বাক্যং প্রমাণয়তি—যৎ সাংখ্যৈরিতি। যঃ সাংখ্যঞ্চ যোগঞ্চ ফলত একং পশ্যতি স শাস্ত্রার্থং সম্যক্ পশ্যতীত্যর্থঃ ॥১৩৪॥

ন কেবলং গীতাবাক্যং প্রমাণং কিন্তু তন্মূলভূতা শ্রুতিরপ্যস্তীত্যাহ—তৎকারণমিতি। নন্বু সাংখ্যযোগয়োরুভয়োরপি তত্ত্বজ্ঞানদ্বারা মুক্তিসাধনত্বেনাঙ্গীকারে তচ্ছাস্ত্রপ্রতিপাদিতানাং তত্ত্বানামপি স্বীকার্য্যত্বং স্যাদিত্যাশঙ্ক্যাহ—যস্ত্বিতি। আভাসো বাধ্যত ইত্যর্থঃ ॥ ১৩৫ ॥

---

জ্ঞান সম্ভব হয় না, সুতরাং তাহাদিগের প্রতি উপাসনাই মুখ্যরূপে উক্ত হইয়াছে, তদ্দ্বারাই তাহাদিগের অন্তঃকরণের দোষসকল বিনষ্ট হয়। ১৩১।১৩২।

যাহাদিগের চিত্ত ব্যাকুল নহে, অথচ কেবল মোহ দ্বারা আচ্ছন্ন, তাহাদিগের পক্ষে সাংখ্যশব্দবাচ্য তত্ত্ববিচার সর্ব্বতোভাবে শ্রেষ্ঠ, যেহেতু তদ্দ্বারা শীঘ্র মুক্তিলাভ হয়। ১৩৩।

ভগবদ্গীতায় আছে—সাংখ্যবিচার দ্বারা যে ফলপ্রাপ্তি হয়, যোগ দ্বারাও তাহাই হয়, অতএব সাংখ্য এবং যোগ উভয়কেই যে ব্যক্তি অপৃথক্রূপে জানেন, তিনিই যথার্থ শাস্ত্রের অর্থ জানেন। ১৩৪।

সাংখ্য ও যোগপ্রতিপাদিত তত্ত্বজ্ঞান মুক্তির প্রতি কারণ, ইহা শ্রুতিতেও উক্ত হইয়াছে; কিন্তু যাহা শ্রুতিবিরুদ্ধ, তাহা সাংখ্য ও যোগের আভাস-অর্থাৎ শ্রুতিপ্রতিপাদিত তত্ত্ববিচারই সাংখ্য শব্দের অর্থ এবং শ্রুতিপ্রতিপাদিত উপাসনাই যোগশব্দার্থ; কপিলপ্রণীত সাংখ্যমত বা পতঞ্জলিপ্রণীত যোগমত স্থানে স্থানে শ্রুতিবিরুদ্ধ বলিয়া তাহা প্রকৃত সাংখ্য-যোগ নহে।১৩৫

উপাসনং নাপি পক্কমিহ যস্য পরত্র সঃ।
মরণে ব্রহ্মলোকে বা তত্ত্বং বিজ্ঞায় মুচ্যতে ॥ ১৩৬ ॥
যং যং বাপি স্মরন্ ভাবং ত্যজত্যন্তে কলেবরম্।
তং তমেবৈতি যচ্চিত্তস্তেন যাতীতি শাস্ত্রতঃ ॥ ১৩৭ ॥
অন্ত্যপ্রত্যয়তো নূনং ভাবি জন্ম তথা সতি।
নির্গুণপ্রত্যয়োঽপি স্যাৎ সগুণোপাসনে যথা ॥ ১৩৮ ॥
নিত্যনির্গুণরূপস্তন্নামমাত্রেণ গীয়তাম্।
অর্থতো মোক্ষ এবৈষ সংবাদিভ্রমবন্মতঃ ॥ ১৩৯ ॥

---

নন্বুপাসনং কুর্ব্বাণস্য তত্ত্বজ্ঞানাৎ প্রাপ্তমরণে সতি মোক্ষো ন সিধ্যেদিত্যাশঙ্ক্যাহ— ॥ ১৩৬ ॥

মরণাবসরে জ্ঞানামুক্তিলাভে প্রমাণমাহ—যং যং বাপীতি। যচ্চিত্তস্তেনৈব প্রাণমায়াতি 'প্রাণস্তেজসা যুক্তঃ সহাত্মনা যথা সঙ্কল্পিতং লোকং নয়তী'তি বাক্যাচ্চেত্যর্থঃ ॥ ১৩৭ ॥

নন্বাদৃতাভ্যাং শ্রুতিস্মৃতিবাক্যাভ্যামন্ত্যপ্রত্যয়তো ভাবি জন্মাভিধীয়তে জ্ঞানামুক্তিরিত্যাশঙ্ক্য মুখতস্তথা বিধানমঙ্গীকরোতি—অন্ত্যপ্রত্যয়ত ইতি। কথং তর্হি মরণকালে জ্ঞানাৎ মোক্ষো ভবতীত্যত্রেদং বাক্যদ্বয়ং প্রমাণত্বেন উপন্যস্তমিত্যাশঙ্ক্যাহ—তথা সতীতি। তথা সত্যন্ত্যপ্রত্যয়াৎ ভাবিজন্মনিশ্চয়ে সতি সগুণোপাসকস্য যথা মরণাবসরে পূর্ব্বাভ্যাসবশাৎ সগুণব্রহ্মাকারঃ প্রত্যয়ো জায়তে এবং নির্গুণোপাসকস্যাপি নির্গুণব্রহ্মগোচরঃ প্রত্যয়ো জায়তে জনিষ্যতে ইত্যর্থঃ ॥ ১৩৮ ॥

নমু নির্গুণপ্রত্যয়াভ্যাসবশাৎ নির্গুণব্রহ্মপ্রাপ্তিরেব ভবেৎ ন মুক্তিরিত্যাশঙ্ক্য ব্রহ্মপ্রাপ্তিমুক্ত্যোঃ শব্দমাত্রেণ ভেদো নার্থত ইত্যাহ—নিত্যনির্গুণেতি। তৎ ব্রহ্ম নিত্যমিতি নাম-

---

ইহজন্মে যে ব্যক্তির উপাসনা পরিপক্ক না হয়, মরণকালে অথবা ব্রহ্মলোকপ্রাপ্তির পর তত্ত্বজ্ঞান হয়, অনন্তর তাহার মুক্তি হয়। তদ্বিষয়ে প্রমাণ যথা,—যাহারা অন্তকালে যে যে ভাব স্মরণ করিয়া কলেবর পরিত্যাগ করে, তাহারা তত্তৎ ভাব প্রাপ্ত হয় ( ইহা গীতাবাক্য )। শ্রুতিতেও উক্ত হইয়াছে —যে ব্যক্তি যদ্বিষয়ে একাগ্রচিত্ত হয়, সে তাহাই প্রাপ্ত হয়। ১৩৬।১৩৭।

চরম সময়ের উত্তমাধম জ্ঞান অনুসারে উত্তমাধম গতি হয়, ইহা যদি স্বীকৃত হইল, তবে সগুণ-উপাসকের মরণকালে সগুণ-ব্রহ্মাকারজ্ঞানের ন্যায় নির্গুণ-উপাসকেরও তৎকালে নির্গুণ-ব্রহ্মাকার জ্ঞান হয়, ইহা সিদ্ধ হইল। ১৩৮।

তৎসামর্থ্যাজ্জায়তে ধীর্মূলাবিদ্যানিবর্ত্তিকা।
অবিমুক্তোপাসনেন তারকব্রহ্মবুদ্ধিবৎ ॥ ১৪০ ॥
সোঽকামো (১) নিষ্কাম ইতি হ্যশরীরো নিরিন্দ্রিয়ঃ।
অভয়ং হীতি মুক্তত্বং তাপনীয়ে ফলং শ্রুতম্ ॥ ১৪১ ॥
উপাসনস্য সামর্থ্যাৎ বিদ্যোৎপত্তির্ভবেৎ ততঃ।
নান্যঃ পন্থা ইতি হ্যেতচ্ছাস্ত্রং নৈব বিরুধ্যতে ॥ ১৪২ ॥

---

মাত্রেণোপাস্তাসমর্থত্বেষু মোক্ষ এব স্বরূপাবস্থিতির্মুক্তিরিত্যভিধানাদিতি ভাবঃ। তত্র দৃষ্টান্তমাহ—সংবাদীতি। যথা সংবাদিভ্রমো নামমাত্রেণ ভ্রম ইত্যুচ্যতে বস্তুতস্তু তত্ত্বজ্ঞানমেব তদ্বদিত্যর্থঃ ॥ ১৩৯ ॥

নন্থ নির্গুণোপাসনস্য মানসক্রিয়ারূপস্য মুক্তিসাধনত্বাভিধানং বিরুদ্ধমিত্যাশঙ্ক্য তজ্জন্যজ্ঞানস্য মোক্ষসাধনত্বাভিধানান্ন বিরোধ ইত্যাহ তৎসামর্থ্যাদিতি। তত্র দৃষ্টান্তমাহ—অবিমুক্তেতি। যথা অবিমুক্ত—সগুণব্রহ্মোপাসনসামর্থ্যাত্তারকব্রহ্মবিদ্যা জায়তে এবং নির্গুণোপাসনাৎ নির্গুণব্রহ্মজ্ঞানং জায়তে ইত্যর্থঃ ॥ ১৪০ ॥

নন্থ নির্গুণোপাসনস্য মোক্ষফলমিত্যত্র কিং প্রমাণমিত্যাশঙ্ক্যাহ—সোঽকাম ইতি। "সোঽকাম নিষ্কাম আপ্তকাম আত্মকামো ন তস্য প্রাণা উৎক্রামন্ত্যত্রৈব সমবলীয়ন্তে ব্রহ্মৈব সন্ ব্রহ্মাপ্যেতি অশরীরো নিরিন্দ্রিয়োঽপ্রাণোঽমনাঃ সচ্চিদানন্দমাত্রঃ স স্বরাট্ ভবতি য এবং বেদ, চিন্ময়ো হ্যয়মোঙ্কারশ্চিন্ময়মিদং সর্ব্বং তস্মাৎ পরমেশ্বর এবৈকমেব তদ্ভবত্যেতদমৃতমভয়মেতদ্ব্রহ্মাভয়ং বৈ ব্রহ্ম ভবতি য এবং বেদেতি রহস্যমিত্যাদিবাক্যৈস্তাপনীয়োপনিষদি নির্গুণোপাসনস্য মোক্ষঃ ফলত্বেন শ্রূয়তে ইত্যর্থঃ ॥ ১৪১ ॥

ননূপাসনয়া মুক্তিঃ স্যাচ্চেন্নান্যঃ পন্থা বিদ্যতেঽয়নায়, ইতি শ্রুতিবিরোধ ইত্যাশঙ্ক্য বিদ্যাব্যবধানেন মোক্ষপ্রদত্বাভিধানান্ন বিরোধ ইত্যাহ উপাসনস্যেতি ॥ ১৪২ ॥

---

নিত্য নির্গুণ নামে মাত্র, ফলে কিন্তু তাহা মোক্ষস্বরূপ; যথা সংবাদী ভ্রম, নামমাত্রে ভ্রম, ফলে কিন্তু তত্ত্বজ্ঞানস্বরূপ। ১৩৯।

যদিও মানসক্রিয়ারূপ নির্গুণ-উপাসনাও মুক্তির সাক্ষাৎ কারণ নহে, তথাপি তাহার ফলে অজ্ঞাননিবর্ত্তক জ্ঞান উৎপন্ন হয়, যেমন অবিমুক্ত বারাণসীক্ষেত্রের উপাসনাফলে অন্তকালে তারকব্রহ্ম জ্ঞান হয়, উহাও তদ্রূপ। (নির্গুণ উপাসনার মোক্ষফলবিষয়ে প্রমাণ যথা)—'সোঽকামো নিষ্কাম আপ্তকাম' ইত্যাদি তাপনীয় শ্রুতিবাক্যে নির্গুণোপাসনায় মুক্তি-ফল শ্রুত আছে'। ১৪০।১৪১।

---

(১) "সকাম ইত্যস্মদ্দেশীয়ঃ পাঠঃ।"

নিষ্কামোপাসনান্মুক্তিস্তাপনীয়ে সমীরিতা।
ব্রহ্মলোকঃ সকামস্য শৈব্যপ্রশ্নে সমীরিতঃ ॥ ১৪৩ ॥
য উপাস্তে ত্রিমাত্রেণ ব্রহ্মলোকে স নীয়তে।
স এতস্মাজ্জীবঘনাৎ পরং পুরুষমীক্ষতে ॥ ১৪৪ ॥
অপ্রতীকাধিকরণে তৎক্রতুন্যায় ঈরিতঃ।
ব্রহ্মলোকফলং তস্মাৎ সকামস্যেতি বর্ণিতম্ ॥ ১৪৫ ॥

---

'মরণে ব্রহ্মলোকে বা তত্ত্বং বিজ্ঞায় মুচ্যতে' ইত্যুক্তেঽর্থে শ্রুতিদ্বয়ং প্রমাণয়তি নিষ্কামোপাসনাদিতি ॥ ১৪৩ ॥

তত্র 'সোঽকাম' ইত্যাদি তাপনীয়বাক্যং পূর্ব্বমেবোদাহৃতম্, ইদানীং শৈব-প্রশ্নোপনিষদ্‌বাক্যমর্থতঃ পঠতি—য উপাস্তে ইতি। 'যঃ পুনরেতং ত্রিমাত্রেণোমিত্যেতেনৈবাক্ষরেণ পরং পুরুষমভিধ্যায়ীত সতেজসি সূর্য্যে সম্পন্নো যথা পাদোদরস্ত্বচা বিনির্ম্মুচ্যতে এবং হ বৈ স পাপ্মনা বিনির্ম্মুক্তঃ স সামভিরুন্নীয়তে ব্রহ্মলোকং স এতস্মাজ্জীবঘনাৎ পরং পুরিশয়ং পুরুষমীক্ষতে' ইতি সকামস্য ব্রহ্মলোকপ্রাপ্তিঃ শ্রূয়ত ইত্যর্থঃ। নমু শৈব্যপ্রশ্নে সকামস্য ব্রহ্মলোকগতিরেব প্রতীয়তে ইত্যাশঙ্ক্য তত্র তত্ত্বসাক্ষাৎকারশ্চ শ্রূয়তে ইত্যাহ স এতস্মাদিতি ব্রহ্মলোকং গতঃ স উপাসকঃ এতস্মাৎ জীবঘনাৎ জীবসমষ্টিরূপাৎ হিরণ্যগর্ভাৎ পরম্ উৎকৃষ্টং পুরুষং নিরুপাধিকচৈতন্যরূপং পরমাত্মানমীক্ষতে সাক্ষাৎকরোতীত্যর্থঃ ॥১৪৪॥

কিঞ্চ 'অপ্রতীকালম্বনান্নয়তী'তি বাদারায়ণ 'উভয়থা দোষাৎ তৎ ক্রতুশ্চে'ত্যত্র কামানুসারেণ ফলপ্রাপ্তির্ভবতীতি প্রতিপাদিতং তস্মাদপি সকামস্য ব্রহ্মলোকগতিরিত্যুক্তেত্যাহ অপ্রতীকেতি ॥ ১৪৫ ॥

---

উপাসনার সামর্থ্যবশতঃ মুক্তিজনক জ্ঞান উৎপন্ন হয়, অতএব জ্ঞান ব্যতিরেকে মুক্তির আর উপায়ান্তর নাই—এই যে শাস্ত্রবাক্য, তাহা অসঙ্গত হইল না। এই অভিপ্রায়েই তাপনীয় শ্রুতিতে উক্ত হইয়াছে যে, নিষ্কাম-উপাসনা দ্বারা মুক্তি হয়, আর প্রশ্নোপনিষদে প্রতিপাদিত হইয়াছে যে, সকাম-উপাসনায় সত্যলোকপ্রাপ্তি হয়। ১৪২।১৪৩।

যিনি সকাম হইয়া ত্রিমাত্র ওঙ্কার দ্বারা সগুণ-উপাসনা করেন, তিনি তদ্দ্বারা ব্রহ্মলোকে নীত হন; কিন্তু তিনি তথায় তত্ত্বজ্ঞান লাভ করিয়া কল্পান্তে তদধিপতি ব্রহ্মার সহিত তুরীয় চৈতন্য লাভ করেন অর্থাৎ মুক্ত হন, অতএব অপ্রতীকাধিকরণে যে ন্যায় প্রদর্শিত হইয়াছে, তদ্দ্বারা সকাম ব্যক্তির ব্রহ্মলোকপ্রাপ্তিরূপ ফল নির্ণীত হইয়াছে। ১৪৪।১৪৫।

নির্গুণোপাস্তিসামর্থ্যাৎ তত্র তত্ত্বমবেক্ষতে ।
পুনরাবর্ত্ততে নায়ং কল্পান্তে চ বিমুচ্যতে ॥ ১৪৬ ॥
প্রণবোপাস্তয়ঃ প্রায়ো নির্গুণা এব বেদগাঃ ।
ক্বচিৎ সগুণতাপুক্তা প্রণবোপাসনস্য হি ॥ ১৪৭ ॥
পরাপরব্রহ্মরূপ ওঙ্কার উপবর্ণিতঃ ।
পিপ্পলাদেন মুনিনা সত্যকামায় পৃচ্ছতে ॥ ১৪৮ ॥
এতদালম্বনং জ্ঞাত্বা যো যদিচ্ছতি তস্য তৎ ।
ইতি প্রোক্তং যমেনাপি পৃচ্ছতে নাচিকেতসে ॥ ১৪৯ ॥
ইহ বা মরণে বাস্য ব্রহ্মলোকেঽথবা ভবেৎ ।
ব্রহ্মসাক্ষাৎকৃতিঃ সম্যগুপাসীনস্য নির্গুণম্ ॥ ১৫০ ॥

---

তর্হি সকামস্য তত্ত্বজ্ঞানং কুতো জায়তে ইত্যাশঙ্ক্যাহ নির্গুণেতি । 'ইমং মানবমাবর্ত্তং নাবর্ত্তন্তে ন স পুনরাবর্ত্ততে' 'ন স পুনরাবর্ত্ততে' ইতি 'ব্রহ্মণা সহ তে সর্ব্বে 'ইত্যাদিশ্রুতি-স্মৃতি'সদ্ভাবান্ন তস্য পুনঃ সংসারপ্রাপ্তিঃ কিন্তু মুক্তিরেবেত্যাহ পুনরিতি ॥ ১৪৬ ॥

ইদানীং প্রণবোপাসনপ্রসঙ্গাৎ বুদ্ধিস্থং তদ্দ্বৈবিধ্যং দর্শয়তি—প্রণবেতি ॥ ১৪৭ ॥

দ্বৈবিধ্যে প্রমাণমাহ পরাপরেতি । 'এতদ্বৈ সত্যকামঃ পরঞ্চাপরঞ্চ ব্রহ্ম যদোঙ্কারস্তস্মাদ্-বিদ্বানেতেনৈবায়তনেনৈকতরমন্বেতী'ত্যুভয়রূপত্বং প্রতিপাদিতমিত্যর্থঃ ॥ ১৪৮ ॥

কঠবল্ল্যাং যমেনাপি 'এতদালম্বনং জ্ঞাত্বে'ত্যাদিনা দ্বৈবিধ্যমুক্তমিত্যাহ এতদিতি ॥ ১৪৯ ॥

উক্তমর্থমুপসংহরতি ইহ বেতি ॥ ১৫০ ॥

---

নির্গুণ-উপাসনার সামর্থ্যবশতঃ ব্রহ্মলোকপ্রাপ্তির পর তথায় তত্ত্বজ্ঞান হয় এবং কল্পান্তে তিনি ( ব্রহ্মার সহিত ) মুক্ত হন, তাঁহার আর ইহলোকে পুনরাবৃত্তি হয় না। প্রাণের উপাসনা প্রায় নির্গুণরূপেই সর্ব্বত্র উক্ত হইয়াছে ;—ক্বচিৎ তাহার সগুণত্বও কথিত হইয়াছে। ১৪৬।১৪৭।

ওঙ্কার যে পরব্রহ্ম ও অপরব্রহ্মস্বরূপ ইহা প্রশ্নকর্ত্তা সত্যকাম ঋষিকে পিপ্পলাদ ঋষি উপদেশ করিয়াছেন, এবং এই আলম্বনস্বরূপ ওঁকারকে জানিয়া ইহার উপাসনা করত পরব্রহ্ম অপরব্রহ্ম যে ব্যক্তি যাহা প্রার্থনা করে, সে তাহাই প্রাপ্ত হয়, ( ইহা কঠোপনিষদে ) যম প্রশ্নকর্ত্তা নচিকেতার প্রতি উপদেশ করিয়াছেন। ১৪৮।১৪৯।

নির্গুণ-উপাসক ব্যক্তির, ইহলোকেই হউক বা মৃত্যুকালেই হউক অথবা

অর্থোহয়মাত্মগীতায়ামপি স্পষ্টমুদীরিতঃ।
বিচারাক্ষম আত্মানমুপাসীতেতি সন্ততম্ ॥ ১৫১ ॥
সাক্ষাৎকর্তুমশক্তোঽপি চিন্তয়েন্মামশঙ্কিতঃ।
কালেনানুভবারূঢ়ো ভবেয়ং ফলিতো ধ্রুবম্ ॥ ১৫২ ॥
যথাগাধনিধের্লব্ধৌ নোপায়ঃ খননং বিনা।
মল্লাভেঽপি তথা স্বাত্মচিন্তাং মুক্ত্বা ন চাপরঃ ॥ ১৫৩ ॥
দেহোপলমপাকৃত্য বুদ্ধিকুদ্দালকাৎ পুনঃ।
খাত্বা মনোভুবং ভূয়ো গৃহ্ণীয়ান্মাং নিধিং পুমান্ ॥ ১৫৪ ॥
অনুভূতেরভাবেঽপি ব্রহ্মাস্মীত্যেব চিন্ত্যতাম্।

বিচারা.. তত্ত্বজ্ঞানসম্পাদনাসমর্থস্য নির্গুণব্রহ্মধ্যানেঽধিকার ইত্যয়মর্থ আত্মগীতায়াং সম্যগভিহিত ইত্যাহ অর্থ ইয়মিতি ॥ ১৫১ ॥

আত্মগীতাবাক্যান্যেবোদাহরতি সাক্ষাৎকর্তুমিতি ॥ ১৫২ ॥

ধ্যানস্য সম্যগ্‌জ্ঞানোপায়ত্বে দৃষ্টান্তমাহ যথেতি। দার্ষ্টান্তিকে যোজয়তি মল্লাভে-ঽপীতি ॥ ১৫৩ ॥

ব্যতিরেকেণোক্তমর্থমন্বয়মুখেনাহ—দেহোপলমিতি ॥ ১৫৪ ॥

জ্ঞানেঽসমর্থস্য ধ্যানেঽধিকার ইত্যত্র বাক্যান্তরং পঠতি অনুভূতেরিতি। ধ্যানাদ্ধি

ব্রহ্মলোকেই হউক, পরব্রহ্মের অপরোক্ষ জ্ঞান হইবেই; অতএব বিচারে অক্ষম ব্যক্তি সতত আত্মার উপাসনা করিবে, ইহা আত্মগীতাতে স্পষ্টরূপে উক্ত হইয়াছে। ১৫০।১৫১।

যে ব্যক্তি আমাকে সাক্ষাৎ জানিতে অসমর্থ হন, তিনি শঙ্কারহিত হইয়া আমাকে চিন্তা করিবেন, পরে ক্রমশঃ সেই চিন্তায় দৃঢ়তা হইলে, যথাকালে আমি ফলদাতারূপে তাঁহার সাক্ষাৎ-অনুভবারূঢ় হইব। যেমন অগাধ-খনিস্থিত রত্ন-সংগ্রহে খনন ব্যতিরেকে উপায়ান্তর নাই, তদ্রূপ আত্মচিন্তা ব্যতিরেকে আমাকে সাক্ষাৎ করিবার উপায়ান্তর নাই। ১৫২।১৫৩।

মনোরূপ ভূমি হইতে দেহরূপ প্রস্তরখণ্ড অপাকৃত করিয়া মার্জ্জিত বুদ্ধি-রূপ কুদ্দালক দ্বারা পুনঃপুনঃ মনোভূমি খনন করিতে করিতে মুমুক্ষু পুরুষ খনিস্থিত রত্নস্বরূপ আমাকে প্রাপ্ত হইবে। ১৫৪।

যাহার পরব্রহ্মসাক্ষাৎকারে অধিকার হয় নাই, তাহার 'আমিই পরব্রহ্ম'—

অপ্যসৎ প্রাপ্যতে ধ্যানাৎ নিত্যাপ্তং ব্রহ্ম কিং পুনঃ ॥১৫৫॥
অনাত্মবুদ্ধিশৈথিল্যাং ফলং ধ্যানাদ্ দিনে দিনে।
পশ্যন্নপি ন চেৎ ধ্যায়েৎ কোঽপরোঽস্মাৎ পশুর্ব্বদ ॥১৫৬
দেহাভিমানং বিধ্বস্য ধ্যানাদাত্মানমদ্বয়ম্।
পশ্যন্ মর্ত্ত্যোঽমৃতো ভূত্বা হ্যত্র ব্রহ্ম সমশ্নুতে ॥ ১৫৭ ॥
ধ্যানদীপমিমং সম্যক্ পরামৃশতি যো নরঃ।
মুক্তসংশয় এবায়ং ধ্যায়তি ব্রহ্ম সন্ততম্ ॥ ১৫৮ ॥

ইতি ধ্যানদীপঃ সমাপ্তঃ।

---

ব্রহ্মপ্রাপ্তৌ কৈমুতিকন্যায়মাহ অপ্যসদিতি। উপাসকস্য পূর্ব্বমবিদ্যমানমপি দেবত্বাদিকং ধ্যানাৎ প্রাপ্যতে। কল স্বরূপত্বেন নিত্যপ্রাপ্তং সর্ব্বাত্মকং ব্রহ্ম ধ্যানাৎ প্রাপ্যতে ইতি কিমুক্ত বক্তব্যমিত্যর্থঃ ॥ ১৫৫ ॥

ব্রহ্মধ্যানফলস্য প্রত্যক্ষসিদ্ধত্বাদপি ধ্যানং কর্ত্তব্যমিত্যাহ অনাত্মেতি ॥ ১৫৬ ॥

ইদানীমুপপাদিতমর্থং সঙ্ক্ষিপ্য দর্শয়তি—দেহাভিমানমিতি। মরণশীলে দেহেঽহম্ ইত্যভিমানপরিত্যাগাৎ স্বয়মমৃতো ভূত্বা অত্রাস্মিন্নেব শরীরে স্বস্য নিজং স্বরূপং সদানন্দ-চিদ্রূপং ব্রহ্ম প্রাপ্নোতীত্যর্থঃ ॥ ১৫৭ ॥

ধ্যানদীপানুসন্ধানফলমাহ—ধ্যানদীপমিতি ॥ ১৫৮ ॥

ইতি ধ্যানদীপব্যাখ্যা সমাপ্তা ॥

---

এই প্রকার চিন্তা করা কর্ত্তব্য, যেহেতু অত্যন্ত অসৎ পদার্থ দেবভাবাদি যখন ধ্যান দ্বারা প্রাপ্ত হওয়া যায়, তখন তদ্দ্বারা নিত্য-সিদ্ধ পরব্রহ্মপ্রাপ্তি কেন না হইবে? অনাত্মজ্ঞান ধ্যান দ্বারা ক্রমশঃ অপনীত হয়, এইরূপ ফল দেখিয়াও যে ব্যক্তি ধ্যান না করে, তাহা অপেক্ষা পশু আর কে আছে? ১৫৫।১৫৬।

দেহে অভিমান পরিত্যাগ করিয়া ধ্যান দ্বারা অদ্বয় আত্মাকে প্রত্যক্ষ করিয়া জীবসকল অমৃত হয়, এবং ইহলোকে ব্রহ্মানন্দ উপভোগ করে। যে ব্যক্তি এই ধ্যানদীপনামক প্রকরণের অর্থ সম্যকরূপে হৃদয়ঙ্গম করেন, তিনি নিঃসংশয় হইয়া নিরন্তর ব্রহ্ম ধ্যান করেন। ১৫৭।১৫৮।

ইতি ধ্যানদীপ-নামক নবম পরিচ্ছেদ সমাপ্ত। ৯ ॥

# দশম পরিচ্ছেদঃ।

## নাটকদীপঃ।

পরমাত্মাদ্বয়ানন্দপূর্ণঃ পূর্ব্বং স্বমায়য়া ॥
স্বয়মেব জগদ্ ভূত্বা প্রাবিশজ্জীবরূপতঃ ॥ ১ ॥
বিষ্ণ্বা * দ্যুত্তমদেহেষু প্রবিষ্টো দেবতাভবৎ।
মর্ত্যাদ্যধমদেহেষু স্থিতো ভজতি মর্ত্যতাম্ ॥ ২ ॥
অনেকজন্মভজনাৎ স্ববিচারং চিকীর্ষতি।

---

নত্বা শ্রীভারতীতীর্থবিদ্যারণ্যমুনীশ্বরৌ।
অর্থো নাটকদীপস্য ময়া সংক্ষিপ্য বর্ণ্যতে ॥

চিকীর্ষিতস্য গ্রন্থস্য নিষ্প্রত্যূহপরিপূরণায়াভিমতদেবতাতত্ত্বানুস্মরণলক্ষণং মঙ্গলমাচরন্ মন্দাধিকারিণামনায়াসেন নিষ্প্রপঞ্চব্রহ্মাত্মতত্ত্বপ্রতিপত্তিসিদ্ধয়ে 'অধ্যারোপাপবাদাভ্যাং নিষ্প্রপঞ্চং প্রপঞ্চ্যতে শিষ্যাণাং বোধসিদ্ধ্যর্থং তত্ত্বজ্ঞৈঃ কল্পিতঃ ক্রমঃ।' ইতি ন্যায়মনুসৃত্যাত্মন্যধ্যারোপং তাবদাহ পরমাত্মেতি। পূর্ব্বং সৃষ্টেঃ প্রাক্ অদ্বয়ানন্দপূর্ণঃ 'সদেব সৌম্যেদমগ্র আসীৎ একমেবাদ্বিতীয়ং বিজ্ঞানমানন্দং ব্রহ্ম পূর্ণমদঃ পূর্ণমিত্যাদিশ্রুতিপ্রসিদ্ধঃ স্বগতাদিভেদশূন্যঃ পরমানন্দরূপঃ পরিপূর্ণঃ পরাত্মা স্বমায়য়া 'মায়ান্তু প্রকৃতিং বিদ্যান্মায়িনন্তু মহেশ্বর'-মিতি শ্রুত্যুক্তয়া স্বনিষ্ঠয়া মায়াশক্ত্যা স্বয়মেব জগদ্ভূত্বা 'তদাত্মানং স্বয়মকুরুত সচ্চ ত্যচ্চাভবদি'ত্যাদি শ্রুতেঃ স্বয়মেব জগদাকারতাং প্রাপ্য জীবরূপতঃ প্রাবিশৎ 'তৎ সৃষ্ট্বা তদেবানুপ্রাবিশৎ অনেন জীবেনাত্মনানুপ্রবিশ্য' ইত্যাদিশ্রুতের্জীবরূপেণ প্রবিষ্টবানিত্যর্থঃ ॥ ১॥

নন্ু পরমাত্মন এব একস্য সর্ব্বশরীরেষু প্রবিষ্টত্বেন পূজ্যপূজকাদিভাবেন প্রতীয়মানউত্তমাদিভাবো বিরুধ্যেতেত্যাশঙ্ক্যাহ—বিষ্ণ্বাদীতি। নায়ং স্বাভাবিক উত্তমাধমভাবঃ কিন্তু শরীরোপাধিনিবন্ধনোঽতো ন বিরোধ ইতি ভাবঃ ॥ ২ ॥

ইত্থমাত্মন্যধ্যারোপং সংক্ষেপেণ প্রদর্শ্য সমাধানং তদপবাদং সঙ্ক্ষিপ্য দর্শয়তি অনেকেতি।

---

এই জগৎ সৃষ্টির পূর্বে কেবল অদ্বিতীয় পরিপূর্ণ আনন্দস্বরূপ একমাত্র পরমাত্মা ছিলেন, তিনি স্বয় ইচ্ছামাত্রে মায়া দ্বারা এই জগৎস্বরূপ হইয়া জীবরূপে তাহাতে প্রবেশ করিয়াছেন। ১।

দেবতাদির উত্তম শরীরে প্রবেশ করত স্বয়ং দেবতা হইয়াছেন, এবং মর্ত্যাদির অধম শরীর সৃষ্টি করিয়া তাহাতে প্রবেশপূর্ব্বক মোহবশতঃ

---

(১) "ব্রহ্ম" ইত্যস্মদ্দেশীয়ঃ পাঠঃ।

বিচারেণ বিনষ্টায়াং মায়ায়াং শিষ্যতে স্বয়ং ॥ ৩ ॥
অদ্বয়ানন্দরূপস্য সদ্বয়ত্বঞ্চ দুঃখিতা ।
বন্ধঃ প্রোক্তঃ স্বরূপেণ স্থিতির্মুক্তিরিতীর্য্যতে ॥ ৪ ॥
অবিচারকৃতো বন্ধো বিচারেণ নিবর্ত্ততে ।
তস্মাজ্জীবপরাত্মানৌ সর্ব্বদৈব বিচারয়েৎ ॥ ৫ ॥
অহমিত্যভিমন্তা যঃ কর্ত্তাসৌ তস্য সাধনম্ ।
মনস্তস্য ক্রিয়ে অন্তর্বহির্বৃত্তী ক্রমোত্থিতে ॥ ৬ ॥

---

অনেকজন্মভজনাদনেকেষু জন্মসু অনুষ্ঠিতানাং কর্ম্মণাং ব্রহ্মণে সমর্পণরূপাৎ স্ববর্ণরং প্রত্যাত্মনো ব্রহ্মরূপস্য জ্ঞানসাধনং শ্রবণাদিকং চিকীর্ষিত কর্ত্তুমিচ্ছতি ততঃ স্ববিচারেণ বিচারজনিতজ্ঞানেন মায়ায়াঃ স্বস্বাদ্বয়ানন্দতাদিরূপাচ্ছাদিকায়াম্ অজ্ঞানাবিদ্যাদিশব্দবাচ্যায়াং বিনষ্টায়াং সত্যাং স্বয়মদ্বয়ানন্দপূর্ণঃ পরমাত্মৈবাবশিষ্যতে ॥ ৩ ॥

নন্বু 'তদ্ব্রহ্মাহমিতি জ্ঞাত্বা সর্ব্ববন্ধৈঃ প্রমুচ্যতে' ইত্যাদিশ্রুতিভির্বন্ধনিবৃত্তিলক্ষণস্য মোক্ষস্য জ্ঞানফলত্বাভিধানাৎ পরমাত্মবিশেষণস্য তৎফলত্বাভিধানমনুপপন্নমিত্যাশঙ্ক্যাহ অদ্বয়েতি। অদ্বিতীয়ে ব্রহ্মণি বাস্তবস্য বন্ধস্য মোক্ষস্য বা দুর্নিরূপত্বাৎ দুঃখিত্বাদিভ্রম এব বন্ধঃ স্বরূপাবস্থিতিলক্ষণঃ তন্নিবৃত্তিরেব মোক্ষ অতো ন শ্রুতিবিরোধ ইতি ভাবঃ ॥ ৪ ॥

নন্বু 'কর্ম্মণৈব হি সংসিদ্ধিমাস্থিতা জনকাদয়' ইতি স্মৃতের্মোক্ষস্য কর্ম্মসাধনত্বাবগমাৎ কিমনেন বিচারজনিতজ্ঞানেনেত্যত আহ অবিচারেতি। বিচারপ্রাগভাবোপলক্ষিতাজ্ঞান কৃতস্য বন্ধস্য ন বিচারজন্যজ্ঞানাদন্যতো নিবৃত্তিরুপপদ্যতে উদাহৃতস্মৃতৌ চ সংসিদ্ধশব্দেন চিত্তশুদ্ধিরেবাভিধীয়তে ন মোক্ষ ইতি ভাবঃ। বিচারেণ বন্ধনিবৃত্তিরুক্তা কিংবিষয়ে বিচারেণেত্যত আহ তস্মাদিতি। তত্ত্বসাক্ষাৎকারপর্য্যন্তঃ সর্ব্বদা বিচারং কুর্য্যাদিত্যর্থঃ ॥ ৫ ॥

তত্র জীবস্বরূপং তাবন্নিরূপয়তি অহমিতি। যশ্চিদাভাসবি শিষ্ট ...

---

দেব তাঁহাদিগের উপাসক হইয়াছেন। অনেক জন্ম উপাসনা করিলে আত্মতত্ত্ব-বিচারে ইচ্ছা হয়, পশ্চাৎ বিচার দ্বারা মায়া বিনষ্ট হইলে, স্বয়ং নিত্যশুদ্ধরূপে অবস্থিত হন। ২।৩।

অদ্বিতীয় আনন্দস্বরূপ পরমাত্মার যে সদ্বিতীয়ত্ব ও দুঃখিত্ব জ্ঞান হয়, তাহাকে বন্ধ বলা যায়, আর যথার্থ স্বরূপে যে অবস্থিতি, তাহাকে মোক্ষ বলা যায়। অবিচারজনিত সেই বন্ধ বিচার দ্বারা নিবর্ত্তিত হয়, অতএব জীব ও পরমাত্মা বিষয়ে বিচার সর্ব্বদাই কর্ত্তব্য। ৪।৫।

'অহং'রূপে যাহার পরিচয় তিনি কর্ত্তা, তাঁহার কার্য্য সিদ্ধির উপায় মন,

অন্তর্ম্মুখাহমিত্যেষা বৃত্তিঃ কর্ত্তারমুল্লিখেৎ।
বহির্ম্মুখেদমিত্যেষা বাহ্যং বস্ত্বিদমুল্লিখেৎ ॥ ৭ ॥
ইদমো যে বিশেষাঃ স্যুর্গন্ধরূপরসাদয়ঃ।
অসাঙ্কর্য্যেণ তান্ ভিন্দ্যাদ্ ঘ্রাণাদীন্দ্রিয়পঞ্চকম্ ॥ ৮ ॥
কর্ত্তারঞ্চ ক্রিয়াং তদ্বদ্ ব্যাবৃত্তবিষয়ানপি।
স্ফোরয়েদেকযত্নেন যোঽসৌ সাক্ষ্যত্র চিদ্বপুঃ ॥ ৯ ॥
ঈক্ষে শৃণোমি জিঘ্রামি স্বাদয়ামি স্পৃহাম্যহম্।

---

দেহাদাবহমিত্যভিমন্যতে অসৌ কর্ত্তা কর্তৃত্বাদিধর্ম্মবিশিষ্টো জীব ইত্যর্থঃ তস্য কিং করণমিত্যপেক্ষায়ামাহ তস্যেতি। কামাদিবৃত্তিমানন্তঃকরণভাগো মনঃ। করণস্য ক্রিয়াব্যাপ্তত্বাৎ তৎক্রিয়াং দর্শয়তি তস্য ক্রিয়ে ইতি ॥ ৬ ॥

অনয়োরন্তর্ব্বহির্বৃত্ত্যোঃ স্বরূপং বিষয়ঞ্চ বিবিচ্য দর্শয়তি—অন্তর্ম্মুখেতি। ইদমিত্যেষেতি বহির্বৃত্তেঃ স্বরূপাভিনয়ঃ অবশিষ্টেন বিষয়প্রদর্শনং বাহ্যং দেহাদ্‌বহির্ব্বর্ত্তমানমিদন্তয়া নির্দিশ্যমানং বস্তু উল্লিখেৎ বিষয়ীকুর্য্যাদিত্যর্থঃ ॥ ৭ ॥

নন্ মনসৈব সর্ব্বব্যবহারসিদ্ধৌ চক্ষুরাদের্ব্বৈয়র্থ্যং প্রসজ্জেত ইত্যাশঙ্ক্যাহ ইদম ইতি মনসেদমিতি সামান্যমাত্রং গৃহ্যতে ন তু তদ্বিশেষো গন্ধাদিঃ অতস্তদ্‌গ্রহণে ঘ্রাণাদিকমুপযুজ্যত ইত্যর্থঃ ॥ ৮ ॥

এবং সোপকরণং জীবস্বরূপং নিরূপ্য পরমাত্মানং নিরূপয়তি কর্ত্তারমিতি কর্ত্তারং পূর্ব্বোক্তমহঙ্কাররূপং ক্রিয়ামহমিদমাত্মকমনোবৃত্তিরূপাং, ব্যাবৃত্তবিষয়ানপি ব্যাবৃত্তানন্যোন্যবিলক্ষণান্ ঘ্রাণাদিগ্রাহ্যান্ গন্ধাদীন্ বিষয়াংশ্চ একযত্নেন যুগপদেব যশ্চিদ্বপুঃ চিদ্রূপ এব সন্ স্ফোরয়েৎ প্রকাশয়েৎ অসাবত্র বেদান্তশাস্ত্রে সাক্ষীত্যুচ্যত ইত্যর্থঃ ॥ ৯ ॥

---

তাঁহার ক্রমোৎপন্ন বৃত্তি দুইটী ;—অন্তর্ব্বৃত্তি এবং বাহ্য বৃত্তি। মনের 'অহং' এইরূপ জ্ঞানই অন্তর্ব্বৃত্তি ; কর্ত্তাই সেই বৃত্তির বিষয়। 'ইদং' এইরূপ জ্ঞানই বহির্বৃত্তি ; বাহ্য বস্তুই তাহার বিষয়। ৬।৭।

'ইদং' প্রত্যয়দ্বারা সামান্যরূপে বিষয়ীকৃত বস্তুর বিশেষস্বরূপ গন্ধ, রূপ, রস, শব্দ এবং স্পর্শ ;—তাহাদিগের প্রত্যেককে পৃথক্ পৃথক্ করিয়া উপলব্ধি করিবার উপায় ঘ্রাণাদি পঞ্চ ইন্দ্রিয়। এই কর্ত্তা জীব মনোবৃত্তি, ক্রিয়া, এবং গন্ধাদি বিষয় ; এ সমুদয় এককালে যিনি প্রকাশিত করেন, সেই চিন্ময়ই বেদান্তশাস্ত্রে 'সাক্ষী' বলিয়া কথিত। ৮।৯।

সেই সাক্ষীই,—আমি দর্শন করিতেছি, শ্রবণ করিতেছি, ঘ্রাণ লইতেছি,

ইতি ভাসয়তে সর্ব্বং নৃত্যশালাস্থদীপবৎ ॥ ১০ ॥

নৃত্যশালাস্থিতো দীপঃ প্রভুং সভ্যাংশ্চ নর্ত্তকীম্।
দীপয়েদবিশেষেণ তদভাবেঽপি দীপ্যতে ॥ ১১ ॥

অহঙ্কারং ধিয়ং সাক্ষী বিষয়ানপি ভাসয়েৎ।
অহঙ্কারাদ্যভাবেঽপি স্বয়ং ভাত্যেব পূর্ব্ববৎ ॥ ১২ ॥

নিরন্তরং ভাসমানে কূটস্থে জ্ঞপ্তিরূপতঃ।
তদ্ভাসা ভাস্যমানেয়ং বুদ্ধির্নৃত্যত্যনেকধা। ১৩ ॥

---

সাক্ষিণ একত্বেন সর্ব্বস্ফোরকত্বমভিনয় দর্শয়তি ঈক্ষ ইতি। ঈক্ষে রূপমহং পশ্যামি ইত্যেবং দ্রষ্টৃদর্শনদৃশ্যলক্ষণাং ত্রিপুটীমেকত্বেন ভাসয়তে এবং শৃণোমীত্যাদাবপি যোজ্যম্। যুগপদবিকারত্বেনানেকাবভাসকত্বে দৃষ্টান্তমাহ নৃত্যেতি ॥ ১০ ॥

দৃষ্টান্তং স্পষ্টয়তি নৃত্যশালাস্থিত ইতি। অবিশেষেণ প্রভ্বাদিবিষয়বিশেষাবভাসনায় স্বাভিবিকারমন্তরেণ ইতি যাবৎ ॥ ১১ ॥

দার্ষ্টান্তিকে যোজয়তি অহঙ্কারমিতি। সুষুপ্ত্যাদাবহঙ্কারাদ্যভাবেঽপি তৎসাক্ষিতয়া ভাত্যেব ইত্যর্থঃ ॥ ১২ ॥

নন্বু প্রকাশরূপায়া বুদ্ধেরেবাহঙ্কারাদিসর্ব্ববস্ত্ববভাসকত্বসম্ভবাৎ কিন্তদতিরিক্তসাক্ষিকল্পনয়েত্যাশঙ্ক্যাহ নিরন্তরমিতি। কূটস্থে নির্ব্বিকারে সাক্ষিণি জ্ঞপ্তিরূপতঃ স্বপ্রকাশচৈতন্যরূপতয়া নিরন্তরং ভাসমানে সদা স্ফুরতি সতীয়ং বুদ্ধিস্তদ্ভাসা তস্য সাক্ষিণঃ স্বরূপচৈতন্যস্য ভাসা দীপ্ত্যা ভাস্যমানা (১) প্রকাশ্যমানেবানেকধা ঘটোঽয়ং পটোঽয়মিত্যাদিজ্ঞানাকারেণ নৃত্যতি বিক্রিয়তে। অয়ং ভাবঃ—যতো বুদ্ধের্বিকারিতয়া জড়ত্বাৎ স্বতঃ স্ফূর্ত্তিরাহিত্যম্ অতস্তদরিক্তঃ সর্ব্বাবভাসকঃ সাক্ষী অভ্যুপগন্তব্য ইতি ॥ ১৩ ॥

---

স্বাদগ্রহণ করিতেছি এবং স্পর্শ করিতেছি, এই অনুব্যবসায়রূপে সকলই প্রকাশিত করেন;—সাক্ষী ঠিক যেন নৃত্যশালাস্থিত দীপ। নৃত্যশালাস্থিত দীপ গৃহস্বামী, সভ্যগণ এবং নর্ত্তকী এ সকলকেই সমান ভাবে এককালে প্রকাশ করে, এবং তাহাদিগের অভাবেও স্বয়ং প্রদীপ্ত থাকে। দেখ, সাক্ষীও 'অহং'প্রত্যয়সিদ্ধ কর্ত্তা, ইন্দ্রিয়বৃত্তি ও বুদ্ধিবৃত্তি এবং বিষয় এ সমুদায়কেই প্রকাশিত করেন, ইহাদের অভাবেও স্বয়ং পূর্ব্ববৎ দীপ্যমান থাকেন। ১০—১২।

কূটস্থ স্বপ্রকাশ চৈতন্যরূপে নিরন্তর প্রকাশিত থাকাতে, তদ্দ্বারা প্রকাশিত

---

(১) 'স্বরূপচৈতন্যেন ভাসমানা" ইতি মুদ্রিত পুস্তক পাঠঃ।

অহঙ্কারঃ প্রভুঃ সভ্যা বিষয়া নর্ত্তকী মতিঃ।
তালাদিধারীণ্যক্ষাণি দীপঃ সাক্ষ্যবভাসকঃ ॥ ১৪ ॥
স্বস্থানসংস্থিতো দীপঃ সর্ব্বতো ভাসয়েদ্‌যথা।
স্থিরস্থায়ী তথা সাক্ষী বাহিরন্তঃ প্রকাশয়েৎ ॥ ১৫ ॥
বহিরন্তর্বিভাগোঽয়ং দেহাপেক্ষো ন সাক্ষিণি।
বিষয়া বাহ্যদেশস্থা দেহস্যান্তরহঙ্কৃতিঃ ॥ ১৬ ॥
অন্তস্থা ধীঃ সহৈবাক্ষৈর্ব্বহির্যাতি পুনঃপুনঃ।
ভাস্যবুদ্ধিস্থচাঞ্চল্যং সাক্ষিণ্যারোপ্যতে বৃথা। ১৭ ॥

উক্তমর্থং শ্রোতৃবুদ্ধিসৌকর্য্যায় নাটকত্বেন নিরূপয়তি অহঙ্কার ইতি। বিষয়ভোগসাকল্য-বৈকল্যাভিমানপ্রযুক্তহর্ষবিষাদবত্ত্বাৎ ভূপালসমানপ্রভুতুল্যস্যাহঙ্কারস্য পরিসরবর্ত্তিত্বেঽপি বিষয়াণাং তদ্রাহিত্যাৎ সভ্যপুরুষসাম্যং নানাবিধবিকারবত্ত্বান্নর্ত্তকীসাম্যা ধিয়ঃ ধীবিক্রিয়াণাম্ অনুকূলব্যাপারকত্বাৎ তালাদিধারিসমানত্বম্ ইন্দ্রিয়াণাম্ এতৎ সর্ব্বাবভাসকত্বাৎ সাক্ষিণো দীপসাদৃশ্যমিতি দ্রষ্টব্যম্ ॥ ১৪ ॥

ননু সাক্ষিণোঽপ্যহঙ্কারাদ্যবভাসকত্বে তেন তেন সম্বন্ধাপগমাগমরূপবিকারিত্বং স্যাদিত্যা-শঙ্ক্যাহ স্বস্থানেতি। দীপো যথা গমনাদিবিকারশূন্যঃ স্বদেশেঽবস্থিত এব সন্ স্বসন্নিহিত-সকলপদার্থানবভাসয়তি এবং সাক্ষ্যপীতি ভাবঃ ॥ ১৫ ॥

ননু সাক্ষিণো বাহিরন্তরবভাসকত্বমনুপপন্নম্ 'অপূর্ব্বমনপরমনন্তরমবাহ্য'মিতি শ্রুত্যা তস্য বাহ্যান্তরবিভাগাভাবাভিধানাৎ ইত্যাশঙ্ক্যাহ বহিরন্তরিতি। কস্য বাহ্যত্বং কস্য চান্তরত্ব-মিত্যত আহ বিষয়া ইতি ॥ ১৬ ॥

হইয়া বুদ্ধি, নানা প্রকার নৃত্য করিয়া থাকে। অহঙ্কার গৃহস্বামিস্বরূপ, বিষয়-সকল সভ্যস্বরূপ, বুদ্ধি নর্ত্তকীস্বরূপ, ইন্দ্রিয়সকল বাদ্যকরস্বরূপ, এবং সাক্ষী চৈতন্য দীপস্বরূপ। ১০।১৪।

যেমন রঙ্গশালাস্থিত দীপ স্বয়ং একস্থানে থাকিয়াও তদ্‌গৃহের সর্ব্বাংশ সমান প্রকাশ করে, তদ্রূপ সাক্ষী চৈতন্য স্থিরভাবে অবস্থিতি করিয়াও অন্তর্বাহ্য এককালে প্রকাশ করেন। এস্থলে অন্তর্ব্বাহ্য-বিভাগ দেহ লই-য়াই জানিবে। বিষয়সকল দেহের বাহিরে, অহঙ্কার দেহের অন্তরে অব-স্থিত হয়। ১০।১৬।

গৃহান্তরাগতঃ স্বল্পো গবাক্ষাদাতপোঽচলঃ।
তত্র হস্তে নর্ত্ত্যমানে নৃত্যতীবাতপো যথা॥ ১৮॥
নিজস্থানস্থিতঃ সাক্ষী বহিরন্তর্গমাগমৌ।
অকুর্ব্বন্ বুদ্ধিচাঞ্চল্যাৎ করোতীব তথা তথা॥ ১৯॥
ন বাহ্যো নান্তরঃ সাক্ষী বুদ্ধের্দেশৌ হি তাবুভৌ।
বুদ্ধ্যাদ্যশেষসংশান্তৌ যত্র ভাত্যস্তি তত্র সঃ॥ ২০॥

---

ননু 'স্থিরস্থায়ী তথা সাক্ষী বহিরন্তঃ প্রকাশয়েৎ' ইত্যবিকারিণঃ স্বতো বহিরন্তরবভাসকত্বোক্তিরযুক্তা অহং ঘটং পশ্যামীত্যত্র অহমিত্যন্তরহঙ্কারসাক্ষিত্বয়ার্থমন্তোঽবভাসকত্বান্তরং ঘটং পশ্যামি ইতি ঘটাকারবৃত্তিস্ফুরণরূপেণ বহির্নির্গমানুভবাৎ ইত্যাশঙ্ক্যাহ অন্তঃস্থেতি। দৃষ্টগ্রাহকত্বেন দেহান্তরবস্থিতা বুদ্ধী রূপাদিগ্রহণায় চক্ষুরাদিদ্বারা ভূয়ো নির্গচ্ছতি তথা চ তন্নিষ্ঠং চাঞ্চল্যং তদ্ভাসকে সাক্ষিণ্যারোপ্যতে অতো ন বাস্তবং সাক্ষিণশ্চাঞ্চল্যমিতি ভাবঃ॥ ১৭॥

ভাসকে ভাস্যচাঞ্চল্যারোপঃ ক দৃষ্ট ইত্যাশঙ্ক্যাহ গৃহান্তরেতি। গবাক্ষাৎ গৃহান্তরাগতঃ স্বল্প আতপোঽচল এব বর্ত্ততে তত্র তস্মিন্নাতপে পুরুষেণ হস্তে নর্ত্ত্যমানে ইতস্ততশ্চাল্যমানে যথা আতপো নৃত্যতীব চলতীব লক্ষ্যতে ন তু চলতীত্যর্থঃ॥ ১৮॥

দার্ষ্টান্তিকমাহ নিজস্থানেতি॥ ১৯॥

নিজস্থানস্থিত ইত্যনেন কিং বাহ্যাদিদেশস্থিতত্বমেবোচ্যতে? নেত্যাহ ন বাহ্য ইতি। তত্র হেতুমাহ বুদ্ধেরিতি। তর্হি কিং বিবক্ষিতমিত্যত আহ বুদ্ধ্যাদীতি। আদিশব্দেন ইন্দ্রিয়াদয়ো গৃহ্যন্তে। সংশান্তিশব্দেন তৎপ্রতীত্যুপরতির্ব্বিবক্ষিতা॥ ২০॥

---

বুদ্ধি স্বয়ং শরীরের অন্তরস্থ হইয়াও, ইন্দ্রিয়গণের সহিত পুনঃপুনঃ বাহিরে গমন করিয়া থাকে, সাক্ষিচৈতন্যপ্রকাশ্য সেই বুদ্ধির চাঞ্চল্য স্বভাবকে লোকে সাক্ষী চৈতন্যে বৃথা আরোপ করে, বস্তুতঃ সাক্ষী চৈতন্য স্থিরস্বভাব, তাহার কোন প্রকার চাঞ্চল্য হয় না। ১৭।

যেমন গবাক্ষদ্বার দিয়া গৃহমধ্যপ্রবিষ্ট আতপ স্থিরভাবে থাকিলেও যদি সেই গবাক্ষদ্বারে হস্তচালনা করা যায়, তবে বোধ হয়, যেন সেই আতপ চলিত হইতেছে, কিন্তু বস্তুতঃ তাহা চলে না, তদ্রূপ স্বস্থানস্থিত সাক্ষী চৈতন্য অন্তর্বাহ্যে গমনাগমন না করিলেও বুদ্ধির চাঞ্চল্যবশতঃ বোধ হয়, যেন সাক্ষীই চলিত হইতেছেন, কিন্তু বস্তুতঃ তাহা নহে। ১৮।১৯।

সাক্ষী চৈতন্যের বাহ্য স্থানও নাই, অন্তর স্থানও নাই, বাহ্য-অন্তর কেবল

দেশঃ কোঽপি ন ভাসেত যদি তর্হ্যাত্মদেশভাক্।
সর্ব্বদেশপ্রক্লৃপ্ত্যৈব সর্ব্বগত্বং ন তু স্বতঃ ॥ ২১ ॥
অন্তর্ব্বহির্ব্বা সর্ব্বং বা যং দেশং পরিকল্পয়েৎ।
বুদ্ধিস্তদ্দেশগঃ সাক্ষী তথা বস্তুষু যোজয়েৎ ॥ ২২ ॥
যদ্যদ্রূপাদি কল্প্যেত বুদ্ধ্যা তৎ তৎ প্রকাশয়ন্।
তস্য তস্য ভবেৎ সাক্ষী স্বতো বাগ্‌বুদ্ধ্যগোচরঃ ॥ ২৩ ॥
কথং তাদৃক্ ময়া গ্রাহ্যমিতি চেন্নৈব গৃহ্যতাম্।
সর্ব্বগ্রহোপসংশান্তৌ স্বয়মেবাবশিষ্যতে ॥ ২৪ ॥

---

ননু সর্ব্বব্যবহারোপরতৌ দেশ এব নোপলভ্যতে কুতস্তন্নিষ্ঠত্বমুচ্যতে ইত্যাশঙ্ক্য স্বাভিপ্রায়মাবিষ্করোতি দেশ ইতি। দেশাদিকল্পনাধিষ্ঠানস্য স্বাতিরিক্তদেশাপেক্ষা নাস্তীতি ভাবঃ। ননু দেশাদ্যভাবে শাস্ত্রে সর্ব্বগতত্বসর্ব্বসাক্ষিত্বাদ্যুক্তির্বিরুধ্যেত ইত্যত আহ সর্ব্বদেশেতি। স্বাভাবিকমেব কিং ন স্যাদিত্যত আহ ন ত্বিতি। অদ্বিতীয়ত্বানঙ্গত্বাচ্চেতি ভাবঃ ॥ ২১ ॥

সর্ব্বগতত্ববৎ সর্ব্বসাক্ষিত্বমপি ন বাস্তবমিত্যাহ অন্তর্ব্বহির্ব্বেতি ॥ ২২ ॥

তথা বস্তুষু যোজয়েদিত্যেতৎ প্রপঞ্চয়তি যদ্ যদিতি। তর্হি কিং তস্য নিজং রূপমিত্যত আহ স্বত ইতি ॥ ২৩ ॥

অবাঙ্‌মনোগোচরত্বে মুমুক্ষুণা ন গৃহ্যতে ইতি শঙ্কতে কথমিতি। অগ্রাহ্যত্বমিষ্টমেবেত্যাহ নৈব ইতি। নন্বাত্মনো গ্রাহ্যত্বাভাবে 'বিচারেণ বিনষ্টায়াং মায়ায়াং শিষ্যতে স্বয়ম্'-ত্যুক্তং পরমাত্মাবশেষণং ন সিধ্যেদিত্যত আহ সর্ব্বগ্রহেতি। স্বাত্মাতিরিক্তস্য দ্বৈতস্য মিথ্যাত্বনিশ্চয়েন তৎপ্রতিভ্রুপশান্তৌ স্বাত্মৈব সত্যতয়াবশিষ্যতে ইতি ভাবঃ ॥ ২৪ ॥

---

বুদ্ধির স্থান মাত্র; বুদ্ধ্যাদিরূপ অশেষ উপাধিন ষ্ট হইলে, তিনি যথায় প্রকাশস্বরূপে অবস্থিত, তাহাই তাঁহার দেশ! যদি বল, তখন দেশব্যবহারই ত থাকে না, তবে আমরাও বলি,—তিনি দেশাবচ্ছিন্নই নহেন। তবে যে তাঁহাকে 'সর্ব্বগ' বলা হয়, তাহা সর্ব্বদেশকল্পনার সাহায্যেই হয়, স্বভাবতঃ তাহাতে সর্ব্বগত্ব নাই। ২০।২১।

অন্তঃ, বহিঃ, বা যে কোন দেশ বা যে কোন বস্তু বুদ্ধিকল্পিত হইবে, সাক্ষীর সহিত তৎসমুদায়ের সম্বন্ধ থাকিবে। বুদ্ধিদ্বারা যে যে রূপাদি কল্পিত হইবে, তৎসমুদায়ের প্রকাশক বলিয়া কূটস্থও তৎসমুদায়ের সাক্ষী হইয়া থাকেন, ফলতঃ তিনি স্বয়ং বাক্য ও বুদ্ধির অগোচর। ২২।২৩।

যদি সাক্ষী পরব্রহ্ম স্বরূপতঃ বাক্য-মনের অগোচর হন, তবে তাঁহাকে

ন তত্র মানাপেক্ষাস্তি স্বপ্রকাশস্বরূপতঃ।

তাদৃক্ ব্যুৎপত্ত্যপেক্ষা চেৎ শ্রুতিং পঠ গুরোর্মুখাৎ ॥ ২৫ ॥

যদি সর্ব্বগ্রহত্যাগোঽশক্যস্তর্হি ধিয়ং ব্রজ ॥

শরণং তদধীনোঽন্তর্ব্বহির্বৈষোঽনুভূয়তাম্ ॥ ২৬ ॥

ইতি নাটকদীপঃ সমাপ্তঃ ॥

---

যদ্যপ্যুক্তন্যায়েন স্বাত্মা পরিশিষ্যতে তথাপি তদপরোক্ষায় কিঞ্চিৎ প্রমাণমপেক্ষিতমিত্যত আহ ন তত্রেতি। তত্র হেতুমাহ স্বপ্রকাশেতি। ননু আত্মা স্বপ্রকাশতয়া স্ফূর্ত্তৌ মানং নাপেক্ষতে ইতি ব্যুৎপত্তিসিদ্ধয়ে মানমপেক্ষিতমিত্যাশঙ্ক্য শ্রুতিরেবাত্র প্রমাণমিত্যাহ তাদৃগিতি ॥ ২৫ ॥

এবমুত্তমাধিকারিণ আত্মানুভবোপায়মভিধায় মন্দাধিকারিণস্তং দর্শয়তি যদি সর্ব্বেতি। বুদ্ধিশরণত্বে কিং ফলমিত্যত আহ তদধীন ইতি। বুদ্ধ্যা যদ্ যৎ পরিকল্প্যতে বাহ্যমান্তরং বা তস্য তস্য সাক্ষিত্বেন তদধীনঃ পরমাত্মা তথৈবানুভূয়তামিত্যর্থঃ ॥ ২৬ ॥

ইতি নাটকদীপব্যাখ্যা সমাপ্তা ॥

---

কিরূপে গ্রহণ করিব ?— এমত যদি আশঙ্কা কর, তবে তুমি গ্রহণ করিও না, পরন্তু তোমার সর্ব্ববিষয়ে জ্ঞাননিবৃত্তি হইলে, তিনি স্বয়ং প্রকাশরূপে অবশিষ্ট থাকিবেন। তাহাতে কোনও প্রমাণের অপেক্ষা নাই। কেননা তিনি স্বপ্রকাশ স্বরূপ ; আর তুমি যদি তাঁহার স্বপ্রকাশত্ব প্রভৃতি জানিতে ইচ্ছা কর, তবে গুরুমুখ হইতে শ্রুতির উপদেশ গ্রহণ কর। ২৪।২৫।

যদি সকল বিষয়গ্রহণ পরিত্যাগ করিতে অসমর্থ হও, তবে বুদ্ধির শরণাগত হও এবং বুদ্ধির অধীন অন্তর্ব্বাহ্য বিষয় সকলের সাক্ষিরূপে তাঁহাকে অনুভব কর। ২৬।

ইতি নাটকদীপ-নামক দশম পরিচ্ছেদ সমাপ্ত ॥ ১০ ॥

# একাদশপরিচ্ছেদঃ।

## ব্রহ্মানন্দে যোগানন্দঃ।

ব্রহ্মানন্দং প্রবক্ষ্যামি জ্ঞাতে তস্মিন্নশেষতঃ।
ঐহিকামুষ্মিকানর্থব্রাতং হিত্বা সুখায়তে ॥ ১ ॥
ব্রহ্মবিৎ পরমাপ্নোতি শোকং তরতি চাত্মবিৎ ॥

---

নত্বা শ্রীভারতীতীর্থ বিদ্যারণ্যমুনীশ্বরৌ।
ব্রহ্মানন্দাভিধে গ্রন্থে যোগানন্দো বিবিচ্যতে ॥

চিকীর্ষিতস্য গ্রন্থস্য নিষ্প্রত্যূহপরিপূরণায় পরিপন্থিকল্মষনিবৃত্তয়েঽভিমতদেবতাতত্ত্বানুসন্ধানলক্ষণং মঙ্গলমাচরন্ শ্রোতৃপ্রবৃত্তিসিদ্ধয়ে প্রয়োজনমভিধেয়মাবিষ্কুর্ব্বন্ গ্রন্থারম্ভং প্রতিজানীতে ব্রহ্মানন্দমিতি। 'নির্ব্বিশেষং পরং ব্রহ্ম সাক্ষাৎ কর্তুমনীশ্বরাঃ। যে মন্দাস্তেঽনুকম্প্যন্তে সবিশেষনিরূপণৈ'রিতি সবিশেষব্রহ্মস্বরূপাণাং দেবতানাং তত্ত্বস্য নির্ব্বিশেষব্রহ্মরূপস্যাভিধানাৎ ব্রহ্মণশ্চ 'আনন্দো ব্রহ্মে'ত্যাদিশ্রুতিভিরানন্দরূপত্বাভিধানাৎ ব্রহ্মানন্দমিত্যানন্দরূপস্য ব্রহ্মণো বাচকশব্দপ্রয়োগেণ 'যদ্ধি মনসা ধ্যায়তি তদ্ বাচা বদতী'তি শ্রুতিপ্রোক্তন্যায়েন ব্রহ্মানুসন্ধানলক্ষণং মঙ্গলাচরণং সিদ্ধম্। ব্রহ্মণশ্চ সর্ব্ববেদান্তপ্রতিপাদ্যত্বাৎ তৎপ্রকরণরূপস্যাস্য গ্রন্থস্যাপি তদেব বিষয় ইতি ব্রহ্মশব্দপ্রয়োগেণ বিষয়শ্চাপি সূচিতঃ, ঐহিকেত্যাদ্যুত্তরার্দ্ধেনানিষ্টনিবৃত্তীষ্টপ্রাপ্তিরূপং প্রয়োজনদ্বয়ং মুখত এবোক্তম্। ব্রহ্মানন্দমিতি। ব্রহ্ম চাসাবানন্দশ্চেতি ব্রহ্মানন্দঃ বাচ্যবাচকয়োরভেদোপচারাৎ তৎপ্রতিপাদকো গ্রন্থোঽপি ব্রহ্মানন্দঃ তং প্রবক্ষ্যামীতি তস্মিন্ প্রতিপাদ্যপ্রতিপাদকরূপে ব্রহ্মানন্দে জ্ঞাতেঽবগতে সতি ঐহিকামুষ্মিকানর্থব্রাতম্ ঐহিকানাং ইহ লোকে ভবানাং দেহপুত্রাদিষ্বহং মমাভিমানপ্রযুক্তানাম্ আধ্যাত্মিকাদিতাপানাম্ আমুষ্মিকানাম্ অমুষ্মিন্ পরলোকে ভবানাঞ্চ তেষামনর্থানাং ব্রাতঃ সমূহঃ তম্ অশেষতো নিঃশেষং যথা ভবতি তথা হিত্বা পরিত্যজ্য সুখায়তে সুখস্বরূপং ব্রহ্মৈব ভবতি ॥ ১ ॥

ব্রহ্মজ্ঞানস্যানিষ্টনিবৃত্তীষ্টপ্রাপ্তিহেতুত্বে বহূনি শ্রুতিস্মৃতিবাক্যানি প্রমাণানি সন্তীতি প্রদর্শয়িতুকামস্তাবৎ 'ব্রহ্মবিদাপ্নোতি পরং' শ্রুতং হেবমেব ভগবদ্‌দৃশেভ্যস্তরতি শোকমাত্ম-

---

যে ব্রহ্মানন্দ জানিলে ঐহিক ও পারত্রিক অনর্থ সকল হইতে উত্তীর্ণ হইয়া পরম সুখ লাভ করা যায়, এইক্ষণে সেই ব্রহ্মানন্দপ্রতিপাদক গ্রন্থ কীর্ত্তন করিতেছি। ১।

'ব্রহ্মজ্ঞানী ব্রহ্মকে প্রাপ্ত হন, আত্মতত্ত্বজ্ঞানী শোক-মোহরূপ সংসার

**রসো ব্রহ্মরসং লব্ধানন্দী ভবতি নান্যথা ॥ ২ ॥**

**প্রতিষ্ঠাং বিন্দতে স্বস্মিন্ যদা স্যাদথ সোঽভয়ঃ।**

**কুরুতেঽস্মিন্নন্তরঞ্চেদথ তস্য ভয়ং ভবেৎ ॥ ৩ ॥**

---

বিদিতি সোঽহং ভগবঃ শোচামি তং মা ভগবান্ শোকস্য পারং তারয়তু' ইতি চ বাক্যদ্বয়মর্থতঃ পঠতি ব্রহ্মবিদিতি। ব্রহ্ম বেত্তীতি ব্রহ্মবিৎ পরম্ উৎকৃষ্টমানন্দরূপং ব্রহ্ম প্রাপ্নোতি আত্মবিৎ ভূমশব্দবাচ্যং দেশকালবস্তুপরিচ্ছেদশূন্যম্ আত্মানং বেত্তীত্যাত্মবিৎ শোকং স্বসংসৃষ্টং পুরুষং শোচয়তীতি শোকস্তমোমূলঃ সংসারঃ তং তরতি অতিক্রামতি। নন্বাদ্যন্তভৈত্তিরীয়কশ্রুতিবাক্যে ব্রহ্মজ্ঞানস্য পরপ্রাপ্তিহেতুত্বৈবাবভাসতে নানন্দপ্রাপ্তিহেতুত্বেত্যাশঙ্ক্য আনন্দপ্রাপ্তিহেতুত্বপ্রতিপাদনপরং 'রসো বৈ সঃ রসং হ্যেবায়ং লব্ধানন্দীভবতি' ইতি তদীয়মেব বাক্যমর্থতঃ পঠতি রস ইতি। 'সত্যং জ্ঞানমনন্তং ব্রহ্ম তস্মাদ্ বা এতস্মাদাত্মন আকাশঃ সম্ভূত' ইতি প্রকরণাদৌ ব্রহ্মাত্মশব্দাভ্যাম্ অভিহিতো য আত্মা স রসঃ সারঃ আনন্দরূপ ইত্যর্থঃ। রসমানন্দরূপং ব্রহ্ম লব্ধা ব্রহ্মাহমস্মীতি জ্ঞানেন প্রাপ্যানন্দীভবতি অপরিচ্ছিন্ননিরতিশয়সুখবান্ ভবতি। উক্তমর্থং ব্যতিরেকপ্রদর্শনেন দ্রঢ়য়তি নান্যথেতি। অন্যথা ব্রহ্মাত্মৈকত্বজ্ঞানং বিহায় সাধনান্তরানুষ্ঠানেন নানন্দীভবতীত্যর্থঃ ॥ ২ ॥

এবমন্বয়মুখেন ইষ্টপ্রাপ্ত্যনিষ্টনিবৃত্তিপ্রতিপাদনপরাণি বাক্যানি প্রদর্শ্য অন্বয়ব্যতিরেকাভ্যামনর্থনিবৃত্তিপ্রদর্শনপরং 'যদা হ্যেবৈষ এতস্মিন্নদৃশ্যেঽনাত্ম্যেঽনিরুক্তেঽনিলয়নেঽভয়ং প্রতিষ্ঠাং বিন্দতেঽথ সোঽভয়ং গতো ভবতি যদা হ্যেবৈষ এতস্মিন্নুদরমন্তরং কুরুতেঽথ তস্য ভয়ং ভবতি ইতি বাক্যদ্বয়মর্থতোঽনুক্রামতি প্রতিষ্ঠামিতি। অস্যায়মর্থঃ,—যদা যস্মিন্ কালে, হীতি বিদ্বৎপ্রসিদ্ধপ্রদর্শনপরো নিপাতঃ, এবেত্যয়মেবানর্থনিবৃত্ত্যুপায়ো নান্য ইতি নিয়মনার্থঃ এষ মুমুক্ষুরেতস্মিন্ বিদ্বদনুভবগম্যে অদৃশ্যে ইন্দ্রিয়াগোচরে অনাত্ম্যে অনাত্মীয়ে স্বরূপতয়া স্বকীয়ত্বরহিতে অনিরুক্তে নিরুক্তং নির্ব্বাচনং শব্দেনাভিধানং যত্র নাস্তি তদনিরুক্তং তস্মিন্ অনিলয়নে নিলীয়তেঽস্মিন্নিতি নিলয়নমাধারঃ স ন বিদ্যতে যস্য তস্মিন্ স্বমহিম্নি স্থিত ইত্যর্থঃ। অভয়মদ্বিতীয়ং 'দ্বিতীয়াদ্বৈ ভয়ং ভবতী'তি শ্রুতের্ভয়শব্দেনাত্র ভয়হেতুর্ভেদো লক্ষ্যতে; ন বিদ্যতে ভয়ং ভেদো যথা ভবতি তথা প্রকর্ষেণ সংশয়বিপর্য্যয়রাহিত্যেন স্থিতিঃ ব্রহ্মাহমস্মীত্যবস্থানং প্রতিষ্ঠা তাং বিন্দতে গুরূপসত্ত্যাদিনা শ্রবণাদিকং কৃত্বা লভতে অথ তদানীমেব স এবং বিদ্বান্ অভয়ং ভয়রহিতং মোক্ষরূপমদ্বিতীয়ং ব্রহ্ম গতঃ প্রাপ্তো ভবতি 'ব্রহ্ম বেদ ব্রহ্মৈব ভবতী'তি শ্রুতেঃ যদা যস্মিন্নেব কালে এষ পূর্ব্বোক্তঃ এতস্মিন্নদৃশ্যত্বাদিগুণকে

---

**উত্তীর্ণ হন। 'পরব্রহ্ম' রসস্বরূপ, সেই রসস্বরূপ পরব্রহ্মকে লাভ করিয়া সাধক পরমানন্দ প্রাপ্ত হন অন্যরূপে পরমানন্দ প্রাপ্ত হন না।' ২।**

**'যে কালে সাধক সেই স্বস্বরূপ পরমাত্মাতে অবস্থিতি করেন, তখন তিনি অভয় প্রাপ্ত হন, আর যে ব্যক্তি তাঁহাতে অবস্থিত না হইয়া তাঁহাকে ভিন্ন**

বায়ুঃ সূর্য্যো বহ্নিরিন্দ্রো মৃত্যুর্জন্মান্তরেঽন্তরম্ ।
কৃত্বা ধর্ম্মং বিজানন্তোঽপ্যস্মান্ ভীত্যা চরন্তি হি ॥ ৪ ॥
আনন্দং ব্রহ্মণো বিদ্বান্ন বিভেতি কুতশ্চন ।
এতমেব তপেন্নৈষা চিন্তা কর্ম্মাগ্নিসম্ভৃতা ॥ ৫ ॥
এবং বিদ্বান্ কর্ম্মণী দ্বে হিত্বাত্মানং স্মরেৎ সদা ।

---

প্রত্যগাভিন্নে ব্রহ্মণি উৎ ইতি নিপাতোঽপ্যর্থে, অরমুৎ অল্পমপি অন্তরং ভেদম্ উপাস্যোপাসকাদিলক্ষণং কুরুতে পশ্যতি, ধাতূনামব্যাখ্যানাকাদেকার্থত্বাৎ । তদমীর তস্য ভেদদর্শিনো ভয়ং সংসারপ্রযুক্তং দুঃখং ভবতি ॥ ৩ ॥

ভেদদর্শিনাং ভয়ং ভবতীত্যেতৎ দৃঢ়ীকর্ত্তুং ব্রহ্মাত্মৈকত্বজ্ঞানরহিতানাং বায়্বাদীনাং ভয়প্রদর্শনপরং 'ভীষাস্মাৎ বাতঃ পবতে' ইত্যাদিমন্ত্রমর্থতঃ পঠতি বায়ুরিতি । বায়্বাদয়ো জগন্নিয়ামকত্বেন প্রসিদ্ধাঃ পঞ্চাপি দেবতাঃ, অতীতে জন্মনি ধর্ম্মমিষ্টাপূর্ত্তাদিলক্ষণং বিজানন্তোঽপি জ্ঞানপূর্ব্বকমনুষ্ঠিতবন্তোঽপি অন্তরং প্রত্যগ্‌ব্রহ্মণোর্ভেদং কৃত্বাস্মাৎ ব্রহ্মণো ভীত্যাস্মিন্ বায়্বাদিজন্মনি চরন্তি স্বস্বব্যাপারেষু সদা প্রবর্ত্তন্তে । হিশব্দেন 'ভয়াদস্যাগ্নিস্তপতি ভয়াৎ তপতি সূর্য্যঃ ভয়াদিন্দ্রশ্চ বায়ুশ্চ মৃত্যুর্ধাবতি পঞ্চম' ইতি কঠশ্রুতৌ যমেনোক্তাং প্রসিদ্ধিং দর্শয়তি ॥ ৪ ॥

নন্ব 'তরতি শোকমাত্মবিদি'ত্যাদিযুদাহৃতবাক্যেষু ব্রহ্মানন্দজ্ঞানস্যানর্থনিবৃত্তিহেতুত্বং স্পষ্টং নাবভাসত ইত্যাশঙ্ক্য তৎপ্রতিপাদনপরং বাক্যমুদাহরতি—আনন্দমিতি । রাহোঃ শির ইতিবদ্ ভেদব্যপদেশ ঔপচারিকঃ, ব্রহ্মণঃ স্বরূপভূতমানন্দং বিদ্বানপরোক্ষতয়া জানন্ পুরুষঃ কুতশ্চন কস্মাদপি ঐহিকভয়হেতোর্ব্যাঘ্রাদেঃ পারলৌকিকভয়হেতোঃ পাপাদের্বা ন বিভেতি ভয়ং ন প্রাপ্নোতি । নন্ তত্ত্ববিদঃ পাপাদের্ভয়ং নাস্তীতি এতৎ কুতোঽবগম্যতে ইত্যাশঙ্ক্য তৎপ্রতিপাদকম্ 'এতং হ বাব ন তপতি কিমহং সাধু নাকরবং কিমহং পাপমকরবমি'তি বাক্যমর্থতঃ পঠতি—এতমিতি । কর্ম্মাগ্নিসম্ভূতা পুণ্যপাপরূপং কর্ম্মৈব নিরকরণকরণাভ্যাম্ অগ্নিবৎ সন্তাপহেতুত্বাৎ, তেন সম্ভূতা সম্পাদিতা এষা পুণ্যং নাকরবং কস্মাৎ পাপন্তু কৃতবানস্মি ইত্যেবংরূপা চিন্তা এতমেব তত্ত্ববিদমেব ন তপেৎ ন সন্তাপয়েৎ, নান্যমবিদ্বাংসং, স তু তয়া চিন্তয়া সদা সন্তপ্যতে ইত্যর্থঃ ॥ ৫ ॥

---

বলিয়া জানেন, তিনি ভয় প্রাপ্ত হন ।' 'বায়ু, সূর্য্য অগ্নি ইন্দ্র এবং যম ইঁহারা ইষ্ট-পূর্ত্তাদি ধর্ম্ম আচরণ করিয়াও জন্মান্তরে তাঁহাকে ভিন্ন ভাবিয়া তাঁহার ভয়ে স্ব স্ব কার্য্য করিতেছেন ।' ৩।৪ ।

'আনন্দস্বরূপ পরব্রহ্মকে জানিয়া সাধক আর কাহাকেও ভয় করেন না' এবং 'পাপ-পুণ্যকর্ম্মরূপ অগ্নি হইতে সম্ভূত এই সাংসারিক চিন্তা আর

কৃতে চ কর্ম্মণী স্বাত্মরূপেণৈবৈষ পশ্যতি ॥ ৬ ॥
ভিদ্যতে হৃদয়গ্রন্থিশ্ছিদ্যন্তে সর্ব্বসংশয়াঃ।
ক্ষীয়ন্তে চাস্য কর্ম্মাণি তস্মিন্ দৃষ্টে পরাবরে ॥ ৭ ॥

---

পুণ্যপাপয়োরতাপকত্বে হেতুপ্রদর্শনপরং 'স য এবং বিদ্বান্ এতে আত্মানং স্পৃণুতে উভে হ্যেবৈষ এতে আত্মানং স্পৃণুতে' ইতি বাক্যদ্বয়মর্থতঃ পঠতি—এবমিতি। স যঃ কশ্চিৎ পুমান্ এবমুক্তপ্রকারেণ স যশ্চায়ং পুরুষে যশ্চাসাবাদিত্যে স এক ইত্যনেন প্রকারেণ বিদ্বান্ জানন্ প্রবর্ত্ততে স এতে পুণ্যপাপে হিত্বেত্যধ্যাহারঃ, আত্মানং ব্রহ্মাভিন্নং প্রত্যঞ্চং স্পৃণুতে প্রীণয়তি সদা স্মরেদিত্যর্থঃ। যতঃ পুণ্যপাপয়োর্ম্মিথ্যাত্বানুসন্ধানেন হানং কৃতম্ অতস্তদ্বিষয়া চিন্তৈব নাস্তি কুতস্তন্নিমিত্তকস্তাপ ইত্যভিপ্রায়ঃ। কিঞ্চ এষ বিদ্বান্ এতে পূর্ব্বোক্তে পুণ্যপাপরূপে কর্ম্মণী দেহেন্দ্রিয়াদিপ্রবৃত্ত্যা জনিতে স্বাত্মরূপেণৈব 'ইদং সর্ব্বং যদয়মাত্মে'ত্যাদিবাক্যোক্তপ্রকারেণ পশ্যতি জানাতীত্যর্থঃ। অতঃ স্বাত্মাভিন্নত্বাদপ্যতাপকত্বমিতি ভাবঃ ॥ ৬ ॥

নন্ু 'নাভুক্তং ক্ষীয়তে কর্ম্ম কল্পকোটিশতৈরপী'ত্যাদিশাস্ত্রসম্ভাবাদনাদৌ সংসারে বহুজন্মোপার্জ্জিতেষু পুণ্যাপুণ্যলক্ষণেষু কর্ম্মস্বসংখ্যাতেষু অপ্রসিদ্ধত্বেনাত্মতয়ানুসন্ধানাযোগ্যেষু সৎসু কথং তদ্বিষয়া চিন্তা ন ভবেদিত্যাশঙ্ক্য সনিদানানাং তেষাং তত্ত্বজ্ঞানেন বিনাশিত্বাৎ চিন্তাজনকত্বমিত্যভিপ্রায়েণ হৃদয়গ্রন্থ্যাদিনিবৃত্তিপরং মুণ্ডকাদিশ্রুতিষু স্থিতং বাক্যং পঠতি—ভিদ্যত ইতি। পরাবরে, পরমপি হিরণ্যগর্ভাদিকং পদম্ অবরং নিকৃষ্টং যস্মাৎ তস্মিন্ পরাত্মনি দৃষ্টে সাক্ষাৎকৃতেঽস্য সাক্ষাৎকারবতো হৃদয়স্য বুদ্ধেশ্চিদাত্মনশ্চ গ্রন্থিবদ্দৃঢ়সংশ্লেষরূপত্বাৎ গ্রন্থিরন্যোন্যাধ্যাসো ভিদ্যতে বিদীর্য্যতে বিনশ্যতীত্যর্থঃ, সর্ব্বসংশয়াঃ আত্মা দেহাদিব্যতিরিক্তো ন বা, দেহাদিব্যতিরিক্তোঽপি কর্ত্তৃত্বাদিধর্ম্মযোগী ন বা, অকর্ত্তৃত্বেঽপি তস্য ব্রহ্মণো ভেদোঽস্তি ন বা, অভেদেঽপি তজ্জ্ঞানং কর্ম্মাদিসহিতং মুক্তিসাধনং কেবলং বেত্যাদয়শ্ছিদ্যন্তে দ্বৈধীক্রিয়ন্তে তত্ত্বতঃ সাক্ষাৎকৃতস্য বস্তুনঃ সংশয়বিপর্য্যয়বিষয়ত্বাদর্শনাদিতি ভাবঃ। কর্ম্মাণি সঞ্চিতানি পুণ্যাপুণ্যলক্ষণানি ক্ষীয়ন্তে স্বনিদানাজ্ঞাননাশেন বিনশ্যন্তীত্যর্থঃ ॥ ৭ ॥

---

তাঁহাকে তাপযুক্ত করিতে সমর্থ হয় না।' 'বিদ্বান্ ব্যক্তি ব্রহ্মতত্ত্বজ্ঞানপ্রভাবে পাপ-পুণ্য পরিত্যাগ করিয়া সর্ব্বদা আত্মচিন্তা করিবেন, আর যদি তিনি কোন কর্ম্ম করেন, তবে তাহাকে আত্মতত্ত্বস্বরূপ করিয়া জ্ঞান করেন।' ৫।৬।

'হিরণ্যগর্ভাদি-পদও যাহা হইতে অপকৃষ্ট, সেই সর্ব্বোৎকৃষ্ট পরমাত্মতত্ত্ব জানিলে অন্তঃকরণের গ্রন্থি সকল বিনষ্ট হয়, সংশয় সকল বিচ্ছিন্ন হয়, সদসৎ কর্ম্ম সকল ক্ষয় পায়। তাঁহাকে জানিলেই মৃত্যুকে অতিক্রম করা যায়, সেই

তমেব বিদ্বানত্যেতি মৃত্যুং পন্থা ন চেতরঃ।
জ্ঞাত্বা দেবং পাশহানিঃ ক্ষীণৈঃ ক্লেশৈর্জন্মভাক্ ॥৮॥
দেবং মত্বা হর্ষশোকৌ জহাত্যত্রৈব ধৈর্য্যবান্।
নৈনং কৃতাকৃতে পুণ্য-পাপে তাপয়তঃ ক্বচিৎ ॥ ৯ ॥

---

নমু 'কুর্ব্বন্নেবেহ কর্ম্মাণি জিজীবিষেচ্ছতং সমাঃ। এবং ত্বয়ি নান্যথেতোঽস্তি ন কর্ম্ম লিপ্যতে নরে। বিদ্যাঞ্চাবিদ্যাঞ্চ যস্তদ্ বেদোভয়ং সহ। অবিদ্যয়া মৃত্যুং তীর্ত্বা বিদ্যয়ামৃতমশ্নুতে, ইত্যাদিশ্রুতেঃ 'কর্ম্মণৈব হি সংসিদ্ধিমাস্থিতা জনকাদয়ঃ। যথান্নং মধুসংযুক্তং মধু চান্নেন সংযুতম্। এবং তপশ্চ বিদ্যা চ সংযুক্তং ভেষজং মহৎ' ইত্যাদিস্মৃতেশ্চ কেবলস্য জ্ঞানসমুচ্চিতস্য বা কর্ম্মণো মুক্তিহেতুত্বং স্যাদিত্যাশঙ্ক্য উদাহৃতবাক্যস্থস্য অলেপশব্দস্য পাপনিবৃত্তিপরত্বাৎ সংসিদ্ধিশব্দেন চ জ্ঞানসাধনচিত্তশুদ্ধ্যভিধানাৎ. বিদ্যাশব্দেন চোপাসনায়া বিবক্ষিতত্বান্ন কর্ম্মণো মুক্তিসাধনত্বম্ ইত্যভিপ্রায়েণ সাধনান্তরনিষেধপরং, 'তমেব বিদিত্বাতিমৃত্যুমেতি নান্যঃ পন্থা বিদ্যতেঽয়নায়' ইতি শ্বেতাশ্বতরবাক্যমর্থতঃ পঠতি—তমেবেতি। তং পূর্ব্বোক্তং পরমাত্মানং বিদ্বানেব মৃত্যুং সংসারমত্যেতি অতিক্রামতি, ইতরঃ সমুচ্চয়রূপঃ কেবলকর্ম্মরূপো বা পন্থা মার্গো মোক্ষোপায়ো ন চ নৈব বিদ্যতে। নমূদাহৃতাসু শ্রুতিষু অন্বয়ব্যতিরেকাভ্যাং ঐহিকানিষ্টনিবৃত্তেরেব প্রাধান্যেনাবভাসতে নামুষ্মিকত্যাশঙ্ক্য আমুষ্মিকস্যানিষ্টস্য ভাবিজন্মপূর্ব্বকত্বাৎ তস্য সনিদানস্যাভাবপ্রতিপাদকং 'জ্ঞাত্বা দেবং সর্ব্বপাশাপহানিঃ ক্ষীণৈঃ ক্লেশৈর্জ্জন্মমৃত্যুপ্রহাণি'রিতি শ্বেতাশ্বতরবাক্যমর্থতঃ পঠতি—জ্ঞাত্বেতি। দেবং স্বপ্রকাশং প্রত্যগভিন্নং ব্রহ্ম জ্ঞাত্বা অপরোক্ষতয়ানুভূয় স্থিতস্য কামক্রোধাদীনাং সর্ব্বেষাং পাশানাং হানির্ভবতি, তৈঃ পাশশব্দাভিধেয়ৈঃ রাগাদিভিঃ ক্লেশৈঃ ক্ষীণৈর্নষ্টৈর্ভাবিজন্মহেতুকর্ম্মারম্ভাযোগাচ্চ জন্ম প্রাপ্নোতীত্যর্থঃ ॥ ৮ ॥

নমু শোকতরণাদিরূপং ফলং শ্রূয়ত এব নানুভূয়তে জ্ঞানিনামপীষ্টানিষ্টপ্রাপ্তিপরিহারার্থং প্রবৃত্তিদর্শনাদিত্যাশঙ্ক্য দৃঢাপরোক্ষজ্ঞানিনাং তদভাবপ্রতিপাদনপরং 'মধ্যাত্মযোগাধিগমেন দেবং মত্বা ধীরো হর্ষশোকৌ জহাতী'তি কঠশ্রুতিবাক্যমর্থতঃ পঠতি—দেবমিতি। ধৈর্য্যবান্ ব্রহ্মচর্য্যাদিসাধনসম্পন্নো দেবং চিদানন্দাদিলক্ষণং মত্বাবগম্যাত্রৈবাস্মিন্নেব জন্মনি হর্ষশোকৌ জহাতি। "এতমেব তপেনৈষা চিন্তা কর্ম্মাগ্নিসম্ভূতা" ইত্যুক্তার্থে বিশেষপ্রদর্শনপরং 'নৈনং

---

তত্ত্বজ্ঞান ব্যতীত মৃত্যু-অতিক্রমের উপায়ান্তর নাই। তাঁহাকে জানিলে, কাম-ক্রোধাদি নষ্ট হয় এবং রাগ দ্বেষ প্রভৃতি ক্লেশ বিদূরিত হওয়াতে পুনর্জ্জন্ম নিবারিত হয়।' ৭।৮।

'পরম-আত্মতত্ত্বকে সাক্ষাৎ জানিয়া ধীর ব্যক্তি ইহ লোকেই হর্ষ শোক হইতে উত্তীর্ণ হন' 'কৃত বা অকৃত পুণ্য-পাপ তাঁহাকে আর কখনও তাপ

ইত্যাদিশ্রুতয়ো বহ্ব্যঃ পুরাণৈঃ স্মৃতিভিঃ সহ।
ব্রহ্মজ্ঞানেঽনর্থহানিমানন্দঞ্চাপ্যঘোষয়ন্ ॥ ১০ ॥
আনন্দস্ত্রিবিধো ব্রহ্মানন্দো বিদ্যা সুখং তথা।
বিষয়ানন্দ ইত্যাদৌ ব্রহ্মানন্দো বিবিচ্যতে ॥ ১১ ॥
ভৃগুঃ পুত্রঃ পিতুঃ শ্রুত্বা বরুণাদ্‌ব্রহ্মলক্ষণম্।

---

কৃতাকৃতে পুণ্যপাপে তপত' ইতি যাজ্ঞবল্ক্যব্রাহ্মণবাক্যমর্থতঃ পঠতি—নৈনমিতি। পূর্ব্বমকৃতং পুণ্যং কৃতঞ্চ পাপং তত্ত্ববিদস্তাপহেতুর্ন ভবতীত্যুক্তম্ ইহ তু কৃতমকৃতং বা পুণ্যং পাপং বা তথাবিধং তাপকং ন ভবতীত্যুচ্যতে ইতি বিশেষঃ। তথা হি তাপো নাম চিত্তবিকারবিশেষঃ, পুণ্যং কৃতং সৎ হর্ষলক্ষণং বিকারমুৎপাদয়তি অকৃতং বিষাদং, পাপং পুনস্তদ্বিপরীতোনাকৃতং হর্ষমুৎপাদয়তি কৃতং বিষাদম্। তত্ত্ববিদস্তু উভে অপি উভয়বিধবিকারহেতূ ন কদাচিৎ ভবতঃ অবিক্রিয়ব্রহ্মরূপত্বজ্ঞানাদিত্যভিপ্রায়ঃ ॥ ৯ ॥

নম্বিমন্তেব বাক্যানি প্রমাণানি নেত্যাহ—ইত্যাদিশ্রুতয় ইতি। আদিশব্দেন 'ইহ চেদবেদীদথ সত্যমস্তি ন চেদিহাবেদীন্মহতী বিনষ্টিঃ। য এতদ্বিদুরমৃতাস্তে ভবন্তি অথেতরে দুঃখমেবাপি যন্তি। তৎ যো যো দেবানাং প্রত্যবুধ্যত স এব তদভবৎ। নিচায্য তৎ মৃত্যুমুখাৎ প্রমুচ্যত' ইত্যাদ্যাঃ শ্রুতয়ো গৃহ্যন্তে। 'সর্ব্বভূতস্থমাত্মানং সর্ব্বভূতানি চাত্মনি। সমং পশ্যন্নাত্মযাজী বৈ স্বারাজ্যমধিগচ্ছতি। ক্ষেত্রজ্ঞস্যাত্মবিজ্ঞানাদ্ বিশুদ্ধিঃ পরমা মতা' ইত্যাদিপুরাণস্মৃতিবচনৈঃ সহ প্রমাণানীত্যর্থঃ। উদাহৃতানাং শ্রুতিস্মৃতিপুরাণবাক্যানাং সর্ব্বেষাং তাৎপর্য্যমাহ—ব্রহ্মজ্ঞানে ইতি ॥ ১০ ॥

নমু ব্রহ্মানন্দ ইত্যানন্দস্য ব্রহ্মপদেন বিশেষণাদানন্দান্তরমস্তীত্যবগম্যতে, স কতিবিধঃ কীদৃশশ্চানন্দ ইত্যাকাঙ্ক্ষায়াং তদ্ভেদদর্শনপূর্ব্বকং ব্রহ্মানন্দবিবেচনং প্রতিজ্ঞানীতে—আনন্দ ইতি। ব্রহ্মানন্দো বিদ্যানন্দো বিষয়ানন্দ ইত্যনেন প্রকারেণ আনন্দস্য ত্রৈবিধ্যমবগন্তব্যম্। তত্রেতরয়োরানন্দয়োর্ব্রহ্মানন্দমূলত্বাদাদাবধ্যায়ত্রয়েণ ব্রহ্মানন্দো বিভজ্য প্রদর্শ্যত ইত্যর্থঃ ॥ ১১ ॥

তত্রাদৌ তাবত্তৈত্তিরীয়শ্রুতিপর্য্যালোচনয়ামানন্দরূপং ব্রহ্মাবগম্যতে ইত্যভিপ্রায়েণ ভৃগু-

---

দিতে সমর্থ হয় না।' ইত্যাদি মর্ম্মের বহুতর শ্রুতিস্মৃতি-পুরাণের সহিত মিলিত হইয়া ঘোষণা করিয়াছেন,—ব্রহ্মজ্ঞান হইলে অনর্থনিবৃত্তি ও পরমানন্দপ্রাপ্তি হয়। ৯।১০।

আনন্দ তিন প্রকার,—ব্রহ্মানন্দ, বিদ্যানন্দ ও বিষয়ানন্দ। তাহার মধ্যে প্রথমতঃ ব্রহ্মানন্দের বিচার করা যাইতেছে। পুত্র ভৃগু, পিতা বরুণের নিকট অন্নময় কোশ, প্রাণময় কোশ, মনোময় কোশ, ও বিজ্ঞানময় কোশ

অন্নপ্রাণমনোবুদ্ধীস্ত্যক্ত্বানন্দং বিজজ্ঞিবান্ ॥ ১২ ॥
আনন্দাদেব ভূতানি জায়ন্তে তেন জীবনম্।
তেষাং লয়শ্চ তত্রাতো ব্রহ্মানন্দো ন সংশয়ঃ ॥ ১৩ ॥
ভূতোৎপত্তেঃ পুরা ভূমা ত্রিপুটীদ্বৈতবর্জ্জনাৎ।
জ্ঞাতৃজ্ঞানজ্ঞেয়রূপা ত্রিপুটী প্রলয়ে হি নো ॥ ১৪ ॥

---

বল্ল্যা অর্থং সংক্ষেপেণ দর্শয়তি—ভৃগুরিতি। ভৃগুনামকঃ পুত্রঃ পিতুর্ব্বরুণাখ্যাৎ ব্রহ্মলক্ষণং 'যতো বা ইমানি ভূতানি জায়ন্তে যেন জাতানি জীবন্তি যৎ প্রয়ন্ত্যভিসংবিশন্তি তদ্বিজিজ্ঞাসস্ব তৎ ব্রহ্মে'ত্যেবংরূপং শ্রুত্বান্নমাদিকোশেষু তল্লক্ষণাসম্ভবেন তেষাম্ অব্রহ্মত্বং নিশ্চিত্য আনন্দময়ানন্দময়কোশস্থ পরিশেষাৎ 'ব্রহ্ম পুচ্ছং প্রতিষ্ঠে'তি শ্রুতং বিম্বভূতমানন্দং ব্রহ্মলক্ষণযোজনয়া ব্রহ্মত্বেন জ্ঞাতবানিত্যর্থঃ ॥ ১২ ॥

কথমানন্দে তল্লক্ষণং যোজিতবানিত্যাশঙ্ক্য তদ্‌যোজনপ্রকারদর্শনপরম্ 'আনন্দাদ্ধ্যেব খল্বিমানি ভূতানি জায়ন্তে আনন্দেন জাতানি জীবন্তি আনন্দং প্রয়ন্ত্যভিসংবিশন্তি' ইতি বাক্যমর্থতঃ পঠতি—আনন্দাদিতি। গ্রাম্যধর্ম্মনিমিত্তকানন্দাদেব ভূতানি প্রাণিনো জায়ন্তে উৎপদ্যন্তে তেন বিষয়ভোগাদিনিমিত্তকেনানন্দেন জীবনং প্রাপ্নুবন্তি তেষাং প্রাণিনাং লয়শ্চ তত্র তস্মিন্ সুষুপ্তিকালে স্বরূপভূতে আনন্দ এব ভবতি, সুষুপ্তাবানন্দব্যতিরেকেণ কস্যাপ্যনুভবাভাবাৎ। অত আনন্দো ব্রহ্মৈব নান্যানুভবসিদ্ধত্বাদত্র সংশয়ো ন কর্ত্তব্য ইতি ভাবঃ ॥ ১৩ ॥

এবং তৈত্তিরীয়শ্রুতিতাৎপর্য্যালোচনয়া ব্রহ্মণ আনন্দরূপত্বং প্রদর্শ্য ছান্দোগ্যশ্রুতিতাৎপর্য্যালোচনয়াপি তাং দিদর্শয়িষুঃ সনৎকুমারনারদসংবাদরূপে সপ্তমাধ্যায়ে স্থিতস্য ভূমরূপপ্রতিপাদকস্য 'যত্র নান্যৎ পশ্যতি নান্যচ্ছৃণোতি নান্যদ্বিজানাতি স ভূমে'ত্যাদিবাক্যস্যার্থং সংক্ষেপেণাহ—ভূতোৎপত্তেরিতি। ভূতানামাকাশাদীনাং তৎকার্য্যাণাং জরায়ুজাণ্ডজাদীনাং চোৎপত্তেঃ পূর্ব্বং ত্রিপুটীদ্বৈতবর্জ্জনাৎ ত্রয়াণাং জ্ঞাতৃজ্ঞানজ্ঞেয়রূপাণাং পুটানামাকারাণাং সমাহারস্ত্রিপুটী সৈব দ্বৈতং তস্য বর্জ্জনমভাবস্তস্মাৎ ভূমা দেশতঃ কালতো বস্তুতো বা পরিচ্ছেদশূন্যঃ পরমাত্মা

---

পর্য্যন্ত পরিত্যাগপূর্ব্বক আনন্দময় কোশকেই পরব্রহ্মের স্বরূপ বলিয়া জানিয়াছিলেন। ১১।১২।

'আনন্দ হইতে এই প্রাণী সকল উৎপন্ন হইয়া তদ্দ্বারাই জীবিত থাকে এবং অন্তে তাঁহাতে বিলীন হয়,' এইরূপ শ্রুতি আছে; অতএব ব্রহ্মই আনন্দ পদার্থ; তাহার সংশয় নাই। 'ত্রিপুটীরূপ দ্বৈতের অভাবহেতু ভূত সকলের উৎপত্তির পূর্ব্বে কেবল সেই সর্ব্বব্যাপী চৈতন্য মাত্র ছিলেন; জ্ঞাতা জ্ঞান ও জ্ঞেয়—এই তিনের নাম ত্রিপুটী, প্রলয়কালে ত্রিপুটী থাকে না। ১৩।১৪।

বিজ্ঞানময় উৎপন্নো জ্ঞাতা জ্ঞানং মনোময়ঃ।
জ্ঞেয়াঃ শব্দাদয়ো নৈতৎ ত্রয়মুৎপত্তিতঃ পুরা ॥ ১৫ ॥
ত্রয়াভাবে তু নির্দ্বৈতঃ পূর্ণ এবানুভূয়তে।
সমাধিসুপ্তিমূর্চ্ছাসু পূর্ণঃ সৃষ্টেঃ পুরা তথা ॥ ১৬ ॥
যো ভূমা স * সুখং নাল্পে সুখং ত্রেধা বিভেদিনি।
সনৎকুমারঃ প্রাহৈবং নারদায়াতিশোকিনে ॥ ১৭ ॥

ভাবানয়নে দ্রব্যানয়নমিতি ন্যায়াদ্ ভূমেবাদীদিত্যধ্যাহারঃ। তদেব দ্বৈতবর্জ্জনমুপপাদয়তি-জ্ঞাতৃজ্ঞানেতি। বক্ষ্যমাণজ্ঞাত্রাদিরূপা ত্রিপুটী প্রলয়কালে নাস্তীত্যেতৎ সর্ব্ববেদান্তসম্মতমিতি হিশব্দপ্রজুঞ্জানস্যাচার্য্যস্যাভিপ্রায়ঃ ॥ ১৪ ॥

ইদানীং জ্ঞাত্রাদিস্বরূপং দর্শয়তি—বিজ্ঞানময় ইতি। পরমাত্মন উৎপন্নো বুদ্ধ্যুপাধিকো জীবো বিজ্ঞানময়ঃ জ্ঞাতা, মনোময়ঃ মনসি প্রতিবিম্বিতং মনোময়শব্দবাচ্যং চৈতন্যং জ্ঞানং শব্দস্পর্শাদয়ো জ্ঞেয়াঃ প্রসিদ্ধাঃ, ইদং ত্রয়ং কার্য্যত্বাদুৎপত্তেঃ পুরা কারণব্যতিরেকেণ নাস্তীত্যর্থঃ ॥ ১৫ ॥

ফলিতমাহ—ত্রয়েতি। জ্ঞাত্রাদিত্রয়াভাবে নির্দ্বৈতো দ্বৈতরহিতঃ পূর্ণ এবাত্মানুভূয়তে কুত্রানুভূয়ত ইত্যত আহ—সমাধীতি। বিদ্বদনুভবপ্রদর্শনায় সমাধিগ্রহণং, সর্ব্বানুভবদ্যোতনায় সুষুপ্তিমূর্চ্ছয়োরুদাহরণং, সুপ্ত্যাদ্যুত্থিতস্য দ্বৈতাদর্শনস্মরণস্যান্যথানুপপত্ত্যা নির্দ্বৈতস্য তদনুভবিতুঃ সিদ্ধিরিতি ভাবঃ। ভবতু সুষুপ্ত্যাদাবদ্বৈতসিদ্ধিঃ প্রকৃতে কিমায়াতমিত্যত আহ—পূর্ণ ইতি। যথা সুপ্ত্যাদৌ পরিচ্ছেদকাভাবাৎ পূর্ণস্তথা সৃষ্টেঃ পুরাপি তদভাবাদিত্যর্থঃ ॥১৬॥

অস্তু ব্রহ্মণঃ পূর্ণত্বম্ আনন্দরূপত্বে কিমায়াতম্ ইত্যাশঙ্ক্য অন্বয়ব্যতিরেকাভ্যাং ভূম্নঃ সুখরূপত্বপ্রদর্শনপরং 'যো বৈ ভূমা তৎ সুখং নাল্পে সুখমস্তী'তি বাক্যমর্থতোঽনুক্রামতি—যো ভূমেতি। যঃ পূর্ব্বোক্তঃ ভূমা স সুখরূপ এব, দ্বিতীয়স্য দুঃখহেতোরভাবাৎ। অল্পে পরিচ্ছিন্নে; তস্যৈব বিবরণং- ত্রেধা বিভেদিনীতি, হেতুগর্ভং বিশেষণম্; সুখং তত্র ন বিদ্যতে

উৎপন্ন বিজ্ঞানময় কোশই জ্ঞাতা, মনোময় কোশ জ্ঞান এবং শব্দস্পর্শাদি বিষয় সকল জ্ঞেয়; উৎপত্তির পূর্ব্বে এতত্রয়ের সত্তা অসম্ভব। তখন পরিপূর্ণ অদ্বৈতস্বরূপই অনুভব করা যায়। সমাধি বা সুষুপ্তি অথবা মূর্চ্ছাবস্থাতে যেমন পরিপূর্ণ অদ্বৈত, সৃষ্টির পূর্ব্বেও তদ্রূপ। ১৫।১৬।

সম্পূর্ণ বৃহৎ যে অপরিচ্ছিন্ন বস্তু তাহাই সুখস্বরূপ; নতুবা স্বগতভেদ স্বজাতীয়ভেদ এবং বিজাতীয়-ভেদবিশিষ্ট যে পরিচ্ছিন্ন পদার্থ, তাহা সুখস্বরূপ নহে; অতিশয় শোকাকুল নারদ ঋষিকে সনৎকুমার ঋষি এইরূপ উপদেশ

* 'তৎ' ইত্যস্মদ্দেশীয়ঃ পাঠঃ।

সপুরাণান্ পঞ্চ বেদান্ শাস্ত্রাণি বিবিধানি চ।
জ্ঞাত্বাপ্যনাত্মবিত্ত্বেন নারদোঽতিশুশোচ হ ॥ ১৮ ॥
বেদাভ্যাসাৎ পুরা তাপত্রয়মাত্রেণ শোকিতা।
পশ্চাদভ্যাসবিস্মারভঙ্গগর্ব্বৈশ্চ শোকিতা ॥ ১৯ ॥
সোঽহং বিদ্বন্ প্রশোচামি শোকপারং নয়স্ব মাম্।
ইত্যুক্তঃ সুখমেবাস্য পারমিত্যভ্যধাদৃষিঃ ॥ ২০ ॥

---

ইত্যর্থঃ। এব কস্মৈ কেনাভিহিতম্ ইত্যত আহ—সনৎকুমার ইতি। নারদস্য শিষ্যত্বে কারণমাহ—অতিশোকিন ইতি। অতিশয়িতঃ অধিকঃ শোকোঽস্যাস্তীতি অতিশোকী তস্মৈ ॥ ১৭ ॥

তস্যাতিশোকিত্বে হেতুমাহ—সপুরাণানিতি। নারদঃ পুরাণৈঃ সহ বর্ত্তন্তে ইতি সপুরাণাঃ পঞ্চ বেদাস্তান্ বিবিধানি চ শাস্ত্রাণি বিদিত্বাপ্যাত্মজ্ঞানরহিতত্বেনাতিশয়েন শোকং প্রাপ্তঃ ॥ ১৮ ॥

নন্থ বেদশাস্ত্রবিষয়জ্ঞানস্য শোকনিবর্ত্তকত্বেন প্রসিদ্ধস্য কথমতিশয়শোকহেতুত্বমিত্যত আহ—বেদাভ্যাসাদিতি। তাপত্রয়েণাধ্যাত্মিকাদিলক্ষণেনৈব শোকিতা শোকোঽস্যাস্তীতি শোকী তস্য ভাবস্তত্তা আসীদিত্যধ্যাহারঃ। পশ্চাদিতি তুশব্দো বিশেষদ্যোতনার্থঃ। অভ্যাসঃ পাঠাদ্যাবর্ত্তনং, বিস্মারঃ পঠিতস্য বিস্মরণং, ভঙ্গঃ স্বতোঽধিকেন তিরস্কারঃ, গর্ব্বো ন্যূনদর্শনেন স্বাধিক্যবুদ্ধিঃ, এতৈশ্চ কারণৈঃ শোকিত্বম্ ॥ ১৯ ॥

নন্বেবং সর্ব্বজ্ঞস্যাপি নারদস্য অতিশোকিত্বং জাতমিতি কুতোঽবগম্যতে ইত্যাশঙ্ক্য 'সোঽহং ভগবঃ শোচামী'তি তদীয়াদেব বাক্যাদবগতমিত্যভিপ্রেত্য 'তং মা ভগবান্ শোকস্য পারং তারয়ত্বি'তি তন্নিবৃত্ত্যুপায়ে তেন পৃষ্টে সতি সনৎকুমারো ভূমশব্দবাচ্যং সুখরূপং ব্রহ্মৈব

---

করিয়াছিলেন। চতুর্ব্বেদ ও পুরাণ—এই পাঁচ শাস্ত্র অথবা সমুদায় পুরাণ, পাঁচ বেদ (চতুর্ব্বেদ ও মহাভারত), এবং নানা শাস্ত্র জানিয়াও আত্মতত্ত্বজ্ঞানাভাবে নারদ অত্যন্ত শোকাকুল হইয়াছিলেন। ১৭।১৮।

নারদ বেদাধ্যয়নের পূর্ব্বে কেবল আধ্যাত্মিক, আধিভৌতিক, ও আধিদৈবিক এই তিন প্রকার দুঃখমাত্রে তাপিত ছিলেন, কিন্তু পরে তাহাও রহিল ও শাস্ত্রের অভ্যাস, বিস্মরণ, কখন বিচারে পরাভব, (কখন বা জয়জনিত) গর্ব্ব, এই সকল কারণেও দুঃখিত হইতে লাগিলেন। ১৯।

পশ্চাৎ সেই নারদ সনৎকুমার ঋষির নিকট গিয়া কহিলেন,—হে তত্ত্বজ্ঞ, সনৎকুমার! উক্ত প্রকারে আমি অত্যন্ত দুঃখিত আছি, দুঃখ হইতে আমাকে

সুখং বৈষয়িকং শোকসহস্রেণাবৃতত্বতঃ।
দুঃখমেবেতি মত্বাহ নাল্পেঽস্তি সুখমিত্যসৌ ॥ ২১ ॥
ননু দ্বৈতে সুখং মা ভূদদ্বৈতেঽপ্যস্তি নো সুখম্।
অস্তি চেদুপলভ্যেত তথা চ ত্রিপুটী ভবেৎ ॥ ২২ ॥
মাস্ত্বদ্বৈতে সুখং কিন্তু সুখমদ্বৈতমেব হি।
কিং মানমিতি চেন্নাস্তি মানাকাঙ্ক্ষা স্বয়ং প্রভো ॥ ২৩ ॥

---

ভায়মানঃ শোকনিবৃত্ত্যুপায় ইতি 'সুখং ত্বেব বিজিজ্ঞাসিতব্যমি'ত্যারভ্যোত্তরগ্রন্থসন্দর্ভেণ উক্তবানিত্যাহ—সোঽহমিতি ॥ ২০ ॥

ননু স্রগাদিজন্যেষু সুখেষু বহুষু সৎসু নাল্পে সুখমস্তীত্যুক্তিরনুপপন্নেতি চেৎ ? ন, তেষাং স্রগাদীনাং দুঃখানুষঙ্গেণ বিষসম্পৃক্তান্নবৎ বহুদুঃখরূপত্বস্য মুনিনাভিপ্রেতত্বাদিত্যাহ—সুখমিতি ॥ ২১ ॥

দ্বৈতে সুখাভাবমঙ্গীকৃত্যাদ্বৈতেঽপি তমাশঙ্কতে নন্বিতি। তত্রানুপলব্ধিং প্রমাণয়তি—অস্তি চেদিতি। অদ্বৈতে যদি সুখং বিদ্যতে তর্হি বিষয়সুখাদিবদুপলভ্যেত, যতো নোপলভ্যতে অতো নাস্তীত্যর্থঃ। ননূপলভ্যত এবেতি শঙ্কমানং প্রত্যাহ—তথেতি। অনুভবস্যানুভবিত্রনুভব্যসাপেক্ষত্বাদদ্বৈতহানিরিতি ভাবঃ ॥ ২২ ॥

অদ্বৈতস্য সুখাধিকরণত্বনিষেধমঙ্গীকরোতি সিদ্ধান্তী—মাস্ত্বিতি। তত্র হেতুমাহ—কিন্তু সুখমদ্বৈতমিতি। হি যস্মাৎ কারণাৎ অদ্বৈতমেব সুখম্ অতঃ সুখাধিকরণং ন ভবতীত্যর্থঃ। অদ্বৈতং সুখমিত্যত্র কিং প্রমাণম্ ইত্যাশঙ্ক্যানুবাদপূর্বকম্ তস্য স্বপ্রকাশত্বাৎ প্রমাণপ্রশ্ন এবানুপপন্ন ইত্যাহ—কিং মানমিতি চেদিতি ॥ ২৩ ॥

---

পার করুন। সনৎকুমার ঋষি কহিলেন,—সুখই এইরূপ দুঃখের পার। সাংসারিক সুখ,—দুঃখের মধ্যেই গণ্য ; কেননা সে সুখ দুঃখসহস্র দ্বারা আবৃত, এই বিবেচনায় পরিচ্ছিন্ন পদার্থে সুখ নাই। ২০।২১।

যদি বল, পরিচ্ছিন্ন দ্বৈতপদার্থে সুখ না থাকুক কিন্তু অদ্বৈত অপরিচ্ছিন্ন পদার্থেও সুখ নাই, তাহা যদি থাকিত, তবে সে সুখের উপলব্ধি হইত ; যদি উপলব্ধি হয় বল, তবে জ্ঞাতৃ-জ্ঞান-জ্ঞেয়রূপ ত্রিপুটী (সুতরাং অদ্বৈত একমাত্রের সত্তা) সিদ্ধ হয় না। ইহার উত্তর এই যে,—অদ্বৈতে সুখ না থাক, তাঁহাকেই সুখস্বরূপ বলি, সুখস্বরূপ অদ্বৈতে কোন প্রমাণ অপেক্ষা করে না, যেহেতু তিনি স্বয়ংপ্রকাশস্বরূপ। ২২।২৩।

স্বপ্রভত্বে ভবদ্বাক্যং মানং যস্মাদ্ ভবানিদম্।
অদ্বৈতমভ্যুপেত্যাস্মিন্ সুখং নাস্তীতি ভাষতে ॥ ২৪ ॥
নাভ্যুপৈম্যহমদ্বৈতং ত্বদ্বচোঽনূদ্য দূষণম্।
ব্রূমীতি চেৎ তদা ব্রূহি কিমাসীদ্‌দ্বৈততঃ পুরা ॥ ২৫ ॥
কিমদ্বৈতমুত দ্বৈতমন্যো বা কোটিরস্তিমঃ।
সপ্রসিদ্ধো ন দ্বিতীয়োঽনুৎপত্তেঃ শিষ্যতেঽগ্রিমঃ ॥ ২৬ ॥
অদ্বৈতসিদ্ধির্যুক্ত্যৈব নানুভূত্যেতি চেদ্‌বদ।

---

নন্থ স্বপ্রকাশত্বেঽপি কিং প্রমাণমিত্যাশঙ্ক্য ত্বদীয়মেব বচনং প্রমাণমিত্যাহ—স্বপ্রভত্ব ইতি। তদুপপাদয়তি—যস্মাদিতি। যতঃ কারণাৎ ভবতা প্রমাণনৈরপেক্ষ্যেণাদ্বৈতমভ্যুপেত্যাস্য সুখমেবাক্ষিপ্যতেঽতঃ স্বপ্রভত্বমিত্যর্থঃ ॥ ২৪ ॥

ন ময়াদ্বৈতমভ্যুপগম্যতে কিন্তু ত্বদুক্তমদ্বৈতমনূদ্য দূষ্যতেঽতো নোক্তসিদ্ধিরিতি শঙ্কতে—নাভ্যুপৈমীতি। বিকল্পাসহত্বাদদ্বৈতানভ্যুপগমোঽনুপপন্ন ইতি মন্বানঃ পৃচ্ছতি—তদেতি ॥ ২৫

কিংশব্দসূচিতং বিকল্পং দর্শয়তি—কিমদ্বৈতমিতি। তৃতীয়ং পক্ষং নিরাকরোতি—অন্তিম ইতি। দ্বৈতাদ্বৈতবিলক্ষণস্য রূপস্য লোকে অদর্শনাদিতি ভাবঃ। দ্বিতীয়ং পক্ষং নিরাকরোতি—ন দ্বিতীয় ইতি। তত্র হেতুমাহ—অনুৎপত্তেরিতি। দ্বৈতস্য তদানীমনুৎপন্নত্বাদিতি ভাবঃ। অতঃ প্রথমঃ পক্ষঃ পরিশিষ্যত ইত্যাহ—শিষ্যত ইতি ॥ ২৬ ॥

নন্বুক্তেন প্রকারেণাদ্বৈতং যুক্ত্যা এব সিধ্যতি নানুভবেনেতি চোদয়তি—অদ্বৈতেতি।

---

তাঁহার স্বয়ম্প্রকাশত্ব বিষয়ে আমি তোমারই বাক্যকে প্রমাণ বলিয়া স্বীকার করি, যেহেতু তুমি তাঁহাকে স্বীকার করিয়া বলিতেছ যে, অদ্বৈতে সুখ নাই। যদি বল, আমি অদ্বৈত স্বীকার করি নাই, কেবল তোমার বাক্যকে গ্রহণ করিয়া তাহাতে দোষ অর্পণ করিতেছি, তবে বল দেখি, দ্বৈত-উৎপত্তির পূর্ব্বে কি ছিল? ২৪।২৫।

তখন অদ্বৈত ছিল, কি দ্বৈত ছিল, কি অন্যকোন প্রকারান্তর ছিল? অন্য কোন প্রকারান্তর বলিতে পার না, যেহেতু দ্বৈতাদ্বৈত-ভিন্ন পদার্থই অসম্ভব। দ্বৈত ছিল বলিতেও পার না, যেহেতু তখন তাহার উৎপত্তি হয় নাই। অতএব পরিশেষে তোমাকে তৎকালে অদ্বৈতের সত্তা, সুতরাং স্বীকার করিতে হইবে। ২৬।

যদি বল, তুমি যুক্তিবলে অদ্বৈত সিদ্ধ করিলে বটে, কিন্তু অদ্বৈত অনু-

নির্দৃষ্টান্তা সদৃষ্টান্তা বা কোট্যন্তরমত্র নো ॥ ২৭ ॥
নানুভূতির্ন দৃষ্টান্ত ইতি যুক্তিস্তু শোভতে।
সদৃষ্টান্তত্বপক্ষে তু দৃষ্টান্তং বদ মে মতম্ ॥ ২৮ ॥
অদ্বৈতং প্রলয়ো দ্বৈতানুপলম্ভেন সুপ্তিবৎ।
ইতি চেৎ সুপ্তিরদ্বৈতেত্যত্র দৃষ্টান্তমীরয় ॥ ২৯ ॥
দৃষ্টান্তঃ পরসুপ্তিশ্চেদহো তে কৌশলং মহৎ।

অদ্বৈতসিদ্ধির্যুক্তৈবেত্যুক্তং বিকল্পাসহত্বাদনুপপন্নমিতি মন্বানো যুক্তিং বিকল্পয়তি সিদ্ধান্তী—বদেতি। বিকল্পস্য ন্যূনতাং নিবারয়তি—কোট্যন্তরমত্র নো ইতি ॥ ২৭ ॥

প্রথমং পক্ষং সোপহাসং নিরাকরোতি—নানুভূতিরিতি। অদ্বৈতসিদ্ধৌ যুক্তৈবেতি বদতা অনুভূতিস্তাবন্নাভ্যুপেয়তে যুক্তিস্তু দৃষ্টান্তপ্রদর্শনমন্তরেণ ন কিঞ্চিৎ সাধয়তি, অতো ন দৃষ্টান্ত ইত্যুক্তিরযুক্তেতি ভাবঃ। দ্বিতীয়ে বিকল্পে উভয়বাদিসম্প্রতিপন্নো দৃষ্টান্তো বক্তব্য ইত্যাহ—সদৃষ্টান্তেতি ॥ ২৮ ॥

তর্হি দৃষ্টান্তেনাদ্বৈতং সাধয়ামীতি শঙ্কতে পূর্ব্বপক্ষবাদী—অদ্বৈত ইতি। প্রলয়ো দ্বৈতরহিতো ভবিতুমর্হতি দ্বৈতানুপলব্ধিমত্ত্বাৎ, যো যো দ্বৈতানুপলব্ধিমান্ স স দ্বৈতরহিতঃ যথা স্বাপ ইতি। নন্বেবং সাধয়তস্তব স্বসুপ্তদৃষ্টান্তঃ পরসুপ্তির্বা আদ্যে তস্যাঃ পরপ্রত্যক্ষসিদ্ধত্বেন তৎসিদ্ধয়ে দৃষ্টান্তান্তরং বক্তব্যমিত্যাহ সুপ্তিরিতি ॥ ২৯ ॥

নন্বু তস্যাঃ পরসুপ্তিরেব দৃষ্টান্ত ইতি দ্বিতীয়ং বিকল্পমাশঙ্কতে—দৃষ্টান্ত ইতি। পরসুপ্তেস্তবাপ্রসিদ্ধত্বেন ত্বয়া দৃষ্টান্তীকরণমনুপপন্নমিতি সোপহাসমাহ সিদ্ধান্তী—অহো ইতি। যো

ভবে আসে না। তাহার উত্তরে আমরা বলি, তুমি বল দেখি, এ যুক্তি দৃষ্টান্তশূন্য কি সদৃষ্টান্ত? প্রকারান্তর না থাকাতে যদি দৃষ্টান্তশূন্য যুক্তি বল, তবে অনুভব ও দৃষ্টান্ত-উভয়ই নাই, অথচ যুক্ত, এ অতি উত্তম যুক্তি! আর সদৃষ্টান্ত বাক্যকে যদি যুক্তি বলিয়া স্বীকার কর, তবে আমার অভিমত দৃষ্টান্ত প্রদর্শন কর। ২৭।২৮।

যেমন দ্বৈতের অনুপলব্ধি হেতু সুষুপ্তিকালকে দ্বৈতশূন্য বলা যায়, তদ্রূপ দ্বৈতের অভাব হেতু প্রলয়কালকে যদি দ্বৈতশূন্য বলিয়া স্বীকার কর, তবে সুষুপ্তিকাল যে দ্বৈতশূন্য তাহাতে দৃষ্টান্ত কি? (নিজের সুষুপ্তি দৃষ্টান্ত প্রদর্শন করিলে, তাহা অন্যের প্রত্যক্ষ, সুতরাং আমার অভিমত হইবে কিরূপে?) যদি অন্যের সুষুপ্তিকে দৃষ্টান্তরূপে স্বীকার কর, আহা! তবে

যঃ স্বস্বুপ্তিং ন বেত্ত্যস্য পরস্বুপ্তৌ তু কা কথা ॥ ৩০ ॥
নিশ্চেষ্টত্বাৎ পরঃ স্বপ্তো যথাহমিতি চেৎ তদা।
উদাহর্ত্তুঃ সুষুপ্তেস্তে স্বপ্রভত্বং বলাদ্ভবেৎ ॥ ৩১ ॥
নেন্দ্রিয়াণি ন দৃষ্টান্তস্তথাপ্যঙ্গীকরোষি তাম্।
ইদমেব স্বপ্রভত্বং যজ্ঞানং সাধনৈর্ব্বিনা ॥ ৩২ ॥
ত্বামদ্বৈতস্বপ্রভত্বে বদ সুপ্তৌ সুখং কথম্।

---

ভবান্ সুপ্তেরনুভবগম্যত্বানঙ্গীকারেণ স্বসুপ্তিমপি ন বেত্তি তস্য তব পরসুপ্তৌ কা কথা? পরসুপ্তিজ্ঞানং ন ভবতীতি কিমু বক্তব্যমিতি ভাবঃ ॥ ৩০ ॥

নন্বনুমানাৎ পরসুপ্তির্জ্ঞাস্যত ইতি শঙ্কতে—নিশ্চেষ্টেতি। বিমতঃ পরঃ সুপ্তো ভবিতুমর্হতি প্রাণাদিমত্ত্বে সতি নিশ্চেষ্টত্বাৎ মদ্বদিত্যনুমানাদিত্যর্থঃ। এবং তর্হি তব সুপ্তেঃ সপ্রকাশত্বং পরিশিষ্যত ইত্যাহ সিদ্ধান্তী—তদেতি। তদা তর্হি মাং প্রতি সুষুপ্তিমুদাহর্ত্তুর্দৃষ্টান্তীকর্ত্তুস্তে তব সুপ্তেঃ স্বপ্রভত্বং স্বপ্রকাশত্বং বলাৎ সুপ্ত্যুদাহরণসামর্থ্যাদেব ভবেৎ ॥ ৩১ ॥

নন্ কথং বলাদ্ ভবতীত্যাশঙ্ক্যাহ—নেন্দ্রিয়াণীতি। সুপ্তিগ্রাহকাণীন্দ্রিয়াণি ন সন্তি তেষাং স্বকারণে বিলীনত্বাৎ, দৃষ্টান্তশ্চ সম্প্রতিপন্নো নাস্তি পরসুষুপ্তেরপ্রসিদ্ধত্বস্যোক্তত্বাৎ, তথাপি তাং সুষুপ্তিম্ অঙ্গীকরোষি, এবঞ্চ সতি সাধনৈর্বিনা জ্ঞানসাধনমন্তরেণাপি ভানং প্রকাশনমিতি যদিদমেব স্বপ্রভত্বং সুষুপ্তা ইত্যর্থঃ। অত্রায়ং প্রয়োগঃ,—বিমতা সুপ্তিঃ স্বপ্রকাশা অসৎস্বপি জ্ঞানসাধনেষু প্রকাশমানত্বাৎ সাংখ্যাভিমতাত্মবৎ প্রভাকরাভিমতসংবেদনবৎ শাক্যাভিমতশাত্মবদিত্যর্থঃ ৩২ ॥

ইত্থং প্রলয়স্য দৃষ্টান্তত্বেনোদাহৃতায়াঃ সুষুপ্তেরদ্বৈতত্বং স্বপ্রভত্বঞ্চ প্রসাধ্য তত্র সুখপ্রসাধনায়

---

তোমার কি মহৎ কৌশল! কেননা তুমি ফলতঃ আপনার সুষুপ্তকে প্রত্যক্ষ বলিয়া মান না; তোমার পরকীয় সুষুপ্ত-জ্ঞান কি প্রকারে হয়? ২৯।৩০।

যেমন আমি সুষুপ্তিকালে নিশ্চেষ্ট হই, সেইরূপ এই ব্যক্তি নিশ্চেষ্ট হইয়াছে, অতএব এই ইহার সুষুপ্তিকাল, এমত যদি অনুমান কর, তবে তোমার স্বীয় সুষুপ্তিকালের স্বয়ংপ্রকাশত্ব সুতরাং স্বীকৃত হইল। যে স্থলে জ্ঞানের অন্য উপায় নাই অর্থাৎ কোন ইন্দ্রিয়ের সম্বন্ধ নাই ও কোন প্রকার দৃষ্টান্তও নাই, অথচ তাহাকে স্বীকার করিতে হয়, তাহাকেই স্বয়ংপ্রকাশ বলা যায়। ৩১।৩২।

যদি বল, সুষুপ্তি অদ্বৈতস্বরূপ ও স্বয়ংপ্রকাশস্বরূপ হউক, কিন্তু তাহাতে

শৃণু দুঃখং তদা নাস্তি ততস্তে শিষ্যতে সুখম্ ॥ ৩৩ ॥
অন্ধঃ সন্নপ্যনন্ধঃ স্যাদ্‌বিদ্ধোঽবিদ্ধোঽথ রোগ্যপি ।
অরোগীতি শ্রুতিঃ প্রাহ তচ্চ সর্ব্বে জনা বিদুঃ ॥ ৩৪ ॥
ন দুঃখাভাবমাত্রেণ সুখং লোষ্টশিলাদিষু ।
দ্বয়াভাবস্য দৃষ্টত্বাদিতি চেদ্‌বিষমং বচঃ ॥ ৩৫ ॥
মুখদৈন্যবিকাশাভ্যাং পরদুঃখসুখোহনম্ ।

---

পূর্ব্বপক্ষিণ আকাঙ্ক্ষামুত্থাপয়তি—স্যামিতি। সুখপ্রতিযোগিনো দুঃখস্য তদানীমসত্ত্বাৎ সুখমেব পরিশিষ্যতে ইত্যাহ—শৃণ্বিতি। সুখদুঃখয়োঃ প্রকাশতমসোরিব পরস্পরবিরোধিত্বাৎ দুঃখাভাবে সুখমেবাভ্যুপেয়মিতি ভাবঃ ॥ ৩৩ ॥

সুপ্তৌ দুঃখাভাবে কিং মানমিত্যাকাঙ্ক্ষায়াং শ্রুত্যনুভবাদিত্যাহ—অন্ধ ইতি। "তস্মাদ্ বা এতং সেতুং তীর্ত্বাঽন্ধঃ সন্ননন্ধো ভবতি বিদ্ধঃ সন্নবিদ্ধো ভবত্যুপতাপী সন্ননুপতাপী ভবতি তং যদ্যপীদং ভগবঃ শরীরমন্ধং ভবত্যনন্ধঃ স ভবতী"ত্যাদিশ্রুতির্দেহাভিমানপ্রযুক্তান্ধত্বাদীন্ দোষান্ সুপ্তৌ নিবারয়তি। ব্যাধ্যাদিনা পীড্যমানস্যাপি সুপ্তৌ তদ্দুঃখানুভবো নাস্তীত্যেতৎ সর্ব্বজন-প্রসিদ্ধঞ্চেত্যর্থঃ ॥ ৩৪ ॥

ননু যত্র দুঃখাভাবস্তত্র সুখমিত্যস্যাঃ ব্যাপ্তের্লোষ্টাদৌ ব্যভিচার ইতি শঙ্কতে—ন দুঃখেতি। দুঃখাভাবমাত্রেণ সুখং কল্পয়িতুং ন শক্যতে লোষ্টশিলাদিষু দ্বয়াভাবস্য সুখদুঃখয়োরভাবস্য প্রদর্শনাদিত্যর্থঃ। দৃষ্টান্তদার্ষ্টান্তিকয়োর্বৈষম্যান্মৈবমিতি পরিহরতি—বিষমমিতি। বচো দৃষ্টান্ত-বচনং বিষমং দার্ষ্টান্তিকাননুসারীত্যর্থঃ ॥ ৩৫॥

দৃষ্টান্তস্যাননুকূলত্বমেবোপপাদয়তি—মুখেতি। অন্যনিষ্ঠয়োর্দুঃখসুখয়োরূহনং যথাক্রমং মুখদৈন্যবিকাশাভ্যাং লিঙ্গাভ্যাং কর্ত্তব্যম্, অয়ং দুঃখী বিষণ্ণবদনত্বাৎ অসম্প্রতিপন্নবৎ, অয়ং সুখী প্রসন্নবদনত্বাৎ সম্প্রতিপন্নবৎ ইত্যর্থঃ। এবমেবং লোকে প্রকৃতে কিমায়াতমিত্যত আহ—

---

সুখ কি প্রকারে থাকে? তবে শুন, যেহেতু তৎকালে দুঃখ নাই; সুতরাং তৎকালে তোমাকে সুখের সত্তাই স্বীকার করিতে হয়, 'তৎকালে অন্ধ অনন্ধ হয়, বিদ্ধ অবিদ্ধ হয়, ও রোগী অরোগী হয়', ইহা শ্রুতিতে উক্ত হইয়াছে, এবং তাহা সকলের অনুভূতও হয়। ৩৩।৩৪।

যদি বল, দুঃখের অভাবমাত্রেই সুখের সত্তা স্বীকার করিতে পারি না, যে যেহেতু কাষ্ঠ-প্রস্তরাদিতে দুঃখের অভাবেও সুখের অসত্তা দেখিতেছি। ইহার উত্তর এই যে, ইহা অনুরূপ দৃষ্টান্ত নহে, যেহেতু মুখের মলিনতা ও প্রফুল্লতাতে পরের দুঃখ ও সুখ অনুভূত হয়, কিন্তু তদভাবে লোষ্ট প্রভৃতির

দৈন্যাদ্যভাবতো লোষ্টে দুঃখাদ্যূহো ন সম্ভবেৎ ॥ ৩৬ ॥
স্বকীয়সুখদুঃখে তু নোহনীয়ে ততস্তয়োঃ।
ভাবো বেদ্যোঽনুভূত্যৈব তদভাবোঽপি নান্যতঃ ॥ ৩৭ ॥
তথা সতি সুষুপ্তৌ চ দুঃখাভাবোঽনুভূতিতঃ।
বিরোধিদুঃখরাহিত্যাৎ সুখং নির্ব্বিঘ্নমিষ্যতাম্ ॥ ৩৮ ॥
মহত্তরপ্রয়াসেন মৃদু শয্যাদিসাধনম্।
কুতঃ সম্পাদ্যতে সুপ্তৌ সুখঞ্চেৎ তত্র নো ভবেৎ ॥ ৩৯ ॥

---

দৈন্যাদীতি। লোষ্টাদৌ সুখদৈন্যাদিলিঙ্গাভাবাৎ সুখদুঃখয়োরূহনমেব ন সম্ভবতি অতস্তত্র দুঃখাভাবোঽপি ন নিশ্চেতুং শক্যতে ইত্যর্থঃ ॥ ৩৬ ॥

ইদানীং পরকীয় সুখদুঃখাভ্যাং স্বকীয় সুখদুঃখয়োর্বৈষম্যং দর্শয়তি স্বকীয়েতি। স্বনিষ্ঠয়োস্তু সুখদুঃখয়োরনুভবসিদ্ধত্বান্নানুমেয়ত্বং যতস্ততস্তয়োঃ সুখদুঃখয়োর্ভাবঃ সদ্ভাবো যথানুভূত্যৈব বেদ্যঃ প্রত্যক্ষেণাবগম্যতে তথা তদভাবোঽপি তয়োঃ সুখদুঃখয়োরভাবোঽপি অন্যতঃ তস্মাৎ অনুমানাদের্নাবগম্যতে কিন্তু প্রত্যক্ষেণৈবেত্যর্থঃ ॥ ৩৭ ॥

ফলিতমাহ তথেতি। তথা সতি স্বকীয়স্য সুখাদেরনুভবগম্যত্বে সতি সুষুপ্তৌ স্বকীয়-সুষুপ্তাবপি বিদ্যমানো দুঃখাভাবোঽনুভবেনৈব সিদ্ধঃ। ততোঽপি কিং তত্রাহ বিরোধীতি। সুপ্তৌ সুখবিরোধিনো দুঃখস্যাভাবান্নির্ব্বিঘ্নং বাধরহিতং সুখমিষ্যতাম্ অভ্যুপেয়তাম্ ॥ ৩৮ ॥

শয্যাদিসাধনসম্পাদনস্যান্যথানুপপত্ত্যাপি সুপ্তৌ সুখমস্তীত্যবগম্যতে ইত্যাহ মহদিতি। তত্র তস্যাং সুপ্তৌ সুখং ন ভবেচ্চেৎ মহত্তরপ্রয়াসেন বহুবিত্তব্যয়শরীরপীড়নাদিনা মৃদুলং শয্যাদি কশিপুমঞ্চাদি সুখসাধনং কুতঃ কস্মাৎ কারণাৎ সম্পাদ্যতে ন কুতোঽপীত্যর্থঃ ॥ ৩৯ ।

---

দুঃখাদির অনুভব সম্ভবই হয় না। অর্থাৎ যে বস্তু কোন সময়ে দুঃখার্ত্ত হয়, তাহাতে দুঃখের অভাব হইলেই সুখের সত্তা স্থির হয়; নতুবা নহে। ৩৫।৩৬।

স্বীয় সুখ-দুঃখকে বা তাহাদিগের অভাবকে কোন চিহ্ন দ্বারা অনুমান করিতে হয় না, তাহা প্রত্যক্ষতঃ অনুভূত হয়, অতএব নিজ সুষুপ্তিকালে যে দুঃখের অভাব তাহা অনুভব দ্বারাই প্রতীত হয়; সুতরাং তৎকালে দুঃখের অভাববশতঃ, সুখের সত্তা নির্ব্বিঘ্নে সিদ্ধ হইল। ৩৭,৩৮।

যদি সুষুপ্তিকালে সুখের অনুভব না হইবে, তবে লোকে মহত্তর প্রয়াস দ্বারা কোমল শয্যাদি কি জন্য প্রস্তুত করিয়া থাকে? যদি দুঃখনাশের নিমিত্ত

দুঃখনাশার্থমেবৈতদিতি চেদ্রোগিণস্তথা।
ভবত্বরোগিণস্তে তৎ সুখায়ৈবেতি নিশ্চয়ু ॥ ৪০ ॥
তর্হি সাধনজন্যত্বাৎ সুখং বৈষয়িকং ভবেৎ।
ভবত্যেবাত্র নিদ্রায়াঃ পূর্ব্ববৎ শয্যাসনাদিজম্ ॥ ৪১ ॥
নিদ্রায়ান্তু সুখং যৎ তজ্জন্যন্তে কেন হেতুনা।
সুখাভিমুখধীরাদৌ পশ্চান্মজ্জেৎ পরে সুখে ॥ ৪২ ॥
জাগ্রদ্ব্যাবৃত্তিভিঃ শান্তো বিশ্রম্যাথ বিরোধিনি।

অর্থাপত্তেরন্যথোপপত্তিং শঙ্কতে দুঃখেতি। এতৎ শয্যাদিসাধনসম্পাদনং দুঃখনিবৃত্তি-ফলকং ন সি তমিতি পরিহরতি রোগিণ ইতি। রোগাদিদুঃখে সতি তন্নিবৃত্তয়ে তত্তবতু তদ-ভাবে তে তব নিবর্ত্তাদুঃখাভাবাৎ তৎসম্পাদনং সুখায়ৈব ইত্যবগম্যতে ইত্যর্থঃ ॥ ৪০ ॥

নমু সৌষুপ্তসুখস্য শয্যাদিসাধনজন্যত্বে আত্মস্বরূপত্বং বাহন্যেতেতি শঙ্কতে তর্হীতি। কিং নিদ্রাগমনাৎ পূর্ব্বকালীনস্য বিষয়জন্যত্বমুচ্যতে উত নিদ্রাকালীনস্যেতি বিকল্পাদ্যমঙ্গীকরোতি ভবত্বিতি ॥ ৪১ ॥

দ্বিতীয়ং নিরাকরোতি নিদ্রায়ামিতি। সুষুপ্তৌ শয্যাদ্যনুসন্ধানাভাবাৎ তজ্জন্যত্বং তস্য ন সম্ভবতীতি ভাবঃ। নমু নিদ্রায়ামজন্যং সুখং যদাস্তি তর্হি বিষয়সুখবৎ কুতো নানুভূয়তে ইত্যাশঙ্ক্য অনুভবিতুস্তদা তস্মিন্ নিমগ্নত্বান্ন বিষয়সুখবদনুভব ইত্যভিপ্রয়েণাহ সুখেতি। আদৌ নিদ্রায়াঃ পূর্ব্বস্মিন্ কালে জীবঃ সুখাভিমুখধীঃ শয্যাদিজন্যসুখাভিমুখা ধীঃ বুদ্ধির্যস্য, স তথাবিধো ভবতি পশ্চান্নিদ্রাকালে পরে উৎকৃষ্টে সুখে স্বরূপসুখে মজ্জেৎ নিলীনো ভবেৎ ॥৪২॥

সংক্ষেপেণোক্তমর্থং শ্লোকত্রয়েণ প্রপঞ্চয়তি জাগ্রদিত্যাদিনা। জীবো জাগ্রদ্ব্যাবৃত্তিভি-র্জাগরণাবস্থায়াং ক্রিয়মাণব্যাপারবিশেষৈঃ শ্রান্তো বিশ্রমং মৃদুশয্যাদৌ শয়নং কৃত্বাথানন্তরং

কোমল শয্যাদি প্রস্তুত করা স্বীকার কর, তবে তাহা রোগীদিগের পক্ষেই সম্ভব, কিন্তু অরোগীদিগের পক্ষে কেবল সুখেরই জন্য, ইহা স্বীকার কর। ৩৯ ৪০।

যদি বল, সুষুপ্তিকালে যদি শয্যাদিপ্রস্তুত দ্বারা সুখ জন্মিল, তবে তাহাকে বৈষয়িক সুখ বলি : তাহার সিদ্ধান্ত এই যে,—নিদ্রার পূর্ব্বে শয্যাদি-জনিত সেই সুখ বৈষয়িক সুখ বটে, কিন্তু তৎপরে সুষুপ্তিকালীন যে সুখ, তাহা আর জন্য নহে। জীবের বুদ্ধিবৃত্তি প্রথমতঃ বৈষয়িক সুখের প্রতি অভিমুখ হয়, পশ্চাৎ সুষুপ্তিকালে জীব পরমসুখে নিমগ্ন হয়। ৪১।৪২।

জীব জাগ্রৎকালে নানা ব্যাপারে শ্রান্ত হইয়া কোমল শয্যাদিতে বিশ্রাম

অপনীতে স্বস্থচিত্তোঽনুভবেৎ বিষয়ে সুখম্ ॥ ৪৩ ॥
আত্মাভিমুখধীবৃত্তৌ স্বানন্দঃ প্রতিবিম্বতি ।
অনুভূয়ৈনমত্রাপি ত্রিপুট্যা শ্রান্তিমাপ্নুয়াৎ ॥ ৪৪ ॥
তচ্ছ্রমস্যাপনুত্যর্থং জীবো ধাবেৎ পরাত্মনি ।
২য়তঃ—টীকাকার নিজেও নিত্যানন্দকে ব্রহ্মানন্দের অন্তর্গত বলিয়া মূলের ১১শ পরিচ্ছেদস্থ উক্তির বিরুদ্ধ কথা কহিলেন। এ অসঙ্গতির সমাধান এই যে,—জগৎকারণত্বরূপ উপাধিবিশিষ্ট আনন্দই ব্রহ্মানন্দ; সেই ব্রহ্মানন্দ-বাসনাই দ্বাদশ পরিচ্ছেদের প্রথম শ্লোকে বাসনানন্দ নামে কথিত হইয়াছে। উপাধিরহিত আনন্দই 'মুখ্যানন্দ'—তদীয় বাসনা "নিজানন্দ" নামে অভিহিত। এই শ্লোকেও (১১শ পরিচ্ছেদ ৯৬ শ্লোকে) বাসনানন্দ শব্দে দ্বিবিধ বাসনানন্দেরই নিজানন্দ অর্থাৎ ব্রহ্মানন্দ, বাসনানন্দ এবং মুখ্যানন্দ বাসনানন্দেরও গ্রহণ জানিবে। সুতরাং নিজানন্দ সামান্যাকারে বাসনানন্দেরই অন্তর্গত, দ্বাদশ পরিচ্ছেদের প্রথম শ্লোকোক্ত বাসনানন্দকে ব্রহ্মানন্দ-বাসনানন্দরূপ বিশেষ ভাবে গ্রহণ

অবিরোধিসুখে বুদ্ধিঃ স্বানন্দে চ গমাগমৌ।
কুর্ব্বন্ত্যাস্তে ক্রমাদেষা কাকাক্ষিবদিতস্ততঃ ॥ ১২৮ ॥
একৈব দৃষ্টিঃ কাকস্য বামদক্ষিণনেত্রয়োঃ।
যাত্যায়াত্যেবমানন্দদ্বয়ে তত্ত্ববিদো মতিঃ ॥ ১২৯ ॥
ভুঞ্জানো বিষয়ানন্দং ব্রহ্মানন্দঞ্চ তত্ত্ববিৎ।
দ্বিভাষাভিজ্ঞবদ্ বিদ্যাদুভৌ লৌকিকবৈদিকৌ ॥ ১৩০ ॥
দুঃখপ্রাপ্তৌ চ নোদ্বেগো যথাপূর্ব্বং যতো দ্বিদৃক্।
গঙ্গামগ্নার্দ্ধকায়স্য পুংসঃ শীতোষ্ণধীর্যথা ॥ ১৩১ ॥

---

মা ভূদ্ বিরোধিনি বিষয়সুখে ইচ্ছা অপবর্গসৌলভ্যাদবহির্মুখত্বহেতৌ বিষয়ে কিং ন ভবতীত্যত আহ—অবিরোধীতি ॥ ১২৮ ॥

দৃষ্টান্তং বিবৃণোতি—একৈব দৃষ্টিরিতি। যথা কাকস্য দৃষ্টিদৃশ্যতে অনয়েতি দর্শনসাধনং চক্ষুরিন্দ্রিয়মেব বামদক্ষিণনেত্রয়োর্গোলকয়োঃ পর্য্যায়েণ গমনাগমনে করোতি এবং বিবেকিনো বুদ্ধিরপ্যানন্দদ্বয়ে ইত্যর্থঃ ॥ ১২৯ ॥

দার্ষ্টান্তিকং প্রপঞ্চয়তি—ভুঞ্জান ইতি। তত্ত্ববিদ্ধি বিষয়ান্ ভুঞ্জানস্তজ্জন্যং বিষয়ানন্দং পানবস্ত্রাদ্যাদবগচ্ছন্ ব্রহ্মানন্দঞ্চ লৌকিকবৈদিকাবুভৌ বিষয়ানন্দব্রহ্মানন্দৌ ভাষাদ্বয়বেদিবজ্জানীয়াদিত্যর্থঃ ॥ ১৩০ ॥

ননু দুঃখানুভবদশায়ামুদ্বেগে সতি কথং নিজানন্দানুভব ইত্যাশঙ্ক্যাহ—দুঃখেতি। যতো যস্মাৎ কারণাৎ বিবেকী দ্বিদৃক্ লৌকিকবৈদিকব্যবহারয়োরপি বেত্তা অতো দুঃখ-

---

যেমন কাকের একমাত্র চক্ষুরিন্দ্রিয় ক্রমশঃ বাম, দক্ষিণ—উভয় নেত্ররন্ধ্রে যাতায়াত করে, তদ্রূপ ব্রহ্মানুসন্ধানের অবিরোধী সুখ এবং নিরতিশয় আনন্দ এই উভয় সুখেই ধীর ব্যক্তির বুদ্ধি গতায়াত করে। ১২৮।১২৯।

অর্থাৎ তত্ত্বজ্ঞানী ব্যক্তি বিষয়ানন্দ ও ব্রহ্মানন্দ উভয় আনন্দ ভোগ করত উভয় ভাষাভিজ্ঞ ব্যক্তির ন্যায় লৌকিক ও বৈদিক উভয় আনন্দই গ্রহণ করিয়া থাকেন। তিনি পূর্ব্বের ন্যায় আর দুঃখ উপস্থিত হইলে উদ্বিগ্ন হন না; কেননা, গঙ্গাজলে অর্দ্ধমগ্ন ব্যক্তির শীত-উষ্ণ জ্ঞানের ন্যায়

---

করিলে মূলের বিরোধ থাকে না। তবে টীকার বিরুদ্ধ কথা বলা হয়। টীকাকারের উক্তি রক্ষা করিতে হইলে বলিতে হয়, মুখ্যানন্দ বাসনাস্বরূপ যে আনন্দ, তাহা ব্রহ্মানন্দেরই অন্তর্গত, ব্রহ্মানন্দ-বাসনারূপ যে আনন্দ, তাহাই বাসনানন্দ।

এই উভয় মীমাংসায় দোষ গুণ পণ্ডিত পাঠক বিচার করিবেন।

ইত্থং জাগরণে তত্ত্ববিদো ব্রহ্মসুখং সদা।
ভাতি তদ্বাসনাজন্যে স্বপ্নে তদ্ ভাসতে তথা ॥ ১৩২ ॥
অবিদ্যাবাসনাপ্যস্তীত্যতস্তদ্বাসনোত্থিতে।
স্বপ্নে মূর্খবদেবৈষ সুখং দুঃখঞ্চ বীক্ষতে ॥ ১৩৩ ॥
ব্রহ্মানন্দাভিধে গ্রন্থে ব্রহ্মানন্দপ্রকাশকম্।
যোগিপ্রত্যক্ষমধ্যায়ে প্রথমেঽস্মিন্নুদীরিতম্ ॥ ১৩৪ ॥
ইতি ব্রহ্মানন্দে যোগানন্দঃ সমাপ্তঃ ॥

---

প্রাপ্তাবাপ পূর্ব্ববদজ্ঞানদশায়ামিব ন তস্যোদ্বেগঃ বিবেকেন তদা বাধ্যমানত্বাৎ অতো দুঃখানুভবকালেঽপি নিজানন্দানুভবসন্ধানং ন বিরুধ্যতে ইত্যর্থঃ। যুগপদুভয়ানুসন্ধানে দৃষ্টান্তমাহ—গঙ্গেতি ॥ ১৩১ ॥

ফলিতমাহ—ইত্থমিতি। সদা সুখদুঃখানুভবদশায়াং তূষ্ণীং স্থিতৌ চেত্যর্থঃ। ন কেবলং জাগরণে এব তদ্ভানং কিন্তু স্বপ্নাবস্থায়ামপীত্যাহ—তদ্বাসনেতি। হেতুগর্ভমিদং বিশেষণং, জাগ্রদ্বাসনাজন্যত্বাৎ স্বপ্নস্য তত্রাপি তদ্ব্রহ্মসুখং তথা জাগ্রদবস্থায়ামিব ভাসতে ইত্যর্থঃ ॥১৩২॥

নন্বু স্বপ্নস্যানন্দানুভববাসনাজন্যত্বে সতি আনন্দ এব ভাসেত ইত্যাশঙ্ক্যাহ—অবিদ্যেতি। ন কেবলমানন্দবাসনাবলাদেব স্বপ্নো জায়তে কিন্তু অবিদ্যাবাসনাবশাদপি, অতস্তদ্বাসনাজন্যস্য তত্র জন্তোর্দুঃখাদ্যনুভবো ভবতীত্যর্থঃ ॥ ১৩৩ ॥

এতাবতা গ্রন্থসন্দর্ভেণ উক্তমর্থং নিগময়তি—ব্রহ্মানন্দেতি। ব্রহ্মানন্দনামকে অধ্যায়পঞ্চকাত্মকে গ্রন্থেঽস্মিন্ প্রথমাধ্যায়ে সুষুপ্ত্যবস্থায়ামৌদাসীন্যকালেঽপি, সমাধ্যবস্থায়াং সুখদুঃখদশায়াঞ্চ স্বপ্রকাশচিদ্রূপব্রহ্মানন্দস্য প্রকাশকং যোগ্যনুভবরূপং প্রত্যক্ষমুক্তমিত্যর্থঃ। ইদঞ্চোপলক্ষণম্ আগমাদানাং, তেষামপ্যত্র প্রদর্শিতত্বাৎ ॥ ১৩৪ ॥

ইতি ব্রহ্মানন্দে যোগানন্দব্যাখ্যা সমাপ্তা ॥

---

ব্রহ্মানন্দ ও দুঃখ—এই উভয়েরই অনুভব তাঁহার হয়। ( অতএব ব্রহ্মানন্দ ভোগ হেতু দুঃখভোগ জন্য উদ্বেগ হয় না )। ১৩০।১৩১।

এই প্রকার তত্ত্বজ্ঞানীর জাগ্রৎকালে যেরূপ সর্ব্বদা ব্রহ্মানন্দ অনুভব হয়, তদ্বাসনাজন্য স্বপ্নকালে সেই ব্রহ্মানন্দ তদ্রূপ অনুভূত হয়, আর নির্ব্বাণ-মুক্তিকাল পর্য্যন্ত অবিদ্যা-বাসনা থাকে বলিয়া ধীর ব্যক্তিও স্বপ্নে পূর্ব্বের ন্যায় সুখ-দুঃখ অনুভব করেন। ১৩২।১৩৩।

ব্রহ্মানন্দপ্রতিপাদক এই গ্রন্থের প্রথমাধ্যায়ে ব্রহ্মানন্দ-প্রকাশক যোগি-প্রত্যক্ষরূপ আনন্দ বিবেচিত হইল। ১৩৪।

যোগানন্দ-নামক একাদশ পরিচ্ছেদ সমাপ্ত ॥ ১১ ॥

# দ্বাদশপরিচ্ছেদঃ।

## ব্রহ্মানন্দে আত্মানন্দঃ।

নন্বেবং বাসনানন্দাদ্ ব্রহ্মানন্দাদপীতরম্।
বেত্তু যোগী নিজানন্দং মূঢ়স্যাত্রাস্তি কা গতিঃ ॥ ১ ॥
ধর্ম্মাধর্ম্মবশাদেষ জায়তাং ম্রিয়তামপি।
পুনঃপুনর্দেহলক্ষৈঃ কিং নো দাক্ষিণ্যতো বদ ॥ ২ ॥
অস্তি বোঽনুজিঘৃক্ষুত্বাদ্ দাক্ষিণ্যে ন প্রয়োজনম্।
তর্হি ব্রূহি স মূঢ়ঃ কিং জিজ্ঞাসুর্বা পরাঙ্মুখঃ ॥ ৩ ॥

---

নত্বা শ্রীভারতীতীর্থবিদ্যারণ্যমুনীশ্বরৌ।
ব্রহ্মানন্দাভিধে গ্রন্থে আত্মানন্দো বিবিচ্যতে ॥

তদেবং প্রথমাধ্যায়ে বিবেকিনো যোগেন নিজানন্দানুভবপ্রকারং প্রদর্শ্য মূঢ়স্য জিজ্ঞাসোঃ আনন্দশব্দবাচ্যঃ পদার্থবিবেচনমুখেন ব্রহ্মানন্দানুভবপ্রকারপ্রদর্শনায় শিষ্যপ্রশ্নমবতারয়তি—নন্বেবমিতি ॥ ১ ॥

শিষ্যেণৈবং পৃষ্টো গুরুরতিমূঢ়স্য বিদ্যাধিকার এব নাস্তীত্যাহ—ধর্ম্মেতি। এষোঽতিমূঢ়োঽনাদৌ সংসারে অতীতেষু জন্মসু অনুষ্ঠিতসুকৃতদুষ্কৃতবশ নানাবিধদেহস্বীকারেণ পুনঃপুনর্জায়তাং ম্রিয়তাঞ্চেত্যর্থঃ ॥ ২ ॥

সর্ব্বানুগ্রাহকত্বাদাচার্য্যেণ তস্যাপি কাচন গতির্বক্তব্যেতি শিষ্য আহ—অস্তীতি। বো যুষ্মাকম্ অনুজিঘৃক্ষুত্বাদনুগ্রহীতুমিচ্ছবোঽনুজিঘৃক্ষবস্তেষাং ভবতাং ত্বং তস্মাৎ শিষ্যোদ্ধরণেচ্ছাযুক্তত্বাদ্ দাক্ষিণ্যাত্ত্বদুদ্ধরণলক্ষণং প্রয়োজনমস্ত্যেবেত্যর্থঃ। এবং শিষ্যবচনমাকর্ণ্য গুরুস্তং বিকল্প্য পৃচ্ছতি—তর্হীতি। যদি মূঢ়স্যাপি কাচন গতির্বক্তব্যা তর্হি স মূঢ়ঃ কিং রাগী বিরক্তো বেতি বদ ॥ ৩ ॥

---

যোগী উক্ত রীতিক্রমে বাসনানন্দ ও ব্রহ্মানন্দ হইতে অতিরিক্ত নিজানন্দ অনুভব করুন, কিন্তু মূঢ় ব্যক্তির সংসারে কি গতি হইবে? ১।

মূঢ় ব্যক্তি ধর্ম্মাধর্ম্মবশতঃ এই অনাদি সংসারে লক্ষ লক্ষ দেহে পুনঃ পুনঃ জন্মগ্রহণ করে এবং কালগ্রাসে পতিত হয়; অতএব তাহার প্রতি আমাদের ঔদার্য্য প্রকাশের প্রয়োজন কি? যদি বল, তোমরা অনুগ্রহ

**উপাস্তিং কর্ম্ম বা ব্রূয়াদ্ বিমুখায় যথোচিতম্ ।**
**মন্দপ্রজ্ঞস্তু জিজ্ঞাসুমাত্মানন্দেন বোধয়েৎ ॥ ৪ ॥**
**বোধয়ামাস মৈত্রেয়ীং যাজ্ঞবল্ক্যো নিজপ্রিয়াম্ ।**
**ন বা অরে পত্যুরর্থে পতিঃ প্রিয় ইতীরয়ন্ ॥ ৫ ॥**
**পতির্জায়া পুত্রবিত্তে পশুব্রাহ্মণবাহুজাঃ ।**
**লোকা দেবা বেদভূতে সর্ব্বঞ্চাত্মার্থতঃ প্রিয়ম ॥ ৬ ॥**

রাগী চেত্তদ্রাগানুসারেণ কর্ম্ম বোপাসনং বা বক্তব্যমিতি প্রথমে পরিহারমাহ—উপাস্তিমিতি। বিমুখায় তত্ত্বজ্ঞানবিমুখায় বহির্মুখায় ইত্যর্থঃ, যথোচিতং যথাযোগ্যং ব্রহ্মলোকাদিকামশ্চেদু পাস্তিং ব্রূয়াৎ স্বর্গাদিকামশ্চেৎ কর্ম্ম ব্রূয়াদিত্যর্থঃ। জিজ্ঞাসুত্বেঽপি সোঽতিবিবেকী মন্দপ্রজ্ঞো বেতি বিকল্প্য অতিবিবেকিনঃ পূর্ব্বাধ্যায়োক্তপ্রকারেণ যোগেন ব্রহ্মসাক্ষাৎকরমভিপ্রেত্য মন্দপ্রজ্ঞস্তত্তদ্দর্শনোপায়মাহ—মন্দপ্রাজ্ঞস্তিতি। যো মন্দপ্রজ্ঞঃ মন্দা জড়া প্রজ্ঞা বুদ্ধির্যস্য স মন্দপ্রজ্ঞস্তং মন্দপ্রজ্ঞং জিজ্ঞাসুং জ্ঞাতুমিচ্ছুর্জিজ্ঞাসুস্তমাত্মানন্দেন আত্মানন্দবিবেচনমুখেন বোধয়েৎ ॥ ৪ ॥

এবং কেন কো বোধিত ইত্যত আহ—বোধয়ামাসেতি। যাজ্ঞবল্ক্য এতন্নামকো যজুঃশাখাবিশেষপ্রবর্ত্তকঃ কশ্চিদৃষির্মৈত্রেয়ীমেতন্নামিকাং নিজপ্রিয়াং স্বভার্য্যাং 'ন বা অরে পত্যুরর্থে পতিঃ প্রিয় ইতি, ন বা অরে পত্যুঃ কামায় পতিঃ প্রিয়ো ভবতী'ত্যাদিপ্রকারেণ ঈরয়ন্ ব্রুবন্ বোধয়ামাস বোধিতবানিত্যর্থঃ ॥ ৫ ॥

উক্তবত্র 'পরপ্রেমাস্পদত্বেন পরমানন্দ ইষ্যতা'মিতি বাক্যেন পরপ্রেমাস্পদত্বেন হেতুনা আত্মনঃ পরমানন্দরূপতাং নিষাধয়িষুরাদৌ পরপ্রেমাস্পদত্বহেতুসমর্থনায় তাবদু াহৃতবাক্যস্যোপলক্ষণপরতামভিপ্রেত্য তৎপ্রকরণস্থসকলপর্য্যায়বাক্যতাৎপর্য্যমাহ—পতিরিতি।

করিতে ইচ্ছুক, তোমাদিগের ঔদার্য্যপ্রকাশে প্রয়োজন আছে, তবে বল দেখি সেই মূঢ়, তত্ত্বজ্ঞানেচ্ছু, কি তত্ত্বজ্ঞানে পরাঙ্মুখ ? ১।৩।

যদি সেই মূঢ় ব্যক্তি তত্ত্বজ্ঞানে পরাঙ্মুখ হয়, তবে তাহাকে যথাবিধি উপাসনা বা কর্ম্মকাণ্ড উপদেশ করা কর্ত্তব্য, আর যদি সে তত্ত্বজ্ঞানেচ্ছু হয়, তবে তাহাকে আত্মানন্দ বিচার দ্বারা উপদেশ করিবে। যাজ্ঞবল্ক্য স্বীয় বনিতা মৈত্রেয়ীকে এই বিষয়ে উপদেশ করিয়াছিলেন যে,—হে মৈত্রেয়ি! পতির সুখের নিমিত্ত লোকে পতিকামনা করে না, কেবল আপনারই নিমিত্ত লোকে পতি কামনা করে। ৪।৫।

পতি, পত্নী, পুত্র বা বিত্ত, পশু, শিশু, ব্রাহ্মণ, ক্ষত্রিয়, লোক, দেবতা, বেদ এবং ভূত—সকলেই আপনার প্রীতির নিমিত্ত প্রিয় হয়, যে হেতু পতির

পত্যাবিচ্ছা যদা পত্ন্যাস্তদা প্রীতিং করোতি সা।
ক্ষুদমুষ্ঠানরোগাদ্যৈস্তদা নেচ্ছতি তৎপতিঃ ॥ ৭ ॥
ন পত্যুরর্থে সা প্রীতিঃ স্বার্থ এব করোতি তাম্।
পতিশ্চাত্মন এবার্থে ন জায়ার্থে কদাচন ॥ ৮ ॥
অন্যোন্যপ্রেরণেঽপ্যেবং স্বেচ্ছয়ৈব প্রবর্ত্তনম্ ॥ ৯ ॥

---

পতিজায়াদিকং ভোগ্যজাতং ভোক্তুঃ শেষত্বাৎ ভোক্তুঃ সম্বন্ধেনৈব প্রিয়ং ন স্বরূপেণেত্যভিপ্রায়ঃ ॥ ৬ ॥

ইদানীং পূর্ব্বোদাহৃতস্য 'ন বা অরে পত্যুঃ কামায় পতিঃ প্রিয়ো ভবতি' 'আত্মনস্তু কামায় পতিঃ প্রিয়ো ভবতি' ইত্যস্য বাক্যস্য তাৎপর্য্যার্থং বিভজ্য দর্শয়তি—পত্যাবিচ্ছেতি। যদা যস্মিন্ কালে পত্ন্যা জায়ায়াঃ পত্যৌ ভর্ত্তরি বিষয়ে ইচ্ছা কামো ভবতি তদা সা পত্নী পত্যৌ প্রীতিং স্নেহং করোতি তদা তৎপতিঃ ক্ষুধাদিনা ইচ্ছাভাবহেতুনা যুক্তো ভবতি চেৎ তদা তং নেচ্ছতি ন কাময়তে ॥ ৭ ॥

এবঞ্চ সতি কিং ফলিতমিত্যত আহ—ন পত্যুরিতি। জায়য়া ক্রিয়মাণা যা প্রীতিঃ সা ন পত্যুঃ প্রয়োজনায় কিন্তু জায়া তাং পত্যৌ প্রীতিং স্বার্থ এব স্বপ্রয়োজনায়ৈব করোতি। 'ন বা অরে জায়ায়ৈ কামায় জায়া প্রিয়া ভবত্যাত্মনস্তু কামায় জায়া প্রিয়া ভবতী'ত্যাদি ন বা অরে সর্ব্বস্য কামায় সর্ব্বং প্রিয়ং ভবতি আত্মনস্তু কামায় সর্ব্বং প্রিয়ং ভবতি' ইত্যন্তানাং বাক্যানাং তাৎপর্য্যং ক্রমেণ বিভজ্য দর্শয়তি—পতিশ্চেত্যাদিনা। পতিশ্চ ভর্ত্তাপি স্বপ্রয়োজনায়ৈব জায়ায়াঃ প্রীতিং করোতি ন জায়াপ্রীতয়ে ইত্যর্থঃ ॥ ৮ ॥

নন্বেকৈককামনয়া প্রবৃত্তৌ প্রীতিঃ স্বার্থা ভবতু যুগপদুভয়েচ্ছায়া প্রবৃত্তৌ তু প্রীতেরুভয়ার্থতা স্যাদিত্যাশঙ্ক্যাহ—অন্যোন্যেতি। এবমুক্তেন প্রকারেণ স্বেচ্ছয়ৈব স্বকামনাপূরণেচ্ছয়ৈব প্রবর্ত্তনমুভয়োরপীতি শেষঃ ॥ ৯ ॥

---

প্রতি যখন পত্নীর ইচ্ছা, তখনই সে প্রীতি করে, কিন্তু পতির যদি তৎকালে ক্ষুধা বা রোগাদি থাকে, তবে তখন পতি, পত্নীর প্রতি অভিলাষী হ'ন না। ৬।৭।

পতির প্রতি পত্নীর যে প্রীতি হয়, তাহা পতির সুখের নিমিত্ত নহে, সে কেবল আপনারই সুখের নিমিত্ত; আর পত্নীর প্রতি পতির যে প্রীতি, তাহাও কখনও পত্নীর নিমিত্ত নহে, তাহাও আপনার নিমিত্ত। আর পরস্পর প্রীতি কার্য্যেও এইরূপ স্বীয় ইচ্ছামত প্রবৃত্তি জানিবে। ৮।৯।

শ্মশ্রুকণ্টকবেধেন বালে রুদতি তৎপিতা।
চুম্বত্যেব ন সা প্রীতির্বালার্থে স্বার্থ এব সা॥ ১০॥
নিরিচ্ছমপি রত্নাদি বিত্তং যত্নেন পালয়ন্।
প্রীতিং করোতি সা স্বার্থে বিত্তার্থত্বং ন শঙ্কিতম্॥ ১১॥
অনিচ্ছতি বলীবর্দ্দে বিবাহয়িষতে বলাৎ।
প্রীতিঃ সা বণিগর্থৈব বলবর্দ্দার্থতা কুতঃ॥ ১২॥

---

স্বেচ্ছয়া প্রবর্ত্তমহমেব দর্শয়তি—শ্মশ্রুকণ্টকেতি। পিত্রা ক্রিয়মাণং পুত্রমুখচুম্বনং ন পুত্রপ্রীত্যর্থং তস্য শ্মশ্রুকণ্টকবেধেন রোদনকর্ত্তৃত্বং অতস্তৎপিতুঃ স্বতুষ্ট্যর্থমেবেত্যবগন্তব্যমিত্যর্থঃ॥ ১০॥

চেতনেষু পত্নিজায়াপুত্রেষু ক্রিয়মাণায়াঃ প্রীতেঃ স্বার্থত্বপরার্থত্বসন্দেহসম্ভবাদচেতনত্বেনেচ্ছামাত্ররহিতস্য বিত্তবিষয়স্য তচ্ছঙ্কৈব নাস্তি ইত্যভিপ্রেত্য 'ন বা অরে বিত্তস্য কামায় বিত্তং প্রিয়ং ভবত্যাত্মনস্তু কামায় বিত্তং প্রিয়ং ভবতী'ত্যস্য বাক্যস্য তাৎপর্য্যমাহ—নিরিচ্ছম-প্রীতি॥ ১১॥

চেতনত্বেঽপি বহনাদীচ্ছারহিতপশুবিষয়স্য 'ন বা অরে পশূনামি'ত্যস্য বাক্যস্য তাৎপর্য্যমাহ—অনিচ্ছতীতি। বলীবর্দ্দেঽনডুহি অনিচ্ছতি ভারং বোঢ়ুমিচ্ছামকুর্ব্বত্যপি বলাদ্ বিবাহয়িষতে বাহয়িতুং কাময়মানে তত্র বহনাদিবিষয়ায়াঃ প্রীতেঃ বণিগর্থত্বমেব ন বলীবর্দ্দার্থত্বমিত্যর্থঃ॥ ১২॥

---

পিতা যখন পুত্রের মুখ চুম্বন করেন, তখন তাঁহার শ্মশ্রুরূপ কণ্টকে বিদ্ধ হইয়া পুত্র রোদন করিলেও তিনি চুম্বন করিতে ক্ষান্ত হন না, অতএব সেই যে প্রীতি, তাহা বালকের সুখের নিমিত্ত নহে, কেবল আপনার সুখের নিমিত্ত। ১০।

রত্নাদি ধন অচেতন বস্তু, তাহার নিজের ইচ্ছা বা প্রীতি নাই; সুতরাং লোকে তাহাকে যত্নপূর্ব্বক রক্ষা করিয়া তাহাতে যে প্রীতি প্রকাশ করে, তাহা রত্নের নিমিত্ত, এরূপ আশঙ্কাই হইতে পারে না; সে কেবল আপনারই উপকারার্থ। ১১।

বৃষের ভার বহন করিবার ইচ্ছা না থাকিলেও বণিকেরা যে তাহাকে বলপূর্ব্বক বহন করায়, তাহা কেবল বণিকেরই প্রীতির নিমিত্ত, বৃষের তাহাতে প্রীতি কোথায়? ১২।

ব্রাহ্মণ্যং মেঽস্তি পূজ্যোঽহমিতি তুষ্যতি পূজয়া।
অচেতনায়া জাতের্নো সন্তুষ্টিঃ পুংস এব সা॥ ১৩॥
ক্ষত্রিয়োঽহং তেন রাজ্যং করোমীত্যত্র রাজতা।
ন জাতের্বৈশ্যজাত্যাদৌ যোজনায়েদমীরিতম্॥ ১৪॥
স্বর্গলোকব্রহ্মলোকৌ স্তাং মমেত্যভিবাঞ্ছনম্।
লোকয়োর্নোপকারার্থ স্বভোগায়ৈব কেবলম্॥ ১৫॥
ঈশবিষ্ণ্বাদয়ো দেবাঃ পূজ্যন্তে পাপনষ্টয়ে।
ন তন্নিষ্পাপদেবার্থং স্বার্থং তত্র প্রযুজ্যতে॥ ১৬॥
ঋগাদয়ো হ্যধীয়ন্তে দুর্ব্রাহ্মণ্যানবাপ্তয়ে।

---

'ন বা অরে ব্রহ্মণঃ কামায়' ইতি বাক্যস্য তাৎপর্য্যমাহ—ব্রাহ্মণ্যমিতি। ব্রাহ্মণ্যনিমিত্তয়া পূজয়া ব্রাহ্মণোঽহমস্মীতি অভিমানবানেব তুষ্যতি ন জড়া জাতিরিত্যর্থঃ॥ ১৩॥

'ন বা অরে ক্ষত্রস্য' ইত্যাদিবাক্যস্য তাৎপর্য্যমাহ ক্ষত্রিয়োঽহমিতি। রাজ্যোপভোগনিমিত্তং সুখং ক্ষত্রিয়ত্বজাতিমত এব ন ক্ষত্রিয়ত্বজাতেরিত্যর্থঃ। ইদং ক্ষত্রিয়োদাহরণং বৈশ্যাদ্যুপলক্ষণার্থমিত্যাহ—বৈশ্যেতি॥ ১৪॥

'ন বা অরে লোকানাং কামায়' ইত্যাদিবাক্যস্য তাৎপর্য্যমাহ—স্বর্গেতি। লোকদ্বয়োপাদানং কর্ম্মোপাসনালক্ষণসাধনদ্বয়সম্পাদ্যসকললোকোপলক্ষণার্থম্॥ ১৫॥

কিঞ্চ ঈশেতি। পাপনষ্টয়ে পাপনিবৃত্তয়ে ইত্যর্থঃ। তৎ পূজনং ন নিষ্পাপদেবার্থং স্বতঃ পাপরহিতানাং দেবানাং ন প্রয়োজনায় কিন্তু স্বার্থং পূজাকর্তুঃ প্রয়োজনায়॥ ১৬॥

---

আমি সুব্রাহ্মণ, আমি পূজনীয়, ইহা ভাবিয় ব্রাহ্মণ যে সন্তুষ্ট হন, অচেতন জাতির সে তুষ্টি নহে, সে কেবল পুরুষের প্রীতি মাত্র। আমি ক্ষত্রিয়, রাজ্য প্রতিপালন করি, এই যে প্রীতি, ইহাও জাতির নহে। এইরূপ বৈশ্য প্রভৃতিতেও সংলগ্ন করিবার জন্য অল্প উদাহরণ দিলাম। ১৩।১৪।

আমার স্বর্গলোক বা ব্রহ্মলোক প্রাপ্তি হউক, এই যে বাঞ্ছা, তাহা সেই সেই লোকের উপকারার্থ নহে, সে কেবল আপনারই ভোগের নিমিত্ত। আর পাপনাশের নিমিত্ত মহেশ্বর বিষ্ণু প্রভৃতি দেবতায় যে পূজা করে, তাহাও নিষ্পাপ দেবতাদিগের নিমিত্ত নহে—কেবল আপনারই নিমিত্ত। ১৫।১৬।

অব্রাহ্মণ হইবার ভয়ে ব্রাহ্মণেরা যে বেদ অধ্যয়ন করে, তাহা বেদের

ন তৎ প্রসক্তং বেদেষু মনুষ্যেষু প্রসজ্জতে ॥ ১৭ ॥
ভূম্যাদিপঞ্চভূতানি স্থানতৃট্‌পাকশোষণৈঃ ।
হেতুভিশ্চাবকাশেন বাঞ্ছন্ত্যেষাং ন হেতবে ॥ ১৮ ॥
স্বামিভৃত্যাদিকং সর্ব্বং স্বোপকারায় বাঞ্ছতি ।
তত্তৎকৃতোপকারস্তু তস্য তস্য ন বিদ্যতে ॥ ১৯ ॥
সর্ব্বব্যবহৃতিষ্বেবমনুসন্ধাতুমীদৃশম্ ।
উদাহরণবাহুল্যং তেন স্বাং বাসয়েন্মতিম্ ॥ ২০ ॥

---

কিঞ্চ ঋগাদয় ইতি। দুর্ব্রাহ্মণ্যং ব্রাত্যত্বং তচ্চ দুর্ব্রাহ্মণ্যং মনুষ্যেষু মনুষ্যত্বাবান্তর-তদ্রহিতেষু বেদেষু ন প্রসজ্জত ইত্যর্থঃ ॥ ১৭ ॥

কিঞ্চ ভূম্যাদীতি। সর্ব্বে প্রাণিনঃ স্থানপ্রদানতৃড়্‌নিবারণপাককরণার্দ্রশোষণাবকাশপ্রদা-নাখ্যৈর্হেতুভির্নিমিত্তৈঃ পৃথিব্যাদীনি পঞ্চ ভূতানি বাঞ্ছন্তি আপেক্ষন্তে এষাং পৃথিব্যাদীনান্তু হেতবে অবস্থানবাঞ্ছনাদীনি নিমিত্তানি ন সন্তি অতো ন স্বয়মাকাঙ্ক্ষন্ত্য ইত্যর্থঃ ॥ ১৮ ॥

ইদানীং 'ন বা অরে সর্ব্বস্য কামায়ে'ত্যস্য বাক্যস্য তাৎপর্য্যমাহ—স্বামিভৃত্যাদীতি। ভৃত্যাদিঃ সর্ব্বো জনঃ স্বাম্যাদিকং সর্ব্বং স্বোপকারায় স্বপ্রয়োজনায় বাঞ্ছতি এবং স্বাম্যাদিরপি ॥ ১৯ ॥

ননু শ্রুতাবেবং বহূদাহরণদর্শনং কিমর্থং কৃতমিত্যাশঙ্ক্যাহ—সর্ব্ব ইতি। ইচ্ছাপূর্ব্বকেষু সর্ব্বেষ্বপি ভোজনাদিব্যবহারেষু এবম্ আত্মনস্তু কামায় সর্ব্বং প্রিয়ং ভবতী'ত্যনেন প্রকারে-ণানুসন্ধাতুমনুসন্ধানায় ঈদৃশং পতিজায়াদিষু প্রীতিদর্শনরূপম্ উদাহরণবাহুল্যমুক্তমিতি শেষঃ, তেন কারণেন স্বাং স্বসম্বন্ধিনীং মতিং বুদ্ধিং বাসয়েৎ সর্ব্বস্যাপি স্বশেষত্বাবগমেন আত্মনঃ প্রিয়তমত্বানুসন্ধানবতীং কুর্য্যাদিত্যর্থঃ ॥ ২০ ॥

---

অব্রাহ্মণ্য ভয়ে নহে, কেননা বেদের অব্রাহ্মণ্যপ্রসক্তিই নাই, মনুষ্যেই তাহার প্রসক্তি আছে ( সুতরাং বেদপাঠ কেবল আপনারই প্রয়োজন সিদ্ধির নিমিত্ত ) ; আর লোকে যে পৃথিব্যাদি পঞ্চ ভূত লইয়া ব্যবহার করে, সে কেবল আপনার স্থান, তৃষ্ণা-নিবৃত্তি, অন্ন-পাক, জল-শোষণ, এবং অবকাশের নিমিত্ত ;—পঞ্চভূতের নিমিত্ত নহে। ১৭। ১৮।

লোকে স্বামী, ভৃত্য, অমাত্য প্রভৃতি সমুদয়ই আপনার উপকারের নিমিত্ত ইচ্ছা করে ; তাহাদিগের উপকার উদ্দেশ্য নহে। সমুদয় ব্যবহারে এইরূপ অনুসন্ধান করিবার নিমিত্ত বহু উদাহরণ কথিত হইল ; এতদনুসারে বুদ্ধিতে আত্মপ্রীতি-সংস্কার দৃঢ় করিবে। মনকে অভিনিবিষ্ট করিবে। ১৯।২০

অথ কেয়ং ভবেৎ প্রীতিঃ শ্রূয়তে যা নিজাত্মনি।
রাগো বধ্বাদিবিষয়ে শ্রদ্ধা যাগাদিকর্ম্মণি।
ভক্তিঃ স্যাৎ গুরুদেবাদাবিচ্ছা ত্বপ্রাপ্তবস্তুনি ॥ ২১ ॥
তর্হ্যস্তু সাত্ত্বিকী বৃত্তি সুখমাত্রানুবর্ত্তিনী।
প্রাপ্তে নষ্টেঽপি সদ্ভাবাদিচ্ছাতো ব্যতিরিচ্যতে ॥ ২২
সুখসাধনতোপাধেরন্নপানাদয়ঃ প্রিয়াঃ ॥ ২৩ ॥

---

নন্বাত্মশেষত্বেন সর্ব্বস্য প্রিয়ত্বোক্তেরাত্মনঃ প্রিয়তমত্বমুক্তমনুপপন্নং প্রীতিবিকল্পে ক্রিয়মাণে প্রীতেরেব দুর্নিরূপত্বাদিত্যভিপ্রায়েণ প্রীতিস্বরূপং পৃচ্ছতি অথ কেয়মিতি। অথশব্দঃ প্রশ্নার্থঃ। যা নিজাত্মনি প্রীতিঃ শ্রূয়তে ইয়ং প্রীতিঃ কা, কিং রাগরূপা কিংবা শ্রদ্ধারূপা উত ভক্তিরূপা যদ্বেচ্ছারূপেতি কিংশব্দার্থঃ। চতুর্ষ্বপি পক্ষেষু প্রীতেঃ সর্ব্ববিষয়ত্বং ন সম্ভবতীত্যাহ রাগ ইতি। রাগশ্চেদ্ বধ্বাদিষ্বেব স্যাৎ ন যাগাদিষু, শ্রদ্ধা চেৎ যাগাদিষ্বেব স্যাৎ ন বধ্বাদিষু, ভক্তিশ্চেৎ গুর্ব্বাদিষ্বেব স্যাৎ নেতরেষু, ইচ্ছা চেৎ অপ্রাপ্তবস্তুবিষয়ে স্যাৎ নেতরবিষয়ে, অতো ন সর্ব্ববিষয়ত্বং প্রীতেরিত্যর্থঃ ॥ ২১ ॥

উক্তপ্রকারচতুষ্টয়াতিরিক্তং পক্ষমাদায় উত্তরমাহ তর্হীতি। প্রীতে রাগাদিরূপত্বাসম্ভবে সতি সুখমাত্রানুবর্ত্তিনী সুখমেব সুখমাত্রমনুসৃত্য বর্ত্তত ইতি সুখমাত্রানুবর্ত্তিনী সুখৈকগোচরা ইত্যর্থঃ, সাত্ত্বিকী সত্ত্বগুণপরিণামরূপা বৃত্তিরন্তঃকরণবৃত্তিঃ প্রীতিরস্তু। নন্বু তর্হি সা প্রীতিরিচ্ছৈব ইত্যাশঙ্ক্য পরিহরতি প্রাপ্ত ইতি। ইচ্ছা তাবদপ্রাপ্তসুখাদিমাত্রবিষয়া, ইয়ন্তু সর্ব্ববিষয়া প্রাপ্তে লব্ধে সুখাদৌ নষ্টেঽপি তস্মিন্ বিষয়ে বিদ্যমানত্বাৎ; অতঃ ইচ্ছাতঃ ইচ্ছায়া ব্যতিরিচ্যতে ভিদ্যতে ॥ ২২ ॥

ইদানীং সুখসাধনভূতেষু অন্নাদিষ্বিব আত্মন্যপি প্রীতিদর্শনং আত্মনোঽপ্যন্নাদিবৎ সুখসাধ-

---

স্ত্রী বিষয়ে যে প্রীতি, তাহা অনুরাগ; যাগাদি কর্ম্মে যে প্রীতি, তাহা শ্রদ্ধা; গুরু-দেবাদি বিষয়ে যে প্রীতি তাহা ভক্তি, আর অপ্রাপ্ত বিষয়ে যে প্রীতি তাহা ইচ্ছা; পরন্তু নিজ আত্মার প্রতি যে শ্রুত্যুক্ত প্রীতি, তাহা কিরূপ হইবে? ২১।

তবে সুখমাত্রাবলম্বিনী সাত্ত্বিক অন্তঃকরণ-বৃত্তিই আত্মপ্রীতি হইবে; এ অন্তঃকরণবৃত্তি ইচ্ছা নহে, কেননা সুখ প্রাপ্ত হইলে বা নষ্ট হইলেও আত্মপ্রীতিরূপিণী সেই বৃত্তি অক্ষুণ্ণ থাকে। ২২।

অন্নপানাদি আত্মার সুখসাধনত্বরূপ আনুকূল্যপ্রযুক্তই প্রিয় আত্মা যদি অন্নাদির ন্যায় সুখ-সাধন বলিয়া প্রিয় হ'ন, ত তিনি কাহার সুখসাধনত্বরূপ

**আত্মানুকূল্যাদন্নাদিসমশ্চেদমুনাত্র কঃ।**
**অনুকূলয়িতব্যঃ স্যান্নৈকস্মিন্ কর্ম্মকর্ত্তৃতা ॥ ২৪ ॥**
**সুখে বৈষয়িকে প্রীতিমাত্রমাত্মা ত্বতিপ্রিয়ঃ।**
**সুখে ব্যভিচরত্যেষা নাত্মনি ব্যভিচারিণী ॥ ২৫ ॥**

নত্বা স্যাৎ ইতি শঙ্কতে সুখেতি। অন্নপানাদয়ঃ সুখসাধনত্বোপাধিনা যথা প্রিয়া দৃষ্টাঃ আত্মাপি আনুকূল্যাৎ প্রিয়ত্বাৎ অন্নাদিসমঃ অন্নপানাদিবৎ সুখসাধনং স্যাদিত্যর্থঃ ॥ ২৩ ॥

তত্রেদমনুমানং সূচিত,—বিমত আত্মা সুখসাধনং ভবিতুমর্হতি প্রিয়ত্বাৎ অন্নাদিবৎ ইতি। অন্নপানাদিষু ভোগ্যত্বমুপাধিরিত্যভিপ্রায়েণ পরিহরতি অমুনেতি। অত্র লোকে অমুনা সুখসাধনতয়া অনুকূলেন অনুকূলয়িতব্যঃ কঃ স্যান্ন কোঽপি স্যাৎ, আত্মাতিরিক্তস্য ভোক্তুরভাবাদিত্যর্থঃ। নন্বাত্মানমেবানুকূলয়িতব্যঃ স্যাৎ ইত্যাত আহ নৈকস্মিন্নিতি। একস্যৈবাত্মনো যুগপদুপকার্য্যত্বমুপকারকত্বঞ্চেতি ধর্ম্মদ্বয়ং বিরুদ্ধমিত্যর্থঃ। ২৪ ॥

নন্বন্নাদিবৎ সুখসাধনত্বাভাবেঽপি সুখবৎ ভোক্তৃশেষতা স্যাৎ ইত্যাশঙ্ক্য আত্মনো নিরতিশয়প্রেমাস্পদত্বাৎ নৈবমিতি পরিহরতি সুখ ইতি। বৈষয়িকে বিষয়জন্যে সুখে প্রীতিমাত্রে প্রীতিরেব ন নিরতিশয়া আত্মা তু অতিপ্রিয়ো নিরতিশয়প্রেমবিষয়ঃ অতো ন বিষয়জন্যসুখতুল্য ইত্যর্থঃ। তত্রোভয়ত্রোপপত্তিমাহ সুখে ব্যভিচরতীতি। সুখে বৈষয়িকে সুখে জায়মানা এষা প্রীতির্ব্যভিচরতি কদাচিৎ সুখান্তরং গচ্ছতি ন তস্মিন্নেব নিয়তাবতিষ্ঠতে আত্মনি তু বিদ্যমানা প্রীতির্ন ব্যভিচারিণী বিষয়ান্তরগামিনী ন ভবতি অতো নিরতিশয়া সা ইত্যর্থঃ ॥ ২৫ ॥

---

আনুকূল্য করিবেন? আপনাকে আপনার অনুকূল বলিলে, 'অনুকূলন' ক্রিয়ার কর্ত্তা ও কর্ম্ম এক হয়—এক বস্তুতে এক ক্রিয়ার কর্ত্তৃত্ব কর্ম্মত্ব থাকে না। * অতএব বৈষয়িক সুখে যে প্রীতি, তাহা প্রীতি মাত্র, এবং আত্মাতে যে প্রীতি তাহা অতিপ্রীতি। ২৩।২৪।

বৈষয়িক সুখে প্রীতি অস্থির, কিন্তু আত্মাতে যে প্রীতি, তাহা সর্ব্বদাই সমান, তাহার ব্যভিচার নাই, যেহেতু এক বৈষয়িক সুখ ত্যাগ করিয়া অন্য বৈষয়িক সুখগ্রহণ ত সর্ব্বদাই হয়। কিন্তু আত্মা হেয় বা উপাদেয় নহেন, সুতরাং তাঁহাকে যে সুখ, তাহার ব্যভিচার নাই। ২৫।

---

* টীকা সম্মত অনুবাদ যথা—

"অন্নপানাদি ভোগ্যবস্তু সুখসাধনত্ব বশতঃ প্রিয়; আত্মাও প্রিয়, অতএব আত্মা অন্নাদির ন্যায় সুখসাধন; ইহা যদি বল, তবে (আমরা বলি) অন্নাদির ন্যায় আত্মা কাহার ভোগ্য হইবে? আত্মাতিরিক্ত ভোক্তা ত নাই; আত্মারই ভোগ্য বলিলে, এক বস্তুতেই কর্ত্তৃত্ব কর্ম্মত্ব স্বীকার করিতে হয়, তাহা ত অসম্ভব।" ২৪।

একং ত্যক্ত্বান্যদাদত্তে সুখং বৈষয়িকং সদা।
নাত্মা ত্যাজ্যো ন চাদেয়স্তস্মিন্ ব্যভিচরেৎ কথম্ ॥ ২৬ ॥
হানাদানবিহীনেঽস্মিন্নুপেক্ষা চেৎ তৃণাদিবৎ।
উপেক্ষিতুঃ স্বরূপত্বান্নোপেক্ষ্যত্বং নিজাত্মনঃ ॥ ২৭ ॥
রোগক্রোধাভিভূতানাং মুমূর্ষা বীক্ষ্যতে ক্বচিৎ।
ততো দ্বেষাদ্ভবেত্ত্যাজ্য আত্মেতি যদি তন্ন হি ॥ ২৮ ॥
ত্যক্তুং যোগ্যস্য দেহস্য নাত্মতা ত্যক্তুরেব সা।
ন ত্যক্তর্য্যস্তি স দ্বেষস্ত্যাজ্যে দ্বেষে তু কা ক্ষতিঃ ॥ ২৯ ॥

সুখগোচরানাঃ প্রীতের্ব্যভিচারং দর্শয়তি একমিতি। আত্মনি তু তদভাবং দর্শয়তি নাত্মেতি। অযোগ্যত্বাদিত্যর্থঃ। ফলিতমাহ তস্মিন্নিতি ॥ ২৬ ॥

হানাদিবিষয়ত্বাভাবেঽপ্যাত্মনঃ তৃণাদিবৎ উপেক্ষাবিষয়ত্বং স্যাদিতি শঙ্কতে হানেতি হানং পরিত্যাগঃ। আদানং স্বীকারঃ। উপেক্ষা ঔদাসীন্যম্। আত্মনো হানাদ্যবিষয়ত্ববৎ উপেক্ষাবিষয়ত্বমপি ন সম্ভবতি অযোগ্যত্বাদিত্যভিপ্রায়েণ পরিহরতি উপেক্ষিতুরিতি। উপেক্ষিতুঃ উপেক্ষাকর্ত্তুঃ যো নিজাত্মা অবিনাশিস্বরূপমস্তি তস্য স্বস্বরূপত্বাদেব স্বব্যতিরিক্ত-তৃণাদিবদুপেক্ষ্যত্বমুপেক্ষাবিষয়ত্বং ন ঘটত ইতি শেষঃ ॥ ২৭ ॥

ননু হানাবিষয়ত্বমাত্মনো নাদ্যাপ্যুপপন্নং দ্বেষাত্ত্যাজ্যত্বদর্শনাদিতি শঙ্কতে রোগেতি। যতো মুমূর্ষা দৃশ্যতে অত আত্মনি দ্বেষসত্ত্বাদ্ বৃশ্চিকাদিবদাত্মাপি ত্যাজ্য ইতি যদ্যুচ্যতেতি শেষঃ। তত্ত্যাজ্যস্য স্বব্যতিরিক্তদেহবিষয়ত্বাৎ মৈবমিতি পরিহরতি তন্নহীতি ॥ ২৮ ॥

ত্যক্তুমর্হং যোগ্যস্তোচিতস্য দেহস্যাত্মতা নাস্তি। কস্য তর্হি সা ইত্যত আহ ত্যক্তুরিতি ত্যক্তুর্দেহত্যাগকারিণো দেহাতিরিক্তস্য জীবস্য সাত্মতা ইত্যর্থঃ। ভবতু ত্যক্তুরাত্মত্বং প্রকৃতে কিমায়াতমিত্যত আহ ন ত্যক্তরি ইতি। অতো নাত্মনস্ত্যাজ্যত্বমিত্যভিপ্রায়ঃ। স দ্বেষোঽপি ত্যাজ্যে দেহে তূপলভ্যত এব ইত্যাশঙ্ক্যাহ ত্যাজ্য ইতি। ত্যাজ্যে দেহগোচরে দ্বেষে সত্যপি কা ক্ষতিরাত্মনস্ত্যাগাভাববাদিনো মমেতি শেষঃ ॥ ২৯ ॥

আত্মা হেয়োপাদেয় নহেন; অতএব তৃণাদির ন্যায় উপেক্ষণীয় হইতে পারেন, এমত যদি বল, তবে শ্রবণ কর, আত্মা উপেক্ষা-যোগ্য নহেন, যে হেতু তিনি স্বয়ং উপেক্ষিতা। ২৬।২৭।

রোগ-ক্রোধাদি দ্বারা অভিভূত পুরুষের কখন কখন মরণেচ্ছা দেখা যায়, তজ্জন্য দ্বেষে আত্মাও পরিত্যাজ্য হ'ন, (অতএব ত্যাজ্যতা আত্মাতে নাই এমন কথা কহিতে পার না) এরূপ বলিও না, দেহই ত্যাগযোগ্য, তাহা ত

আত্মার্থত্বেন সর্ব্বস্য প্রীতেশ্চাত্মা হ্যতিপ্রিয়ঃ।
সিদ্ধো যথা পুত্রমিত্রাৎ পুত্রঃ প্রিয়তরস্তথা ॥ ৩০ ॥
মা ন ভূবমহং কিন্তু ভূয়াসং সর্ব্বদেত্যসৌ।
আশীঃ সর্ব্বস্য দৃষ্টেতি প্রত্যক্ষা প্রীতিরাত্মনি ॥ ৩১ ॥
ইত্যাদিভিস্ত্রিভিঃ প্রাপ্তৌ সিদ্ধায়ামেবমাত্মনি।
পুত্রভার্য্যাদিশেষত্বমাত্মনঃ কৈশ্চিদীরিতম্ ॥ ৩২ ॥

---

তদেবং 'ন বা অরে পত্যুঃ কামায়' ত্যারভ্য 'আত্মনস্তু কামায় সর্ব্বং প্রিয়ং ভবতী' ত্যন্তায়াঃ শ্রুতেস্তাৎপর্য্যালোচনয়া আত্মনঃ প্রিয়তমত্বং প্রদর্শ্য যুক্তিতোহপি তদর্শয়তি আত্মেতি। সর্ব্বস্য সুখসহিতস্য তৎসাধনজাতস্য পতিজায়াদেরাত্মার্থত্বেন স্বস্যোপকারকত্বেন প্রীতেশ্চ প্রিয়ত্বাদপি আত্মা উপকার্য্যঃ স্বয়মতিশয়েন প্রিয়ঃ সিদ্ধো হীত্যর্থঃ। তদেব দৃষ্টান্তপ্রদর্শনেন স্পষ্টয়তি যথেতি। লোকে যঃ পুত্রমিত্রাৎ পুত্রস্য মিত্রভূতাৎ পুত্রদ্বারা প্রীতিবিশেষাৎ যজ্ঞদত্তাদেঃ সকাশাৎ পুত্রো দেবদত্তাদিরব্যবধানেন প্রীতিবিষয়ত্বাৎ অতিশয়েন প্রিয়ো ভবতি পিতুর্দ্দিব্রমিত্রাদেতস্মাৎ তথা তদ্বৎ স্বসম্বন্ধিত্বেন প্রীতিবিষয়াৎ সর্ব্বস্মাৎ স্বয়মতিশয়েন প্রিয়ো ভবতি ইত্যর্থঃ ॥ ৩০ ॥

এবমাত্মনি শ্রুতিযুক্তিভ্যাম্ উপপাদিতাং নিরতিশয়াং প্রীতিং স্বানুভবদর্শনেন দ্রঢ়য়তি মা ন ভূবমিতি। অহং মা ন ভূবমিতি ন কাপি মমাসত্ত্বমস্তু কিন্তু সর্ব্বদৈব ভূয়াসং সদা মম সত্ত্বমস্তু ইত্যেবংরূপা আশীঃ প্রার্থনা সর্ব্বস্য প্রাণিজাতস্য সম্বন্ধিনী দৃষ্টা সর্ব্বোহপ্যেবমেব প্রার্থয়তে ইত্যর্থঃ। ফলিতমাহ প্রত্যক্ষেতি। যতঃ এবং সর্ব্বৈঃ প্রার্থ্যতে অত আত্মনি নিরতিশয়া প্রীতিঃ প্রত্যক্ষসিদ্ধা ইত্যর্থঃ ॥ ৩১ ॥

বৃত্তানুকীর্ত্তনপুরঃসরং মতান্তরং দূষয়িতুমনুভাষতে ইত্যাদিভিরিতি। ইতিশব্দেনানুভবঃ পরামৃশ্যতে, আদিশব্দেন যুক্তিশ্রুতী ইত্যাদিভিরনুভবশ্রুতিযুক্তিলক্ষণৈস্ত্রিভিঃ প্রমাণৈরেব-

---

আত্মা নহে, ত্যাগকর্ত্তাই আত্মা; ত্যাগ কর্ত্তার প্রতি ত দ্বেষ নাই, ত্যাগযোগ্য দেহের প্রতি দ্বেষে ক্ষতি কি? ২৮-২৯।

যেহেতু আপনার প্রয়োজনের নিমিত্ত সকল বস্তুই প্রিয় হয়, অতএব আত্মাই অতিপ্রিয় হন; যেমন পুত্রের মিত্র অপেক্ষা পুত্রকে অতিপ্রিয় বলা যায়, ইহাও তদ্রূপ। আর আমার অসত্তা কখন না হউক, আমি সর্ব্বদাই জীবিত থাকি, এই প্রার্থনা সকলেরই দেখা যায়, সুতরাং আত্মাতে যে অতিশয় প্রীতি, তাহা প্রত্যক্ষসিদ্ধ। ৩০।৩১।

এই প্রকার শ্রুতি যুক্তি ও অনুভব, এই তিন প্রকার প্রমাণ দ্বারা আত্মার অতিপ্রিয়ত্ব সিদ্ধ হইলেও শ্রুতিতাৎপর্য্য-অনভিজ্ঞ কোন কোন ব্যক্তিরা

এতদ্বিবক্ষয়া পুত্রে মুখ্যাত্মত্বং শ্রুতীরিতম্।
আত্মা বৈ পুত্রনামেতি তচ্চোপনিষদি স্ফুটম্ ॥ ৩৩ ॥
সোঽস্যায়মাত্মা পুণ্যেভ্যঃ কর্ম্মভ্যঃ প্রতিধীয়তে।
অথাস্যেতর আত্মায়ং কৃতকৃত্যঃ প্রমীয়তে ॥ ৩৪ ॥
সত্যপ্যাত্মনি লোকোঽস্তি নাপুত্রস্যাত এব হি।
অনুশিষ্টং পুত্রমেব লোক্যমাহুর্ম্মনীষিণঃ ॥ ৩৫ ॥

---

মুখ্যেন প্রকারেণাত্মনি প্রীতৌ সিদ্ধায়ামপি কৌশল্যং শ্রুত্যাদিতাৎপর্য্যানভিজ্ঞৈরাত্মনঃ পুত্রভার্য্যাদিশেষত্বং পুত্রাদীন্ প্রতি স্বস্যোপসর্জ্জনত্বমীরিতমভিহিতম্ ॥ ৩২ ॥

ইদং কুতোঽবগতমিত্যত আহ—এতদিতি। এতদ্বিবক্ষয়া এবং কৈশ্চিদীর্য্যতে ইত্যোক্তদভিপ্রাকরণাভিপ্রায়েণ 'আত্মা বৈ পুত্রনামাসী'ত্যাদিকয়া শ্রুত্যা পুত্রস্য মুখ্যাত্মত্বমীরিতমিত্যর্থঃ। কিঞ্চ তৎ পুত্রস্য মুখ্যাত্মত্বমুপনিষদি ঐতরেয়োপনিষদাদৌ স্ফুটং ব্যক্তম্ অভিহিতমিতি শেষঃ ॥ ৩৩ ॥

কেন বাক্যেন ইত্যাকাঙ্ক্ষায়াং তদ্বাক্যমর্থতঃ পঠতি। সোঽস্যেতি অস্য পিতুঃ 'সপুরুষেহ বা অয়মাদিতো গর্ভো ভবতী'তি প্রকরণাদৌ পুরুষে দেহে গর্ভত্বেনোক্তঃ অয়ং সোঽগ্র এব কুমারং জন্মনোঽগ্রেঽধিভাবয়তি ইত্যত্রাতিশয়েন পালনায়ত্তয়োক্তঃ পুত্ররূপ আত্মা পুণ্যেভ্যঃ কর্ম্মভ্যঃ পুণ্যকর্ম্মানুষ্ঠানায় প্রতিধীয়তে প্রতিনিধিত্বেনাবস্থাপ্যতে পিত্রেতি শেষঃ। অথানন্তরমস্য পিতুরয়ং প্রত্যক্ষেণ পরিদৃশ্যমান ইতঃ পুত্রাদন্যো জরসা গ্রস্তঃ পিতৃরূপ আত্মা স্বাং কৃতকৃত্যঃ অনুষ্ঠিতকৃত্যজাতঃ সন্ প্রমীয়তে ম্রিয়ত ইত্যর্থঃ ॥ ৩৪ ॥

উক্তস্যার্থস্য দ্রঢ়ীকরণায় পুত্ররহিতস্য পরলোকাভাবপ্রদর্শনপরস্য নাপুত্রস্য লোকোঽস্তীতি বাক্যস্যার্থমাহ—সত্যপীতি। যতঃ পুত্রস্য মুখ্যমাত্মত্বমস্তি অতএবাত্মনি স্বস্মিন্ সত্যপি স্থিতেঽপি অপুত্রস্য পুত্ররহিতস্য পিতুর্লোকঃ পরলোকো নাস্তি হি ইদং পুরাণাদিষু প্রসিদ্ধমিত্যর্থঃ। ব্যতিরেকমুখেনোক্তস্যার্থস্যান্বয়মুখেন প্রতিপাদকস্য অনুশিষ্টং লোকমাহুরিতি বাক্যার্থমাহ—অনুশিষ্টমিতি। মনীষিণঃ শাস্ত্রার্থাভিজ্ঞা অনুশিষ্টং বক্ষ্যমাণৈস্ত্বং ব্রহ্মেত্যাদিভির্মন্ত্রৈঃ শিক্ষিতমেব পুত্রং লোক্যং লোকায় হিতং পরলোকসাধনমাহুরিত্যর্থঃ ॥ ৩৫ ॥

---

আত্মাকে গৌণ ও পুত্রাত্মাকে মুখ্য বলিয়া স্বীকার করে, এই অভিপ্রায়েই উপনিষদে "পুত্রই আত্মা" এইরূপ পুত্রকে মুখ্য আত্মা বলিয়া স্পষ্টরূপে কথিত হইয়াছে। ৩২। ৩।

সমুদায় পুণ্য কর্ম্মে পুত্রকে প্রতিনিধি করা যায় বলিয়া পুত্রই পিতার আত্মা; আর পিতার যে স্বীয় আত্মা, তাহা মুখ্য আত্মা নহে, তাহা কেবল সেই পুত্রকৃত পুণ্যকর্ম্ম দ্বারা কৃতকৃত্য হইয়া পুণ্যলোক প্রাপ্ত হয়। স্বীয় আত্মা থাকিতেও পুত্র সত্ত্বেই পুণ্যলোকপ্রাপ্তি হয়, অপুত্রক ব্যক্তির তাহা হয়

মনুষ্যলোকো জয্যঃ স্যাৎ পুত্রেণৈবেতরেণ নো।
মুমূর্ষুর্মন্ত্রয়েৎ পুত্রং ত্বং ব্রহ্মেত্যাদিমন্ত্রকৈঃ ॥ ৩৬ ॥
ইত্যাদিশ্রুতয়ঃ প্রাহুঃ পুত্রভার্য্যাদিশেষিতাম্।
লৌকিকা অপি পুত্রস্য প্রাধান্যমনুমন্যতে ॥ ৩৭ ॥
স্বস্মিন্ মৃতেঽপি পুত্রাদির্জীবেদ্ বিত্তাদিনা যথা।
তথৈব যত্নং কুরুতে মুখ্যাঃ পুত্রাদয়স্ততঃ ॥ ৩৮ ॥
বাঢ়মেতাবতা নাত্মা শেষো ভবতি কস্যচিৎ।

---

ইদানীম্ ঐহিকসুখস্যাপি পুত্রহেতুকত্বপ্রতিপাদনপরং 'সোঽয়ং মনুষ্যলোকঃ পুত্রেণৈব জয্যো নান্যেন কর্ম্মণে'তি শ্রুতিবাক্যমর্থতঃ পঠতি মনুষ্যেতি। মনুষ্যলোকসুখং পুত্রেণৈব জয্যং স্যাৎ সম্পাদ্যং স্যাৎ ইতরেণ কর্ম্মাদিনা সাধনান্তরেণ নো নৈব ভবতি পুত্রশূন্যস্য সুখসাধনমপি ধনাদিকং নির্ব্বেদজনকং ভবতীতি ভাবঃ। অনুশিষ্টং পুত্রমেব লোক্যমিত্যত্র পুত্রানুশাসনমুক্তম্ ইদানীং তস্যাবসরং তন্মন্ত্রাংশ্চ দর্শয়তি মুমূর্ষুরিতি। আদিশব্দেন 'ত্বং যজ্ঞস্ত্বং লোক' ইতি মন্ত্রো গৃহ্যতে. এভিস্ত্বং ব্রহ্মেত্যাদিভিস্ত্রিভির্মন্ত্রৈর্মুমূর্ষুঃ পিতা মরণাবসরে পুত্রং মন্ত্রয়েৎ পুত্রস্যানুশাসনং কুর্য্যাৎ ইত্যর্থঃ ॥ ৩৬ ॥

উক্তমর্থং নিগময়তি ইত্যাদীতি। ন কেবলময়ং শ্রুতিসিদ্ধোঽর্থঃ কিন্তু লোকপ্রসিদ্ধো২পীত্যাহ—লৌকিকা ইতি ॥ ৩৭ ॥

তদেবোপপাদয়তি স্বস্মিন্নিতি। যস্মিন্ পিত্রাদৌ। একে নাদিশব্দেন ভার্য্যাদয়ো গৃহ্যন্তে, দ্বিতীয়েন ক্ষেত্রাদয়ঃ। ফলিতমাহ মুখ্যা ইতি। যস্মাৎ স্বপ্রযাসং সোঢ়াপি পুত্রাদিজীবনোপায়ং সম্পাদয়তি ততস্তস্মাৎ পুত্রাদয়ো মুখ্যাঃ প্রধানভূতা ইত্যর্থঃ ॥ ৩৮ ॥

---

না; অতএব পণ্ডিতেরা বলিয়াছেন যে, অনুশাসিত সৎপুত্র পুণ্যলোক প্রাপ্তির কারণ। ৩৪ ৩৫।

কেবল পুত্র দ্বারাই মনুষ্যলোকের সুখ জয় করা হয়, অন্য ধনাদি দ্বারা তদ্রূপ হয় না, (যেহেতু অপুত্রক ব্যক্তির ধনাদি কেবল ক্ষোভেরই কারণ হয়।) অতএব 'তুমিই ব্রহ্ম' ইত্যাদি বাক্য দ্বারা মুমূর্ষু ব্যক্তিও পুত্রকে অনুশাসন করিবে। ৩৬।

এইরূপ শ্রুতি যুক্তি ও অনুভবে পুত্রাদির প্রধানত্ব এবং নিজাত্মার গৌণত্ব সিদ্ধ হইল। সাধারণ লোকও পুত্রাদির প্রাধান্য স্বীকার করিয়া থাকে। ৩৭।

আপনার পরলোকপ্রাপ্তি হইবার পরে যেরূপ ধনাদি দ্বারা পুত্রাদির জীবিকা নির্ব্বাহ হয়, তদনুরূপ ধনাদি সঞ্চয় করিবার নিমিত্ত লোকে বিশেষ যত্ন করিয়া থাকে; অতএব পুত্রাদিই প্রধান। ৩৮।

গৌণমিথ্যামুখ্যাভেদৈরাত্মায়ং ভবতি ত্রিধা ॥ ৩৯ ॥
দেবদত্তস্তু সিংহোঽয়মিত্যৈক্যং গৌণমেতয়োঃ।
ভেদস্য ভাসমানত্বাৎ পুত্রাদেরাত্মতা তথা ॥ ৪০ ॥
ভেদোঽস্তি পঞ্চকোষেষু সাক্ষিণো ন তু ভাত্যসৌ।
মিথ্যাত্মতাতঃ কোশানাং স্থাণোশ্চৌরাত্মতা যথা ॥ ৪১ ॥
ন ভাতি ভেদো নাপ্যস্তি সাক্ষিণোঽপ্রতিযোগিনঃ।

---

এবং বেদলোকপ্রসিদ্ধিভ্যাং দর্শিতং পুত্রাদিপ্রাধান্যমঙ্গীকরোতি বাঢ়মিতি। তর্হ্যাত্মনঃ শেষিত্বোপপাদনং ব্যাকুপ্যেদিত্যাশঙ্ক্যাহ এতাবতেতি। এতাবতা পুত্রাদেঃ কচিৎ প্রাধান্যমস্তীত্যেতাবতা। ন হি প্রতিজ্ঞামাত্রেণার্থসিদ্ধিরিত্যাশঙ্ক্য যত্র যত্র ব্যবহারে যস্য যস্য অঙ্গং বিবক্ষ্যতে তস্য তস্যাত্মনস্তত্র তত্র প্রাধান্যদর্শনার্থমুপোদ্ঘাতত্বেনাত্মত্রৈবিধ্যমাহ গৌণেতি। গৌণাত্মা মিথ্যাত্মা মুখ্যাত্মা চ ত্রিবিধা ভবন্তি ॥ ৩৯ ॥

তত্র পুত্রাদের্গৌণাত্মত্বপ্রদর্শনায় লোকে গৌণপ্রয়োগমুদাহরতি দেবদত্ত ইতি। অয়ং দেবদত্তঃ সিংহ ইতি যদ্দেবদত্তসিংহয়োরৈক্যং তদ্গৌণমৌপচারিকম্। তত্র হেতুমাহ এতয়োরিতি। দার্ষ্টান্তিকে যোজয়তি পুত্রাদেরিতি ॥ ৪০ ॥

অনন্তরং মিথ্যাত্মানং দর্শয়তি ভেদ ইতি। পঞ্চকোশেষানন্দময়াদ্যন্নময়ান্তেষু পঞ্চকোশেষু সাক্ষিণঃ সকাশাৎ বিদ্যমানোঽপি ভেদো নাবভাসতে অতস্তেষাং মিথ্যাত্মত্বে দৃষ্টান্তমাহ স্থাণোরিতি। বস্তুতশ্চৌরাদ্ভিন্নস্য স্থাণোশ্চৌররূপত্বং যথা মিথ্যা তদ্বদিত্যর্থঃ ॥ ৪১ ॥

এবং গৌণমিথ্যাত্মানাবুপপাদ্য তদানীং সাক্ষিণো মুখ্যাত্মত্বমুপপাদয়তি ন ভাতীতি সাক্ষিরূপস্যাত্মনো গৌণাত্মনঃ পুত্রাদেরিব কস্মাদপি ভেদো ন ভাতি মিথ্যাত্মনো দেহাদেরিব ভেদো নাস্ত্যপি। তত্রোভয়ত্র হেতুমপ্রতিযোগিন ইতি হেতুগর্ভিতং বিশেষণমপ্রতিযোগিত্বা যথ পুত্রাদের্দেহাদেবা স্বয়ং প্রতিযোগী বিদ্যতে নৈবং স্বস্য বস্তুভূতঃ কশ্চিৎ প্রতিযোগ্যস্তি দেহাদেঃ সর্বস্যারোপিতত্বাদিতি ভাবঃ। ননু ভেদাভাবেন সাক্ষিণো গৌণাত্মত্বে মা ভূত্তা

---

উত্তম, শ্রুতিতাৎপর্য্য-অনভিজ্ঞ লোক যদিও পুত্রাদির আত্মত্ব মুখ্য বলিয়া স্বীকার করে, তথাপি স্বরূপতঃ আত্মার কখন গৌণত্ব হয় না, যে হেতু তিন প্রকারে আত্ম-শব্দ ব্যবহৃত হয়, গৌণ, মিথ্যা ও মুখ্য ; যেমন, দেবদত্ত সিংহ এই বাক্যেই দেবদত্তের সহিত সিংহের প্রভেদ উপলব্ধি হেতু তাহার সিংহত্ব গৌণ হয়, তদ্রূপ পুত্রের আত্মত্বও গৌণ বলা যায়। ৩৯।৪০।

যেমন, স্থাণুকে চোর বলিয়া জ্ঞান হইল, তখন, এ স্থাণু চোর নহে ; এমন ভেদজ্ঞান না থাকিলেও স্থাণুর সহিত চোরের প্রভেদ থাকাতে সেই স্থাণু চোরত্ব মিথ্যা, তদ্রূপ পঞ্চকোশের সহিত সাক্ষিচৈতন্যস্বরূপ আত্মার তৎকালে

**সর্ব্বান্তরত্বাৎ তস্যৈব মুখ্যমাত্মত্বমিষ্যতে ॥ ৪২ ॥**
**সত্যেবং ব্যবহারেষু যেষু যস্যাত্মতোচিতা।**
**তেষু তস্যৈব শেষিত্বং সর্ব্বস্যান্যস্য শেষতা ॥ ৪৩ ॥**
**মুমূর্ষোর্গৃহরক্ষাদৌ গৌণাত্মৈবোপযুজ্যতে।**
**ন মুখ্যাত্মা ন মিথ্যাত্মা পুত্র শেষীভবত্যতঃ ॥ ৪৪ ॥**

---

মুখ্যাত্মত্বং কুত ইত্যত আহ—সর্ব্বান্তরেতি। সর্ব্বস্মাদ্দেহপুত্রাদেরান্তরত্বাৎ সর্ব্বসাক্ষিণঃ প্রতীচঃ সর্ব্বান্তরত্বেন প্রতীয়মানত্বাৎ তস্যৈব সাক্ষিণ এবাত্মত্বং মুখ্যমনৌপচারিকমিষ্যতে অভ্যুপগম্যত ইত্যর্থঃ। অত্রেদমনুমানং—বিমতঃ সাক্ষী মুখ্য আত্মা ভবিতুমর্হতি সর্ব্বান্তরত্বাৎ যো মুখ্য আত্মা ন ভবতি স সর্ব্বান্তরোঽপি ন ভবতি যথাহঙ্কারাদিরিতি কেবলব্যতিরেকী ॥ ৪২ ॥

ভবতু আত্মত্রৈবিধ্যং পুত্রাদেঃ শেষিত্বাভিধানে কিমায়াতমিত্যত আহ—সত্যেবমিতি। এবমাত্মত্রৈবিধ্যে সতি যেষু লৌকিকবৈদিকলক্ষণেষু পালনপোষণব্রহ্মাত্মত্বানুসন্ধানাদিষু ব্যবহারবিশেষেষু যস্য পুত্রাদের্দেহাদেঃ সাক্ষিণো বা আত্মত্বমুচিতং ভবতি তেষু তস্য পুত্রাদের্দেহাদেঃ সাক্ষিণো বা শেষিত্বং প্রধানত্বম্ অন্যস্য তদ্ব্যতিরিক্তস্য সর্ব্বস্য শেষতা উপসর্জ্জনত্বং ভবতীতি শেষঃ ॥ ৪৩ ॥

এতদেব প্রপঞ্চয়তি মুমূর্ষোরিত্যাদিনা শ্লোকপঞ্চকেন। মুমূর্ষোর্গৃহরক্ষাদৌ কর্ম্মবিশেষে গৌণাত্মৈব পুত্রভার্য্যাদিরূপ এবোপযুজ্যতে উপযুক্তো ভবতি উত্তরত্র জিজীবিষত্বাৎ ইত্যর্থঃ। মুখ্যাত্মা সাক্ষী নোপযুজ্যতে অবিকারিত্বাৎ নাপি মিথ্যাত্মা তস্য মরণোন্মুখত্বাদিতি ভাবঃ। ফলিতমাহ পুত্র ইতি। স্পষ্টম্ ॥ ৪৪ ॥

---

ভেদজ্ঞান না হইলেও ফলতঃ প্রভেদ থাকাতে পঞ্চকোশের যে আত্মত্ব, তাহাকে মিথ্যা বলা যায়। আর প্রতিযোগি-রহিত * সেই সাক্ষি-চৈতন্যে ভেদজ্ঞান হয় না, ফলতঃ তাঁহাতে ভেদও নাই, বিশেষতঃ তিনি সকলের অন্তর্ব্বর্ত্তী, এইজন্য তিনিই মুখ্য আত্মা। ৪১।৪২।

ব্যবহারক পদার্থের মধ্যে যে বিষয়ে যাহার আত্মত্ব স্বীকার করিতে হয়, সেই বিষয়ে তাহারই প্রাধান্য, এবং তদিতরের অপ্রাধান্য,—যথা মুমূর্ষু

---

* প্রতিযোগিরহিত, যাহার প্রতিযোগী নাই, প্রতিযোগী—সম্বন্ধী। যাহার সম্বন্ধ যাহাতে থাকে, সে-ই তাহার প্রতিযোগী; যেমন রামের পুত্র, এ স্থলে পুত্রের প্রতিযোগী রাম। সেইরূপ প্রতিযোগী সাক্ষী চৈতন্যের নাই; সাক্ষী চৈতন্য স্বয়ং, তিনি কাহারও নহেন। যদি বল, দেহাদি সাক্ষী চৈতন্যের সম্বন্ধী হইতে পারে, তাহার উত্তর এই যে, দেহাদি আরোপিত মাত্র, বস্তুস্বরূপ নহে; বস্তুস্বরূপ সম্বন্ধী নাই বলিয়াই, সাক্ষি-চৈতন্যকে প্রতিযোগিরহিত বলা হইয়াছে।

অধ্যেতা বহ্নিরিত্যত্র সত্যপ্যগ্নির্ন গৃহ্যতে।
অযোগ্যত্বেন যোগ্যত্বাৎ বটুরেবাত্র গৃহ্যতে॥ ৪৫ ॥
কৃশোঽহং পুষ্টিমাপ্স্যামীত্যাত্মা দেহাত্মতোচিতা।
ন পুত্রং বিনিযুঙ্‌ক্তেঽত্র পুষ্টিহেত্বন্নভক্ষণে॥ ৪৬।
তপসা স্বর্গমেষ্যামীত্যাদৌ কর্ত্রাত্মতোচিতা।
অনপেক্ষ্য বপুর্ভোগং চরেৎ কৃচ্ছ্রাদিকং ততঃ॥ ৪৭॥

---

উক্তে গৃহরক্ষাদিব্যবহারে সত্যপি স্বস্মিন্ পুত্রাদিস্বীকারে দৃষ্টান্তমাহ—অধ্যেতা ইতি। অস্য অধ্যেতা বহ্নিরিত্যস্মিন্ প্রয়োগে স্বরূপেণ বিদ্যমানোঽপ্যগ্নির্নাগ্নিশব্দার্থত্বেন গৃহ্যতে তস্যাধ্যেতৃত্বাযোগাৎ কিন্তু অধ্যেতৃত্বযোগ্যো বটুর্মাণবক এবাত্রাস্মিন্ প্রয়োগে অগ্নিশব্দার্থত্বেন গৃহ্যতে যোগ্যত্বাদিত্যর্থঃ॥ ৪৫ ॥

এবং গৌণাত্মপ্রাধান্যস্থলমুদাহৃত্য মিথ্যাত্মপ্রাধান্যস্থলমুদাহরতি কৃশোঽহমিতি। অহং কৃশো জাতঃ অতোঽন্নভক্ষণাদিনা পুষ্টিং সম্পাদয়িষ্যামীত্যাদিলৌকিকব্যবহারে অন্নভক্ষণযোগ্যস্য দেহস্যৈবাত্মত্বং গ্রহীতুমুচিতম্। উক্তমর্থং লোকব্যবহারপ্রদর্শনেন দ্রঢ়য়তি ন পুত্রমিতি॥ ৪৬ ॥

কিঞ্চ তপসেতি। যদা তু তপঃ কৃত্বা স্বর্গং সম্পাদয়িষ্যামীত্যাদিব্যবহারং করোতি তদা কর্তৃশব্দবাচ্যবিজ্ঞানময়স্যৈবাত্মত্বমুচিতং ন দেহাদেরিত্যর্থঃ। এতদেবোপপাদয়তি অনপেক্ষ্যেতি। যতো ন দেহস্যাত্মত্বমুচিতং ততো দেহভোগপরিত্যাগপূর্ব্বকং কর্তুরূপকারকং কৃচ্ছ্রচান্দ্রায়ণাদিকং চরতীত্যর্থঃ॥ ৪৭ ॥

---

ব্যক্তির গৃহরক্ষাদিবিষয়ে গৌণ আত্মারূপ পুত্রেরই প্রাধান্য, সে স্থলে মুখ্য আত্মা বা মিথ্যা আত্মার প্রাধান্য হয় না। ৪৩।৪৪।

"এই অধ্যয়নকর্ত্তা অগ্নি" এই কথা বলিলে যদি সেইখানে অগ্নি থাকে, তথাপি তাহা অযোগ্য বলিয়া অগ্নি-শব্দে গৃহীত হয় না; ব্রহ্মচারীই গৃহীত হয়। ৪৫।

আমি কৃশ, আমার পুষ্টির প্রয়োজন, (এস্থলে মিথ্যা আত্মা) দেহের প্রাধান্য, এস্থলে পুষ্টি-হেতু অন্ন ভক্ষণে কেহ পুত্রকে নিয়োগ করে না। ৪৬।

আমি তপস্যা দ্বারা স্বর্গ প্রাপ্ত হইব, এ স্থলে কর্তৃরূপ জীবের আত্মত্ব (প্রাধান্য) স্বীকার করিতে হয়, সেই জন্যই স্বর্গকাম ব্যক্তি শরীরের ভোগ পরিত্যাগ করিয়াও প্রাজাপত্যাদি ব্রতানুষ্ঠান করিতে স্বীকার করে। ৪৭।

মোক্ষ্যেঽহমিত্যত্র যুক্তং চিদাত্মত্বং তদা পুমান্।
অবৈতি গুরুশাস্ত্রাভ্যাং ন তু কিঞ্চিৎ চিকীর্ষতি ॥ ৪৮ ॥
বিপ্রক্ষত্রাদয়ো যদ্বদ্ বৃহস্পতিসবাদিষু।
ব্যবস্থিতাস্তথা গৌণমিথ্যামুখ্যা যথোচিতম্ ॥ ৪৯ ॥
তত্র তত্রোচিতে প্রীতিরাত্মন্যেবাতিশায়িনী।
অনাত্মনি তু তচ্ছেষে প্রীতিরন্যত্র নোভয়ম্ ॥ ৫০ ॥

---

কিঞ্চ মোক্ষ্যেঽহমিতি। যদা পুমান্ শমাদীন্ সম্পাদ্য মুক্তিং প্রাপ্স্যামীতি মতিং করোতি তদা গুরুশাস্ত্রাভ্যাম্ আচার্য্যোপদেশবাক্যার্থবিচারজন্যাপরোক্ষজ্ঞানেন নাহং কর্ত্তা আত্মা সচ্চিদানন্দব্রহ্মাহমস্মীতি চিদাত্মানমবগচ্ছতি তস্য চিদাত্মত্বমেবোচিতং ন তু তত্র কর্ত্রাদ্যাত্মত্বমিত্যর্থঃ। 'সত্যং জ্ঞানমনন্তং' 'বিজ্ঞানমানন্দং ব্রহ্ম' 'অনন্তরোবাহ্যঃ কৃৎস্নঃ প্রজ্ঞানঘন এব' ইত্যাদি শ্রুতেঃ ॥ ৪৮ ॥

উদাহৃতানাং ত্রিবিধানামাত্মনাং ব্যবহারবিশেষেষু ব্যবস্থয়া প্রাধান্যে দৃষ্টান্তমাহ—বিপ্রেতি। যথা 'ব্রাহ্মণো বৃহস্পতিসবেন যজেত' ইত্যত্র ব্রাহ্মণস্যৈবাধিকারো ন ক্ষত্রিয়বৈশ্যয়োঃ 'রাজা রাজসূয়েন' ইত্যত্র রাজ্ঞ এবাধিকারো ন ব্রাহ্মণবৈশ্যয়োঃ 'বৈশ্যো বৈশ্যস্তোমেন যজেত' ইত্যত্র বৈশ্যস্যৈবাধিকারো নেতরয়োঃ এবং গৌণমিথ্যামুখ্যাভেদানাম্ আত্মনাং যথাযোগ্যং যোচিতব্যবহারেষু প্রাধান্যমিতি ভাবঃ। ৪৯

ফলিতমাহ—তত্র তত্রেতি যস্মিন্ যস্মিন্ ব্যবহারে যো য আত্মা উচিতো ভবতি তস্মিন্ তস্মিন্ ব্যবহারে উচিতে উপযোগিতয়া প্রধানভূতে আত্মন্যেব প্রীতিরতিশায়িনী অতিশয়বতী তচ্ছেষে তস্যাত্মনঃ শেষে শেষভূতেঽনাত্মনি আত্মব্যতিরিক্তে বস্তুনি প্রীতিমাত্রং ন নিরতিশয়ং প্রেম ইত্যর্থঃ। অন্যত্র আত্মতচ্ছেষাভ্যামন্যস্মিন্ বস্তুনি নোভয়ম্ উভয়বিধমপি প্রেম নাস্তীত্যর্থঃ ॥ ৫০ ॥

---

'আমি বদ্ধ আছি মুক্ত হইব' এস্থলে চৈতন্যেরই আত্মত্ব, তখন পুরুষ গুরু ও শাস্ত্রোপদেশ দ্বারা তাহা অবগত হয়, আর কিছুই করিতে ইচ্ছা করে না। ৪৮।

যেমন বৃহস্পতিসব যজ্ঞেই ব্রাহ্মণেরই অধিকার, অন্যের নাই, রাজসূয়-যজ্ঞে ক্ষত্রিয়ের ও বৈশ্যস্তোম যজ্ঞে বৈশ্যেরই অধিকার, অন্যের নাই, তদ্রূপ ব্যবহারভেদে গৌণ মিথ্যা ও মুখ্য আত্মারও প্রাধান্য অপ্রাধান্য এই দুই প্রকার। ৪৯।

যে যে ব্যবহারে যাহার প্রাধান্য, সেই সেই ব্যবহারে তাহারই আত্মত্ব; তাহারই প্রতি নিরতিশয় প্রীতি হয়, তদুপযোগী পদার্থে সামান্য প্রীতি এবং

উপেক্ষ্যং দ্বেষ্যমিত্যন্যৎ দ্বেধা মার্গতৃণাদিকম্।
উপেক্ষ্যং ব্যাঘ্রসর্পাদি দ্বেষ্যমেবং চতুর্ব্বিধম্ ॥ ৫১ ॥
আত্মা শেষ উপেক্ষ্যঞ্চ দ্বেষ্যঞ্চেতি চতুর্ষ্বপি।
ন ব্যক্তিনিয়মঃ কিন্তু তত্তৎকার্য্যাৎ তথা তথা ॥ ৫২ ॥
স্যাদ্ ব্যাঘ্রঃ সম্মুখো দ্বেষ্যো হ্যুপেক্ষ্যাস্তু পরাঙ্মুখঃ।
লালনাদনুকূলশ্চেদ্‌বিনোদায়েতি শেষতাম্ ॥ ৫৩ ॥
ব্যক্তীনাং নিয়মো মা ভূল্লক্ষণাত্তু ব্যবস্থিতিঃ।

---

অন্যত্র যোঽভয়মিত্যত্রাভিহিতস্যাস্যশব্দার্থস্যাবান্তরভেদমাহ উপেক্ষ্যমিতি। অন্যদন্যদিত্যুচ্যমানং বস্তু উপেক্ষ্যম্ উপেক্ষাবিষয়ঃ দ্বেষ্যং দ্বেষবিষয়শ্চেতি দ্বিধা দ্বিপ্রকারং ভবতি, তদুভয়মুদাহরতি মার্গেতি। মার্গে গতং তৃণলোষ্টাদিকমুপেক্ষ্যং স্বস্যোপদ্রবহেতুর্ব্যাঘ্রাদিকং দ্বেষ্যমিত্যর্থঃ। ফলিতমাহ এবমিতি ॥ ৫১ ॥

চাতুর্ব্বিধ্যমেব দর্শয়তি আত্মেতি। নন্বাত্মাদীনাং চতুর্ণামপি প্রিয়তমত্বাদিকং কিং নিয়তং নেত্যাহ চতুর্ষ্বপীতি। অয়মেব প্রিয়তমঃ অয়মেব প্রিয়ঃ ইদমেব উপেক্ষ্যমিদমেব দ্বেষ্যং নান্যদিতি নিয়মো নাস্তীত্যর্থঃ। কিং তর্হীত্যত আহ কিন্ত্বিতি। তস্মাৎ তস্মাৎ কার্য্যবিশেষাদুপকারাদিরূপাৎ তথা তথা প্রিয়াপ্রিয়াদিরূপেত্যর্থঃ ॥ ৫২ ॥

সর্ব্বত্রানিয়মপ্রয়োজনায় প্রসিদ্ধে দ্বেষ্যে ব্যাঘ্রে তদভাবং দর্শয়তি স্যাদিতি যদা ব্যাঘ্রঃ স্বভক্ষণায় সম্মুখমাগচ্ছতি তদা দ্বেষ্যো ভবতি, স এব পরাঙ্মুখো গচ্ছতি চেৎ উপেক্ষ্যো ভবতি; স এব যদি লালনাৎ অনুকূলো ভবতি তদা বিনোদসাধনং ভবতীতি শেষতাং স্বস্যোপকারকত্বেন প্রিয়ত্বং ভজতে ইত্যভিপ্রায়ঃ। ৫৩ ॥

নন্বেকস্যৈব বস্তুনঃ প্রিয়ত্বাদিধর্ম্মত্রয়াঙ্গীকারে ব্যবহারব্যবস্থা ন স্যাদিত্যাশঙ্ক্যাহ ব্যক্তীনা-

---

ইতর বস্তুতে প্রীতি হয় না, এস্থলে ইতর শব্দের অর্থ উপেক্ষ্য ও দ্বেষ্য। তৃণলোষ্টাদি উপেক্ষ্য, ব্যাঘ্র সর্পাদি দ্বেষ্য। এইরূপ আত্মা আত্ম-শেষ বা আত্মোপযোগী, উপেক্ষ্য, দ্বেষ্য এই চারিপ্রকার বস্তু। ৫০।৫১।

এই বস্তুই আত্মা, এই বস্তুই আত্মার উপযোগী, ইহাই উপেক্ষ্য বা দ্বেষ্য এমন কিছু নিয়ম নাই; কিন্তু তত্তৎ কার্য্য দ্বারা তত্তৎ ব্যবহার হইয়া থাকে, যথা যে ব্যাঘ্র সম্মুখে উপস্থিত হইলে দ্বেষ্য হয়, পরাঙ্মুখ হইলে সেই আবার উপেক্ষ্য হয়, আর যদি প্রতিপালনের দ্বারা অনুকূল হয়, তবে সে-ই আত্ম-সুখ-সাধন হইয়া থাকে। ৫২।৫৩।

ব্যক্তির নিয়ম না থাকিলেও লক্ষণ দ্বারা তত্তৎ ব্যবহার সিদ্ধ হয়, প্রিয়ত্ব

আনুকূল্যং প্রাতিকূল্যং দ্বয়াভাবশ্চ লক্ষণম্ ॥ ৫৪ ॥

আত্মা প্রেয়ান্ প্রিয়ঃ শেষো দ্বেষ্যোপেক্ষে তদন্যয়োঃ।
ইতি ব্যবস্থিতো লোকো যাজ্ঞবল্ক্যমতঞ্চ তৎ ॥ ৫৫ ॥

অন্যত্রাপি শ্রুতিঃ প্রাহ পুত্রাদ্‌বিত্তাৎ তথান্যতঃ।
সর্ব্বস্মাদান্তরং তত্ত্বং তদেতৎ প্রেয় ইষ্যতাম্ ॥ ৫৬ ॥

শ্রৌত্যা বিচারদৃষ্ট্যায়ং সাক্ষ্যেবাত্মা ন চেতরঃ।
কোশান্ পঞ্চ বিবিচ্যান্তর্বস্তুদৃষ্টির্বিচারণা ॥ ৫৭ ॥

---

মিতি। ব্যক্তিনিয়মাভাবেঽপি লক্ষণবশাৎ ব্যবস্থা ভবিষ্যতীত্যর্থঃ। কিং লক্ষণমিত্যাকাঙ্ক্ষায়াং তল্লক্ষণমাহ আনুকূল্যমিতি। অনুকূলত্বং প্রিয়স্য লক্ষণং ব্যাবর্ত্তকোঽধর্ম্মঃ প্রতিকূলত্বং দ্বেষ্যলক্ষণম্ উপেক্ষ্যস্যানুকূল্যপ্রাতিকূল্যরূপদ্বয়াভাবশ্চ লক্ষণমিত্যর্থঃ ॥ ৫৪ ॥

এতাবতা গ্রন্থসন্দর্ভেণ উপপাদিতমর্থং বুদ্ধিসৌকর্য্যায় সংক্ষিপ্য কথয়তি আত্মেতি। আত্মা প্রত্যাগানন্দঃ প্রেয়ান্ তিশয়েন প্রিয়ঃ শেষঃ স্বোপসর্জ্জনভূতঃ পদার্থঃ প্রিয়ঃ তদন্যয়োস্যাভমাত্মনস্তচ্ছেষাচ্চান্যয়োর্ব্যাঘ্রপথিগততৃণাদিরূপয়োর্দ্বেষ্যোপেক্ষে যথাক্রমং ভবত ইত্যেত্যেবং চাতুর্বিধ্যেন লোকো ব্যবস্থাং প্রাপ্তঃ উক্তপ্রকারচতুষ্টয়াতিরিক্তং ন কিঞ্চিদস্তীত্যভিপ্রায়ঃ। অয়মর্থঃ শ্রুত্যভিমতোঽপীত্যাহ যাজ্ঞবল্ক্যেতি। আত্মাদীনাং প্রিয়তমত্বাদিকং যত্তদ্ যাজ্ঞবল্ক্যমতং যাজ্ঞবল্ক্যস্যাপি সম্মতমিত্যর্থঃ ॥ ৫৫ ॥

ন কেবলং মৈত্রেয়ীব্রাহ্মণ এবাত্মনঃ প্রিয়তমত্বমুক্তং কিন্তু পুরুষবিধব্রাহ্মণেঽপীত্যভিপ্রায়েণ তদ্বাক্যার্থং সংগৃহ্ণাতি অন্যত্রাপীতি। 'তদেতৎ প্রেয়ঃ পুত্রাৎ প্রেয়ো বিত্তাৎ প্রেয়োঽন্যস্মাৎ সর্ব্বস্মাদন্তরতরং যদয়মাত্মে'তি অনেনৈব বাক্যেনৈব বাক্যেন পুত্রবিত্তাদেঃ সর্ব্বস্মাদান্তরস্য আত্মতত্ত্বস্য প্রিয়তমত্বমীরিতমিত্যর্থ ॥ ৫৬ ॥

ভবত্বেবং শ্রুত্যাবভিধানং প্রকৃতে কিমায়াতমিত্যত আহ শ্রৌত্যেতি। শ্রুত্যর্থপর্য্যালোচনরূপয়া বিচারদৃষ্ট্যা সাক্ষিণ এব মুখ্যমাত্মত্বং নেতরস্য পুত্রাদেরিত্যর্থঃ। বিচারদৃষ্ট্যেত্যভি-

---

(অতিপ্রিয়ত্ব ও প্রিয়ত্ব) অপ্রিয়ত্ব, এবং এতদুভয়ের অভাব ইহাই আত্মাদির লক্ষণ আত্মা প্রিয়তম, পুত্রাদি প্রিয় এবং তাদৃশ বস্তু সকল দ্বেষ্য ও উপেক্ষ্য হয়, এই প্রকার ব্যবস্থা লোকে প্রসিদ্ধই আছে। যাজ্ঞবল্ক্যেরও এই প্রকার মত ৫৪।৫৫।

অন্য শ্রুতিতেও আছে যে, পুত্র বিত্ত এবং অন্যান্য সমুদয় বস্তু হইতে অভ্যন্তর তত্ত্ব যে আত্মা, তিনিই প্রিয় হন। শ্রুত্যনুগত বিচারে সাক্ষি-

জাগরস্বপ্নসুষুপ্তীনামাগমাপায়ভাসনম্।
যতো ভবত্যসাবাত্মা স্বপ্রকাশচিদাত্মকঃ॥ ৫৮॥
শেষাঃ প্রাণাদিবিত্তান্তা আসন্নাস্তারতম্যতঃ।
প্রীতিস্তথা তারতম্যাৎ তেষু সর্ব্বেষু বীক্ষ্যতে॥ ৫৯॥
বিত্তাৎ পুত্রঃ প্রিয়ঃ পুত্রাৎ পিণ্ডঃ পিণ্ডাৎ তথেন্দ্রিয়ম্।
ইন্দ্রিয়াচ্চ প্রিয়ঃ প্রাণঃ প্রাণদাত্মা পরঃ প্রিয়ঃ॥ ৬০॥
এবং স্থিতে বিবাদোঽত্র প্রতিবুদ্ধবিমূঢ়য়োঃ।

---

হিতস্য স্বরূপমাহ কোশাদিতি। অন্নময়াদান্ পঞ্চ কাশান্ তৈত্তিরীয়শ্রুত্যুক্তপ্রকারেণ আত্মনঃ পৃথক্ কৃত্বা গুহাস্থিতস্যাত্মনোঽনুভবে বিচারণেত্যর্থঃ॥ ৫৭॥

অন্তঃস্থিতস্য বস্তুনো দর্শনপ্রকারমাহ জাগরেত্যাদিনা। জাগ্রদাদ্যবস্থানাং মধ্যে উত্তরোত্তরাবস্থাং গতস্য পূর্ব্বপূর্ব্বাবস্থানিবৃত্ত্যেশ্চাবভাসনং যতো নিত্যচৈতন্যরূপাৎ সাক্ষিণো ভবতি স স্বপ্রকাশচিদ্রূপ আত্মেত্যর্থঃ॥ ৫৮॥

সংগ্রহেণোক্তং শ্রুত্যর্থং প্রপঞ্চয়তি শেষা ইতি। সাক্ষিব্যতিরিক্তাঃ প্রাণাদিবিত্তান্তা বক্ষ্যমাণাঃ পদার্থাঃ তারতম্যেনাত্মন আসন্নাঃ সমীপবর্ত্তিনো ভবন্তি। তত্রোপপত্তিমাহ প্রীতিরিতি। যথা তারতম্যেনান্তরত্বং তদ্বদেব তেষু প্রাণাদিষু তারতম্যাৎ প্রীতির্বীক্ষ্যতে সর্ব্বৈরিতি শেষঃ॥ ৫৯॥

প্রীতেস্তারতম্যেনানুভবমেব বিষয়তি বিত্তাদিতি। পিণ্ডোঽন্নময়ো দেহঃ। অয়ং ভাবঃ, সর্ব্বৈঃ প্রাণিভিঃ পুত্রাদের্ব্বিপৎপরিহারায় বিত্তব্যয়ঃ ক্রিয়তে স্বদেহরক্ষণায় কদাচিৎ পুত্রাদিরপি দীয়তে ইন্দ্রিয়নাশপরিহারায় তাড়নাদিনা দেহপীড়াপ্যঙ্গীক্রিয়তে মরণপ্রসক্তৌ তৎপরিহারায় ইন্দ্রিয়বৈকল্যমপ্যঙ্গীক্রিয়তে অতএবোত্তরোত্তরমতিশয়েন প্রিয়ত্বং সর্ব্বানুভবসিদ্ধম্, আত্মনস্তু নিরতিশয়প্রেমাস্পদত্বং বিদ্বদনুভবসিদ্ধমিতি॥ ৬০॥

---

চৈতন্যকে আত্মা বলা যায়। পঞ্চকোশ হইতে পৃথক্ করিয়া যে অন্তর্ব্বস্তু দর্শন, তাহাই বিচার। ৫৬।৫৭।

জাগ্রৎ, স্বপ্ন, সুষুপ্তি, আবির্ভাব, তিরোভাব যদ্দ্বারা প্রকাশিত হয়, তিনিই স্বপ্রকাশ চৈতন্যস্বরূপ পরমাত্মা হন। তদ্ভিন্ন প্রাণ প্রভৃতি বিত্ত পর্য্যন্ত সমুদয়ই, যে যতটা আত্মার নিকটসম্বন্ধবিশিষ্ট, সেই ততটা প্রিয় হয়, ইহা প্রত্যক্ষ দেখা যায়। ৫৮।৫৯।

বিত্ত অপেক্ষা পুত্র প্রিয়, পুত্র অপেক্ষা স্বীয় শরীর, শরীর অপেক্ষা ইন্দ্রিয় প্রিয়, ইন্দ্রিয় অপেক্ষা প্রাণ এবং প্রাণ অপেক্ষা আত্মা পরমপ্রিয়।

শ্রুত্যোদাহারি তত্রাত্মা প্রেয়ানিত্যেব নির্ণয়ঃ ॥ ৬১ ॥
সাক্ষ্যেব দৃশ্যাদন্যস্মাৎ প্রেয়ানিত্যাহ তত্ত্ববিৎ।
প্রেয়ান্ পুত্রাদিরেবেমং ভোক্তুং সাক্ষীতি মূঢ়ধীঃ ॥ ৬২ ॥
আত্মনোঽন্যং প্রিয়ং ব্রূতে শিষ্যশ্চ প্রতিবাদ্যপি।
তস্যোত্তরং বচো বোধশাপৌ কুর্য্যাৎ তয়োঃ ক্রমাৎ ॥ ৬৩ ॥
প্রিয়ং ত্বাং রোৎস্যতীত্যেবমুত্তরং বক্তি তত্ত্ববিৎ।
স্বোক্তপ্রিয়স্য দুষ্টত্বং শিষ্যো বেত্তি বিবেকতঃ ॥ ৬৪ ॥

---

এবমাত্মনঃ প্রিয়তমত্বে প্রমাণসিদ্ধেঽপি জ্ঞান্যজ্ঞানিনোর্বিপ্রতিপত্তিনিরসনায় শ্রুত্যা তদ্বিপ্রতিপত্তির্দর্শিতা ইত্যাহ এবমিতি। তত্ত্বনির্ণয়মাহ তত্রাত্মেতি। আত্মনঃ প্রিয়তমত্বস্যোপপাদিতত্বাৎ ইত্যর্থঃ ॥ ৬১ ॥

তামেব বিপ্রতিপত্তিমাহ সাক্ষ্যেবেতি ॥ ৬২ ॥

আত্মাতিরিক্তস্য প্রিয়তমত্ববাদিনো বিভজ্য উত্তরাভিধানায় তমেব বাদিনং বিভজ্য কথয়তি আত্মন ইতি। উত্তরাভিধানপ্রকারমেবাহ তস্যোত্তরমিতি। তয়োঃ শিষ্যপ্রতিবাদিনোঃ সম্বন্ধিনস্তস্য বচনস্যোত্তরং বচঃ প্রত্যুত্তররূপং বাক্যং ক্রমেণ বোধশাপৌ বোধরূপং শাপরূপঞ্চ কুর্য্যাদিত্যর্থঃ ॥ ৬৩ ॥

প্রতিবচনপ্রদানরূপং স যোঽন্যমাত্মনঃ প্রিয়ং ব্রুবাণং ব্রূয়াৎ প্রিয়ং রোৎস্যতীতি সমনন্তর-শ্রুতিবাক্যমর্থতঃ পঠতি প্রিয়মিতি। তত্ত্ববিৎ শিষ্যপ্রতিবাদিনাবুভাবপি প্রতি হে শিষ্য! হে প্রতিবাদিন্! প্রিয়ং ত্বদভিপ্রেতং পুত্রাদিরূপং স্বনাশেন ত্বাং শিষ্যং প্রতিবাদিনং বা রোৎস্যতি

---

বিচার দ্বারা ইহা নিশ্চিত হইলেও তাহাকে দৃঢ় করিবার নিমিত্ত শ্রুতিতে জ্ঞানী ও অজ্ঞানীদিগের বিবাদবর্ণনানন্তর ইহা নির্ণীত আছে যে, আত্মাই সমুদয় পদার্থ অপেক্ষা প্রিয়। ৬০।৬১।

তত্ত্বজ্ঞানী ব্যক্তি বলেন,—দৃশ্য পদার্থ সমুদায় অপেক্ষা সাক্ষিচৈতন্য-রূপ পরমাত্মাই প্রিয়। কিন্তু মূঢ় ব্যক্তিরা বলে, পুত্রাদিই প্রিয়তম, পুত্রাদি-জনিত সুখ-ভোগের হেতু বলিয়া সাক্ষীচৈতন্য প্রিয়। ৬২।

যে ব্যক্তি আত্মা ব্যতীত অন্য বস্তুকে প্রিয় বলে, সে যদি শিষ্য হয় তবে তাহার পক্ষে তত্ত্বজ্ঞানীর উত্তর বাক্য জ্ঞানোদয়ের জন্য হয়। আর যদি সে প্রতিবাদী হয়, তবে তাহার পক্ষে তত্ত্বজ্ঞানীর উত্তরবাক্য অভিশাপ-স্বরূপ। ৬৩।

তত্ত্বজ্ঞানী উভয়কেই এই বলিয়া উত্তর প্রদান করেন,—তোমার যে প্রিয়

অলভ্যমানস্তনয়ঃ পিতরৌ ক্লেশয়েচ্চিরম্ ।
লব্ধোঽপি গর্ভপাতেন প্রসবেন চ বাধতে ॥ ৬৫ ॥
জাতস্য গ্রহরোগাদি কুমারস্য চ মূকতা ।
উপনীতেঽপ্যবিদ্যত্বমনুদ্বাহশ্চ পণ্ডিতে ॥ ৬৬ ॥
যূনশ্চ পরদারাদি দারিদ্র্যঞ্চ কুটুম্বিনঃ ।
পিত্রোর্দুঃখস্য নাস্ত্যন্তো ধনী চেন্ম্রিয়তে তদা ॥ ৬৭ ॥
এবং বিবিচ্য পুত্রাদৌ প্রীতিং ত্যক্ত্বা নিজাত্মনি ।
নিশ্চিত্য পরমাং প্রীতিং বীক্ষ্যতে তমহর্নিশম্ ॥ ৬৮ ॥

রোদয়িষ্যতি ইত্যেবমুক্তেন প্রকারেণ উত্তরং প্রতিবচনং বক্তি ব্রবীতি। ইদমেকমেব বচনং শিষ্যপ্রতিবাদিনোরুভয়োঃ কথমুত্তরং জাতমিত্যাশঙ্ক্য শিষ্যং প্রত্যুত্তরং তাবৎ দ্যোতয়তি স্বোক্ত-প্রিয়স্যেত্যাদিনা বীক্ষ্যতে তমহর্নিশম্ ইত্যন্তেন সার্দ্ধশ্লোকচতুষ্টয়েন। শিষ্যঃ স্বোক্তপ্রিয়স্য স্বেনাভিহিতস্য পুত্রাদিরূপস্য প্রীতিবিষয়স্য বিবেকতঃ বক্ষ্যমাণদোষবিচারেণ দুষ্টত্বং বেত্তি অবগচ্ছতি ॥ ৬৪ ॥

দোষবিচারপ্রকারমেব দর্শয়তি অলভ্যমানেতি ॥ ৬৫—৬৭ ॥

এক পুত্রগতদোষকীর্ত্তনং দারাদিসর্ব্ববিষয়দোষোপলক্ষণার্থম্। এবং বিবিচ্যেতি। এব-মুক্তেন প্রকারেণ পুত্রাদৌ বিষয়জাতে বিবিচ্য বিদ্যমানান্ দোষান্ বিভজ্য জ্ঞাত্বা তস্মিন্ প্রীতিং

তাহার নিমিত্ত তোমাকে রোদন করিতে হইবে; ইহাতে শিষ্যের এমত বোধ হইবে,—আমি যাহাকে প্রিয় বলি, সে যথার্থ প্রীতির পাত্র নহে। বাহ্য বিষয়ে প্রীতি করিলে তাহার নিমিত্ত যে রোদন করিতে হয়, তাহা এই প্রকার, যথা,—সন্তান না জন্মিলে পিতামাতার চিরকাল দুঃখ থাকে, জন্মিলে গর্ভস্রাব বা প্রসবকালে ক্লেশ হয় এবং জাত বালকের বাল্যকালে গ্রহ-রোগাদি জন্য, কুমার বয়সে বাক্যের অস্ফুর্ত্তি নিমিত্ত, আর উপনয়নের পরে বিদ্যা না-হওয়া জন্য অথবা বিদ্বান্ হইলে তাহার বিবাহ-নিমিত্ত পিতামাতার দুঃখ হয়। ৬৪।৬৬।

পুত্রের যুবা বয়সে পর-দারাদি দোষ হইলে পিতামাতার ক্লেশ এবং তাহার সন্তানাদি হইলে যদি দারিদ্র্য হয়, তাহা হইলেও পিতামাতার দুঃখ; আবার সেইরূপ পুত্র ধনী হইয়া যদি মৃত্যুমুখে নিপতিত হয়, তবে পিতামাতার আর দুঃখের সীমা থাকে না। এইরূপ বিবেচনায় পুত্রাদিতে

আগ্রহাদ্ ব্রহ্মবিদ্ দ্বেষাদপি পক্ষমমুঞ্চতঃ।
বাদিনো নরকঃ প্রোক্তো দোষশ্চ বহুযোনিষু ॥ ৬৯ ॥
ব্রহ্মবিদ্ ব্রহ্মরূপত্বাদীশ্বরস্তেন বর্ণিতম্।
যদ্ যৎ তত্তৎ তথৈব স্যাৎ তচ্ছিষ্যপ্রতিবাদিনোঃ ॥ ৭০ ॥
যস্তু সাক্ষিণমাত্মানং সেবতে প্রিয়মুত্তমম্।
তস্য প্রেয়ানসাবাত্মা ন নশ্যতি কদাচন। ॥ ৭১ ॥

---

পরিত্যজ্য নিজাত্মনি প্রত্যগ্রূপে সাক্ষিণি পরমাং নিরতিশয়াং প্রীতিং নিশ্চিত্য তং প্রত্যাত্মানমহর্নিশং সর্বদা বীক্ষতে অনুসন্দধত ইত্যর্থঃ ॥ ৬৮ ॥

প্রিয়ং ত্বাং রোৎস্যতীত্যস্যৈব বাক্যস্য প্রতিবাদিনং প্রতি শাপরূপত্বং প্রকটয়তি আগ্রহাদিতি। আগ্রহাদুক্তং পুত্রাদিপ্রিয়ত্বং সর্বথা ন ত্যজামীত্যেবংরূপাৎ ব্রহ্মবিদ্দ্বেষাৎ অনেনোক্তং বিঘটয়িষ্যামীত্যেবংরূপাচ্চ পক্ষং পুত্রাদীনামেব প্রিয়ত্বাভিধানরূপমপরিত্যজতঃ প্রতিবাদিনো নরকপ্রাপ্তিঃ তথা বহুযোনিষু নরতির্য্যগাদিষু অনেকেষু জন্মসু দোষঃ পুত্রভার্য্যাদিষু ইষ্টবিয়োগানিষ্টপ্রাপ্তিরূপঃ প্রোক্তঃ প্রিয়ং ত্বাং রোৎস্যতীতি বদতা জ্ঞানিনা ইতি শেষঃ ॥ ৬৯ ॥

নন্বু জ্ঞানিনোক্তস্যৈকস্যৈব বাক্যস্য শিষ্যং প্রত্যুপদেশরূপত্বং বাদিনং প্রতি শাপরূপত্বঞ্চেতি বিরুদ্ধং রূপদ্বয়ং কথং ঘটতে ইত্যাশঙ্ক্য উত্তরপ্রদাতুরীশ্বররূপত্বাৎ তস্যাভিপ্রায়ানুসারেণ উভয়ং ভবিষ্যতীতি মন্বানস্তদুপপাদকস্য ঈশ্বরোঽহং তথৈব স্যাৎ ইতি সমনন্তরবাক্যস্য তাৎপর্য্যমাহ ব্রহ্মবিদিতি। যতো ব্রহ্মবিদঃ স্বস্য ব্রহ্মত্বানুভবাদীশ্বরত্বমস্তি অতস্তেন যং যং শিষ্যাদিকং প্রতি যদ্ যদিষ্টমনিষ্টং ব্যাভিধীয়তে তত্তৎ তচ্ছিষ্যপ্রতিবাদিনোস্তস্য জ্ঞানিনো যঃ শিষ্যঃ যশ্চ প্রতিবাদী তয়োঃ তথৈব স্যাৎ ইষ্টমনিষ্টং বাবশ্যং ভবেদিত্যর্থঃ ॥ ৭০ ॥

ব্যতিরেকমুখেনোক্তস্যার্থস্যান্বয়মুখেন প্রদিপাদকম্ 'আত্মানমেব প্রিয়মুপাসীত স য আত্মানমেব প্রিয়মুপাস্তে নেহাস্য প্রিয়ং প্রমায়ুক্তং ভবতী'তি সমনন্তরবাক্যমর্থতঃ পঠতি যস্ত্বিতি। তুশব্দ উক্তবৈলক্ষণ্যদ্যোতনার্থঃ। অনাত্মপ্রিয়ত্ববাদিনোঽন্যো যঃ শিষ্য আত্মান-

---

প্রীতি পরিত্যাগপূর্ব্বক স্বীয় আত্মাতে পরম প্রীতি স্থির করিয়া তাঁহাতেই সতত দৃষ্টি স্থাপন করিবে। ৬৭।৬৮

আর প্রতিবাদী, অতিশয় আগ্রহেই হউক, বা ব্রহ্মজ্ঞানের প্রতি দ্বেষবশতই হউক, যদি স্বীয় মত পরিত্যাগ না করে, তবে তাহার নরক এবং বহুযোনি ভ্রমণ প্রযুক্ত পুত্রাদিজনিত ক্লেশ ভোগ হয়। ব্রহ্মজ্ঞানী ব্যক্তি ব্রহ্মভাবাপন্ন বলিয়া স্বয়ং ঈশ্বর; অতএব কি শিষ্য, কি প্রতিবাদী, তিনি যাহাকেই যাহা বলেন, তাহাই হয়। ৬৯।৭০।

যে ব্যক্তি সাক্ষিচৈতন্যকে পরম প্রিয় বোধে সেবা করে, তাহার সেই

পরপ্রেমাস্পদত্বেন পরমানন্দরূপতা।
সুখবৃদ্ধিঃ প্রীতিবৃদ্ধৌ সার্ব্বভৌমাদিষু শ্রুতা ॥ ৭২ ॥
চৈতন্যবৎসুখং চাস্য স্বভাবশ্চেচ্চিদাত্মনঃ।
ধীবৃত্তিষনুবর্ত্তেত সর্ব্বাস্বপি চিতির্যথা ॥ ৭৩ ॥
মৈবমুষ্ণপ্রকাশাত্মা দীপস্তস্য প্রভা গৃহে।
ব্যাপ্নোতি নোষ্ণতা তদ্বচ্চিতেরেবানুবর্ত্তনম্ ॥ ৭৪ ॥

---

মেবোত্তমং প্রিয়ং নিরতিশয়প্রেমগোচরং সেবতে সদাত্মানং স্মরতি তস্য শিষ্যাদেঃ প্রেয়ান্ প্রিয়তমত্বেনাভিমতোঽসাবাত্মা প্রতিবাদ্যভিমতং প্রিয়মিব ন কদাচিদ্বিনশ্যতি কিন্তু সদানন্দরূপঃ সন্নবভাসত ইত্যর্থঃ ॥ ৭১ ॥

ইত্থমাত্মনঃ পরপ্রেমাস্পদত্বহেতুং প্রসাধ্য ইদানীং ফলিতমাহ পরপ্রেমাস্পদত্বেন ইতি। অত্রায়ং প্রয়োগঃ—আত্মা পরমানন্দরূপঃ নিরতিশয়প্রেমবিষয়ত্বাৎ যঃ পরমানন্দরূপো ন ভবতি স নিরতিশয়প্রেমবিষয়োঽপি ন ভবতি যথা ঘটাদিরিতি কেবলব্যতিরেকী। পরপ্রেমাস্পদত্বহেতোরাত্মনঃ পরমানন্দরূপতাসাধনে সামর্থ্যদ্যোতনায় প্রীতিবৃদ্ধৌ সুখবৃদ্ধিমুদাহরতি সুখবৃদ্ধিরিতি। যতঃ সার্ব্বভৌমাদিহৈরণ্যগর্ভান্তেষু পদবিশেষেষু যত্র যত্র প্রীতির্বর্দ্ধতে তত্র তত্র সুখাভিবৃদ্ধিরস্তীতি তৈত্তিরীয়বৃহদারণ্যকশ্রুত্যোরভিহিতম্ অতঃ প্রীত্যোর্নিরতিশয়ত্বে সতি আনন্দস্যাপি নিরতিশয়ত্বমবগন্তুং শক্যত ইতি ভাবঃ। নন্বাত্মনঃ পরমানন্দরূপত্বমনুপপন্নং তথাত্বে চৈতন্যস্যেব তৎস্বরূপভূতস্যানন্দস্যাপি সর্ব্বাসু ধীবৃত্তিষু অনুবৃত্তিঃ প্রসজ্যেতে. ত শঙ্কতে চৈতন্যবদিতি ॥ ॥ ৭২। ৭৩ ॥

চিদানন্দয়োরুভয়োরপি আত্মস্বরূপত্বেঽপি বৃত্তিষু চিত এবানুবৃত্তির্নানন্দস্যেতি দৃষ্টান্তাবষ্টম্ভেন পরিহরতি মৈবমিতি। যথোক্তপ্রকাশাত্মকস্য দীপস্য প্রকাশ এব গৃহাদাবনুগচ্ছতি নোষ্ণতা এবং চৈতন্যস্যৈবানুবৃত্তির্নানন্দস্য ইত্যর্থঃ ॥ ৭৪ ॥

---

প্রিয় বস্তুর কখন নাশ হয় না। পরম প্রীতির আস্পদ সেই পরমাত্মা পরমানন্দরূপ; যাহাতে প্রীতিবৃদ্ধি, তাহাতেই সুখবৃদ্ধি হয়, সার্ব্বভৌমাদি হিরণ্যগর্ভ পর্য্যন্ত সর্ব্বত্রই ইহা নিরূপিত আছে। ৭১।৭২।

চেতন স্বরূপ পরমাত্মা যদি সুখস্বরূপ হইলেন, তবে চৈতন্য যেমন সকল বুদ্ধিবৃত্তিতে অন্বিত হ'ন, সুখও সেইরূপ সকল বুদ্ধিবৃত্তিতেই অন্বিত হউক, এমত আশঙ্কা করা ন্যায্য নহে; কেন বলি শুন,—দীপ উষ্ণ এবং প্রকাশস্বরূপ, দীপের প্রকাশস্বরূপ প্রভায় গৃহ ব্যাপ্ত হয়, কিন্তু উষ্ণতায় ব্যাপ্ত হয় না, তদ্রূপ বুদ্ধিবৃত্তিতে চৈতন্য অনুবৃত্ত হয়। সুখের অনুবৃত্তি হয় না। সেইরূপ সকল বুদ্ধিবৃত্তিতেই চৈতন্যের সম্বন্ধ হয়, সুখের সম্বন্ধ হয় না। ৭৩।৭৪।

গন্ধরূপরসস্পর্শেষ্বপি সৎসু যথা পৃথক্।
একাক্ষেণৈক এবার্থো গৃহ্যতে নেতরস্তথা ॥ ৭৫ ॥
চিদানন্দৌ নৈব ভিন্নৌ গন্ধাদ্যাস্তু বিলক্ষণাঃ।
ইতি চেৎ তদভেদোঽপি সাক্ষিণ্যন্যত্র বা বদ ॥ ৭৬ ॥
আদ্যে গন্ধাদয়োঽপ্যেবমভিন্নাঃ পুষ্পবর্ত্তিনঃ।
অক্ষভেদেন তদ্ভেদে বৃত্তিভেদাৎ তয়োর্ভিদা ॥ ৭৭ ॥

---

নন্থ চিদানন্দয়োরভেদে চিদভিব্যঞ্জকধীবৃত্তাবেবানন্দাভিব্যক্তিরপি স্যাদিত্যাশঙ্ক্য তথা নিয়মাভাবে দৃষ্টান্তমাহ গন্ধেতি। যথৈকদ্রব্যবর্ত্তিনাং গন্ধাদীনাং চতুর্ণাং মধ্যে ঘ্রাণাদিনৈকেনেন্দ্রিয়েণগন্ধাদিরেকৈক এব গুণো গৃহ্যতে নেতরঃ তথা চিদানন্দয়োর্মধ্যে চিত এবাবভাসনমিত্যর্থঃ ॥ ৭৫ ॥

দৃষ্টান্তদার্ষ্টান্তিকয়োর্বৈষম্যং শঙ্কতে চিদানন্দাবিতি। বিলক্ষণ্যা ভিন্না ইত্যর্থঃ। উক্তবৈলক্ষণ্যং পরিহর্ত্তুং দার্ষ্টান্তিকে চিদানন্দয়োরভেদঃ কিং স্বাভাবিক উত ঔপাধিক ইতি বিকল্পয়তি তদভেদোঽপীতি। তদভেদস্তয়োশ্চিদানন্দয়োরভেদঃ ঐক্যং সাক্ষিণ্যাত্মস্বরূপে বান্যত্র তদুপাধিভূতাসু বৃত্তিষু বেত্যর্থঃ ॥ ৭৬ ॥

প্রথমে পক্ষে দৃষ্টান্তদার্ষ্টান্তিকয়োঃ সাম্যমাহ আদ্য ইতি। আদ্যে চিদানন্দয়োঃ সাক্ষিণি ভেদাভাবপক্ষে পুষ্পবর্ত্তিনো গন্ধাদয়োঽপ্যেবং চিদানন্দবদেবাভিন্নাঃ পরস্পরং ভেদরহিতাঃ ইতরপরিহারেণৈকস্যানেতুমশক্যত্বাদিতি ভাবঃ। দ্বিতীয়েঽপি পক্ষে সাম্যমাহ অক্ষেতি। অক্ষাণাং গন্ধাদিগ্রাহকাণাং ঘ্রাণাদীন্দ্রিয়াণাং ভেদেন তদ্ভেদে তেষাং গন্ধাদীনাং ভেদাভ্যুপগমে তদ্বদেব বৃত্তিভেদাচ্চিদানন্দাভিব্যক্তিহেতূনাং রাজসসাত্ত্বিকবৃত্তীনাং ভেদাৎ তয়োশ্চিদানন্দয়োর্ভিদা ভেদো ভবিষ্যতীত্যর্থঃ ॥ ৭৭ ॥

---

যেমন গন্ধ, রূপ, রস এবং স্পর্শ এ সমুদায় এক বস্তুতে থাকিলেও পৃথক্ পৃথক্ ইন্দ্রিয় দ্বারা গৃহীত হয়, অন্য ইন্দ্রিয় দ্বারা অন্য পদার্থ গৃহীত হয় না; তদ্রূপ চৈতন্য ও আনন্দ উভয়ের সম্বন্ধ গ্রহণে সকল বুদ্ধি সক্ষম হয় না। ৭৫।

যদি বল, গন্ধাদি বিষয় সকল ভিন্ন ভিন্ন পদার্থ, এই হেতু ভিন্ন ভিন্নরূপে তাহার উপলব্ধি হয়, চৈতন্য ও আনন্দ তদ্রূপ ভিন্ন নহে, অতএব তাহা পৃথক উপলব্ধ না হউক। তাহার উত্তর এই যে,—তাহার যে অভেদ, তাহা সাক্ষিচৈতন্যে কি অন্যত্র বল, যদি সেই সাক্ষীতে অভেদ স্বীকার কর, তবে এক পুষ্পেতেও গন্ধাদির অভেদ দৃষ্টি কর, আর যদি ইন্দ্রিয় প্রভৃতিতে গন্ধাদির ভেদ স্বীকার কর, তবে বৃত্তিভেদে চৈতন্য ও আনন্দের ভেদও স্বীকার কর। ৭৬।৭৭।

সত্ত্ববৃত্তৌ চিৎসুখৈক্যং তদ্‌বৃত্তের্নির্ম্মলত্বতঃ ।
রজোবৃত্তেস্তু মালিন্যাৎ সুখাংশোঽত্র তিরস্কৃতঃ ॥ ৭৮ ॥
তিন্তিড়ীফলমত্যম্লং লবণেন যুতং যদা ।
তদাম্লস্য তিরস্কারাদীষদম্লং যথা তথা ॥ ৭৯ ॥
নন্বু প্রিয়তমত্বেন পরমানন্দতাত্মনি ।
বিবেক্তুং শক্যতামেবং বিনা যোগেন কিং ভবেৎ ॥ ৮০ ॥
যদ্‌যোগেন তদেবেতি বদামো জ্ঞানসিদ্ধয়ে ।
যোগঃ প্রোক্তো বিবেকেন জ্ঞানং কিং নোপজায়তে ॥ ৮১ ॥

---

নন্বু তর্হি চিদানন্দয়োরৈক্যং কুত্রোপলভ্যতে ইত্যাশঙ্ক্যাহ সত্ত্বেতি। সত্ত্ববৃত্তৌ শুভকর্ম্মোপস্থাপিতায়াং সত্ত্বগুণপরিণামরূপায়াং বুদ্ধিবৃত্তৌ চিৎসুখৈক্যং চিদানন্দয়োরৈক্যং ভাসতে ইতি শেষঃ। তত্রোপপত্তিমাহ তদ্‌বৃত্তেরিতি। কুতস্তর্হি ভেদো ভাসতে ইত্যত আহ রজোবৃত্তেরিতি ॥ ৭৮ ॥

বিদ্যমানস্যাপি সুখস্য তিরস্কারে দৃষ্টান্তমাহ তিন্তিড়ীফলমিতি। যথা তিন্তিড়ীফলে লবণযোগাদত্যম্লস্য তিরোহিতং তদ্বদ্রজোবৃত্তাবানন্দস্য তিরোভাব ইত্যর্থঃ ॥ ৭৯ ॥

গূঢ়াভিসন্ধিঃ শঙ্কতে নন্বিতি। ননূক্তেন প্রকারেণাত্মনঃ পরমানন্দরূপত্বং পরপ্রেমাস্পদত্বহেতুনা গৌণমিথ্যাত্মরূপেভ্যঃ প্রিয়োপেক্ষ্যদ্বেষ্যেভ্যো বিবেক্তুং বিবেচ্য জ্ঞাতুং শক্যতাং নাম তথাপি নায়ং বিবেকো মুক্তিসাধনম্ অপরোক্ষজ্ঞানদ্বারা মুক্তিহেতোর্যোগস্যানভিধানাদিতি গূঢ়োঽভিসন্ধিঃ ॥ ৮০ ॥

গূঢ়াভিসন্ধেরেবোত্তরমাহ যদ্‌যোগেনেতি। যথা যোগস্যাপরোক্ষজ্ঞানহেতুত্বমস্তি এবং বিবেকস্যাপীত্যত্রাপি গূঢ়োঽভিসন্ধিঃ। ইদানীং চোদ্যপরিহারয়োরুভয়োরভিসন্ধিং প্রকটয়তি

---

সাত্ত্বিকী বুদ্ধিবৃত্তিতে চৈতন্য ও সুখের ঐক্য হয়, যে হেতু সে বৃত্তি অতিশয় নির্ম্মল; আর কিঞ্চিৎ মালিন্য প্রযুক্ত রাজসী বৃত্তিতে সুখাংশ আবৃত থাকে, কেবল চৈতন্য প্রকাশ পায়; যেমন অতিশয় অম্লরসবিশিষ্ট তিন্তিড়ীফল লবণের সহিত মিশ্রিত হইলে অতি অম্লরস তিরস্কৃত হইয়া অল্পমাত্রায় প্রকাশিত হয়, উহাও তদ্রূপ। ৭৮।৭৯।

উক্ত প্রকারে নিরতিশয় প্রিয়রূপে পরমাত্মার পরমানন্দস্বরূপ বিবেচনা করিতে সমর্থ হইলেও যোগ ব্যতিরেকে মুক্তির উপায় কি? এমত যদি আশঙ্কা কর, তবে শুন বলি,—যোগ দ্বারা যাহা হয়, স্বরূপ বিবেক দ্বারা

যৎ সাংখ্যৈঃ প্রাপ্যতে স্থানং তদ্‌যোগৈরপি গম্যতে।
ইতি স্মৃতং ফলৈকত্বং যোগিনাঞ্চ বিবেকিনাম্॥ ৮২ ॥
অসাধ্যঃ কস্যচিদ্ যোগঃ কস্যচিজ্‌জ্ঞাননিশ্চয়ঃ।
ইত্থং বিচার্য্য মার্গৌ দ্বৌ জগাদ পরমেশ্বরঃ॥ ৮৩ ॥
যোগে কোঽতিশয়স্তেঽত্র জ্ঞানমুক্তং সমং দ্বয়োঃ।
রাগদ্বেষাদ্যভাবশ্চ তুল্যো যোগিবিবেকিনোঃ॥ ৮৪ ॥
ন প্রীতির্ব্বিষয়েষ্বস্তি প্রেয়ানাত্মেতি জানতঃ।

---

জ্ঞানেতি। যথাপরোক্ষজ্ঞানসাধনত্বেন যোগোঽভিহিতঃ পূর্ব্বস্মিন্নধ্যায়ে তথা এতদধ্যায়াভিহিতেন গৌণাদ্যাত্মবিবেকদ্বারা কোশপঞ্চবিবেকেনাপি জ্ঞানমুৎপদ্যতে এবেত্যর্থঃ॥ ৮১ ॥

তত্র কিং প্রমাণমিত্যাশঙ্ক্যাহ যৎ সাংখ্যৈরিতি। সাংখ্যৈরাত্মানাত্মবিবেকিভির্যৎ স্থানং মোক্ষরূপং প্রাপ্যতে তদ্‌যোগৈর্যোগিভিরপি গম্যতে প্রাপ্যতে, ইতি বচনেন যোগিনাং বিবেকিনাঞ্চ ফলৈকত্বং জ্ঞানদ্বারা মোক্ষলক্ষণফলস্যৈকত্বমুক্তমিত্যর্থঃ॥ ৮২ ॥

ননু বিবেকযোগয়োরেকমেব চেৎ ফলং তর্হ্যনয়োরন্যতরস্যৈব যুক্তং শাস্ত্রেষু প্রতিপাদনং নোভয়োরিত্যাশঙ্ক্যাধিকারিবৈচিত্র্যাৎ যুক্তমুভয়োঃ প্রতিপাদনমিত্যভিপ্রায়েণাহ অসাধ্য ইতি॥ ৮৩ ॥

নন্বত্যন্তায়াসসাধ্যস্য যোগস্য নিরায়াসসুলভাদ্‌বিবেকাদতিশয়ো বক্তব্য ইত্যাশঙ্ক্য সোঽতিশয়ঃ কিম্ অপরোক্ষজ্ঞানজনকত্বাদুচ্যতে উত রাগদ্বেষনিবৃত্তিহেতুত্বাৎ অথবা দ্বৈতানুপলব্ধিকারণত্বাৎ ইতি বিকল্প্য প্রথমে পক্ষে ফলসাম্যমিত্যাহ যোগ ইতি। দ্বয়োর্বিবেকযোগয়োরুভয়োরপি জ্ঞানলক্ষণং ফলং সমমুক্তং যৎ সাংখ্যৈরিত্যাদিনা অতস্তব যোগে কোঽতিশয়ঃ ন কোঽপীত্যর্থঃ দ্বিতীয়ং প্রত্যাহ রাগদ্বেষেতি॥ ৮৪ ॥

---

তাহাই হয়, যে জ্ঞানসিদ্ধির নিমিত্ত যোগ উক্ত হইয়াছে, স্বরূপবিবেক দ্বারা তাহা কেন না হইবে? ৮০।৮১।

আত্মানন্দ-স্বরূপ বিবেক দ্বারা যে ফল প্রাপ্তি হয়, যোগ দ্বারা তাহাই হয়। গীতায় এইরূপে যোগী ও বিবেকীদিগের ফলের ঐক্য উক্ত হইয়াছে। কোন ব্যক্তির যোগে কোন ব্যক্তির বা বিবেকনিশ্চয়ে অসামর্থ্য দেখিয়া বিচারপূর্ব্বক পরমেশ্বর এই উভয় মার্গ নিরূপণ করিয়াছেন। ৮২।৮৩।

যোগ ও বিবেক উভয়েরই তত্ত্বজ্ঞানরূপ ফল সমানভাবে উক্ত হইয়াছে, অতএব কষ্টসাধ্য সেই যোগে তোমার এত আগ্রহ কেন? রাগ-দ্বেষাদির অভাবরূপ যে ফল, তাহাও যোগী ও বিবেকীর সমান। বিষয়ে যাহার প্রীতি

কুতো রাগঃ কুতো দ্বেষঃ প্রাতিকূল্যমপশ্যতঃ ॥ ৮৫ ॥
দেহাদেঃ প্রতিকূলেষু দ্বেষস্তুল্যো দ্বয়োরপি।
দ্বেষং কুর্ব্বন্নযোগী চেদবিবেক্যপি তাদৃশঃ ॥ ৮৬ ॥
দ্বৈতস্য প্রতিভানন্তু ব্যবহারে দ্বয়োঃ সমম্।
সমাধৌ নেতি চেৎ তদ্বন্নাদ্বৈতত্ত্ববিবেকিনঃ ॥ ৮৭ ॥
বিবক্ষ্যতে তদস্মাভিরদ্বৈতানন্দনামকে।
অধ্যায়ে হি তৃতীয়ে তৎ সর্ব্বমপ্যতিমঙ্গলম্ ॥ ৮৮ ॥

---

বিবেকিনো রাগাদ্যভাবমুপপাদয়তি ন প্রীতিরিতি। আত্মা প্রিয়তম ইতি জানতঃ পুরুষস্য ন তাবদ্ বিষয়েষু প্রীতিরস্তি অতো ন তেষু রাগো জায়তে রাগহেতোরানুকূল্যজ্ঞানস্যাভাবাৎ। নাপি দ্বেষঃ তদ্ধেতোঃ প্রাতিকূল্যজ্ঞানস্যাভাবাৎ ইত্যর্থঃ ॥ ৮৫ ॥

নম্ব বিবেকিনো ব্যবহারদশায়াং দেহাদ্যুপদ্রবকারিষু দ্বেষো দৃশ্যতে ইত্যাশঙ্ক্য তদা যোগিবিবেকিনোস্তুল্য ইতি পরিহরতি দেহাদেরিতি। প্রতিকূলেষু বৃশ্চিকাদিষু দ্বেষকর্ত্তুস্তদা যোগিত্বমেব নাভ্যুপগম্যতে চেত্তবতা তর্হি তাদৃশস্য বিবেকিত্বমপি নাভ্যুপগচ্ছাম ইত্যাহ দ্বেষমিতি। তাদৃশো দ্বেষকর্ত্তা চেদবিবেক্যপি বিবেকবানপি ন ভবতীত্যর্থঃ ॥ ৮৬ ॥

নম্ব বিবেকিনো দ্বৈতদর্শনমস্তি যোগিনস্তু তন্নাস্তীতি তৃতীয়ে বিকল্পে যোগিনোৎতিশয়ো ভবিষ্যতীত্যাশঙ্ক্য বিবেকিনস্তু দ্বৈতদর্শনং কিং ব্যবহারদশায়ামুচ্যতে উতান্যদেতি বিকল্প্য আদ্যে তদ্‌যোগিনোঽপি সমানমিত্যাহ দ্বৈতস্যেতি। দ্বিতীয়মাশঙ্কতে সমাধাবিতি। যোগিনঃ সমাধিকালে দ্বৈতদর্শনং নাস্তীত্যুচ্যতে চেদিত্যধ্যাহারঃ। তর্হি বিবেকিনোঽপি বিবেকদশায়াং দ্বৈতাদর্শনং তুল্যমিতি পরিহরতি তদ্বদিতি। যোগিনঃ সমাধিদশায়ামিবাদ্বৈতত্ত্ব-বিবেকিনোঽদ্বৈতং তত্ত্বমিতি শ্রুতিযুক্তিভ্যাং বিবেচনং কুর্ব্বতোঽপি তস্মিন্ কালে দ্বৈতদর্শনং নাস্তীত্যর্থঃ ॥ ৮৭ ॥

---

নাই ও আত্মাকেই যিনি প্রিয়রূপে জানেন, তাঁহার রাগই বা কোথায় আর দ্বেষই বা কোথায়? যেহেতু তিনি কাহাকেও প্রতিকূল দেখেন না। ৮৪।৮৫।

দেহাদি-পীড়কের প্রতি যে দ্বেষ জন্মে, তাহা যোগী ও বিবেকী উভয়েরই তুল্য। যদি বল, দ্বেষ থাকিলে যোগী হয় না; আমি বলি, বিবেকীও হয় না। ব্যবহারকালে যে দ্বৈত প্রতিভাত হয়, তাহা উভয়েরই সমান। যদি বল, সমাধিকালে যোগীর দ্বৈতভান হয় না, তবে অদ্বৈত জ্ঞানীরও তত্ত্ববিচার-কালে তাহা হয় না। ৮৬।৮৭।

বক্ষ্যমাণ অদ্বৈতানন্দ নামক অধ্যায়ে উক্ত মঙ্গলজনক বিষয় সকল

সদা পশ্যন্ নিজানন্দমপশ্যন্নখিলং জগৎ।
অর্থাদ্‌যোগীতি চেৎ তর্হি সন্তুষ্টো বর্দ্ধতাং ভবান্ ॥ ৮৯ ॥
ব্রহ্মানন্দাভিধে গ্রন্থে মন্দানুগ্রহসিদ্ধয়ে।
দ্বিতীয়োঽধ্যায় এতস্মিন্নাত্মানন্দো বিবেচিতঃ ॥ ৯০ ।

ইতি ব্রহ্মানন্দে আত্মানন্দঃ সমাপ্তঃ ॥

---

কথং তদভাব ইত্যাশঙ্ক্য উপরিতনেঽধ্যায়ে তদুপপাদয়িষ্যতি ইত্যাহ বিবক্ষত ইতি। তদর্থং নিগময়তি সর্ব্বমপীতি ॥ ৮৮ ॥

নমু দ্বৈতাদর্শনসহিতাত্মদর্শনবতো যোগিত্বমেব ভবিষ্যতীতি শঙ্কতে সদা পশ্যন্নিতি। ইষ্টাপত্ত্যা পরিহরতি তর্হীতি ॥ ৮৯ ॥

অধ্যায়তাৎপর্য্যং সংক্ষিপ্য দর্শয়তি ব্রহ্মানন্দেতি ॥ ৯০ ॥

ইতি ব্রহ্মানন্দে আত্মানন্দব্যাখ্যা সমাপ্তা ॥

---

াদিত হইবে, এস্থলে আর বাহুল্যের প্রয়োজন নাই। যিনি সর্ব্বদা নিজা-নন্দদর্শনে মগ্ন, দ্বৈতদর্শন যাহার লুপ্তপ্রায়, তিনিই ফলতঃ যোগী, এই যদি াব, তবে তুমি সন্তুষ্ট হও এবং তোমার জয় হউক। ৮৮।৮৯।

মন্দবুদ্ধি ব্যক্তিদিগের প্রতি অনুগ্রহ করিয়া ব্রহ্মানন্দনামক গ্রন্থের দ্বিতীয় মধ্যায়ে এই আত্মানন্দস্বরূপ বিবেচিত হইল। ৯০।

( ইতি ব্রহ্মানন্দে আত্মানন্দ সমাপ্ত ॥ )

# ত্রয়োদশপরিচ্ছেদঃ।

ব্রহ্মানন্দেঽদ্বৈতানন্দঃ।

যোগানন্দঃ পুরোক্তো যঃ স আত্মানন্দ ইষ্যতাম্।
কথং ব্রহ্মত্বমেতস্য সদ্বয়স্যেতি চেৎ শৃণু ॥ ১ ॥
আকাশাদি স্বদেহান্তং তৈত্তিরীয়শ্রুতীরিতম্।
জগন্নাস্ত্যন্যদানন্দাদদ্বৈতব্রহ্মতা ততঃ ॥ ২ ॥

---

নত্বা শ্রীভারতীতীর্থবিদ্যারণ্যমুনীশ্বরৌ।
ব্রহ্মানন্দাভিধে গ্রন্থেঽদ্বৈতানন্দো বিবিচ্যতে ॥

নন্বানন্দস্ত্রিবিধো ব্রহ্মানন্দো বিদ্যাসুখং তথা বিষয়ানন্দ ইতি প্রথমাধ্যায়ে আনন্দত্রয়মেব প্রতিজ্ঞায় দ্বিতীয়াধ্যায়ে তদতিরিক্ত আনন্দনিরূপণাৎ তদ্বিরোধো জায়ত ইত্যাশঙ্ক্যাহ—যোগানন্দ ইতি। যথা প্রতিজ্ঞাতস্যৈব ব্রহ্মানন্দস্য যোগজন্যসাক্ষাৎকারবিষয়ত্বেন যোগানন্দত্বং নিরুপাধিকত্বেন নিজানন্দত্বঞ্চ ব্যবহৃতং তথা তস্যৈব গৌণমিথ্যামুখ্যাত্মবিবেচনেনাবগম্যত্ববিবক্ষয়া আত্মানন্দত্বমভিহিতমিতি ভাবঃ। ননু সজাতীয়াদ্ গৌণাত্মনঃ পুত্রভার্যাদের্মিথ্যাত্মনো দেহাদের্বিজাতীয়াদাকাশাদেশ্চ ভিন্নস্য সদ্বয়স্যাত্মানন্দস্য প্রথমাধ্যায়োক্তাদ্বিতীয়যোগানন্দরূপতা ন সম্ভবতীতি শঙ্কতে—কথমিতি। সজাতীয়ত্বেনাভিমতস্য গৌণাত্মনঃ পুত্রাদের্মিথ্যাত্মনো দেহাদেশ্চ তৈত্তিরীয়শ্রুত্যাভিহিতজগদন্তঃপাতিত্বাদাকাশাদেশ্চ জগতঃ আত্মানন্দাতিরেকেণাসত্ত্বাচ্চাদ্বিতীয়ব্রহ্মরূপতা তস্য ঘটতে ইতি সবহুমানমুত্তরমাহ—শৃণ্বিতি ॥ ১ ॥

আকাশাদীতি। 'তস্মাদ্বা এতস্মাদাত্মন আকাশঃ সম্ভূত' ইত্যাদিকয়া তৈত্তিরীয়শ্রুত্যা অভিহিতং জগৎ স্বকারণভূতাদানন্দাৎ যতঃ পৃথক্ নাস্তি অতস্তস্যাত্মানন্দস্যাদ্বিতীয়ত্বমিত্যভিপ্রায়ঃ ॥ ২ ॥

---

পূর্ব্বে যে যোগানন্দ উক্ত হইয়াছে, তাহাকে আত্মানন্দ বলিয়া জানিবে, কিন্তু সেই সদ্বিতীয় বস্তুর অদ্বয়ব্রহ্মত্ব কিরূপে সম্ভব হয় অর্থাৎ যোগানন্দ এবং নিজানন্দ এক, নিজানন্দই নিরুপাধিক ব্রহ্মানন্দ, আত্মানন্দ ত ত্রিবিধ, তন্মধ্যে গৌণাত্মানন্দ ও মিথ্যানন্দও আছে—এই দুই আত্মানন্দ দেহ-ঘটিত, সুতরাং সদ্বিতীয়, এই বস্তুকে অদ্বিতীয় নিজানন্দরূপে যোগানন্দের সহিত অভিন্ন বলা যায় কিরূপে? এমত যদি আশঙ্কা কর, তবে শ্রবণ কর,—তৈত্তিরীয় শ্রুতিতে উক্ত আছে, আকাশাদি স্বদেহ পর্য্যন্ত সমুদায় জগৎ আনন্দ হইতে ভিন্ন নহে; সুতরাং আত্মানন্দেও অদ্বৈতব্রহ্মত্ব আছে ।১।২।

আনন্দাদ্ধ্যেব তজ্জাতং তিষ্ঠত্যানন্দ এব তৎ।
আনন্দ এব লীনং চেত্যুক্তানন্দাৎ কথং পৃথক্॥ ৩॥
কুলালাদ্ ঘট উৎপন্নো ভিন্নশ্চেতি ন শঙ্ক্যতাম্।
মৃদ্বদেষ উপাদানং ন নিমিত্তং কুলালবৎ॥ ৪॥
স্থিতির্লয়শ্চ কুম্ভস্য কুলালে স্তো ন হি ক্বচিৎ।
দৃষ্টৌ তৌ মৃদি তদ্বৎ স্যাদুপাদানং তয়োঃ শ্রুতেঃ॥ ৫॥

---

ননূদাহৃতশ্রুতিবাকে নাত্মনঃ কারণত্বং শ্রূয়তে নানন্দস্যেত্যাশঙ্ক্য তৎপ্রতিপাদকং তদায়মেব 'আনন্দাদ্ধ্যেব খল্বিমানি ভূতানি জায়ন্তে' ইত্যাদিবাক্যমর্থতঃ পঠতি—আনন্দাদিতি। ব্যাখ্যাতম্। ফলিতমাহ—ইত্যুক্তেতি। তত্রেদমনুমানং সূচিতং—বিমতং জগদানন্দান্ন ভিদ্যতে তৎকার্য্যত্বাৎ যদ্ যৎ কার্য্যং তৎ ততো ন ভিদ্যতে যথা মৃৎকার্য্যং ঘটাদিমৃদো ন ভিদ্যতে ইতি॥ ৩॥

কুলালাদুৎপন্নস্য ঘটস্য ততো ভেদদর্শনাদনৈকান্তিকতা হেতোরিত্যাশঙ্ক্য কুলালস্য নিমিত্তকারণত্বাৎ ইহানন্দস্যোপাদানত্বসমর্থনাম্নৈবমিত্যাহ—কুলালাদিতি। এষ আত্মানন্দো মৃদ্বৎ মৃদ্ঘটস্যেব উপাদানং কারণম্। কুলালবৎ কুলাল ইব ন নিমিত্তং নিমিত্তকারণং ন ভবতীতি॥ ৪॥

নন্বু কুতো নোপাদানত্বং কুলালস্যাপি ইত্যাশঙ্ক্য স্থিতিলয়াধারত্বরূপোপাদানলক্ষণাভাবাদিত্যাহ—স্থিতিরিতি। হি যস্মাৎ কারণাৎ ঘটস্য স্থিতিলয়ৌ কুলালাধারৌ ন ভবতঃ অতো নোপাদানত্বমিতি শেষঃ। কুত্র তর্হি তাবিত্যত আহ—দৃষ্টৌ তাবিতি। তৌ ঘটস্য স্থিতিলয়ৌ তদুপাদানভূতায়াং মৃদ্যেব দৃষ্টৌ প্রত্যক্ষেণোপলব্ধৌ। ভবত্বেবং তত্র প্রকৃতে কিমায়াতমিত্যত আহ—তদ্বদিতি। যদ্বৎ ঘটস্য মৃদুপাদানং তদ্বজ্জগতোঽপ্যানন্দোপাদানং স্যাৎ।

---

জগৎ সমুদয় আনন্দ হইতে উৎপন্ন, আনন্দেই অবস্থিত এবং আনন্দে বিলীন হয়, অতএব আনন্দ হইতে জগৎ কি প্রকারে পৃথক্ হইবে? যদি বল, কুম্ভকার হইতে ঘট উৎপন্ন হয়, কিন্তু তাহা কুম্ভকার হইতে ভিন্ন দেখা যায়; (আনন্দ হইতে উৎপন্ন জগৎও আনন্দ হইতে ভিন্ন হইতে পারে) তাহার উত্তর এই যে,—কুম্ভকার যে প্রকার ঘটের নিমিত্তকারণ, আনন্দ সেরূপ নিমিত্তকারণ নহেন, মৃত্তিকার ন্যায় তিনি ঘটের উপাদান কারণ (সুতরাং ভিন্ন নহেন)। ৩। ৪।

নিমিত্তকারণরূপ কুম্ভকারে ঘটের স্থিতি ও লয় কখন সম্ভব হয় না, উপাদান কারণরূপ মৃত্তিকাতেই তাহা দেখা যায়, তদ্রূপ উপাদানরূপ সেই আনন্দে

উপাদানং ত্রিধা ভিন্নং বিবর্ত্তি পরিণামি চ।
আরম্ভকঞ্চ তত্রান্ত্যো ন নিরংশেহবকাশিনৌ ॥ ৬ ॥
আরম্ভবাদিনোঽন্যস্মাদন্যস্যোৎপত্তিমূচিরে
তন্তোঃ পটস্য নিষ্পত্তের্ভিন্নৌ তন্তুপটৌ খলু ॥ ৭ ॥
অবস্থান্তরতাপত্তিরেকস্য পরিণামিতা।
স্যাৎ ক্ষীরং দধি মৃৎ কুম্ভঃ সুবর্ণং কুণ্ডলং যথা ॥ ৮ ॥

---

তত্র হেতুঃ তয়োরিতি। তয়োর্জগৎস্থিতিলয়য়োঃ শ্রুতে আনন্দাদ্ধ্যেবেত্যাদিবাক্যে আনন্দহেতুকত্বশ্রবণাদিত্যর্থঃ ॥ ৫ ॥

আনন্দস্য স্বাভিমতং জগদুপাদানত্বং বক্তুং তদবান্তরভেদমাহ—উপাদানমিতি। তত্র বিবর্ত্তং পরিশেষয়িতুম্ ইতরৌ পক্ষৌ দূষয়তি—তত্রেতি। অন্ত্যৌ আরম্ভপরিণামপক্ষৌ নিরংশে নিরবয়বে বস্তুনি নাবকাশিনৌ অবকাশবন্তৌ ন ভবতঃ ॥ ৬ ॥

তয়োরনবকাশিত্বমেব দর্শয়িতুং তাবদারম্ভকবাদিমতমনো বদতি—আরম্ভেতি। আরম্ভবাদিনো বৈশেষিকাদয়ঃ অন্যস্মাৎ কার্য্যাপেক্ষয়া অন্যস্মাৎ কারণাদন্যস্য কারণাপেক্ষয়া অন্যস্য কার্য্যস্যোৎপত্তিমূচিরে উক্তবন্তঃ। কুত এবং বদন্তি ইত্যত আহ—তন্তোরিতি। নিষ্পত্তেরুৎপত্তের্দর্শনাদিতি শেষঃ। এতাবতা কথং কার্য্যকারণভেদসিদ্ধিরিত্যত আহ—ভিন্নাবিতি। বিরুদ্ধপরিমাণত্বাৎ বিরুদ্ধার্থক্রিয়াবত্বাচ্চেতি ভাবঃ ॥ ৭ ॥

ইদানীং পরিণামস্বরূপমাহ—অবস্থান্তরেতি। একস্যৈব বস্তুনঃ পূর্ব্বাবস্থাত্যাগপুরঃসরমবস্থান্তরপ্রাপ্তিঃ পরিণাম ইত্যর্থঃ। তমুদাহরতি—স্যাৎ ক্ষীরমিতি। যথা ক্ষীরমৃৎসুবর্ণাদীনাং ক্ষীরাদিব্যবহারযোগ্যতাং পরিত্যজ্য দধ্যাদিব্যবহারযোগ্যতাপত্তিঃ ॥ ৮ ॥

---

জগতের স্থিতি ও লয় হয়। এইরূপ শ্রুতি আছে বলিয়া আনন্দকে উপাদান কারণ বলা যায়; সেই উপাদান কারণ তিন প্রকার; যথা,—বিবর্ত্ত উপাদান, পরিণামী উপাদান এবং আরম্ভক উপাদান। ইহার মধ্যে শেষোক্ত দুই প্রকার উপাদানত্ব সেই নিরবয়ব পরব্রহ্মে অসম্ভব। ৫। ৬।

আরম্ভবাদীরা এক বস্তু হইতে অন্য বস্তুর উৎপত্তি স্বীকার করিয়া থাকে, যথা,—তন্তু হইতে বস্ত্র উৎপন্ন হয়। এস্থলে তাহারা তন্তু হইতে বস্ত্রকে পৃথক্ বস্তু বলিয়া অঙ্গীকার করে। এক বস্তুর অবস্থান্তর প্রাপ্তির নাম পরিণাম, যথা দুগ্ধের পরিণাম দধি, মৃত্তিকার পরিণাম ঘট, সুবর্ণের পরিণাম কুণ্ডল ইত্যাদি। ৭। ৮।

**অবস্থান্তরভানস্তু বিবর্ত্তো রজ্জুসর্পবৎ।**
**নিরংশেঽপ্যস্ত্যসৌ ব্যোম্নি তলমালিন্যকল্পনাৎ ॥ ৯ ॥**
**ততো নিরংশ আনন্দে বিবর্ত্তো জগদিষ্যতাম্।**
**মায়াশক্তিঃ কল্পিকা স্যাদৈন্দ্রজালিকশক্তিবৎ ॥ ১০ ॥**
**শক্তিঃ শক্তাৎ পৃথঙ্নাস্তি তদ্বদ্ দৃষ্টের্ন চাভিদা।**
**প্রতিবন্ধস্য দৃষ্টত্বাৎ শক্ত্যভাবে তু কস্য সঃ ॥ ১১ ॥**

---

ইদানীং বিবর্ত্তলক্ষণমাহ—অবস্থান্তরেতি। তুশব্দঃ পূর্ব্বস্মাৎ পক্ষদ্বয়াৎ বৈলক্ষণ্যদ্যোতনার্থঃ। পূর্ব্বাবস্থামপরিত্যজ্য এব অবস্থান্তরভানং বিবর্ত্তঃ। তমুদাহরতি—রজ্জুসর্পবদিতি। যথা রজ্জ্বাত্মনাবস্থিতস্যৈব দ্রব্যস্য সর্পাত্মনা ভাসনং বিবর্ত্তঃ। নন্বু বিবর্ত্তমানস্য রজ্জ্বাদেঃ সাংশত্বদর্শনাৎ নিরংশে সোঽপি ন ঘটতে ইত্যাশঙ্ক্য নিরবয়বে গগনাদাবপি তদ্দর্শনান্মৈবমিত্যাহ—নিরংশেঽপীতি। অসৌ বিবর্ত্তঃ ব্যোম্নি তলত্বমধোমুখেন্দ্রনীলকটাহতুল্যত্বং মালিন্যং নীলবর্ণতা তয়োঃ কল্পনাদাকাশস্বরূপানভিজ্ঞৈরারোপ্যমাণত্বাদিত্যর্থঃ ॥ ৯ ॥

ফলিতমাহ—তত ইতি। ততো নিরংশেঽপি বিবর্ত্তসম্ভবাজ্জগন্নিরংশে আনন্দে বিবর্ত্তঃ কল্পিত ইত্যঙ্গীকার্য্যমিত্যর্থঃ। নন্বদ্বিতীয়ে আনন্দে জগৎকল্পনমনুপপন্নং কল্পনাহেতোরভাবাদিত্যাশঙ্ক্যাহ মায়াশক্তিরিতি। শক্তেঃ কল্পকত্বং ক দৃষ্টমিত্যত আহ ঐন্দ্রজালিকেতি। যথৈন্দ্রজালিকনিষ্ঠায়া মণিমন্ত্রাদিরূপায়া মায়ায়াঃ শক্তের্গন্ধর্ব্বনগরাদিককল্পকত্বং তথেত্যর্থঃ ॥ ১০ ॥

নন্বানন্দাত্মাতিরিক্তায়াঃ মায়ায়া অভ্যুপগমে দ্বৈতাপত্তিরিত্যাশঙ্ক্যাস্যা অনির্ব্বচনীয়ত্বেনানৃতত্বং বক্তুম্ উত্তরত্র বক্ষ্যমাণায়া লৌকিক্যা অগ্ন্যাদিগতশক্তেস্তাবদ্ভেদেন বা অভেদেন বা নির্ব্বক্তুমশক্যত্বং দর্শয়তি শক্তিরিতি। শক্তিরগ্ন্যাদিনিষ্ঠা স্ফোটাদিজনিকা শক্তাৎ অগ্ন্যাদিস্বরূপাৎ পৃথক্ ভেদেন নাস্তি কুত ইত্যত আহ তদ্বদিতি। তদ্বৎ তথাত্বস্য ভেদে নাসত্ত্বস্য দৃষ্টের্দর্শনাদগ্ন্যাদিস্বরূপাতিরেকেণানুপলভ্যমানত্বাদিত্যর্থঃ। নাপ্যগ্ন্যাদিস্বরূপমেব শক্তিরিত্যাহ ন চাভিদেতি। অভিদা অভেদোঽপি ন চ নৈব। তত্রাপি হেতুমাহ প্রতিবন্ধস্যেতি।

---

স্বরূপতঃ অবস্থান্তর না হইলেও যদি অবস্থান্তর জ্ঞান হয়, তবে তাহাকে বিবর্ত্ত বলা যায়, যেরূপ রজ্জুতে সর্পজ্ঞান হয়। এ প্রকার বিবর্ত্ত নিরবয়ব। অর্থাৎ অপরিচ্ছিন্ন পদার্থেও সম্ভব হয়। যেমন আকাশে তল ও মলিনতা অর্থাৎ ইন্দ্রনীলকটাহতুল্যত্ব কল্পিত হয়। অতএব এই জগৎ, অপরিচ্ছিন্ন সেই আনন্দের বিবর্ত্ত; ঐন্দ্রজালিক শক্তির ন্যায় মায়াশক্তিই তাহা কল্পনা করে। ৯। ১০।

আনন্দরূপ ঈশ্বর হইতে মায়াশক্তির পৃথক্ সত্তা নাই, যেহেতু লোকে দেখা যায় যে, শক্ত বস্তু হইতে শক্তি ভিন্ন নহে। কিন্তু, শক্তি, শক্ত বস্তর

**শক্তেঃ কার্য্যানুমেয়ত্বাদকার্য্যে প্রতিবন্ধনম্ ।**
**জ্বলতোঽগ্নেরদাহে স্যান্মন্ত্রাদিপ্রতিবন্ধতা ॥ ১২ ॥**
**দেবাত্মশক্তিং স্বগুণৈর্নিগূঢ়াং মুনয়োঽবিদন্ ।**
**পরাস্য শক্তির্বিবিধা ক্রিয়াজ্ঞানবলাত্মিকা ॥ ১৩ ॥**

---

ণিমন্ত্রাদিভিঃ শক্তিকার্য্যস্য স্ফোটাদেঃ প্রতিবন্ধদর্শনাৎ স্বরূপাতিরিক্তা শক্তির্দ্রষ্টব্যেত্যভিপ্রায়ঃ। বত্তু প্রতিবন্ধদর্শনং শক্তের্ভেদোঽপি মা ভূৎ কো দোষস্তত্রাহ শক্তীতি। প্রত্যক্ষ-ন্ধস্যাগ্ন্যাদিস্বরূপস্য প্রতিবন্ধাসম্ভবাৎ তদ্ব্যতিরিক্তশক্ত্যনভ্যুপগমে সতি প্রতিবন্ধোঽপি র্বিষয়ঃ স্যাদিত্যভিপ্রায়ঃ ॥ ১১ ॥

নন্বতীন্দ্রিয়ায়াঃ শক্তেঃ কথং প্রতিবন্ধোঽবগন্তুং শক্যতে ইত্যাশঙ্ক্যাহ শক্তেরিতি। মতীন্দ্রিয়াপি শক্তির্যতঃ কার্য্যলিঙ্গগম্যা অতঃ অকার্য্যে সত্যপি কারণে কার্য্যানুৎপত্তৌ সত্যাং প্রতিবন্ধনং প্রতিবন্ধোঽবগম্যতে ইতি শেষঃ। উক্তমর্থং দৃষ্টান্তপ্রদর্শনেন স্পষ্টয়তি জ্বলত ইতি লোকে স্বরূপেণ প্রজ্বলতোঽগ্নেঃ সকাশাদ্ দাহাদিলক্ষণে কার্য্যেঽনুৎপদ্যমানে সতি মন্ত্রাদিপ্রতিবন্ধতা মন্ত্রাদীনাং অগ্নিশক্তিপ্রতিবন্ধকত্বমিত্যর্থঃ ॥ ১২ ॥

ইত্থং লৌকিকশক্তিং স্বরূপতঃ প্রমাণতশ্চোপক্ষস্য ইদানীং মায়াশক্তিসদ্ভাবে 'তে ধ্যান-যোগানুগতা অপশ্যন্ 'দেবাত্মশক্তিং স্বগুণৈর্নিগূঢ়া'মিতি শ্বেতাশ্বতরোপনিষদ্বাক্যমর্থতঃ পঠতি দেব আত্মশক্তিমিতি। মুনয়ঃ কালস্বভাবাদিষু কারণবাদেষু দোষদর্শনবন্তো জগৎকারণজিজ্ঞাসয়া ধ্যানযোগমাস্থিতাঃ অধিকারিণো দেবাত্মশক্তিং দেবস্য দ্যোতমানস্য স্বপ্রকাশচিদ্রূপস্যাত্মনঃ প্রত্যগভিন্নস্য ব্রহ্মণঃ শক্তিং মায়ারূপাং স্বগুণৈঃ স্বকার্য্যভূতৈঃ স্থূলসূক্ষ্মশরীরৈর্নিগূঢ়াং নিতরাং গূঢ়ামাবৃতাম্ অবিদন্ সাক্ষাৎ কৃতবন্ত ইত্যর্থঃ। তস্যামেবোপনিষদি স্থিতং 'পরাস্য শক্তির্বিবিধৈব শ্রূয়তে স্বাভাবিকী জ্ঞানবলক্রিয়া চে'তি বাক্যান্তরমর্থতঃ পঠতি পরাস্যেতি। অস্য ব্রহ্মণঃ পরা উৎকৃষ্টা জগৎকারণভূতা শক্তির্বিবিধা শ্রূয়তে ইতি বাক্যশেষঃ। বিবিধত্ব-মেবাহ ক্রিয়েতি। ক্রিয়াজ্ঞানে প্রসিদ্ধে বলমিচ্ছাশক্তিজ্ঞানক্রিয়াশক্তিসাহচর্য্যাৎ। ক্রিয়াদিশক্তয়ঃ আত্মা স্বরূপং যস্যাঃ সা ক্রিয়াজ্ঞানবলাত্মিকা ॥ ১৩ ॥

---

সহিত অভিন্নও নহে, যেহেতু মধ্যে মধ্যে শক্তির বাধও দৃষ্ট হয়, যদি অভি-ন্নই হয়, তবে সে বাধ কাহার হইবে ? (শক্ত ত আছেই) শক্তি কার্য্যদ্বারা অনুমেয় ; অতএব কারণ সত্বে কার্য্য না হইলেই তাহাকে বাধ বা প্রতিবন্ধ বলা যায়। প্রজ্বলিত অগ্নি যদি দাহ না করে, তবে সেস্থলে মন্ত্রাদিকে শক্তির প্রতিবন্ধক বলিতেই হয়। ১১। ১২।

সেই পরম দেবতা পরমেশ্বরের শক্তি, (সত্ব রজঃ প্রভৃতি] স্বীয় গুণদ্বারা নিগূঢ়; ইহা মুনিরা জ্ঞানযোগে অবগত হন। ক্রিয়া, জ্ঞান, এবং ইচ্ছা ইঁহার

ইতি বেদবচঃ প্রাহ বসিষ্ঠশ্চ তথাব্রবীৎ।
সর্ব্বশক্তিপরং ব্রহ্ম নিত্যমাপূর্ণমদ্বয়ম্ ॥ ১৪ ॥
যয়োল্লসতি শক্ত্যাসৌ প্রকাশমধিগচ্ছতি।
চিচ্ছক্তির্ব্রহ্মণো রাম! শরীরেষুপলভ্যতে ॥ ১৫ ॥
স্পন্দশক্তিশ্চ বাতেষু দার্ঢ্যশক্তিস্তথোপলে।
দ্রবশক্তিস্তথাম্ভঃসু দাহশক্তিস্তথানলে ॥ ১৬ ॥
শূন্যশক্তিস্তথাকাশে নাশশক্তির্বিনাশিনি।
যথাণ্ডেঽন্তর্মহাসর্পো জগদস্তি তথাত্মনি ॥ ১৭ ॥

---

ইদং বাক্যদ্বয়ং কুত্রত্যমিত্যত আহ ইতীতি। ন কেবলং মায়াশক্তিঃ শ্রুতিপ্রসিদ্ধা কিন্তু স্মৃতিসিদ্ধাপীত্যাহ বশিষ্ঠশ্চেতি। যথা শ্রুতির্বিচিত্রাং মায়াশক্তিম্ উক্তবতী বসিষ্ঠোঽপি তাং তথোক্তবান্ বাসিষ্ঠাভিধে গ্রন্থে ইতি শেষঃ। ন্যাশক্তিপ্রতিপাদকান্ বাসিষ্ঠশ্লোকান্ পঠতি সর্ব্বেতি। 'নিত্যমাপূর্ণমদ্বয়'মিতি ব্রহ্মণঃ পারমার্থিক' রূপমুক্তম্। সর্ব্বশক্তীতি তস্যৈব সোপাধিকং রূপম্ ॥ ১৪ ॥

তৎপরং ব্রহ্ম যদা যয়া মহাশক্ত্যা উল্লসতি বিকসতি বিবর্ত্ততে ইত্যর্থঃ তদা তদা অসৌ শক্তিঃ প্রকাশমধিগচ্ছতি অভিব্যক্তিং প্রাপ্নোতি। ইদানীং তামেবাভিব্যক্তিং প্রপঞ্চয়তি চিচ্ছক্তিরিতি। শরীরেষু দেবতির্য্যঙ্মনুষ্যাদিলক্ষণেষু চিচ্ছক্তিঃ চেতনত্বব্যবহারহেতুভূতোপলভ্যতে দৃশ্যতে ॥ ১৫ ॥

স্পন্দশক্তিশ্চলনহেতুভূতা। প্রকাশমধিগচ্ছতীত্যুক্ত্যাঽনভিব্যক্তদশায়ামপি ব্রহ্মণি জগৎসত্তা দর্শিতা ॥ ১৬ ॥

অনভিব্যক্তস্যাপি সত্ত্বে দৃষ্টান্তমাহ যথেতি ॥ ১৭ ॥

---

স্বাভাবিক পরমশক্তি আছে, ইহ বেদবাক্যে আছে এবং বসিষ্ঠ ঋষিও রামচন্দ্রকে তাহাই কহিয়াছেন, যথা,—নিত্য পরিপূর্ণ সর্ব্বশক্তিমান্ অদ্বিতীয় পরমেশ্বর যখন যে শক্তিদ্বারা বিবর্ত্তিত হন, তখন তদ্রূপে প্রকাশ পান। হে রাম! দেবমনুষ্যাদির শরীরে পরব্রহ্মের চৈতন্য শক্তির উপলব্ধি হয়। ১৩—১৫।

বায়ুতে স্পন্দনশক্তি, প্রস্তরে দৃঢ়তাশক্তি, জলে দ্রবশক্তি, অগ্নিতে দাহিকা শক্তি, আকাশে শূন্যশক্তি, আর বিনশ্বরপদার্থে বিনাশশক্তি, এইরূপে সর্ব্বত্র পরব্রহ্মেরই শক্তি প্রকাশিত হয়। যেমন কারণ অবস্থায় এক ডিম্বমধ্যে

ফলপত্রলতাপুষ্পশাখাবিটপমূলবান্।
নন্বু বীজে যথা বৃক্ষস্তথেদং ব্রহ্মণি স্থিতম্॥ ১৮॥
ক্বচিৎ কাশ্চিৎ কদাচিচ্চ তস্মাদুদ্যন্তি শক্তয়ঃ।
দেশকালবিচিত্রত্বাৎ ক্ষ্মাতলাদিব শালয়ঃ॥ ১৯॥
স আত্মা সর্ব্বগো রাম! নিত্যোদিতমহাবপুঃ।
যন্মনাগ্মননীং শক্তিং ধত্তে তন্মন উচ্যতে॥ ২০॥
আদৌ মনস্তদনু বন্ধবিমোক্ষদৃষ্টী
পশ্চাৎ প্রপঞ্চরচনা ভুবনাভিধানা।

---

বিচিত্রস্যাপি তস্য সত্ত্বে দৃষ্টান্তমাহ ফলেতি॥ ১৮॥

নন্বু সর্ব্বাসামপি শক্তীনাং যুগপদেবাভিব্যক্তিঃ কুতো ন স্যাদিত্যাশঙ্ক্যাহ ক্বচিদিতি। ক্বচিদ্দেশবিশেষে। কদাচিৎ কালবিশেষে। কাশ্চিৎ শক্ত্যাদয়ঃ। তাসামযুগপদভিব্যক্তৌ দৃষ্টান্তমাহ,—দেশকাল ইত্যাদি। যথা ভূমিগতানাং সর্ব্বেষাং বীজানাং মধ্যে দেশবিশেষে কালবিশেষে চ কেষাঞ্চিদেব বীজানাম্ অঙ্কুরোৎপত্তির্ন সর্ব্বেষাং তদ্বদিত্যর্থঃ॥ ১৯॥

ইদানীং জগতঃ কল্পনামাত্ররূপতাং দর্শয়িতুং তৎকল্পকস্য মনসো রূপং তাবদ্দর্শয়তি স আত্মেতি। নিত্যোদিতমহাবপুর্নিত্যং সদা উদিতং প্রকাশমানং মহদ্দেশকালাদিপরিচ্ছেদরহিতং বপুঃ স্বরূপং যস্য স তথা যদ্ যস্মিন্ কালে মনাক্ ঈষন্মননীং স্বপরাববোধনরূপাং শক্তিং মায়াপরিণামরূপাং ধত্তে ধারয়তি তৎ তদা মন ইত্যুচ্যতে॥ ২০॥

ইদানীং কল্পনাপ্রকারমাহ। আদাবিতি। আদৌ প্রথমং মননশক্ত্যুল্লাসেন মনো ভবতি তদনু তদনন্তরং বন্ধবিমোক্ষদৃষ্টী বন্ধবিমোক্ষকল্পনে ভবতঃ পশ্চাদনন্তরং বন্ধদৃষ্টাবেব ভুবনাভিধানা ভুবনমিত্যভিধান যস্যাঃ সা ভুবনাভিধানা প্রপঞ্চরচনা প্রপঞ্চস্য গিরিনদীসরিৎসমুদ্রাদে

---

এক প্রকাণ্ড সর্প থাকে অথবা এক অণুমাত্র বীজমধ্যে ফল, পত্র, লতা, পুষ্প, শাখা, স্কন্ধ, ও মূলবিশিষ্ট বৃহৎ এক বৃক্ষ থাকে, তদ্রূপ কারণ অবস্থায় জগৎ সেই পরব্রহ্মে অবস্থিত হয়। ১৬—১৮।

দেশ কাল বিশেষে ভূমি হইতে বীজাঙ্কুরের ন্যায় কোন সময়ে কোন স্থানে কোন কোন শক্তি তাঁহা হইতেই উদ্ভূত হয়। ১৯।

হে রাম! নিত্য বৃহৎ সর্ব্বগ সেই চিন্মাত্র পরমাত্মা, যখন মায়াশক্তি-প্রভাবে মননী শক্তি অর্থাৎ স্বপরাববোধন-সামর্থ্য ধারণ করেন, তখন তিনি মনঃশব্দে অভিহিত হন। ২০।

হে সুভগ রাম! উক্ত প্রকার মন প্রথমে উৎপন্ন হয়, তদনন্তর বন্ধ

ইত্যাদিকা স্থিতিরিয়ং হি গতা প্রতিষ্ঠা-
মাখ্যায়িকা সুভগ! বালজনোদিতেব ॥ ২১ ॥
বালস্য হি বিনোদায় ধাত্রী বক্তি শুভাং কথাম্।
কচিৎ সন্তি মহাববাহো! রাজপুত্রাস্ত্রয়ঃ শুভাঃ ॥ ২২ ॥
দ্বৌ ন জাতৌ তথৈকস্তু গর্ভ এব ন চ স্থিতঃ।
বসন্তি তে ধর্ম্মযুক্তা অত্যন্তাসতি পত্তনে ॥ ২৩ ॥
স্বকীয়াচ্ছূন্যনগরান্নির্গত্য বিমলাশয়াঃ।
গচ্ছন্তো গগনে বৃক্ষান্ দদৃশুঃ ফলশালিনঃ ॥ ২৪ ॥
ভবিষ্যন্নগরে তত্র রাজপুত্রাস্ত্রয়োঽপি তে।
সুখমদ্য স্থিতাঃ পুত্র! মৃগয়াব্যবহারিণঃ ॥ ২৫ ॥
ধাত্র্যৈবং কথিতা রাম! বালকাখ্যায়িকা শুভা।
নিশ্চয়ং স যযৌ বালো নির্ব্বিচারণয়া ধিয়া ॥ ২৬ ॥
ইয়ং সংসাররচনা বিচারোজ্ঝিত চেতসাম্।

---

রচনা কল্পনং ভবতি ইত্যাদিকা এবম্প্রকারা ইয়ং জগতঃ স্থিতিঃ প্রতিষ্ঠাং স্থৈর্য্যং গতা প্রাপ্তা। কল্পিতস্যাপি বাস্তবত্বপ্রতীতৌ দৃষ্টান্তমাহ। আখ্যায়িকেতি বালজনায় উদিতা উক্তা আখ্যায়িকা কথা যথা বাস্তবত্ববুদ্ধিং গতা তথেদং জগদিত্যর্থঃ ॥ ২১ ॥

তামেব বাসিষ্ঠীং কথাং কথয়তি বালস্য হীতি ॥ ২২—২৬ ॥

---

ও মুক্তি উভয় কল্পিত হয়, পশ্চাৎ চতুর্দ্দশ ভুবন নামে বিখ্যাত এই বিচিত্র প্রপঞ্চ কল্পিত হয়। শিশুর প্রতি কথিত পশ্চাদুক্ত আখ্যায়িকার ন্যায় এই জগতের পূর্ব্বাপর নিয়ম প্রতিষ্ঠা প্রাপ্ত হইয়া থাকে। ২১।

কোন বালকের প্রীতির নিমিত্ত ধাত্রী এই উত্তম উপন্যাস বলিতেছে।— "কোন স্থানে অতিসুন্দর তিনটী রাজপুত্র আছে, তাহার মধ্যে দুইজন অদ্যাপি ভূমিষ্ঠ হয় নাই, আর একজন মাতৃগর্ভেও উৎপন্ন হয় নাই। অত্যন্ত অসৎ বিচিত্র এক পুরীতে সেই ধর্ম্মাত্মারা বাস করেন। একদা বিমলান্তঃকরণ সেই রাজপুত্রেরা স্বীয় অসৎ নগর হইতে নির্গত হইয়া গমন করত আকাশে ফলশালী বৃক্ষ দেখিতে পাইলেন। হে বৎস! সেই ভবিষ্যৎ পুরীতে মৃগয়োপজীবী সেই রাজপুত্রেরা এখন সুখে বাস করিতেছেন।

বালকাখ্যায়িকেবেত্থমবস্থিতিমুপাগতা ॥ ২৭ ॥
ইত্যাদিভিরুপাখ্যানৈর্ম্মায়াশক্তেস্তু বিস্তরম্।
বসিষ্ঠঃ কথয়ামাস সৈব শক্তির্নিরূপ্যতে ॥ ২৮ ॥
কার্য্যাদাশ্রয়তঃ সৈষা ভবেচ্ছক্তির্বিলক্ষণা।
স্ফোটাঙ্গারৌ দৃশ্যমানৌ শক্তিস্তত্রানুমীয়তে ॥ ২৯ ॥
পৃথুবুধ্নোদরাকারো ঘটঃ কার্য্যোঽত্র মৃত্তিকা।
শব্দাদিভিঃ পঞ্চগুণৈর্যুক্তা শক্তিস্তুতদ্বিধা ॥ ৩০ ॥

---

দৃষ্টান্তসিদ্ধমর্থং দার্ষ্টান্তিকে যোজয়তি ইয়মিতি ॥ ২৭ ॥

বসিষ্ঠোক্তমুপসংহরতি ইত্যাদিভিরিতি। এবং মায়াসদ্ভাবে প্রমাণমুপন্যস্য তস্যা-নির্ব্বচনীয়ত্বং বক্তুং প্রতিজানীতে সৈব শক্তিরিতি ॥ ২৮ ॥

কার্য্যাদিতি। এষা মায়াশক্তিঃ কার্য্যাৎ স্বকার্য্যভূতাৎ জগতঃ আশ্রয়ত, স্বাশ্রয়াৎ ব্রহ্মণশ্চ বিলক্ষণা বিপরীতস্বভাবা ভবেৎ। মায়াশক্তেঃ কার্য্যাৎ আশ্রয়তঃ বৈলক্ষণ্যং দৃষ্টান্তেন স্পষ্টয়তি স্ফোটাঙ্গারাবিতি। বহ্নিগতশক্তেঃ কার্য্যরূপঃ স্ফোটঃ আশ্রয়রূপোঽঙ্গারশ্চ প্রত্যক্ষ-গম্যৌ শক্তিস্তু কার্য্যানুমেয়া অতস্তাভ্যাং সা বিলক্ষণেত্যর্থঃ ॥ ২৯ ॥

উক্তন্যায়ং মৃচ্ছক্তাবপি যোজয়তি পৃথুবুধ্ন ইতি। যঃ পৃথুবুধ্নোদরাকারঃ পৃথু স্থূলং বুধ্নং বর্ত্তুলম্, উদরং যস্য, সঃ পৃথুবুধ্নোদরঃ তথাবিধ আকারো যস্য সঃ পৃথুবুধ্নোদরাকারঃ তাদৃগ্‌ ঘটঃ কার্য্যঃ শব্দস্পর্শরূপরসগন্ধাখ্যপঞ্চগুণোপেতা মৃত্তিকা আশ্রয়ঃ শক্তিস্তুতদ্বিধা উভয়-বিলক্ষণেত্যর্থঃ। ৩০ ॥

---

ধাত্রী বালকের প্রতি এই প্রকার উপন্যাস কহিলে পর বিচারশূন্য বালকের বুদ্ধিতে তাহাই নিশ্চয় জ্ঞান হয়। অতএব হে রাম! বিচারশূন্য ব্যক্তি-দিগের অন্তঃকরণে এই সংসারের অবস্থিতিও তদ্রূপ নিশ্চিত হয়।" ২২—২৭।

ইত্যাদি নানা উপাখ্যান দ্বারা বসিষ্ঠ-ঋষি মায়াশক্তির বিস্তার কীর্ত্তন করিয়াছেন, সেই শক্তিই এস্থলে নিরূপিত হইতেছে। ২৮।

শক্তি—কার্য্য এবং আশ্রয় হইতে পৃথক্; স্ফোট (ফোস্কা) দাহিকা-শক্তির কার্য্য আশ্রয়—অঙ্গার, এ উভয়, প্রত্যক্ষগম্য, কিন্তু শক্তিতে তাহাকে অনুমান করিতে হয় (অতএব শক্তি পৃথক্)। বর্দ্ধুলোদরাবিশিষ্ট ঘট অচিন্ত-নীয়া ঘটোৎপাদিকা শক্তির কার্য্য, পঞ্চগুণযুক্ত মৃত্তিকা সেই শক্তির আশ্রয়,—

ন পৃথ্বাদির্ন শব্দাদিঃ শক্তাবস্তু যথা তথা।
অতএব হ্যচিন্ত্যৈষা ন নির্ব্বচনমর্হতি ॥ ৩১ ॥
কার্য্যোৎপত্তেঃ পুরা শক্তির্নিগূঢ়া মৃদ্যবস্থিতা।
কুলালাদিসহায়েন বিকারাকারতাং ব্রজেৎ ॥ ৩২ ॥
পৃথুত্বাদি বিকারান্তং স্পর্শাদিগুণমৃত্তিকাম্।
একীকৃত্য ঘটং প্রাহুর্বিচারবিকলা জনাঃ ॥ ৩৩ ॥

বৈলক্ষণ্যমেবাহ ন পৃথ্বাদিরিতি। শক্তৌ পৃথুত্বাদিকার্যধর্ম্মো নাস্তি শব্দাদিকঃ আশ্রয়-ধর্ম্মোঽপি ন বিদ্যতে অতো বৈলক্ষণ্যেত্যর্থঃ। তর্হি সা কীদৃশীত্যত আহ অস্তীতি। যথা তথেত্যুক্তমেবার্থং বিশদয়তি অতএব হীতি। যতঃ কার্য্যাদাশ্রয়াচ্চ বিলক্ষণা অতএবৈষা অচিন্ত্যা চিন্তিতুমশক্যা। নন্বু তর্হি অচিন্ত্যত্বমেতস্যাঃ স্বরূপং স্যাদিত্যাশঙ্ক্যাহ ন নির্ব্বচন-মিতি ভেদেনাভেদেনাচিন্ত্যত্বাদিনা বা যেন কেনাপি রূপেণ নির্ব্বচনং নার্হতীত্যর্থঃ ॥ ৩১ ॥

নন্বু কারণস্বরূপাতিরিক্তা শক্তির্যদ্যস্তি তর্হি কারণস্বরূপমিব ন সা কুতোঽবভাসতে ইত্যাশঙ্ক্যাহ কার্য্যোৎপত্তেরিতি। মৃৎশক্তির্ঘটাদিকার্য্যোৎপত্তেঃ পূর্ব্বং মৃদি নিগূঢ়াবতিষ্ঠতে অতো নাবভাসতে ইত্যর্থঃ। নিগূঢ়ত্বে উপরিষ্টাদপি ন তস্যা অভিব্যক্তিঃ স্যাদিত্যাশঙ্ক্যানভি-ব্যক্তস্যাপি নবনীতাদের্ম্মথনাদিনেব কুলালাদিব্যাপারেণ তস্যাভিব্যক্তিঃ স্যাদিত্যাহ কুলালেতি। আদিশব্দেন দণ্ডচক্রাদয়ো গৃহ্যন্তে ॥৩২॥

নন্বু কারণাতিরিক্তস্য শক্তিকার্য্যস্য সত্ত্বে কার্য্যকারণয়োর্ভেদো ন কুতোঽবভাসতে ইত্যা-শঙ্ক্য ভেদপ্রতীতিহেতোর্বিচারস্যাভাবাদিত্যাহ পৃথুত্বাদীতি। অবিবেকিনো জনাঃ পৃথুবুধ্ন ত্বাদিরূপং কার্য্যং শব্দস্পর্শাদিগুণরূপাং কারণভূতাং মৃত্তিকাম্ অবিচার্য্য একীকৃত্য ঘট ইত্যাচক্ষতে ॥ ৩৩ ॥

---

কিন্তু শক্তি তদ্রূপ নহে; (অতএব এ উভয় হইতে তাহার শক্তিকে ভিন্ন বলা যায়)। ২৯। ৩০।

মৃত্তিকার ঘটোৎপাদিকা শক্তিতে কম্বুগ্রীবাদি নাই এবং শব্দাদি নাই; তাহার যেরূপ স্বভাব, তাহাই আছে, অতএব অচিন্তনীয়া সেই শক্তি কোন্-প্রকার, তাহা নির্ব্বাচন করা সম্ভব হয় না। ঘটকার্য্যের উৎপত্তির পূর্ব্বে ঘটোৎপাদিকা শক্তি মৃত্তিকাতে নিগূঢ় থাকে, পশ্চাৎ কুম্ভকারাদির সাহায্যে ঘটাকারে পরিণত হয়। ৩১। ৩২।

বিচারমূঢ় ব্যক্তিগণ কম্বুগ্রীবা অবস্থান্তর শব্দ স্পর্শাদি এবং মৃত্তিকা এই সমুদয়কে এক মনে করিয়া ঘট বলিয়া থাকে। কুম্ভকার-ব্যাপারের পূর্ব্বে যে

কুলালব্যাপৃতেঃ পূর্ব্বো যাবানংশঃ স নো ঘটঃ।
পশ্চাত্তু পৃথুবুধ্নাদিমত্ত্বে যুক্তা হি কুম্ভতা ॥ ৩৪ ॥
স ঘটো ন মৃদো ভিন্নো বিয়োগে সত্যনীক্ষণাৎ।
নাপ্যভিন্নঃ পুরা পিণ্ডদশায়ামনবেক্ষণাৎ ॥ ৩৫ ॥
অতোঽনির্ব্বচনীয়োঽয়ং শক্তিবত্তেন শক্তিজঃ।
অব্যক্তত্বে শক্তিরুক্তা ব্যক্তত্বে ঘটনামভৃৎ ॥ ৩৬ ॥
ঐন্দ্রজালিকনিষ্ঠাপি মায়া ন ব্যজ্যতে পুরা।
পশ্চাদ্ গন্ধর্ব্বসেনাদিরূপেণ ব্যক্তিমাপ্নুয়াৎ ॥ ৩৭ ॥
এবং মায়াময়ত্বেন বিকারস্যানৃতাত্মতা।

---

উক্তস্য ঘটব্যবহারস্যাবিচারমূলত্বং কুত ইত্যাশঙ্ক্যাহ কুলালব্যাপৃতেরিতি। কুলালব্যাপারাৎ পূর্ব্বভাবিনো মৃদংশস্য ঘটস্য ঘটত্বেন ব্যবহারাদবিচারমূলত্বং তস্যেতি ভাবঃ। কস্য তর্হি ঘটত্বমিত্যত আহ পশ্চাত্ত্বিতি। কুলালাদিব্যাপারানন্তরভাবিনঃ পৃথুবুধ্নোদরাকারস্যৈব ঘটশব্দ-বাচ্যত্বমুচিতং তদুৎপত্ত্যনন্তরমেব ঘটশব্দপ্রয়োগদর্শনাৎ ইতি ভাবঃ ॥ ৩৪ ॥

ননু পারমার্থিকস্য ঘটস্যানির্ব্বচনীয়শক্তিকার্য্যত্বমযুক্তমিত্যাশঙ্ক্য ঘটস্যাপি পারমার্থিকত্বম-সিদ্ধমিত্যাহ স ঘট ইতি। ঘটো মৃদঃ পৃথক্কৃত্যঃ দ্রষ্টুমশক্যত্বান্ন মৃদো ভিদ্যতে নাপি মৃদেব পিণ্ডাবস্থায়ামনুপলভ্যমানত্বাৎ ॥ ৩৫ ॥

অতঃ শক্তিবদনির্ব্বচনীয় এব ঘটঃ। ফলিতমাহ অতেনেতি। ননু শক্তিকার্য্যয়োরুভয়ো-রপি অনির্ব্বচনীয়ত্বে শক্তিঃ কার্য্যঞ্চেতি ভেদব্যবহারঃ কুত ইত্যত আহ অব্যক্তেতি ॥ ৩৬ ॥

পূর্ব্বমনভিব্যক্তা মায়াশক্তিঃ পশ্চাদভিব্যজ্যতে ইত্যেতন্ন প্রসিদ্ধং মায়াস্বরূপং লভ্যতে ইত্যাশঙ্ক্যাহ ঐন্দ্রজালিকেতি। পুরা মণিমন্ত্রাদিপ্রয়োগাৎ পূর্ব্বম্ ॥ ৩৭ ॥

শক্তিকার্য্যস্য ঘটাদেরনৃতত্বং শক্ত্যাধারস্য মৃদাদেঃ সত্যত্বমিত্যেতচ্ছান্দোগ্যশ্রুতাবপ্যভিহিত-

---

সকল অংশ থাকে, তাহা ঘট নহে, পশ্চাৎ কুম্ভকারব্যাপার দ্বারা বপ্নুগ্রীবাদি-বিশিষ্ট হইলে তাহাকে ঘট বলা যায়। ৩৩।৩৪।

সেই ঘট মৃত্তিকা হইতে অতিরিক্ত পদার্থ নহে, যেহেতু মৃত্তিকার অভাবে আর ঘট থাকিতে পারে না, এবং মৃত্তিকা হইতে অভিন্ন পদার্থও নহে, যেহেতু ঘটোৎপত্তির পূর্ব্ব অবস্থাতে ঘট দেখা যায় না। অতএব শক্তির ন্যায় শক্তিজন্য বস্তুও অনির্ব্বচনীয়। ঘটের অব্যক্ত অবস্থাতে যাহাকে শক্তি বলা যায়, ব্যক্ত হইলে তাহাকেই ঘট বলিয়া স্বীকার করা যায়। ৩৫।৩৬।

ঐন্দ্রজালিকের মায়াও কার্য্যোৎপত্তির পূর্ব্বে অভিব্যক্ত থাকে না, কিন্তু

বিকারাধারমৃদ্বস্তুসত্যত্বঞ্চাব্রবীৎ শ্রুতিঃ ॥ ৩৮ ॥
বাঙ্‌নিষ্পাদ্যং নামমাত্রং বিকারো নাস্য সত্যতা।
স্পর্শাদিগুণযুক্তা তু সত্যা কেবলমৃত্তিকা ॥ ৩৯ ॥
ব্যক্তাব্যক্তে তদাধার ইতি ত্রিম্বাদ্যয়োর্দ্বয়োঃ।
পর্য্যায়ঃ কালভেদেন তৃতীয়স্ত্বনুগচ্ছতি ॥ ৪০ ॥
নিস্তত্ত্বং ভাসমানঞ্চ ব্যক্তমুৎপত্তিনাশভাক্।
তদুৎপত্তৌ তস্য নাম বাচা নিষ্পাদ্যতে নৃভিঃ ॥ ৪১ ॥

---

মিত্যাহ এবমিতি। মায়াময়ত্বেন মায়াকার্যত্বেন বিকারস্য কার্যারূপস্য ঘটাদেরনৃতাত্মতাং মিথ্যাত্বং বিকারাণাং ঘটাদীনামাধারভূতায়া মৃদঃ সত্যত্বং 'বাচারম্ভণং বিকারো নামধেয়ং মৃত্তিকেত্যেব সত্য'মিত্যাদি শ্রুতিরুক্তবতীত্যর্থঃ ॥ ৩৮ ॥

ইদানীং বাচারম্ভণমিত্যুদাহৃতং বাক্যমর্থতঃ পঠতি বাঙ্‌নিষ্পাদ্যমিতি। বাগিন্দ্রিয়েণোচ্চার্য্যং নামমাত্রং নামৈব অস্য ঘটাদের্ন সত্যতা ন নামাতিরেকেণ পারমার্থিকং রূপমস্তি কিন্তু তদাধারভূতা মৃদেব সত্যেত্যর্থঃ ॥ ৩৯ ॥

শক্তিতৎকার্য্যয়োরনৃতত্বে তদাধারস্য সত্যত্বে চ কারণমাহ ব্যক্তেতি। ব্যক্তো ঘটাদিলক্ষণঃ কার্য্যঃ অব্যক্তা তৎকারণভূতা শক্তিঃ তে ব্যক্তাব্যক্তে তদাধারস্তয়োরাধারভূতা মৃত্তিকা এষু ত্রিষু মধ্যে আদ্যয়োঃ প্রথমোদ্দিষ্টয়োর্দ্বয়োঃ কার্য্যশক্ত্যোঃ সম্বন্ধিনৌ যৌ কালৌ তয়োর্ভেদেন ভেদস্য বিদ্যমানত্বাৎ পর্য্যায়ঃ ক্রমেণ ভবনম্। তৃতীয়স্তদুভয়াধারস্তু মৃদাদিরনুগচ্ছতি উভয়ত্রানুবর্ত্ততে। অয়ং ভাবঃ শক্তিকার্য্যয়োঃ কাদাচিৎকত্বাৎ অনৃতত্বম্। আধারস্য তু কালত্রয়ানুগামিত্বাৎ সত্যত্বম্ ॥ ৪০ ॥

ইদানীং বিকারস্যৈবাসত্যত্বে হেতুত্রয়মাহ নিস্তত্ত্বমিতি। ব্যক্তং ব্যক্তশব্দবাচ্যং ঘটাদি-

---

পশ্চাৎ গন্ধর্ব্বসেনাদিরূপে প্রকাশিত হয়। এইরূপ মায়াময়ত্ব হেতু সমুদায় বিকারজাত পদার্থকে অসত্যরূপে এবং সমুদায় বিকারের আধার মৃত্তিকাকে সত্যরূপে শ্রুতিতে বর্ণনা করা হইয়াছে। ৩৭।৩৮।

বিকার মাত্রেই বাক্যনিষ্পাদ্য নাম মাত্র; ফলে ইহার সত্যতা নাই, কেবল স্পর্শাদিগুণযুক্ত মৃত্তিকাই সত্য। ব্যক্ত অবস্থা, অব্যক্ত অবস্থা ও তাহার আধার, এই তিনের মধ্যে প্রথম দুইটী কেবল কালভেদে ক্রমে হইয়া থাকে কিন্তু তৃতীয় যে আধার, তাহা সর্ব্বদাই অনুগত থাকে, সুতরাং তাহাই সত্য পদার্থ। ৩৯।৪০।

ঘটাদি কার্য্য সকল স্বরূপত অসৎ হইয়াও সত্যের ন্যায় ভাসমান হয়, 'এ

ব্যক্তে নষ্টেঽপি নামৈতন্নৃবক্ত্রেম্বনুবর্ত্ততে।
তেন নাম্না নিরূপ্যত্বাৎ ব্যক্তস্য তদ্রূপমুচ্যতে॥ ৪২॥
নিস্তত্ত্বাদ্ বিনাশিত্বাদ্ বাচারম্ভণনামতঃ।
ব্যক্তস্য ন তু তদ্রূপং সত্যং কিঞ্চিন্মৃদাদিবৎ॥ ৪৩॥
ব্যক্তকালে ততঃ পূর্ব্বমূর্দ্ধমপ্যেকরূপভাক্।
সতত্ত্বমবিনাশঞ্চ সত্যং মৃদ্বস্তু কথ্যতে॥ ৪৪॥

---

কার্য্যং স্বরূপেণাসদেবাবভাসতে তথোৎপত্তিবিনাশবদুপলভ্যতে উৎপত্ত্যনন্তরং বাগিন্দ্রিয়জন্য-নামাত্মকত্বেন ব্যবহ্রিয়তে চ॥ ৪১॥

কিঞ্চ ব্যক্ত ইতি। ব্যক্তে কার্য্যরূপে নষ্টেঽপি এতৎ কার্য্যাভিন্নং নাম নৃবক্ত্রেষু নৃণাং শব্দপ্রয়োক্তৃণাং মনুষ্যাণাংম্ বদনেম্বনুবর্ত্ততে। ততঃ কিং তত্রাহ তেনোত। ব্যক্তং কার্য্যং তেন বাচা ব্যবহ্রিয়মাণেন নাম্না শব্দেন নিরূপ্যত্বাৎ ব্যবহ্রিয়মাণত্বাৎ তদ্রূপং তস্য নাম্নো রূপমেব রূপং যস্য তত্তথাত্মকমুচ্যতে ইত্যর্থঃ। অয়ং ভাবঃ বিমতো ঘটো ঘটশব্দাত্মকো ভবিতুমর্হতি ঘটশব্দেন ব্যবহ্রিয়মাণত্বা ঘটশব্দবদিতি॥ ৪২॥

এবং হেতুত্রয়ং প্রসাধ্যেদানীম্ অনুমানরচনাপ্রকারং সূচয়তি নিস্তত্ত্বাদিতি। ব্যক্তস্য ঘটাদিরূপস্য কার্য্যস্য যৎ পৃথুবুধ্নোদরাকারং স্বরূপমস্তি তৎ কিঞ্চিৎ কিমপি সত্যং ন ভবতি নিস্তত্ত্বত্বাৎ নির্গতং তত্ত্বং বাস্তবরূপং যস্মাৎ তন্নিস্তত্ত্বং তস্য ভাবস্তত্ত্বং তস্মাৎ তথাবিনাশিত্বাৎ মৃদি সত্যামেব নাশপ্রতিযোগিত্বাৎ বাচারম্ভণনামতঃ বাগিন্দ্রিয়জন্যশব্দমাত্রাত্মকত্বাৎ বা। ত্রিষপি হেতুষু মৃদ্বদিতি বৈধর্ম্ম্যদৃষ্টান্তঃ। অত্রৈবং প্রয়োগঃ ঘটাদিরূপং কার্য্যোঽসত্যো ভবিতুমর্হতি নিস্তত্ত্বত্বাৎ যদসত্যং ন ভবতি ন তন্নিস্তত্ত্বং যথা ঘটাদ্যুপাদানং মৃদিতি কেবল-ব্যতিরেকী। এবমিতরহেতুদ্বয়েঽপি যোজনীয়ম্॥ ৪৩॥

এবং বিকারস্যাসত্যত্বমুপপাদ্যেদানীং তদধিষ্ঠানভূতায়া মৃদঃ সত্যত্বমুপপাদয়তি ব্যক্তেতি। ব্যক্তকালে স্থিতিকালে ততঃ পূর্ব্বং ব্যক্তোৎপত্তেঃ পূর্ব্বকালে উর্দ্ধমপি ব্যক্তবিনাশোত্তরকালেঽপি একরূপভাক্ একাকারঃ সতত্ত্বং তত্ত্বেন বাস্তবরূপেণ সহ বর্ত্ততে ইতি সতত্ত্বম্ অবিনাশং

---

তাহার উৎপত্তি ও বিনাশ প্রত্যক্ষ হয়, এবং উৎপত্তির পরে লোকে বাক্য-দ্বারা তাহার নাম নিষ্পন্ন করে, আর উৎপন্ন হইয়া বিনষ্ট হইলে তাহার সেই নাম কেবল লোকের মুখে থাকে; ব্যক্ত পদার্থ নাম মাত্র দ্বারা নিরূপণীয় বলিয়া তাহা নাম-স্বরূপই কথিত হয়। ৪১।৪২।

ব্যক্ত ঘট স্বরূপতঃ অসৎ নশ্বর এবং নামস্বরূপ বলিয়া মৃদাদির ন্যায় সত্যস্বরূপ হইতে পারে না। কিন্তু কি ব্যক্ত অবস্থা, কি তৎপূর্ব্বাপর অব্যক্ত

ব্যক্তং ঘটো বিকারশ্চেত্যেতৈর্নামভিরীরিতঃ।
অর্থশ্চেদনৃতঃ কস্মান্ন মৃদ্‌বোধে নিবর্ত্ততে ॥ ৪৫ ॥
নিবৃত্ত এব যস্মাৎ তে তৎসত্যত্বমতির্গতা।
ঈদৃঙ্ নিবৃত্তিরেবাত্র বোধজা ন ত্বভাসনম্ ॥ ৪৬ ॥
পুমানধোমুখো নীরে ভাতোঽপ্যস্তি ন বস্তুতঃ।
তটস্থমর্ত্ত্যবৎ তস্মিন্ নৈবাস্থা কস্যচিৎ ক্বচিৎ ॥ ৪৭ ॥

---

বিকারেণ সহ নাশরহিতঞ্চ যন্মৃদ্বস্তু তৎ সত্যমিতি কথ্যতে। অত্রেদমনুমানং বিমতং মৃদ্বস্তু সত্যং ভবিতুমর্হতি সত্ত্বত্বাৎ আত্মবদিত্যাদি যোজ্যম্ ॥ ৪৪ ॥

ননু ঘটাদেঃ কার্য্যজাতস্যানৃতত্বে তস্যারোপিতরজতাদেরিবাধিষ্ঠানজ্ঞানেন নিবর্ত্ত্যতা স্যাদিতি শঙ্কতে ব্যক্তমিতি। ব্যক্তমিত্যাদিভিস্ত্রিভিঃ শব্দৈরভিধীয়মানো যোঽর্থঃ কার্য্যরূপঃ তস্য কারণাতিরেকেণাসত্যত্বেঽঙ্গীক্রিয়মাণে মৃল্লক্ষণকারণস্য জ্ঞানে কিং ন তন্নিবৃত্তিঃ স্যাদিত্যর্থঃ ॥ ৪৫ ॥

ইষ্টাপত্তিরিতি পরিহরতি নিবৃত্ত ইতি। তত্রোপপত্তিমাহ যস্মাদিতি। যস্মাৎ কারণাৎ তব ঘটাদিবিষয়া সত্যত্ববুদ্ধির্নষ্টা অতঃ স নিবৃত্ত এবেত্যর্থঃ। নন্বারোপিতরজতাদিস্বরূপস্যৈবাপ্রতীতিরুপলভ্যতে ন সত্যত্ববুদ্ধ্যপগম এব নিবৃত্তিঃ স্যাদিত্যভিপ্রেত্যাহ ঈদৃগিতি অত্র সোপাধিকভ্রমস্থলে ঈদৃগেব সত্যত্ববুদ্ধ্যপগমরূপৈব বোধজা অধিষ্ঠানযাথাত্ম্যজ্ঞানজন্যা নিবৃত্তিরভ্যুপেয়া ন ত্বভাসনং ন স্বরূপাপ্রতীতিরূপেত্যর্থঃ ॥ ৪৬ ॥

এবং ক দৃষ্টমিত্যত আহ পুমানধ ইতি। জলেঽধোমুখত্বেন প্রতিভাসমানোঽপি পুমান্ পরমার্থতো নাস্তি। তত্রোপপত্তিমাহ তটেতি কস্যচিৎ বিবেকিনোঽবিবেকিনো বা তস্মিন্নধোমুখে পুরুষে তীরস্থপুরুষ ইব সত্যত্বাভিমানঃ ক্বচিদ্দেশে কালে বা নৈবাস্তি ইতি ॥ ৪৭ ॥

---

অবস্থা, সর্ব্বদা একরূপ থাকে বলিয়া ও অবিকার্য্যসত্তাহেতু, বিকারাধার মৃত্তিকাদিকে (অপেক্ষাকৃত) অবিনাশী সত্যস্বরূপ বলা যায়। ৪৩।৪৪।

ব্যক্ত, ঘট, ও বিকার, ইত্যাদি নামবিশিষ্ট পদার্থ যদি মিথ্যাই হইল, তবে কি নিমিত্ত মৃত্তিকা-জ্ঞানে ঘট-জ্ঞানের নিবৃত্তি না হয়,—এ আশঙ্কার উত্তর এই যে,—তোমার তাহাতে যে সত্যত্বজ্ঞান নিরাকৃত হইয়াছে, তাহাকেই ঘটজ্ঞানের নিবৃত্তি বলা যায়, এইরূপ নিবৃত্তিই জ্ঞানজন্য হইয়া থাকে; ঘট-জ্ঞানের অভাবরূপ নিবৃত্তি মৃত্তিকা-জ্ঞানজন্য নহে। ৪৫।৪৬।

যেমন জলে প্রতিবিম্বিত পুরুষকে অধোমুখভাবে প্রত্যক্ষ দেখিলেও বস্তুতঃ অধোমুখ পুরুষের সত্তা থাকে না এবং তীরস্থ পুরুষের ন্যায় তাহাতে

ত্রয়োদশঃ পরিচ্ছেদঃ।

ঈদৃক্প্রবোধে পুমর্থত্বং মতমদ্বৈতবাদিনাম্।
মৃদ্রূপস্যাপরিত্যাগাৎ বিবর্ত্তত্বং ঘটে স্থিতম্ ॥ ৪৮ ॥
পরিণামে পূর্ব্বরূপং ত্যজেৎ তৎ ক্ষীররূপবৎ।
মৃৎসুবর্ণে নিবর্ত্তেতে ঘটকুণ্ডলয়োর্ন হি ॥ ৪৯ ॥
ঘটে নষ্টে ন মৃদ্ভাবঃ কপালানামবেক্ষণাৎ।
মৈবং চূর্ণেঽস্তি মৃদ্রূপং স্বর্ণরূপং ত্বতিস্ফুটম্ ॥ ৫০ ॥
ক্ষীরাদৌ পরিণামোঽস্তু পুনস্তদ্ভাববর্জ্জনাৎ।

---

নন্বারোপিতস্যাসত্যত্বজ্ঞানমাত্রান্ন পুরুষার্থসিদ্ধিরিত্যাশঙ্ক্যাহ ঈদৃক্প্রবোধ ইতি। অদ্বৈতবাদে আত্মানন্দাতিরিক্তস্য সর্ব্বস্য মিথ্যাত্বনিশ্চয়ে সত্যদ্বিতীয়ানন্দাভিব্যক্তিলক্ষণঃ পুরুষার্থঃ সিধ্যতীত্যভিপ্রায়ঃ। নন্বু ঘটস্য মৃদ্বিবর্ত্তত্বে সিদ্ধে 'তজ্জ্ঞানাদ্ঘটসত্যত্ববুদ্ধির্নিবর্ত্তেত ন চৈতদিদানীং সিদ্ধমিত্যাশঙ্ক্যাহ মৃদ্রূপস্যেতি ॥ ৪৮ ॥

ঘটে মৃদ্রূপপরিত্যাগাভাবেঽপি মৃৎপরিণামতা ঘটস্য কিং ন স্যাদিত্যাশঙ্ক্যাহ পরিণামে ইতি। যত্র ক্ষীরাদৌ পরিণামোঽভ্যুপগম্যতে তত্র ক্ষীরাদিভাবস্য পূর্ব্বরূপপরিত্যাগঃ ক দৃষ্ট ইত্যাশঙ্ক্য মৃৎসুবর্ণয়োর্দৃশ্যতে ইত্যাহ মৃৎসুবর্ণেতি। মৃৎসুবর্ণবিবর্ত্তয়োর্ঘটকুণ্ডলয়োর্নিষ্পাদয়োর প তৎকারণভূত মৃৎসুবর্ণরূপে ন নিবর্ত্তেতে ইতি হি প্রসিদ্ধমিত্যর্থঃ ॥ ৪৯॥

নন্বু ঘটস্য মৃদ্বিবর্ত্তত্বমনুপপন্নং ঘটনাশে পুনর্মৃদ্ভাবাদর্শনাদিতি শঙ্কতে ঘটে ইতি। মৃদ্ভাবাভাবেঽকারণমাহ কপালেতি। কপালানামপি নাশে মৃদ্ভাবোপলব্ধিঃ স্যাদিতি পরিহরতি মৈবমিতি। সুবর্ণে শঙ্কৈবোদ্যমেবানবকাশ এবেত্যাহ স্বর্ণেতি ॥ ৫০ ॥

নন্বু পরিণামদৃষ্টান্ততেনাভিহিতানাং ক্ষীরমৃৎসুবর্ণাদীনাং মধ্যে যদি মৃৎসুবর্ণয়োর্বিবর্ত্ত-

---

কেহ কখন আস্থাও করে না ( তদ্রূপ ঘটাদি পদার্থ প্রত্যক্ষ উপলব্ধি করিয়াও মিথ্যাত্ব জ্ঞানবশতঃ তাহাতে যে অনাস্থা হয়, তাহাকেই তাহার নিবৃত্তি বলা যায় ), অদ্বৈতবাদিবেদান্তমতে সেইরূপ জ্ঞানেই পুরুষার্থসিদ্ধি হয়। ৪৭।৪৮।

মৃত্তিকারূপের অপরিত্যাগ হেতু ঘট মৃত্তিকার বিবর্ত্ত ইহা বলা যায়, পরিণাম স্থলে দধির দুগ্ধরূপপরিত্যাগের ন্যায় পূর্ব্বরূপ-পরিত্যাগ হইয়া থাকে। ঘট ও কুণ্ডল, মৃত্তিকা ও সুবর্ণের বিবর্ত্তকার্য্য ; এইজন্য তাহাতে মৃত্তিকা ও সুবর্ণের পূর্ব্বরূপ ত্যাগ হয় না। ৪৯।

যদি বল, ঘট ভগ্ন হইলে যে তাহার কপালসকল দৃষ্ট হয়, তাহা মৃত্তিকারূপ নহে, সুতরাং তাহাকে রূপান্তর বলি, ইহার উত্তর এই যে,—তাহা চূর্ণ করিলে ফলতঃ মৃত্তিকাই হয় পদার্থান্তর হয় না, সুবর্ণকুণ্ডলস্থলে ত ইহা স্পষ্ট-

এতাবতা মৃদাদীনাং দৃষ্টান্তত্বং ন হীয়তে ॥ ৫১ ॥
আরম্ভবাদিনঃ কার্য্যে মৃদো বৈগুণ্যমাপতেৎ।
রূপস্পর্শাদয়ঃ প্রোক্তাঃ কার্য্যকারণয়োঃ পৃথক্ ॥ ৫২ ॥
মৃৎসুবর্ণময়শ্চেতি দৃষ্টান্তত্রয়মারুণিঃ।
প্রাহাতো বাসয়েৎ কার্য্যানৃতত্বং সর্ব্ববস্তুষু ॥ ৫৩ ॥
কারণজ্ঞানতঃ কার্য্যবিজ্ঞানঞ্চাপি সোঽবদৎ।

---

দৃষ্টান্তত্বমঙ্গীক্রিয়তে তর্হি তদ্বদেব ক্ষীরস্যাপি তথাত্বং স্যাদিত্যাশঙ্ক্যাহ ক্ষীরেতি। তর্হি ক্ষীরবদেবাবস্থান্তরমাপদ্যমানয়োস্তয়োঃ বিবর্ত্তে দৃষ্টান্ততা ন ভবেদিত্যাশঙ্ক্যাহ এতাবতেতি এতাবতা ক্ষীরাদেঃ পরিণামিত্বেন মৃদাদীনাং মৃৎসুবর্ণাদীনাং দৃষ্টান্তত্বং বিবর্ত্তদৃষ্টান্তভাবঃ ন হীয়তে ন নশ্যতি। অয়মভিপ্রায়ঃ ক্ষীরস্য পূর্ব্বরূপপরিত্যাগপুরঃসরমবস্থান্তরপ্রাপ্তিসম্ভাবাৎপরিণামিত্বমেব মৃৎসুবর্ণয়োস্তু অবস্থান্তরাপত্তিসম্ভাবেঽপি পূর্ব্বরূপপরিত্যাগাভাবাদ্বিবর্ত্ততাপীতি ॥৫১॥

নমু মৃৎসুবর্ণয়োঃ পরিণামবিবর্ত্তাবিবারম্ভকত্বমপি কিং নাঙ্গীক্রিয়তে ইত্যাশঙ্ক্যাহ আরম্ভবাদিন ইতি। আরম্ভবাদিনো মতে চ কার্য্যে ঘটাদিরূপে মৃদঃ মৃত্তিকাদেদ্রব্যস্য বৈগুণ্যং কার্য্যাকারেণ কারণাকারেণ চ দ্বিগুণত্বমাপদ্যেত তথা চ সতি গুরুত্বাদিদ্বৈগুণ্যমাপদ্যেতেতি ভাবঃ। কুত এতদিত্যাশঙ্ক্যাহ রূপেতি। রূপস্পর্শাদীনাং গুণানাং কার্য্যকারণয়োর্ভেদস্য তৈরেবাঙ্গীকৃতত্বাদিতি ভাবঃ ॥ ৫২ ॥

নমু মৃৎসুবর্ণয়োঃ কিং দ্বয়োরেব বিবর্ত্তে দৃষ্টান্তত্বং নেত্যাহ মৃৎসুবর্ণেতি। অরুণস্য পুত্র উদ্দালকাখ্যঃ কশ্চিদৃষিঃ যথা সৌম্যৈকেন মৃৎপিণ্ডেন ইত্যারভ্য কার্ষ্ণায়সমিত্যন্তেন বাক্যসন্দর্ভেণ কার্য্যস্যানৃতত্বে মৃৎসুবর্ণয়ো রূপং দৃষ্টান্তত্রয়মুক্তবানিত্যর্থঃ। কিমর্থমেবং দৃষ্টান্তত্রয়মুক্তবানিত্যাশঙ্ক্যাহ অত ইতি। যত এবং বহুষু মৃদাদিষু কার্য্যানৃতত্বমুপলব্ধমতো ভূতভৌতিকরূপেষু বস্তুষু কার্য্যানৃতত্বং বাসিতং কুর্য্যাদিত্যর্থঃ ॥ ৫৩ ॥

---

রূপে প্রত্যক্ষ হয়, কিন্তু দুগ্ধ দধিস্থলে পুনর্ব্বার আর পূর্ব্বভাব না হওয়াতে পরিণাম স্বীকার করা যায়। দুগ্ধাদির পরিণামিত্ব হউক, কিন্তু তাহাতে মৃত্তিকাদির বিবর্ত্ত দৃষ্টান্ত বিষয়ে কোন হানি নাই। ৫০।৫১।

আরম্ভবাদীদিগের মতে আপত্তি এই যে,—ঘটাদি জন্যবস্তুতে কার্য্য ও কারণস্বরূপ দ্বিবিধ মৃত্তিকাদির সত্তা হইতে পারে; (সুতরাং গুরুত্বাদিগুণেরও দ্বিগুণত্বাপত্তি) কেন না, রূপ স্পর্শাদি গুণ সমুদয় কার্য্য এবং কারণে পৃথক্ পৃথক্ আছে, ইহা আরম্ভবাদীরা স্বীকার করেন। ৫২।

আরুণি নামক ঋষি জগতের মিথ্যাত্ব বিষয়ে মৃত্তিকা, সুবর্ণ এবং লৌহ, এই তিন প্রকার দৃষ্টান্ত দিয়াছেন, অতএব সেই দৃষ্টান্ত অনুসারে সকল

সত্যজ্ঞানেঽনৃতজ্ঞানং কথমত্রোপপদ্যতে ॥ ৫৪ ॥
সমৃৎকস্য বিকারস্য কার্য্যতা লোকদৃষ্টিতঃ।
বাস্তবোঽত্র মৃদংশোঽস্য বোধঃ কারণবোধতঃ ॥ ৫৫ ॥
অনৃতাংশো ন বোদ্ধব্যস্তদ্‌বোধানুপযোগতঃ।
তত্ত্বজ্ঞানং পুমর্থং স্যান্নানৃতাংশাববোধনম্‌ ॥ ৫৬ ॥

---

নন্থ কার্য্যানৃতত্বানুসন্ধানমপি কিমর্থমুক্তমিত্যাশঙ্ক্য কারণজ্ঞানাৎ কার্য্যজ্ঞানসিদ্ধয়ে ইত্যভিপ্রায়েণাহ কারণজ্ঞানত ইতি। কারণস্য মৃদাদেজ্ঞানাৎ কার্য্যজাতস্য ঘটাদের্জ্ঞানমপি 'যথা সৌম্যৈকেন মৃৎপিণ্ডেন সর্ব্বং মৃন্ময়ং বিজ্ঞাতং স্যাদিত্যাদি বাক্যজাতেনোক্তবানিত্যর্থ'। নন্থ মৃৎসুবর্ণাদিরূপস্য পারমার্থিকস্য কারণস্য বিজ্ঞানাৎ তদ্বিলক্ষণস্য ঘটশরাবাদের্বিজ্ঞানমনুপপন্নমিতি শঙ্কতে সত্যেতি ॥ ৫৪ ॥

কার্য্যস্য সত্যানৃতাংশদ্বয়রূপত্বাৎ কারণজ্ঞানাৎ কার্য্যগতসত্যাংশবিজ্ঞানং ভবতীতি অভিপ্রেত্যাহ সমৃৎকস্যেতি সমৃৎকস্যাধিষ্ঠানভূতমৃৎসহিতস্য বিকারস্যারোপিতস্য ঘটাদিরূপস্য কার্য্যতা কার্য্যশব্দার্থত্বং লোকপ্রসিদ্ধমিত্যর্থঃ। ভবত্বেবম্‌ এতাবতা কারণজ্ঞানাৎ কার্য্যজ্ঞানং ন সম্ভবতীতি চোদ্যস্য কঃ পরিহারো জাত ইত্যাশঙ্ক্য কার্য্যগতানৃতাংশজ্ঞানাভাবেঽপি তদ্গতসত্যাংশজ্ঞানং ভবত্যেবেতি পরিহরতি বাস্তবোঽত্রেতি। অত্র কার্য্যে যো বাস্তবো মৃদংশোঽস্তি অস্য বাস্তবাংশস্য বোধো জ্ঞানং কারণজ্ঞানাদ্ভবতীত্যর্থঃ ॥ ৫৫ ॥

নন্থ কার্য্যগতসত্যাংশবদনৃতাংশোঽপি বোদ্ধব্য ইত্যাশঙ্ক্য প্রয়োজনাভাবান্নৈবমিত্যাহ অনৃতাংশো ন বোদ্ধব্য ইতি। প্রয়োজনাভাবমেব প্রকটয়তি তত্ত্বজ্ঞানমিতি। তত্ত্বস্য অবাধ্যস্য বস্তুনো জ্ঞানং পুমর্থং পুংসো জ্ঞাতুঃ পুরুষস্যার্থঃ প্রয়োজনং যস্মিন্‌ তৎ পুমর্থমিতি বহুব্রীহিঃ অনৃতাংশস্য বিকারস্যাববোধনং প্রয়োজনবন্ন ভবতীত্যর্থঃ ॥ ৫৬ ॥

---

বস্তুর কার্য্যে মিথ্যাত্ব নিশ্চয় করিবে। আর কারণজ্ঞান হইলে কার্য্যজ্ঞান হইয়া থাকে, তাহাও সেই ঋষি বলিয়াছেন। সেই সত্য কারণ বস্তু জ্ঞাত হইলে কার্য্যবস্তুকে যে কি প্রকারে মিথ্যা বলিয়া জানা যায়, তাহা পশ্চাৎ ব্যক্ত করিতেছি। ৫৩।৫৪।

(কারণকে প্রকৃত এবং কার্য্যকে বিকৃতি বা বিকার বলা যায়; যথা মৃত্তিকা প্রকৃতি এবং ঘট বিকৃতি বা বিকার।) বিকার মৃন্ময় ঘট মৃত্তিকা-সহিত অবস্থিত; সাধারণ দৃষ্টিতেই তাহার কার্য্যভাব আছে; বস্তুগত্যা তাহার মৃত্তিকা-অংশই যথার্থ, কারণ জ্ঞান হইলেই সেই যথার্থাংশ জ্ঞান সম্পন্ন হয়। উপযোগিতার অভাব প্রযুক্ত তাহার মিথ্যা-অংশ আর জানিবার আবশ্যক

ই কারণবিজ্ঞানাৎ কার্য্যজ্ঞানমিতীরিতে।
মৃ বাধান্মৃত্তিকা বুদ্ধেত্যুক্তং স্যাৎ কোঽত্র বিস্ময়ঃ ॥ ৫৭ ॥
স : কার্য্যেষু বস্ত্বংশঃ কারণাত্মেতি জানতঃ।
বিস্ময়ো মাস্ত্বিহাজ্ঞস্য বিস্ময়ঃ কেন বার্য্যতে ॥ ৫৮ ॥
আরম্ভী পরিণামী চ লৌকিকশ্চৈককারণে।
জ্ঞাতে সর্ব্বমতং শ্রুত্বা প্রাপ্নুবন্ত্যেব বিস্ময়ম্ ॥ ৫৯ ॥

---

ননু কারণজ্ঞানাৎ কার্য্যজ্ঞানং ভবতীত্যেতদর্থঃ শ্রোতৃবুদ্ধৌ চমৎকারহেতুর্ভবিষ্যতীত্যভিপ্রায়েণোক্তং তদেতন্ন সম্ভবতীতি শঙ্কতে নন্বিতি। কারণস্য মৃদাদেজ্ঞানাৎ কার্য্যগতং মৃদাদিসত্যাংশজ্ঞানং ভবতীত্যুক্তে মৃদ্জ্ঞানাৎ মৃদো জ্ঞানমিত্যুক্তং ভবতি এবঞ্চ সতি শব্দত এব চমৎকারো নাস্তি ইত্যর্থঃ ॥ ৫৭ ॥

ঈদৃগ্‌বিবেকবতাং বিস্ময়াভাবেঽপি তদ্রহিতানাং বিস্ময়ঃ স্যাদেবেতি পরিহরতি সত্য ইতি কার্য্যেষু ঘটাদিষু বিদ্যমানো বাস্তবোঽংশঃ কারণস্বরূপমেবেতি যে জানন্তি তেষামাশ্চর্য্যং মাভূৎ ইতরেষাং তত্ত্বজ্ঞানশূন্যানাং জায়মানো বিস্ময়ো নিবারয়িতুং শক্যত ইত্যর্থঃ ॥ ৫৮ ॥

অজ্ঞস্য বিস্ময়ো ভবেদিত্যুক্তমেবার্থং প্রপঞ্চয়তি আরম্ভীতি। আরম্ভো নাম সমবায্যসমবায়িনিমিত্তাখ্যকারণেভ্যো ভিন্নস্য কার্য্যস্যোৎপত্তিঃ তাং যো বক্তি সোঽয়মারম্ভীত্যুচ্যতে পূর্ব্বরূপপরিত্যাগেন রূপান্তরপ্রাপ্তিলক্ষণং পরিণামং যো বক্তি স পরিণামীত্যুচ্যতে প্রক্রিয়াদ্বয়মজানানো লোকব্যবহারমাত্রপরঃ লৌকিক ইত্যুচ্যতে এতেষাং ত্রয়াণামপি কারণস্যৈকস্য জ্ঞানাদনেকেষাং কার্য্যাণাং বিজ্ঞানং ভবতীতি বাক্যশ্রবণাৎ বিস্ময়ো ভবেদিত্যর্থঃ ॥ ৫৯ ॥

---

করে না, যেহেতু তত্ত্বজ্ঞানই পুরুষের প্রয়োজনীয়, মিথ্যা-অংশ জ্ঞান প্রয়োজনীয় নহে। ৫৫।৫৬।

তবে কারণ জ্ঞানে কার্য্য জ্ঞান হয়, এই কথা বলিলে, ইহা বলা হইল যে মৃত্তিকার জ্ঞানে মৃত্তিকার জ্ঞান হয়, ইহা ত বিস্ময়কর কথা নহে। এ আশঙ্কার উত্তর এই যে,—ইহা সত্য বটে; কিন্তু কার্য্যগত সত্য-অংশ কারণস্বরূপ, ইহা যিনি জানেন, তাঁহার এস্থলে বিস্ময় না হউক; কিন্তু অজ্ঞব্যক্তির বিস্ময় কে নিবারণ করিতে পারে? ৫৭।৫৮।

আরম্ভবাদী, বা পরিণামবাদী অথবা সাধারণ লোক 'এক কারণকে জানিতে পারিলে তাহার সকল কার্য্য জানা যায়' এই বাক্য শ্রবণ করিয়া বিস্ময়াপন্ন হবেই ত। ৫৯।

অদ্বৈতেঽভিমুখীকর্ত্তুমেবাত্রৈকস্য বোধতঃ।
সর্ব্ববোধঃ শ্রুতো নৈব নানাত্বস্য বিবক্ষয়া ॥ ৬০ ॥
একমৃৎপিণ্ডবিজ্ঞানাৎ সর্ব্বমৃন্ময়ধীর্যথা।
তথৈকব্রহ্মবোধেন জগদ্বুদ্ধির্বিভাব্যতাম্ ॥ ৬১ ॥
সচ্চিৎসুখাত্মকং ব্রহ্ম নামরূপাত্মকং জগৎ।
তাপনীয়ে শ্রুতং ব্রহ্ম সচ্চিদানন্দলক্ষণম্ ॥ ৬২ ॥

---

নন্বু যথাশ্রুতমর্থং পরিত্যজ্য ইত্থং ব্যাখ্যানে কিং কারণমিত্যাশঙ্ক্য শ্রুতেস্তত্র তাৎপর্য্যাভাবাদিত্যাহ অদ্বৈতেতি। অদ্বৈতবিজ্ঞানে শিষ্যমভিমুখীকর্ত্তুমেব ছান্দোগ্যশ্রুত্যাবেকস্য কারণস্য বিজ্ঞানাৎ সর্ব্বেষাং কার্য্যাণাং বিজ্ঞানমুক্তং ন তু কার্য্যাণামনেকেষাং বিজ্ঞাপনবিবক্ষয়েত্যভিপ্রায়ঃ ॥ ৬০ ॥

ইদানীমেকবিজ্ঞানেন সর্ব্ববিজ্ঞানদৃষ্টান্তপ্রদর্শনপরস্য যথা সৌম্যৈকেন মৃৎপিণ্ডেন সর্ব্বং মৃন্ময়ং বিজ্ঞাতং স্যাদিতি বাক্যস্যার্থ নিরূপণপুরঃসরং দার্ষ্টান্তিকপ্রদর্শনপরস্য 'উত তমাদেশমপ্রাক্ষ্যো যেনাশ্রুতং শ্রুতং ভবত্যমতং মত'মিতি বাক্যস্যার্থং প্রদর্শয়ন্ প্রকৃতে ফলিতমাহ একমৃৎপিণ্ডেতি। যথা ঘটশরাবাদ্যুপাদানস্যৈকস্য মৃৎপিণ্ডস্যাববোধাৎ তদ্বিকারাণাং সর্ব্বেষাং ঘটাদীনাং বোধো ভবতি এবং সর্ব্বোপাদানভূতস্য একস্য ব্রহ্মণো বোধাৎ তৎকার্য্যস্য কৃৎস্নস্য জগতো বোধো ভবতীত্যবগন্তব্যমিত্যর্থঃ ॥ ৬১ ॥

নন্বু ব্রহ্মজগতোঃ স্বরূপাপরিজ্ঞানে ব্রহ্মজ্ঞানাৎ জগতো জ্ঞানং ভবতীত্যেবং নাবগন্তুং শক্যতে ইত্যাশঙ্ক্য তদবগমনায় তদুভয়স্বরূপং দর্শয়তি সচ্চিদিতি। ব্রহ্মণঃ সচ্চিদানন্দরূপত্বে কিং প্রমাণমিত্যাশঙ্ক্য তাপনীয়াদিশ্রুতয়ঃ প্রমাণমিত্যভিপ্রায়েণাহ তাপনীয় ইতি। উত্তরনৃসিংহতাপনীয়ে আথর্ব্বণিকৈঃ তাবৎ ব্রহ্মৈবেদং সর্ব্বং সচ্চিদানন্দমাত্রম্' ইত্যাদি প্রদেশেষু ব্রহ্মণঃ সচ্চিদানন্দরূপত্বমুক্তমিত্যর্থঃ ॥ ৬২ ॥

---

শিষ্যদিগকে অদ্বৈততত্ত্বজ্ঞানে অভিমুখ করিবার নিমিত্ত ছান্দোগ্য শ্রুতিতে উক্ত হইয়াছে যে, একের জ্ঞানে সকল পদার্থ জ্ঞাত হওয়া যায়, নতুবা অনেক বস্তু জানাইবার অভিপ্রায়ে যে উক্ত হইয়াছে এমত নহে। যেমন এক মৃত্তিকাপিণ্ড জানিলে সমুদায় মৃন্ময় পদার্থ জানা হয়, তদ্রূপ এক পরব্রহ্মকে জানিলে সমুদায় জগতের স্বরূপ জানা হয়, ইহা নিশ্চয় কর। ৬০।৬১।

পরব্রহ্ম নিত্য, জ্ঞান, আনন্দস্বরূপ এবং জগৎ কেবল নামরূপময় মাত্র, তাপনীয় শ্রুতিতে শ্রুত হইয়াছে যে,—পরব্রহ্ম সচ্চিদানন্দস্বরূপ। আকাশ

সদ্রূপমারুণিঃ প্রাহ প্রজ্ঞানং ব্রহ্ম বহ্বৃচঃ।
সনৎকুমার আনন্দমেবমন্যত্র গম্যতাম্ ॥ ৬৩ ॥
বিচিন্ত্য সর্ব্বরূপাণি কৃত্বা নামানি তিষ্ঠতি।
অহং ব্যাকরবাণীমে নামরূপে ইতি শ্রুতিঃ ॥ ৬৪ ॥
অব্যাকৃতং পুরা সৃষ্টেরূর্দ্ধং ব্যাক্রিয়তে দ্বিধা।
অচিন্ত্যশক্তির্মায়ৈষা ব্রহ্মণ্যব্যাকৃতাভিধা ॥ ৬৫ ॥

---

আদিশব্দেন বিবক্ষিতানি শ্রুত্যন্তরাণি দর্শয়তি সদ্রূপেতি। অরুণপুত্রেণোদ্দালকেন ছান্দোগ্যশ্রুতৌ সদেব সৌম্যেদমগ্র আসীদিত্যাদিনা সদ্রূপং ব্রহ্ম নিরূপিতম্। তথাচ বহ্বৃচঃ ঋক্‌শাখাধ্যায়িনঃ ঐতরেয়োপনিষদি 'প্রজ্ঞা-প্রতিষ্ঠা প্রজ্ঞানং ব্রহ্মেতি প্রজ্ঞানরূপত্বং ব্রহ্মণো দর্শয়ন্তি এবং পূর্ব্বোদাহৃতানাং ছন্দোগশ্রুতাবেব সনৎকুমারাখ্যো গুরুঃ নারদাখ্যায় শিষ্যায় সুখং ত্বেব বিজিজ্ঞাসিতব্যমিত্যুপক্রম্য যো বৈ ভূমা তৎসুখমিতি ভূমশব্দাভিধেয়স্য ব্রহ্মণ আনন্দরূপত্বমুক্তবানিত্যর্থঃ। উক্তস্যায়মন্যত্রাপ্যতিদিশতি এবমন্যস্মেতি। অন্যত্র তৈত্তিরীয়কাদিশ্রুতিষু 'আনন্দো ব্রহ্মেতি ব্যজানা'দিত্যাদিবাক্যৈরানন্দরূপত্বাদিকমুক্তমিতি দ্রষ্টব্যমিতি ভাবঃ ॥ ৬৩ ॥

সচ্চিদানন্দেষ্বিব নামরূপয়োরপি শ্রুতিং দর্শয়তি বিচিন্ত্যেতি। 'সর্ব্বাণি রূপাণি বিচিন্ত্য। ধীরো নামানি কৃত্বা অভিবদন্ যদাস্তে' ইতি 'অনেন জীবেনাত্মনা অনুপ্রবিশ্য নামরূপে ব্যাকরবাণী'তি চ স্রষ্টব্যে জগন্নিষ্ঠে নামরূপে শ্রুত্যা দর্শিতে ইত্যর্থঃ ॥ ৬৪ ॥

তত্রৈব শ্রুত্যন্তরমুদাহরতি অব্যাকৃতমিতি। বৃহদারণ্যকশ্রুতৌ 'তদ্ধেদং তর্হ্যব্যাকৃতমাসীৎ তন্নামরূপাভ্যামেব ব্যাক্রিয়তাসৌ নামায়মিদং রূপ'মিতি সৃষ্টস্য জগতো নামরূপাত্মকত্বং দর্শিতমিত্যর্থঃ। সৃষ্টেঃ পূর্ব্বমিদং জগদব্যাকৃতম্ অব্যক্তনামরূপাত্মকম্ অভূৎ। ঊর্দ্ধং সৃষ্ট্যবসরে দ্বিধা বাচ্যবাচকভাবেন ব্যাক্রিয়তে ব্যক্তীকৃতমিত্যর্থঃ। ইদানীং 'তদ্ধেদং তর্হ্যব্যাকৃতমাসী'দিত্যত্র অব্যাকৃতশব্দস্যার্থমাহ অচিন্ত্যশক্তিরিতি। যেয়ং ব্রহ্মণি অচিন্ত্যশক্তির্মায়াস্তি এষা ব্যাকৃতাভিধা অস্মিন্ বাক্যে ত্বব্যাকৃতশব্দেনাভিধীয়তে ইত্যর্থঃ ॥ ৬৫ ॥

---

কহিয়াছেন,—পরব্রহ্ম সৎস্বরূপ, ঋগ্বেদিগণ (ঐতরেয় উপনিষদে) কহেন—ব্রহ্ম জ্ঞানস্বরূপ এবং সনৎকুমার (ছান্দোগ্যোপনিষদে) কহেন, ব্রহ্ম—আনন্দ-স্বরূপ। অন্যান্য স্থলেও এইরূপ কথিত হইয়াছে জানিবে। ৬২।৬৩।

পরমেশ্বর সমুদয় জগতের রূপ চিন্তা করিয়া ও তাহাদের প্রত্যেকের নাম নির্দ্ধারিত করিয়া থাকিলেন। শ্রুতিতে আছে, "এই জগতের নামরূপ আমি (ঈশ্বর) প্রপঞ্চিত করি।" সৃষ্টির পূর্ব্বে অব্যক্ত যে ঈশ্বর-শক্তি

অবিক্রিয়ব্রহ্মনিষ্ঠা বিকারং যাত্যনেকধা।
মায়াস্তু প্রকৃতিং বিদ্যান্মায়িনং তু মহেশ্বরম্ ॥ ৬৬ ॥
আদ্যো বিকার আকাশঃ সোঽস্তি ভাত্যপি চ প্রিয়ঃ।
অবকাশস্তস্য রূপং তন্মিথ্যা ন তু তত্ত্রয়ম্ ॥ ৬৭ ॥
ন ব্যক্তেঃ পূর্ব্বমস্ত্যেবং ন পশ্চাচ্চ বিনাশতঃ।
আদাবন্তে চ যন্নাস্তি বর্ত্তমানেঽপি তৎ তথা ॥ ৬৮ ॥
অব্যক্তাদীনি ভূতানি ব্যক্তমধ্যানি ভারত।

তন্নামরূপাভ্যামেব ব্যাক্রিয়ত ইত্যস্যার্থমাহ অবিক্রিযেতি। অবিকারিণি ব্রহ্মণি বর্ত্তমানা সা অনেকধা ভূতভৌতিকপ্রপঞ্চরূপেণ বহুধা বিকারং পরিণামং প্রাপ্নোতি। মায়া ব্রহ্মণি বর্ত্তত ইত্যত্র প্রমাণমাহ মায়াস্ত্বিতি। মায়াং পূর্ব্বোক্তাং প্রকৃতিং প্রক্রিয়তে অনয়েতি প্রকৃতিরুপাদানকারণং বিদ্যাজ্জানীয়াৎ। মায়িনং তস্যাশ্রয়ত্বেন তদ্বন্তং মহেশ্বরং মায়ানিয়ামকং বিদ্যাদিত্যনুবর্ত্ততে। উভয়ত্র তুশব্দঃ পরস্পরবৈলক্ষণ্যদ্যোতনার্থঃ ॥ ৬৬ ॥

ইদানীং মায়োপহিতস্য তস্য ব্রহ্মণঃ প্রথমং কার্য্যমাহ আদ্য ইতি। তস্য কারণাদাগতং রূপত্রয়মাহ সোঽস্তীতি। সচ্চিদানন্দরূপ ইত্যর্থঃ। তস্য প্রাতীস্বিকং রূপমাহ অবকাশ ইতি। তস্য পূর্ব্বস্মাৎ রূপত্রয়াদ্‌বৈলক্ষণ্যমাহ তন্মিথ্যেতি। সদাদিরূপত্রয়ং বাস্তবমিত্যর্থঃ ॥ ৬৭ ॥

তস্য চতুর্থরূপস্য মিথ্যাত্বে হেতুমাহ ন ব্যক্তেরিতি। ননূৎপত্তিনাশয়োর্মধ্যে প্রতীয়মানস্যাবকাশস্য কথমসত্ত্বমিত্যাশঙ্ক্যাহ আদাবন্তে ইতি ॥ ৬৮ ॥

তাহাই সৃষ্টিকালে প্রকাশিত হইয়া নাম ও রূপ এই দুই প্রকারে হয়, বিভক্ত ঈশ্বরের সেই মায়ারূপ অচিন্ত্য শক্তির নাম অব্যাকৃত। ৬৪।৬৫।

বিকাররহিত পরব্রহ্মে বর্ত্তমান সেই মায়াশক্তি নানা প্রকারে বিকৃত হইয়া থাকে, মায়াকেই প্রকৃতি বলিয়া এবং তদ্বিশিষ্ট পরমেশ্বরকে মায়ী বলিয়া জানিবে। সেই মায়ী পরমেশ্বর হইতে প্রথমতঃ আকাশ উৎপন্ন হয়, সেই আকাশে যে সত্তা প্রকাশমানতা ও প্রিয়তা, আছে, তাহাই সত্য। আর তাহার যে অবকাশস্বরূপ, তাহা মিথ্যা। ৬৬।৬৭।

যেহেতু সৃষ্টির পূর্ব্বে এবং বিনাশকালে আকাশের অবকাশস্বরূপ থাকে না ( সুতরাং তাহাকে মিথ্যা বলা যায় ), যে বস্তু আদিতে ও অন্তে থাকে

অব্যক্তনিধনান্যেবেত্যাহ কৃষ্ণোঽর্জ্জুনং প্রতি ॥ ৬৯ ॥

সুখণ্ডে সচ্চিদানন্দা অনুগচ্ছন্তি সর্ব্বদা।
নিরাকাশে সদাদীনামনুভূতির্নিজাত্মনি ॥ ৭০ ॥

অবকাশে বিস্মৃতেঽথ তত্র কিং ভাতি তে বদ।
শূন্যমেবেতি চেদস্তু নাম তাদৃগ্‌ বিভাতি হি ॥ ৭১ ॥

তাদৃক্ত্বাদেব তৎসত্ত্বমৌদাসীন্যেন তৎসুখম্।
আনুকূল্যপ্রাতিকূল্যহীনং যত্তন্নিজং সুখম্ ॥ ৭২ ॥

---

উক্তেঽর্থে শ্রীকৃষ্ণবাক্যং প্রমাণয়তি অব্যক্তেতি ॥ ৬৯ ॥

সদাদিরূপত্রয়স্যাকাশসত্ত্বে কিং প্রমাণমিত্যাশঙ্ক্যানুভূতিরেব প্রমাণমিত্যাহ মৃদাদিতি। মৃদাদিতি দৃষ্টান্তপ্রদর্শনার্থং ঘটাদিষু যথা কালত্রয়েঽপি মৃদনুবর্ত্ততে তথা সদাদিরূপত্রয়ং কথমনুভূতমিত্যাশঙ্ক্যাহ নিরাকাশ ইতি ॥ ৭০ ॥

তদেবোপপাদয়তি অবকাশে ইতি। পূর্ব্বাদিনশ্চোদ্যমনুবদতি শূন্যমিতি। অঙ্গীকৃত্য পরিহারমাহ অস্তু নামেতি। শব্দতঃ শূন্যমস্তু অর্থতস্ত্ববকাশাভাববিশেষণস্য বিশেষ্যত্বেন প্রতীয়মানং কিঞ্চিদস্তি ইত্যভ্যুপগন্তব্যমিত্যাহ তাদৃগিতি। হি শব্দো লোকপ্রসিদ্ধি-দ্যোতনার্থঃ ॥ ৭১ ॥

ভবত্বেবং প্রকৃতে কিমায়াতমিত্যাশঙ্ক্য বিশেষ্যত্বেন প্রতীয়মানস্য স্বরূপমভ্যুপেয়মিত্যাহ তাদৃক্ত্বাদিতি। তস্য সুখস্বরূপত্বমাহ ঔদাসীন্যেনেতি। ঔদাসীন্যবিষয়ত্বাৎ তস্য সুখ-স্বরূপত্বমিত্যর্থঃ। সবকূলত্বরহিতস্য কথং সুখস্বরূপত্বমিত্যাশঙ্ক্যাহ আনুকূল্যেতি ॥ ৭২ ॥

---

না, তাহা বর্ত্তমানে তদ্রূপ, অর্থাৎ অস্তিত্বশূন্য। ভগবদ্গীতায় শ্রীকৃষ্ণ অর্জ্জুনের প্রতি উপদেশ করিয়াছেন,—হে ভরত বংশধর! ভূত সমুদায় আদিতে অব্যক্ত থাকে ও অন্তেও অব্যক্ত হয়, মধ্যে ব্যক্ত হয়। ৬৮।৬৯।

ঘটাদি বস্তুতে অন্বিত মৃত্তিকার ন্যায় সর্ব্বদাই সত্তা, প্রকাশমানতা ও প্রিয়তা অন্বিত থাকে, এবং আকাশশূন্য নিজ আত্মাতেও সত্তা প্রভৃতি অনুভূত হয়। যদি আকাশ হইতে অবকাশ স্মৃতি বিযুক্ত হয়, তবে তখন তোমার কি অনুভূত হয় বল। তাহাতে যদি শূন্যই অনুভূত হয় বল, ত উত্তম, শূন্যরূপেও কোন বস্তুর প্রকাশ অর্থাৎ অনুভব ত তোমাকে স্বীকার করিতে হইল। ৭০।৭১।

উক্ত প্রকাশমানতাতেই সেই আকাশের সত্তা প্রতীত হয়, এবং ঔদাসীন্য হেতু অর্থাৎ ইষ্টসাধকত্বের এবং অনিষ্টসাধকত্বের অভাব প্রযুক্ত সেই

আনুকূল্যে হর্ষধীঃ স্যাৎ প্রাতিকূল্যে তু দুঃখধীঃ।
দ্বয়াভাবে নিজানন্দো নিজদুঃখন্তু ন কচিৎ ॥ ৭৩ ॥
নিজানন্দে স্থিরে হর্ষশোকয়োর্ব্যত্যয়ঃ ক্ষণাৎ।
মনসঃ ক্ষণিকত্বেন তয়োর্মানসতেষ্যতাম্ ॥ ৭৪ ॥
আকাশেহপ্যেবমানন্দঃ সত্তাভানে তু সম্মতে।
বায়্বাদিদেহপর্য্যন্তবস্তুষেবং বিভাব্যতাম্ ॥ ৭৫ ॥
গতিস্পর্শৌ বায়ুরূপং বহ্নের্দাহপ্রকাশনে।
জলস্য দ্রবতা ভূমেঃ কাঠিন্যং চেতি নির্ণয়ঃ ॥ ৭৬ ॥

---

তদেবোপপাদয়তি আনুকূল্যে হর্ষধী ইতি। ননু নিজানন্দবৎ নিজদুঃখমপি কিং ন স্যাদিত্যাশঙ্ক্য দুঃখে নিজস্বরূপসিদ্ধ্যভাবান্নৈবমিত্যাহ নিজদুঃখন্ত্বিতি ॥ ৭৩ ॥

ননু নিজানন্দস্য সদানন্দত্বাৎ সর্ব্বদা হর্ষ এব স্যাৎ ন তু শোক ইত্যাশঙ্ক্য তস্য নিত্যত্বেহপি তদ্‌গ্রাহিণো মনসঃ ক্ষণিকত্বেন মানসয়োরপি ক্ষণিকত্বমিত্যাহ নিজানন্দ ইতি ॥ ৭৪ ॥

দৃষ্টান্তে সিদ্ধমর্থং দার্ষ্টান্তিকে যোজয়তি আকাশেহপীতি। এবং নিজাস্যনুক্তপ্রকারেণ ইত্যর্থঃ। সত্তাভানে তু ভবতাপ্যভ্যুপগম্যতে অতো নোপপাদনীয়ে ইত্যর্থঃ। আকাশে প্রতিপাদিতোহর্থঃ বায়্বাদিশরীরান্তেষ্বপ্যুপগন্তব্যঃ ইত্যাহ বায়্বাদীতি ॥ ৭৫ ॥

তত্র বায়্বাদীনামসাধারণধর্ম্মান্ দর্শয়তি গতিস্পর্শাবিতি দ্বাভ্যাম্ ॥ ৭৬ ॥

---

অনুভূয়মান পদার্থের সুখস্বরূপত্ব মানিতে হয়, কেননা যে অনুপেক্ষণীয় বস্তু ইষ্টসাধকও নহে, অনিষ্টসাধকও নহে, তাহাই নিজ সুখ বা নিজানন্দস্বরূপ। ইষ্টসাধক বস্তু হইলে, আনন্দ বোধ হয়, অনিষ্টসাধক বস্তু হইলে দুঃখ বোধ হয়, তদুভয় ভিন্ন বোধই নিজানন্দ; দুঃখের আত্মরূপকতা কোথাও নাই। ৭২।৭৩।

নিজানন্দ বর্ত্তমান থাকিতে ক্ষণকাল মাত্রে যে হর্ষ-শোকের ব্যত্যয় হয়, তাহার হেতু মনোবৃত্তির ক্ষণিকত্ব; এই জন্য সেই হর্ষ-শোককে মানস মাত্র জানিবে। পূর্ব্বোক্ত বিবেচনামতে আকাশে সত্তা, প্রকাশমানতা ও প্রিয়তা সিদ্ধ হইলে, তদনুসারে বায়ু প্রভৃতি স্থূল দেহ পর্য্যন্ত সমুদায় বস্তুতে তাহা চিন্তা করিবে। ৭৪।৭৫।

গতি ও স্পর্শ বায়ুর রূপ, দাহ ও প্রকাশ অগ্নির স্বভাব, দ্রবত্ব জলের স্বরূপ এবং ভূমির ধর্ম্ম কঠিনত্ব, এই প্রকারে ভূতসকলের অসাধারণ

অসাধারণ আকাশে ঔষধ্যন্নবপুষ্বপি।
এবং বিভাব্যং মনসা তত্তদ্রূপং যথোচিতম্ ॥ ৭৭ ॥
অনেকধা বিভিন্নেষু নামরূপেষু চৈকধা।
তিষ্ঠন্তি সচ্চিদানন্দাবিসংবাদো ন কস্যচিৎ ॥ ৭৮ ॥
নিস্তত্ত্বে নামরূপে দ্বে জন্মনাশযুতে চ তে।
বুদ্ধ্যা ব্রহ্মণি বীক্ষস্ব সমুদ্রে বুদ্বুদাদিবৎ ॥ ৭৯ ॥
সচ্চিদানন্দরূপেঽস্মিন্ পূর্ণে ব্রহ্মণি বীক্ষিতে।
স্বয়মেবাবজানাতি নামরূপে শনৈঃ শনৈঃ ॥ ৮০ ॥
যাবদ্‌যাবদবজ্ঞা স্যাৎ তাবৎ তাবৎ তদীক্ষণম্।
যাবদ্ যাবদ্ বীক্ষ্যতে তৎ তাবৎ তাবদুভে ত্যজেৎ ॥ ৮১ ॥
তদভ্যাসেন বিদ্যায়াং সুস্থিতায়াময়ং পুমান্।

---

অসাধারণ ইতি ॥ ৭৭ ॥
ফলিতমাহ অনেকধেতি ॥ ৭৮ ॥
তর্হি প্রতীয়মানয়োর্নামরূপয়োঃ কা গতিরিত্যাশঙ্ক্য কল্পিতত্বম্ এব গতিরিত্যাহ নিস্তত্ত্বে ইতি। কল্পিতত্বে হেতু জন্মেতি ॥ ৭৯ ॥
ততঃ কিম্ ইত্যত আহ সচ্চিদানন্দেতি ॥ ৮০ ॥
ব্রহ্মজ্ঞানদার্ঢ্যস্য দ্বৈতাবজ্ঞাপূর্ব্বকত্বাৎ শ্রবণাদিবৎ দ্বৈতাবজ্ঞাপি কর্ত্তব্যেত্যাহ যাবদিতি ॥৮১

---

নিরূপণ করা যায়। এইরূপে আকাশ, ওষধি অন্ন, ও স্থূল শরীর প্রভৃতির যথাযোগ্য স্বভাব নির্ণয় করিয়া নানারূপে বিভিন্ন নামরূপে একমাত্র সচ্চিদানন্দের অবস্থিতি নিশ্চয় করিবে, তাহাতে কাহারও বিপ্রতিপত্তি নাই। ৭৬।৭৮।

সেই নাম ও রূপ কেবল মিথ্যা মাত্র, যেহেতু তাহাদিগের উৎপত্তি ও নাশ আছে। বুদ্ধিবলে—সমুদ্রের বুদ্বুদের ন্যায় সেই নাম-রূপ ব্রহ্মেতেই অবস্থিত বিবেচনা করিবে। সচ্চিদানন্দময় পূর্ণ পরব্রহ্মের স্বরূপ অবগত হইলে নাম-রূপের প্রতি ক্রমশঃ অবজ্ঞা জন্মে। ৭৯।৮০।

নামরূপ প্রভৃতি দ্বৈত বস্তুতে যেমন যেমন পরিমাণে অবজ্ঞা জন্মে, তেমন তেমনই পরব্রহ্মে দৃষ্টি হয়, আর যে পরিমাণে পরব্রহ্মজ্ঞান হয় নাম ও রূপ—এই উভয় সেই পরিমাণেই পরিত্যক্ত হয়। সেই পরব্রহ্মজ্ঞানাভ্যাস দ্বারা

জীবন্নেব ভবেন্মুক্তো বপুরস্তু যথা তথা ॥ ৮২ ॥
তচ্চিন্তনং তৎকথনমন্যোন্যং তৎপ্রবোধনম্।
এতদেকপরত্বঞ্চ ব্রহ্মাভ্যাসং বিদুর্বুধাঃ ॥ ৮৩ ॥
বাসনানেককালীনা দীর্ঘকালং নিরন্তরম্
সাদরঞ্চাভ্যস্যমানে সর্ব্বথৈব নিবর্ত্ততে ॥ ৮৪ ॥
মৃচ্ছক্তিবদ্ব্রহ্মশক্তিরনেকাননৃতান্ সৃজেৎ।
যদ্ বা জীবগতা নিদ্রা স্বপ্নশ্চাত্র নিদর্শনম্ ॥ ৮৫ ॥
নিদ্রাশক্তির্যথা জীবে দুর্ঘটস্বপ্নকারিণী।
ব্রহ্মণ্যেষা তথা মায়া সৃষ্টিস্থিত্যন্তকারিণী ॥ ৮৬ ॥
স্বপ্নে বিয়দ্গতিং পশ্যেৎ স্বমূর্দ্ধচ্ছেদনং তথা।

---

উত্তরাভ্যাসফলমাহ তদভ্যাসেনেতি ॥ ৮২ ॥

ইদানীং ব্রহ্মাভ্যাসস্য স্বরূপমাহ তচ্চিন্তনমিতি ॥ ৮৩ ॥

নম্বনাদিকালমারভ্য প্রতিভাসমানস্য দ্বৈতস্য কাদাচিৎকেন জ্ঞানাভ্যাসেন কথং নিবৃত্তিরিত্যাশঙ্ক্য দৈর্ঘ্যকালনৈরন্তর্য্যসৎকারসেবিতেনাভ্যাসেন নিবর্ত্ততে এবেত্যাহ বাসনেতি ॥ ৮৪ ॥

নন্বু ব্রহ্মণ একস্য নেকাকারজগদ্ধেতুত্বমনুপপন্নমিত্যাশঙ্ক্য মায়াসহিতস্য তত্ত্বেবোপপদ্যতে ইত্যাহ মৃচ্ছক্তিবদিতি। অনৃতান্ কার্য্যাণীত্যর্থঃ। নন্বু মৃৎশক্তেঃ সত্যত্বাদনেকহেতুত্বাৎ বিষমো দৃষ্টান্ত ইত্যাশঙ্ক্য পক্ষান্তরমাহ যদ্ বা জীবেতি ॥ ৮৫ ॥

তত্র দৃষ্টান্তং বিশদয়তি নিদ্রাশক্তিরিতি। দার্ষ্টান্তিকমাহ ব্রহ্মণীতি ॥ ৮৬ ॥

---

আত্মতত্ত্ববিদ্যা সুস্থিত হইলে পুরুষ জীবন্মুক্ত হয়, তাঁহার দেহ যেরূপ থাকুক তাহাতে আর কোন হানি হয় না। ৮১।৮২।

পরব্রহ্মের স্বরূপ চিন্তা ও তৎপ্রসঙ্গ কথন, পরস্পরে তদ্বিষয়ে আলোচনা এবং তাঁহার প্রতি একাগ্রচিত্ত হওয়া, এই সকলকে ব্রহ্মজ্ঞানের অভ্যাস বলা যায়। দীর্ঘকাল নিরন্তর আদরের সহিত এইরূপ অভ্যাস করিলে বহুকালব্যাপী বিষয়বাসনা সকলও সম্পূর্ণরূপে নিবৃত্ত হইয়া যায়। ৮৩।৮৪।

ঘটশরাবাদির উৎপাদিকা মৃৎশক্তির ন্যায় ব্রহ্মশক্তি মায়াও অনেক অনৃত বস্তু উৎপন্ন করে অথবা জীবদিগের নিদ্রা ও স্বপ্ন এই মায়া ও তৎকার্য্যের দৃষ্টান্ত। নিদ্রাশক্তি যেমন জীব সকলের দুর্ঘট স্বপ্ন ঘটনা করে, তদ্রূপ মায়াশক্তি নিত্য পরব্রহ্মে সৃষ্টি স্থিতি বিনাশ কল্পনা করে। ৮৫।৮৬।

মুহূর্তে বৎসরৌঘঞ্চ মৃতপুত্রাদিকং পুনঃ ॥ ৮৭ ॥
ইদং যুক্তমিদং নেতি ব্যবস্থা তত্র দুর্লভা।
যথেক্ষ্যতে যদ্যৎ তত্তদ্যুক্তং তথা তথা ॥ ৮৮ ॥
ঈদৃশো মহিমা দৃষ্টো নিদ্রাশক্তের্যদা তদা।
মায়াশক্তেরচিন্ত্যোঽয়ং মহিমেতি কিমদ্ভুতম্ ॥ ৮৯ ॥
শয়ানে পুরুষে নিদ্রা স্বপ্নং বহুবিধং সৃজেৎ।
ব্রহ্মণ্যেবং নির্বিকারে বিকারান্ কল্পয়ত্যসৌ ॥ ৯০ ॥
খানিলাগ্নিজলোর্ব্যণ্ডলোকপ্রাণিশিলাদিকাঃ।
বিকারাঃ প্রাণিধীষ্বন্তশ্চিচ্ছায়া প্রতিবিম্বিতঃ ॥ ৯১ ॥

---

দুর্ঘটত্বমেবং দর্শয়তি স্বপ্নে ইতি ॥ ৮৭ ॥
স্বপ্নস্য দুর্ঘটত্বে হেতুমাহ ইদমিতি ॥ ৮৮ ॥
উক্তমর্থং কৈমুতিকন্যায়েন স্পষ্টয়তি ঈদৃশ ইতি ॥ ৮৯ ॥
স্বপ্নদৃষ্টান্তেন নির্বিকারে ব্রহ্মণি মায়ায়াঃ জগৎকর্তৃত্বে দৃষ্টান্তমাহ শয়নে ইতি ॥ ৯০ ॥
মায়য়া সৃষ্টান্ পদার্থান্ দর্শয়তি খানিলাদীতি। ননু পাঞ্চভৌতিকত্বেন সাম্যেঽপি কেষাঞ্চিৎ চেতনত্বং কেষাঞ্চিজ্জড়ত্বং কুত ইত্যাশঙ্ক্যাহ প্রাণীতি। প্রাণিশরীরেষ্বন্তঃকরণেষু চৈতন্যপ্রতিবিম্বিতত্বাৎ চেতনত্বম্ ইতরত্র তদভাবাজ্জড়ত্বমিত্যর্থঃ ॥ ৯১ ॥

---

স্বপ্নে আকাশে গমন, আপনার মস্তকচ্ছেদ, মুহূর্ত মাত্রে সংবৎসরের অতি-ক্রম ও মৃত পুত্রাদির জীবন,—ইত্যাদি অসম্ভব দৃষ্ট হয়, আর এই বিষয় যথার্থ বা এই বিষয় অযথার্থ এ বিবেচনাও তখন থাকে না, এবং যে যে বিষয় তখন যেরূপে প্রত্যক্ষ হয়, তাহাই তখন সেইরূপ সত্য বোধ হয়। ৮৭।৮৮।

যখন প্রাণিগত নিদ্রাশক্তির এইরূপ অসাধারণ অদ্ভুত মহিমা দৃষ্ট হয়, তখন পরব্রহ্মের আশ্রিত মায়াশক্তির যে অচিন্ত্য মহিমা থাকিবে, তাহাতে আর আশ্চর্য্য কি? যেমন শয়ান পুরুষে নিদ্রা নানা প্রকার স্বপ্নের সৃষ্টি করে, তদ্রূপ নির্বিকার পরব্রহ্মে মায়াশক্তিও বিবিধ প্রকার বিকার কল্পনা করিয়া থাকে। ৮৯।৯০।

আকাশ, বায়ু, অগ্নি, জল, পৃথিবী, ব্রহ্মাণ্ড, লোক, প্রাণী ও পর্ব্বতাদি বিকার পদার্থ; সেই বিকারান্তর্গত প্রাণিগণের বুদ্ধিতে চৈতন্য-চ্ছায়া প্রতি-

চেতনাচেতনেষ্বেষু সচ্চিদানন্দলক্ষণম্।
সমানং ব্রহ্ম ভিদ্যেতে নামরূপে পৃথক্ পৃথক্ ॥ ৯২ ॥
ব্রাহ্মণ্যেতে নামরূপে পটে চিত্রমিব স্থিতে।
উপেক্ষ্য নামরূপে দ্বে সচ্চিদানন্দধীর্ভবেৎ ॥ ৯৩ ॥
জলস্থেঽধোমুখে স্বস্য দেহে দৃষ্টেঽপ্যুপেক্ষ্য তম্।
তীরস্থ এব দেহে স্বে তাৎপর্য্যং স্যাদ্ যথা তথা ॥ ৯৪ ॥
সহস্রশো মনোরাজ্যে বর্ত্তমানে সদৈব তৎ।
সর্বৈরুপেক্ষ্যতে যদ্বদুপেক্ষা নামরূপয়োঃ ॥ ৯৫ ॥
ক্ষণে ক্ষণে মনোরাজ্যং ভবত্যেবান্যথান্যথা।
গতং গতং পুনর্নাস্তি ব্যবহারো বহিস্তথা ॥ ৯৬ ॥

---

নন্থ চেতনাচেতনবিভাগশ্চিদ্রূপব্রহ্মকৃত এব কিং ন স্যাদিত্যাশঙ্ক্য ব্রহ্মণঃ সর্ব্বোপাদানত্বেন সর্ব্বত্র সমত্বাম্নৈবমিত্যাহ চেতনেতি ॥ ৯২ ॥

ব্রহ্মণশ্চিজ্জড়সাধনত্বে হেতুমাহ ব্রহ্মণীতি। ব্রহ্মণঃ সর্ব্বকল্পনাধারত্বাৎ সর্ব্বগতত্বমিত্যর্থঃ। এতৎ কথমবগন্তব্যমিত্যাকাঙ্ক্ষায়াং কল্পিতনামরূপত্যাগেঽধিষ্ঠানং ব্রহ্মাবগম্যত ইত্যাহ,—উপেক্ষ্যেতি ॥ ৯৩ ॥

উক্তার্থে দৃষ্টান্তমাহ জলস্থে ইতি। নীরেঽধোমুখে স্বস্য দেহে পরিদৃশ্যমানেঽপি তত্রাদরং পরিত্যজ্য তীরস্থে স্বদেহে তদ্বিপরীতে মমত্ববুদ্ধির্যথা তথেত্যর্থঃ ॥ ৯৪ ॥

ইদানীং সর্ব্বজনপ্রসিদ্ধং দৃষ্টান্তান্তরমাহ সহস্রশ ইতি। উপেক্ষা কর্ত্তব্যেতি শেষঃ ॥ ৯৫ ॥

প্রপঞ্চবৈচিত্র্যে দৃষ্টান্তমাহ ক্ষণ ইতি। দার্ষ্টান্তিকমাহ ব্যবহার ইতি ॥ ৯৬ ॥

---

বিম্বিত হয়। এই চেতনাচেতন সমুদায় পদার্থে সচ্চিদানন্দস্বরূপ পরব্রহ্ম সমান, কেবল নাম ও রূপ পৃথক্ পৃথক্ বস্তুতে ভিন্ন ভিন্ন থাকে। ৯১।৯২।

যেমন পটে চিত্রময় পুত্তলিকা সকল অবস্থিত হয়, তদ্রূপ পরব্রহ্মে এই নাম ও রূপ অবস্থান করে; জলে প্রতিবিম্বিত অধোমুখ স্বীয়দেহ প্রত্যক্ষ হইলেও তাহাতে উপেক্ষা করিয়া তীরস্থ স্বীয় দেহজ্ঞানের ন্যায় সেই নাম-রূপে উপেক্ষা করিয়া সচ্চিদানন্দজ্ঞানে তৎপর হইবে। ৯৩।৯৪।

যেমন সহস্র সহস্র মনোরাজ্য অর্থাৎ মনোরথ থাকিলেও লোকে তাহা উপেক্ষা করে, তদ্রূপ নাম রূপেও উপেক্ষা করা কর্ত্তব্য। ক্ষণে ক্ষণে নূতন নূতন মনোরাজ্য (চিন্তা) উপস্থিত হয়, কিন্তু যাহা অতীত হয়, তাহা আর

ন বাল্যং যৌবনে লভ্যং যৌবনং স্থাবিরে তথা।
মৃতঃ পিতা পুনর্নাস্তি নায়াত্যেব গতং দিনম্ ॥ ৯৭ ॥
মনোরাজ্যাৎ বিশেষঃ কঃ ক্ষণধ্বংসিনি লৌকিকে।
অতোঽস্মিন্ ভাসমানেঽপি তৎসত্যত্বধিয়ং ত্যজেৎ ॥ ৯৮ ॥
উপেক্ষিতে লৌকিকে ধীর্নির্বিঘ্না ব্রহ্মচিন্তনে।
নটবৎ কৃত্রিমাস্থায়াং নির্ব্বহত্যেব লৌকিকম্ ॥ ৯৯ ॥
প্রবহত্যপি নীরেঽধঃ স্থিরা প্রৌঢ়শিলা যথা।
নামরূপান্যথাত্বেঽপি কূটস্থং ব্রহ্ম নান্যথা ॥ ১০০ ॥
নিশ্ছিদ্রে দর্পণে ভাতি বস্তুগর্ভং বৃহদ্বিয়ৎ।
সচ্ছিদ্‌ঘনে তথা নানাজগদ্‌গর্ভমিদং বিয়ৎ ॥ ১০১ ॥

তদেব বিবৃণোতি ন বাল্যমিতি। ৯৭ ॥

বৈতক্ষণিকত্বমুপসংহরতি মনোরাজ্যাদিতি। ক্ষণিকত্বসাধনে প্রয়োজনমাহ অতোঽস্মিন্নিতি ॥ ৯৮ ॥

ননু লৌকিকোপেক্ষায়াং কো লাভ ইত্যাশঙ্ক্য ব্রহ্মণি ধীঃ স্থিরা ভবতীত্যাহ উপেক্ষিতে ইতি। তর্হি জ্ঞানিনো ব্যবহারঃ কথমিত্যাশঙ্ক্যাহ নটবদিতি ॥ ৯৯ ॥

ননু জ্ঞানিনো ব্যবহারাভ্যুপগমে বিকারিত্বং প্রসজ্যেত ইত্যাশঙ্ক্য বুদ্ধৌ ব্যবহারবত্যামপি তৎসাক্ষী আত্মা নির্ব্বিকার ইতি সদৃষ্টান্তমাহ প্রবহত্যপীতি। উদকে উপরি প্রবহত্যপি অধ স্থিতা প্রৌঢ়া শিলা যথা ন চলতি তথৈব বুদ্ধৌ সংসরন্ত্যামপি ন জ্ঞানী সংসরতীত্যর্থঃ ॥ ১০০ ॥

আসে না; বাহ্য ব্যবহারও সেইরূপ জানিবে। বাল্যাবস্থা যৌবনে মিলে না, যৌবনাবস্থা স্থবিরে থাকে না, মৃত পিতা পুনর্ব্বার আগত হন না, গত দিন আর পুনরাগত হয় না, অলীক মনোরাজ্য হইতে ক্ষণভঙ্গুর এই লৌকিক ব্যবহারের কোন বিশেষ নাই, অতএব তাহা প্রত্যক্ষরূপে ভাসমান হইলেও তাহাতে সত্যত্ববুদ্ধি পরিত্যাগ করিবে। লৌকিক ব্যবহার উপেক্ষিত হইলে পরব্রহ্ম চিন্তায় বুদ্ধি বিঘ্নশূন্য হয়; তবে নটের ন্যায় কৃত্রিম আস্থায় অভিনয় দ্বারাই লৌকিক ব্যবহার নির্ব্বাহিত হয়। ৯৫—৯৯।

যেমন প্রবলবেগে প্রবাহিত জলের অধোভাগে বৃহৎ শিলা নিশ্চল হইয়া থাকে, তদ্রূপ নাম ও রূপ নানা প্রকারে পরিবর্ত্তিত হইলেও তদাধার পরব্রহ্ম অচলভাবে আছেন। যেমন নিশ্ছিদ্র দর্পণে নানাবস্তুর সহিত বৃহৎ আকাশ

অদৃষ্ট্বা দর্পণং নৈব তদন্তঃস্থেক্ষণং তথা।
অমত্বা সচ্চিদানন্দং নামরূপমতিঃ কুতঃ ॥ ১০২ ॥
প্রথমং সচ্চিদানন্দে ভাসমানেঽথ তাবতা।
বুদ্ধিং নিয়ম্য নৈবোর্দ্ধং ধারয়েন্নামরূপয়োঃ ॥ ১০৩ ॥
এবঞ্চ নির্জগদ্‌ব্রহ্ম সচ্চিদানন্দলক্ষণম্।
অদ্বৈতানন্দ এতস্মিন্ বিশ্রাম্যন্তু জনাশ্চিরম্ ॥ ১০৪ ॥
ব্রহ্মানন্দাভিধে গ্রন্থে তৃতীয়োঽধ্যায় ঈরিতঃ।
অদ্বৈতানন্দ এব স্যাজ্জগন্মিথ্যাত্বচিন্তয়া ॥ ১০৫ ॥

ইতি ব্রহ্মানন্দেঽদ্বৈতানন্দঃ সমাপ্তঃ ॥

---

নন্বখণ্ডে ব্রহ্মণি তদ্বিলক্ষণস্য জগতঃ কথমবভাসনমিত্যাশঙ্ক্য নিশ্ছিদ্রে দর্পণে সাবকাশ-বস্তুনো যথা ভাসনং তদ্বদিত্যাহ নিশ্ছিদ্রে ইতি ॥ ১০১ ॥

নন্বদৃশ্যে ব্রহ্মণি কথং জগৎপ্রতীতিরিত্যাশঙ্ক্য সচ্চিদানন্দপ্রতীতিপুরঃসরমেব জগৎপ্রতীতি-রিতি সদৃষ্টান্তমাহ অদৃষ্ট্বেতি ॥ ১০২ ॥

নন্বু নামরূপয়োরপি ভাসমানত্বাৎ কথং নির্ব্বিষয়ব্রহ্মপ্রতীতিরিত্যাশঙ্ক্য তদ্‌বুদ্ধ্যুপায়মাহ প্রথমমিতি। সচ্চিদানন্দে ব্রহ্মণি কল্পিতনামরূপাত্মকে প্রপঞ্চে সচ্চিদানন্দমাত্রং বুদ্ধ্যা গৃহীত্বা নামরূপয়োর্বুদ্ধিং ন ধারয়েৎ ॥ ১০৩ ॥

ফলিতমাহ এবমিতি। এবঞ্চ সতি নির্জগদ্‌ব্রহ্ম সচ্চিদানন্দলক্ষণং ভবতীত্যর্থঃ ॥ ১০৪ ॥

ইদানীমধ্যায়ার্থমুপসংহরতি ব্রহ্মানন্দেতি ॥ ১০৫ ॥

ইতি ব্রহ্মানন্দেঽদ্বৈতানন্দব্যাখ্যা সমাপ্তা ॥

---

প্রতিবিম্বিত হয়, তদ্রূপ সচ্চিদানন্দ পরব্রহ্মে জগৎ সহিত এই আকাশ প্রকাশিত হয়। ১০০।১০১।

যেমন দর্পণ না দেখিলে অন্তর্গত প্রতিবিম্বিত বস্তু প্রত্যক্ষ হয় না, তদ্রূপ সচ্চিদানন্দ পরব্রহ্মের প্রকাশ ব্যতিরেকে নাম ও রূপ প্রকাশিত হয় না। প্রথমতঃ সচ্চিদানন্দ বুদ্ধিতে আরূঢ় হইলে তাঁহাতেই একাগ্র হইয়া আর নামরূপ ভাবনা করিবে না। এই প্রকার জগদতীত সচ্চিদানন্দ পরব্রহ্মই অদ্বৈতানন্দ; সকল লোকই এই আনন্দে বিশ্রামলাভ করুক। ১০২—১০৪।

ব্রহ্মানন্দ নামক গ্রন্থের তৃতীয় অধ্যায়ে এই জগতের মিথ্যাত্ব বিচার দ্বারা অদ্বৈতানন্দস্বরূপ নিরূপিত হইল ১০৫।

ইতি ব্রহ্মানন্দে অদ্বৈতানন্দ নামক ত্রয়োদশ পরিচ্ছেদ সমাপ্ত।

# চতুর্দ্দশঃ পরিচ্ছেদঃ।

## ব্রহ্মানন্দে বিদ্যানন্দঃ।

যোগেনাত্মবিবেকেন দ্বৈতমিথ্যাত্বচিন্তয়া।
ব্রহ্মানন্দং পশ্যতোঽথ বিদ্যানন্দো নিরূপ্যতে ॥ ১ ॥
বিষয়ানন্দবদ্বিদ্যানন্দো ধীবৃত্তিরূপকঃ।
দুঃখাভাবাদিরূপেণ প্রোক্ত এষ চতুর্ব্বিধঃ ॥ ২ ॥
দুঃখাভাবশ্চ কামাপ্তিঃ কৃতকৃত্যোঽহমিত্যসৌ।
প্রাপ্তপ্রাপ্যোঽহমিত্যেবং চাতুর্ব্বিধ্যমুদাহৃতম্ ॥ ৩ ॥
ঐহিকঞ্চামুষ্মিকঞ্চেত্যেবং দুঃখং দ্বিধেরিতম্।
নিবৃত্তিমৈহিকস্যাহ বৃহদারণ্যকং বচঃ ॥ ৪ ॥

নত্বা শ্রীভারতীতীর্থবিদ্যারণ্যমুনীশ্বরৌ।
ব্রহ্মানন্দাভিধে গ্রন্থে বিদ্যানন্দো বিবিচ্যতে ॥

ইদানীং বৃত্তবর্ত্তিষ্যমাণয়োরুভয়োর্গ্রন্থয়োঃ সম্বন্ধমাহ যোগেনেতি ॥ ১ ॥
বিদ্যানন্দস্বরূপমাহ বিষয়েতি। তস্যাবান্তরভেদমাহ দুঃখেতি ॥ ২ ॥
চাতুর্ব্বিধ্যমেব দর্শয়তি দুঃখাভাবশ্চেতি ॥ ৩ ॥
নিবর্ত্তনীয়ং দুঃখং বিভজতে ঐহিকমিতি। ঐহিকস্য দুঃখস্য নিবৃত্তির্বৃহদারণ্যকবাক্যেনোচ্যতে ইত্যাহ নিবৃত্তিমিতি ॥ ৪ ॥

যোগ আত্মবিচার ও দ্বৈতমিথ্যাত্ব চিন্তা দ্বারা যে ব্যক্তির ব্রহ্মানন্দ উপলব্ধি হয়, তাহার বিদ্যানন্দ নিরূপিত হইতেছে। বিষয়ানন্দের ন্যায় বিদ্যানন্দও বুদ্ধিবৃত্তিস্বরূপ। কথিত আছে, দুঃখাভাব প্রভৃতি স্বরূপে তাহা চারি প্রকারে বিভক্ত হয়। ১।২।

দুঃখাভাব, কামাপ্তি অর্থাৎ কামনাপূর্ত্তি, 'আমি কৃতকার্য্য হইয়াছি' এইরূপ মনোবৃত্তি এবং আমি যাহা পাইবার তাহা পাইয়াছি এইরূপ মনোবৃত্তি, এই কয় প্রকার বিদ্যানন্দ। দুঃখ দুই প্রকার, ঐহিক এবং আমুষ্মিক। তাহার মধ্যে ঐহিক দুঃখ নিবৃত্তির উপায় বৃহদারণ্যক শ্রুতিতে উক্ত হইয়াছে, যথা,

আত্মানঞ্চেদ্ বিজানীয়াদহমস্মীতি পূরুষঃ।
কিমিচ্ছন্ কস্য কামায় শরীরমনুসংজ্বরেৎ ॥ ৫ ॥
জীবাত্মা পরমাত্মা চেত্যাত্মা দ্বিবিধ ঈরিতঃ।
চিত্তাদাত্ম্যাৎ ত্রিভির্দেহৈর্জীবঃ সন্ ভোক্তৃতাং ব্রজেৎ ॥ ৬ ॥
পরাত্মা সচ্চিদানন্দস্তাদাত্ম্যং নামরূপয়োঃ।
গত্বা ভোগ্যত্বমাপন্নস্তদ্বিবেকে তু নোভয়ম্ ॥ ৭ ॥
ভোগ্যমিচ্ছন্ ভোক্তুরর্থে শরীরমনুসংজ্বরেৎ।
জ্বরাস্ত্রিষু শরীরেষু স্থিতা ন ত্বাত্মনো জ্বরাঃ ॥ ৮ ॥

তৎশ্রুতিবাক্যং পঠতি আত্মানমিতি ॥ ৫ ॥

আত্মনি শোকসম্বন্ধং দর্শয়িতুং তদ্ভেদমাহ জীবাত্মেতি। আত্মনো জীবত্বে নিমিত্তমাহ চিত্তাদাত্ম্যাদিতি। চৈতন্যস্য স্থূলসূক্ষ্মকারণরূপৈস্ত্রিভিঃ শরীরৈস্তাদাত্ম্যভ্রমে সতি চিত্তো ভোগকর্ত্তৃত্বং ভবতি স ভোক্তা জীব ইত্যুচ্যতে ॥ ৬ ॥

ইদানীং পরমাত্মনঃ স্বরূপমাহ পরাত্মেতি। তস্য ভোগ্যরূপপ্রাপ্তিপ্রকারমাহ তাদাত্ম্যমিতি। নামরূপকল্পনাধিষ্ঠানত্বেন ন তত্তাদাত্ম্যং প্রাপ্য ভোগ্যমিত্যুচ্যতে ইত্যর্থঃ। ভোগকর্ত্তৃত্বাদ্যভাবে কারণমাহ তদ্বিবেক ইতি। তাভ্যাং শরীরত্রয়জগদ্ভ্যাং বিবেকে ভেদে জ্ঞানে সতি নোভয়ং ভোগকর্ত্তৃভোগ্যরূপং নাস্তীত্যর্থঃ ॥ ৭ ॥

উক্তমর্থং বিবৃণোতি ভোগ্যমিচ্ছন্নিতি ॥ ৮ ॥

"আমিই সেই পরব্রহ্ম' এইরূপে যিনি আত্মাকে জানেন, তিনি কি ইচ্ছা করিয়া এবং কাহার কামনার জন্য শরীরের অনুবৃত্ত হইয়া দুঃখভোগ করিবেন? ৩—৫।

জীবাত্মা ও পরমাত্মা; এই দুই প্রকার আত্মা বেদান্তে উক্ত হইয়াছে। স্থূল, সূক্ষ্ম, কারণ, এই তিন প্রকার শরীরের সহিত তাদাত্ম্য বশতঃ ব্রহ্ম-চৈতন্যই জীবভাবে ভোক্তা হইয়াছেন, আর সচ্চিদানন্দময় পরমাত্মা নাম-রূপের সহিত তাদাত্ম্য প্রাপ্ত হইয়া ভোগ্য হইয়াছেন, তাঁহার স্বরূপ জ্ঞান হইলে ভোক্তা ও ভোগ্য উভয়ই নিবৃত্ত হয়। ৬।৭।

ভোক্তার নিমিত্ত ভোগ্যবস্তু কামনা করত শরীরের অনুবৃত্ত হইয়া লোকে জ্বরভোগ করে। তিন প্রকার শরীরেই জ্বর আছে, কিন্তু আত্মাতে নাই।

ব্যাধয়ো ধাতুবৈষম্যে স্থূলদেহে স্থিতা জ্বরাঃ।
কামক্রোধাদয়ঃ সূক্ষ্মে দ্বয়োর্বীজন্তু কারণে ॥ ৯ ॥
অদ্বৈতানন্দমার্গেণ পরাত্মনি বিবেচিতে।
অপশ্যন্ বাস্তবং ভোগ্যং কিন্নামেচ্ছেৎ পরাত্মবিৎ ॥ ১০ ॥
আত্মানন্দোক্তরীত্যাস্মিন্ জীবাত্মন্যবধারিতে।
ভোক্তা নৈবাস্তি কোহপ্যত্র শরীরানুজ্বরঃ কুতঃ ॥ ১১ ॥
পুণ্যপাপদ্বয়ে চিন্তা দুঃখমামুষ্মিকং ভবেৎ।
প্রথমাধ্যায় এবোক্তং চিন্তা নৈনং তপেদিতি ॥ ১২ ॥
যথা পুষ্করপর্ণেঽস্মিন্নপামশ্লেষণং তথা।

কস্মিন্ শরীরে কো জ্বর ইত্যাশঙ্ক্য স্থূলদেহে বিদ্যমানান্ জ্বরান্ দর্শয়তি ব্যাধয় ইতি। লিঙ্গদেহগতান্ জ্বরানাহ কামেতি ॥ ৯ ॥

ইদানীমুদাহৃতশ্রুতিতাৎপর্য্যকথনব্যাজেন পূর্ব্বোক্তমেবার্থং বিশদয়তি অদ্বৈতানন্দেতি। তৃতীয়াধ্যায়োক্তপ্রকারেণ মায়াকার্য্যনামরূপাভ্যাং সচ্চিদানন্দপরমাত্মনি বিবেচিতে ভেদেন জ্ঞাতে সতি সর্ব্বং প্রপঞ্চং মিথ্যেতি জানন্ কিং নাম ভোগ্যমিচ্ছতি ॥ ১০ ॥

ততঃ পূর্ব্বাধ্যায়োক্তরীত্যা জীবাত্মস্বরূপে অসঙ্গকূটস্থচৈতন্যরূপে নিশ্চিতে সতি কাময়িতুর-ভাবাজ্জ্বরাদিসম্বন্ধো নাস্তীত্যাহ আত্মানন্দ ইতি ॥ ১১ ॥

ইদানীমামুষ্মিকং জ্বরং প্রদর্শয়তি পুণ্যপাপেতি। তস্যাভাবঃ প্রথমাধ্যায়ে নিরূপিতঃ ইত্যাহ প্রথমেতি। কস্মিন্ শ্লোকে ইত্যাহ চিন্তেতি ॥ ১২ ॥

স্থূল দেহে স্থিত জ্বর,—ধাতু বৈষম্য জন্য ব্যাধি, সূক্ষ্ম শরীরের জ্বর—কাম-ক্রোধাদি, আর কারণ শরীরের জ্বর—তদুভয়ের কারণ। ৮।৯।

অদ্বৈতানন্দোক্ত বিচারানুসারে পরমাত্মা বিবেচিত হইলে ভোগ্য পদার্থ সকলের মিথ্যাত্ব দর্শন হয়, তখন সেই পরমাত্মজ্ঞ পুরুষ কি ইচ্ছা করিবে? ১০।

আত্মানন্দোক্ত রীত্যনুসারে জীবাত্মার স্বরূপ অবধারিত হইলে ভোক্তাই থাকে না, শরীরানুবৃত্তি প্রযুক্ত জ্বর ত পরের কথা। ১১।

পুণ্য ও পাপ এই উভয় বিষয়ে যে চিন্তা তাহার নাম আমুষ্মিক দুঃখ, এই আমুষ্মিক দুঃখনিবৃত্তির উপায় প্রথমাধ্যায়ে উক্ত হইয়াছে, যথা;—চিন্তা তাঁহাকে অনুতাপ দিতে সমর্থ হয় না। যেমন পদ্মপত্রে জল সংলগ্ন হয় না

বেদনাদূর্দ্ধমাগামিকর্ম্মণোঽশ্লেষণং বুধে ॥ ১৩ ॥
ইষীকাতৃণতূলস্য বহ্নিদাহঃ ক্ষণাদ্ যথা।
তথা সঞ্চিতকর্ম্মাস্য দগ্ধং ভবতি বেদনাৎ ॥ ১৪ ॥
যথৈধাংসি সমিদ্ধোঽগ্নির্ভস্মসাৎ কুরুতেঽর্জ্জুন।
জ্ঞানাগ্নিঃ সর্ব্বকর্ম্মাণি ভস্মসাৎ কুরুতে তথা ॥ ১৫ ॥
যস্য নাহঙ্কৃতো ভাবো বুদ্ধির্যস্য ন লিপ্যতে।
হত্বাপি স ইমান্ লোকান্ ন হন্তি ন নিবধ্যতে ॥ ১৬ ॥
মাতাপিত্রোর্বধঃ স্তেয়ং ভ্রূণহত্যান্যদীদৃশম্।
ন মুক্তিং নাশয়েৎ পাপং মুখকান্তির্ন নশ্যতি ॥ ১৭ ॥

---

নমু জ্ঞানিন আরব্ধকর্ম্মবিষয়া চিন্তা মা ভূৎ আগামিকর্ম্মবিষয়া চিন্তা ভবত্যেব ইত্যাশঙ্ক্য যথা পুষ্করপলাশ' ইত্যাদিশ্রুত্যা জ্ঞানিনে আগামিকর্ম্মসম্বন্ধনিরাকরণাৎ তদ্বিষয়াপি চিন্তা নাস্তি ইত্যাহ যথেতি ॥ ১৩ ॥

'তদ্ যথেষীকা তূলমগ্নৌ প্রোতং প্রদূয়েতৈবং হাস্য সর্ব্বে পাপ্মানঃ প্রদূয়ন্তে' ইতি শ্রুত্যন্তরাবষ্টম্ভেন সঞ্চিতকর্ম্মবিষয়াপি চিন্তা জ্ঞানিনো নাস্তীত্যাহ ইষীকেতি ॥ ১৪ ॥

উক্তার্থে ভগবদ্বাক্যমপি প্রমাণয়তি যথৈধাংসীতি ॥ ১৫।১৬ ॥

অস্মিন্নেবার্থে 'ন মাতৃবধেন ন পিতৃবধেন ন স্তেয়েন ন ভ্রূণহত্যয়া নাস্য পাপং ন চ কৃষ্ণং মুখং নীলং বেত্তি কৌষীতকিশ্রুতিবাক্যমর্থতঃ পঠতি মাতাপিত্রোরিতি। ন চেত্যেকং পদং নীলমিতি কান্তিরিত্যর্থঃ ॥ ১৭ ॥

---

তদ্রূপ জ্ঞানোত্তরকালে আগামী দুঃখ সকল জ্ঞানীকে সংস্পর্শ করিতে সমর্থ হয় না। ১২।১৩।

যেমন তৃণগর্ভস্থ কোমল পত্র বা তূলা প্রভৃতি লঘু বস্তু সকল অগ্নি-সংযোগে ক্ষণকালমধ্যে ভস্মরাশি হয়, তদ্রূপ সঞ্চিত কর্ম্মসকল তত্ত্বজ্ঞান প্রভাবে তৎক্ষণাৎ ভস্মীভূত হয়। এতদ্বিষয়ে ভগবদ্গীতায় আছে ;—হে অর্জ্জুন! যেমন প্রদীপ্ত অগ্নি কাষ্ঠ সকলকে ভস্মসাৎ করে, তদ্রূপ জ্ঞানাগ্নি সঞ্চিত কর্ম্ম সকলকে ভস্মীভূত করে। যাহার অহংভাব দূর হয় এবং যাহার বুদ্ধি, বিষয়ে লিপ্ত না হয়, সমুদায় লোককে হনন করিলেও তিনি হননকর্ত্তা হন না, সুতরাং হনন-দোষে লিপ্তও হন না। ১৪—১৬।

মাতৃবধ, পিতৃবধ, স্তেয়, ভ্রূণহত্যা বা এতাদৃশ অন্য কোন মহৎ পাপও

দুঃখাভাববদেবাস্য সর্ব্বকামাপ্তিরীরিতা ।
সর্ব্বান্ কামানসাবাপ্য হ্যমৃতোঽভবদিত্যতঃ ॥ ১৮ ॥
জক্ষন্ ক্রীড়ন্ রতিং প্রাপ্তঃ স্ত্রীভির্যানৈস্তথেতরৈঃ ॥
শরীরং ন স্মরেৎ প্রাণং কর্ম্মণা জীবয়েদমুম্ ॥ ১৯ ॥
সর্ব্বান্ কামান্ সহাপ্নোতি নান্যবজ্জন্মকর্ম্মভিঃ ।
বর্ত্তন্তে শ্রোত্রিয়ে ভোগা যুগপৎ ক্রমবর্জ্জিতাঃ ॥ ২০ ॥
যুবা রূপী চ বিদ্যাবান্ নীরোগো দৃঢ়চিত্তবান্ ।
সৈন্যোপেতঃ সর্ব্বপৃথ্বীং বিত্তপূর্ণাং প্রপালয়ন্ ॥ ২১ ॥
সর্ব্বৈর্ম্মানুষ্যকৈর্ভোগৈঃ সম্পন্নস্তৃপ্তভূমিপঃ ।

উক্তচাতুর্ব্বিধ্যমধ্যে দ্বিতীয়প্রকারমাহ দুঃখেতি। ঈরিতা শ্রুত্যেতি শেষঃ। অস্মিন্নর্থে ঐতরেয়শ্রুতিবাক্যমর্থতঃ পঠতি সর্ব্বান্ কামানিতি ॥ ১৮ ॥

জক্ষন্ ক্রীড়ন্ রমমাণঃ স্ত্রীভির্ব্বা যানৈর্ব্বা জ্ঞাতিভির্ব্বা অজ্ঞাতিভির্ব্বা বয়স্যৈর্ব্বা নোপজনং স্মরন্নিদং শরীরমিতি ছান্দোগ্যশ্রুতিবাক্যমর্থতঃ পঠতি জক্ষন্নিতি ॥ ১৯ ॥

তত্র তৈত্তিরীয়শ্রুতিবাক্যমর্থতঃ পঠতি সর্ব্বান্ কামানিতি। ননু কর্ম্মফলভোগাঙ্গীকারে জন্মাপি প্রসজ্যেত ইত্যাশঙ্ক্যাহ নান্যবদিতি। জ্ঞানেন সঞ্চিতকর্ম্মণাং দগ্ধত্বাৎ অজ্ঞবজ্জন্ম নাস্তীত্যর্থঃ ॥ ২০ ॥

ইদানীং তৈত্তিরীয়কবৃহদারণ্যকবাক্যং সংক্ষিপ্যার্থতঃ পঠতি যুবেতি। ননু সার্ব্বভৌমাদি-

জ্ঞানী ব্যক্তির মুক্তির প্রতিবন্ধক হয় না, ও তাহাতে সুখকান্তি বিনষ্ট হয় না। আর দুঃখাভাবের ন্যায় তাঁহার সর্ব্বকামাপ্তিও শ্রুতিতে উক্ত হইয়াছে, যথা—'তিনি সকল কাম্য বস্তু প্রাপ্ত হইয়া অমৃত হন'। ১৭।১৮।

জ্ঞানী ব্যক্তি ভোজনই করুন, আর ক্রীড়াই করুন, স্ত্রী যান অথবা অন্য কোন বস্তু দ্বারা আনন্দ প্রাপ্ত হউন, তিনি শরীর বা প্রাণকে আর স্মরণ করেন না, কেবল প্রারব্ধ কর্ম্ম দ্বারা জীবিত থাকেন। 'তিনি সমুদায় কামনা এককালে উপভোগ করেন" ( অতএব ) অজ্ঞ ব্যক্তির ন্যায় তাঁহাকে পুনর্জ্জন্ম ও কর্ম্মভোগ করিতে হয় না। তাঁহার কর্ম্মফলভোগ সকল ক্রম-বর্জ্জিত হইয়া এককালেই উপস্থিত হয়। ১৯।২০।

যুবা, রূপবান্, বিদ্যাবান্ নীরোগশরীর, বুদ্ধিমান্ ও বহুসৈন্যবিশিষ্ট রাজা বিত্তপূর্ণ সসাগরা পৃথিবী শাসন করত সমুদায় মানুষানন্দ উপভোগে পরি-

যম নন্দমবাপ্নোতি ব্রহ্মবিচ্চ তমশ্নুতে ॥ ২২ ॥
মর্ত্ত্যভোগে দ্বয়োর্নাস্তি কামস্তৃপ্তিরতঃ সমা।
ভোগান্নিষ্কামতৈকস্য পরস্যাপি বিবেকতঃ ॥ ২৩ ॥
শ্রোত্রিয়ত্বাদ্বেদশাস্ত্রৈর্ভোগ্যদোষানবেক্ষতে।
রাজা বৃহদ্রথো দোষাংস্তান্ গাথাভিরুদাহরৎ ॥ ২৪ ॥
দেহদোষাংশ্চিত্তদোষান্ ভোগ্যদোষাননেকশঃ।
শুনা বান্তে পায়সে নো কামস্তদ্বদ্বিবেকিনঃ ॥ ২৫ ॥
নিষ্কামত্বে সমেঽপ্যত্র রাজ্ঞঃ সাধনসঞ্চয়ে।

---

হিরণ্যগর্ভান্তানাং জীবনিষ্ঠানাম্ আনন্দানাং কথং জ্ঞানিনি সম্ভব ইত্যাশঙ্ক্য সর্ব্বেষামানন্দানাং জ্ঞানিনোঽবগতব্রহ্মাংশত্বাৎ সম্ভব ইত্যাহ সর্ব্বেরিতি ॥ ২১।২২ ॥

নন্বু সার্ব্বভৌমশ্রোত্রিয়য়োর্ব্বিষয়প্রাপ্তিসাম্যভাবাৎ কথমানন্দসাম্যমিত্যাশঙ্ক্য নৈরপেক্ষ্য-সাম্যাৎ তৃপ্তিসাম্যমিত্যাহ মর্ত্ত্যেতি। তৃপ্তিসাম্যে হেতুমাহ ভোগাদিতি ॥ ২৩ ॥

বিবেকত ইত্যুক্তমর্থং বিবৃণোতি শ্রোত্রিয়েতি। বিষয়দোষাঃ কস্যাং শাখায়াং কোনোক্তা ইত্যাশঙ্ক্য বৃহদ্রথেন মৈত্রায়ণীয়াখ্যশাখায়াং গাথাভিরুক্তা ইত্যাহ রাজা বৃহদ্রথ ইতি। বিবেকিনঃ কামানুদয়ে দৃষ্টান্তমাহ শুনেতি ॥ ২৪।২৫ ॥

---

তৃপ্ত হইয়া যে আনন্দ ভোগ করেন, তত্ত্বজ্ঞানী সতত তাহা উপভোগ করেন। ২১।২২।

উক্ত প্রকার ভূপতি ও বিবেকী উভয়েরই লৌকিক ভোগে স্পৃহা নাই, সুতরাং উভয়েরই তৃপ্তি সমান। কিন্তু এস্থলে ভূপতির যে কামনার অভাব, তাহা ভুক্তভোগতা প্রযুক্ত; আর জ্ঞানীর যে স্পৃহার অভাব তাহা বিবেক-জন্য; জ্ঞানী শ্রোত্রিয় বলিয়া বেদশাস্ত্রাদি দ্বারা ভোগ্য বস্তুতে তাঁহার দোষ দর্শন হয়। (মৈত্রায়ণীয় শাখাতে) বৃহদ্রথ রাজা সেই সকল বিষয়দোষ কতিপয় শ্লোকে নিরূপণ করিয়াছেন; তাহাতে দেহদোষ, চিত্তদোষ, ভোগ্যদোষ, ইত্যাদি অনেক দোষ কথিত হইয়াছে, যেমন কুক্কুরে পায়স ভোজন করিয়া বমি করিলে, তাহা ভোজন করিতে কাহারও প্রবৃত্তি হয় না; তদ্রূপ ঐসকল বিষয় দোষ দেখিয়া জ্ঞানীদিগের আর তাহা উপভোগ করিতে প্রবৃত্তি হয় না। ২৩—২৫।

দুঃখমাসীদ্ভাবিনাশাদতিভীরনুবর্ত্ততে ॥ ২৬ ॥
নোভয়ং শ্রোত্রিয়স্যাতস্তদানন্দোঽধিকোঽন্যতঃ।
গন্ধর্ব্বানন্দ আশাস্তি রাজ্ঞো নাস্তি বিবেকিনঃ ॥ ২৭ ॥
অস্মিন্ কল্পে মনুষ্যঃ সন্ পুণ্যপাকবিশেষতঃ।
গন্ধর্ব্বত্বং সমাপন্নো মর্ত্ত্যো গন্ধর্ব্ব উচ্যতে ॥ ২৮ ॥
পূর্ব্বকল্পে কৃতাৎ পুণ্যাৎ কল্পাদাবেব চেদ্ ভবেৎ।
গন্ধর্ব্বত্বং তাদৃশোঽত্র দেবগন্ধর্ব্ব উচ্যতে ॥ ২৯ ॥
অগ্নিষ্বাত্তাদয়ো লোকে পিতরশ্চিরবাসিনঃ।
কল্পাদাবেব দেবত্বং গতা আজানদেবতাঃ ॥ ৩০ ॥
অস্মিন্ কল্পেঽশ্বমেধাদি কর্ম্ম কৃত্বা মহৎ পদম্।
অবাপ্যাজানদেবৈর্যাঃ পূজ্যাস্তাঃ কর্ম্মদেবতাঃ ॥ ৩১ ॥

---

সার্ব্বভৌমাৎ শ্রোত্রিয়স্যাধিক্যমাহ নিষ্কামত্বে ইতি সার্ব্বভৌমত্বং সাধনসাধ্যং পশ্চাচ্চ তন্নাশভীতিশ্চেতি দোষদ্বয়বত্বাৎ শ্রোত্রিয়ে তদুভয়াভাবাদাধিক্যমিত্যর্থঃ। শ্রোত্রিয়স্যাধিক্যান্তরমাহ গন্ধর্ব্বেতি ॥ ২৬। ২৭ ॥

ইদানীং গন্ধর্ব্বানন্দদ্বৈবিধ্যং দর্শয়িতুং শ্লোকদ্বয়েন গন্ধর্ব্বভেদমাহ অস্মিন্নিতি ॥ ২৮।২৯ ॥

চিরলোকপিত্রানন্দপ্রদর্শনায় চিরলোকপিতৄনাহ অগ্নিষ্বাত্তেতি। দেবানন্দত্রৈবিধ্যভেদজ্ঞানায় দেবভেদমাহ কল্পেতি ॥ ৩০।৩১ ॥

---

পূর্ব্বোক্ত রাজা ও বিবেকী উভয়ে সমান নিষ্কাম হইলেও ভোগ সাধনসঞ্চয় জন্য ও ভবিষ্যদ্বিনাশের ভয় জন্য রাজার দুঃখ হয়, কিন্তু বিবেকীর সে উভয়ই হয় না, অতএব তাঁহার আনন্দকে অধিক বলিয়া স্বীকার করা যায়, আর রাজার গন্ধর্ব্বলভ্য আনন্দে আশা হয়, বিবেকীর তাহাতেও আশা হয় না। ২৬।২৭।

যে ব্যক্তি ইহকল্পে মনুষ্য থাকিয়া অনুষ্ঠিত পুণ্যপাপ অনুসারে গন্ধর্ব্বযোনি প্রাপ্ত হয়, তাহাকে মর্ত্ত্য গন্ধর্ব্ব বলা যায়। আর পূর্ব্বকল্পে অনুষ্ঠিত পুণ্য অনুসারে পরকল্পের আদিতেই যিনি গন্ধর্ব্ব হইয়া উৎপন্ন হ'ন, তাঁহাকে দেবগন্ধর্ব্ব বলা যায়। ২৮।২৯।

অগ্নিষ্বাত্তা প্রভৃতিই পিতৃলোকে চিরবাসী পিতৃগণ। কল্পের আদিতে যাঁহারা দেবতারূপে আবির্ভূত, তাঁহারা আজান দেবতা; আর ইহকল্পে অশ্ব-

যমাগ্নিমুখ্যা দেবাঃ স্যুর্জ্ঞাতাবিন্দ্রবৃহস্পতী।
প্রজাপতির্বিরাট্ প্রোক্তো ব্রহ্মা সূত্রাত্মনামকঃ॥ ৩২॥
সার্ব্বভৌমাদিসূত্রান্তা উত্তরোত্তরকামিনঃ।
অবাঙ্মনসগম্যোঽয়মাত্মানন্দস্ততঃ পরঃ॥ ৩৩॥
তৈস্তৈঃ কাম্যেষু সর্ব্বেষু সুখেষু শ্রোত্রিয়ো যতঃ।
নিঃস্পৃহস্তেন সর্ব্বেষামানন্দাঃ সন্তি তস্য তে॥ ৩৪॥
সর্ব্বকামাপ্তিরেষোক্তা যদ্ বা সাক্ষিচিদাত্মনা।
স্বদেহবৎ সর্ব্বদেহেষ্বপি ভোগানবেক্ষতে॥ ৩৫॥
অজ্ঞস্যাপ্যেতদস্ত্যেব ন তু তৃপ্তিরবোধতঃ।

---

যমাগ্নীতি। ইন্দ্রবৃহস্পতী প্রসিদ্ধাবিত্যর্থঃ॥ ৩২॥

সার্ব্বভৌমাদিসূত্রান্তানাং শ্রোত্রিয়াৎ ন্যূনত্বদ্যোতনায়াহ সার্ব্বভৌমাদীতি। এভ্যঃ সর্ব্বেভ্যোঽধিকমানন্দমাহ অবাঙ্মনস ইতি। যতোঽয়মাত্মানন্দঃ অবাঙ্মনসগম্যঃ অত এভ্যঃ সর্ব্বেভ্যোঽধিক ইত্যর্থঃ॥ ৩৩॥

ইদানীমেষাং সর্ব্বেষামানন্দা যে তে শ্রোত্রিয়ে বিদ্যন্তে তস্য তেষু নিস্পৃহত্বাৎ ইত্যাহ তৈস্তৈরিতি॥ ৩৪॥

উপপাদিতমর্থমুপসংহরতি সর্ব্বকামেতি। ইদানীং পক্ষান্তরমাহ যদ্বা ইতি। যথা স্বদেহে আনন্দাকারবুদ্ধিসাক্ষিত্বেনানন্দিত্বম্ ইতরেষ্বপি দেহেষু তদ্বদিত্যর্থঃ॥ ৩৫

নন্বুক্তপ্রকারেণাজ্ঞস্যাপি সর্ব্বানন্দপ্রাপ্তিরস্তু ইত্যাশঙ্ক্য সর্ব্বেষু সর্ব্ববুদ্ধিসাক্ষ্যহমিতি জ্ঞানা-

---

মেধাদি কর্ম্ম করিয়া মহৎ দেবত্বপদ প্রাপ্তিপূর্ব্বক যাঁহারা আজান দেবতাদিগের পূজ্য হন, তাঁহারা কর্ম্মদেবতা; আর যম, অগ্নি, ইন্দ্র, বৃহস্পতি, প্রজাপতি, বিরাট্ ব্রহ্মা ও সূত্রাত্মা ইঁহাদিগের নাম জাতিদেবতা। ৩০—৩২।

সার্ব্বভৌম প্রভৃতি সূত্রাত্মাপর্য্যন্ত সকলেই উত্তরোত্তর শ্রেষ্ঠ আনন্দ কামনা করে, কিন্তু বাক্য মনের অগোচর যে আত্মানন্দ তাহা সমুদায় আনন্দ হইতে শ্রেষ্ঠ। সার্ব্বভৌমিক রাজা প্রভৃতির কাম্য যে সকল সুখ তাহাতে স্পৃহার অভাবহেতু সে সমুদায় আনন্দ তত্ত্বজ্ঞানীতে আছে। ৩৩।৩৪।

তত্ত্বজ্ঞানীর সেই আনন্দপ্রাপ্তিকে কামাপ্তি বা কামনাপূর্ত্তি বলা যায়, অথবা স্বদেহের ভোগদৃষ্টির ন্যায় সাক্ষিচৈতন্য দ্বারা স্থাবর জঙ্গম সমুদায় দেহে সমান ভোগদৃষ্টি তাঁহার হয়। অজ্ঞব্যক্তির সেই আনন্দ সত্ত্বেও বোধের

যো বেদ সোঽশ্নুতে সর্ব্বান্ কামানিত্যব্রবীৎ শ্রুতিঃ ॥৩৬॥
যদ্ বা সর্ব্বাত্মতা স্বস্য সাম্না গায়তি সর্ব্বদা।
অহমন্নং তথান্নাদশ্চেতি সামস্বধীয়তে ॥ ৩৭ ॥
দুঃখাভাবশ্চ কামাপ্তিরুভে হ্যেবং নিরূপিতে।
কৃতকৃত্যত্বমন্যচ্চ প্রাপ্তপ্রাপ্যত্বমীক্ষতাম্ ॥ ৩৮ ॥
উভয়ং তৃপ্তিদীপে হি সম্যগস্মাভিরীরিতম্।
ত এবাত্রানুসন্ধেয়াঃ শ্লোকা বুদ্ধিবিশুদ্ধয়ে ॥ ৩৯ ॥
(ঐহিকামুষ্মিকব্রাতসিদ্ধ্যৈ মুক্তেশ্চ সিদ্ধয়ে।
বহুকৃত্যং পুরাস্যাভূৎ তৎসর্ব্বমধুনা কৃতম্ ॥ ৪০॥
দেহৎ কৃতকৃত্যত্বং প্রতিযোগিপুরঃসরম্।
অনুসন্দধদেবায়মেবং তৃপ্যতি নিত্যশঃ ॥

ভাবায়েবমিত্যাহ অশ্লস্যেতি। উক্তার্থে তৈত্তিরীয়শ্রুতিং প্রমাণয়তি যো বেদ ইতি। গুহায়াং নিহিতং ব্রহ্ম যো বেদ সোঽশ্নুতে ইতি যোজনা ॥ ৩৬ ॥

ইদানীং তৃতীয়প্রকারমাহ যদ্বেতি। ইমান্ লোকান্ কামান্নিকামরূপ্যনুসঞ্চরন্ ইত্যাদিনেত্যর্থঃ ॥ ৩৭ ॥

অতীতগ্রন্থেন সিদ্ধমর্থং সংক্ষিপ্য দর্শয়তি দুঃখেতি ॥ ৩৮ ॥

অবশিষ্টং কৃতকৃত্যত্বং প্রাপ্তপ্রাপ্যত্বমিত্যুভয়ং তৃপ্তিদীপে ঐহিকামুষ্মিকব্রাতেত্যাদৌ দ্রষ্টব্যমিত্যাহ উভয়মিতি ॥ ৩৯ ॥

অভাবহেতু তৃপ্তি হয় না। শ্রুতিতে উক্ত হইয়াছে যে—যিনি পরব্রহ্মকে জানেন, তিনি সমুদায় কামনা উপভোগ করেন। ৩৫।৩৬।

অথবা সামোপনিষদে সামমন্ত্র দ্বারা আপনার সর্ব্বাত্মত্ব গীত হইয়াছে, আমি অন্ন, আমিই অন্নের ভোক্তা ইত্যাদি বাক্য সামমন্ত্রে পঠিত হইয়াছে। এইরূপে দুঃখাভাব ও সর্ব্বকামাপ্তি নিরূপিত হইল, এতদ্ভিন্ন কৃতকৃত্যতা ও প্রাপ্যপ্রাপ্যত্ব বিবেচনা করিবে, তদুভয় আমরা তৃপ্তিদীপে সম্যক্রূপে নিরূপণ করিয়াছি, বুদ্ধিশুদ্ধির নিমিত্ত সেইসকল শ্লোক এস্থলে উদ্ধৃত করিয়া পাঠ করিবে। ৩৭।৩৯।

দুঃখিনোঽজ্ঞাঃ সংসরন্তু কামং পুত্রাদ্যপেক্ষয়া।
পরমানন্দপূর্ণোঽহং সংসরামি কিমিচ্ছয়া॥
অনুতিষ্ঠন্তু কর্ম্মাণি পরলোকযিযাসবঃ।
সর্ব্বলোকাত্মকঃ কস্মাদনুতিষ্ঠামি কিং কথম্॥
ব্যাচক্ষতাং তে শাস্ত্রাণি বেদানধ্যাপয়ন্তু বা।
যেঽত্রাধিকারিণো মে তু নাধিকারোঽক্রিয়ত্বতঃ॥
নিদ্রাভিক্ষে স্নানশৌচে নেচ্ছামি ন করোমি চ।
দ্রষ্টারশ্চেৎ কল্পয়ন্তি কিং মে স্যাদন্যকল্পনাৎ॥
গুঞ্জাপুঞ্জাদি দহ্যেত নান্যারোপিতবহ্নিনা।
নান্যারোপিতসংসারধর্ম্মানেবমহং ভজে॥
শৃণ্বন্ত্বজ্ঞাততত্ত্বাস্তে জানন্ কস্মাচ্ছৃণোম্যহম্।
মন্যন্তাং সংশয়াপন্না ন মন্যেঽহমসংশয়ঃ॥
বিপর্য্যস্তো নিদিধ্যাসেৎ কিং ধ্যানমবিপর্য্যয়ে।
দেহাত্মত্ববিপর্য্যাসং ন কদাচিদ্ভজাম্যহম্॥
অহং মনুষ্য ইত্যাদিব্যবহারো বিনাপ্যমুম্
বিপর্য্যাসং চিরাভ্যস্তবাসনাতোঽবকল্পতে॥
আরব্ধকর্ম্মণি ক্ষীণে ব্যবহারো নিবর্ত্ততে।
কর্ম্মাক্ষয়ে ত্বসৌ নৈব শাম্যেদ্ধ্যানসহস্রতঃ॥
বিরলত্বং ব্যবহৃতেরিষ্টং চেদ্ধ্যানমস্তু তে।
অবাধিকাং ব্যবহৃতিং পশ্যন্ ধ্যায়াম্যহং কুতঃ॥
বিক্ষেপো নাস্তি যস্মান্মে ন সমাধিস্ততো মম।
বিক্ষেপো বা সমাধির্ব্বা মনসঃ স্যাদ্বিকারিণঃ॥
নিত্যানুভবরূপস্য কো মেঽত্রানুভবঃ পৃথক্।
কৃতং কৃত্যং প্রাপণীয়ং প্রাপ্তমিত্যেব নিশ্চয়ঃ॥
ব্যবহারো লৌকিকো বা শাস্ত্রীয়ো বান্যথাপি বা।
মমাকর্ত্তুরলেপস্য যথারব্ধং প্রবর্ত্ততাম॥

অথবা কৃতকৃত্যোঽপি লোকানুগ্রহকাম্যয়া।
শাস্ত্রীয়েণৈব মার্গেণ বর্ত্তেঽহং কা মম ক্ষতিঃ ॥
দেবার্চ্চনস্নানশৌচভিক্ষাদৌ বর্ত্ততাং বপুঃ।
তারং জপতু বাক্ তদ্বৎ পঠত্বাম্নায়মস্তকম্ ॥
বিষ্ণুং ধ্যায়তু ধীর্যদ্বা ব্রহ্মানন্দে বিলীয়তাম্।
সাক্ষ্যহং কিঞ্চিদপ্যত্র ন কুর্ব্বে নাপি কারয়ে ॥
কৃতকৃত্যতয়া তৃপ্তঃ প্রাপ্তপ্রাপ্যতয়া পুনঃ।
তৃপ্যন্নেবং স্বমনসা মন্যতেঽসৌ নিরন্তরম্ ॥
ধন্যোঽহং ধন্যোঽহং নিত্যং স্বাত্মানমঞ্জসা বেদ্মি।
ধন্যোঽহং ধন্যোঽহং ব্রহ্মানন্দো বিভাতি মে স্পষ্টম্ ॥
ধন্যোঽহং ধন্যোঽহং দুঃখং সাংসারিকং ন বীক্ষেঽদ্য।
ধন্যোঽহং ধন্যোঽহং স্বস্যাজ্ঞানং পলায়িতং ক্বাপি ॥
ধন্যোঽহং ধন্যোঽহং কর্ত্তব্যং মে ন বিদ্যতে কিঞ্চিৎ।
ধন্যোঽহং ধন্যোঽহং প্রাপ্তব্যং সর্ব্বমদ্য সম্পন্নম্ ॥
ধন্যোঽহং ধন্যোঽহং তৃপ্তের্মে কোপমা ভবেল্লোকে।
ধন্যোঽহং ধন্যোঽহং ধন্যো ধন্যঃ পুনঃপুনর্ধন্যঃ ॥
অহো পুণ্যমহো পুণ্যং ফলিতং ফলিতং দৃঢ়ম্।
অস্য পুণ্যস্য সম্পত্তেরহো বয়মহো বয়ম্ ॥
অহো শাস্ত্রমহো শাস্ত্রমহো গুরুরহো গুরুঃ।
অহো জ্ঞানমহো জ্ঞানমহো সুখমহো সুখম্ ॥ ) *

* ( ) বন্ধনমধ্যবর্ত্তিনঃ শ্লোকাস্তু দীপিকায়াং মুম্বয়ীমুদ্রিতপুস্তকে ক্বাপি দৃশ্যন্তে।

ব্রহ্মানন্দাভিধে গ্রন্থে চতুর্থোঽধ্যায় ঈরিতঃ।
বিদ্যানন্দস্তদুৎপত্তিপর্যন্তেঽভ্যাস ইষ্যতাম্ ॥ ৪০ ॥

ইতি ব্রহ্মানন্দে বিদ্যানন্দঃ সমাপ্তঃ ॥

---

এতদধ্যায়ার্থমুপসংহরতি ব্রহ্মানন্দেতি ॥ ৪০ ॥

ইতি ব্রহ্মানন্দে বিদ্যানন্দব্যাখ্যা সমাপ্তা ॥

---

ব্রহ্মানন্দনামক গ্রন্থের চতুর্থ অধ্যায়ে বিদ্যানন্দস্বরূপ নির্ণীত হইল, বিদ্যানন্দের উৎপত্তিপর্য্যন্ত তত্ত্বজ্ঞান অভ্যাস কর্ত্তব্য। ৪০।

ব্রহ্মানন্দে বিদ্যানন্দ নামক চতুর্দ্দশ অধ্যায় সমাপ্ত।

# পঞ্চদশ পরিচ্ছেদঃ।

ব্রহ্মানন্দে বিষয়ানন্দঃ।

অথাত্র বিষয়ানন্দো ব্রহ্মানন্দাংশরূপভাক্।
নিরূপ্যতে দ্বারভূতস্তদংশত্বং শ্রুতির্জগৌ ॥ ১ ॥
এষোঽস্য পরমানন্দো যোঽখণ্ডৈকরসাত্মকঃ।
অন্যানি ভূতান্যেতস্য মাত্রামেবোপভুঞ্জতে ॥ ২ ॥
শান্তা ঘোরাস্তথা মূঢ়া মনসো বৃত্তয়স্ত্রিধা।
বৈরাগ্যং ক্ষান্তিরৌদার্য্যমিত্যাদ্যাঃ শান্তবৃত্তয়ঃ ॥ ৩ ॥
তৃষ্ণা স্নেহো রাগলোভাবিত্যাদ্যা ঘোরবৃত্তয়ঃ।

---

নত্বা শ্রীভারতীতীর্থবিদ্যারণ্যমুনীশ্বরৌ।
তন্যতে বিষয়ানন্দে ব্রহ্মানন্দে চ পঞ্চমঃ॥

পঞ্চমাধ্যায়স্য প্রতিপাদ্যমর্থমাহ অথেতি। ননু বিষয়ানন্দস্য লৌকিকত্বাৎ মোক্ষশাস্ত্রে নিরূপণমনুপপন্নমিত্যাশঙ্ক্য তস্য লোকপ্রসিদ্ধত্বেঽপি ব্রহ্মানন্দৈকদেশত্বেন ব্রহ্মজ্ঞানোপযোগিত্বাৎ তন্নিরূপণং যুক্তমিত্যাহ দ্বারভূত ইতি। ব্রহ্মানন্দৈকদেশত্বে কিং প্রমাণমিত্যাশঙ্ক্যাহ তদংশত্বমিতি ॥ ১ ॥

তামেব শ্রুতিমর্থতঃ পঠতি এষ ইতি ॥ ২ ॥

ইদানীং বিষয়ানন্দস্য ব্রহ্মানন্দাংশত্বপ্রদর্শনায় তদুপাধিভূতান্তঃকরণবৃত্তীর্বিভজতে শান্তা

---

ব্রহ্মানন্দের অনন্তর অংশ বিষয়ানন্দ নিরূপণ করিতেছি, যেহেতু এই বিষয়ানন্দ লৌকিক আনন্দ হইলেও ব্রহ্মজ্ঞানে ইহার উপযোগিতা আছে, আর ইহা যে ব্রহ্মানন্দের অংশ তাহা শ্রুতিতে উক্ত হইয়াছে; যথা—অখণ্ড একরসস্বরূপ যে পরমাত্মা, তিনি এই জগতের পরম আনন্দ, এই পরমানন্দের কলামাত্র আনন্দকে জীবসকল উপভোগ করে। ১।২।

অন্তঃকরণের বৃত্তি তিন প্রকার,—শান্ত, ঘোর এবং মূঢ়। বৈরাগ্য, ক্ষমা ও ঔদার্য্য ইত্যাদি বৃত্তির নাম শান্তবৃত্তি; বিষয়তৃষ্ণা, স্নেহ, রাগ, ও লোভ

সম্মোহো ভয়মিত্যাদ্যাঃ কথিতা মূঢ়বৃত্তয়ঃ ॥ ৪ ॥
বৃত্তিষেতাসু সর্ব্বাসু ব্রহ্মণশ্চিৎস্বভাবতা।
প্রতিবিম্বতি শান্তাসু সুখঞ্চ প্রতিবিম্বতি ॥ ৫ ॥
রূপং রূপং বভূবাসৌ প্রতিরূপ ইতি শ্রুতিঃ।
উপমা সূর্য্যকেত্যাদি সূত্রয়ামাস সূত্রকৃৎ ॥ ৬ ॥
এক এব হি ভূতাত্মা ভূতে ভূতে ব্যবস্থিতঃ।
একধা বহুধা চৈব দৃশ্যতে জলচন্দ্রবৎ ॥ ৭ ॥
জলে প্রবিষ্টশ্চন্দ্রোঽয়মস্পষ্টঃ কলুষে জলে।
বিস্পষ্টো নির্ম্মলে তদ্বদ্ দ্বেধা ব্রহ্মাপি বৃত্তিষু ॥ ৮ ॥

---

ইতি। শান্তা সাত্ত্বিক্যো বৃত্তয়ঃ। ঘোরা রাজস্যঃ। মূঢ়াস্তামস্যঃ। তা এব শান্তাদিবৃত্তীর্দর্শয়তি বৈরাগ্যমিত্যাদিনা ॥ ৩। ৪ ॥

উদাহৃতাসু বিবিধাস্বপি বৃত্তিষু ব্রহ্মণশ্চিদ্রূপস্য প্রতিভাতীত্যাহ বৃত্তিষিতি। শান্তাসু বিশেষমাহ শান্তাস্বিতি। চশব্দ অনুক্তদ্বয়সমুচ্চয়ার্থঃ ॥ ৫ ॥

উক্তার্থে শ্রুতিবাক্যমর্থতঃ পঠতি রূপমিতি। তত্রৈব ব্যাসসূত্রস্যৈকদেশং পঠতি 'উপমেতি'। অতএব চেতি সূত্রস্য পূর্ব্বভাগঃ ॥ ৬ ॥

স্বরূপেণৈকস্যোপাধিসম্পর্কাৎ নানাত্বে শ্রুতিং পঠতি এক এবেতি ॥ ৭ ॥

ননু নিরবয়বস্য ব্রহ্মণঃ কচিৎ চিন্মাত্রভানম্ ইতরত্র শান্তবৃত্তৌ চিদানন্দভানমিত্যেবং বিভাগকরণমনুপপন্নমিত্যাশঙ্ক্য চন্দ্রদৃষ্টান্তেন পরিহরতি জলচন্দ্রবদিতি। দৃষ্টান্তং বিবৃণোতি জলে প্রবিষ্ট ইতি। উক্তমর্থং দার্ষ্টান্তিকে যোজয়তি তদ্বদিতি ॥ ৮ ॥

---

ইত্যাদি বৃত্তির নাম ঘোরবৃত্তি ; আর মোহ, ভয়, প্রভৃতি বৃত্তিকে মূঢ়বৃত্তি বলা যায়। ৩।৪।

পূর্ব্বোক্ত সমুদায় বৃত্তিতেই পরব্রহ্মের চৈতন্য স্বরূপ মাত্র প্রতিবিম্বিত হয়, আর কেবল শান্তবৃত্তিতে চৈতন্য ও সুখ উভয়েই প্রতিবিম্বিত হইয়া থাকে। তাদৃশ অভিপ্রায়েই শ্রুতিতে উক্ত হইয়াছে যে—পরব্রহ্ম সমুদায়বৃত্তিতে স্বরূপে অনুগত হইয়া তত্তদ্বৃত্তির সদৃশ হন এবং বেদান্তসূত্রে বেদব্যাসও জল-প্রতিবিম্বিত সূর্য্য প্রভৃতি দৃষ্টান্ত দিয়াছেন। ৫।৬।

একমাত্র পরমাত্মা সর্ব্বভূতে অবস্থিত হইয়া উপাধির তারতম্যানুসারে জলপ্রতিবিম্বিত চন্দ্রের ন্যায় একরূপ ও নানারূপে দৃষ্ট হন। যেমন অপরি-

ঘোরমূঢ়াসু মালিন্যাৎ সুখাংশশ্চ তিরোহিতঃ।
ঈষন্নৈর্ম্মল্যতস্তত্র চিদংশপ্রতিবিম্বনম্ ॥ ৯ ॥
যদ্বাপি নির্ম্মলে নীরে বহ্নেরৌষ্ণ্যস্য সংক্রমঃ।
ন প্রকাশস্য তদ্বৎ স্যাচ্চিন্মাত্রোদ্ভূতিরত্র চ ॥ ১০ ॥
কাষ্ঠে ত্বৌষ্ণ্যপ্রকাশৌ দ্বাবুদ্ভবং গচ্ছতো যথা।
শান্তাসু সুখচৈতন্যে তথৈবোদ্ভূতিমাপ্নুতঃ ॥ ১১ ॥
বস্তুস্বভাবমাশ্রিত্য ব্যবস্থা তূভয়োঃ সমা।
অনুভূত্যনুসারেণ কল্প্যতে হি নিয়ামকম্ ॥ ১২ ॥
ন ঘোরাসু ন মূঢ়াসু সুখানুভব ঈক্ষ্যতে।
শান্তাস্বপি ক্বচিৎ কশ্চিৎ সুখাতিশয় ঈক্ষ্যতাম্ ॥ ১৩ ॥

---

তদেবোপপাদয়তি ঘোরমূঢ়াস্বিতি ॥ ৯ ॥

ননু চন্দ্রোপাধেরুদকস্য দ্বৈবিধ্যাদংশভানমুপপন্নং প্রকৃতে তু উপাধিভূতস্যান্তঃকরণস্য একত্বাদেকাংশভানমনুপপন্নমিত্যাশঙ্ক্য দৃষ্টান্তান্তরমাহ যদ্বাপীতি ॥ ১০ ॥

ইদানীং শান্তাসু বৃত্তিষু চিদানন্দয়োঃ প্রতীতৌ দৃষ্টান্তান্তরমাহ কাষ্ঠে ইতি ॥ ১১ ॥

নন্বেবং ব্যবস্থা কুতঃ ক্রিয়তেত্যাশঙ্ক্যাহ বস্তুস্বরূপমিতি। তত্র কিং নিয়ামকমিত্যাশঙ্ক্যাহ, অনুভূত্যনুসারেণেতি ॥ ১২ ॥

অনুভূতিমেব দর্শয়তি ন ঘোরাস্বিতি। শান্তাস্বপ্যানন্দপ্রকাশোঽস্তি সোঽপি ক্বচিৎ কশ্চিৎ সুখাতিশয়ো ভবতীত্যাহ শান্তেতি ॥ ১৩॥

---

ক্ষুব্ধ জলে প্রতিবিম্বিত যে চন্দ্র, তাঁহাকে অস্পষ্ট দেখা যায় ও নির্ম্মল জলে বিস্পষ্ট দেখা যায়, তদ্রূপ মালিন্যপ্রযুক্ত ঘোর ও মূঢ়বৃত্তিতে সুখাংশ তিরোহিত হয়, আর ঈষৎ নির্ম্মলতাহেতু তাহাতে চৈতন্য প্রতিবিম্বিত হয়। অথবা যেমন নির্ম্মল জলে অগ্নি নিক্ষেপ করিলে কিয়ৎকাল সেই অগ্নির উষ্ণতা থাকে কিন্তু প্রকাশ থাকে না, তদ্রূপ ঘোর মূঢ়বৃত্তিতে সুখ ব্যতীত কেবল চৈতন্য মাত্র উদ্ভূত হয়। আর যেমন শুষ্ক কাষ্ঠে অগ্নির উষ্ণতা ও প্রকাশ উভয়ই থাকে, তদ্রূপ শান্তবৃত্তিতে সুখ ও চৈতন্য উভয়ই প্রকাশিত হয়। ৭—১১।

বস্তুসকলের স্বভাবকে আশ্রয় করিয়া পূর্ব্বোক্ত উভয়প্রকার ব্যবস্থা নিরূপিত হইয়াছে, স্বীয় অনুভূতি অনুসারে তাহার প্রমাণ কল্পনা করিতে হয়।

গৃহক্ষেত্রাদিবিষয়ে যদা কামো ভবেত্তদা।
রাজসত্বাস্ত কামস্য ঘোরত্বাৎ তত্র নো সুখম্ ॥ ১৪ ॥
সিধ্যেন্ন বেত্যস্তি দুঃখমসিদ্ধৌ তদ্বিবর্দ্ধতে।
প্রতিবন্ধে ভবেৎ ক্রোধো দ্বেষো বা প্রতিকূলতঃ ॥ ১৫ ॥
অশক্যশ্চেৎ প্রতীকারো বিষাদঃ স্যাৎ স তামসঃ।
ক্রোধাদিষু মহাদুঃখং সুখশঙ্কাপি দূরতঃ ॥ ১৬ ॥
কাম্যলাভে হর্ষবৃত্তিঃ শান্তা তত্র মহৎ সুখম্।
ভোগে মহত্তরং লাভপ্রসক্তাবীষদেব হি ॥ ১৭ ॥
মহত্তমং বিরক্তৌ তু বিদ্যানন্দে তদীরিতম্।
এবং ক্ষান্তৌ তথৌদার্য্যে ক্রোধলোভনিবারণাৎ ॥ ১৮ ॥

---

পূর্ব্বোক্তঘোরমূঢ়বৃত্তিষু সুখাভাবমেবাভিনীয় দর্শয়তি গৃহেতি ॥ ১৪ ॥

সুখাসিদ্ধৌ দুঃখং বর্দ্ধতে সুখস্য প্রতিবন্ধে তু ক্রোধো ভবতি। সুখাভাবে কারণান্তরমাহ দ্বেষ ইতি। তত্র প্রতিকূলদুঃখস্য সাক্ষাদিত্যর্থঃ ॥ ১৫ ॥

পরিহারস্যাশক্যত্বে বিষাদো ভবতি তস্যাপি তামসত্বান্ন তত্র সুখমিত্যাহ—অশক্য ইতি। ক্রোধাদিষ্বিত্যাদয়ঃ স্পষ্টার্থাঃ ॥ ১৬। ১৭। ১৮ ॥

---

ঘোর বৃত্তিতে বা মূঢ় বৃত্তিতে সুখানুভব দেখা যায় না, কিন্তু শান্ত বৃত্তিতে কখন অতিশয় সুখবোধ হয়। ১২।১৩।

গৃহ, ক্ষেত্র বা ধনাদিবিষয়ে যখন কামনা হয়, তখন রজোগুণবিকার, সেই কামনার ঘোরত্বপ্রযুক্ত তাহাতে সুখানুভব হয় না, আর সেই সেই বিষয় সিদ্ধ হয় কি না, এই আশঙ্কায় দুঃখ উপস্থিত হয়, এবং সেই সেই বিষয় অসিদ্ধ হইলে, তাহাতে দুঃখের বৃদ্ধি হয়, যে বাধায় কাম্যলাভে ব্যাঘাত হয়, তাহার প্রতি ক্রোধ বা দ্বেষ উপস্থিত হয়; তাহাও সুখপ্রতিবন্ধক। ১৪।১৫।

যদি বাধা পরিহার করিতে সামর্থ্য না হয়, তবে তাহাতে বিষাদ উপস্থিত হয়, সেই বিষাদ তমোগুণবিকার। ক্রোধাদিতে মহৎ দুঃখ হয়, তাহাতে সুখের লেশ মাত্র নাই। কাম্য বস্তুর লাভে যে হর্ষ বৃত্তি হয়, তাহার নাম শান্তবৃত্তি; তাহাতে মহৎ সুখ হয়, আর সেই কাম্য বস্তুর ভোগে মহত্তর সুখ, কিন্তু তাহার লাভ সম্ভাবনায় ঈষৎ সুখ হয়। ১৬।১৭।

সমুদায় বিষয়ভোগে যে বিরক্তি তাহাতে মহত্তর সুখ হয়, ইহা বিদ্যা-

যত্তৎসুখং ভবেৎ তৎ তদ্ব্রহ্মৈব প্রতিবিম্বনাৎ।
বৃত্তিষন্তর্মুখা স্বস্য নির্বিঘ্নং প্রতিবিম্বনম্ ॥ ১৯ ॥
সত্তা চিতিঃ সুখঞ্চেতি স্বভাবা ব্রহ্মণস্ত্রয়ঃ।
মৃচ্ছিলাদিষু সত্তৈব ব্যজ্যতে নেতরদ্বয়ম্ ॥ ২০ ॥
সত্তা চিতিদ্বয়ং ব্যক্তং ধীবৃত্ত্যোর্ঘোরমূঢ়য়োঃ।
শান্তবৃত্তৌ ত্রয়ং ব্যক্তং মিশ্রং ব্রহ্মেত্থমীরিতম্ ॥ ২১ ॥
অমিশ্রং জ্ঞানযোগাভ্যাং তৌ চ পূর্ব্বমুদীরিতৌ।
আদ্যেঽধ্যায়ে যোগচিন্তা জ্ঞানমধ্যায়য়োর্দ্বয়োঃ ॥ ২২ ॥
অসত্তা জাড্যদুঃখে দ্বে মায়ারূপং ত্রয়ং ত্বিদম্।

---

এবং ক্ষান্ত্যাদীনাং সিদ্ধমিত্যাহ বৃত্তিষিতি ॥ ১৯ ॥

ইদানীং সর্ব্বত্র ব্রহ্মস্বরূপানুভূতিপ্রদর্শনায় তৎস্বরূপং স্মারয়তি সত্তেতি। মৃচ্ছিলাদিষু সত্তামাত্রমিত্যর্থঃ ॥ ২০ ॥

ঘোরমূঢ়য়োঃ দ্বয়োঃ সত্তাচিতী দ্বে শান্তবৃত্তৌ সচ্চিদানন্দাস্ত্রয়োঽপি ব্যক্তাঃ। এবং সপ্রপঞ্চং ব্রহ্মাভিহিতমিত্যাহ মিশ্রমিতি ॥ ২১ ॥

অমিশ্রং কুতো জ্ঞায়তে ইত্যাশঙ্ক্যাহ অমিশ্রমিতি। তৌ জ্ঞানযোগৌ পূর্ব্বমেবোক্তাবিত্যর্থঃ। কুত্রোক্তাবিত্যাশঙ্ক্য যোগঃ প্রথমাধ্যায়ে উক্ত ইত্যাহ আদ্যে ইতি। সমনন্তরাধ্যায়য়োর্জ্ঞানমুক্তমিত্যাহ জ্ঞানমিতি ২২ ॥

---

নন্দনিরূপণপ্রসঙ্গ কথিত হইয়াছে। এই প্রকার ক্রোধ ও লোভের অভাবহেতু ক্ষান্তি ও ঔদার্য্যেও মহত্তম সুখ হয়। যে যে বৃত্তিতে যে যে প্রকার সুখ হয়, সমুদায়ই প্রতিবিম্বিত ব্রহ্মচৈতন্য মাত্র; অন্তর্মুখ বৃত্তিতে চৈতন্য প্রতিবিম্বিত হয়। ১৮।১৯।

পরব্রহ্মের তিন স্বরূপ,—সত্তা, চৈতন্য ও সুখ। মৃত্তিকা-পর্ব্বতাদি জড়পদার্থে সত্তামাত্র অভিব্যক্ত হয়, আর ঘোর-মূঢ় বুদ্ধিবৃত্তিতে সত্তা ও চৈতন্য উভয় প্রকাশিত হয় এবং শান্তবৃত্তিতে সত্তা, চৈতন্য ও সুখ তিনই প্রকাশ পায়; এইরূপে মিশ্র ব্রহ্মজ্ঞান কথিত হইল। আর প্রথমাধ্যায়ে যোগ ও দ্বিতীয় তৃতীয় অধ্যায়ে যে জ্ঞান উক্ত হইয়াছে, তাহাতে অমিশ্র ব্রহ্মজ্ঞান কথিত হইয়াছে। ২০—২২।

অসত্তা নরশৃঙ্গাদৌ জাড্যং কাষ্ঠশিলাদিষু ॥ ২৩ ॥
ঘোরমূঢ়ধিয়োর্দুঃখমেবং মায়া বিজৃম্ভিতা।
শান্তাসু জড়বুদ্ধৈক্যান্মিশ্রং ব্রহ্মেতি কীর্ত্তিতম্ ॥ ২৪ ॥
এবংস্থিতেঽত্র যো ব্রহ্ম ধ্যাতুমিচ্ছেৎ পুমানসৌ।
নৃশৃঙ্গাদিমুপেক্ষেত শিষ্টং ধ্যায়েদ্ যথাযথম্ ॥ ২৫ ॥
শিলাদৌ নামরূপে দ্বে ত্যক্ত্বা সন্মাত্রচিন্তনম্।
ত্যক্ত্বা দুঃখং ঘোরমূঢ়ধিয়োঃ সচ্চিদ্বিবেচনম্ ॥ ২৬ ॥
শান্তাসু সচ্চিদানন্দাংস্ত্রীনপ্যেবং বিচিন্তয়েৎ।
কনিষ্ঠমধ্যমোৎকৃষ্টাস্তিস্রশ্চিন্তাঃ ক্রমাদিমাঃ ॥ ২৭ ॥

---

ননু সচ্চিদানন্দানাং ব্রহ্মস্বরূপত্বে মায়ায়াঃ কিং স্বরূপমিত্যাশঙ্ক্যাহ অসত্তেতি। নরশৃঙ্গাদাবসত্ত্বং মৃচ্ছিলাদিষু জাড্যমিতি বিবেকঃ ॥ ২৩ ॥

দুঃখং কুত্রেত্যাশঙ্ক্যাহ ঘোরমূঢ়েতি। এবং সর্ব্বত্র মায়া প্রতিভাসতে ইত্যাহ এবমিতি। শান্তাদিষু বৃত্তিষু ব্রহ্মণো মিশ্রত্বে কিং কারণমিত্যত আহ শান্তেতি ॥ ২৪ ॥

এতদভিধানং কিমর্থমিত্যাশঙ্ক্য ব্রহ্মধ্যানার্থমিত্যাহ এবংস্থিতে ইতি। নৃশৃঙ্গাদিমুপেক্ষ্যাত্র ব্রহ্মধ্যানং কর্ত্তব্যমিত্যাহ নৃশৃঙ্গাদিমিতি ॥ ২৫ ॥

অত্রেত্যুক্তং কুত্র কথং ধ্যেয়মিত্যত আহ শিলাদাবিতি। ঘোর-মূঢ়বুদ্ধিবৃত্তিষু দুঃখং পরিত্যজ্য সচ্চিদ্রূপয়োশ্চিন্তনং কর্ত্তব্যমিত্যাহ ত্যক্ত্বেতি ॥ ২৬ ॥

সাত্ত্বিকবৃত্তিষু সচ্চিদানন্দাস্ত্রয়োঽপি ধ্যেয়া ইত্যাহ শান্তেতি। এষাং ধ্যানানাং কিং সাম্যং নেত্যাহ কনিষ্ঠেতি ॥ ২৭ ॥

---

মায়ার স্বরূপ তিন প্রকার।—অসত্তা, জড়তা ও দুঃখ। নরশৃঙ্গ প্রভৃতিতে অসত্তা কাষ্ঠ ও প্রস্তরাদিতে জড়তা, এবং ঘোর ও মূঢ় বুদ্ধিবৃত্তিতে দুঃখ প্রকাশিত হয়। এইপ্রকারে মায়া সর্ব্বত্র প্রকাশিত আছে। শান্ত বৃত্তিতে জড় ও বোধ উভয়ের ঐক্যহেতু তত্রস্থ চৈতন্যকে মিশ্রব্রহ্ম বলা যায়। ২৩।২৪।

এই প্রকার মিশ্র ও অমিশ্র উভয় প্রকার পরব্রহ্ম নির্ণীত হইলে যে পুরুষ তাঁহাকে ধ্যান করিতে ইচ্ছা করেন, তিনি নরশৃঙ্গাদি পরিত্যাগ করিয়া যথাযোগ্যভাবে অবশিষ্ট ধ্যান করিবেন, যথা,—শিলাদিতে নাম রূপ পরিত্যাগ করিয়া কেবল সৎমাত্র, এবং ঘোর ও মূঢ় বৃত্তিতে দুঃখ পরিত্যাগ করিয়া

মন্দস্য ব্যবহারেঽপি মিশ্রব্রহ্মণি চিন্তনম্।
উৎকৃষ্টং বক্তুমেবাত্র বিষয়ানন্দ ঈরিতঃ ॥ ২৮ ॥
ঔদাসীন্যে তু ধীবৃত্তেঃ শৈথিল্যাদুত্তমোত্তমম্।
চিন্তনং বাসনানন্দো ধ্যানমুক্তং চতুর্ব্বিধম্ ॥ ২৯ ॥
ন ধ্যানং জ্ঞানযোগাভ্যাং ব্রহ্মবিদ্যৈব সা খলু।
ধ্যানেনৈকাগ্রমাপন্নে চিত্তে বিদ্যা স্থিরীভবেৎ ॥ ৩০ ॥
বিদ্যায়াং সচ্চিদানন্দা অখণ্ডৈকরসাত্মতাম্।
প্রাপ্য ভান্তি ন ভেদেন ভেদকোপাধিবর্জ্জনাৎ ॥ ৩১ ॥

---

ইদানীং নির্গুণব্রহ্মধ্যানেঽনধিকারিণোঽনুগ্রহায় মিশ্রব্রহ্মধ্যানেঽধিকার উক্ত ইত্যভিপ্রায়েণাহ মন্দস্যেতি ॥ ২৮ ॥

এবং সবৃত্তিকং ধ্যানত্রয়মুক্ত্বা অবৃত্তিকং ধ্যানমাহ ঔদাসীন্যে ত্বিতি। উত্তমোত্তমমিতি এভ্যো ধ্যানেভ্যোঽধিকমিত্যর্থঃ। উক্তং নিগময়তি ধ্যানমুক্তমিতি ॥ ২৯ ॥

অয়ং ধ্যানাবান্তরভেদঃ কিং নেত্যাহ ন ধ্যানমিতি। তর্হি কিমেতদিত্যাশঙ্ক্যাহ ব্রহ্মবিদ্যেতি। ইয়ং ব্রহ্মবিদ্যা কথমুৎপন্নেত্যাশঙ্ক্যাহ ধ্যানেনেতি ॥ ৩০ ॥

অস্যা বিদ্যাত্বে হেতুমাহ বিদ্যায়ামিতি ॥ ৩১ ॥

---

সচ্চিৎ মাত্র, এবং শান্ত বৃত্তিতে সৎচিৎ ও সুখ তিনই চিন্তা করিবেন। মন্দ, মধ্যম ও উৎকৃষ্ট এই তিন প্রকার অধিকারীর প্রতি তিনপ্রকার চিন্তা উক্ত হইল। ২৫—২৭।

নির্গুণ ব্রহ্মধ্যানে অনধিকারী যে সকল মন্দ ব্যক্তি তাহাদিগের মিশ্র ব্রহ্ম চিন্তা করাই উৎকৃষ্ট কল্প, ইহা নির্দ্দেশ করিবার নিমিত্ত এই বিষয়ানন্দ কীর্ত্তিত হইল। এই মিশ্র ব্রহ্মচিন্তা দ্বারা ক্রমশ ঔদাসীন্য হইলে তাহাতে ধীবৃত্তির শৈথিল্য বশতঃ ক্রমে বাসনানন্দরূপ উত্তম উত্তম চিন্তা হয়, এইরূপে চারি প্রকার ধ্যান উক্ত হইল। ব্রহ্মবিদ্যা ধ্যান নহে, তাহা বিদ্যা, পূর্ব্বোক্ত জ্ঞান ও যোগ দ্বারা সেই বিদ্যা উৎপন্ন হয়। ধ্যান দ্বারা চিত্ত একাগ্র হইলে সেই ব্রহ্মবিদ্যা স্থিরীকৃত হয়। ব্রহ্মবিদ্যা স্থিরীকৃত হইলে তাহাতে একরস হইয়া সচ্চিদানন্দ প্রকাশিত হয়, সে সময়ে ভেদক উপাধি থাকাতে আর কোন প্রকার প্রভেদ থাকে না। ২৮—৩১।

শান্তা ঘোরাঃ শিলাদ্যাশ্চ ভেদকোপাধয়ো মতাঃ ।
যোগাদ্ বিবেকতশ্চৈষামুপাধীনামপাকৃতিঃ ॥ ৩২ ॥
নিরুপাধি ব্রহ্মতত্ত্বে ভাসমানে স্বয়ংপ্রভে ।
অদ্বৈতে ত্রিপুটী নাস্তি ভূমানন্দোঽত উচ্যতে ॥ ৩৩ ॥
ব্রহ্মানন্দাভিধে গ্রন্থে পঞ্চমাধ্যায় ঈরিতঃ
বিষয়ানন্দ এতেন দ্বারেণান্তঃ প্রবিশ্যতাম্ ॥ ৩৪ ॥
শ্রীমচ্ছঙ্করোহনেন ব্রহ্মানন্দেন সর্ব্বদা ।
পায়াচ্চ প্রাণিনঃ সর্ব্বান্ স্বাশ্রিতান্ শুদ্ধমানসান্ ॥ ৩৫ ॥

ইতি ব্রহ্মানন্দে বিষয়ানন্দঃ সমাপ্তঃ ॥

**ইতি শ্রীমৎপরমহংসপরিব্রাজকাচার্য্য-ভারতীতীর্থবিদ্যারণ্যমুনীশ্বর-বিরচিতপঞ্চদশপ্রকরণাত্মকপঞ্চদশীগ্রন্থঃ সমাপ্তঃ ॥**

ভেদকোপাধিবর্জ্জনাদিত্যুক্তং তানেব ভেদকোপাধীনাহ শান্তা ঘোরা ইতি। এতেষাং পরিহারঃ কেনোপায়েন ইত্যাশঙ্ক্যাহ যোগাদ্ বিবেক ইতি ॥ ৩২ ॥

ফলিতমাহ নিরুপাধীতি। ত্রিপুটীভানাভাবাৎ ভূমানন্দোঽয়মুচ্যতে ইত্যর্থঃ ॥ ৩৩ ॥

গ্রন্থমুপসংহরতি ব্রহ্মানন্দেতি ॥ ৩৪ ॥

নির্ব্বিঘ্নগ্রন্থসমাপ্তিদ্যোতনার্থং দেবতানামোচ্চারণপূর্ব্বকশিষ্যাশীর্ব্বাদসূচকং শ্লোকমাহ শ্রীমদিতি ॥ ৩৫ ॥

ইতি ব্রহ্মানন্দে বিষয়ানন্দব্যাখ্যা সমাপ্তা ॥

ইতি শ্রীপরমহংসপরিব্রাজকাচার্য্য-শ্রীভারতীতীর্থবিদ্যারণ্যমুনিবর্য্যশিষ্যেণ শ্রীরামকৃষ্ণাখ্যবিদুষা বিরচিতা পঞ্চদশপ্রকরণাত্মকপঞ্চদশ্যাখ্যগ্রন্থস্য টীকা সমাপ্তা।

---

শান্ত বৃত্তি, ঘোর বৃত্তি ও শিলাদি বাহ্য বিষয় প্রভৃতিকে ভেদক উপাধি বলা যায়, যোগ ও বিবেকদ্বারা সেই উপাধি সকল বিনষ্ট হইলে স্বয়ংপ্রকাশ-স্বরূপ নিরুপাধি অদ্বৈত ব্রহ্মতত্ত্ব অবভাসিত হয়। তাহাতে আর ত্রিপুটী থাকে না, তাহাকেই ভূমানন্দ বলিয়া নির্দ্দেশ করা যায়। ৩২।৩৩।

ব্রহ্মানন্দ নামক গ্রন্থের পঞ্চমাধ্যায়ে এই বিষয়ানন্দ উক্ত হইল, ইহার দ্বারা ব্রহ্মানন্দে প্রবিষ্ট হইবে, এই ব্রহ্মানন্দ চিন্তা দ্বারা ঈশ্বর সর্ব্বদা প্রীত হইয়া বিশুদ্ধচিত্ত আশ্রিত জীব সকলকে প্রতিপালন করুন। ৩৪।৩৫।

ইতি ব্রহ্মানন্দে বিষয়ানন্দ নামক পঞ্চদশ পরিচ্ছেদ সমাপ্ত ।

সম্পূর্ণম্ ।

# বিজয়া বটিকা।

## সর্ব্বপ্রকার জ্বরের মহৌষধ।

### বিজয়া বটিকার প্রসিদ্ধি।

"বিজয়া বটিকা" আজ ভারতপ্রসিদ্ধ। অধিক কি, পারস্থে, আরব-দেশে, মিশরে, দক্ষিণ আফ্রিকায় এবং লণ্ডন মহানগরেও বিজয়া বটিকা যাইতেছে। দরিদ্রের কুটীরে, রাজ্যেশ্বর রাজার সিংহাসন সমীপে, আজ বিজয়া বটিকা সমভাবে বর্ত্তমান। বিজয়া বটিকা প্রকৃতই যেন ব্রহ্মাণ্ড বিজয় করিতে বসিয়াছে।

ইংরেজরমণী-কুলের বিজয়া বটিকা বিশেষ প্রিয় বস্তু। জানি না কেন, কোন গুণে বিজয়া বটিকা স্বদেশী সামগ্রী হইয়াও ইংরেজ নর-নারীর মন আকর্ষণ করিল। জাপানদেশে বিজয়া বটিকার বড় আদর।

---

## বিজয়া বটিকার শক্তি।

বিজয়া বটিকার শক্তি, মন্ত্রশক্তিবৎ অদ্ভুত। যে জ্বররোগ ডাক্তারী কবিরাজী বা হোমিওপ্যাথি চিকিৎসায় আরোগ্য হয় নাই, আত্মীয়-স্বজন যে রোগীর জীবনের আশা পর্য্যন্ত একেবারে ছাড়িয়া দিয়াছেন, এমন বহু-সংখ্যক রোগীও বিজয়া বটিকা সেবনে আরোগ্য লাভ করিয়াছে।

সময়-বিশেষে বিজয়া বটিকা বজ্রাপেক্ষাও কঠোর,—আবার সময়-বিশেষে বিজয়া বটিকা কুসুম অপেক্ষাও কোমল। সামান্ত মাথাধরা হইতে আরম্ভ করিয়া, নাগাইদ অতি গুরুতর প্রাণসঙ্কট পীড়া পর্য্যন্ত বিজয়া বটিকা দ্বারা সহজে আরোগ্য হইতেছে। বিজয়া বটিকার এইখানেই মহত্ব—এইখানেই গুণপনা,—এইখানেই অলৌকিকত্ব।

## বিজয়া বটিকার অলৌকিকত্ব।

রোগীর নাড়ীতে ২৪ ঘণ্টাই জ্বর আছে, প্লীহার কামড়ানী এবং যকৃতের টাটানিতে রোগী অস্থির হইয়াছে, রোগীর হাত মুখ পা পর্য্যন্ত ফুলিয়াছে, চক্ষু হরিদ্রাবর্ণ হইয়াছে,—এমন বিবিধ ব্যাধিগ্রস্ত রোগীও বিজয়া বটিকা সেবনে আরোগ্য হইতেছেন;—অথচ এদিকে আপনার জ্বরজ্বালা কিছুই নাই,—প্লীহা-যকৃৎ নাই—সহজ শরীরে আপনি বিজয়া বটিকা সেবন করুন; আপনার ক্ষুধাবৃদ্ধি হইবে, পুরুষত্ববৃদ্ধি হইবে এবং লাবণ্যবৃদ্ধি হইবে। সুতরাং বিজয়া বটিকাকে অভূতপূর্ব্ব অলৌকিক শক্তিধর ঔষধ কে না বলিবে?

---

## বিজয়া বটিকা এবং কুইনাইন।

কুইনাইন সেবনে যে জ্বর যায় না, বিজয়া বটিকায় সহজেই তাহা আরাম হয়। দশ পনর দিন অন্তর পুনঃপুনঃ জ্বররোগে যিনি কষ্ট পাইতেছেন, বিজয়া বটিকা তাঁহার জ্বররোগে ব্রহ্মাস্ত্র-স্বরূপ।

বিজয়া বটিকার নিকট কুইনাইন চির পরাজিত। বিজয়া বটিকার প্রাদুর্ভাবে অনেক গ্রাম ও নগরে কুইনাইনের প্রভুত্ব কমিয়া আসিতেছে। বিজয়া বটিকার এই গুণে অনেকেই মোহিত।

---

## মূল্যাদি।

| বটিকার | সংখ্যা | মূল্য | ডাঃমাঃ | প্যাকিং |
|---|---|---|---|---|
| ১নং কৌটা | ১৮ | ll৵০ | ।০ | ৵০ |
| ২নং কৌটা | ৩৬ | ১৶০ | ।০ | ৵০ |
| ৩নং কৌটা | ৫৪ | ১ll৵০ | ।০ | ৴০ |
| বিশেষ বৃহৎ—গার্হস্থ্য কৌটা অর্থাৎ | | | | |
| ৪নং কৌটা | ১৪৪ | ৪।০ | ll০ | ৴০ |

**বিজয়া বটিকার প্রাপ্তিস্থান,—**

বি, বসু, এণ্ড কোং,—৭৯নং হ্যারিসন রোড, কলিকাতা।

বি, বসু এণ্ড কোম্পানীর হাতীমার্কা

# সালসা।

এই মহাশক্তিরূপা বি, বসু এণ্ড কোম্পানীর সালসা সেবন করিয়া দেহ এবং মনকে শক্তিসম্পন্ন করুন।

ইহা ঠিক সালসা নহে, তবে সালসা নাম না দিলে ইহার গুণাবলীর বিষয় কিছুই হৃদয়ঙ্গম করিতে সমর্থ হইবেন না, সেইজন্য সালসা নাম দিতে হইল। আমরা ইংরাজী ভাবাপন্ন হইয়া পড়িতেছি, এই আয়ুর্ব্বেদীয় ঔষধের নাম তাই বিজাতীয় ভাষায় করিতে বাধ্য হইলাম, নচেৎ উপায় নাই। বলুন দেখি, সোমরস নাম দিলে সাধারণে কি বুঝিবেন।

চরক গ্রন্থ অনন্তরত্নের ভাণ্ডার; মহাকল্পতরু স্বরূপ। সাধক এবং ভক্ত একান্তমনে যাহা খুঁজিবেন, উহাতে তাহাই পাইবেন।

বি, বসু এণ্ড কোম্পানীর হাতীমার্কা সালসা সেই চরক-মহাসাগর মন্থন-পূর্ব্বক উত্থিত হইয়াছে। এই সালসা বোতলকে ধন্বন্তরির অমৃতপূর্ণ কলস বলিলেও অত্যুক্তি হয় না।

বি, বসু এণ্ড কোম্পানীর হাতীমার্কা সালসা এক মহাতেজঃ-স্বরূপ। উত্তর চীনদেশ হইতে আনীত কোন লতা-বিশেষের এমন গুণ যে, এ সালসা, সেবনের পাঁচ মিনিট পরেই দেহে এবং মনে মহাস্ফূর্ত্তি অনুভূত হইবে। মনে হইবে, শরীরে যেন কোন বৈদ্যুতিক ক্রিয়া নিষ্পন্ন হইল। শিশু বালক যুবক বৃদ্ধ স্ত্রী—সকলেই বি, বসু এণ্ড কোম্পানীর এই মহা-শক্তি-স্বরূপিণী সালসা সুধাপানে তৃপ্ত হইবেন—মনঃপ্রাণ স্বর্গীয় সুখে বিভোর হইয়া উঠিবে, এ সালসা সহজ শরীরেও সেবনীয়। শীত, গ্রীষ্ম, শরৎ বসন্ত—সর্ব্বকালে সর্ব্ব ঋতুতে সেবনীয়।

---

## মুল্যাদি।

| | মুল্য | ডাঃ মাঃ | প্যাকিং |
|---|---|---|---|
| ১নং আধপোয়া শিশি | ।√০ | ।০ | √০ |
| ২নং একপোয়া শিশি | ১√০ | ৸০ | √০ |
| ৩নং দেড়পোয়া শিশি | ১।√০ | ১৲ | √০ |

সালসার প্রাপ্তিস্থান;—

বি, বসু এণ্ড কোং—৭৯নং হারিসন রোড, কলিকাতা।

বি, বসু এণ্ড কোম্পানীর

# ফুলেলা।

## কেবল স্বদেশী উপাদানে প্রস্তুত।

ভারতবর্ষ ফুলের ভাণ্ডার। ভারতকুসুম অমূল্য রত্ন। এ ফুলের তুলনা নাই। সাতটী সদ্গন্ধযুক্ত ফুলের সার রস বৈজ্ঞানিক প্রণালীতে একত্র মিলাইয়া ( আয়ুর্ব্বেদোক্ত নানা মসলার সহিত ) এই ফুলেলা তৈয়ারি হইয়াছে। আপনি ফুলেলা মাখিতে আরম্ভ করুন—দূরস্থিত পথিক মনে করিবে—এ কি হইল?—হঠাৎ নানাজাতীয় পুষ্পের সৌরভ পাই কেন? নিকটে কি ফুলের উদ্যান আছে? ফুলসমূহ কি এককালেই প্রস্ফুটিত হইয়াছে? এমন মনোহর সৌরভ মর্ত্ত্যধামের নহে; বুঝি স্বর্গীয় নন্দন-কানন হইতে এ সৌরভ আসিতেছে।

ফুলেলায় মনকে প্রফুল্ল রাখে। যে ঘরে ফুলেলা থাকে, সে ঘর সৌরভে সদা আমোদিত হয়। সর্ব্ব দুর্গন্ধ দূর হয়। গৃহস্থের স্বাস্থ্য ভাল থাকে। ফুলেলা দেবী-অঙ্গের ভূষণ।

---

## মূল্যাদি।

| | মূল্য | ডাঃ মাঃ | প্যাকিং | ভিঃপিঃ কমিঃ |
|---|---|---|---|---|
| তিন আউন্স শিশির মূল্য | ১৲ | ।০ | ৵০ | ⁄০ |
| প্রতি ডজন ১২ শিশি | ১০৲ | ৩৲ | ৵০ | ৵০ |

যদি কেহ একত্র ১২ শিশি ফুলেলা লয়েন, তবে তিনি ২৲ টাকা কমিশন পাইবেন। অর্থাৎ দশ টাকাতেই ১২ শিশি ফুলেলা পাইবেন। এক ডজন ফুলেলায় কম লইলে এমন কি এগার শিশি লইলেও কেহ কমিশন পাইবেন না।

ফুলেলার প্রাপ্তিস্থান,—

বি, বসু এণ্ড কোং—৭৯নং হ্যারিসন রোড, কলিকাতা।